সকলের মধ্যে গো, যেমন স্ত্রী সকলের মধ্যে সতী, যেমন বর্ণের মধ্যে ব্রাহ্মণ এবং যেমন নদীর মধ্যে গঙ্গা শ্রেষ্ঠ, তেমনই অন্যান্য মন্ত্রের মধ্যে এই মন্ত্র উৎকৃষ্ট। যেমন নিখিল শাস্ত্র সকলের মধ্যে বৈষ্ণব-শাস্ত্র শ্রেষ্ঠ, যেমন বাক্য সকলের মধ্যে সংস্কৃত বাণী প্রধান, তদ্রূপ অন্যান্য মন্ত্র সকল হইতে এই মন্ত্র অত্যুত্তম ॥ ৮৮ ॥

আরও বলি ॥

হে সুরেশানি! একারণ আমি প্রত্যহ এই মন্ত্র জপ করিয়া থাকি। এই চরাচর জগতে অন্য কোন মন্ত্র ইহার সদৃশ নাই ॥

সনৎকুমারকল্পেও * ॥

ভেদ অনুসারে গোপালবিষয়ক মন্ত্র সকল ত্রয়স্ত্রিংশৎ প্রকার, সেই সকল মন্ত্রের মধ্যে এই মন্ত্ররাজ শ্রবণ করুন।

এই মন্ত্র সম্মোহন নামক তন্ত্রে সুপ্রসন্ন অর্থাৎ অভীষ্ট প্রদ। হে নারদ! তুমি যত্ন পূর্ব্বক এই মন্ত্র গোপন করিয়া রাখিবা ॥

* মন্ত্রের প্রক্রিয়া প্রতিপাদক শাস্ত্রবিশেষ।

অনেন মন্ত্ররাজেন মহেন্দ্রত্বং পুরন্দরঃ।
জগাম দেবদেবেশো বিষ্ণুনা দত্তমঞ্জসা।
দুর্ব্বাসসঃ পুরা শাপাদসৌভাগ্যেন পীড়িতঃ।
স এব সুভগত্বং বৈ তেনৈব পুনরাপ্তবান্।
বহুনা কিমিহোক্তেন পুরশ্চরণসাধনৈঃ।
বিনাপি জপমাত্রেণ লভতে সর্ব্বমীপ্সিতমিতি ॥ ৮৯ ॥
প্রভুং শ্রীকৃষ্ণচৈতন্যং তং নতোঽস্মি গুরুত্তমং।
কথঞ্চিদাশ্রয়াদ্যস্য প্রাকৃতোঽপ্যুত্তমো ভবেৎ ॥ ৯০ ॥
অথাধিকারিনির্ণয়ঃ ॥
তান্ত্রিকেষু চ মন্ত্রেষু দীক্ষায়াং যোষিতামপি।

মুনিপুঙ্গব হে নারদ ॥ ৮৯ ॥

এবং তত্তন্মাহাত্ম্যলিখনেঽযোগ্যত্বাপ্যাত্মনো ভগবন্মহামহিম্না যোগ্যতাং সম্ভাবয়ন্ পরমগুরুং শ্রীভগবন্তং প্রণমতি প্রভুমিতি ॥ ৯০ ॥

দেবেশ্বর দেব পুরন্দর এই মন্ত্ররাজের প্রসাদাৎ অনায়াসে বিষ্ণুকর্ত্তৃক প্রদত্ত মহেন্দ্রপদ প্রাপ্ত হইয়াছিলেন ॥

পূর্ব্বে দুর্ব্বাসার শাপে ইন্দ্র অসৌভাগ্যে পীড়িত হইয়াছিলেন, কিন্তু এই মন্ত্ররাজের প্রসাদাৎ সেই ইন্দ্রই পুনরায় সৌভাগ্য লাভ করেন ॥

অধিক আর কি বলিব, পুরশ্চরণ ও সাধন সকল ব্যতিরেকেও কেবল এই মন্ত্ররাজ জপ করিলেই সমুদায় অভীষ্ট লাভ হইয়া থাকে ॥ ৮৯ ॥

গ্রন্থকার এই প্রকারে সেই সেই মন্ত্র মাহাত্ম্য লিখন বিষয়ে আপনার অযোগ্যত্ব বিবেচনা করিয়া ভগবানের মহামহিমা দ্বারা যোগ্যতা সম্ভাবনা করত পরমগুরু শ্রীভগবানকে প্রণাম করিতেছেন যথা—

যাঁহার কথঞ্চিৎ আশ্রয়মাত্রে প্রাকৃত-ব্যক্তিও উত্তম হয়, আমি সেই পরম গুরু শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে নমস্কার করি ॥ ৯০ ॥

অথ অধিকারিনিরূপণ ॥

তান্ত্রিক মন্ত্র সকলে এবং দীক্ষায় সাধ্বী স্ত্রী ও ব্রাহ্মণসেবাদি-

সাধ্বীনামধিকারোঽস্তি শূদ্রাদীনাঞ্চ সদ্ধিয়াং।
তথাচ স্মৃত্যর্থসারে। পাদ্মেচ বৈশাখমাহাত্ম্যে ॥
শ্রীনারদাম্বরীষসম্বাদে ॥
আগমোক্তেন মার্গেণ স্ত্রীশূদ্রৈশ্চৈব পূজনং।
কর্ত্তব্যং শ্রদ্ধয়া বিষ্ণোশ্চিন্তয়িত্বা পতিং হৃদি।
শূদ্রাণাং চৈব ভবতি নাম্না বৈ দেবতার্চ্চনং।
সর্ব্বে চাগমমার্গেণ কুর্য্যু র্বেদানুসারিণা।
স্ত্রীণামপ্যধিকারোঽস্তি বিষ্ণোরারাধনাদিষু।
পতিপ্রিয়হিতানাঞ্চ শ্রুতিরেষা সনাতনী ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
শ্রীরামমন্ত্ররাজমুদ্দিশ্য ॥
শুচিব্রততমাঃ শূদ্রা ধার্ম্মিকা দ্বিজসেবকাঃ।
স্ত্রিয়ঃ পতিব্রতাশ্চান্যে প্রতিলোমানুলোমজাঃ।

সদ্ধিয়াং উত্তমবুদ্ধীনাং বিপ্রসেবাদিপরাণামিত্যর্থঃ ॥ ৯১ ॥

পরায়ণ শূদ্রাদির অধিকার আছে ॥

উক্ত বিষয় স্মৃত্যর্থসারনামক গ্রন্থে তথা পদ্মপুরাণেও বৈশাখ মাহাত্ম্যে শ্রীনারদ অম্বরীষ সম্বাদে ॥

স্ত্রীগণ ও শূদ্র সকল পতিকে হৃদয়মধ্যে ধ্যান করিয়া শ্রদ্ধা সহকারে তন্ত্রোক্ত বিধি দ্বারা বিষ্ণুর পূজা করিতে পারিবে ॥

কেবল নামমাত্র উচ্চারণ দ্বারা শূদ্রদিগের দেবতা পূজা করা হয়। সকল লোকেই বেদানুগত তন্ত্রবিধান দ্বারা পূজা করিতে পারিবে ॥

অপর, পতির প্রিয় ও হিতসাধন পরায়ণা স্ত্রীদিগেরও বিষ্ণুর আরাধনাদিতে অধিকার আছে। চিরপ্রসিদ্ধ শ্রুতি এরূপ বলিয়া থাকে ॥

অগস্ত্যসংহিতায় শ্রীরামমন্ত্ররাজকে উদ্দেশ করিয়া বলিয়াছেন ॥

যে সকল শূদ্র পবিত্র ব্রতধারী, ধার্ম্মিক ও দ্বিজসেবাপরায়ণ এবং যে সকল স্ত্রী পতিব্রতা তথা অন্য প্রতিলোম ও অনুলোমজাত চণ্ডাল

লোকাশ্চণ্ডালপর্য্যন্তাঃ সর্ব্বেঽপ্যত্রাধিকারিণ ইতি ॥ ৯১ ॥

গুরুশ্চ সিদ্ধসাধ্যাদিমন্ত্রদানে বিচারয়েৎ।

স্বকুলান্যকুলত্বঞ্চ বালপ্রৌঢ়ত্বমেবচ।

স্ত্রী পুং নপুংসকত্বঞ্চ রাশিনক্ষত্র-মেলনং।

সুপ্ত-প্রবোধ-কালঞ্চ তথা ঋণ-ধনাদিকং ॥ ৯২ ॥

অথ সিদ্ধসাধ্যাদিশোধনং।

শারদাতিলকে ॥

প্রাক্ প্রত্যগগ্রা রেখাঃ স্যুঃ পঞ্চ যাম্যোত্তরাগ্রগাঃ।

রাশিমেলনং নক্ষত্রমেলনঞ্চ। আদিশব্দেন রাশিশুদ্ধিরিত্যেবমষ্টধা শোধনং জ্ঞেয়ং ॥ ৯২ ॥

যদ্যপ্যেতৎ সিদ্ধসাধ্যাদি জ্ঞানং মুদ্রাদর্শনপ্রকারবদ্বিনা গুরুমুখাৎ সম্যক্ বিজ্ঞাতং ন স্যাৎ তথাপ্যত্র শব্দার্থ এব কেবলং লিখ্যতে। তথাহি। প্রাঞ্চি পূর্ব্বাণি প্রত্যঞ্চি পশ্চিমানি অগ্রাণি যাসাং তাঃ পূর্ব্বপশ্চিমাভিমুখা ঊর্দ্ধাঃ পঞ্চরেখা লেখ্যা ইত্যর্থঃ। তথা যাম্যোত্তরাগ্রগাঃ দক্ষিণোত্তরমুখাস্তাবত্যঃ পঞ্চৈব রেখাঃ ঊর্দ্ধরেখোপরি সমকোষ্ঠাভিপ্রায়েণ তির্য্যক্ লেখ্যা ইত্যর্থঃ। ততশ্চ চত্বারি কোষ্ঠচতুষ্কাণি যস্মিন্ তথা ভূতং মণ্ডলং ভবেৎ। এবং চতুর্ভিঃ কোষ্ঠৈরেকং কোষ্ঠং জ্ঞেয়মিত্যেবং চত্বারি কোষ্ঠানি মুখ্যানি ভবন্তি। পুনশ্চ একস্যৈবাবান্তরকোষ্ঠানি চত্বারীত্যেবং ষোড়শ কোষ্ঠানি ভবন্তি। তদ্রূপমেকং চতুরস্র-মণ্ডলং

পর্য্যন্ত সমুদায় লোক, তাহারা সকলেই ইহাতে অধিকারী ॥ ৯১ ॥

সিদ্ধসাধ্যাদি মন্ত্রদান বিষয়ে গুরুদেবই স্বীয়কুল, অন্যকুল, বালত্ব, প্রৌঢ়ত্ব, স্ত্রীত্ব, পুংস্ত্ব, নপুংসকত্ব, রাশিমেলন, নক্ষত্রমেলন, সুপ্ত, ও জাগরূক কাল তথা ঋণধনাদি এ সকল বিচার করিবেন ॥ ৯২ ॥

অথ সিদ্ধসাধ্যাদি শোধন ॥

শারদাতিলকে ॥

পূর্ব্ব পশ্চিমাভিমুখ ঊর্দ্ধে পাঁচটী রেখা লিখিবে, পরে ঐ পাঁচ রেখার উপরে উত্তর দক্ষিণাগ্র পাঁচটী রেখা লিখিবে, তাহা হইলে

সিদ্ধাদিশোধন যন্ত্রং।

(ক) পূর্ব্ব (খ)

উত্তর। দক্ষিণ।

১ অ ক থ হ	২ ঊ ঙ প	৩ আ খ দ	৪ ঊ চ ফ
৫ ও ড ব	৬ ৯ ঝ ম	৭ ঔ ঢ শ	৮ ৡ ঞ য
৯ ঈ ঘ ন	১০ ৠ জ ভ	১১ ই গ ধ	১২ ঋ ছ ব
১৩ অঃ ত স	১৪ ঐ ঠ ল	১৫ অং ণ স	১৬ এ ট র

(গ) পশ্চিম (ঘ)

তাবত্যশ্চ চতুষ্কোষ্ঠচতুষ্কং মণ্ডলং ভবেৎ ॥ ৯৩ ॥
ইন্দ্বগ্নি-রুদ্র-নব-নেত্র-যুগেন দিক্ষু
ঋত্বষ্ট-ষোড়শ-চতুর্দ্দশ-ভৌতিকেষু
পাতাল-পঞ্চদশ-বহ্নি-হিমাংশু-কোষ্ঠে
বর্ণাল্লিখেল্লিপিভবান্ ক্রমশস্তু ধীমান্ ॥ ৯৪ ॥
জন্মর্ক্ষাক্ষরতো বীক্ষ্য যাবন্মন্ত্রাদিমাক্ষরং।

স্যাদিত্যর্থঃ। এতচ্চ দীক্ষামণ্ডলাদিবন্নাম্নৈব মণ্ডলং নতু মণ্ডলাকারং চতুষ্কোণত্বাৎ ॥ ৯৩ ॥

তস্মিন্ মণ্ডলে চ যং কর্ত্তব্যং তদাহ ইন্দ্বিতি। লিপিভবান্ বর্ণান্ অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশদক্ষরাণি। যদ্বা ককার ষকার সংযোগ সিদ্ধ ক্ষকার ব্যতিরিক্তান্ পঞ্চাশদ্বর্ণান্। ইন্দ্বাদি সংখ্যা সঙ্কেতিতেষু কোষ্ঠেষু ক্রমশঃ অকারাদিক্রমেণ ইন্দ্বাদিক্রমেণ চ লিখেৎ। তত্র ইন্দুশ্চন্দ্র একঃ। তস্মিন্ আদ্যে কোষ্ঠে অকারং লিখেদিত্যর্থঃ। এবং অগ্নৌ তৃতীয়ে আকারং। রুদ্রে একাদশে ইকারং। ইনে সূর্য্যে দ্বাদশকোষ্ঠে। ভৌতিকে পঞ্চমে মহাভূত-পঞ্চকত্বাৎ। বহ্নয়স্ত্রয়ঃ হিমাংশুরেকঃ অঙ্কস্য বামগতিত্বাদ্বহ্নিহিমাংশুভ্যাং দ্বাভ্যাং ত্রয়োদশেতি জ্ঞেয়ং তত্রচ ত্রয়োদশকোষ্ঠে অকারস্য ষোড়শবর্ণং অঃ ইতি বর্ণং লিখেদিত্যর্থঃ। পুনস্তথৈব প্রথমকোষ্ঠে ককার ইত্যেবং যাবদ্বর্ণাবলীসমাপ্তি পুনঃ পুনর্লিখেৎ। এবমেব শ্রীকৃষ্ণদেবাচার্য্যেণাপি নৃসিংহপরিচর্য্যাগ্রন্থে লিখিতং। আদ্যাগ্নীশ গ্রহাক্ষাব্ধি সূর্য্যাদিগ্রস দিগ্গজাঃ। কলামগ্নিষু সপ্তাহ বিশ্বে বর্ণান্ পুনর্ন্যসেদিতি ॥ ৯৪ ॥

ততঃ শিষ্যস্য যজ্জন্মনক্ষত্রানুরূপ নামাদ্যাক্ষরং নাম প্রথমাক্ষরমিত্যর্থঃ। মধ্যদেশাদাবত্র

তাহাতে এরূপ একটী মণ্ডল হইবে, যাহার মধ্যে চারিটী মণ্ডল-চতুষ্ক আছে ॥ ৯৩ ॥

প্রথম, তৃতীয়, একাদশ, নবম। দ্বিতীয়, চতুর্থ, দ্বাদশ, দশম। ষষ্ঠ, অষ্টম, ষোড়শ, চতুর্দ্দশ,। পঞ্চম, সপ্তম, পঞ্চদশ ও ত্রয়োদশ মণ্ডলে বর্ণমালার বর্ণ সকলকে অকারাদি ক্ষকারান্ত ৫০ পঞ্চাশদ্বর্ণ অথবা ক ষ সংযোগোৎপন্ন ক্ষ, একারণ ক্ষ পরিত্যাগ করিয়া ঊনপঞ্চাশদ্বর্ণ অকারাদি ক্রমে লিখিবে ॥ ৯৪ ॥

অনন্তর শিষ্যের জন্মনক্ষত্রাশ্রিত নামের আদ্য অক্ষরবিশিষ্ট গৃহ

চতুর্ভিঃ কোষ্ঠকৈস্ত্বেকমিতি কোষ্ঠচতুষ্টয়ে।
পুনঃ কোষ্ঠককোষ্ঠেষু সব্যতো জন্মভাক্ষরাৎ।

প্রায়ো জন্মনক্ষত্রানুরূপ নামাদ্যক্ষরকরণাৎ। তস্মাদারভ্য মন্ত্রস্য গ্রাহ্যস্য আদিমাক্ষরং আদ্যবর্ণং যাবৎ বীক্ষ্যং বিচারয়িতব্যং। যদ্বা সিদ্ধাদি গণনয়া গুণদোষাদিকং দ্রষ্টব্যমিত্যর্থঃ। কথং কুত্র তদাহ। চতুর্ভিঃ কোষ্ঠৈরেকং কোষ্ঠং দ্রষ্টব্যং এবং তন্মণ্ডলে কোষ্ঠচতুষ্টয়ং স্যাৎ। তস্মিন্ প্রথমং বীক্ষ্য। যদ্বা সিদ্ধাদিক্রমা জ্ঞেয়া ইত্যনেন পরেণান্বয়ঃ। পশ্চাত্তু কোষ্ঠচতুষ্টয়স্য যান্যবান্তরাণি কোষ্ঠানি ষোড়শ তেষু চ জ্ঞেয়াঃ ইতি প্রকারদ্বয়ং। তচ্চ জন্মনক্ষত্রাক্ষরাৎ সব্যতঃ বামগত্যেত্যর্থঃ। অতএবোক্তং শ্রীকৃষ্ণদেবাচার্য্যেণ তত্রৈব। সব্যো নামাদ্যাক্ষরতঃ সিদ্ধাদিক্রম ইষ্যত ইতি এবং সিদ্ধাদিকোষ্ঠস্থানং চ তেনৈব দর্শিতং। নবৈক পঞ্চভিঃ সিদ্ধঃ

হইতে আরম্ভ করিয়া যে গৃহে মন্ত্রের আদ্যক্ষর থাকে সেই গৃহ পর্য্যন্ত সিদ্ধসাধ্যাদি গণনা করিতে হইবে। প্রথমতঃ ষোড়শ ক্ষুদ্র মণ্ডলের চারি মণ্ডলে এক মণ্ডল বিবেচনা করিয়া ঐ চারি মণ্ডলে। দ্বিতীয়তঃ ঐ চারি মণ্ডলের প্রত্যেক মণ্ডলে জন্মনক্ষত্রের অক্ষর হইতে বামগতিতে গণনা করিয়া বিচক্ষণ ব্যক্তি শিষ্যের সম্বন্ধে মন্ত্রকে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও শত্রু, ক্রমানুসারে অবগত হইবেন।

তাৎপর্য্য। ক্রম এই যে, নয় ৯। ১ এক। ৫ পাঁচ হইলে সিদ্ধ। ৬ ছয়, ১০ দশ ২ দুই সাধ্য। ৩ তিন, ৭ সাত, ১১ এগার সুসিদ্ধ। ও ৪ চার, ৮ আট, ১২ বার শত্রু। গণনার দুই প্রকার নিয়ম উল্লিখিত হইয়াছে, প্রথম চারিটী বৃহৎ মণ্ডল হইয়া দ্বিতীয় মধ্যগত ক্ষুদ্র ষোলটী মণ্ডল লইয়া ক্রমানুসারে গণনা করিলে উক্ত সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ, অরি পরস্পর মিলিত হইয়া ১৬ ষোল প্রকার হয়। অতএব মন্ত্র সমুদায়ে ২০ বিংশতি প্রকার। যথা সিদ্ধ ১ সাধ্য ২ সুসিদ্ধ ৩ অরি ৪। সিদ্ধসিদ্ধ ৫ সিদ্ধসাধ্য ৬ সিদ্ধসুসিদ্ধ ৭ সিদ্ধঅরি ৮। সাধ্যসিদ্ধ ৯ সাধ্যসাধ্য ১০ সাধ্যসুসিদ্ধ ১১ সাধ্যঅরি ১২। সুসিদ্ধসিদ্ধ ১৩

সিদ্ধ সাধ্য সুসিদ্ধারি ক্রমাজ্জ্ঞেয়া বিচক্ষণৈঃ ॥ ৯৫ ॥
সিদ্ধঃ সিদ্ধ্যতি কালেন সাধ্যস্তু জপহোমতঃ।
সুসিদ্ধো গ্রহমাত্রেণ অরির্মূলনিকৃন্তনঃ ॥ ৯৬ ॥
সিদ্ধসিদ্ধো যথোক্তেন দ্বিগুণাৎ সিদ্ধসাধকঃ।
সিদ্ধসুসিদ্ধোঽর্দ্ধজপাৎ সিদ্ধারির্হন্তি বান্ধবান্।
সাধ্যসিদ্ধো দ্বিগুণিকঃ সাধ্যসাধ্যোঽনর্থকঃ।
তৎ সুসিদ্ধস্ত্রিগুণিতাৎ সাধ্যারির্হন্তি গোত্রজান্।

সাধ্যঃ ষড়্দশযুগ্মকৈঃ। সুসিদ্ধস্ত্রিসপ্তরুদ্রৈস্তর্য্যষ্টদ্বাদশৈরিপুরিতি ॥ ৯৫ ॥

তত্রচ গণনয়া সিদ্ধ্যাদি স্থানং প্রাপ্তে সতি মন্ত্রাদ্যক্ষরে যৎ ফলং স্যাৎ তদাহ সিদ্ধ ইত্যাদি পঞ্চভিঃ। গ্রহঃ গ্রহণং তন্মাত্রেণ অচিরাদেব সিধ্যতীত্যর্থঃ ॥ ৯৬ ॥

এবং চতুঃকোষ্ঠব্যবস্থয়া ফলমুক্ত্বাঽধুনা তদবান্তর-ষোড়শকোষ্ঠ-ব্যবস্থয়া পূর্ব্বাপরাভ্যাং

সুসিদ্ধসাধ্য ১৪ সুসিদ্ধসুসিদ্ধ ১৫ সুসিদ্ধঅরি ১৬ অরিসিদ্ধ ১৭ অরি সাধ্য ১৮ অরিসুসিদ্ধ ১৯ অরিঅরি ২০ ॥ ৯৫ ॥

অহে! লিখিত যন্ত্রের মধ্যে গণনা দ্বারা মন্ত্রের আদ্যক্ষর সিদ্ধাদি স্থান প্রাপ্ত হইলে যে ফল হয় বলি শ্রবণ কর। সিদ্ধ কালেতে অর্থাৎ তন্ত্রোক্ত নির্দ্দিষ্ট কালে, সাধ্য জপ হোম দ্বারা এবং সুসিদ্ধ মন্ত্র কেবল দীক্ষা গ্রহণমাত্রে সিদ্ধ হয়, আর অরি মূল নাশ করে অর্থাৎ মন্ত্রের বীজ নষ্ট করিয়া দেয় ॥ ৯৬ ॥

এই প্রকার বৃহৎ চারিকোষ্ঠ ব্যবস্থা দ্বারা ফল উল্লেখ করিয়া এক্ষণে তাহার অবান্তর ষোড়শকোষ্ঠ ব্যবস্থা দ্বারা পূর্ব্ব ও পরের সহিত সিদ্ধ্যাদি চারি প্রকারের পরস্পর সংযোগের ফল বলিতেছেন ॥

যথা—সিদ্ধসিদ্ধ তন্ত্রোক্তকালে, সিদ্ধসাধ্য তন্ত্রোক্তকালের দ্বিগুণ কালে, সিদ্ধসুসিদ্ধ অর্দ্ধজপে অর্থাৎ জপের যত সংখ্যা আছে তাহার অর্দ্ধকালে সিদ্ধ হয়, আর অরি বান্ধব সকলকে বিনাশ করে। সাধ্য-সিদ্ধ দ্বিগুণ কালে, সাধ্যসাধ্য অনর্থ স্বরূপ। সাধ্যসুসিদ্ধ ত্রিগুণ

সুসিদ্ধসিদ্ধোঽর্দ্ধজপাত্তৎ সাধ্যস্তু গুণাধিকাৎ।
তৎসুসিদ্ধো গ্রহাদেব সুসিদ্ধারিঃ স্বগোত্রহা।
অরিসিদ্ধঃ সুতান্ হন্যাদরিসাধ্যস্তু কন্যকাঃ।
তৎ সুসিদ্ধস্তু পত্নীঘ্নস্তদরির্হন্তি সাধকমিতি ॥ ৯৭ ॥

অস্যচ মন্ত্রবিশেষেঽপবাদঃ ॥ ৯৮ ॥

তথাচ তন্ত্রে ॥

নৃসিংহার্কবরাহাণাং প্রাসাদপ্রণবস্যচ।
বৈদিকস্যচ মন্ত্রস্য সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ।
স্বপ্নলব্ধে স্ত্রিয়া দত্তে মালামন্ত্রে চ ত্র্যক্ষরে।
একাক্ষরে তথা মন্ত্রে সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ।

চতুর্দ্ধান্যোন্যসংযোগেন ফলমাহ সিদ্ধসিদ্ধ ইতি চতুর্ভিঃ। তৎসুসিদ্ধঃ সাধ্যসুসিদ্ধঃ। তৎসাধ্যঃ সুসিদ্ধসাধ্য। তৎসুসিদ্ধঃ সুসিদ্ধসুসিদ্ধঃ। এবমগ্রেঽপি ॥ ৯৭ ॥

অস্য এবমুক্তস্য সিদ্ধাদিশোধনস্য ॥ ৯৮ ॥ ৯৯ ॥

কালে সিদ্ধ হয়, আর সাধ্যঅরি বংশ বিনাশ করে। সুসিদ্ধসিদ্ধ অর্দ্ধ জপে, সুসিদ্ধসাধ্য দ্বিগুণ জপে। সুসিদ্ধসুসিদ্ধ গ্রহণমাত্রে এবং সুসিদ্ধঅরি স্বীয় গোত্র সংহার করে। অরিসিদ্ধ সন্তানদিগকে এবং অরিসাধ্য কন্যাদিগকে বিনাশ করে। অরিসুসিদ্ধ পত্নীকে আর অরি-অরি সাধককে সংহার করে ॥ ৯৭ ॥

মন্ত্র বিশেষে সিদ্ধাদি শোধনে বিশেষ বিধি আছে ॥ ৯৮ ॥

যথা তন্ত্রে ॥

নৃসিংহ, সূর্য্য, বরাহ মন্ত্র সকলের তথা প্রাসাদ, 'হৌঁ' শিবমন্ত্র, প্রণব ও বৈদিক মন্ত্র সকলের সিদ্ধাদি শোধন করিবে না ॥

অপর স্বপ্নলব্ধ, স্ত্রীলোক কর্ত্তৃক প্রদত্ত এবং যাহা বিংশতি অক্ষরের অধিক এমত মালামন্ত্র ত্র্যক্ষর ও একাক্ষর ইত্যাদি মন্ত্র সকলের সিদ্ধাদি শোধন করিবে না ॥

আর ইহা স্বকুল এবং ইহা ভিন্ন কুল ইত্যাদি মন্ত্রবিষয়ক ভেদ

স্বকুলান্যকুলত্বাদিবিজ্ঞেয়ং চাগমান্তরাৎ।
ন বিস্তরভয়াদত্র ব্যর্থত্বাদপি লিখ্যতে ॥ ৯৯ ॥
শ্রীমদ্গোপালদেবস্য সর্ব্বৈশ্বর্য্যপ্রদর্শিনঃ।
তাদৃক্শক্তিষু মন্ত্রেষু নহি কিঞ্চিদ্বিচার্য্যতে ॥ ১০০ ॥
তথাচ ক্রমদীপিকায়াং ॥
সর্ব্বেষু বর্ণেষু তথাশ্রমেষু, নারীষু নানাহ্বয়জন্মভেষু।
দাতা ফলানামভিবাঞ্ছিতানাং,দ্রাগেব গোপালকমন্ত্র এষঃ॥১০১
ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ ॥
অষ্টাদশাক্ষরমন্ত্রমধিকৃত্য শ্রীশিবেনোক্তং ॥

ব্যর্থত্বে হেতুং লিখতি শ্রীমদিতি। তাদৃশী শ্রীগোপালদেবসদৃশী শক্তির্যেষাং তেষু ॥১০০॥ নানাবিধা আহ্বয়া নামানি জন্মভানি চ জন্মনক্ষত্রাণি যেষাং বর্ণাদীনাং তেষ্বপি যদ্বা তেষাং নানাহ্বয় জন্মভেষু সৎস্বপি এষ শ্রীগোপালমন্ত্রোঽভিবাঞ্ছিতানাং ফলানাং শীঘ্রমেব দাতা ॥ ১০১ ॥

অন্যান্য তন্ত্র হইতে পরিজ্ঞাত হইবে, ব্যর্থতা প্রযুক্ত বাহুল্য ভয়ে এ স্থানে ঐসকল লিখিত হইল না ॥ ৯৯ ॥

শ্রীমান্ গোপালদেব যেমন অণিমাদি ঐশ্বর্য্য সকল প্রকাশ করিয়া থাকেন,তাদৃশ তাঁহার মন্ত্র সকলেতেও ঐশ্বর্য্যপ্রদত্ব শক্তিসকল আছে। অতএব ঐ মন্ত্র সকলের কোন বিচার করার প্রয়োজন নাই ॥ ১০০ ॥

এই বিষয় ক্রমদীপিকায় যথা ॥

এই গোপালমন্ত্র, যত বর্ণ, যত আশ্রম, স্ত্রীজাতি এবং যাহাদিগের নাম ও জন্ম নক্ষত্র ভিন্ন প্রকার অর্থাৎ মন্ত্রের আদ্যক্ষরের সহিত যাহাদিগের নামের ও জন্মনক্ষত্রের আদ্যক্ষরের মেলন হয় না, সেই সকলকেই শীঘ্র অভিবাঞ্ছিত ফল প্রদান করেন ॥ ১০১ ॥

ত্রৈলোক্যসম্মোহন তন্ত্রেও অষ্টাদশাক্ষর
মন্ত্রকে অধিকার করিয়া শ্রীশিব বলিয়াছেন ॥

নচাত্র শাত্রবা দোষা নর্ণস্বাদিবিচারণা।
ঋক্ষরাশিবিচারো বা ন কর্ত্তব্যো মনৌ প্রিয়ে।
কেচিচ্ছিন্নাশ্চ রুদ্ধাশ্চ কেচিন্মদসমুদ্ধতাঃ।
মলিনাঃ স্তম্ভিতাঃ কেচিৎ কীলিতা দূষিতা অপি।

অত্র অস্মিন্ মন্ত্রে শাত্রবাঃ শত্রুসম্বন্ধিনো দোষাঃ সিদ্ধাদিশোধনোক্তাঃ। ঋণঞ্চ স্বং ধনঞ্চ তদাদিবিচারণা চ ন কর্ত্তব্যা। অন্যমন্ত্রাণাং দোষানাহ কেচিদিতি। উক্তঞ্চ ছিন্নাদীনাং লক্ষণং শারদাতিলকে। মনোর্যস্যাদিমধ্যান্তেষ্বানীলং বীজমুচ্যতে। সংযুক্তং বা বিযুক্তং বা স্বরাক্রান্তং ত্রিধা পুনঃ। চতুর্দ্ধা পঞ্চধা বাথ স মন্ত্রশ্ছিন্নসংজ্ঞকঃ। মায়া নমামি চ পদং নাস্তি যস্মিন্ স কীলিতঃ। একং মধ্যে দ্বয়ং মূর্দ্ধ্নি যস্মিন্নস্ত্রপুরন্দরৌ। ন বিদ্যেতে স মন্ত্রঃ স্যাৎ স্তম্ভিতঃ সিদ্ধিরোধনঃ। আদিমধ্যাবসানেষু ভবেদর্ণশ্চতুষ্টয়ং। যস্য মন্ত্রঃ স মলিনো মন্ত্রবিত্তং বিবর্জয়েৎ। মন্ত্রো বাপ্যথ বা বিদ্যা সপ্তাধিক-দশাক্ষরঃ। ফট্‌কার-

প্রিয়ে! অষ্টাদশাক্ষর গোপালমন্ত্রে সিদ্ধাদি শোধনোক্ত শত্রুজনিত দোষ সকল নাই, ঋণ ধন বিচারের প্রয়োজন নাই, নক্ষত্র রাশির বিচারও করিবে না॥

অপর কতক গুলিন মন্ত্র ছিন্ন, কতক গুলিন মন্ত্র রুদ্ধ, কতক গুলিন মন্ত্র মদোন্মত্ত, কতক গুলিন মন্ত্র মলিন, কতক গুলিন মন্ত্র স্তম্ভিত ও কীলিত এবং কতক গুলিন দূষিত। কিন্তু এই অষ্টাদশাক্ষর গোপালমন্ত্র উল্লিখিত দোষ সকলে সংস্পৃষ্ট নহে, অতএব ইহা ত্রিভুবনের মধ্যে উৎকৃষ্ট॥

তাৎপর্য্য। ছিন্নাদি মন্ত্রের লক্ষণ শারদাতিলকে বর্ণিত হইয়াছে যথা যে মন্ত্রের আদি মধ্য ও অন্তে বায়ুবীজ অর্থাৎ 'যং' থাকে তাহা সংযুক্তই থাকু বা বিযুক্তই থাকুক, যদি তিনবার অথবা চারিবার কিম্বা পাঁচবার স্বরবর্ণ সংযুক্ত হয়, তাহা হইলে সেই মন্ত্রকে ছিন্ন বলে। যে মন্ত্রে মায়াবীজ 'হ্রীং ও নমামি' পদ নাই তাহার নাম কীলিত, যে মন্ত্রের মধ্যভাগে অস্ত্র ও ইন্দ্রের অর্থাৎ ইহাদিগের বীজের একটী এবং শেষভাগে দুইটী না থাকে সেই মন্ত্রের নাম স্তম্ভিত, ইহা সিদ্ধিকে রোধ করে। যে মন্ত্রের আদি মধ্যে ও অন্তে চারিটী বর্ণ থাকে তাহার নাম মলিন,

এতৈর্দোষৈর্যুতো নায়ং যতস্ত্রিভুবনোত্তম ইতি ॥ ১০২ ॥

সামান্যতশ্চ যথা বৃহদ্গৌতমীয়ে ॥

অথ কৃষ্ণমনূন্ বক্ষ্যে দৃষ্টাদৃষ্টফলপ্রদান্।
যান্ বৈ বিজ্ঞায় মুনয়ো লেভিরে মুক্তিমঞ্জসা।
গৃহস্থা বনগাশ্চৈব যতয়ো ব্রহ্মচারিণঃ।
স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব সর্ব্বে যত্রাধিকারিণঃ।
নাত্র চিন্ত্যোঽরিশুদ্ধ্যাদি র্নারিমিত্রাদিলক্ষণং।
নবা প্রয়াসবাহুল্যং সাধনে ন পরিশ্রমঃ।
অজ্ঞানতূলরাশেশ্চ অনলঃ ক্ষণমাত্রতঃ।

পঞ্চকাদির্যো মদোন্মত্ত উদীরিতঃ। যস্য মধ্যে দকারো বা ক্রোধো বা মূর্দ্ধনি ত্রিধা। অস্ত্রং তিষ্ঠতি মন্ত্রঃ স তিরস্কৃত ইতীরিত ইত্যাদি। অয়মষ্টাদশাক্ষরঃ শ্রীগোপালমন্ত্রঃ ॥ ১০২ ॥

এবং সম্মোহনতন্ত্রাদ্যুক্তপ্রকারেণ। অন্যেষু শ্রীগোপালদেবমন্ত্রব্যতিরিক্তেষু। পরে সিদ্ধাদিশোধনোক্তদোষযুতো হন্যেঽপি ছিন্নত্বাদয়ঃ। তদর্থমিতি। যে কেচিদন্যমন্ত্রসাধকা

মন্ত্রবেত্তারা ঈদৃশ মন্ত্রকে বর্জন করিবেন! মন্ত্র অথবা বিদ্যার সপ্তদশ বর্ণ এবং আদিভাগে পাঁচটী ফট্‌কার থাকে তাহার নাম মদোন্মত্ত। আর যে মন্ত্রের মধ্যে দকার এবং শেষভাগে তিনবার অস্ত্র অর্থাৎ ফট্ থাকে তাহার নাম দূষিত ॥ ১০২ ॥

সামান্যতো যথা বৃহদ্গৌতমীয়ে ॥

অনন্তর দৃষ্ট ও অদৃষ্ট ফল প্রদানকারি কৃষ্ণমন্ত্র সকল বর্ণন করিব, যে সমুদায় অবগত হইয়া মুনিগণ অনায়াসে মুক্তিলাভ করিয়াছিলেন এবং যে সকল মন্ত্রে গৃহস্থ, বানপ্রস্থ, যতি, ব্রহ্মচারী, স্ত্রীজাতি ও শূদ্র ইত্যাদি সকলেরই অধিকার আছে। ইহাতে অরি-শুদ্ধি প্রভৃতির বিচার নাই, অরিমিত্রাদিও দেখিতে হয় না, সাধনে যত্নের বাহুল্য নাই এবং পরিশ্রমও করিতে হয় না ॥

ইহা ক্ষণমাত্রেই অজ্ঞান রূপ তূলা রাশির পক্ষে অনল সদৃশ হইয়া থাকেন। ইহাতে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি বিচার করা আবশ্যক

সিদ্ধসাধ্যসুসিদ্ধারিরূপা নাত্র বিচারণা।
সর্ব্বেষাং সিদ্ধমন্ত্রাণাং যতো ব্রহ্মাক্ষরো মনুঃ।
প্রজাপতিরবাপাগ্র্যং দেবরাজ্যং শচীপতিঃ।
অবাপুস্ত্রিদশাঃ স্বর্গং বাগীশত্বং বৃহস্পতিরিত্যাদি।
তথাত্রৈবান্তে।
বিষ্ণুভক্ত্যা বিশেষেণ কিং ন সিধ্যতি ভূতলে।
কীটাদিব্রহ্মপর্য্যন্তং গোবিন্দানুগ্রহান্মুনে।
সর্ব্বসম্পত্তিনিলয়াঃ সর্ব্বত্রাপ্যকুতোভয়াঃ।
ইত্যাদি কথিতং কিঞ্চিন্মাহাত্ম্যং বো মুনীশ্বরাঃ।
আকাশে তারকা যদ্বৎ সিন্ধোঃ সৈকতসৃষ্টিবৎ।
এতদ্ বিজ্ঞানমাত্রেণ লভেন্মুক্তিং চতুর্ব্বিধাং।
এতদন্যেষু মন্ত্রেষু দোষাঃ সন্তি পরে চ যে।

ভবেযুস্তেষাং তদ্দোষশোধনার্থমিত্যর্থঃ। তচ্চ তাৎপর্য্যেণ শ্রীগোপালদেবমন্ত্রমাহাত্ম্য

করে না। কারণ যত যত সিদ্ধমন্ত্র আছে তৎ সমুদায়ের মধ্যে এই মন্ত্রের অক্ষর সকল ব্রহ্মস্বরূপ॥

এই মন্ত্রের প্রভাবে ব্রহ্মা সকলের শ্রেষ্ঠতা, শচীপতি দেবরাজ্য, দেবতা সকল স্বর্গ ও বৃহস্পতি বাগীশত্ব প্রাপ্ত হইয়াছেন॥

ঐ স্থানের কিঞ্চিৎ পরে॥

হে মুনে! বিষ্ণুর ভক্তিবিশেষ দ্বারা পৃথিবীর মধ্যে কি না সিদ্ধি হয়?। গোবিন্দের অনুগ্রহে কীটাদি ব্রহ্ম পর্য্যন্তও সর্ব্ব সম্পত্তির আবাস স্থান হয়েন এবং তাঁহাদের কাহা হইতেও ভয় হয় না॥

হে মুনীশ্বরগণ! আপনাদিগকে এই কিঞ্চিন্মাহাত্ম্য বলিলাম, সমগ্র মাহাত্ম্য যেমন আকাশে নক্ষত্র সমূহ, যেমন সমুদ্রতটে বালুকা সৃষ্টি। ইহা বিশেষ রূপে জানিতে পারিলেই চতুর্ব্বিধা মুক্তি লাভ হয়॥

ইহা ভিন্ন অন্যান্য মন্ত্রে যে অপরাপর দোষ সকল আছে, তৎ

তদর্থং মন্ত্রসংস্কারা লিখ্যন্তে তন্ত্রতো দশ ॥ ১০৩ ॥

অথ মন্ত্রসংস্কারাঃ ॥

শারদাতিলকে।

জননং জীবনঞ্চেতি তাড়নং রোধনং তথা।
অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ।
তর্পণং দীপনং গুপ্তি র্দশৈতা মন্ত্র সংক্রিয়াঃ।
মন্ত্রাণাং মাতৃকামধ্যাদুদ্ধারো জননং স্মৃতং।
প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ।
এতজ্জীবনমিত্যাহু র্মন্ত্র তন্ত্রবিশারদাঃ।
মনোর্ব্বর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা।
প্রত্যেকং বায়ুনা মন্ত্রী তাড়নং তদুদাহৃতং।
বিলিখ্য মন্ত্রং তং মন্ত্রী প্রসূনৈঃ করবীরজৈঃ।
তন্মন্ত্রাক্ষরসংখ্যাতৈ র্হন্যাদ্যত্নেন রোধনং।

বিখ্যাপনার্থমেবেতি ভাবঃ। তন্ত্রত আগম শাস্ত্রোক্তা ইত্যর্থঃ ॥ ১০৩ ॥
জ্যোতির্মন্ত্রেণেত্যুক্তং তমেবাহ তারমিতি। ব্যোমেত্যাদিনা তত্তদ্বীজং বোধ্যতে।

সমুদায়ের প্রতীকারের নিমিত্ত তন্ত্র হইতে দশ প্রকার মন্ত্র সংস্কার লিখিত হইতেছে ॥ ১০৩ ॥

অথ মন্ত্রসংস্কার যথা শারদাতিলকে ॥

জনন, জীবন, তাড়ন, রোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গোপন এই দশ প্রকার মন্ত্রসংস্কার ॥

মাতৃকাযন্ত্রের মধ্য হইতে মন্ত্র সকলের উদ্ধারকে জনন বলে। ধীর ব্যক্তি প্রণব দ্বারা আবরণ করিয়া মন্ত্রের বর্ণ সকল জপ করিবেন, মন্ত্র তন্ত্র বিশারদ পণ্ডিতগণ ইহাকে জীবন বলিয়া থাকেন। মন্ত্রজ্ঞ ব্যক্তি "যং" এই বায়ু বীজ উচ্চারণ পূর্ব্বক চন্দন জল দ্বারা মন্ত্রের প্রত্যেক বর্ণকে আঘাত করিবেন, ইহাকেই তাড়ন বলে। মন্ত্রজ্ঞ-ব্যক্তি মন্ত্র লিখিয়া মন্ত্রের অক্ষরের যত সংখ্যা তত গুলি করবীর পুষ্প-দ্বারা যত্ন পূর্ব্বক সেই মন্ত্রকে তাড়না করিবেন, ইহারই নাম রোধন।

স্বতন্ত্রোক্তবিধানেন মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া।
অশ্বত্থপল্লবৈর্মন্ত্রমভিষিঞ্চেদ্বিশুদ্ধয়ে।
সংচিন্ত্য মনসা মন্ত্রং জ্যোতির্মন্ত্রেণ নির্দ্দহেৎ।
মন্ত্রে মূলত্রয়ং মন্ত্রী বিমলীকরণং ত্বিদং।
তার ব্যোমাগ্নি মনুযুগ্দণ্ডী জ্যোতির্মনুর্মতঃ।
কুশোদকেন জপ্তেন প্রত্যর্ণং প্রোক্ষণং মনোঃ।
তেন মন্ত্রেণ বিধিবদেতদাপ্যায়নং স্মৃতং।
মন্ত্রেণ বারিণা যন্ত্রে তর্পণং তর্পণং স্মৃতং।
তার-মায়া-রমাযোগো মনোর্দীপনমুচ্যতে।
জপ্যমানস্য মন্ত্রস্য গোপনং ত্বপ্রকাশনং।
বলিত্বাৎ কৃষ্ণমন্ত্রাণাং সংস্কারাপেক্ষণং নহি।
সামান্যোদ্দেশমাত্রেণ তথাপ্যেতদুদীরিতং ॥ ১০৪ ॥

এবমগ্রে মায়াদাবপি ॥ ১০৪ ॥

মন্ত্রবেত্তা স্বীয় তন্ত্রোক্ত বিধানানুসারে মন্ত্রের যতগুলি বর্ণ তত সংখ্যক অশ্বত্থ পত্র দ্বারা বিশুদ্ধির নিমিত্ত মন্ত্রকে অভিষেক করিবেন। মন্ত্রি-ব্যক্তি মনোমধ্যে মন্ত্রকে চিন্তা করিয়া মন্ত্র মধ্যগত মূলত্রয়কে জ্যোতি-র্মন্ত্র দ্বারা দাহন করিবেন, ইহাকেই বিমলীকরণ বলে। প্রণব (ওঁ), আকাশ, অগ্নি ও মন্ত্র সংযুক্ত দণ্ডী অর্থাৎ 'ওঁ হং রং ঔং' ইহা জ্যোতি-র্মন্ত্র বলিয়া সম্মত। যাহাতে জপ করা হইয়াছে, এরূপ কুশজল দ্বারা মন্ত্রের প্রত্যেক বর্ণকে সেই মন্ত্র সহকারে বিধি অনুসারে প্রোক্ষণ করার নাম আপ্যায়ন। মন্ত্রপাঠ পূর্ব্বক জল দ্বারা যন্ত্র মধ্যে তর্পণ করার নাম তর্পণ। তার মায়া ও লক্ষ্মীযোগ অর্থাৎ "ওঁ হ্রীং শ্রীং" মন্ত্রের দীপন বলিয়া কথিত। যে মন্ত্র জপ করিতে হইবে, তাহাকে প্রকাশ না করার নাম গোপন। কৃষ্ণমন্ত্র সকল বলবান্ প্রযুক্ত, সংস্কা-রের অপেক্ষা নাই। তথাপি সামান্যত উদ্দেশ করিয়াই ইহা কথিত হইল ॥ ১০৪ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে গৌরবো নাম প্রথমো বিলাসঃ ॥ * ॥ ১ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভগবদ্ভক্তিবিলাসটীকয়াং দিগ্দর্শিন্যাং প্রথমোবিলাসঃ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টগোস্বামি বিলিখিত শ্রীভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে গৌরবনামকঃ প্রথমোবিলাসঃ ॥ * ॥

সমাপ্তঃ।

অথ দ্বিতীয়বিলাসঃ।

—০*০—

তং শ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগদ্গুরুং।
যস্যানুকম্পয়া শ্বাপি মহাব্ধিং সন্তরেৎ সুখং ॥ ১ ॥
অথ দীক্ষাবিধিঃ ॥
দীক্ষাবিধি লিখ্যতেঽত্রানুসৃত্য ক্রমদীপিকাং।
বিনা দীক্ষাং হি পূজায়াং নাধিকারোঽস্তি কস্যচিৎ ॥ ২ ॥

নমঃ শ্রীকৃষ্ণায় ভগবতে ভদ্রবনচন্দ্রায় ॥ অন্ধঃ পশ্যতি শাস্ত্রাণি শিলা তরতি বারিধিং। যস্য প্রভাবতো বন্দে তং শ্রীচৈতন্যমীশ্বরং। কর্ত্তব্যাংশস্য বিজ্ঞানমবশ্যং সম্যগিষ্যতে। অতো যস্তত্র সংক্ষিপ্তো গ্রন্থঃ সোঽয়ং প্রপঞ্চ্যতে। তত্রাদৌ বিবিধমতাকুলিত-দীক্ষাবিধি-লিখনে পরমাশক্তস্যাপ্যাত্মনো ভগবদনুগ্রহেণ শক্ততাং সম্ভাবয়ন্নিব প্রারিপ্সিত সিদ্ধয়ে পূর্ব্ববদ্ গুরু-রূপমিষ্টদৈবতং প্রণমতি তমিতি। শ্রীমান্ কৃষ্ণশ্চাসৌ চৈতন্যদেবশ্চ পরমাত্মেতি তং। পক্ষে শ্রীকৃষ্ণচৈতন্যেতি বিখ্যাতদেবমীশ্বরং। সাক্ষাত্তস্যোপদেষ্টৃত্বাসম্ভবেঽপি চিত্তাধিষ্ঠাতৃত্বাদিনা সর্ব্বেষামপি জীবানাং পরমগুরুতয়াত্মনোঽপি সএব গুরুরিত্যভিপ্রেত্য লিখতি জগদ্গুরু-মিতি। পক্ষে সর্ব্বত্রৈব ভগবন্নামসংকীর্ত্তনপ্রধানভক্তিপ্রচারণাজ্জগতাং গুরুত্বেন বিশেষতো দীনজনবিষয়ক সমগ্রোপদেশানুগ্রহেণ গুরুমিতি ॥ ১ ॥

ক্রমদীপিকামনুসৃত্যেতি শ্রীকেশবাচার্য্যবিরচিত-ক্রমদীপিকাখ্য-গ্রন্থোক্তানুসারেণৈব নতু তদুক্তবিরোধেনেত্যর্থঃ। দীক্ষাবিধিলিখনে হেতুঃ। বিনেতি। হি যতঃ ॥ ২ ॥

যাঁহার কৃপায় কুক্কুরও সুখে মহাসাগর উত্তীর্ণ হয়, সেই জগদ্গুরু শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে নমস্কার করি ॥ ১ ॥

অথ দীক্ষাবিধি ॥

কেশবাচার্য্য-বিরচিত ক্রমদীপিকা নামক গ্রন্থের অনুসারে দীক্ষা-বিধি লিখিত হইতেছে। দীক্ষাব্যতিরেকে কাহারই পূজাতে অধিকার নাই ॥ ২ ॥

অথ দীক্ষানিত্যতা ॥

আগমে ॥

দ্বিজানামনুপেতানাং স্বকর্ম্মাধ্যয়নাদিষু।
যথাধিকারো নাস্তীহ স্যাচ্চোপনয়নাদনু।
তথাত্রাদীক্ষিতানান্তু মন্ত্রদেবার্চ্চনাদিষু।
নাধিকারোঽস্ত্যতঃ কুর্য্যাদাত্মানং শিবসংস্তুতং ॥

স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীব্রহ্মনারদসম্বাদে।

তে নরাঃ পশবো লোকে কিং তেষাং জীবনে ফলং।

অনুপেতানাং অকৃতোপনয়নানাং। উপনয়নাৎ যজ্ঞোপবীতদানাৎ অনু অনন্তরং তু অধিকারঃ স্যাদেব। শিবসংস্তুতমিতি দীক্ষিতমিত্যর্থঃ প্রধানত্বেন শ্রীবিষ্ণুদীক্ষাগ্রহণাৎ শ্রীশিবস্যাপি সম্যক্ স্তুতিবিষয়মিতি ভাবঃ। এবঞ্চ দীক্ষাং বিনা পূজায়ামনধিকারাৎ, তথা। শালগ্রামশিলাপূজাং বিনা যোঽশ্নাতি কিঞ্চন। স চাণ্ডালাদিবিষ্ঠায়ামাকল্পং জায়তে কৃমিরিত্যাদি বচনৈঃ পূজায়াশ্চাবশ্যকত্বাদ্দীক্ষায়া নিত্যত্বং সিদ্ধ্যতি। শ্রীশালগ্রামশিলাধিষ্ঠানং বর্গেষু মুখ্যত্বাৎ সর্ব্বাণ্যেব ভগবদধিষ্ঠানান্যুপলক্ষয়তি। নিত্যত্বমেব ব্রহ্মবচনেন সাধয়তি তে নরা ইতি। জনার্দ্দনো যৈর্নার্চ্চিত ইতি দীক্ষাং বিনার্চ্চনা-

---

অথ দীক্ষার নিত্যতা ॥

আগমে অর্থাৎ তন্ত্রে ॥

এই পৃথিবীতে যে সকল দ্বিজাতির যজ্ঞোপবীত হয় নাই, তাঁহাদিগের যেমন নিজ কর্ত্তব্য কর্ম্ম অধ্যয়নাদিতে অধিকার নাই কিন্তু যজ্ঞোপবীত হইলে অধিকার জন্মে, তদ্রূপ এই ক্ষিতিতলে যাঁহাদিগের দীক্ষা হয় নাই তাঁহাদিগেরও পূজাদিতে অধিকার নাই, একারণ আত্মাকে অর্থাৎ স্বীয় শরীরকে দীক্ষিত করিবে।

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ব্রহ্মনারদ-
সম্বাদে যথা ॥

যে সকল নর বিষ্ণুদীক্ষা লাভ করিতে পারে নাই অথবা জনার্দ্দনের পূজা করে নাই তাহারা লোকমধ্যে পশু, তাহাদিগের জীবন ধারণ

যৈ র্ন লব্ধা হরের্দীক্ষা নার্চ্চিতো বা জনার্দ্দনঃ ॥ ৩ ॥
তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে বিষ্ণুযামলে চ ॥
অদীক্ষিতস্য বামোরু কৃতং সর্ব্বং নিরর্থকং।
পশুযোনিমবাপ্নোতি দীক্ষাবিরহিতো জনঃ ॥ ৪ ॥
বিশেষতো বিষ্ণুযামলে ॥
স্নেহাদ্বা লোভতো বাপি যো গৃহ্ণীয়াদদীক্ষয়া।
তস্মিন্ গুরৌ সশিষ্যেতু দেবতাশাপ আপতেৎ ॥ ৫ ॥
বিষ্ণুরহস্যে চ ॥
অবিজ্ঞায় বিধানোক্তাং হরিপূজাবিধিক্রিয়াং।

সিদ্ধেঃ ॥ ৩ ॥ ৪ ॥

অদীক্ষয়া দীক্ষাবিধিব্যতিরেকেন দেবতানাং সর্ব্বাসামেব। তন্মন্ত্রাধিষ্ঠাতৃদেবতায়া বা শাপঃ। যদ্যপি পূর্ব্বং লিখিতায়াঃ শ্রীগুরূপসত্তে র্নিত্যতয়া দীক্ষায়া অপি নিত্যতা সিদ্ধৈব তথাপ্যুপসত্তেরাশ্রয়ণমাত্রতাবিবক্ষয়া দীক্ষায়াশ্চ সবিধিমন্ত্রগ্রহণাদিরূপতয়া পৃথগুল্লেখ ইতি দিক্ ॥ ৫ ॥

নন্থ যথাকথঞ্চিদ্ভগবদর্চ্চনেন মহাফলং শ্রূয়তে অতো গুরোঃ সকাশাদ্দীক্ষাগ্রহণে কোঽয়মাগ্রহস্তত্রাহ অবিজ্ঞায়েতি। হরিপূজাবিধেঃ ক্রিয়ামনুষ্ঠানং বিধানোক্তাং পূর্ব্বপূর্ব্বৈ-

করায় ফল কি ? ॥ ৩ ॥
ঐ স্কন্দপুরাণে শ্রীরুক্মাঙ্গদ ও মোহিনীরসম্বাদে তথা বিষ্ণুযামলেতেও ॥
হে বামোরু ! যে ব্যক্তি দীক্ষা গ্রহণ করে নাই তাহার সমুদায় কর্ম্ম নিরর্থক অর্থাৎ কোন কর্ম্মের ফল হয় না। যে মনুষ্যের দীক্ষা লাভ হয় নাই সে পশুযোনি প্রাপ্ত হয় ॥ ৪ ॥
বিশেষ করিয়া বিষ্ণুযামলে বলিয়াছেন ॥
স্নেহ প্রযুক্তই হউক বা লোভ হেতুই হউক, যে গুরু, দীক্ষা ব্যতিরেকে শিষ্য গ্রহণ করেন, সেই গুরুতে এবং সেই শিষ্যেতেও সমস্ত দেবতার শাপ আসিয়া উপস্থিত হয় ॥ ৫ ॥
বিষ্ণুরহস্যেতেও যথা ॥
অহে ! যদি বল যথাকথঞ্চিৎরূপে বিষ্ণুর আরাধনা করিলে মহা-

কুর্ব্বন্ ভক্ত্যা সমাপ্নোতি শতভাগং বিধানতঃ ॥ ৬ ॥
অথ দীক্ষামাহাত্ম্যং বিষ্ণুযামলে ॥
দিব্যংজ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ং।
তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ।
অতো গুরুং প্রণম্যৈবং সর্ব্বস্বং বিনিবেদ্য চ।
গৃহ্ণীয়াদ্বৈষ্ণবং মন্ত্রং দীক্ষাপূর্ব্বং বিধানতঃ ॥
স্কান্দে ॥

রূপদেষ্টৃভি র্যথাবিধ্যোপদিষ্টাং শ্রীগুরুমুখাদবিজ্ঞায় বিশেষেণাজ্ঞাত্বা বিধানতো ভক্ত্যা কুর্ব্বন্নপি শতাংশানামেকমংশং লভতে। গুর্ব্বনপেক্ষয়া পূর্ব্ব পূর্ব্ব শিষ্টদর্শিতমার্গানাদরেণ পূজাফলং ন সম্যগ্ভবতীতি ভাবঃ ॥ ৬ ॥

নিত্যত্বমেব দ্রঢ়য়ন্ নিত্যত্বেঽপি দর্শপৌর্ণমাসাদিবৎ ফলবিশেষঞ্চ দর্শয়ন্ দীক্ষামাহাত্ম্যং

ফল শুনা যায়, তবে গুরুর নিকট হইতে দীক্ষা গ্রহণে এ আগ্রহ কেন ?। ইহার উত্তর এই যে, পূর্ব্ব পূর্ব্ব উপদেষ্টৃগণ যেরূপ বিধানে হরিপূজার অনুষ্ঠান উপদেশ করিয়াছেন, তাহা শ্রীগুরুমুখ হইতে বিশেষ প্রকারে পরিজ্ঞাত না হইয়া বিধান পূর্ব্বক ভক্তিসহকারে পূজা করিলেও পূজাফলের শত ভাগের এক ভাগমাত্র লাভ হয় ॥

অর্থাৎ গুরু অপেক্ষা না করা তথা পূর্ব্ব পূর্ব্ব মহাজনদিগের দর্শিত পথের অনাদর নিমিত্ত সমগ্ররূপে পূজার ফল প্রাপ্তি হয় না ॥ ৬ ॥

অথ দীক্ষামাহাত্ম্য যথা—

বিষ্ণুযামলে ॥

যে দিব্য জ্ঞান প্রদান করে এবং যে সমগ্ররূপে পাপ ক্ষয় করে এজন্য তত্ত্বজ্ঞ গুরুজনেরা তাহাকে দীক্ষা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। অতএব গুরুদেবকে এই প্রকারে প্রণাম করিয়া এবং তাঁহাকে সর্ব্বস্ব নিবেদন করিয়া বিধি অনুসারে দীক্ষা পূর্ব্বক বিষ্ণুমন্ত্র গ্রহণ করিবে ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

তপস্বিনঃ কর্ম্মনিষ্ঠাঃ শ্রেষ্ঠাস্তে বৈ নরা ভুবি।
প্রাপ্তা যৈস্তু হরের্দ্দীক্ষা সর্ব্বদুঃখবিমোচনী ॥

তত্ত্বসাগরে চ ॥

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাং ॥

অথ দীক্ষাকালঃ ॥

তত্র মাসশুদ্ধিঃ। আগমে।

মন্ত্রস্বীকরণং চৈত্রে বহুদুঃখফলপ্রদং।
বৈশাখে রত্নলাভঃ স্যাজ্জ্যৈষ্ঠে তু মরণং ধ্রুবং।
আষাঢ়ে বন্ধুনাশায় শ্রাবণে তু ভয়াবহং।
প্রজাহানি র্ভাদ্রপদে সর্ব্বত্র শুভমাশ্বিনে।

লিখতি দিব্যমিতি ত্রিভিঃ। তপস্বিন ইতি। শ্রেষ্ঠা জ্ঞানাদিনিষ্ঠেভ্যঃ পরমোত্তমাঃ।

স্কন্দপুরাণেও ঐ কার্ত্তিকপ্রসঙ্গে ব্রহ্মনারদসম্বাদে যথা ॥

যে সকল মনুষ্য সর্ব্বদুঃখ-বিমোচনকারিণী বিষ্ণুদীক্ষা প্রাপ্ত হইয়াছেন, পৃথিবীর মধ্যে তাঁহারাই তপস্বী, তাঁহারাই কর্ম্মনিষ্ঠ ও তাঁহারাই শ্রেষ্ঠ ॥

তত্ত্বসাগরেতেও ॥

যেমন বিধানানুসারে পারদ সংযোগ করায় কাংস্য স্বর্ণত্ব প্রাপ্ত হয়, তদ্রূপ দীক্ষাবিধান দ্বারা মনুষ্যদিগের দ্বিজত্ব প্রাপ্তি হইয়া থাকে ॥

অথ দীক্ষাকাল ॥

তন্মধ্যে মাসশুদ্ধি যথা তন্ত্রে ॥

আচার্য্যগণ বলিয়াছেন,চৈত্রমাসে মন্ত্র গ্রহণ করিলে ঐ মন্ত্র বহুতর দুঃখ ফল প্রদান করেন, বৈশাখ মাসে মন্ত্র গ্রহণ করিলে রত্ন লাভ হয়, জ্যৈষ্ঠমাসে নিশ্চয় মরণ ঘটে, আষাঢ়মাসে বন্ধু নাশ, শ্রাবণমাসে ভয়, ভাদ্রমাসে সন্তানের হানি, আশ্বিনমাসে সর্ব্ব প্রকার শুভ, কার্ত্তিক-

কার্ত্তিকে ধনবৃদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে শুভপ্রদং।
পৌষেতু জ্ঞানহানিঃ স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনং।
ফাল্গুনে সর্ব্ববশ্যত্বমাচার্য্যৈঃ পরিকীর্ত্তিতং ॥ ৭ ॥

ক্বচিচ্চ।

সমৃদ্ধিঃ শ্রাবণে নূনং জ্ঞানং স্যাৎ কার্ত্তিকে তথা।
ফাল্গুনেঽপি সমৃদ্ধিঃ স্যান্মলমাসং পরিত্যজেৎ ॥

গৌতমীয়ে ॥

মন্ত্রারম্ভস্তু চৈত্রে স্যাৎ সমস্তপুরুষার্থদঃ।
বৈশাখে রত্নলাভঃ স্যাজ্ জ্যৈষ্ঠেতু মরণং ধ্রুবং।
আষাঢ়ে বন্ধুনাশঃ স্যাৎ পূর্ণায়ুঃ শ্রাবণে ভবেৎ।
প্রজানাশো ভবেদ্ ভাদ্রে আশ্বিনে রত্নসঞ্চয়ঃ।
কার্ত্তিকে মন্ত্রসিদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে তথা ভবেৎ।

নৃণাং সর্ব্বেষামেব দ্বিজত্বং বিপ্রতা ॥ ৭ ॥

ক্বচিচ্চেতি অগস্ত্যসংহিতাদ্যনুসারি-শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং। পূর্ব্বোক্তেনাবিরোধস্তু মন্ত্র-

---

মাসে ধনবৃদ্ধি, অগ্রহায়ণমাসে কল্যাণ, পৌষমাসে জ্ঞানহানি, মাঘমাসে বুদ্ধিবৃদ্ধি এবং ফাল্গুনমাসে সকলে বশ্যত্ব অর্থাৎ সকলকে বশীভূত করিবার শক্তি প্রাপ্তি হয় ॥ ৭ ॥

কোন গ্রন্থে বলিয়াছেন ॥

শ্রাবণ মাসে মন্ত্র গ্রহণ করিলে নিশ্চয় সমৃদ্ধি, কার্ত্তিক মাসে জ্ঞান এবং ফাল্গুন মাসেও সমৃদ্ধি লাভ হইবে, কিন্তু মলমাস পরিত্যাগ করিতে হইবে অর্থাৎ মলমাসে মন্ত্র গ্রহণ করিবে না ॥

গৌতমীয়তন্ত্রে যথা ॥

মন্ত্রগ্রহণ চৈত্রমাসে হইলে সমস্ত পুরুষার্থ প্রদান করে, বৈশাখে মন্ত্র গৃহীত হইলে রত্ন লাভ হয়, জ্যৈষ্ঠে নিশ্চয় মরণ ঘটে। আষাঢ়ে বন্ধুনাশ হয়, শ্রাবণমাসে পরিপূর্ণ আয়ুঃ প্রাপ্তি করায়। ভাদ্রমাসে প্রজানাশ, আশ্বিনে রত্নসঞ্চয়, কার্ত্তিকে ও অগ্রহায়ণে মন্ত্রসিদ্ধি, পৌষে

পৌষেতু শক্রপীড়া স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনং।
ফাল্গুনে সর্ব্বকামাঃ স্যু র্মলমাসং পরিত্যজেৎ ॥
স্কান্দে তত্রৈব শ্রীরুক্মাঙ্গদমোহিনীসম্বাদে ॥
কার্ত্তিকেতু কৃতা দীক্ষা নৃণাং জন্ম-নিকৃন্তনী।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন দীক্ষাং কুর্ব্বীত কার্ত্তিকে ॥ ইতি ॥ ৮ ॥
শ্রীমদ্গোপালমন্ত্রাণাং দীক্ষয়াস্তু ন দূষ্যতি।
চৈত্রমাসে যদুক্তা তদ্দীক্ষা তত্রৈব দেশিকৈঃ ॥ ৯ ॥
অথ বারশুদ্ধিঃ ॥
রবৌ গুরৌ তথা সোমে কর্ত্তব্যং বুধশুক্রয়োঃ ॥

ভেদেন বিবিধফলভেদাপেক্ষয়া মতভেদেন বা জ্ঞেয়ঃ। এবমগ্রেঽপি ॥ ৮ ॥

এবং নিষিদ্ধেঽপি চৈত্রে শ্রীগোপালমন্ত্রদীক্ষামনুজানাতি শ্রীমদিতি। যদ্যস্মাত্তেষাং শ্রীগোপালমন্ত্রাণাং দীক্ষা চৈত্রে এব উক্তা শ্রীকেশবাচার্য্যাদিভিঃ। তথাচ ক্রমদীপিকায়াং। চৈত্রে কৃত্বৈব তন্মাসি কর্ম্মেতি। ত্রৈলোক্যসম্মোহনতন্ত্রে চ। মধুমাসে তু সংপ্রাপ্তে দ্বাদশ্যাং সমুপোষিতঃ। আপূর্য্যমাণপক্ষেতু সংশুদ্ধিং ভাবয়েত্তত ইতি ॥ ৯ ॥

শক্রপীড়া, মাঘে, মেধাবৃদ্ধি এবং ফাল্গুনে সর্ব্ব প্রকার কাম প্রাপ্তি হয়, কিন্তু মলমাস পরিত্যাগ করিবে ॥

স্কন্দপুরাণে সেই স্থানে অর্থাৎ কার্ত্তিক-প্রসঙ্গ
শ্রীরুক্মাঙ্গদ ও মোহিনী-সম্বাদে যথা ॥

কার্ত্তিকমাসে দীক্ষাকৃত হইলে ঐ দীক্ষা মনুষ্যদিগের জন্মচ্ছেদন করে অতএব সর্ব্ব প্রকারে যত্নসহকারে কার্ত্তিকমাসে দীক্ষা করিবে ॥৮॥

পূর্ব্বে যে চৈত্র মাসে দীক্ষা নিষিদ্ধ বলিয়া উক্ত হইয়াছে কিন্তু তাহা শ্রীমদ্গোপালদেবের মন্ত্র-দীক্ষায় নিষিদ্ধ হয় না, যেহেতু মন্ত্রাচার্য্যেরা ঐ চৈত্রমাসেই শ্রীমদ্গোপালমন্ত্রের দীক্ষা-বিধান করিয়াছেন ॥ ৯ ॥

অথ বারশুদ্ধি ॥

রবি, বৃহস্পতি, সোম, বুধ এবং শুক্র এই পাঁচ বারে দীক্ষা গ্রহণ

অথ নক্ষত্রশুদ্ধিঃ ॥

নারদতন্ত্রে ॥

রোহিণী শ্রবণার্দ্রা চ ধনিষ্ঠা চোত্তরা ত্রয়ঃ।
পুষ্যং শতভিষশ্চৈব দীক্ষানক্ষত্রমুচ্যতে ॥

ক্বচিচ্চ ॥

অশ্বিনী-রোহিণী-স্বাতি-বিশাখা-হস্ত-ভেষু চ।
জ্যেষ্ঠোত্তরাত্রয়েষ্বেব কুর্য্যান্মন্ত্রাভিষেচনং ॥ ১০ ॥

অথ তিথিশুদ্ধিঃ ॥

সারসংগ্রহে ॥

দ্বিতীয়া পঞ্চমী চৈব ষষ্ঠী চৈব বিশেষতঃ।
দ্বাদশ্যামপি কর্ত্তব্যং ত্রয়োদশ্যামথাপি চ ॥

অশ্বিন্যাদিনক্ষত্রেষত্র পূর্ব্বোক্তেন বিরোধাভাবেঽপি ততো বিশেষলাভেন ক্বচিচ্চেতি প্রয়োগঃ। এবমগ্রেঽপি মন্ত্রাভিষেচনং দীক্ষাং ॥ ১০ ॥

করা কর্ত্তব্য ॥

অথ নক্ষত্রশুদ্ধি ॥

যথা নারদতন্ত্রে ॥

রোহিণী, শ্রবণা, আর্দ্রা, ধনিষ্ঠা, উত্তরাত্রয় অর্থাৎ উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ, তথা পুষ্যা ও শতভিষা এই নয়টীকে দীক্ষাবিষয়ক নক্ষত্র বলা যায় ॥

কোন স্থানে বলিয়াছেন ॥

অশ্বিনী, রোহিণী, স্বাতি, বিশাখা, হস্তা এবং জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ এই নয় নক্ষত্রে দীক্ষা করিবে ॥ ১০ ॥

অথ তিথিশুদ্ধি ॥

সারসংগ্রহে ॥

দ্বিতীয়া, পঞ্চমী এবং ষষ্ঠী, বিশদরূপে তথা দ্বাদশী ও ত্রয়োদশী-তেও দীক্ষা করিবে ॥

ক্বচিচ্চ ॥

পূর্ণিমা পঞ্চমী চৈব দ্বিতীয়া সপ্তমী তথা।
ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা ॥ ইতি।

এবং শুদ্ধে দিনে শুক্লপক্ষে শুক্রগুরূদয়ে।
সল্লগ্নে চন্দ্রতারানুকূলে দীক্ষা প্রশস্যতে ॥ ১১ ॥

অথাত্রাপবাদঃ। রুদ্রযামলে ॥

সত্তীর্থেঽর্কবিধুগ্রাসে তন্তুদামনপর্ব্বণোঃ।
মন্ত্রদীক্ষাং প্রকুর্ব্বীত মাসর্ক্ষাদি ন শোধয়েৎ ॥ ১২ ॥

সুলগ্নঽচন্দ্রতারাদিবলমত্র সদৈব হি।
লব্ধোঽত্র মন্ত্রো দীর্ঘায়ুঃ সম্পৎ সন্ততিবর্দ্ধনঃ ॥ ১৩ ॥

শুক্রস্য গুরোশ্চ বৃহস্পতেরুদয়ে সতি নত্বস্তসময়ে ॥ ১১ ॥

তন্তুপর্ব্ব শ্রাবণে পবিত্রারোপণোৎসবঃ দামনপর্ব্ব চৈত্রে দমনকারোপণোৎসবস্তয়োঃ ॥১২॥

অত্র সত্তীর্থাদৌ ॥ ১৩ ॥

কোন স্থানে বলিয়াছেন ॥

পূর্ণিমা, পঞ্চমী, দ্বিতীয়া, সপ্তমী, ত্রয়োদশী ও দশমীপ্রভৃতি তিথি সকলবিষয়ে প্রশস্ত এবং ইহারা সর্ব্বকাম প্রদান করিয়া থাকে। এই প্রকার শুদ্ধদিবসে শুক্লপক্ষে শুক্র ও বৃহস্পতির উদয়কালে, উত্তম লগ্নে এবং চন্দ্র তারা অনুকূলে যে দীক্ষা তাহাই প্রশস্ত ॥ ১১ ॥

এই দীক্ষা-বিষয়ে বিশেষব্যবস্থা রুদ্রযামলে যথা—

প্রধানতীর্থে সূর্য্য ও চন্দ্র-গ্রহণসময়ে, তন্তুপর্ব্বে অর্থাৎ শ্রাবণ মাসে পবিত্রারোপণোৎসব দিবসে তথা দামনপর্ব্ব অর্থাৎ চৈত্রমাসে দমনকারোপণোৎসব দিবসে মন্ত্র দীক্ষা করিবে, ইহাতে মাস ও নক্ষত্রাদির শোধন করিবে না ॥ ১২ ॥

এই সকল শুভলগ্ন ও চন্দ্রতারাদির বল, সকল সময়েই আবশ্যক। সত্তীর্থাদিতে মন্ত্রলাভ হইলেই ঐ মন্ত্র দীর্ঘায়ুঃ ও সম্পৎ সন্ততি বৃদ্ধি করে ॥ ১৩ ॥

অন্যত্র ॥

সূর্য্যগ্রহণকালেন সমানো নাস্তি কশ্চন।
তত্র যদ্যৎ কৃতং সর্ব্বমনন্তফলদং ভবেৎ।
ন মাসতিথিবারাদিশোধনং সূর্য্যপর্ব্বণি ॥ ১৪ ॥

তত্ত্বসারে চ ॥

দুর্ল্লভে সদ্গুরূণাঞ্চ সকৃৎসঙ্গ উপস্থিতে ॥
তদনুজ্ঞা যদা লব্ধা স দীক্ষাবসরো মহান্।
গ্রামে বা যদি বারণ্যে ক্ষেত্রে বা দিবসে নিশি।
আগচ্ছতি গুরুর্দৈবাদ্যদা দীক্ষা তদাজ্ঞয়া।
যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরূপতঃ।
ন তীর্থং ন ব্রতং হোমো ন স্নানং ন জপক্রিয়া।

সতীর্থাদিষ্বপি মধ্যে সূর্য্যপর্ব্বণঃ প্রাশস্ত্যং দর্শয়তি সূর্য্যেতি সার্দ্ধেন ॥ ১৪ ॥
তত্র তত্রাপি পুনরপবাদং দর্শয়তি যদৈবেতি সার্দ্ধেন ॥ ১৫ ॥

অন্যত্র বলিয়াছেন ॥

সূর্য্যগ্রহণকালের তুল্য আর কাল নাই, তাহাতে যাহা যাহা করিবে তৎসমুদায় অনন্ত ফলপ্রদ হইয়া থাকে। সূর্য্যগ্রহণে মাস, তিথি ও বারাদি শোধন করিবে না ॥ ১৪ ॥

তত্ত্বসাগরেতেও বলিয়াছেন ॥

সদ্গুরু সকলের সঙ্গলাভ অতিশয় দুর্ল্লভ, একবার মাত্র সঙ্গ উপস্থিত হইলে, তিনি যখন অনুমতি করিবেন তখনই দীক্ষার প্রশস্তকাল॥

গ্রামেই হউক বা অরণ্যেই হউক কিম্বা ক্ষেত্রে অথবা দিবসে কিম্বা রাত্রিতেই হউক, যখনই দৈবক্রমে গুরু আগমন করেন, তাঁহার আজ্ঞা ক্রমে তখনই দীক্ষা হইতে পারে। গুরুর যখনই ইচ্ছা হইবে, তাঁহার আজ্ঞানুসারে তখনই দীক্ষা হইবে।

সদ্গুরু স্বেচ্ছাবশতঃ আসিয়া উপস্থিত হইলে, না তীর্থ, না ব্রত,

দীক্ষায়াঃ কারণং কিন্তু স্বেচ্ছাপ্রাপ্তে তু সদ্গুরৌ ॥ ১৫ ॥
অথ মণ্ডপনির্ম্মাণবিধিঃ ॥
ক্রিয়াবত্যাদিভেদেন ভবেদ্দীক্ষা চতুর্বিধা।
তত্র ক্রিয়াবতী দীক্ষা সংক্ষেপেনৈব লিখ্যতে ॥ ১৬ ॥
ভূমিং সংস্কৃত্য তস্যাং চার্চ্চয়িত্বা বাস্তুদেবতাঃ।
সপ্তহস্তমিতং কুর্য্যান্মণ্ডপং রম্যবেদিকং ॥ ১৭ ॥

আদিশব্দেন কলাত্মা বর্ণময়ী বেধময়ী চ। তথাচ শারদাতিলকে। চতুর্ব্বিধা সা সন্দিষ্টা ক্রিয়াবত্যাদিভেদতঃ। ক্রিয়াময়ী বর্ণময়ী কলাত্মা বেধময়্যপীতি ॥ ১৬ ॥

সংস্কৃত্য তুষকেশাঙ্গারাস্থি--শর্করাদিদোষাপসারণেনোপস্কৃত্য। বাস্তুদেবতার্চ্চনবিধিস্তু প্রসিদ্ধএব শারদাতিলকাদিগ্রন্থসম্মতোঽগ্রে প্রাসাদনির্ম্মাণে লেখ্যো বাহুল্যভয়াদত্র ন লিখ্যতে। সপ্তভি র্হস্তৈঃ পরিমিতং। কেচিচ্চ ষড়্ভিরষ্টভির্দ্বাদশভির্বা হস্তৈর্মিতং মণ্ডপমিচ্ছন্তি। তথাচ বশিষ্ঠসংহিতায়াং। ষড়্দ্বাদশাষ্টভির্হস্তৈঃ ষোড়শৈর্ব্বা সমন্তত ইতি। রম্যা অত্যন্তদৈর্ঘ্যহ্রস্বোচ্চনীচত্বাদিরাহিত্যেন শোভনা বেদিকা যস্মিন্ তং। তাঞ্চ মণ্ডপমধ্যে রচয়েৎ। তথা চোক্তং। পঞ্চহস্তমিতাং তত্র চতুরস্রাং চতুর্মুখাং। হস্তমাত্রোচ্ছ্রিতাং রম্যাং মধ্যে বেদীং প্রকল্পয়েদিতি। বশিষ্ঠসংহিতায়াঞ্চ। বায়ব্যে বাথ ঐশান্যে পূজাবেদীং প্রকল্পয়েৎ। হস্তোন্নতাঞ্চ বিস্তীর্ণাং চতুরস্রাং সমন্তত ইতি। অত্রচ বিরোধো মতভেদাদিনা মণ্ডপভেদেন পরিহরণীয়ঃ। মণ্ডপানুমানেনৈব মধ্যে বেদীমুত্তমাং রচয়েদিতি স্থিতিঃ ॥ ১৭ ॥

না হোম, না স্নান, না জপকর্ম্ম, ইহারা সকল দীক্ষার প্রতি কারণ হইতে পারে না অর্থাৎ এ সকলের আর প্রয়োজন করে না ॥ ১৫ ॥

অথ মণ্ডপনির্ম্মাণবিধি ॥

ক্রিয়াবত্যাদি অর্থাৎ ক্রিয়াবতী, কলাত্মা, বর্ণময়ী ও বেধময়ী ভেদে দীক্ষা চারিপ্রকার হয়। এস্থলে সংক্ষেপে ক্রিয়াবতী দীক্ষাই লিখিত হইতেছে ॥ ১৬ ॥

ভূমি সংস্কার করিয়া তাহাতে বাস্তুদেবতার পূজা পূর্ব্বক মনোহর বেদী সংযুক্ত সপ্তহস্তপরিমিত মণ্ডপ নির্ম্মাণ করিবে ॥ ১৭ ॥

অষ্টধ্বজং চতুর্দ্বারং ক্ষীরপাদপতোরণং।
ত্রিগুণীকৃতসূত্রাঢ্যং কুশমালাভিবেষ্টিতং ॥ ১৮ ॥
অথ কুণ্ডনির্ম্মাণবিধিঃ ॥
তস্মিংশ্চ দিশি কৌবের্য্যাং চতুষ্কোণং ত্রিমেখলং।
কুণ্ডং কুর্য্যাচ্চতুর্ব্বিংশত্যঙ্গুলিপ্রমিতং বুধঃ ॥ ১৯ ॥
খাতং ত্রিমেখলোচ্ছ্রায়সহিতং তাবদাচরেৎ।

মণ্ডপমেব বিশিনষ্টি অষ্টেতি। অষ্টদিক্ষু অষ্টৌ ধ্বজা যস্মিন্ তৎ। ক্ষীরযুক্তৈঃ পাদপৈঃ প্লক্ষাদিভি র্হস্তমাত্রং ভূম্যন্তর্নিখাতৈস্তোরণং বহির্দ্বারং যস্মিন্ তৎ। তথাচ মৎস্যপুরাণে। প্লাক্ষং দ্বারং ভবেৎ পূর্ব্বং যাম্যমৌড়ুম্বরং ভবেৎ। পশ্চাদশ্বত্থঘটিতং নৈয়গ্রোধং তথোত্তরমিতি। ত্রিগুণীকৃতেন সূত্রেণ আঢ্যয়া যুক্তয়া কুশমালয়া অভিতো বেষ্টিতং। সর্ব্বতো নিবদ্ধকুশজাতেন ত্রিগুণিতসূত্রেণ পরিবৃতমিত্যর্থঃ। কেচিচ্চ ত্রিসূত্র্যা কুশময় রজ্জোপবেষ্টিতমিত্যাহুঃ ॥ ১৮ ॥

তস্মিন্ মণ্ডপে। তিস্রো মেখলাঃ খাতাদ্বহিরুপর্য্যুপরি যথাবিধি নির্ম্মীয়মাণা বপ্রা যস্মিন্ তৎ ॥ ১৯ ॥

তাবচ্চতুর্বিংশত্যঙ্গুলিপরিমিতং খাতঞ্চ তিসৃণাং মেখলানামুচ্ছ্রায়ো নবাঙ্গুলপরিমিতস্তেন সহিতমেব কুর্য্যাৎ নতু ভূম্যন্তরে চ তাবৎ সর্ব্বং খাতং খনেদিত্যর্থঃ। এবঞ্চ মেখলা-

ঐ মণ্ডপের আট্‌দিকে আট্ ধ্বজ, চারিদিকে চারি দ্বার, প্লক্ষপ্রভৃতি ক্ষীর বিশিষ্ট বৃক্ষের চারিটী তোরণ অর্থাৎ বহির্দ্বার থাকিবে। অপর ঐ বেদী ত্রিগুণীকৃত সূত্র সমন্বিত কুশমালা দ্বারা অর্থাৎ ত্রিপক্ক কুশ সূত্র দ্বারা বেদীকে বেষ্টন করিবে ॥ ১৮ ॥

অথ কুণ্ডনির্ম্মাণ বিধি ॥

জ্ঞানবান্ ব্যক্তি সেই মণ্ডপের উত্তরদিকে চতুষ্কোণ তিনটী মেখলা অর্থাৎ প্রাচীর বিশিষ্ট চতুর্বিংশতি অঙ্গুল পরিমিত কুণ্ড অর্থাৎ খাত প্রস্তুত করিবে ॥ ১৯ ॥

খাতকে মেখলাত্রয়ের উচ্চতার সহিত একত্র করিয়া তাবৎ পরিমাণে পরিমিত অর্থাৎ চতুর্বিংশতি অঙ্গুলি পরিমাণ বিশিষ্ট করিবেন,

তস্মাৎ খাতাদ্বহিঃ কুর্য্যাৎ কণ্ঠমেকাঙ্গুলং ধ্রুবং ॥ ২০ ॥
তত্রাদ্যমেখলোচ্ছ্রায়বিস্তারৌ চতুরঙ্গুলৌ।
ত্র্যঙ্গুলৌ তৌ দ্বিতীয়ায়াস্তৃতীয়ায়া যুগাঙ্গুলৌ ॥ ২১ ॥
যোনিঞ্চ পশ্চিমে ভাগে মেখলাত্রিতয়োপরি।
ষড়ঙ্গুলাঞ্চ বিস্তারে দৈর্ঘ্যে চ দ্বাদশাঙ্গুলাং।

ত্রয়াদধঃ পঞ্চদশাঙ্গুলানি খনেৎ। তেন চ মেখলাত্রয়োচ্ছ্রায়েণ চ মিলিত্বা চতুর্বিংশত্যঙ্গুলগর্ত্তসম্পত্ত্যা যথোক্তং কুণ্ডং সিদ্ধ্যতীতি জ্ঞেয়ং। কেচিচ্চ মন্যন্তে ভূম্যন্তরে চতুর্বিংশত্যঙ্গুলিপরিমিতং খাতং। তস্মাদুপরি মেখলাত্রয়ং পৃথগেবেতি। যৎ খাতং মেখলাত্রয়াধো ভূম্যন্তঃ কৃতমস্তি তস্মাৎ ধ্রুবমবশ্যমেব ॥ ২০ ॥

তত্র কুণ্ডে। আদ্যায়াঃ প্রথমায়াঃ মেখলায়াঃ উচ্ছ্রায়ঃ উচ্চতা বিস্তারঃ দ্বিতীয়মেখলায়াস্তু তৌ উচ্ছ্রায়বিস্তারৌ যুগাঙ্গুলৌ দ্ব্যঙ্গুলৌ এবমাসামুচ্ছ্রায়ো নবাঙ্গুলপরিমিতঃ সিদ্ধঃ ॥ ২১ ॥

যোনিঞ্চ কুণ্ডস্য পশ্চিমভাগে কুর্য্যাদিতি দ্বাভ্যামন্বয়ঃ। গজস্য হস্তিনোঽধরস্য ওষ্ঠস্যেবাকৃতিঃ অগ্রে সঙ্কুচিতাঽধোবিস্তৃতা অশ্বত্থদলসদৃশী যস্যাস্তাং। বিধিবদিতি সাচ প্রাঙ্মুখী। তস্যাঃ পরিতশ্চৈকাঙ্গুলা মেখলা কার্য্যা। কুণ্ডমধ্যে চ প্রবিষ্টং যোন্যাগ্রমেকাঙ্গুলং যোনিমূলে চ গজকুম্ভদ্বয়াকৃতিবৃত্তদ্বয়মর্ঘ্যপাত্রস্যৈব কার্য্যমিত্যর্থঃ। তথা চ বশিষ্ঠ-

ইহাতে মেখলাত্রয়ের পরিমাণ নয় অঙ্গুলি, সুতরাং খাতের পরিমাণ পঞ্চদশ অঙ্গুলি হইবে। সেই খাতের বহির্ভাগে অর্থাৎ পূর্ব্বোক্ত পঞ্চদশ অঙ্গুলির ঊর্দ্ধদেশে অবশ্যই একাঙ্গুলিপরিমিত কণ্ঠ অর্থাৎ রেখা কল্পনা করিবেন ॥ ২০ ॥

সেই কুণ্ডে প্রথম মেখলার উচ্চতা ও বিস্তার চারি অঙ্গুল, দ্বিতীয়-মেখলার উচ্চতা ও বিস্তার তিন অঙ্গুল এবং তৃতীয় মেখলার উচ্চতা ও বিস্তার দুই অঙ্গুল পরিমিত ॥ ২১ ॥

আর মেখলাত্রিতয়ের উপরি পশ্চিম ভাগে বিধানানুসারে যোনি কল্পনা করিবেন। ঐ যোনি বিস্তারে ছয় অঙ্গুল, দৈর্ঘ্যে দ্বাদশ অঙ্গুল এবং উচ্চে একাঙ্গুল ও মধ্যভাগে ছিদ্র বিশিষ্ট, আকারে হস্তির

একাঙ্গুলাং তথোচ্ছ্রায়ে মধ্যে ছিদ্রসমন্বিতাং।
গজাধরাকৃতিং কুর্য্যাদ্বিধিবন্মেখলান্বিতাং ॥ ২২ ॥
শতার্দ্ধহোমে কুণ্ডং স্যাদূর্দ্ধমুষ্টিকরোন্মিতং ॥ ২৩ ॥
শতহোমেঽরত্নিমাত্রং সহস্রে পাণিনা মিতং।

সংহিতায়াং। গৃহস্যৈশানভাগেতু মণ্ডপং কারয়েদ্বুধঃ। ষড়্দ্বাদশাষ্টভির্হস্তৈঃ ষোড়শৈর্ব্বা সমন্ততঃ। চতুর্দ্বারসমাযুক্তং তোরণাদ্যৈরলঙ্কৃতং। কুণ্ডং তন্মধ্যভাগে তু কারয়েচ্চতুরস্রকং। বিতস্তিদ্বয়খাতং যৎ কুণ্ডং সচতুরঙ্গুলং। বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং তদঙ্গুলত্রয়সংযুতং। বৈশ্যানাং দ্ব্যঙ্গুলাধিক্যং শূদ্রাণাং হস্তমাত্রকং। প্রথমা মেখলা তত্র দ্বাদশাঙ্গুলবিস্তৃতা। চতুর্ভিরঙ্গুলৈস্তস্যাশ্চোন্নতত্বং সমন্ততঃ। তস্যাশ্চোপরি বপ্রঃ স্যাচ্চতুরঙ্গুলমুন্নতঃ। বপ্রো মেখলা। অষ্টাভিরঙ্গুলৈঃ সমাখ্যিস্তীর্ণস্তু সমন্ততঃ। তস্যোপরি পুনঃ কার্য্যো বপ্রঃ সোঽপি তৃতীয়কঃ। চতুরঙ্গুলবিস্তীর্ণশ্চোন্নতশ্চ তথাবিধঃ। যোনিশ্চ পশ্চিমে ভাগে প্রাঙ্মুখা মধ্যসংস্থিতা। ষড়ঙ্গুলৈশ্চ বিস্তীর্ণা চায়তা দ্বাদশাঙ্গুলৈঃ। পৃষ্ঠোন্নতা গজৌষ্ঠ্যেব সচ্ছিদ্রা মধ্যমোন্নতা। কণ্ঠোঽষ্টবমাত্রঃ স্যাৎ কুণ্ডেচ করমাত্রকে। কণ্ঠো যত্নেন কর্ত্তব্যো ভুক্তিমুক্তিফলেপ্সুভিঃ। নাভিরপ্যথবা কুণ্ডমেকমেখলকং ভবেদিতি ॥ ২২ ॥

অপরমপি কিঞ্চিদ্বিশেষং লিখতি শতার্দ্ধেতি। সহস্রে হোমানাং। এবমগ্রেঽপি ॥ ২৩ ॥

তৈর্হস্তৈঃ। তাদৃশমিতি যাবদ্দৈর্ঘ্যে বিস্তারে চ তাবদধস্তাদ পি খাতং কুর্য্যাদিত্যর্থঃ।

অধর সদৃশ ও চারিদিকে মেখলা থাকিবে।

বিধানানুসারে বলার তাৎপর্য্য এই যে, যোনির মুখ পূর্ব্বদিকে করিতে হইবে। উহার চতুর্দ্দিকে একাঙ্গুলি পরিমাণে মেখলা করিবে, যোনির অগ্রভাগ একাঙ্গুল পরিমাণ কুণ্ডমধ্যে প্রবিষ্ট থাকিবে এবং যোনির মূলদেশ গজকুম্ভের আকার দুই বৃত্ত অর্থাৎ গোলাকৃতি নির্ম্মাণ করিতে হইবে ॥ ২২ ॥

যে স্থলে অর্দ্ধ শত অর্থাৎ পঞ্চাশৎ হোম করিতে হইবে, সে স্থলে ঊর্দ্ধ মুষ্টিবদ্ধহস্ত পরিমিত জানিতে হইবে ॥ ২৩ ॥

যে স্থলে শতহোম করিতে হইবে সে স্থলে অরত্নিমাত্র অর্থাৎ

লক্ষে চতুর্ভির্হস্তৈশ্চ কোটৌ তৈরষ্টভির্মিতং।
চতুরস্রং কুণ্ডখাতং কুর্ব্বীতাধশ্চ তাদৃশং ॥ ২৪ ॥
হোমস্ত্বধিকসংখ্যাকঃ কুণ্ডে বৈ ন্যূনসংখ্যয়া।
কৃতে কার্য্যো নচ ন্যূনসংখ্যাকঃ সংখ্যয়াধিকে ॥ ২৫ ॥
যথাবিধ্যেব কর্ত্তব্যং কুণ্ডং যত্নেন ধীমতা।
অন্যথা বহবো দোষা ভবেয়ুর্বহুদুঃখদাঃ ॥ ২৬ ॥
তদুক্তং তান্ত্রিকৈঃ ॥

তচ্চ মেখলোচ্ছ্রায়সহিতমেব জ্ঞেয়মিতি পূর্ব্বং লিখিতমেব ॥ ২৪ ॥

তত্রৈবাপরমপি বিশেষং লিখতি হোমস্বিতি। ন্যূনয়া হোমসংখ্যাতোঽল্পয়া সংখ্যয়া কৃতে কুণ্ডে অধিকা কুণ্ডসংখ্যাতো বহুলা সংখ্যা যস্য স কার্য্যঃ ন্যূনসংখ্যায়া হ্যধিকসংখ্যায়া-মন্তর্ভাবাৎ। নচ ন্যূনসংখ্যাকো হোমোঽধিকসংখ্যাকে কুণ্ডে কার্য্য ইত্যর্থঃ। তদুক্তং চাভি-যুক্তৈঃ। হ্যূনসংখ্যোদিতে কুণ্ডে হধিকোহোমো বিধীয়তে। অনুক্তকুণ্ডোন্যূনস্তু নাধিকে শস্যতে কচিদিতি ॥ ২৫ ॥

যথোক্তবিধিকুণ্ডনির্ম্মাণে গুণং তদুল্লঙ্ঘনে চ দোষং লিখতি যথেতি ॥ ২৬ ॥

কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত হস্ত পরিমিত, যে স্থলে সহস্রহোম, তথায় হস্তপরিমিত, যে স্থলে লক্ষহোম সে স্থলে চারিহস্ত এবং যে স্থলে কোটিহোম তথায় অষ্টহস্ত পরিমিত কুণ্ড হইবে। ঐ কুণ্ডের দীর্ঘ ও বিস্তার যত হইবে তাহার নিম্ন ভাগও ততই করিবেন ॥ ২৪ ॥

এই স্থলে অপর কোন বিশেষ বিধি লিখিতেছেন ॥

হোমের যত সংখ্যা তদপেক্ষা ন্যূন সংখ্যার পরিমাণে বিরচিত কুণ্ডে, কুণ্ডের সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যার হোম করিতে পারিবে, হোমের সংখ্যা অপেক্ষা অধিক সংখ্যার পরিমাণে নির্ম্মিত কুণ্ডে কুণ্ড-সংখ্যা অপেক্ষা ন্যূন সংখ্যার হোম করিবে না ॥ ২৫ ॥

বুদ্ধিমান্ ব্যক্তি যত্ন পূর্ব্বক যথাবিধি কুণ্ড নির্ম্মাণ করিবেন, তাহা না হইলে বহু বহু কষ্টপ্রদ অনেক দোষ উপস্থিত হয় ॥

এই কারণে তান্ত্রিক সকল বলিয়াছেন ॥

এবং লক্ষণসংযুক্তং কুণ্ডমিষ্টফলপ্রদং।
অনেকদোষদং কুণ্ডং যত্র ন্যূনাধিকং ভবেৎ।
তস্মাৎ সম্যক্ পরীক্ষ্যৈব কর্ত্তব্যং শুভমিচ্ছতা।
হস্তমাত্রং স্থণ্ডিলং বা সংক্ষিপ্তে হোমকর্ম্মণি ॥
হারীতেনাপি ॥
বিস্তারাধিক্যহীনত্বে অল্পায়ু র্জায়তে ধ্রুবং।
খাতাধিক্যে ভবেদ্রোগী হীনে তু ধনসংক্ষয়ঃ।
কুণ্ডে বক্রে চ সন্তাপো মরণং ছিন্নমেখলে।
শোকস্তু মেখলোনত্বে তদাধিক্যে পশুক্ষয়ঃ।
ভার্য্যানাশো যোনিহীনে কণ্ঠহীনে শুভক্ষয়ঃ ॥ ২৭ ॥
অঙ্গুলিপরিমাণং চোক্তং ॥

মেখলায়া ঊনত্বে ন্যূনতায়াং সত্যাং তস্যা মেখলায়া আধিক্যে ॥ ২৭ ॥

এই প্রকার লক্ষণ সংযুক্ত কুণ্ড হইলে অভীষ্ট ফল প্রদান করে, যে স্থলে কুণ্ড ন্যূনাধিক অর্থাৎ বিহিত পরিমাণে নির্ম্মিত না হয়, তথায় অনেকানেক দোষ উদ্ভাবন করে। অতএব যাঁহার মঙ্গল লাভে অভিলাষ আছে, তিনি সম্যক্ প্রকারে পরীক্ষা করিয়াই কুণ্ডনির্ম্মাণ করিবেন, অথবা হোমকর্ম্ম সংক্ষিপ্ত হইলে এক হস্ত পরিমিত স্থণ্ডিল অর্থাৎ বালুকারচিত হোমীয় অগ্নিস্থান প্রস্তুত করিবেন ॥

হারীতও বলিয়াছেন ॥

কুণ্ডবিস্তারের আধিক্য বা ন্যূন হইলে নিশ্চয়ই পরমায়ুর অল্পতা হয়, খাতের আধিক্য হইলে রোগী হয়, খাতের অল্পতা হইলে ধনহানি ঘটিয়া থাকে। কুণ্ড বক্র হইলে সন্তাপ, মেখলা ছিন্ন হইলে মরণ, মেখলার ঊন হইলে শোক, তাহার আধিক্য হইলে পশুক্ষয়,যোনি হীন হইলে ভার্য্যানাশ এবং কণ্ঠহীন হইলে মঙ্গল বিনষ্ট হইয়া থাকে ॥ ২৭ ॥

অঙ্গুলির পরিমাণও বলিয়াছেন ॥

তির্য্যগ্‌যবোদরাণ্যষ্টাবূর্দ্ধা বা ব্রীহয়স্ত্রয়ঃ।
জ্ঞেয়মঙ্গুলিমানং তু মধ্যমা মধ্যপর্ব্বণেতি।

কুণ্ডনির্ম্মাণাদাবপেক্ষ্যমঙ্গুলমানঞ্চ লিখতি। মধ্যমায়া অঙ্গুলের্মধ্যং পর্ব্ব বা। অন্যত্রাপ্যুক্তং। আহুর্মন্ত্রবিদোঽঙ্গুলং বসুযবৈস্তির্য্যক্ চ সংস্থাপিতৈ স্তালং দ্বাদশভিশ্চ তৈঃ পরিমিতং হস্তো দ্বিতালঃ পুনঃ। তৌ দ্বৌ কিষ্কুরিমৌ ধনুশ্চ ধনুষাং ক্রোশঃ সহস্রং ভবেত্তৌ গব্যূতিমুদাহরন্তি মুনয়স্তাভিস্ত্রিভির্যোজনমিতি। বসুযবৈঃ অষ্টভির্যবৈঃ। তৈরঙ্গুলৈঃ। ইমৌ দ্বৌ কিষ্কুঃ। স্রুক্‌স্রুবয়ো র্হোমার্থকপাত্রয়োঃ। প্রক্রিয়া নির্ম্মাণাদিবিধিঃ। তৎপ্রভৃতিকোঽত্র কুণ্ডাদিনির্ম্মাণপ্রকরণে যোঽন্যো বিশেষোঽপেক্ষিতঃ স্যাৎ স বশিষ্ঠসংহিতাদিগ্রন্থাদ্বিজ্ঞাতব্যোঽভিজ্ঞৈঃ। আদিশব্দেন অঙ্কুরারোপনবিধ্যাদিঃ। অত্র গ্রন্থেচ আধিক্যভীত্যা গ্রন্থবিস্তারভয়েন স ন লিখ্যতে। স্রুক্‌স্রুবলক্ষণং চ বশিষ্ঠসংহিতায়ামুক্তং। স্রুবং বাহুপ্রমাণেন হোমার্থং বিদধীত বৈ। চতুরস্রং বিধায়াদৌ সপ্তপঞ্চাঙ্গুলক্রমাৎ। তৃতীয়াংশেন গর্ত্তঃ স্যাত্তদন্তর্বৃত্তশোভিতং। খাত্বা সমং তির্য্যগূর্দ্ধং তদধঃ শোধয়েদ্বহিঃ। চতুর্থাংশং চাঙ্গুলস্য শেষাচ্চার্দ্ধং তদন্ততঃ। রম্যাঞ্চ মেখলাং খাতে শিষ্টেনার্দ্ধেন কারয়েৎ। কুর্য্যাদ্বিভাগবিস্তারমঙ্গুষ্ঠেন সমাযুতং। সার্দ্ধমঙ্গুষ্ঠকং চ স্যাত্তদগ্রে তু মুখং ভবেৎ। চতুরঙ্গুলবিস্তারং পঞ্চাঙ্গুলমথাপি বা। ত্রিদ্বয়াঙ্গুলকং তস্য মধ্যান্তস্তু সুশোভনং। সুষিরং কণ্ঠদেশে স্যাদ্বিশেদ্যাবৎ কনীয়সী। শেষং দণ্ডং তু কর্ত্তব্যং যথারুচি বিচিত্রিতং। চতুষ্কোণসমাযুক্তো হস্তমাত্রঃ স্রুবো ভবেৎ। চতুষ্কং শোভনং বৃত্তং দ্ব্যঙ্গুলং বিদধীত বৈ। যথাম্বুপঙ্কে গোঃ পাদং রুচিরং দৃশ্যতে যথা। পলাশপত্রে নিশ্ছিদ্রে রুচিরে স্রুক্‌স্রুবৌ মুনে। বিদধ্যাদ্বাশ্বত্থপত্রে সংক্ষিপ্তে হোমকর্ম্মণীতি। শারদাতিলকে চ। প্রকল্পয়েৎ স্রুচং বিদ্বান্ বক্ষ্যমাণেন বর্ত্মনা। শ্রীপর্ণী-শিংশপা-ক্ষীর-শাখিন্যেকতমং বুধঃ। গৃহীত্বা বিভজেদ্ধস্তমাত্রং ষট্‌ত্রিংশতা পুনঃ। বিংশতাংশৈ র্ভবেৎ কুণ্ডো বেদী তৈরষ্টভি র্ভবেৎ। একাংশেন মিতঃ কণ্ঠঃ সপ্তভাগমিতং মুখং। বেদীত্র্যংশেন বিস্তারঃ কণ্ঠস্য পরিকীর্ত্তিতঃ। অগ্রং কণ্ঠসমানং স্যান্মুখে মার্গং প্রকল্পয়েৎ। কনিষ্ঠাঙ্গুলিমানেন সর্পিষো নির্গমায় চ। বেদীমধ্যে বিধাতব্যা ভাগেনৈকেন কর্ণিকা। বিদধীত বহিস্তস্যা একাংশেনাভিতোঽবটঃ।

প্রস্থে আট্ যবোদর অথবা ঊর্দ্ধে তিন যব হইলে তাহাকে অঙ্গুলির পরিমাণ জানিবে কিন্তু এই অঙ্গুলির পরিমাণ মধ্যমাঙ্গুলির মধ্য পর্ব্বের অর্থাৎ গ্রন্থির পরিমাণ পরিমিত।

বিশেষোঽপেক্ষিতোঽন্যত্র স্রুক্-স্রুব-প্রক্রিয়াদিকঃ।
জ্ঞেয়ো গ্রন্থান্তরাৎ সোঽত্রাধিক্যভীত্যা ন লিখ্যতে ॥ ২৮ ॥

অথ দীক্ষামণ্ডলবিধিঃ ॥

অথোক্ষিতে পঞ্চগব্যৈর্গন্ধাম্ভোভিশ্চ মণ্ডপে ॥
যথাবিধি লিখেদ্দীক্ষামণ্ডলং বেদিকোপরি ॥ ২৯ ॥
তন্মধ্যে চাষ্টপত্রাব্জং বহির্বৃত্তত্রয়ং ততঃ।

তস্য খাতং ত্রিভির্ভাগৈ র্বৃত্তমর্দ্ধাংশতোবহিঃ। অংশেনৈকেন পরিতো দলানি পরিকল্পয়েৎ। মেখলামুখবেদ্যোঃ স্যাৎ পরিতোঽর্দ্ধাংশমানতঃ। দণ্ডমূলাগ্রয়োঃ কুণ্ডী গুণবেদাংশকৈঃ ক্রমাৎ। কুণ্ডী যমযুগাংশে স্যাদ্দণ্ডস্যানাহ ঈরিতঃ। ষড়্ভিরংশৈঃ পৃষ্ঠভাগো বেদ্যাঃ কূর্ম্মাকৃতির্ভবেৎ। হংসস্য বা হস্তিনো বা পত্রিণো বা মুখং লিখেৎ। মুখস্য পৃষ্ঠভাগে স্যাৎ সুপ্রোক্ষ্য লক্ষণং স্রুচঃ। স্রুচশ্চতুর্বিংশতিভির্ভাগৈর্ব্বা রচয়েৎ স্রুবং। দ্বাবিংশত্যা দণ্ডমানমংশৈরেতস্য কীর্ত্তিতং। চতুর্বিংশতিরানাহঃ কর্ষাজাগ্রাহি তচ্ছিরঃ। অংশদ্বয়েন নিখনেৎ পঙ্কে মৃগপদাকৃতিং। দণ্ডমূলাগ্রয়োঃ কুণ্ডী ভবেৎ কঙ্কণভূষিতেতি ॥ ২৮ ॥

অধুনা মণ্ডলবিধিং দর্শয়তি অথেতি ত্রিভিঃ। উক্ষিতে প্রোক্ষিতে পঞ্চগব্যৈঃ সুগন্ধিভির্জলৈশ্চ। যথাবিধীতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং। বেদিকায়া মণ্ডপান্তর্ব্বিরচিতায়া বেদ্যা উপরি ॥ ২৯ ॥

তস্য মণ্ডলস্য মধ্যেঽষ্টপত্রং পদ্মং লিখেদিতি পরেণ পূর্ব্বেণ বান্বয়ঃ। ততস্তস্মাদজ্জাদ্বহির্বৃত্ত-

---

এই কুণ্ডনির্ম্মাণ প্রকরণে স্রুক্ স্রুবের নির্ম্মাণাদি-বিধি তথা অন্যান্য যে সকল বিষয়ের অপেক্ষা হইবে, তৎসমুদায় গ্রন্থান্তর অর্থাৎ বশিষ্ঠসংহিতাদি গ্রন্থ হইতে জানিতে হইবে বিস্তার-ভয়ে তাহা এস্থলে লিখিত হইল না ॥ ২৮ ॥

অথ দীক্ষামণ্ডল-বিধি ॥

অনন্তর পঞ্চগব্য (দধি, দুগ্ধ, ঘৃত, গোময় ও গোমূত্র) তথা গন্ধজলদ্বারা মণ্ডপ সেচন করিয়া তাহাতে বেদিকার উপরে যথাবিধি দীক্ষামণ্ডল লিখিবে ॥ ২৯ ॥

পরে ঐ মণ্ডলের মধ্যে অষ্টদলপদ্ম, ঐ পদ্মের বহির্ভাগে তিনটী

ততো রাশীংস্ততঃ পীঠং চতুষ্পাদসমন্বিতং।
তস্মাদ্বহিশ্চতুর্দ্দিক্ষু লিখেদ্বীথীচতুষ্টয়ং।
শোভোপশোভাকোণাঢ্যং ততো দ্বারচতুষ্টয়ং ॥ ৩০ ॥
অথ দীক্ষাঙ্গপূজা ॥

ত্রয়ং ততো বৃত্তত্রয়াদ্বহিঃ রাশীন্ মেষাদীন্ দ্বাদশ। তেভ্যো বহিঃপাদচতুষ্টয়যুক্তং পীঠং আসনং। তস্মাদ্বহিশ্চতস্রো বীথাঃ। তস্মাদ্বহিশ্চত্বারি দ্বারাণি। তদুভয়তঃ সর্ব্বত্র শোভাং। তৎপার্শ্বতশ্চোপশোভাং। তৎপ্রান্তেষু চত্বারি কোণানীত্যর্থঃ। তত্রায়ং সন্নিবেশঃ। আদৌ সপ্তদশোর্দ্ধরেখা লিখেৎ। পশ্চাত্তদুপরি সমভাগেন তাবতীস্তির্য্যগ্রেখা লিখেৎ। এবং ষট্পঞ্চাশদধিকং কোষ্ঠানাং শত দ্বয়ং ভবতি তেষু চ মধ্যে ষোড়শকোষ্ঠানি মার্জয়িত্বা তত্র পদ্মং তদ্বহির্বৃত্তত্রয়ং চাঙ্কয়েৎ। তদ্বহিঃ পঙ্‌ক্তিদ্বয়স্থান্যষ্টাধিক চত্বারিংশৎ মার্জয়িত্বা তত্র দ্বাদশ-রাশীন্ কল্পয়েৎ। তত্র রাশিসন্নিবেশার্থং পদ্মদলাগ্রবর্ত্তিবৃত্তত্রয়স্য পীঠ সম্বন্ধিবাহ্যপঙ্‌ক্তেশ্চ মধ্যে পূর্ব্বপশ্চিমদক্ষিণোত্তররেখাচতুষ্টয়মঙ্কয়েৎ। তদ্বহিরেকপঙ্‌ক্তিস্থানি ষট্ত্রিংশৎ মার্জয়িত্বা পীঠং তত্রৈব কোণেষু তত্র পাদচতুষ্কঞ্চ কল্পয়েৎ। তদ্বহিরেকপঙ্‌ক্তিস্থানি চতুশ্চত্বারিংশৎ মার্জয়িত্বা চতুর্দ্দিক্ষু চতুর্বীথীঃ প্রকল্পয়েৎ। তদ্বহিশ্চ পঙ্‌ক্তিদ্বয়স্থৈ র্দ্বাদশাধিক শতকোষ্ঠৈ-শ্চতুর্দ্দিক্ষু চত্বারি দ্বারাণি তদুভয়তঃ শোভাং তদনন্তরমুপশোভাং তদনন্তরঞ্চ চতুষ্কোণানীতি তত্রাপ্যয়ং প্রকারঃ বাহ্যপঙ্‌ক্তিস্থমধ্যকোষ্ঠচতুষ্টয়ং তদভ্যন্তরপঙ্‌ক্তিস্থ মধ্যকোষ্ঠদ্বয়ং চেত্যেবং দ্বারস্যৈকস্মিন্ ভাগে কোষ্ঠ ষট্কেনৈকা শোভা ভবতি। তথা বাহ্য পঙ্‌ক্তিস্থমেকং কোষ্ঠং তদভ্যন্তর পঙ্‌ক্তিস্থকোষ্ঠত্রয়ং চেত্যেবং কোষ্ঠচতুষ্টয়েনৈকোপশোভা ভবতি। তথা বাহ্য-পঙ্‌ক্তিস্থং কোষ্ঠত্রয়ং তদভ্যন্তর পঙ্‌ক্তিস্থমেকঞ্চেত্যেবং কোষ্ঠচতুষ্কেণ কোণমিতি। এবমপর-স্মিন্নপি ভাগে শোভোপশোভাকোণানি জ্ঞেয়ানি। এবমেবান্যদিক্‌ত্রয়েঽপীতি মিলিত্বা দ্বাদশাধিককোষ্ঠশতং ভবতীতি দিক্ ॥ ৩০ ॥

গোলাকার মণ্ডল, তাহার পর দ্বাদশরাশি, তদনন্তর চারিচরণবিশিষ্ট পীঠ অর্থাৎ সিংহাসন, তাহার বাহিরে চারিদিকে চারিটী পথ, তাহার পর চারিটী দ্বার, প্রত্যেক দ্বারের উভয়পার্শ্বে শোভা, তাহার পর উপ-শোভা এবং তাহার পর চতুষ্কোণ লিখিবে ॥ ৩০ ॥

অথ দীক্ষাঙ্গপূজা ॥

প্রাতঃকৃত্যং গুরুঃ কৃত্বা যথাস্থানং ন্যসেত্ততঃ।
শঙ্খং পূজোপচারাংশ্চ পুরোলেখ্যপ্রকারতঃ ॥ ৩১ ॥
তত্রাদৌ কুম্ভস্থাপনবিধিঃ ॥
গুরূন্ গণেশং চাভ্যর্চ্চ্য পীঠপূজাং বিধায় চ।

অধুনা কলসস্থাপনবিধিং দর্শয়তি প্রাতঃকৃত্যমিত্যাদিনা ভোজ্যার্পণাবধীত্যন্তেন। প্রাতঃকৃত্যং প্রাতঃস্নানমারভ্যাত্মার্পণান্তং ভগবদর্চ্চনং যাবন্নিত্যকর্ম্ম কৃত্বা সমাপ্য। কথং পুরোঽগ্রে লেখ্যপ্রকারেণ। তৎপ্রকারশ্চাগ্রে মুখ্যপূজাপ্রসঙ্গে ব্যক্তো ভাবীত্যর্থঃ। এবমন্যত্রাপ্যগ্রে সর্ব্বত্র বোদ্ধব্যং। যথাস্থানমিতি। প্রাঙ্মুখো মণ্ডলস্যাগ্রে স্বাসনোপবিষ্টো দীক্ষাসংকল্পং বিধায় মাতৃকাদিন্যাসান্ কৃত্বা স্ববামাগ্রে শঙ্খং পূজোপচারাংশ্চার্ঘ্যাদিদ্রব্যাণি স্বস্বপাত্রে পরিপূর্য্য যথোত্তরং স্থাপয়িত্বা দক্ষিণভাগে চ পুষ্পাদীনি ন্যসেদিত্যাদিকং জ্ঞেয়ং। এতচ্চাগ্রে মুখ্যপূজাপ্রকরণে প্রপঞ্চ্য লেখ্যমেব ॥ ৩১ ॥

গুরূন্ নিজগুরু-পরমগুর্ব্বাদীন্ শ্রীনারদাদীংশ্চান্যানপি পূর্ব্বসিদ্ধান্ ভাগবতান্ মণ্ডলান্তঃপীঠস্যোত্তরে বায়ব্যকোণাদৈশানকোণপর্য্যন্তমভ্যর্চ্চ্য। চতুর্থীনমোঽন্তৈস্তত্তন্নামভির্গন্ধাদিনা সংপূজ্য প্রণামমুদ্রাং প্রদর্শ্যানুজ্ঞামাদায় গণেশঞ্চ তদ্দক্ষিণভাগে বীথ্যাং যথোক্তমভ্যর্চ্চ্য নির্ব্বিঘ্নতাং প্রার্থ্য মণ্ডলমধ্যভাগে পীঠস্য পূজাং চ লেখ্যবিধিনৈব কৃত্বা পদ্মস্য মণ্ডলান্ত-

গুরু প্রাতঃকৃত্য অর্থাৎ প্রাতঃস্নান আরম্ভ করিয়া আত্মসমর্পণ পর্য্যন্ত ভগবদর্চ্চন প্রভৃতি নিত্যকর্ম্ম সমাপন করিয়া অগ্রে যে রীতি লেখা হইবে, সেই রীতি অনুসারে যথাযোগ্য স্থানে পূজার দ্রব্য সকল স্থাপন করিবেন, অর্থাৎ গুরু পূর্ব্বমুখ হইয়া দীক্ষামণ্ডলের সম্মুখে স্বীয় আসনে উপবেশন পূর্ব্বক দীক্ষা-বিষয়ক সঙ্কল্প করিয়া মাতৃকান্যাস পুরঃসর আপনার বামদিকে অগ্রে শঙ্খ, পূজোপকরণ ও অর্ঘ্যাদি দ্রব্য সকল স্ব স্ব পাত্রে পরিপূর্ণ করিয়া উত্তরোত্তর স্থাপন করতঃ দক্ষিণভাগে পুষ্পাদি রাখিবেন ॥ ৩১ ॥

দীক্ষাবিষয়ে প্রথমতঃ কুম্ভস্থাপনবিধি।

গুরুবর্গ ও গণেশের অর্চ্চনা পূর্ব্বক পীঠপূজা বিধান করিয়া পদ্ম

পদ্মমধ্যে ন্যসেৎ শালীংস্তণ্ডুলাংশ্চ কুশাংস্তথা ॥ ৩২ ॥
বহ্নের্দশ কলা যাদিবর্ণাদ্যাশ্চ কুশোপরি।

লিখিতস্য মধ্যে কর্ণিকোপরি শালীন্ ধান্যানি একাঢ়কপরিমিতানি তথা তদষ্টমাংশপরিমিত-শুক্লতণ্ডুলান্যপি ন্যস্য তদুপরি দর্ভান্ বিন্যসেদিত্যেবং গ্রন্থান্তরানুসারেণ বিজ্ঞেয়ং। তত্রচ কুর্চ্চাক্ষতযুতান্ দর্ভানিতি জ্ঞেয়ং। কুর্চ্চোঽত্র কুশত্রয়ঘটিতব্রহ্মগ্রন্থিঃ। কুশমুষ্টিরিতি কেচিদাহুঃ ॥ ৩২ ॥

কুশানামুপরি চ বহ্নে র্দশকলাঃ প্রাদক্ষিণ্যেন ন্যস্য গন্ধপুষ্পাদিনা তা এব পূজয়িত্বা তারং প্রণবং জপন্ সন্ তদ্দর্ভোপর্য্যেব কলসং স্থাপয়েৎ। কথং ভূতাঃ। যকারাদি-র্যেষাং তে বর্ণা আদ্যা আদিস্থিতা যাসাং তাঃ যকারাদিক্ষকারান্তদশাক্ষররূপিণ্যঃ ইত্যর্থঃ।

মধ্যে ধান্য, আতপতণ্ডুল ও কুশ স্থাপন করিবেন।

তাৎপর্য্য, যিনি গুরু তিনি আপনার গুরু ও পরমগুরু প্রভৃতি তথা নারদাদি অন্যান্য পূর্ব্বসিদ্ধ ভগবদ্ভক্তদিগকে মণ্ডলের অন্তর্বর্ত্তি-পীঠের উত্তরে বায়ব্যকোণ হইতে ঐশান্যকোণ পর্য্যন্ত পূজা করিয়া অর্থাৎ চতুর্থী বিভক্তি ও নমঃ শব্দ অন্তে বিধান পূর্ব্বক সেই সেই নাম উল্লেখ অর্থাৎ "গুরবে নমঃ" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করত গন্ধাদি দ্বারা পূজা করিয়া প্রণামমুদ্রা প্রদর্শন করাইবেন, পরে গুর্ব্বাদির অনুজ্ঞা গ্রহণ পুরঃসর তাঁহার অগ্রবর্ত্তি-পথে যথোক্ত বিধানানুসারে গণেশের পূজা করিয়া নির্ব্বিঘ্নতা প্রার্থনা করত মণ্ডলের মধ্যভাগে অগ্রে লেখ্য বিধি দ্বারা পীঠের পূজা করিবেন।

তদনন্তর মণ্ডলান্তর্গত লিখিত-পদ্মের মধ্যে কর্ণিকার উপরে এক আঢ়ক পরিমিত ধান্য, ধান্যের অষ্টমাংশ পরিমিত শুক্লতণ্ডুল স্থাপন করিয়া তাহার পর কুশত্রয় ঘটিত ব্রহ্মগ্রন্থি সম্বলিত কুশসকল আস্তৃত করিবেন অথবা একমুষ্টি কুশ তাহার উপর বিস্তার করিয়া দিবেন ॥৩২॥

তৎপরে কুশের উপরে অগ্নির দশ কলা অর্থাৎ যাঁহাদের আদিতে যকারাদি ক্ষকার পর্য্যন্ত বর্ণ সকল আছে, তাঁহাদিগকে স্থাপন পূর্ব্বক

ন্যস্যাভ্যর্চ্য জপংস্তারং ন্যসেৎ কুম্ভং যথোদিতং ॥ ৩৩ ॥

তাশ্চোক্তাঃ ॥

ধূম্রার্চ্চিরুষ্মা জ্বলনী জ্বালিনী বিস্ফুলিঙ্গিনী।
সুশ্রীঃ সুরূপা কপিলা হব্যকব্যবহে অপীতি ॥ ৩৪ ॥
কাদ্যৈষ্ঠান্তে যুতা ভাদ্যৈর্ডান্তৈশ্চার্ণৈ র্বিলোমগৈঃ।

যথোদিতং শাস্ত্রবিদ্ভিরুক্তমনতিক্রম্য অনেন নবং লোহিতমব্রণং ত্রিগুণীকৃত্য কন্যাকর্ত্তিত-শোভনকার্পাসসূত্রৈরস্ত্রমন্ত্রেণ ত্রির্বেষ্টিতমগুরুধূপামোদিতমিত্যাদিকং বোদ্ধব্যং। যথোদিত-মিত্যেতদগ্রে হপ্যনুবর্ত্তনীয়ং ॥ ৩৩ ॥

হব্যবহা কব্যবহা চেতি দ্বে। প্রয়োগশ্চায়ং। ধূর্ম্মার্চ্চিষে নম ইত্যাদি। কেচিচ্চ দশদলকমলং সঞ্চিন্ত্য তৎকর্ণিকায়াং মং বহ্নিমণ্ডলায় নম ইতি ন্যস্য তদ্দশদলেষু দশ-বহ্নিকলা ন্যসেদিত্যাহুঃ। এবমেব হৃদি দ্বাদশদলং ভ্রূমধ্যে চ ষোড়শদলং কমলং সংচিন্ত্য অং অর্কমণ্ডলায় নমঃ উং সোমমণ্ডলায় নম ইতি ক্রমেণ তত্তৎকর্ণিকয়োর্ন্যস্য তত্তদ্দলেষ্বেব সূর্য্য-সোম-কলা ন্যসেদিত্যাহুঃ। অন্যে চ আসামষ্টত্রিংশতাং বহ্ন্যাদিকলানামন্যাসাঞ্চ পঞ্চাশতাং প্রণবকলানাং শুদ্ধজলপূর্ণে শঙ্খ এব ন্যাসমাহুঃ ॥ ৩৪ ॥

অধুনা তস্মিন্ কুম্ভে সূর্য্যকলানাং ন্যাসাদিকং লিখতি কাদ্যৈরিতি। ককারাদ্যৈষ্ঠকারান্তৈ-

গন্ধ পুষ্পাদি দ্বারা পূজা করিয়া প্রণব জপ করিতে করিতে ঐ কুশ সকলের উপরে যথোক্ত প্রকারে কুম্ভ স্থাপন করিবেন অর্থাৎ শাস্ত্রবেত্তাদিগের মত উল্লঙ্ঘন না করিয়া তাঁহাদিগেরই মতানুসারে নূতন ও রক্তবর্ণ অচ্ছিদ্র কুম্ভকে কন্যানির্ম্মিত শোভন ত্রিগুণীকৃত কার্পাসসূত্র দ্বারা "ফট্" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক তিনবার বেষ্টন করত অগুরু ও ধূপের সৌরভ (ধূম) যুক্ত করিয়া স্থাপন করিবেন ॥ ৩৩ ॥

পণ্ডিতগণ কর্ত্তৃক অগ্নির দশকলা উক্ত হইয়াছে যথা—

ধূর্ম্মার্চ্চি, উষ্মা, জ্বলনী, জ্বালিনী, বিস্ফুলিঙ্গিনী, সুশ্রী, সুরূপা, কপিলা, হব্যবহা ও কব্যবহা ॥ ৩৪ ॥

অনুলোম ক্রমে ককারাদি ঠকারান্ত তথা বিপরীত ক্রমে ভকারাদি

সূর্য্যস্য চ কলাঃ কুম্ভে দ্বাদশ ন্যস্য পূজয়েৎ ॥
তাশ্চোক্তাঃ ॥
তপনী তাপনী ধূম্রা ভ্রামরী জ্বালিনী রুচিঃ।
সুষুম্না ভোগদা বিশ্বা বোধিনী ধারিণী ক্ষমেতি ॥ ৩৫ ॥
কুম্ভান্তর্নিক্ষিপেন্মূলমন্ত্রেণ কুসুমং সিতং।
সাক্ষতং সসিতং স্বর্ণং সরত্নং চ কুশাংস্তথা ॥ ৩৬ ॥

রর্ণৈর্বর্ণৈর্যুতাঃ দ্বাদশাপি কলাঃ। চকারঃ সমুচ্চয়ে। ভকারাদ্যৈর্ডকারান্তৈ র্ব্বর্ণৈরপি যুতাঃ নন্থ ভকারাদীনাং দ্বাদশ বর্ণানাং ডকারান্ততা কথং স্যাৎ ক্রমেণ ক্ষকারান্ততাপ্রাপ্তেস্তত্রাহ বিলোমগৈ র্ব্যুৎক্রমপ্রাপ্তৈঃ। অয়মর্থঃ। অনুলোমপঠিতককারাদ্যৈকৈকমক্ষরং প্রতিলোমপঠিতভকারাদ্যৈকৈকাক্ষরেণ সহিতমাদৌ সূর্য্যকলাসু সংযোজ্য ন্যাসাদিকং কুর্য্যাদিতি। প্রয়োগশ্চ কং ভং তপন্যৈ নম ইত্যাদি ॥ ৩৫ ॥

ততশ্চোক্তপ্রকারেণাধাররূপমগ্নিং কুম্ভরূপং। সূর্য্যঞ্চ বিচিন্ত্য কুম্ভস্য তস্য অন্তর্মধ্যে শুক্লকুসুমাদিকং ক্ষিপেৎ। সসিতং সশর্করং। তদুক্তং। প্রোত্তোলয়িত্বা তন্মধ্যে শুক্লপুষ্পং সিতাযুতং। স্বর্ণং রত্নঞ্চ কূর্চ্চঞ্চ মূলেনৈব বিনিক্ষিপেদিতি। যচ্চ মূলগ্রন্থার্থাদধিকং কিঞ্চিল্লিখ্যতে তৎ পূর্ব্বগতস্য যথোদিতমিত্যস্যানুবর্ত্তনাদিতি জ্ঞেয়ং ॥ ৩৬ ॥

ডকারান্ত বর্ণ সকলের সহিত সংযুক্ত করিয়া সূর্য্যের দ্বাদশ কলা কুম্ভে স্থাপন করিয়া পূজা করিবেন।

সূর্য্যের দ্বাদশকলা উক্ত হইয়াছে যথা—

তপনী, তাপনী, ধূম্রা, ভ্রামরী, জ্বালিনী, রুচি, সুষুম্না, ভোগদা, বিশ্বা, বোধনী, ধারিণী ও ক্ষমা।

উক্ত কলা সকলের প্রয়োগ যথা ॥

"কং ভং তপন্যৈ নমঃ। খং বং তাপিন্যৈ নমঃ। গং ফং ধূম্রায়ৈ নমঃ"। ইত্যাদি ক্রমে মন্ত্র জানিতে হইবে ॥ ৩৫ ॥

উল্লিখিত মন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুম্ভের মধ্যে শ্বেতবর্ণ পুষ্প, আতপতণ্ডুল, শর্করা, রত্নের সহিত সুবর্ণ এবং কুশ নিক্ষেপ করিবেন ॥ ৩৬ ॥

কুম্ভঞ্চ বিধিনা তীর্থাম্বুনা শুদ্ধেন পূরয়েৎ।
জলে চেন্দুকলা ন্যস্য সস্বরাঃ ষোড়শার্চ্চয়েৎ ॥ ৩৭ ॥
তাশ্চোক্তাঃ।
অমৃতা মানদা পূষা তুষ্টিঃ পুষ্টীরতি র্ধৃতিঃ।
শশিনী চন্দ্রিকা কান্তি র্জ্যোৎস্না শ্রীঃ প্রীতিরঙ্গদা।
পূর্ণা পূর্ণামৃতা চেতি ॥ ৩৮ ॥

বিধিনেতি পীঠকুম্ভয়োরৈক্যং বিচিন্ত্য বিলোমপঠিতৈঃ ক্ষকারাদ্যৈরকারান্তৈর্মাতৃকাক্ষরৈর্বারত্রয়ং মূলমন্ত্রজপেন কুম্ভং তং কেবলবিমলতীর্থোদকেন পূরয়েৎ। অত্রচ শক্তৌ কর্পূরাদিজলৈঃ গব্যদুগ্ধৈঃ পঞ্চগব্যৈঃ সর্ব্বৌষধিজলৈঃ ক্ষীরক্রমাদি-কাথজলৈরন্যৈর্ব্বা মহৌষধিতোয়ৈঃ পূরয়েদিতি। স্বরাঃ অকারাদ্যাশ্চতুর্দ্দশ। সাঽহচর্য্যাদ্বিসর্গানুস্বারৌ চেতি ষোড়শ। তৎসহিতা ইন্দোঃ কলাঃ ষোড়শ কুম্ভোদকে বিধিনা ক্রমেণ ন্যস্য পুষ্পাদিনা পূজয়েৎ ॥ ৩৭ ॥

জ্যোৎস্না চৈকা শ্রীশ্চৈকা পূর্ণামৃতা চৈকা ইতি দ্বে। প্রয়োগশ্চ অং অমৃতায়ৈ নম ইত্যাদি ॥ ৩৮ ॥

অনন্তর বিধি অনুসারে * পবিত্র তীর্থজল দ্বারা কুম্ভ পূর্ণ করিবেন, পরে ঐ কুম্ভস্থ জলে ষোড়শ স্বরবর্ণ সংযুক্ত চন্দ্রের ষোড়শ কলা স্থাপন করিয়া পূজা করিবেন ॥ ৩৭ ॥

চন্দ্রের ষোড়শকলা উক্ত হইয়াছে যথা ॥

অমৃতা, মানদা, পূষা, তুষ্টি, পুষ্টি, রতি, ধৃতি, শশিনী, চন্দ্রিকা, কান্তি, জোৎস্না, শ্রী, প্রীতি, অঙ্গদা, পূর্ণা ও পূর্ণামৃতা। "অং অমৃতায়ৈ নমঃ" পূজাকালীন এইরূপ মন্ত্র কল্পনা করিবেন ॥ ৩৮ ॥

* বিধি যথা। পীঠ ও কুম্ভের ঐক্য ভাবনা করিয়া বিপরীতক্রমে পঠিত ক্ষকারাদি অকারান্ত মাতৃকাবর্ণ স্বরূপ মূলমন্ত্র তিনবার জপ করিয়া কেবল বিশুদ্ধ তীর্থ জলে কুম্ভ পূর্ণ করিবেন। আর যদি সমর্থ হয়েন তাহা হইলে কর্পূরাদি সংযুক্ত জল, গব্যদুগ্ধ, পঞ্চগব্য, সর্ব্বৌষধি জল, বটবৃক্ষ প্রভৃতির কাথ, অথবা অন্য জল কিম্বা মহৌষধি মিশ্রিত জল দ্বারা কুম্ভ পূর্ণ করিবেন।

অথ শঙ্খস্থাপনবিধিঃ ॥

শুদ্ধাম্বুপূরিতে শঙ্খে ক্ষিপ্ত্বা গন্ধাষ্টকং কলাঃ।
আবাহ্য সর্ব্বাস্তাঃ প্রাণপ্রতিষ্ঠামাচরেৎ ক্রমাৎ ॥ ৩৯ ॥

গন্ধাষ্টকঞ্চোক্তং ॥

উশীরং কুঙ্কুমং কুষ্ঠং বালকং চাগুরুমু'রা।
জটামাংসী চন্দনঞ্চেতীষ্টং গন্ধাষ্টকং হরেরিতি ॥ ৪০ ॥

কৈশ্চিচ্চন্দন-কর্পূ'রাগুরু-কুঙ্কুম-রোচনাঃ।

অথ শঙ্খপূরণবিধিং দর্শয়তি শুদ্ধেতি। পূর্ব্বশ্লোকস্থং বিধিনেত্যনুবর্ত্তত এব। অতোহি মূলমন্ত্রেণ শুদ্ধাম্বুনা পরিপূরিতে। শঙ্খে চ পূর্ব্ববৎ কর্পূ'রজলাদিনা পূরিত ইতি জ্ঞেয়ং। তাঃ পূর্ব্বোক্তাঃ। বহ্ন্যর্কেন্দু কলাঃ সর্ব্বাঃ শঙ্খ এব ক্রমাৎ পৃথক্ পৃথগাবাহ্য তাসাং প্রাণপ্রতিষ্ঠাং ক্রমেণৈব কুর্য্যাৎ। তত্তৎ প্রাণপ্রতিষ্ঠাপ্রকারশ্চ শ্রীপুরুষোত্তমবনবিরচিতক্রমদীপিকা টীকাদি-গ্রন্থান্তরতো বিজ্ঞেয়ঃ ॥ ৩৯ ॥

ইত্যেতৎ গন্ধাষ্টকং। হরেঃ শ্রীকৃষ্ণস্য। ইষ্টং প্রিয়ং ॥ ৪০ ॥

অথ শঙ্খস্থাপন বিধি—

পবিত্র জল দ্বারা শঙ্খ পূর্ণ করিয়া তাহার মধ্যে অষ্টগন্ধ নিক্ষেপ করিবেন, পরে ঐ শঙ্খের জলে পূর্ব্বোক্ত চন্দ্রের ষোড়শ কলা আহ্বান করিয়া একে একে সকলের প্রাণপ্রতিষ্ঠা করিবেন ॥ ৩৯ ॥

অষ্টগন্ধ উক্ত হইয়াছে যথা ॥

উশীর, কুঙ্কুম, কুষ্ঠ, বালক, অগুরু, মুরা, জটামাংসী ও চন্দন, এই অষ্টগন্ধ হরির প্রিয় ॥

উল্লিখিত দ্রব্য সকলের নামান্তর যথা—

বেণামূল, কুঙ্কুম অর্থাৎ জাফ্‌রান্, কুড়, বালা, অগুরু, তালপর্ণী, জটামাংসী ও শুভ্রচন্দন, এই কএকটীকে অষ্টগন্ধ বলে, ইহার দ্বারা হরি অতিশয় প্রীত হইয়া থাকেন ॥ ৪০ ॥

কোন কোন পণ্ডিত, চন্দন, কর্পূ'র, অগুরু, কুঙ্কুম, রোচনা (রক্ত

কক্কোলকপিমাংস্যশ্চ গন্ধাষ্টকমিদং মতং ॥ ৪১ ॥
তথৈবাকারজা বর্ণৈঃ কাদিভি র্দশভির্দ্দশ।
উকারজাষ্টকারাদ্যৈঃ পকারাদ্যৈর্মকারজাঃ।
চতস্রো বিন্দুজাঃ যাদ্যৈশ্চতুর্ভির্নাদজাঃ কলাঃ।
স্বরৈঃ ষোড়ভির্যুক্তা ন্যসেচ্ছঙ্খে চ ষোড়শ ॥
তাশ্চোক্তাঃ ॥
সৃষ্টি র্ঋদ্ধিঃ স্মৃতির্মেধা কান্তির্লক্ষ্মীর্ধৃতিঃ স্থিরা।
স্থিতিঃ সিদ্ধিরকারোত্থাঃ কলা দশ সমীরিতাঃ।
জরা চ পালিনী শান্তিরৈশ্বরী রতিকামিকে।

কপিঃ শিহ্লকঃ ॥ ৪১ ॥

অথ পঞ্চাশৎপ্রণবকলানাং ন্যাসং লিখতি তথৈবেতি অকারজা দশ কলাঃ ককারাদিভির্দ্দশভির্বর্ণৈর্যুক্তা স্তস্মিন্নেব শঙ্খে ন্যসেদিতি দ্বাভ্যামন্বয়ঃ। দশভিরিতি চানুবর্ত্তত এব অত উকারজা দশ টকারাদ্যৈ র্দশভির্বর্ণৈর্যুক্তাঃ। দশেতি মকারজাশ্চ দশ পকারাদ্যৈর্দশভির্যুক্তা ইতি জ্ঞেয়ং। যকারাদ্যৈশ্চতুর্ভির্ব্বর্ণৈ র্যুক্তাশ্চতস্রো বিন্দুজাঃ কলা ন্যসেৎ। নাদজাঃ ষোড়শ চ কলাঃ ষোড়শভিঃ স্বরৈঃ অকারাদিভির্যুক্তা ন্যসেৎ ॥ ৪২ ॥

কম্বল) ককোল, শিহ্লক (শিলারস) ও জটামাংসী এই আটটীকে গন্ধাষ্টক বলিয়া সম্মতি প্রকাশ করিয়াছেন ॥ ৪১ ॥

উল্লিখিত প্রকারেই অকারজাত দশকলা ককারাদি দশবর্ণের সহিত, উকারজাত দশকলা টকারাদি দশ বর্ণের সহিত, মকারজ দশকলা পকারাদি দশ বর্ণের সহিত বিন্দুজাত চারিটী কলা যকারাদি চারি বর্ণের সহিত এবং নাদজাত ষোড়শকলা ষোড়শ স্বরবর্ণের সহিত শঙ্খমধ্যে স্থাপন করিবেন ॥

কলা সকল উক্ত হইয়াছে যথা—

সৃষ্টি, ঋদ্ধি, স্মৃতি, মেধা, কান্তি, লক্ষ্মী, ধৃতি, স্থিরা, স্থিতি ও সিদ্ধি এই দশ কলা অকারজাত বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

জয়া, পালিনী, শান্তি, ঐশ্বরী, রতি, কামিকা, বরদা, হ্লাদিনী, প্রীতি,

বরদাহ্লাদিনী প্রীতির্দীর্ঘা চোকারজাঃ কলাঃ।
তীক্ষ্ণা রৌদ্রা ভয়া নিদ্রা তন্দ্রী ক্ষুৎ ক্রোধনী ক্রিয়া।
উৎকারী চৈব মৃত্যুশ্চ মকারাক্ষরজাঃ কলাঃ।
বিন্দোরপি চতস্রঃ স্যুঃ পীতা শ্বেতারুণাসিতা ॥ ৪২ ॥
নিবৃত্তিশ্চ প্রতিষ্ঠা চ বিদ্যা শান্তিস্তথৈব চ।
ইন্ধিকা দীপিকা চৈব রেচিকা মোচিকা পরা।
সূক্ষ্মা সূক্ষ্মামৃতা জ্ঞানাজ্ঞানা চাপ্যায়নী তথা।
ব্যাপিনী ব্যোমরূপা চ অনন্তা নাদসম্ভবা ইতি ॥ ৪৩ ॥
ন্যাসং কলানাং সর্ব্বাসাং কুর্য্যাদেকৈকশঃ ক্রমাৎ।

নিবৃত্ত্যাদয়ো নাদজাঃ ষোড়শ। ক্বচিচ্চ। সূক্ষ্মাসূক্ষ্মেতি পাঠঃ। ততশ্চ সূক্ষ্মা একা সূক্ষ্মামৃতা চৈকা পূর্ণা পূর্ণামৃতা চেতিবৎ। কেষাঞ্চিন্মতে চ অনন্তা ইতি বহুবচনান্তং নাদসম্ভবা ইত্যাদ্য বিশেষণং। তথাচ শারদাতিলকে। অনন্তাঃ স্বরসংযুতা ইতি। ততশ্চ সূক্ষ্মা একা অসূক্ষ্মা চৈকা মৃতা চৈকেতি তিস্রঃ ॥ ৪৩ ॥

ন্যাসপ্রকারং লিখতি ন্যাসমিতি। তৈস্তৈঃ প্রাগুদ্দিষ্টৈর্বর্ণৈঃ সহ। প্রয়োগশ্চ কং সৃষ্ট্যৈ নম ইত্যাদি। কেচিচ্চ প্রণবাদ্যমেব সর্ব্বং তত্তন্ন্যাসমাহুঃ। তথান্যে চ অকারকলানাং পাদদ্বয়সন্ধ্যগ্রেষু উকারকলানাঞ্চ করদ্বয়সন্ধ্যগ্রেষু মকারকলানাঞ্চ গুদাদ্যঙ্গেষু দশসু বিন্দু

এবং দীর্ঘা এই দশ কলা উকারজাত। তীক্ষ্ণা, রৌদ্রা, ভয়া, নিদ্রা, তন্দ্রী, ক্ষুৎ, ক্রোধনী, ক্রিয়া, উৎকারী ও মৃত্যু এই দশকলা মকারজাত। বিন্দু অর্থাৎ অনুস্বার হইতেও চারিটী কলা হইয়াছে, যথা পীতা, শ্বেতা, অরুণা ও অসিতা ॥ ৪২ ॥

নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিদ্যা, শান্তি, ইন্ধিকা, দীপিকা, রেচিকা, মোচিকা, সূক্ষ্মা, অসূক্ষ্মা, মৃতা, জ্ঞানা, অজ্ঞানা, আপ্যায়নী, ব্যাপিনী ও ব্যোমরূপা এই ষোলটী স্বরযুক্ত ও নাদ অর্থাৎ চন্দ্রবিন্দু হইতে উৎপন্ন হইয়াছে ॥ ৪৩ ॥

নমঃ শব্দ অন্তে দিয়া পূর্ব্বে যে সকল বর্ণ উদ্দেশ করা হইয়াছে, সেই সকল বর্ণের সহিত চতুর্থী বিভক্তি সম্পন্ন নাম সকল উচ্চারণ করিয়া

নামোচ্চার্য্য চতুর্থ্যন্তং তত্তদ্বর্ণৈ র্নমোঽন্তকং ॥ ৪৪ ॥
পূর্ব্বং প্রাণপ্রতিষ্ঠায়াস্তাসামাবাহনাৎ পরং।
ঋচঃ পঞ্চ যথাস্থানং পঠেত্তাশ্চার্চ্চয়েৎ কলাঃ।
হংসঃ শুচিষদিত্যাদৌ প্রতদ্বিষ্ণুস্ততঃ পরং।
ত্রিয়ম্বকং তৎসবিতুর্বিষ্ণুর্যোনিমিতি ক্রমাৎ ॥ ৪৫ ॥
তচ্চ শঙ্খোদকং কুম্ভে মূলমন্ত্রেণ নিক্ষিপেৎ।
পিদধ্যাত্তন্মুখং শক্রবল্লী-চূতাদি-পল্লবৈঃ ॥ ৪৬ ॥

কলানাঞ্চ কণ্ঠচিবুকভ্রূদ্বয়েষু নাদকলানাঞ্চ তত্তন্ন্যাসস্থানেষু প্রকারভেদেন ন্যাসমাহুঃ। তত্তৎ-প্রতিষ্ঠাদিবিধিশ্চ শ্রীপুরুষোত্তমবন-বিরচিতক্রমদীপিকাটীকাদিগ্রন্থতো বিশেষেণাবগন্তব্যঃ ॥৪৪

কিঞ্চ পূর্ব্বমিতি তাসামকারজাদিকলানাং। যথাস্থানমিতি শঙ্খজলেঽকারপ্রভবাণাং কলানামাবাহনানন্তরং প্রাণপ্রতিষ্ঠায়াশ্চ প্রাক্ হংসঃ শুচিষদিত্যৃচং। উকারপ্রভবাণাঞ্চ প্রতদ্বিষ্ণুরিতি। মকারপ্রভবাণাঞ্চ ত্রিয়ম্বকমিতি। বিন্দুপ্রভবাণাঞ্চ তৎসবিতুরিতি। নাদ-প্রভবাণাঞ্চ বিষ্ণুর্যোনিমিতি ক্রমাৎ পঠেদিতি জ্ঞেয়ং। কচিচ্চ ত্র্যম্বকমিতি পাঠঃ ॥ ৪৫ ॥

তৎকলান্যাসসংস্কৃতঞ্চ শঙ্খস্থমুদকং কুম্ভে প্রাক্ স্থাপিতে তস্মিন্ অর্পয়েৎ। তস্য কুম্ভস্য মুখং শক্রবল্যা ইন্দ্রবল্যা আম্রাদি পল্লবৈশ্চাচ্ছাদয়েৎ। আদিশব্দাদশ্বত্থাদি ॥ ৪৬ ॥

অর্থাৎ 'কং সৃষ্ট্যৈ নমঃ, খং ঋদ্ধ্যৈ নমঃ' ইত্যাদি ক্রমে একে একে সমস্ত কলা স্থাপন করিবেন ॥ ৪৪ ॥

ঐ সকলের আবাহনের পরে এবং প্রাণপ্রতিষ্ঠার পূর্ব্বে যথাস্থানে পাঁচটী ঋক্ অর্থাৎ মন্ত্র উচ্চারণ এবং কলা সকলের পূজা করিবেন ॥

প্রথমে "হংসঃ শুচিষৎ" তাহার পর "প্রতদ্বিষ্ণুঃ" ক্রমে "ত্রিয়ম্বকং" "তৎসবিতুঃ" ও "বিষ্ণুর্যোনিং" এই পাঁচটী ঋক্ ॥ ৪৫ ॥

মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক শঙ্খের সেই জল কুম্ভমধ্যে নিক্ষেপ করিবেন। ঐ কুম্ভের মুখ শক্রবল্লী অর্থাৎ রাখাল শসা নামক লতাবিশেষ ও আম্রাদির পল্লব দ্বারা আচ্ছাদন করিবেন ॥ ৪৬ ॥

শরাবেণাথ পুষ্পাদি যুক্তেনাচ্ছাদ্য তৎ পুনঃ।
সংবেষ্ট্য বস্ত্রযুগ্মেন ততঃ কুম্ভঞ্চ মণ্ডয়েৎ ॥ ৪৭ ॥
অথ কুম্ভে ভগবৎপূজাবিধিঃ ॥
তস্মিন্নাবাহ্য কলসে পরং তেজো যথাবিধি।
সকলীকৃত্য চাচার্য্যঃ পূজয়েদাসনাদিভিঃ।
সকলীকরণং চোক্তং ॥
দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ ॥ ৪৮ ॥

তৎ কুম্ভমুখং পুষ্পাদিসহিতেন শরাবেণ পুনরুপরি আচ্ছাদ্য। আদিশব্দেন ফলতণ্ডুলাদি। পুনশ্চ তন্মুখমেব বস্ত্রদ্বয়েন বেষ্টয়িত্বা মণ্ডয়েৎ পুষ্পচন্দনাদিনা ॥ ৪৭ ॥

পরং তেজঃ নরাকৃতি পরং ব্রহ্ম শ্রীকৃষ্ণং। যথা বিধীয়তে মূলমন্ত্রেণ শ্রীমূর্ত্তিং সঞ্চিন্ত্য করাভ্যাং পুষ্পাঞ্জলিমাদায় প্রবহনাসাপুটেন হৃদয়াদ্দেবতেজঃ পুষ্পাঞ্জলাবানীয় কলসাদিকল্পিত-মূর্ত্তাবাবাহনং তন্মন্ত্রেণ কুর্য্যাদিত্যর্থঃ। আসনাদিভিরুপচারৈঃ। তে চাগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে বিস্তার্য্য লেখ্যাঃ ॥ ৪৮ ॥

অনন্তর পুষ্পাদি সংযুক্ত শরাব দ্বারা পুনরায় আচ্ছাদন করিয়া দুই খানি বস্ত্র দ্বারা বেষ্টন করত পরে পুষ্প চন্দনাদি দ্বারা কুম্ভকে অলঙ্কৃত করিবেন ॥ ৪৭ ॥

অথ কুম্ভমধ্যে শ্রীভগবানের পূজাবিধি ॥

আচার্য্য অর্থাৎ গুরু সেই কলসে বিধি অনুসারে * নরাকৃতি পর-ব্রহ্ম শ্রীকৃষ্ণকে আবাহন করিয়া সকলীকরণ পূর্ব্বক আসনাদি দ্বারা পূজা করিবেন।

সকলীকরণ উক্ত হইয়াছে যথা ॥

দেবতার অঙ্গে যে ষড়ঙ্গ ন্যাস তাহাকে সকলীকরণ বলে ॥ ৪৮ ॥

* বিধি যথা। মূলমন্ত্র দ্বারা শ্রীমূর্ত্তিকে চিন্তা করিয়া হস্তদ্বয়ে পুষ্পাঞ্জলি গ্রহণ পূর্ব্বক প্রবহমান নাসাপুট দ্বারা হৃদয় হইতে ব্রহ্মতেজঃ ঐ পুষ্পাঞ্জলিতে আনয়ন করিয়া কলসাদিতে যে মূর্ত্তিকে কল্পনা করা হইয়াছে সেই মূর্ত্তিতে তদীয় মন্ত্রদ্বারা আবাহন করিবেন ॥

কেচিচ্চাহুঃ করন্যাসপীঠন্যাসৌ বিনাখিলৈঃ।
ন্যাসৈস্তত্তেজসঃ সাঙ্গীকরণং সকলীকৃতিঃ॥ ৪৯॥
এবঞ্চ কুম্ভে তং সাঙ্গোপাঙ্গং সাবরণং প্রভুং।
অগ্রতোলেখ্যবিধিনার্চ্চয়েদ্ভোজ্যার্পণাবধি॥ ৫০॥
নৈবেদ্যার্পণতঃ পশ্চান্মণ্ডলস্য চ সর্ব্বতঃ।
সদীপান্ পৈষ্টিকান্ ন্যস্যেৎ সবীজাঙ্কুরভাজনান্॥ ৫১॥
অথ দীক্ষাহোমবিধিঃ॥
ততো দীক্ষাঙ্গহোমার্থং কুণ্ডং প্রাগ্বিহিতং গুরুঃ।

কিমাহুস্তদেব লিখতি করেত্যাদি। তস্য ব্রহ্মস্বরূপস্য তেজসঃ সাঙ্গীকরণং ধ্যানেন সাকারতাপাদনং॥ ৪৯॥

তং নরাকৃতিপরব্রহ্মরূপং প্রভুং শ্রীকৃষ্ণং। এবমাবাহনাদিনা নৈবেদ্যসমর্পণান্তমর্চ্চয়েৎ। কথং অগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে মুখ্যস্থানে লেখ্যেন প্রকারেণ অতস্তত্রৈব তৎসর্ব্বপ্রকারো বিস্তার্য্য লেখ্যস্তদ্দৃষ্ট্যাঽত্রাপি তথৈব পূজা কর্ত্তব্যা অধুনা তল্লিখনেনালমিত্যর্থঃ॥ ৫০॥

বীজাঙ্কুরপাত্রসহিতান্ সত উত্তমান্ গব্যঘৃতাদিসাধিতান্ সম্যগুজ্জ্বলিতান্ দীপান্ মণ্ডলস্য পরিতঃ স্থাপয়েৎ। পৈষ্টিকান্ পিষ্টেন যবচূর্ণাদিনা নির্ম্মিতান্ পাত্রানিত্যর্থঃ॥ ৫১॥

অপর কেহ কেহ বলিয়াছেন, করন্যাস ও পীঠন্যাস ব্যতিরেকে অন্য সমস্ত ন্যাস দ্বারা সেই ব্রহ্মস্বরূপ তেজের ধ্যানযোগে সাকারতা সম্পাদনের নাম সকলীকরণ॥ ৪৯॥

এই প্রকারে কুম্ভে অঙ্গ, উপাঙ্গ ও আবরণের সহিত প্রভু শ্রীকৃষ্ণকে অগ্রে যে বিধি লেখা হইবে, তদনুসারে নৈবেদ্যসমর্পণ পর্য্যন্ত পূজা করিবেন॥ ৫০॥

নৈবেদ্য অর্পণ করিয়া পরে মণ্ডলের চতুর্দ্দিকে বীজাঙ্কুর পাত্রসহিত গব্য ঘৃতাদি সাধিত প্রজ্বলিত দীপ (বর্ত্তিকা) সম্পন্ন পৈষ্টিক অর্থাৎ যবচূর্ণ-নির্ম্মিতপাত্র সকল স্থাপন করিবেন॥ ৫১॥

অথ দীক্ষাহোমবিধি॥

তাহার পর দীক্ষাঙ্গ হোমের নিমিত্ত পূর্ব্বে যে কুণ্ড বিধান করা

সংমার্জ্য দর্ভমার্জ্জন্যা যথাবিধ্যুপলেপয়েৎ।
বিকীর্য্য সর্ষপাংস্তত্র গব্যৈঃ সংপ্রোক্ষ্য পঞ্চভিঃ।
মধ্যে সংপূজয়েদ্বাস্তু পুরুষং দিক্ষু তৎপতীন্ ॥ ৫২ ॥
শোষণাদীনি কুণ্ডস্য কৃত্বা প্রোক্ষ্য কুশাম্বুভিঃ।
উল্লিখ্য চাস্মিন্ যোন্যাদিসহিতং মণ্ডলং লিখেৎ ॥ ৫৩ ॥
শ্রীবীজং মধ্যযোনৌ চ বিলিখ্যাভ্যুক্ষ্য পূজয়েৎ।

দীক্ষাহোমবিধিং লিখতি তত ইত্যাদিনা যথোদিতমিত্যন্তেন। যথাবিধীতি। বায়ুবীজজপ্তদর্ভমার্জ্জন্যাদি সম্মাগ্নেয়ীমারভ্য প্রাদক্ষিণ্যেন সংমার্জ্য তথৈব বরুণবীজেন লেপনং কুর্য্যাদিত্যর্থঃ। যথাবিধীত্যস্যাগ্রেঽপি সর্ব্বত্রানুবর্ত্তনং কার্য্যং। তত্তৎপ্রকারবিশেষশ্চ গ্রন্থান্তরতো জ্ঞেয়ঃ। সর্ষপান্ অস্ত্রমন্ত্রজপ্তান্ তত্র কুণ্ডে দিক্ষুচ দশসু তৎপতীন্ দিক্পালান্ ॥ ৫২ ॥

আদিশব্দেন দহনপ্লাবনকাঠিন্যাদীনি। কুশযুক্তৈরম্বুভিঃ। উল্লিখ্য উল্লেখনঞ্চ কৃত্বা। অস্মিন্ কুণ্ডে। আদিশব্দাচ্চক্রবৃত্তাদি ॥ ৫৩ ॥

অথাগ্নিসংস্কারং লিখিষ্যন্নাদৌ তৎপ্রতিষ্ঠাং লিখতি শ্রীবীজমিতি ত্রিভিঃ। পুষ্পাদিনা যদ্বিষ্টরং শয্যা তৎ। যদ্বা পুষ্পাদিকমেব বিষ্টরত্বেন কল্পয়িত্বা তত্র মধ্যযোনাবেব নিধায়

হইয়াছে, গুরু কুশনির্ম্মিত সম্মার্জ্জনী দ্বারা ঐ কুণ্ড সম্যক্‌রূপে যথাবিধি অর্থাৎ সম্মার্জ্জনীর উপর বায়ুবীজ জপ করিয়া অগ্নিকোণ হইতে মার্জন এবং ঐ প্রকারে বরুণবীজ দ্বারা লেপন করিবেন।

অনন্তর "ফট্" এই অস্ত্র-মন্ত্র জপ করিয়া ঐ স্থানে সর্ষপ বিকীর্ণ অর্থাৎ ছড়াইয়া দিয়া পঞ্চগব্য দ্বারা প্রোক্ষণ (সেচন) করত মধ্যস্থলে বাস্তুপুরুষের এবং দশদিকে ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা ও অনন্ত এই দশ দিক্‌পালের পূজা করিবেন ॥ ৫২ ॥

পরে পূজা-প্রকরণের লিখিতানুসারে কুণ্ডের শোষণ, দহন, প্লাবন ও কাঠিন্যাদি করিয়া কুশ জলদ্বারা প্রোক্ষণ করত বিলিখন পূর্ব্বক এই কুণ্ডে যোনি প্রভৃতির সহিত মণ্ডল লিখিবেন ॥ ৫৩ ॥

নিধায় তত্র পুষ্পাদি বিস্তরং সাধু কল্পয়েৎ ॥ ৫৪ ॥
তত্র লক্ষ্মীমৃতুস্নাতাং বিষ্ণুঞ্চাবাহ্য পূজয়েৎ ॥
তাম্রাদিপাত্রেণানীয়াগ্রতোঽগ্নিং স্থাপয়েচ্ছুভং ॥ ৫৫ ॥
গন্ধাদিনাগ্নিমভ্যর্চ্চ্য বিষ্ণোঃ সংক্রীড়তঃ শ্রিয়া।
রেতো রূপং বিচিন্ত্যামুং কুণ্ডং তারেণ চার্চ্চয়েৎ ॥ ৫৬ ॥
বৈশ্বানরেতি মন্ত্রেণাচ্ছাদ্যাগ্নিং তং সদিন্ধনৈঃ।
চিৎপিঙ্গলেতি প্রজ্বাল্যোপতিষ্ঠেদগ্নিমিত্যমুং ॥ ৫৭ ॥

আদিশব্দেন অক্ষতকূর্চ্চৌ ॥ ৫৪ ॥

শুভং অনিন্দিতং। তথা চোক্তং। প্রমথ্য বিধিনৈবাগ্নিমাহিতাগ্নে র্গৃহাদপি। আনীয় চাদধীতাত্র কুশৈঃ প্রজ্বাল্য যত্নত ইতি ॥ ৫৫ ॥

শ্রিয়া সহ সংক্রীড়ত আদ্যরসমনুভবতঃ। অমুং অগ্নিং। তারেণ প্রণবেন ॥ ৫৬ ॥

এবমগ্নেঃ প্রতিষ্ঠাবিধিং লিখিত্বোপস্থানবিধিং লিখতি বৈশ্বেতি। বৈশ্বানরেতি মন্ত্রস্যাদ্যাক্ষরাণি। এবমগ্রেঽপি। সদ্ভিরুক্তৈর্বিহিতৈ রুক্তৈরিন্ধনৈ রাচ্ছাদ্য। চিৎপিঙ্গলেতি মন্ত্রেণ। অগ্নিমিতি মন্ত্রেণ অমুং অগ্নিমুপতিষ্ঠেৎ ॥ ৫৭ ॥

যোনিমধ্যে শ্রীবীজ লিখিয়া জল দ্বারা অভিষেক করিয়া পূজা করিবেন। তাহার উপর পুষ্পাদি স্থাপন করিয়া উত্তমরূপে শয্যা রচনা করিবেন ॥ ৫৪ ॥

অনন্তর তাহাতে ঋতুস্নাতা লক্ষ্মী ও বিষ্ণুকে আবাহন করিয়া পূজা করিবেন। পরে তাম্রাদি পাত্রে করিয়া আনয়ন করত সম্মুখে পবিত্র অগ্নি অর্থাৎ যাহা সাগ্নিক ব্রাহ্মণের গৃহ হইতে আনীত ও কুশদ্বারা প্রজ্বালিত তাহা স্থাপন করিবেন ॥ ৫৫ ॥

পরে চন্দনাদি দ্বারা অগ্নির পূজা করিয়া ঐ অগ্নিকে লক্ষ্মীর সহিত ক্রীড়াকারি বিষ্ণুর রেতঃস্বরূপ ভাবনা করত প্রণব দ্বারা কুণ্ডের পূজা করিবেন ॥ ৫৬ ॥

"বৈশ্বানর" এই মন্ত্র দ্বারা সেই অগ্নিকে আচ্ছাদন করত "চিৎপিঙ্গল" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বিহিত কাষ্ঠ দ্বারা প্রজ্বালন করিয়া অগ্নির উপস্থান অর্থাৎ উপাসনা করিবেন ॥ ৫৭ ॥

জিহ্বা ন্যসেৎ সপ্ত তস্মিন্নপ্যঙ্গেষ্বঙ্গদেবতাঃ।
ষট্‌সু ষট্ ন্যস্য মূর্ত্তীশ্চ ন্যস্যাষ্টাভ্যর্চ্চয়েচ্চ তাঃ ॥ ৫৮ ॥
সপ্তজিহ্বাশ্চোক্তাঃ ॥
হিরণ্যা গগনা রক্তা তথা কৃষ্ণা চ সুপ্রভা।
বহুরূপাতিরূপা চ সপ্ত জিহ্বা বসোরিমাঃ ॥ ৫৯ ॥
অথাঙ্গদেবতাঃ ॥
সহস্রার্চ্চিঃ স্বস্তিপূর্ণ উত্তিষ্ঠ পুরুষস্তথা।
ধূমব্যাপী সপ্তজিহ্বা ধনুর্ধর ইতি স্মৃতঃ ॥
অষ্ট মূর্ত্তয়শ্চ ॥
জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহন এব চ।

অথ সংস্কারার্থমেব প্রথমং ন্যাসাদিকং লিখতি জিহ্বা ইতি চতুর্ভিঃ। ষট্‌সু অঙ্গেষু মূর্দ্ধাদিষু। ষট্ অঙ্গদেবতা ন্যস্য অষ্টৌ মূর্ত্তীশ্চ ন্যস্য তাশ্চ জিহ্বাঙ্গদেবতামূর্ত্তীঃ প্রত্যেকং-চতুর্থীনমোঽন্তনামভিঃ পূজয়েৎ ॥ ৫৮ ॥

বসোরগ্নেঃ। কেচিচ্চ পদ্মরাগা সুপর্ণী ত্যাদ্যাঃ সপ্ত জিহ্বা অত্র মন্যন্তে ॥ ৫৯ ॥

বিশ্বমুখো দেবমুখশ্চেতি দ্বৌ। তথা চ শারদাতিলকে, জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহন-

পরে সেই অগ্নিতে অগ্নির সপ্তজিহ্বা ও ছয় অঙ্গে ছয় দেবতা স্থাপন করিবেন এবং ঐ অগ্নিতে অষ্টমূর্ত্তিও স্থাপনা করিয়া তৎসমুদায়ের পূজা করিবেন ॥ ৫৮ ॥

অগ্নির সপ্তজিহ্বা উক্ত হইয়াছে যথা—

হিরণ্যা, গগনা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা ও অতিরূপা এই সাতটী অগ্নির জিহ্বা ॥ ৫৯ ॥

অগ্নির অঙ্গদেবতা যথা—

সহস্রার্চ্চিঃ, স্বস্তিপূর্ণ, উত্তিষ্ঠ, পুরুষ, ধূমব্যাপিন্, সপ্তজিহ্বা ও ধনুর্ধর, এই সাতটী অগ্নির অঙ্গ বলিয়া কথিত হইয়াছে ॥

অগ্নির অষ্ট মূর্ত্তি যথা—

জাতবেদা, সপ্তজিহ্ব, হব্যবাহন, অশ্বোদরজ, বৈশ্বানর, কৌমার-

অশ্বোদরজসংজ্ঞশ্চ তথা বৈশ্যানরোঽপরঃ।
কৌমারতেজাশ্চ তথা বিশ্বদেবমুখাহ্বয়াবিতি ॥ ৬০ ॥
ততো বহ্নিং পরিস্তীর্য্য সংস্কৃত্যাজ্যং যথাবিধি।
হুত্বা চ ব্যাহৃতীঃ পশ্চাত্রীন্ বারান্ জুহুয়াৎপুনঃ।
ততোঽস্য গর্ভাধানাদীন্ বিবাহান্তান্ যথাক্রমং।
সংস্কারানাচরেদুক্তমন্ত্রেণাষ্টাহুতৈস্তথা ॥ ৬১ ॥
ইত্থং হি সংস্কৃতে বহ্নৌ পীঠমভ্যর্চ্চ্য তত্রচ।
দেবমাবাহ্য গন্ধাদিদীপান্তবিধিনার্চ্চয়েৎ ॥ ৬২ ॥

সংজ্ঞকঃ। অশ্বোদরজসংজ্ঞোঽন্যস্তথা বৈশ্বানরাহ্বয়ঃ। কৌমারতেজাঃ স্যাদ্বিশ্বমুখো দেবমুখস্তথেতি ॥ ৬০ ॥

পরিস্তীর্য্য কুশাঙ্কুরাদিনা অগ্নেঃ পরিস্তরণং কৃত্বা। যথাবিধীতি সর্ব্বত্রৈব সম্বন্ধনীয়ং। ততশ্চ তাপনাভিদ্যোতনাদিনাজ্যসংস্কারাদিপ্রকারাশ্চ যাজ্ঞিকেষু সুপ্রসিদ্ধ এব অত্রাপেক্ষিতশ্চেৎ শ্রীপুরুষোত্তমবনবিরচিতক্রমদীপিকাটীকাগ্রন্থতো জ্ঞেয়ঃ। পশ্চাৎ প্রণবব্যাহৃতীর্যথাবিধি হুত্বা বৈশ্বানরেত্যাদিনা অগ্নের্মূলমন্ত্রেণ পুনস্ত্রিরুক্ত্বো জুহুয়াৎ। শাস্ত্রোক্তেন মন্ত্রেণ স্বাহান্তপ্রণবেনান্যেনচ তত্তৎকর্ম্মবিষয়কেণ মন্ত্রেণ আহুত্যষ্টকেন চ অস্য বহ্নেঃ সংস্কারান্ ক্রমেণ কুর্য্যাৎ। তত্তদ্বিধিরপি তত্তদ্গ্রন্থত এব বিশেষতো জ্ঞেয়ঃ ॥ ৬১ ॥

তত্র তস্মিন্ পীঠে। গন্ধার্পণমারভ্য দীপার্পণপর্য্যন্তমর্চ্চয়েদিত্যর্থঃ। দীপান্তার্চ্চনঞ্চাগ্নিজিহ্বায়াঃ পীঠার্চ্চনদেবাবাহনাদি বিধিশ্চাগ্রে ব্যক্তো ভাবী ॥ ৬২ ॥

তেজা, বিশ্বমুখ ও দেবমুখ এই আটটী অগ্নির মূর্ত্তি ॥ ৬০ ॥

তাহার পর অগ্নির চতুর্দ্দিকে কুশাঙ্কুরাদি বিস্তার করিয়া যথাবিধি ঘৃত শোধন করত ব্যাহৃতিহোম করিয়া পরে পুনর্ব্বার তিনবার হোম করিবেন ॥

তদনন্তর শাস্ত্রোক্ত মন্ত্র দ্বারা আটবার হোম করিয়া যথাক্রমে এই অগ্নির গর্ভাধানাদি বিবাহ পর্য্যন্ত সমুদায় সংস্কার করিবেন ॥ ৬১ ॥

অগ্নি এইরূপে সংস্কৃত হইলে তাহাতে পীঠ পূজা করিয়া, সেই পীঠে দেবতাকে আহ্বান করত গন্ধার্পণ আরম্ভ করিয়া দীপদান পর্য্যন্ত

তঞ্চাগ্নিং দেব-রসনাং সংকল্প্যাষ্টোত্তরং বুধঃ।
সহস্রং জুহুয়াৎ সর্পিঃ শর্করাপায়সৈর্যুতৈঃ॥ ৬৩॥
হুত্বাজ্যেনাথ মহতী ব্যাহৃতীর্বিধিনা কৃতী।
গ্রহর্ক্ষকরণাদিভ্যো বলিং দদ্যাদ্যথোদিতং॥
অথ হোমদ্রব্যপরিমাণং॥
কর্ষমাত্রং ঘৃতং হোমে শুক্তিমাত্রং পয়ঃ স্মৃতং।
উক্তানি পঞ্চগব্যানি তৎসমানি মনীষিভিঃ।
তৎ সমং মধুদুগ্ধান্নমক্ষমাত্রমুদাহৃতং।

তং সংস্কৃতমগ্নিঞ্চ দেবস্য ভগবতো জিহ্বাত্বেন সংকল্প্য। যুতৈর্মিলিতৈঃ॥ ৬৩॥

অথ অনন্তরং মহাব্যাহৃতীর্বিধিনা শাস্ত্রোক্তপ্রকারেণ আজ্যেন হুত্বা। কৃতীতি। এবং হোমং সমাপ্যাত্মানং শিষ্যঞ্চ প্রসাদাম্বুভিরভ্যুক্ষ্য হুতভস্মনা তিলকং কুর্য্যাদিত্যাদিকং কৃতিত্বং জ্ঞেয়ং। যথোদিতমিতি মণ্ডলমধ্যে রাশিস্থানেষু তত্তন্মন্ত্রৈস্তত্তৎক্রমেণ হোমাবশিষ্ট-পায়স-তৃতীয়াংশেন গ্রহাদিভ্যো বলিং দদ্যাৎ। তত্তৎপ্রকারবিশেষোঽপি তথৈব জ্ঞেয়ঃ। আদিশব্দাচ্চ মীনমেষয়োরন্তরালে সিংহব্যাঘ্রবরাহখরগজবৃষভাদীনাং বলির্জ্ঞেয়ঃ। তথা চতুর্থাংশেন মণ্ডলস্য দক্ষিণভাগে গোময়োপলিপ্তপ্রদেশেঽগ্নয়ে তেজোঽধিপতয়ে বিষ্ণুপার্ষদেভ্যশ্চ সর্ব্বেভ্যো বলির্দ্দেয় ইত্যাদি বোদ্ধব্যং। তত্রচ সর্ব্বে তত্তন্মন্ত্রা জলগন্ধপুষ্পদানে নমোঽন্তা বলিদানে স্বাহান্তাঃ। পুনর্জলদানে তু তৃপ্যন্তাং অগস্তব্যা

শাস্ত্র বিধানানুসারে পূজা করিবেন॥ ৬২॥

অনন্তর সেই অগ্নিকে ভগবানের জিহ্বা কল্পনা করিয়া জ্ঞানবান্ ব্যক্তি ঘৃত, শর্করা ও পায়স দ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবেন॥৬৩॥

পরে কর্ত্তা ঘৃত দ্বারা বিধানানুসারে মহাব্যাহৃতি হোম করিয়া গ্রহ, নক্ষত্র ও করণাদিকে যথাবিধি নৈবেদ্য দান করিবেন॥

অথ হোমদ্রব্যের পরিমাণ॥

পণ্ডিতগণ হোমকার্য্যে ঘৃত কর্ষমাত্র অর্থাৎ এক তোলা, দুগ্ধ শুক্তি মাত্র অর্থাৎ চারি তোলা এবং পঞ্চগব্য ও মধু প্রত্যেকে এক তোলা পরিমাণ কহিয়াছেন। আর পায়স অক্ষমাত্র অর্থাৎ এক তোলা, দধি প্রস্থতিমাত্র অর্থাৎ এক গণ্ডূষ এবং লাজ (খৈ) মুষ্টি পরিমিত হইবে

দধিপ্রস্থতিমাত্রং স্যাৎ লাজাঃ স্যুর্মুষ্টিসংমিতা ইত্যাদি ॥৬৪॥

অথ নত্বাম্বুপানার্থং প্রদায়াচমনানিচ।
আত্মার্পণান্তমভ্যর্চ্চ্য লেখ্যেন বিধিনাচরেৎ ॥ ৬৫ ॥

অথ গুরুশিষ্যনিয়মাদি ॥

ব্রতস্থং বাগ্‌যতং শিষ্যং প্রবেশ্যাথ যথাবিধি।
তদ্দেহে মাতৃকাং সাঙ্গাং ন্যস্যাথোপদিশেচ্চ তাং ॥ ৬৬ ॥

দেবং সাবরণং কুম্ভগতং চানুস্মরন্ গুরুঃ।

ইতি দিক্। যথোদিতমিত্যস্যাগ্রেঽপ্যনুবর্ত্তনং কার্য্যং ॥ ৬৪ ॥

অথ বলিদানানন্তরং প্রণামং কৃত্বা পানার্থং সংস্কৃতং জলং পশ্চাদাচমনার্থঞ্চ জলং প্রদায় তত্তৎপ্রকারোঽপ্যপেক্ষিতো নিত্যপূজাপ্রসঙ্গে ব্যক্তো ভাব্যেব। অম্বুপ্রদানানন্তরমন্যৎ কৃত্যং বিঘ্নকৃৎসেনায় নৈবেদ্যাংশপ্রদানং ভগবতে চ গণ্ডূষাদ্যর্পণমারভ্য আত্মার্পণান্তং সর্ব্বং সমাপয়েৎ। তচ্চাগ্রে নিত্যপূজাপ্রসঙ্গে লেখ্যপ্রকারেণৈবেত্যর্থঃ ॥ ৬৫ ॥

অথানন্তরং উপবাসপরং মৌনিনং শিষ্যং পূর্ব্বশিষ্যৈঃ প্রবেশ্য। যথাবিধীতি প্রণামং কারয়িত্বা প্রোক্ষণীবারিণাঽস্ত্রমন্ত্রেণ তং সংপ্রোক্ষ্য কিঞ্চিৎ পঞ্চগব্যপ্রাশনং কারয়িত্বা চ তদ্দেহে মাতৃকাঙ্গানি মাতৃকাঞ্চ ন্যস্য ধ্যানপূর্ব্বং মাতৃকাং তস্মৈ গুরুরুপদিশেদিত্যর্থঃ ॥ ৬৬ ॥

যথাবিধীত্যনুবর্ত্ততএব। অতশ্চ আবরণসহিতং ভগবন্তং তৎস্থাপিতকলসগতং

ইত্যাদি ॥ ৬৪ ॥

অনন্তর নমস্কার করিয়া পান ও আচমনের নিমিত্ত জল প্রদান করিয়া আত্মনিবেদন পর্য্যন্ত পূজা করত পরে যে বিধি লেখা হইবে তদনুসারে কার্য্য করিবেন ॥ ৬৫ ॥

অথ গুরুশিষ্য-নিয়মাদি ॥

গুরু, উপবাসস্থ মৌনি শিষ্যকে যথাবিধি প্রবেশ করাইয়া তাহার দেহে অঙ্গ সহিত মাতৃকান্যাস করত বিধানানুসারে ঐ মাতৃকা উপদেশ করিবেন ॥ ৬৬ ॥

অনন্তর গুরুদেব আবরণ সহিত ভগবান্ কুম্ভমধ্যে অবস্থিতি করিতেছেন এইরূপ চিন্তা করিয়া অষ্টোত্তর সহস্র জপ করত কিঞ্চিৎ পঞ্চ

জপ্ত্বাষ্টোত্তরসাহস্রং শয়ীত প্রাশ্য কিঞ্চন ॥ ৬৭ ॥
দর্ভোপর্য্যজিনেত্বৈণে নিবিষ্টো মাতৃকাং স্মরন্।
গুরুঞ্চ শিষ্যো নিদ্রাণং তাং শয়ীত জপন্ ব্রতী ॥ ৬৮ ॥
ইতি পূর্ব্বদিনকৃত্যং ॥
অথ তদ্দিনকৃত্যানি।
প্রাতঃ কৃত্যং গুরুঃ কৃত্বা কুম্ভং চাভ্যর্চ্চ্য পূর্ব্ববৎ।
হুত্বা দত্ত্বা বলিং কর্ম্মান্যৎ কুর্য্যাৎ স্বার্পণাবধি ॥ ৬৯ ॥
সংহারমুদ্রয়া কৃষ্ণে সংযোজ্যাবৃতিদেবতাঃ।

চিন্তয়ন্ সন্ তৎ কলসজলং স্পৃষ্ট্বাঽষ্টোত্তরসহস্রং জপ্ত্বা পুষ্পাঞ্জলিং কৃত্বাঽভিবন্দ্য পঞ্চগব্যাদিকং কিঞ্চিৎ প্রাশ্য দীক্ষাসম্বন্ধিক্রিয়াকাণ্ডাদিকং চানুসন্দধানঃ পবিত্রশয্যায়াং শয়নং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৬৭ ॥

শিষ্যোঽপি মাতৃকোপদেশং প্রাপ্য দর্ভোপরি কৃষ্ণাজিনোপবিষ্টঃ সন্ মাতৃকাং গুরুঞ্চ ধ্যায়ন্ মাতৃকাং নিদ্রাবশান্তং জপন্ কৃতোপবাসঃ পূর্ব্বশিরস্ক উত্তরশিরস্কো বা শয়ীতেতি ॥৬৮॥

প্রাতঃকৃত্যং প্রাতঃস্নানমারভ্যাত্মার্পণান্তং যাবদশেষং কর্ম্ম সমাপ্য। কুম্ভস্থং ভগবন্তং পূর্ব্ববদভ্যর্চ্চ্য হোমঞ্চ তত্রৈব কৃত্বা বলিঞ্চ দত্ত্বা বলিদানানন্তরং যদন্যৎ পানার্থজলসমর্পণাদি কর্ম্ম আত্মার্পণান্তং সর্ব্বমেব পুনঃ কুম্ভে কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৬৯ ॥

গব্য ভোজন করিয়া শয়ন করিবেন ॥ ৬৭ ॥

শিষ্য উপবাস পরায়ণ হইয়া কুশের উপর মৃগচর্ম্ম স্থাপন পূর্ব্বক তদুপরি উপবেশন করত মাতৃকা অর্থাৎ বর্ণমালা ও গুরুদেবকে ধ্যান করিবেন, পরে নিদ্রিতা সেই মাতৃকা জপ করিয়া পূর্ব্বশিরস্ক অথবা উত্তরশিরস্ক হইয়া শয়ন করিবেন। এই সমুদায় পূর্ব্বদিনের কার্য্য ॥৬৮॥

অথ দীক্ষাগ্রহণ দিবসের কার্য্য ॥

গুরু প্রাতঃকৃত্য সমাপন করিয়া পূর্ব্বের ন্যায় কুম্ভের পূজা, হোম ও বলিপ্রদান করত আত্মসমর্পণ পর্য্যন্ত অন্যান্য কর্ম্ম করিবেন ॥ ৬৯ ॥

পরে সংহারমুদ্রা * দ্বারা আবরণদেবতা সকলকে শ্রীকৃষ্ণে যোজনা

* অধোমুখ স্থিত বামহস্তের উপর ঊর্দ্ধমুখস্থ দক্ষিণ হস্ত রাখিয়া বিস্তারিত অঙ্গুলি সকলকে পরস্পর গ্রন্থন পূর্ব্বক পরিবর্ত্তন অর্থাৎ উলটাইয়া আনার নাম সংহার মুদ্রা।

তঞ্চামৃতময়ং ধ্যাত্বা স্বস্মিংশ্চাগ্নিং বিলাপয়েৎ ॥ ৭০ ॥
ধ্বজতোরণদিক্‌কুম্ভমণ্ডপাদ্যধিদেবতাঃ।
সর্ব্বা বিভাব্য চিদ্রূপাঃ কুম্ভে সংযোজ্য পূজয়েৎ ॥ ৭১ ॥
অতো গুরুং গণেশঞ্চ বিষ্বক্‌সেনঞ্চ পূজয়েৎ।
উদ্বাস্য কলসং স্পৃষ্ট্বা শতমষ্টোত্তরং জপেৎ ॥ ৭২ ॥
কৃতোপবাসঃ শিষ্যোঽথ প্রাতঃকৃত্যং বিধায় সঃ।
শুক্লবস্ত্রঃ সুবেশঃ সন্ বিপ্রান্ দ্রব্যেন তোষয়েৎ ॥ ৭৩ ॥

আবরণদেবতা গুরুগণেশব্যতিরিক্তা ভবতি উদ্বাসনেন সংযোজ্য লীনা ইতি বিভাব্য তঞ্চ দেবং অমৃতময়ং নিষ্কলপূর্ণানন্দরূপেণাবস্থিতং ধ্যাত্বা বিলাপয়েৎ লীনত্বেন চিন্তয়েৎ॥ ৭০॥

ধ্বজাদীনামধিষ্ঠাতৃদেবতাঃ আদিশব্দেন মণ্ডলকুণ্ডাদিঃ ॥ ৭১ ॥

অত ইতি গুরুং শিরস্যুদ্বাস্যাভার্চ্চ্য গণেশঞ্চাকাশ উদ্বাস্যাভ্যর্চ্চ্য যাগাবশিষ্টদ্রব্যেণ বিষ্বক্‌সেনং চাভার্চ্চ্যাকাশ এবোদ্বাস্যেত্যর্থঃ ॥ ৭২ ॥

প্রাতঃকৃত্যং স্নানাদ্যাবশ্যকং কর্ম্ম। স দীক্ষার্থী শুক্লে বস্ত্রে যস্য তথাভূতঃ সন্। সুশোভনো বেশোঽলঙ্কারো যস্য তথাভূতঃ সন্ হোমাদিকৃতো বিপ্রান্ গোভূমিবস্ত্রধান্যাদিদ্রব্যেণ তোষয়েৎ ॥ ৭৩ ॥

অর্থাৎ শ্রীকৃষ্ণে লীন হইয়াছেন এইরূপ ভাবনা করিয়া, পশ্চাৎ সেই শ্রীকৃষ্ণকে নির্ম্মল পূর্ণানন্দ স্বরূপে অবস্থিত ধ্যান করত আপনাতে অগ্নি লীন করিবেন অর্থাৎ আমাতে অগ্নিমিশ্রিত এইরূপ ভাবনা করিবেন॥৭০

তদনন্তর ধ্বজ, তোরণ, দিক্, কুম্ভ, মণ্ডপাদির অধিষ্ঠাত্রী দেবতা সকলকে ব্রহ্মস্বরূপ ভাবনা করিয়া কুম্ভে সংযোজন করত পূজা করিবেন ॥ ৭১ ॥

ইহার পর গুরু, গণেশ ও বিষ্বক্‌সেনকে পূজা করিবেন, পরে বিসর্জ্জন করিয়া কলসস্পর্শ করত একশত অষ্টবার জপ করিবেন ॥ ৭২ ॥

অনন্তর সেই কৃতোপবাস শিষ্য স্নানপ্রভৃতি আবশ্যকীয় প্রাতঃকৃত্য সকল সমাপন করিয়া শুক্লবস্ত্র ও সুন্দর বেশধারণ পূর্ব্বক গো, ভূমি,

গুরুঞ্চ ভগবদ্দৃষ্ট্যা পরিক্রম্য প্রণম্যচ।
দত্ত্বোক্তাং দক্ষিণাং তস্মৈ স্বশরীরং সমর্পয়েৎ ॥ ৭৪ ॥
তথাচ দশমস্কন্ধে ॥
ইয়দেব হি সচ্ছিষ্যৈঃ কর্ত্তব্যং গুরুনিষ্কৃতং।
যদ্বৈ বিশুদ্ধভাবেন সর্ব্বার্থাত্মার্পণং গুরৌ ॥ ৭৫ ॥
অথাভিষেচনবিধিঃ ॥
যাগালয়াদুত্তরস্যামাশায়াং স্নানমণ্ডপে।

ভগবদ্দৃষ্ট্যা ভগবানেবায়ং সাক্ষাদিত্যেবং বুদ্ধ্যেত্যর্থঃ। উক্তাং শাস্ত্রেণ। তথাহি স্ব বিত্তার্দ্ধং চতুর্থাংশং দশাংশং বাথ শক্তিত ইতি। এষাচ গুরুসন্তোষণার্থা প্রথমা দক্ষিণা মন্ত্র-দাক্ষিণা চান্যা মন্ত্রদানানন্তরং লেখ্যা ॥ ৭৪ ॥

নিষ্কৃতং প্রত্যুপকারঃ। সর্ব্বেষামর্থানামাত্মনশ্চার্পণং ॥ ৭৫ ॥

গুরুকৃত্যং লিখতি যাগেত্যাদি ষড়্ভিঃ। আশায়াং দিশি। অত্র চায়ং বিধির্দ্রষ্টব্যঃ। গোময়াদিনোপলিপ্তে বিবিক্তে বিতানাদ্যলঙ্কৃতে মণ্ডপে পদ্মস্বস্তিকাদিকমুদ্ধৃত্য তত্র পীঠং স্থাপয়িত্বা তস্মিংশ্চ শিষ্যং পূর্ব্বাভিমুখমুপবেশ্য স্বয়ঞ্চ তদভিমুখমুপবিশ্য শোষণদহনপ্লাবনাদি

বস্ত্র ও ধান্যাদি দ্রব্য দ্বারা ব্রহ্মণদিগকে সন্তুষ্ট করিবেন ॥ ৭৩ ॥

গুরু সাক্ষাৎ ভগবান্ এইরূপ করিয়া তাঁহাকে প্রণাম ও প্রদক্ষিণ করত শাস্ত্রোক্ত দক্ষিণা দান পূর্ব্বক স্বীয় শরীর সমর্পণ করিবেন ॥ ৭৪ ॥

দশমস্কন্ধে ৮০অধ্যায়ে৩২শ্লোকে এই বিষয় উক্ত হইয়াছে যথা —

গুরুকে অতীব বিশুদ্ধভাবে যে, আপনার নিখিল অর্থ এবং আত্মা-পর্য্যন্ত নিবেদন করা, ইহাই সৎশিষ্যের গুরু নিকটে নিষ্কৃতি লাভ অর্থাৎ কর্ত্তব্য প্রত্যুপকার ॥ ৭৫ ॥

অথ অভিষেক বিধি ॥

যাগালয়ের উত্তরদিকে স্নান মণ্ডপের মধ্যস্থ পীঠে ঐ শিষ্যকে উপ-বেশন করাইয়া শোষণাদি করাইবেন।

তাৎপর্য্য। গুরুকৃত্য যথা—গোময়াদি দ্বারা লিপ্ত, নির্জন ও চন্দ্রা-তপ ভূষিত মণ্ডপে পদ্ম স্বস্তিকাদি বিরচন পূর্ব্বক তাহাতে পীঠ স্থাপন করিয়া সেই পীঠে শিষ্যকে পূর্ব্বমুখে উপবেশন করাইয়া গুরু স্বয়ং

পীঠে নিবেশ্য তং শিষ্যং কারয়েচ্ছোষণাদিকং ॥ ৭৬ ॥
পীঠন্যাসান্তমখিলং মাতৃকান্যাসপূর্ব্বকং।
ন্যাসং শিষ্যতনৌ কৃত্বা পীঠমন্ত্রেণ পূজয়েৎ ॥ ৭৭ ॥
সদূর্ব্বাক্ষতপুষ্পাঞ্চ মূর্দ্ধ্নি শিষ্যস্য রোচনাং।
নিধায় কলসং তস্যান্তিকে বাদ্যাদিনা নয়েৎ ॥ ৭৮ ॥
শ্রীকৃষ্ণমথ সংপ্রার্থ্য গুরুঃ কুম্ভস্য বাসসা।

রূপাং ভূতশুদ্ধিং তস্য কারয়েদিতি ॥ ৭৬ ॥

পূজয়েত্তদ্দেহ এব ভগবন্তমুদ্দিশ্য পুষ্পাঞ্জলিং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৭৭ ॥

দূর্ব্বাক্ষতপুষ্পসহিতাং গোরোচনাং। তয়া তিলকং তস্য কারয়েদিতি কেচিদাহুঃ। তস্য শিষ্যস্যান্তিকে কলসং পূর্ব্বসংস্কৃতকুম্ভং বিশ্বস্তসাধুজনহস্তেন নয়েৎ। আদিশব্দেন বিপ্রাশীর্ব্বাদ মঙ্গলঘোষগীতকীর্ত্তনাদি ॥ ৭৮ ॥

অথানন্তরং হে ভগবন্ মদীয়ান্তঃকরণে সন্নিধিবিশেষং কৃত্বা শিশোরস্য সাধুগুণসম্পন্নস্যানুগ্রহং কর্ত্তুমর্হসীতি সংপ্রার্থ্য। স্বয়মুত্তরাভিমুখো বামহস্তেন কুম্ভং ধারয়ন্ কুম্ভমুখবর্ত্তিবস্ত্রেণ শিষ্যং নীরাজ্য তৎকুম্ভমুখস্থপল্লবাদিকং শিষ্যস্য মস্তকেঽর্পয়েদিতি বিধিরত্র

শিষ্যের সম্মুখে উপবেশন করত তাহার শোষণ, দহন ও প্লাবনাদিরূপ ভূতশুদ্ধি করাইবেন ॥ ৭৬ ॥

পরে, শিষ্যের শরীরে মাতৃকা ন্যাসাদি পীঠন্যাস পর্য্যন্ত সমস্ত ন্যাস করিয়া পীঠমন্ত্র দ্বারা পূজা করিবেন অর্থাৎ শিষ্যের দেহেতেই ভগবানকে উদ্দেশ করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন ॥ ৭৭ ॥

তৎপরে শিষ্যের মস্তকে দূর্ব্বা, আতপ তণ্ডুল ও পুষ্পের সহিত গোরোচনা স্থাপন করিয়া তাহার নিকট বাদ্যযন্ত্র বাদন পূর্ব্বক পূর্ব্ব সংস্কৃত কলস বিশ্বস্ত সাধুজনের হস্ত দ্বারা আনয়ন করাইবেন ॥ ৭৮ ॥

তদনন্তর গুরু শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা করিয়া অর্থাৎ "হে ভগবন্! আমার অন্তঃকরণে বিশেষরূপে সন্নিধান করত সাধুগুণসম্পন্ন এই শিশুর প্রতি অনুগ্রহ বিধান করিতে যোগ্য হউন" এইরূপ প্রার্থনা করণান্তর কলসের বস্ত্র দ্বারা শিষ্যকে নীরাজন করিয়া তাহার মস্তকে

নীরাজ্য শিষ্যং তন্মূর্দ্ধ্নি ন্যসেত্তৎ পল্লবাদিকং ॥ ৭৯ ॥

তদুক্তং ॥

বিধিবৎ কুম্ভমুদ্ধৃত্য তন্মুখস্থান্ সুরদ্রুমান্।
শিশোঃ শিরসি বিন্যস্য মাতৃকাং মনসা জপেৎ ॥ ৮০ ॥

ততঃ কুম্ভাম্ভসা শিষ্যং প্রোক্ষ্য ত্রির্মূলমন্ত্রতঃ।
বিপ্রাশীর্মঙ্গলোদ্ঘোষৈরভিষিঞ্চেন্মনূন্ পঠন্ ॥ ৮১ ॥

অথাভিষেকমন্ত্রাঃ ॥

বশিষ্ঠসংহিতায়াং ॥

সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ।
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিভবায় তে।

দ্রষ্টব্যঃ ॥ ৭৯ ॥

তদেবাভিব্যঞ্জয়তি বিধিবদিতি। সুরদ্রুমান্ কুম্ভমুখন্যস্তান্ অশ্বত্থপল্লবানিত্যর্থঃ ॥ ৮০ ॥

বারত্রয়ং মূলমন্ত্রেণ প্রথমং প্রোক্ষ্য পশ্চাৎ কুম্ভং তং করাভ্যাং গৃহীত্বা তজ্জলেন শিষ্যস্য সর্ব্বাঙ্গং পূরয়ন্ মূর্দ্ধ্নাভিষেকং কুর্য্যাদিত্যর্থঃ। মনূন্মন্ত্রান্ ॥ ৮১ ॥

ঐ কলসের পল্লবাদি স্থাপন করিবেন ॥ ৭৯ ॥

এই বিষয় উক্ত হইয়াছে যথা ॥

বিধিপূর্ব্বক কুম্ভ উত্তোলন করিয়া তাহার মুখস্থ অশ্বত্থপল্লব সকল শিশুর মস্তকে স্থাপন করিয়া মনোমধ্যে মাতৃকা জপ করিবেন ॥ ৮০ ॥

তাহার পর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুম্ভের জলদ্বারা শিষ্যকে তিনবার প্রোক্ষণ অর্থাৎ তাহার গাত্রে জলসেচন করিয়া মন্ত্র সকল পাঠ করিতে করিতে ব্রাহ্মণদিগের আশীর্ব্বাদ এবং মঙ্গল শব্দ সহকারে অভিষেক করিবেন ॥ ৮১ ॥

অথ অভিষেকের মন্ত্র সকল যথা ॥

বশিষ্ঠসংহিতায় ॥

ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি দেবগণ তোমাকে অভিষেক করুন। বাসুদেব, জগন্নাথ তথা বিভু সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ তোমার মঙ্গল বিধান করুন ॥

আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নির্ঋতিস্তথা।
বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ।
ব্রহ্মণা সহিতা হ্যেতে দিক্‌পালাঃ পান্তু বঃ সদা।
কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্রিয়া গতিঃ।
বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তির্মায়া নিদ্রা চ ভাবনা।
এতাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ পূজিতাঃ।
দেব-দানব-গন্ধর্ব্বা-যক্ষ-রাক্ষস-পন্নগাঃ।
ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ।
দেবপত্ন্যো দ্রুবা নাগা দৈত্যা অপ্সরসাং গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ।
ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।
সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ।
এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে ॥ ৮২ ॥

দানবাঃ দনোঃ পুত্রাঃ দৈত্যাঃ দিতেঃ পুত্রা ইতি ভেদঃ। অস্ত্রাণি শরাদীনি শস্ত্রাণি খড়্গাদীনি ॥ ৮২ ॥

ইন্দ্র, অগ্নি, ভগবান্, যম, নির্ঋতি, বরুণ, পবন, কুবের ও শিব। আর ব্রহ্মার সহিত এই সকল দিক্‌পাল সর্ব্বদা তোমাকে রক্ষা করুন ॥

কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, মেধা, শ্রদ্ধা, ক্রিয়া, বুদ্ধি, লজ্জা, বপুঃ, শান্তি, মায়া, নিদ্রা ও ভাবনা, তথা রাহু ও কেতু ইহাঁরা পূজিত হইয়া তোমাকে অভিষেক করুন ॥

দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, পন্নগ, ঋষি, মুনি, গো, দেবমাতৃগণ, দেবপত্নীগণ, দ্রুবগণ, নাগগণ, দৈত্যগণ, অপ্সরোগণ, সমুদায় অস্ত্র শস্ত্র, রাজগণ, বাহনসকল, ঔষধ ও রত্নসমুদায়, তথা যে সকল দণ্ড মুহূর্ত্তাদিকালের অবয়ব, আর নদী, সমুদ্র, পর্ব্বত, তীর্থসমুদায়, মেঘ ও নদ ইহারা সকল ধর্ম্ম, অর্থ, কাম সিদ্ধির নিমিত্ত তোমাকে অভিষেক করুন ॥ ৮২ ॥

অথ মন্ত্রকথনবিধিঃ ॥

পরিধায়াংশুকে শিষ্য আচান্তো যাগমণ্ডপে।
গত্বা ভক্ত্যা গুরুং নত্বা গুরোরাসীত দক্ষিণে ॥ ৮৩ ॥
গুরুঃ সমর্প্য গন্ধাদীন্ পুরুষাহারসংমিতং।
নিবেদ্য পায়সং কৃষ্ণে কুর্য্যাৎ পুষ্পাঞ্জলিং ততঃ ॥ ৮৪ ॥
সাম্প্রদায়িকমুদ্রাদিভূষিতং তং কৃতাঞ্জলিং।

অংশুকে বস্ত্রযুগ্মং নবং সিতং পরিধায় স্নানবাসোঽস্পৃশন্ কৃতাচমনঃ সন্ ভক্ত্যা নত্বেতি ভগবদ্বুদ্ধ্যা বহুশোঽষ্টাঙ্গপ্রণামং সপাদগ্রহণং কৃত্বেত্যর্থঃ। গুরোস্তস্য পূর্ব্বাভিমুখমুপবিষ্টস্য প্রাগেব কৃতপ্রাণায়ামষড়ঙ্গন্যাসাদিকস্য দক্ষিণভাগে তদেকচিত্তোঽভিমুখো বদ্ধাঞ্জলিঃ সন্ উপবিশেদিতি জ্ঞেয়ং ॥ ৮৩ ॥

আদিশব্দেন পুষ্পধূপাদীন্ ॥ ৮৪ ॥

অথ মন্ত্রকথন বিধি অর্থাৎ মন্ত্র বলিবার ব্যবস্থা ॥

শিষ্য নববস্ত্র পরিধান ও নূতন উত্তরীয় ধারণ করিয়া আচমন পূর্ব্বক যজ্ঞমণ্ডপে গমন করত ভক্তিপূর্ব্বক গুরুদেবকে নমস্কার করিয়া গুরুদেবের দক্ষিণদিকে উপবেশন করিবেন।

তাৎপর্য্য। নূতন শুভ্রবর্ণ বস্ত্র পরিধান করিবেন, কিন্তু যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা হইয়াছিল তাহা আর স্পর্শ করিবেন না, যজ্ঞমণ্ডপে গিয়া আচমন করত গুরুদেবকে সাক্ষাৎ ভগবান্ জ্ঞান করিয়া চরণধারণ পূর্ব্বক বহুবার অষ্টাঙ্গ প্রণাম করিবেন। পরে পূর্ব্বাভিমুখে উপবিষ্ট, যিনি পূর্ব্বেই প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাসাদি করিয়াছিলেন সেই গুরুদেবের দক্ষিণভাগে তদ্গতচিত্ত ও সম্মুখবর্ত্তী হইয়া কৃতাঞ্জলি পুটে উপবেশন করিবেন ॥ ৮৩ ॥

গুরু গন্ধাদি সমর্পণ করিয়া একজন পুরুষের আহার সম্পন্ন হইতে পারে এমত পায়স শ্রীকৃষ্ণে নিবেদন করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন ॥ ৮৪ ॥

গুরু সাম্প্রদায়িক অর্থাৎ গুরুপরম্পরা-প্রচলিত মুদ্রা অর্থাৎ তিলক

পঞ্চাঙ্গপ্রমুখৈর্ন্যাসৈঃ কুর্য্যাৎ শ্রীকৃষ্ণসাচ্ছিশুং ॥ ৮৫ ॥
ন্যস্য পাণিতলং মূর্দ্ধ্নি তস্য কর্ণে চ দক্ষিণে।

সাংপ্রদায়িকং গুরুপরম্পরাসিদ্ধং। মুদ্রাতিলকমালাদি স্বর্ণাঙ্গুলীয়কাদি চ তেন ভূষিতং। শিশুং নিজশিশুরূপেন বর্ত্তমানমিতি স্নেহবিষয়তা সূচিতা। তং শিষ্যং। শ্রীকৃষ্ণসাৎ কুর্য্যাৎ শ্রীকৃষ্ণায় সমর্পয়েৎ ॥ ৮৫ ॥

তস্য শিষ্যস্য মূর্দ্ধ্নি স্বকরতলং নিধায়। বিধিবদিত্যত্রায়ং বিধির্দ্রষ্টব্যঃ। নিমীলিতনয়নং শিষ্যং পটান্তরিত উপবিষ্টো গুরুরিদং বদেৎ দিব্যদৃষ্ট্যা ভগবন্তমবলোকয়েতি ততঃ সুবর্ণশলাকয়া তং বক্ষসি স্পৃশেৎ অথ শিষ্যো মহাফলমেকং দত্ত্বা বদেদিদং ময়ি প্রসীদ লোচ-

মালা ও স্বর্ণাঙ্গুরীয়ক প্রভৃতি দ্বারা অলঙ্কৃত, কৃতাঞ্জলি সেই শিশুকে পঞ্চাঙ্গ প্রভৃতি ন্যাস করিয়া শ্রীকৃষ্ণে সমর্পণ করিবেন ॥ ৮৫ ॥

পরে তাঁহার মস্তকে করতল স্থাপন করিয়া যথা বিধি ঋষ্যাদিযুক্ত মন্ত্র তদীয় দক্ষিণ কর্ণে উচ্চারণ করিবেন।

তাৎপর্য্য। শিষ্য লোচনমুদ্রিত করিয়া রহিবেন, গুরু আপনার ও শিষ্যের অঙ্গ সমুদায় বস্ত্রাচ্ছাদিত করিয়া এই কথা বলিবেন "দিব্য দৃষ্টি দ্বারা ভগবান্‌কে অবলোকন কর"। তাহার পর স্বর্ণ শলাকা দ্বারা শিষ্যের বক্ষঃস্থল স্পর্শ করিবেন। অনন্তর শিষ্য একটী মহাফল অর্থাৎ নারিকেল প্রদান করিয়া এই কথা বলিবেন, "আমার প্রতি প্রসন্ন হউন, লোচনযুগলে অবলোকন করুন।" পরে "অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ" এই মন্ত্রপাঠ করিয়া শিষ্য নেত্রদ্বয় উন্মীলন করিবেন। তাহার পরে গুরু বিকশিতনয়নসম্পন্ন শিষ্যের শরীরে ভগবান্ আবির্ভূত হইয়াছেন এইরূপ ভাবনা করিয়া ঐ ভগবান্‌কে গন্ধাদি দ্বারা অলঙ্কৃত ও পঞ্চোপচারে পূজা করত উত্তম সময়ে গীত বাদ্যাদি মঙ্গল শব্দ দ্বারা শিষ্যের মস্তকে হস্ত প্রদান করিবেন। পশ্চাৎ ঋষি, ছন্দঃ ও দেবতাদি উপদেশ করিয়া মূলমন্ত্র তিনবার দক্ষিণ কর্ণে বলিবেন ॥

মন্ত্র দীর্ঘ হইলে শিষ্য যে পর্য্যন্ত মন্ত্র গ্রহণ করিতে না পারিবেন

ঋষ্যাদি যুক্তং বিধিবন্মন্ত্রং বারত্রয়ং বদেৎ ॥
দীর্ঘমন্ত্রঞ্চ শিষ্যস্য যাবদাগ্রহণং পঠেৎ।
গুরু-দৈবত-মন্ত্রৈক্যং শিষ্যস্তং ভাবয়ন্ পঠেৎ ॥ ৮৬ ॥
সাক্ষতং গুরুরাদায় বারি শিষ্যস্য দক্ষিণে।
করেঽর্পয়েদ্বদন্মন্ত্রোঽয়ং সমোঽস্ত্বাবয়োরিতি ॥ ৮৭ ॥
স্বস্মাজ্জ্যোতির্ময়ীং বিদ্যাং গচ্ছন্তীং ভাবয়েদ্গুরুঃ।
আগতাং ভাবয়েচ্ছিষ্যো ধন্যোঽস্মীতি বিশেষতঃ ॥ ৮৮ ॥
মহাপ্রসাদং শিষ্যায় দত্ত্বা তৎপায়সং গুরুঃ।

নাভ্যাং বিলোকয়েতি। অজ্ঞানতিমিরান্ধস্তেত্যাদি পঠেচ্চ। অথোন্মীলিতনয়নস্ত শিষ্যস্ত তনৌ ভগবন্তমাবির্ভূতং ভাবয়ন্ গন্ধাদিভিরলঙ্কৃত্য পঞ্চোপচারৈশ্চ সংপূজ্য সুমুহূর্ত্তে গীত-বাদ্যাদিমঙ্গলঘোষেণ শিষ্যস্য শিরসি করতলং ন্যস্য ঋষিচ্ছন্দো দেবতাদিকমুপদিশ্য মূল-মন্ত্রং বারত্রয়ং দক্ষিণকর্ণে ব্রূয়াদিতি। আ সম্যক্ গ্রহণং যাবৎ শিষ্যেণ মন্ত্রো যাবতা ধৃতোভবে-ত্তাবদ্বারং পঠেদিত্যর্থঃ। গুরুশ্চ দেবতা চ মন্ত্রশ্চ তেষামৈক্যং চিন্তয়ন্ তং মন্ত্রমুচ্চারয়েৎ ॥৮৬॥

ইতঃ পরময়ং মন্ত্রো মম তবচ সমোঽস্তু তুল্যফলদো ভবত্বিত্যেতদ্বদন্ ॥ ৮৭ ॥

স্বস্মাদ্গচ্ছন্তীং মন্ত্রাত্মিকাং বিদ্যাং। ধন্যোঽস্মীতি বিশেষতো ভাবয়েৎ ॥ ৮৮ ॥

গুরু সেই পর্য্যন্ত পাঠ করিবেন। শিষ্য, গুরু, দেবতা ও মন্ত্রকে অভিন্ন জ্ঞান করিয়া মন্ত্র পাঠ করিবেন ॥ ৮৬ ॥

গুরু এই মন্ত্র তোমার ও আমার সহিত সম অর্থাৎ তুল্য ফল প্রদান করুন, এই বলিয়া শিষ্যের দক্ষিণকরে আতপ তণ্ডুলের সহিত জল প্রদান করিবেন ॥ ৮৭ ॥

গুরু ভাবনা করিবেন, আমার দেহ হইতে জ্যোতির্ম্ময়ী অর্থাৎ মন্ত্রা-ত্মিকা বিদ্যা শিষ্যের শরীরে গমন করিতেছেন এবং শিষ্য ভাবনা করি-বেন, ঐ জ্যোতির্ময়ী বিদ্যা গুরুদেবের দেহ হইতে আমার দেহে আগ-মন করিলেন। বিশেষতঃ আমি ধন্য হইলাম এইরূপ চিন্তা করিবেন॥৮৮

গুরু ঐ মহাপ্রসাদ পায়স শিষ্যকে প্রদান করিয়া শুভ আশীর্ব্বাদ

নিদধ্যাদক্ষতান্মূর্দ্ধ্নি তস্য যচ্ছন্ শুভাশিষঃ ॥
গুরুণা কৃপয়া দত্তং শিষ্যশ্চাবাপ্য তং মনুং।
অষ্টোত্তরশতং জপ্ত্বা সময়ান্ শৃণুয়াত্ততঃ ॥ ৮৯ ॥
অথ সময়াঃ।
শ্রীনারদপঞ্চরাত্রে ॥
স্বমন্ত্রো-নোপদেষ্টব্যো বক্তব্যশ্চ ন সংসদি।
গোপনীয়ং তথা শাস্ত্রং রক্ষণীয়ং শরীরবৎ।
বৈষ্ণবানাং পরা ভক্তিরাচার্য্যাণাং বিশেষতঃ।
পূজনঞ্চ যথাশক্তি তানাপন্নাংশ্চ পালয়েৎ ॥ ৯০ ॥

তদ্ভগবন্নিবেদিতং পুরুষাহারপরিমিতং মহাপ্রসাদরূপং পায়সং দত্ত্বা। শুভাশিষঃ। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যমবিনাশঃ স্বয়ং জয়ঃ। সৌভাগ্যঞ্চ পুনশ্চায়ুর্যুষ্মাকং চাস্ত সর্ব্বদেত্যাদ্যুক্তাঃ। জপ্ত্বা আবর্ত্ত্য। ততস্তস্মাদ্গুরোঃ সকাশাৎ সময়ান্ আচারান্ ন্যাসধ্যানাদীন্ অন্যানপি বৈষ্ণবধর্ম্মান্ শৃণুয়াৎ ॥ ৮৯ ॥

শাস্ত্রং শ্রীভাগবতাদি পূজাদিসম্বন্ধি বা ॥ ৯০ ॥

সকল প্রদান করত, তাহার মস্তকে আতপতণ্ডুল অর্পণ করিবেন ॥

গুরু কৃপা করিয়া যে মন্ত্র দান করিলেন, শিষ্য সেই মন্ত্র প্রাপ্ত হইয়া একশত অষ্টবার জপ করত তাঁহার নিকট সময় অর্থাৎ আচার, ন্যাস, ধ্যান ও অন্যান্য বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করিবেন ॥ ৮৯ ॥

অথ সময় সকল। শ্রীনারদপঞ্চরাত্রে ॥

গুরু যে মন্ত্রে স্বয়ং উপদিষ্ট হইয়াছেন, সে মন্ত্র শিষ্যকে উপদেশ করিবেন না, লোকসম্মুখে উচ্চারণ করিবেন না, শাস্ত্রের অর্থাৎ শ্রীমদ্ভাগবত অথবা পূজাদি সম্বন্ধীয় গ্রন্থের ন্যায় গোপন এবং শরীরের ন্যায় রক্ষা করিবেন।

বৈষ্ণবদিগের বিশেষতঃ গুরুবর্গের প্রতি পরমা ভক্তি করিবে, তাঁহাদিগকে যথাশক্তি পূজা করিবে এবং তাঁহারা বিপদ্‌গ্রস্ত হইলে তাঁহাদিগকে রক্ষা করিবে ॥ ৯০ ॥

প্রাপ্তমায়তনাদ্বিষ্ণোঃ শিরসা প্রণতো বহেৎ।
নিঃক্ষিপেদম্ভসি ততো ন পতেদবনৌ যথা ॥ ৯১ ॥
সোমসূর্য্যান্তরস্থঞ্চ গবাশ্বত্থাগ্নিমধ্যগং।
ভাবয়েদ্দৈবতং বিষ্ণুং গুরুবিপ্রশরীরগং।
যত্র যত্র পরীবাদো মাৎসর্য্যাচ্ছ্রূয়তে গুরোঃ।
তত্র তত্র ন বস্তব্যং নির্য্যায়াৎ সংস্মরন্ হরিং।
যৈঃ কৃতা চ গুরোর্নিন্দা বিভোঃ শাস্ত্রস্য নারদ।
নাপি তৈঃ সহ বস্তব্যং বক্তব্যং বা কথঞ্চন।
প্রদক্ষিণে প্রয়াণে চ প্রদানে চ বিশেষতঃ।
প্রভাতে চ প্রবাসে চ স্বমন্ত্রং বহুশঃ স্মরেৎ।

আপন্নান্ আপদ্গতান্ সতঃ। প্রাপ্তং নির্ম্মাল্যাদি। অতএবোক্তং তত্রৈব প্রায়শ্চিত্ত-প্রকরণে। বিষ্ণোর্নিবেদিতং প্রাপ্য নিক্ষিপেৎ যত্র কুত্রচিৎ। অযোগ্যস্যাথ বা দদ্যাৎ সোঽয়মষ্টশতং জপেদিতি ॥ ৯১ ॥

বিভোর্ভগবতঃ ॥ ৯২ ॥

বিষ্ণুমন্দির হইতে নির্ম্মাল্যাদি প্রাপ্ত হইলে প্রণাম করিয়া মস্তকে ধারণ করিবে, তাহার পর জলে নিক্ষেপ করিবে, যেন মৃত্তিকায় পতিত না হয় ॥ ৯১ ॥

আরাধ্যদেব শ্রীবিষ্ণুকে চন্দ্র সূর্য্যের মধ্যস্থ, গো, অশ্বত্থ ও অগ্নির মধ্যগত এবং গুরু ও ব্রাহ্মণের শরীর স্থিতরূপে ভাবনা করিবে ॥

যেস্থানে যেস্থানে মাৎসর্য্য হেতু গুরুদেবের নিন্দা হইতেছে শ্রবণ করিবে, সেই স্থানে সেই স্থানে অবস্থিতি করিবে না। হরিস্মরণ পূর্ব্বক তথা হইতে প্রস্থান করিবে ॥

হে নারদ! যাহারা গুরুদেবের, ভগবানের ও শাস্ত্রের নিন্দা করিয়াছে, তাহাদের সহিত কখন সহবাস বা কথোপকথন করিবে না ॥

বিশেষরূপে প্রদক্ষিণকালে, গমন সময়ে দানকালে, তথা প্রভাতে ও প্রবাসে বারম্বার স্বীয় মন্ত্র স্মরণ করিবে ॥

স্বপ্নে বাক্ষিসমক্ষং বা আশ্চর্য্যমতিহর্ষদং।
অকস্মাদ্যদি জায়েত ন খ্যাতব্যং গুরোর্বিনা ॥ ৯২ ॥
পঞ্চরাত্রান্তরে ॥
সময়াংশ্চ প্রবক্ষ্যামি সংক্ষেপাৎ পঞ্চরাত্রিকাৎ।
ন ভক্ষয়েন্মৎস্যমাংসং কূর্ম্মশূকরকাংস্তথা ॥ ৯৩ ॥
কাংস্যপাত্রে ন ভুঞ্জীত ন প্লক্ষবটপত্রয়োঃ।
দেবাগারে ন নিষ্ঠীবেৎ ক্ষুতং চাত্র বিবর্জয়েৎ।
ন সোপানৎকচরণঃ প্রবিশেদন্তরং ক্বচিৎ ॥ ৯৪ ॥

মৎস্যমাংসে নিষিদ্ধে আপ পুনঃ কূর্ম্মাদানষেধঃ কদাচিদ্রোগাদিনা মাংসাশিনোঽপ্যবশ্যং তদ্বর্জনায় ॥ ৯৩ ॥

দেবাগার ইত্যগ্রেঽপ্যনুবর্ত্তত এব। ততশ্চ অনন্তরং দেবাগারাভ্যন্তরমিত্যর্থঃ। ক্বচিৎ কদাচিদপি। যদ্বা কস্মিংশ্চিদপি দেবাগারে ॥ ৯৪ ॥

স্বপ্নে অথবা চক্ষুর সম্মুখে অকস্মাদ্যদি কোন অতি হর্ষজনক আশ্চর্য্য দৃষ্ট হয়, তাহা গুরুদেব ব্যতিরেকে অন্য কাহারও নিকট ব্যক্ত করিবে না ॥ ৯২ ॥

অন্য পঞ্চরাত্রে যথা—

পঞ্চরাত্রি হইতে সংক্ষেপে আচার সকল বলিতেছি। মৎস্য, মাংস তথা কচ্ছপ ও শূকর ভক্ষণ করিবে না ॥

তাৎপর্য্য বৈষ্ণবাচারে সামান্যতঃ মৎস্য, মাংস ভোজন নিষিদ্ধ, কিন্তু কচ্ছপ ও শূকর এই দুই মাংস মধ্যে গণ্য হইলেও পুনরায় নামোল্লেখ করার কারণ এই যে, রোগাদি জন্য কখন মাংস ভোজন বিহিত হইলেও কচ্ছপ ও শূকর মাংস একেবারে বর্জন করিবে, কদাচ ভক্ষণ করিবে না ॥ ৯৩ ॥

কাংস্যপাত্রে অথবা অশ্বত্থ কিম্বা বট ইহাদের পত্রে ভোজন করিবে না। দেবগৃহে নিষ্ঠীবন অর্থাৎ থুথু ফেলিবে না এবং ক্ষুতকার অর্থাৎ হাঁচিবে না। কখনও পদে পাদুকা দিয়া দেবগৃহে প্রবেশ করিবে না ॥ ৯৪ ॥

একাদশ্যাং নচাশ্নীয়াৎ পক্ষয়োরুভয়োরপি।
জাগরং নিশি কুর্ব্বীত বিশেষাচ্চার্চ্চয়েদ্বিভুং ॥ ৯৫ ॥
সম্মোহনতন্ত্রে চ ॥
গোপয়েদ্দেবতামিষ্টাং গোপয়েদ্গুরুমাত্মনঃ।
গোপয়েচ্চ নিজং মন্ত্রং গোপয়েন্নিজমালিকামিতি ॥ ৯৬ ॥
চতুর্যুক্শতসংখ্যেষু প্রাগ্গুরোঃ সময়েষু চ।
শিষ্যেণাঙ্গীকৃতেষ্বেব দীক্ষা কৈশ্চন মন্যতে ॥ ৯৭ ॥
তথাচ বিষ্ণুযামলে ॥
গুরুঃ পরীক্ষয়েচ্ছিষ্যং সংবৎসরমতন্দ্রিতঃ ॥

বিশেষাদিতি অন্যতিথিভ্যো বিশেষেণ একাদশ্যাং তত্রাপি বিশেষতো জাগরণে হর্চ্চয়েদিত্যর্থঃ ॥ ৯৫ ॥ ৯৬ ॥

সময়শ্রবণে মতান্তরং লিখতি চতুর্যুগিতি। প্রাক্ প্রথমং গুরোঃ সকাশাদঙ্গীকৃতেষ্বেব ॥ ৯৭ ॥

বিহিতান্ বিধেয়ানিত্যর্থঃ। চতুর্যুক্তশতং ॥ ৯৮ ॥

শুক্ল ও কৃষ্ণ এই দুই পক্ষেরই একাদশীতে ভোজন করিবে না, একাদশীর রাত্রিতে জাগরণ এবং বিশেষ করিয়া ভগবানের পূজা করিবে ॥ ৯৫ ॥

সম্মোহন তন্ত্রেতেও ॥

অভীষ্টদেবকে গোপন করিবে, আপনার গুরুকে গোপন করিবে, নিজমন্ত্রকে গোপন করিবে এবং নিজের মালা গোপনে রাখিবে ॥৯৬॥

কেহ কেহ বলিয়াছেন শিষ্য প্রথমতঃ গুরুর একশত চারিটী নিয়ম অঙ্গীকার করিলেই দীক্ষিত হইতে পারে ॥ ৯৭ ॥

এই বিষয় বিষ্ণুযামলে যথা—

গুরু মনোযোগ পূর্ব্বক একবৎসর শিষ্যকে পরীক্ষা করিবেন এবং একশত চারিটী কর্ত্তব্য ও পরিত্যাজ্য নিয়ম সকল শ্রবণ করাই-

নিয়মান্ বিহিতান্ বর্জ্যান্ শ্রাবয়েচ্চ চতুঃশতং ॥ ৯৮ ॥
ব্রাহ্মে মুহূর্ত্ত উত্থানং মহাবিষ্ণোঃ প্রবোধনং।
নীরাজনঞ্চ বাদ্যেন প্রাতঃস্নানং বিধানতঃ ॥ ৯৯ ॥
বিশুদ্ধাহতযুগ্‌বস্ত্রধারণং দেবতার্চ্চনং।
গোপীচন্দনমৃৎস্নায়াঃ সর্ব্বদা চোর্দ্ধপুণ্ড্রকং।
পঞ্চায়ুধানাং বিধৃতিশ্চরণামৃতসেবনং।
তুলসীমণিমালাদিভূষাধারণমন্বহং।
নির্ম্মাল্যোদ্বাসনং বিষ্ণোস্তচ্চন্দনবিলেপনং ॥ ১০০ ॥
শালগ্রামশিলাপূজা প্রতিমাসু চ ভক্তিতঃ।

অত্রাদৌ দ্বিপঞ্চাশদ্বিহিতানাহ ব্রাহ্ম ইত্যাদিনা চিন্তনমিত্যন্তেন ॥ ৯৯ ॥

বিশুদ্ধঞ্চ পবিত্রং আহতঞ্চ নূতনং। পাঠান্তরে বিশুদ্ধেন জনেনাহৃতমানীতং যং যুগ্‌বস্ত্রং বস্ত্রযুগ্মং তস্য ধারণং দেবতায়া নিজেষ্টদৈবতস্য অর্চ্চনং তর্পণাদিনা জলে পূজনং। পাঠান্তরে হপি স এবার্থঃ ॥ ১০০ ॥

শালগ্রামশিলায়াং পূজা প্রতিমাসু চ পূজেত্যেষ একো নিয়মঃ নির্ম্মাল্যতুলস্যা ভক্ষঃ

বেন ॥ ৯৮ ॥

নিয়মসকল যথা ॥

ব্রাহ্মমুহূর্ত্তে উত্থান। ১। মহাবিষ্ণুর প্রবোধন। ২। বাদ্যের সহিত আরাত্রিক। ৩। বিধিপূর্ব্বক প্রাতঃস্নান ॥ ৪ ॥ ৯৯ ॥

পবিত্র নূতন পরিধেয় ও উত্তরীয় ধারণ। ৫। অভীষ্টদেবের পূজন। ৬। গোপীচন্দন ও উত্তম মৃত্তিকা দ্বারা সর্ব্বদা ঊর্দ্ধপুণ্ড্র করণ। ৭। প্রত্যহ পঞ্চায়ুধ, অর্থাৎ শঙ্খ, চক্র, গদা, খড়্গ ও বাণের সহিত ধনু ধারণ। ৮। চরণামৃতসেবন। ৯। এবং তুলসী ও মণিমালাদি ভূষা ধারণ। ১০। বিষ্ণুর নির্ম্মাল্য দূরীকরণ। ১১। বিষ্ণুর নির্ম্মাল্য চন্দন অঙ্গে বিলেপন। ১২ ॥ ১০০ ॥

ভক্তিপূর্ব্বক শালগ্রাম শিলা ও প্রতিমা সকলেতে ইষ্টদেবের পূজা

নির্ম্মাল্যতুলসীভক্ষস্তুলস্যবচয়ো বিধেঃ ॥ ১০১ ॥
বিধিনা তান্ত্রিকী সন্ধ্যা শিখাবন্ধোহি কর্ম্মণি।
বিষ্ণুপাদোদকেনৈব পিতৃণাং তর্পণক্রিয়া।
মহারাজোপচারৈশ্চ শক্ত্যাং সংপূজনং হরেঃ ॥ ১০২ ॥
বিষ্ণুভক্ত্যবিরোধেন নিত্যনৈমিত্তিকী ক্রিয়া।
ভূতশুদ্ধ্যাদিকরণং ন্যাসাঃ সর্ব্বে যথাবিধি।
নবীনফলপুষ্পাদে র্ভক্তিতঃ সংনিবেদনং।
তুলসীপূজনং নিত্যং শ্রীভাগবতপূজনং ॥ ১০৩ ॥
ত্রিকালং বিষ্ণুপূজা চ পুরাণশ্রুতিরন্বহং।
বিষ্ণো র্নিবেদিতানাং বৈ বস্ত্রাদীনাঞ্চ ধারণং ॥ ১০৪ ॥

ভক্ষণং। ভূষেতি বা পাঠঃ। ভূষণত্বেন মস্তকাদৌ ধারণমিত্যর্থঃ। বিধের্যথাবিধীত্যর্থঃ ॥১০১॥
শক্ত্যাং শক্তৌ সত্যাং। শক্ত্যেতি পাঠেঽপি স এবার্থঃ। এবমগ্রেঽপি ॥ ১০২ ॥
যা বিষ্ণুভক্ত্যা সহ বিরুদ্ধা ন ভবতীত্যর্থঃ। পাঠান্তরং স্পষ্টং ॥ ১০৩ ॥
পুরাণানাং শ্রীভাগবতাদীনাং শ্রুতিঃ শ্রবণং ॥ ১০৪ ॥

করণ। ১৩। নির্ম্মাল্য তুলসী ভক্ষণ অথবা ভূষণ স্বরূপে মস্তকে ধারণ। ১৪। বিধি অনুসারে তুলসীচয়ন। ১৫ ॥ ১০১ ॥

বিধিপূর্ব্বক তান্ত্রিকী সন্ধ্যা। ১৬। ধর্ম্মকার্য্যে শিখাবন্ধন করণ। ১৭। বিষ্ণুপাদোদকের দ্বারাই পিতৃলোকের তর্পণ। ১৮। শক্তি থাকিলে মহারাজোপচারে হরির পূজা করণ ॥ ১৯ ॥ ১০২ ॥

যাহা বিষ্ণুভক্তির সহিত বিরুদ্ধ না হয় এমত নিত্য নৈমিত্তিক কর্ম্ম করণ। ২০। ভূতশুদ্ধ্যাদি ও যথাবিধি সমুদায় ন্যাস করণ। ২১। নূতন ফল পুষ্পাদি ভক্তিপূর্ব্বক ভগবান্‌কে নিবেদন। ২২। নিত্য তুলসী পূজা। ২৩। ও নিত্য শ্রীভাগবতপূজা ॥ ২৪ ॥ ১০৩ ॥

প্রত্যহ ত্রিকালে বিষ্ণুপূজা। ২৫। প্রত্যহ পুরাণশ্রবণ। ২৬। বিষ্ণুর নিবেদিত বস্ত্রাদির ধারণ ॥ ২৭ ॥ ১০৪ ॥

সর্ব্বেষাং পুণ্যকার্য্যাণাং স্বামিদৃষ্ট্যা প্রবর্ত্তনং।
গুর্ব্বাজ্ঞাগ্রহণং তত্র বিশ্বাসো গুরুণোদিতে ॥ ১০৫ ॥
যথা স্বমুদ্রারচনং গীতনৃত্যাদিভক্তিতঃ।
শঙ্খাদিধ্বনিমাঙ্গল্যলীলাদ্যভিনয়ো হরেঃ।
নিত্যহোমবিধানঞ্চ বলিদানং যথাবিধি ॥ ১০৬ ॥
সাধূনাং স্বাগতং পূজা শেষনৈবেদ্যভোজনং।
তাম্বূলশেষগ্রহণং বৈষ্ণবৈঃ সহ সঙ্গমঃ।
বিশিষ্টধর্ম্মজিজ্ঞাসা দশম্যাদিদিনত্রয়ে।
ব্রতে নিয়মতঃ স্বাস্থ্যং সন্তোষো যেন কেন বৈ।

স্বামিদৃষ্ট্যা ভগবদাজ্ঞাবুদ্ধ্যা যথা নিযুক্তোঽস্মি তথা করোমীতি বুদ্ধ্যা বা। যদ্বা। স্বামীতি বুদ্ধ্যা দাসভাবেনেত্যর্থঃ ॥ ১০৫ ॥

যথাস্বং নিজমন্ত্রদেবতানুসারেণ মুদ্রাণাং রচনং বন্ধনং। তথা স্বেতি পাঠেঽপি স এবার্থঃ ॥ ১০৬ ॥

স্বাগতং পূজা চেত্যেক এব নিয়মঃ। বিশেষতো ধর্ম্মস্য বৈষ্ণবকৃত্যস্য। যদ্বা। বিশিষ্টধর্ম্মস্য ভগবদ্ধর্ম্মস্য জিজ্ঞাসা। দশম্যাদিদিনত্রয়েষু দশম্যেকাদশীদ্বাদশীষু যদ্ব্রতঞ্চ ভক্ষণাদি-

ভগবানের আজ্ঞা এইরূপ বোধ করিয়া সমুদায় পুণ্যকার্য্যে প্রবৃত্ত হওন। ২৮। গুরুর আজ্ঞা গ্রহণ। ২৯। গুরুবাক্যে বিশ্বাস। ৩০ ॥১০৫॥

সম্প্রদায় অনুসারে নিজ মন্ত্র দেবতার তিলক রচন। ৩১। ভক্তি সহকারে গীত। ৩২। ও নৃত্যাদি। ৩৩। হরির সম্বন্ধে শঙ্খের মঙ্গলধ্বনি। ৩৪। লীলার অনুকরণ। ৩৫। যথাবিধি নিত্য হোম বিধান। ৩৬। নিত্য নৈবেদ্যার্পণ। ৩৭ ॥ ১০৬ ॥

সাধুগণের অভ্যর্থনা। ৩৯। এবং পূজাকরণ। ৩৯। শেষ নৈবেদ্য ভোজন। ৪০। তাম্বূল শেষ গ্রহণ। ৪১। বৈষ্ণবের সহিত সঙ্গ করণ। ৪২। দশমী আদি দিনত্রয়ে বিশিষ্ট ধর্ম্মের জিজ্ঞাসা করণ। ৪৩। একাদশী ব্রত বিষয়ে নিয়ম ধারণ করায় অসুস্থ না হইয়া সুস্থ অবস্থায় অবস্থিতি

পর্ব্বযাত্রাদিকরণং বাসরাষ্টকসদ্বিধিঃ।
বিষ্ণোঃ সর্ব্বর্ত্তুচর্য্যা চ মহারাজোপচারতঃ।
সর্ব্বেষাং বৈষ্ণবানাঞ্চ ব্রতানাং পরিপালনং।
গুরাবীশ্বরভাবশ্চ তুলসীসংগ্রহঃ সদা ॥ ১০৭ ॥
শয়নাদ্যুপচারশ্চ রামাদীনাঞ্চ চিন্তনং ॥ ১০৮ ॥
সন্ধ্যয়োঃ শয়নং নৈব ন শৌচং মৃত্তিকাং বিনা।
তিষ্ঠতাচমনং নৈব তথা গুর্ব্বাসনাসনং।
গুর্ব্বগ্রে পাদবিস্তারশ্ছায়ায়া লঙ্ঘনং গুরোঃ।

নিয়মঃ তস্মিন্ নিয়মেন স্বাস্থ্যং শ্রদ্ধয়া স্থৈর্য্যমিত্যর্থঃ। পর্ব্ব জন্মাষ্টম্যাদিমহোৎসবঃ। যাত্রা দেবালয়াদিগমনং। আদিশব্দেন তুলসীপুষ্পবাটিকাদিতত্ত্বদ্বিধানং। বাসরাষ্টকং অষ্ট মহাদ্বাদশ্যঃ। তস্য সদ্বিধিঃ সৎকারঃ যথাবিধি প্রতিপালনমিত্যর্থঃ। সর্ব্বেষু ঋতুষু বসন্তাদিষু চর্য্যা তত্তৎকালীনপুষ্পাদিভিঃ পরিচর্য্যা দোলান্দোলনাদিক্রিয়া বা। সা চ মহারাজোপচারতঃ শক্তৌ সত্যামিতি জ্ঞেয়ং ॥ ১০৭ ॥

শয়নং শয্যা আদিশব্দাৎ পাদসম্বাহনাদিঃ। তত্তদ্রূপো বা উপচারঃ রামাদীনাং চিন্তনং। রামং স্কন্দং হনূমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নস্তস্য নশ্যতি ইত্যাদ্যুক্তেঃ ॥ ১০৮ ॥

অধুনা বর্জ্যান্ দ্বিপঞ্চাশন্নিয়মানাহ সন্ধয়োরিত্যাদিনা সদেত্যন্তেন। নৈবেতি সর্ব্ব-

ইওন। ৪৪। পর্ব্ব অর্থাৎ জন্মাষ্টমী প্রভৃতির মহোৎসব তথা যাত্রা অর্থাৎ দেবালয়াদি গমন করণ। ৪৫। অষ্ট মহাদ্বাদশীর সদ্ব্যবস্থানুসারে প্রতিপাদন। ৪৬। সমুদায় ঋতুতে মহারাজোপচারে বিষ্ণুর পূজা। ৪৭। সমস্ত বৈষ্ণবব্রতের পরিপালন। ৪৮। গুরুতে ঈশ্বর বুদ্ধি। ৪৯। সর্ব্বদা তুলসীসংগ্রহকরণ। ৫০ ॥ ১০৭ ॥

শয়নাদি উপহার প্রদান। ৫১। শয়নকালে রামাদির চিন্তন অর্থাৎ "রামং স্কন্দং হনূমন্তং বৈনতেয়ং বৃকোদরং। শয়নে যঃ স্মরেন্নিত্যং দুঃস্বপ্নস্তস্য নশ্যতি" এই মন্ত্র স্মরণ ॥ ৫২ ॥ ১০৮ ॥

উভয় সন্ধ্যায় শয়ন না করা। ৫৩। মৃত্তিকা ব্যতিরেকে শৌচ না করা। ৫৪। দণ্ডায়মান হইয়া আচমন না করা। ৫৫। গুরুর আসনে উপবেশন না করা। ৫৬। গুরুর অগ্রে পাদবিস্তার। ৫৭। ও

শক্তৌ স্নানক্রিয়াহানি র্দেবতার্চ্চনলোপনং ॥ ১০৯ ॥
দেবতানাং গুরূণাঞ্চ প্রত্যুত্থানাদ্যভাবনং।
গুরোঃ পুরস্তাৎ পাণ্ডিত্যং প্রৌঢ়পাদক্রিয়া তথা ॥ ১১০ ॥
অমন্ত্রতিলকাচামো নীলীবস্ত্রবিধারণং।
অভক্তৈঃ সহ মৈত্রাদি অসচ্ছাস্ত্রপরিগ্রহঃ।
তুচ্ছসঙ্গসুখাসক্তি র্মদ্যমাংসনিষেবণং ॥ ১১১ ॥
মাদকৌষধসেবা চ মসুরাদ্যন্নভোজনং।
শাকং তুম্বীকলঞ্জাদি তথাঽভক্তান্নসংগ্রহঃ।

ত্রাগ্রেঽপ্যনুবর্ণ্যতে ॥ ১০৯ ॥

প্রত্যুত্থানাদীনাং অভাবনং অকরণমিত্যর্থঃ। প্রৌঢ়পাদলক্ষণমুক্তং। আসনারূঢ়পাদস্তু জানুনোর্ব্বাথ জঙ্ঘয়োঃ। কৃতাবশক্থিকো যস্তু প্রৌঢ়পাদঃ স উচ্যতে ॥ ১১০ ॥

মন্ত্রং বিনা তিলকং আচামশ্চাচমনমিতি। দ্বাভ্যামেক এব নিয়মঃ ॥ ১১১ ॥

আদিশব্দেন দগ্ধান্নাদি। আদিশব্দাৎ বৃন্তাকাদি। অভক্তাৎ অবৈষ্ণবাৎ অন্নস্য সংগ্রহঃ পরিগ্রহঃ সংগ্রহশব্দেন ক্ষুৎপীড়য়োদরভরণমাত্রান্নগ্রহণমনুজ্ঞাতং ॥ ১১২ ॥

গুরুর ছায়া লঙ্ঘন না করা। ৫৮। শক্তি থাকিতে স্নানকার্য্যে হানি না করা। ৫৯। দেবতার পূজালোপ না করা। ৬০ ॥ ১০৯ ॥

দেবতা ও গুরুবর্গের প্রত্যুত্থানাদি দ্বারা অভ্যর্থনা না করা। ৬১। গুরুর অগ্রে পাণ্ডিত্য প্রকাশ না করা। ৬২। ঊর্দ্ধজানু হইয়া উপবেশন না করা। ৬৩ ॥ ১১০ ॥

মন্ত্র ব্যতিরেকে তিলক রচনা।৬৪। ও আচমন না করা।৬৫। নীলী-বস্ত্র পরিধান না করা। ৬৬। অভক্তের অর্থাৎ হরিবিমুখের সহিত মিত্রতাদি না করা। ৬৭। অসৎশাস্ত্র গ্রহণ না করা। ৬৮। তুচ্ছসঙ্গ ও তুচ্ছসুখে আসক্তি না করা।৬৯। মদ্য মাংস সেবন না করা। ৭০ ॥১১১॥

মাদক ঔষধ সেবন না করা।৭১। মসুরাদি অন্ন ভোজন না করা।৭২। শাক, তুম্বী ও কলঞ্জ অর্থাৎ বিষাক্ত শস্ত্র দ্বারা হত মৃগপক্ষি ভক্ষণ

অবৈষ্ণবব্রতারম্ভস্তথা জপ্যমবৈষ্ণবং ॥ ১১২ ॥
অভিচারাদিকরণং শক্ত্যা গৌণোপচারকং।
শোকাদিপারবশ্যঞ্চ দিগ্বিদ্ধৈকাদশীব্রতং।
শুক্লা কৃষ্ণা বিভেদশ্চাসদ্ব্যাপারো ব্রতে তথা।
শক্তৌ ফলাদিভুক্তিশ্চ শ্রাদ্ধং চৈকাদশীদিনে ॥ ১১৩ ॥
দ্বাদশ্যাঞ্চ দিবাস্বাপস্তুলস্যবচয়স্তথা।
তত্র বিষ্ণোর্দিবাস্নানং শ্রাদ্ধং হর্য্যনিবেদিতৈঃ ॥ ১১৪ ॥
বৃদ্ধাবতুলসীশ্রাদ্ধং তথা শ্রাদ্ধমবৈষ্ণবং।

দিক্‌দশমী। ব্রতে অসদ্ব্যাপারঃ দ্যূতক্রীড়াদিঃ ॥ ১১৩ ॥

তত্র দ্বাদশ্যাং ॥ ১১৪ ॥

বৃদ্ধৌ বৃদ্ধিশ্রাদ্ধে তুলসীং বিনা শ্রাদ্ধং অবৈষ্ণবং বৈষ্ণবজনরহিতং ভগবদনিবেদিতা-

না করা। ৭৩। অবৈষ্ণবের নিকট হইতে অন্ন সংগ্রহ * না করা। ৭৪। বিষ্ণুসম্বন্ধ ব্যতিরেকে অন্য ব্রত আচরণ না করা। ৭৫। বিষ্ণুমন্ত্র ভিন্ন অন্য মন্ত্র জপ না করা। ৭৬ ॥ ১১২ ॥

অভিচারাদি অর্থাৎ মারণ উচ্চাটন প্রভৃতি না করা। ৭৭। সামর্থ্য থাকিতে ন্যূনকল্পে উপচার প্রদান না করা। ৭৮। শোকাদির বশীভূত না হওয়া। ৭৯। দশমীবিদ্ধ একাদশীব্রত না করা। ৮০। শুক্ল ও কৃষ্ণ-পক্ষীয় একাদশীকে বিশেষ না করা। ৮১। ব্রতধারণ করিয়া অসদ্ব্যাপার অর্থাৎ দ্যূতক্রীড়াদি না করা। ৮২। সামর্থ্য থাকিতে ব্রতদিনে ফলাদি ভোজন না করা। ৮৩। একাদশী ব্রতদিনে শ্রাদ্ধ না করা। ৮৪ ॥ ১১৩ ॥

দ্বাদশীর দিবসে নিদ্রা না যাওয়া। ৮৫। দ্বাদশীতে তুলসীচয়ন না করা। ৮৬। দ্বাদশীতে দিবাতে বিষ্ণুকে স্নান না করান। ৮৭। বিষ্ণুর অনিবেদিত অন্ন দ্বারা শ্রাদ্ধ না করা। ৮৮ ॥ ১১৪ ॥

বৃদ্ধিশ্রাদ্ধে তুলসী ব্যতিরেকে শ্রাদ্ধ না করা। ৮৯। তথা বৈষ্ণব-

* ক্ষুধায় পীড়িত ব্যক্তির উদর ভরণমাত্র অন্নের গ্রহণকে সংগ্রহ বলে।

চরণামৃতপানেঽপি শুদ্ধ্যর্থাচমনক্রিয়া ॥ ১১৫ ॥
কাষ্ঠাসনোপবিষ্টেন বাসুদেবস্য পূজনং।
পূজাকালেঽসদালাপঃ করবীরাদিপূজনং ॥ ১১৬ ॥
আয়সং ধূপপাত্রাদি তির্য্যক্‌পুণ্ড্রং প্রমাদতঃ।
পূজা চাসংস্কৃতৈর্দ্রব্যৈস্তথা চঞ্চলচিত্ততঃ ॥ ১১৭ ॥
একহস্তপ্রণামাদি অকালে স্বামিদর্শনং।
পুর্য্যুষিতাদিদুষ্টানামন্নাদীনাং নিবেদনং ॥ ১১৮ ॥

ন্নাদিবিহিতং বা। চরণামৃতপানে সত্যপি শুদ্ধ্যর্থং ইতরজলপানবিহিতাচমনং যথাকথঞ্চিৎ পূর্ব্বজাতশুদ্ধেঃ পাবিত্র্যায়াচমনমিত্যর্থঃ ॥ ১১৫ ॥

করবীরশব্দেন গৃহকরবীরং। আদিশব্দাচ্চার্কাদি জ্ঞেয়ং। তেন যদ্ভগবতঃ পূজনং। তৎ ॥ ১১৬ ॥

প্রমাদতোঽপি ॥ ১১৭ ॥

আদিশব্দেন এক প্রদক্ষিণাদি। যদ্যপি এতৎ সর্ব্বমগ্রে লেখ্যতত্তৎ প্রকরণে বিশেষতোঽভিব্যক্তং ভাবি তথাপি সুখবোধায়াত্র কিঞ্চিদ্বিবৃতং ॥ ১১৮ ॥

ভিন্ন শ্রাদ্ধ না করা অর্থাৎ অবৈষ্ণব পুরোহিত দ্বারা কিম্বা বিষ্ণুনির্ম্মাল্য ব্যতিরেকে শ্রাদ্ধ না করণ। ৯০। চরণামৃত পান সত্ত্বে শুদ্ধির নিমিত্ত অন্যজল দ্বারা আচমন না করা। ৯১ ॥ ১১৫ ॥

কাষ্ঠাসনে উপবেশন করিয়া বাসুদেবের পূজা না করা। ৯২। পূজাকালে অসৎ আলাপ না করা। ৯৩। করবীর আদি অর্থাৎ গৃহজাত করবীর ও আদিশব্দ প্রযুক্ত আকন্দপুষ্পাদি দ্বারা পূজা না করা। ৯৪॥ ১১৬

লৌহময় ধূপপাত্রাদি ব্যবহার না করা। ৯৫। ভ্রমপ্রযুক্তও বক্র পুণ্ড্র না করা। ৯৬। অপবিত্র দ্রব্য দ্বারা তথা চঞ্চলচিত্ত হইয়া পূজা না করা। ৯৭ ॥ ১১৭ ॥

একহস্ত দ্বারা নমস্কার ও একবারমাত্র প্রদক্ষিণ না করা। ৯৮। পর্য্যুষিত অথবা দূষিত অন্নাদি নিবেদন না করা। ৯৮ ॥ ১১৮ ॥

সংখ্যাং বিনা মন্ত্রজপস্তথা মন্ত্রপ্রকাশনং।
সদা শক্ত্যাং মুখ্যলোপো গৌণকালপরিগ্রহঃ।
প্রসাদাগ্রহণং বিষ্ণো র্বর্জ্জয়েদ্বৈষ্ণবঃ সদা।
চতুঃশতং বিধীনেতান্ নিষেধান্ শ্রাবয়েদ্গুরুঃ ॥ ১১৯ ॥
অঙ্গীকারে কৃতে বাঢ়ং তন্নীরাজনপূর্ব্বকং।
দেবপূজাং কারয়িত্বা দক্ষকর্ণে মনুং জপেদিতি ॥ ১২০ ॥
ততশ্চোত্থায় পূর্ণাত্মা দণ্ডবৎপ্রণমেদ্গুরুং।
তৎপাদপঙ্কজং শিষ্যঃ প্রতিষ্ঠাপ্য স্বমূর্দ্ধনি ॥ ১২১ ॥

শক্ত্যাং শক্তৌ সত্যামপি। কদাসক্ত্যেতি পাঠে কুৎসিতকর্ম্মাদ্যভিনিবেশেন মুখ্যকালস্য লোপঃ। অতএব গৌণকালস্য পরিগ্রহ ইত্যেক এব নিয়মঃ ॥ ১১৯ ॥

বাঢ়ং অঙ্গীকারে। শিষ্যেণ তেষাং স্বীকারে কৃতে সতি। তস্য শিষ্যস্য নীরাজনপূর্ব্বকং ॥ ১২০ ॥

তস্য গুরোঃ পাদপঙ্কজং স্বীয়মূর্দ্ধনি প্রতিষ্ঠাপ্য চিরং ভক্ত্যা নিধায় ॥ ১২১ ॥

সংখ্যা ব্যতিরেকে মন্ত্র জপ না করা। ১০০। ও মন্ত্র প্রকাশ না করা। ১০১। শক্তি থাকিতে সকল বিষয়ে মুখ্যকালের লোপ। ১০২। এবং গৌণকালের পরিগ্রহ না করা। ১০৩। এবং বিষ্ণুর প্রসাদ গ্রহণে অনাদর প্রকাশ না করা। ১০৪। বৈষ্ণব ব্যক্তি সর্ব্বদা এই সকল নিয়ম গ্রহণ করিবেন। গুরু এই একশত চারিটী আচার শিষ্যকে শ্রবণ করাইবেন ॥ ১১৯ ॥

শিষ্য নিয়ম সকল অঙ্গীকার করিলাম বলিয়া স্বীকার করিলে, তাঁহার নীরাজন পূর্ব্বক দেবতার পূজা করাইয়া তদীয় দক্ষিণ কর্ণে মন্ত্র জপ করিবেন ॥ ১২০ ॥

অনন্তর শিষ্য প্রসন্ন মনে গাত্রোত্থান করিয়া দণ্ডবৎ ভক্তিসহকারে বহুক্ষণ যাবৎ গুরুপাদপদ্ম মস্তকে ধারণ করিয়া দণ্ডবৎ প্রণাম করিবেন ॥ ১২১ ॥

অথ ন্যাসান্ গুরুঃ স্বস্মিন্ কৃত্বান্তর্যজনং তথা।
সাষ্টং সহস্রং তন্মন্ত্রং স্বশক্ত্যক্ষতয়ে জপেৎ।
শিষ্যঃ কুম্ভাদি তৎসর্ব্বং দ্রব্যমন্যচ্চ শক্তিতঃ।
দত্ত্বাভ্যর্চ্চ্য গুরুং নত্বা বিপ্রান্ সংপূজ্য ভোজয়েৎ ॥ ১২২ ॥
শ্রীগুরোর্ব্রাহ্মণানাঞ্চ শুভাশীর্ভিঃ সমেধিতঃ।
তাননুজ্ঞাপ্য গুর্ব্বাদীন্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ১২৩ ॥
ইতি দীক্ষাবিধানেন যো মন্ত্রং লভতে গুরোঃ।
স ভাগ্যবান্ চিরঞ্জীবী কৃতকৃত্যশ্চ জায়তে ॥ ১২৪ ॥

তমুপদিষ্টং মন্ত্রং অষ্টোত্তরসহস্রবারান্ জপেৎ। *স্বশক্তেঃ অক্ষতয়ে অহানয়ে স্বসামর্থ্য-রক্ষণার্থমিত্যর্থঃ। তৎ দীক্ষার্থানীতং মণ্ডপস্থিতং কুম্ভাদিকং সর্ব্বমেব দ্রব্যং। অন্যচ্চ মন্ত্রদক্ষিণাদিরূপং। তদুক্তং। প্রকারান্তরমালম্ব্য গুরুং যত্নেন তোষয়েৎ। গুরুপুত্র-কলত্রাদীংস্তোষয়েৎ কনকাদিভিরিতি। বিপ্রান্ ব্রাহ্মণান্ শক্ত্যা সম্যক্ পূজয়িত্বা ॥ ১২২ ॥

সমেধিতঃ সম্যগ্বর্দ্ধিতঃ ॥ ১২৩ ॥

ইতি অনেনোক্তেন গুরোঃ সকাশাৎ ॥ ১২৪ ॥

তৎ পরে গুরু আপনাতে সমস্ত ন্যাস ও মনোমধ্যে পূজা করিয়া শক্তির রক্ষা নিমিত্ত অর্থাৎ শিষ্যকে মন্ত্র প্রদান করাতে নিজদেহে প্রদত্ত মন্ত্রের কোন শক্তির হ্রাস না হয়, একারণ ঐ মন্ত্র এক সহস্র অষ্টবার জপ করিবেন। শিষ্য কুম্ভ প্রভৃতি তৎসমুদায় দ্রব্য এবং শক্ত্যনুসারে অন্যান্য দ্রব্যও গুরুকে প্রদান পূর্ব্বক পূজা ও প্রণাম করত পরে ব্রাহ্মণদিগকে পূজা করিয়া ভোজন করাইবেন ॥ ১২২ ॥

তদনন্তর শ্রীগুরুদেবের তথা ব্রাহ্মণদিগের শুভ আশীর্ব্বাদ সকল দ্বারা সম্বর্দ্ধিত হইয়া গুরু ও সেই সকল ব্রাহ্মণদিগের অনুমতি গ্রহণ করত বন্ধুবর্গের সহিত ভোজন করিবেন ॥ ১২৩ ॥

যে ব্যক্তি এইরূপ বিধানানুসারে গুরুদেবের নিকট হইতে মন্ত্র প্রাপ্ত হয়েন, তিনি ভাগ্যবান্, চিরজীবী ও কৃতার্থ হয়েন ॥ ১২৪ ॥

তথাচ সম্মোহনতন্ত্রে। শ্রীশিবোমাসম্বাদে ॥

এবং যঃ কুরুতে মর্ত্ত্যঃ করে তস্য বিভূতয়ঃ।
অতঃ পরং মহাভাগে নান্যৎ কর্ম্মাস্তি ভূতলে।
যস্যাচরণমাত্রেণ সাক্ষাৎ কৃষ্ণঃ প্রসীদতি ॥ ১২৫ ॥
প্রায়ঃ প্রপঞ্চসারাদাবুক্তোঽয়ং তান্ত্রিকো বিধিঃ।
দীক্ষায়া লিখ্যতে দিব্যো বিধিঃ পৌরাণিকোঽধুনা ॥ ১২৬ ॥
অথ বরাহপুরাণোক্তদীক্ষাবিধিঃ ॥
ইদানীং শৃণু মে দেবি পঞ্চপাতকনাশনং।

এবমুক্তপ্রকারেণ। হে মহাভাগে দেবি ॥ ১২৫ ॥

অয়ং লিখিতো যো দীক্ষাবিধিঃ স প্রায়স্তান্ত্রিকঃ। যতঃ প্রপঞ্চসারাদৌ তন্ত্রোক্তানুসারিণি গ্রন্থে উক্তঃ। তথাচ ক্রমদীপিকায়াং। প্রপঞ্চসারপ্রথিতাত্র দীক্ষেত্যাদি। দিব্য ইতি পুরাণানাং মাহাত্ম্যবিশেষাৎ। তথাচ পাদ্মে শ্রীশিবপার্ব্বতীসম্বাদে। বেদার্থাদধিকং মান্যং পুরাণার্থঞ্চ ভামিনীতি। যদ্বা। নিজপ্রিয়তমাং শ্রীধরণীং প্রতি পৃথ্বীসমুদ্ধারকেণ শ্রীভগবতা সাক্ষাদুক্তত্বাৎ ॥ ১২৬ ॥

হে দেবি ধরণি। যজনং পূজাবিধিং। যদ্যপি স্বয়মেবায়ং ভগবান্ বিষ্ণুস্তথাপি পরমবিনয়া-

---

এই বিষয় সম্মোহনতন্ত্রে।

শ্রীশিব ও উমাদেবীর সম্বাদে যথা ॥

যে মনুষ্য এই প্রকার কার্য্য করেন, সমুদায় ঐশ্বর্য্য তাঁহার করস্থিত। হে মহাভাগে! ভূতলে ইহার পর অন্য কর্ম্ম নাই, যাহার আচরণ মাত্রে সাক্ষাৎ শ্রীকৃষ্ণ প্রসন্ন হয়েন ॥ ১২৫ ॥

এই বিধি প্রায় তান্ত্রিক, যেহেতু প্রপঞ্চসারাদিতে উক্ত হইয়াছে। এক্ষণে পুরাণ শাস্ত্রোক্ত উৎকৃষ্ট দীক্ষা বিধি লিখিত হইতেছে ॥ ১২৬ ॥

অথ বরাহপুরাণোক্তদীক্ষাবিধি ॥

শ্রীভগবান্ বরাহদেব আপনার প্রিয়তমা ধরণীকে উদ্ধার করিয়া সাক্ষাৎ বলিয়াছেন, হে দেবি! এক্ষণে দেবদেব বিষ্ণুর পূজাবিধি,

যজনং দেবদেবস্য বিষ্ণোঃ পুত্র-বসুপ্রদং ॥ ১২৭ ॥
ইহ জন্মনি দারিদ্র্য-ব্যাধি-কুষ্ঠাদি-পীড়িতঃ।
অলক্ষ্মীবানপুত্রস্তু যো ভবেৎ পুরুষো ভুবি।
তস্য সদ্যো ভবেল্লক্ষ্মীরায়ুর্বিত্তং সুতাঃ সুখং ॥ ১২৮ ॥
দৃষ্ট্বা তু মণ্ডলে দেবি দেবং দেব্যা সমন্বিতং।
নারায়ণং পরং দেবং যঃ পশ্যতি বিধানতঃ।
পূজিতং নবনাভে তু ষোড়শাষ্টদলে তথা।
আচার্য্যদর্শিতং দেবং মন্ত্রমূর্ত্তিমযোনিজং ॥ ১২৯ ॥
কার্ত্তিকে মাসি শুদ্ধায়াং দ্বাদশ্যান্তু বিশেষতঃ।

দিনা আত্মানং সাক্ষাদনির্দ্দিশন্ বিষ্ণোরিত্যুক্তবান্। এবমগ্রেঽপি বোদ্ধব্যং ॥ ১২৭ ॥ ১২৮ ॥

কুতো লক্ষ্ম্যাদিকং ভবতি তদাহ দৃষ্ট্বেতি দ্বাভ্যাং। মণ্ডলে সর্ব্বতোভদ্রাদৌ। দর্শন-প্রকারমেবাহ নারায়ণমিতি। নবনাভে চক্রে ষোড়শারেঽষ্টপত্রে বেত্যর্থঃ। এতচ্চাগ্রে ব্যক্তং ভাবি। আচার্য্যোপদিষ্টং মন্ত্রমূর্ত্তিং দেবং যঃ পশ্যতি মন্ত্রং সম্যক্ জানাতি তস্য লক্ষ্ম্যাদিকং সদ্য এব ভবতীত্যর্থঃ ॥ ১২৯ ॥

দীক্ষাকালমাহ কার্ত্তিক ইতি সার্দ্ধেন। শুদ্ধায়াং শুক্লায়াং। সর্ব্বাস্বিতি মার্গশীর্ষমাঘাদি-

যদ্দ্বারা পঞ্চ মহাপাতক নাশ এবং পুত্র ও ধন প্রদান করে, তাহা আমার নিকট শ্রবণ কর ॥ ১২৭ ॥

এই জন্মে যে পুরুষ দারিদ্র্য, ব্যাধি ও কুষ্ঠাদি দ্বারা পীড়িত এবং এই পৃথিবীতে যিনি অলক্ষ্মী বিশিষ্ট ও পুত্রহীন, তাহার সদ্যঃ লক্ষ্মী-লাভ, পরমায়ু, ধন, পুত্র ও সুখলাভ হয় ॥ ১২৮ ॥

হে দেবি! যদি বল লক্ষ্ম্যাদিলাভ কিরূপে হইবে তাহার প্রকার এই যে, যে ব্যক্তি বিধানানুসারে সর্ব্বতোভদ্রাদি মণ্ডলে লক্ষ্মীর সহিত পরমব্রহ্ম নারায়ণকে দর্শন করেন অথবা নবনাভ ষোড়শার চক্রে কিম্বা অষ্টদল পদ্মে গুরূপদিষ্ট অযোনিসম্ভব মন্ত্রমূর্ত্তি স্বরূপ দেবকে পূজা করেন তাঁহার ঐ সমুদায় লাভ হইয়া থাকে ॥ ১২৯ ॥

দীক্ষাকাল যথা—

হে মহাভাগে! বিশেষ করিয়া কার্ত্তিকমাসের শুক্লা দ্বাদশীতে তথা

সর্ব্বাসু চ যজেদ্দেবং দ্বাদশীষু বিধানতঃ।
সংক্রান্তৌ চ মহাভাগে চন্দ্রসূর্য্যগ্রহেঽপি বা।
যঃ পশ্যতি হরিং দেবং পূজিতং গুরুণা শুভে।
তস্য সদ্যো ভবেত্তুষ্টিঃ পাপধ্বংসোঽপ্যশেষতঃ॥ ১৩০॥
স সামান্যো হি দেবানাং ভবতীতি ন সংশয়ঃ॥ ১৩১॥
ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরীক্ষণং।
সম্বৎসরং গুরুঃ কুর্য্যাজ্জাতিশৌচক্রিয়াদিভিঃ॥ ১৩২॥
উপসন্নাংস্ততো জ্ঞাত্বা হৃদয়েনাবধারয়েৎ।

চতুষ্টয়শ্রাবণাশ্বিনানাং শুক্লদ্বাদশীষু চেতি গ্রন্থান্তরানুসারতো জ্ঞেয়ং। তথা সংক্রান্তাবিতি। তত্তন্মাসসংক্রান্তিদ্বয়েঽপীত্যর্থঃ। এবমগ্রেঽপি বোদ্ধব্যং॥ ১৩০॥

দেবানাং ব্রহ্মাদীনাং সামান্যঃ সদৃশ ইত্যর্থঃ॥ ১৩১॥

দীক্ষাধিকারিণ আহ ব্রাহ্মণেতি সার্দ্ধদ্বয়েন। ভক্তানামিতি পাঠেঽপি সেবকানাং শূদ্রাণামিত্যর্থঃ॥ ১৩২॥

উপসন্নান্ নিকটাগতান্ প্রতি ততঃ সংবৎসরানন্তরমেব জাত্যাদি জ্ঞাত্বা দীক্ষায়া যোগ্যা অযোগ্যা বেতি মনসা বিচারয়েৎ। যদ্বা। সহবাসাদিনা নিকটবর্ত্তিনঃ সতস্তান্ জ্ঞাত্বা ব্যবহারাদিনা পরীক্ষ্য হৃদয়েন বুদ্ধ্যা অবধারয়েৎ। দীক্ষাযোগ্যত্বেন নিশ্চিনুয়াৎ। যদ্বা।

সকল দ্বাদশীতে অর্থাৎ অগ্রহায়ণ, মাঘ, ফাল্গুন, চৈত্র, বৈশাখ, শ্রাবণ ও আশ্বিনমাসের শুক্লা দ্বাদশীতে শ্রীকৃষ্ণকে পূজা করিবেন। অথবা হে শুভে! যে ব্যক্তি উল্লিখিত মাস সকলের সংক্রান্তি দিবসে, তথা চন্দ্রগ্রহণ ও সূর্য্যগ্রহণ সময়ে নারায়ণদেবকে গুরুদেব-কর্ত্তৃক পূজিত দর্শন করেন, তাঁহার সদ্যঃ তুষ্টিলাভ ও অশেষ পাপ ধ্বংস হয়॥ ১৩০॥

এবং তিনি ব্রহ্মাদি দেবগণের তুল্য হয়েন, এবিষয়ে কোন সংশয় নাই॥ ১৩১॥

গুরু, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের জাতি, শুদ্ধাচার এবং কর্ম্মাদি-সকল দ্বারা একবৎসরকাল পরীক্ষা করিবেন॥ ১৩২॥

তাহার পর ঐ সকলকে নিকটস্থ অবগত হইয়া মনোমধ্যে যোগ্য

তেঽপি ভক্তিমতো জ্ঞাত্বা আত্মনঃ পরমেশ্বরং ॥
সম্বৎসরং গুরোর্ভক্তিং কুর্য্যুর্বিষ্ণাবিবাচলাং ॥ ১৩৩ ॥
সম্বৎসরে ততঃ পূর্ণে গুরুঞ্চৈব প্রসাদয়েৎ ॥ ১৩৪ ॥
ভগবংস্ত্বৎপ্রসাদেন সংসারার্ণবতারণং।
ইচ্ছামস্ত্বৈহিকীং লক্ষ্মীং বিশেষেণ তপোধন ॥ ১৩৫ ॥
এবমভ্যর্থ্য মেধাবী গুরুং বিষ্ণুমিবাগ্রতঃ।
অভ্যর্চ্চ্য তদনুজ্ঞাতো দশম্যাং কার্ত্তিকস্য তু।
ক্ষীরবৃক্ষসমুদ্ভূতং মন্ত্রিতং পরমেষ্ঠিনা।

উপসন্নান্ কৃতোপসত্তিকান্ দীক্ষাধিকারিণ ইতি দৃঢ়ং জানীয়াদিত্যর্থঃ। উপপন্নানিতি পাঠেঽপি তথৈবার্থঃ। ভক্তিমতঃ ভক্তিযুক্তান্ আত্মনঃ স্বান্ প্রতি পরমেশ্বরং গুরুং জ্ঞাত্বা। যদ্বা। ষষ্ঠ্যন্তমেব পদদ্বয়ং। ততশ্চ ভক্তিমত ইত্যাত্মনো বিশেষণং। যদ্বা। ভক্তিমন্তঃ প্রীতিযুক্তাঃ সন্তঃ গুরুমাত্মনঃ পরমেশ্বরং জ্ঞাত্বা। ততশ্চ ভক্তিমত ইত্যার্ষং ॥ ১৩৩ ॥

তেষু যঃ পরীক্ষিতঃ শিষ্যঃ স প্রসাদয়েৎ ॥ ১৩৪ ॥

তৎপ্রকারমেবাহ ভগবন্নিতি। ইচ্ছাম ইতি বহুত্বং নিজপুত্রাদ্যপেক্ষয়া ॥ ১৩৫ ॥

অভ্যর্থ্য প্রার্থ্য। অভ্যর্চ্চ্য ধনাদিনা সংমান্য। তেন গুরুণাঽনুজ্ঞাতঃ সন্। কার্ত্তিকস্য দশম্যাং ক্ষীরযুক্তবৃক্ষোদ্ভূতং দন্তকাষ্ঠং পরমেষ্ঠিনা মূলমন্ত্রেণ মন্ত্রিতং সাধং সন্ধ্যানন্তরং ভক্ষ-

অযোগ্য বিচার করিবেন। উহাঁরাও নিজের পক্ষে গুরুকে পরমেশ্বর জ্ঞান করিয়া যেমন বিষ্ণুর প্রতি তদ্রূপ গুরুর প্রতি একবৎসরকাল অবিচল ভক্তি করিবেন ॥ ১১৩ ॥

সম্বৎসর পূর্ণ হইলে পর, গুরুকে প্রসন্ন করাইবেন ॥ ১৩৪ ॥

হে ভগবন্! হে তপোধন! আপনার প্রসন্নতায় সংসারসাগরের পার তথা পুত্র পৌত্রাদিক্রমে ঐহিক সৌভাগ্য বিশেষরূপে লাভ করিতে বাসনা করি ॥ ১৩৫ ॥

বুদ্ধিমান্ শিষ্য এই প্রকার প্রার্থনা করিয়া অগ্রে বিষ্ণুর ন্যায় গুরুদেবের পূজা করিবেন, পরে তাঁহার আজ্ঞা গ্রহণ করিয়া কার্ত্তিকমাসের শুক্লা দশমীতে ক্ষীরসম্পন্ন বৃক্ষজাত এবং মূলমন্ত্র দ্বারা মন্ত্রিত দন্তকাষ্ঠ

ভক্ষয়িত্বা শয়ীতোর্ব্যাং দেবদেবস্য সন্নিধৌ ॥ ১৩৬ ॥
স্বপ্নান্ দৃষ্ট্বা গুরোরগ্রে শ্রাবয়েত বিচক্ষণঃ।
ততঃ শুভাশুভং তদ্বদালপেৎ পরমো গুরুঃ।
একাদশ্যামুপোষ্যাথ স্নাত্বা দেবালয়ং ব্রজেৎ ॥ ১৩৭ ॥
গুরুশ্চ মণ্ডলং ভূমৌ কল্পিতায়াস্তু বর্ত্তয়েৎ।
লক্ষণৈর্বিবিধৈর্ভূমিং লক্ষয়িত্বা বিধানতঃ।
ষোড়শারং লিখেচ্চক্রং নবনাভমথাপি বা।
অষ্টপত্রমথো বাপি লিখিত্বা দর্শয়েদ্বুধঃ ॥ ১৩৮ ॥
নেত্রবন্ধং প্রকুর্ব্বীত সিতবস্ত্রেণ যত্নতঃ।

য়িত্বা দেবালয়ে ভূমৌ শয়ীত ॥ ১৩৬ ॥

তদ্বদিতি স্বপ্নানুসারেণেত্যর্থঃ। তদুক্তং। ক্রূরস্বপ্নেঽধমা দীক্ষাঽদুষ্টস্বপ্নে তু মধ্যমা। উত্তমস্বপ্নপূর্ব্বা তু দীক্ষা সর্ব্বোত্তমা মতা ইতি ॥ ১৩৭ ॥

কল্পিতায়াং সংস্কৃতায়াং। বর্ত্তয়েৎ বিরচয়েৎ। বিধানত ইতি পুণ্যাহং স্বস্ত্যাদিকং বাচয়িত্বেত্যাদিকং বোদ্ধব্যং। এবমগ্রেঽপ্যস্য পদস্যানুবর্ত্তনাদ্বিজ্ঞেয়মিতি দিক্। পঞ্চবর্ণেন রজসা যথাশোভং লিখেৎ ॥ ১৩৮ ॥

চর্ব্বণ করিয়া দেবদেবের সন্নিহিত ভূমিতে শয়ন করিয়া রহিবেন ॥১৩৬

বিচক্ষণ শিষ্য রাত্রিতে স্বপ্ন দেখিয়া অগ্রে গুরুদেবকে শ্রবণ করাইবেন, পরে সদ্গুরু তদনুসারে শুভাশুভ পর্য্যালোচনা করিবেন। তদনন্তর শিষ্য একাদশীতে উপবাস করিয়া দ্বাদশীতে স্নান করত দেবালয়ে গমন করিবেন ॥ ১৩৭ ॥

গুরু পূর্ব্ব বিধানানুসারে যাহার সংস্কার করা হইয়াছে এইরূপ ভূমিতে মণ্ডল রচনা করিবেন। পরে বিধিও লক্ষণ দ্বারা ভূমি নির্দ্দিষ্ট করিয়া বিধি অনুসারে অর্থাৎ "পুণ্যাহং স্বস্তি" ইত্যাদি পাঠ করিয়া ষোড়শার অথবা নবনাভ চক্র লিখিবেন। কিম্বা অষ্টদল পদ্ম লিখিয়া দেখাইবেন ॥ ১৩৮ ॥

যত্ন পূর্ব্বক শুভ্রবস্ত্র দ্বারা শিষ্যদিগের চক্ষু বন্ধন করিবেন এবং পুষ্প

বর্ণানুক্রমতঃ শিষ্যান্ পুষ্পাহস্তান্ প্রবেশয়েৎ ॥ ১৩৯ ॥
নবনাভং যদা কুর্য্যান্মণ্ডলং বর্ণকৈর্বুধঃ।
তদানীং পূর্ব্বতো দেবমিন্দ্রমৈন্দ্র্যাং তু পূজয়েৎ ॥ ১৪০ ॥
লোকপালমথাগ্নেয্যামগ্নিং সংপূজয়েদ্দ্বিজঃ।
যমং তদনুযাম্যায়াং নৈর্ঋত্যাং নির্ঋতিং ন্যসেৎ।
বারুণ্যাং বরুণং চৈব বায়ব্যাং পবনং যজেৎ ॥ ১৪১ ॥
ধনদং চোত্তরে ন্যস্য রুদ্রমৈশানগোচরে।

শুক্লবস্ত্রেণ নেত্রবন্ধং শিষ্যাণাং কুর্য্যাৎ। শিষ্যাণাং প্রবেশনঞ্চ মণ্ডলান্তঃস্থাপিতকলসেষু ভগবত ইন্দ্রাদীনাঞ্চ পূজানন্তরমেব জ্ঞেয়ং ॥ ১৩৯ ॥

বর্ণকৈঃ পঞ্চবর্ণৈশ্চূর্ণাদিভিঃ। ইন্দ্রমৈন্দ্র্যাং পূজয়েদিত্যত্র দিঙ্মণ্ডলে চ বিন্যস্যেত্যাদিবক্ষ্যমাণবচনতো গ্রন্থান্তরানুসারতশ্চৈবং বিধানং জ্ঞেয়ং নবনাভমণ্ডলে প্রাগাদিক্রমেণাষ্টাসু দিক্ষ্বষ্টকলসান্ মধ্যে চৈকমিত্যেবং নবকলসান্ একাকারানব্রণান্ দধ্যক্ষতবস্ত্রযুগ্মপুষ্পমালাগন্ধালঙ্কৃতান্ অন্তঃপ্রক্ষিপ্তপঞ্চপল্লবসপ্তমৃত্তিকাতীর্থোদকপূরিতান্ উপরিস্থাপিতযবশালান্যতরপূর্ণসদীপশরাবমুখান্ যবানাং ব্রীহীণাং চোপরি বিন্যস্যাদৌ মধ্যকলসে মূলমন্ত্রেণ ভগবন্তমাবাহনাদিগন্ধপুষ্পান্তৈরুপচারৈঃ সংপূজ্য পশ্চাদিন্দ্রং পূর্ব্বস্যাং দিশি অগ্ন্যাদীংশ্চ স্বস্বদিশি ক্রমেণ পূজয়েদিতি ॥ ১৪০ ॥

দ্বিজো গুরুঃ। ন্যসেদিতি তত্র স্থাপিতকলসে আবাহ্য পূজয়েদিত্যর্থঃ ॥ ১৪১ ॥

সংপূজ্য পূজয়িত্বা। বিধানেত্যুক্তেরেবং জ্ঞেয়ং। ব্যাহৃতিভিঃ শুক্লাক্ষতৈঃ ইন্দ্রাগচ্ছেত্যাদিপ্রয়োগেণাবাহ্য প্রণবাদিনা চতুর্থীনমোঽন্তেন তত্তন্নামমন্ত্রেণ সশক্তিকান্ সপরিবারান্

হস্তে দিয়া বর্ণানুসারে প্রবেশ করাইবেন ॥ ১৩৯ ॥

যখন নবনাভমণ্ডল করিবেন তখন পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা পূর্ব্বদিকে দেবইন্দ্রকে পূজা করিবেন ॥ ১৪০ ॥

গুরু অগ্নিকোণে লোকপাল অগ্নিকে, তাহার পর দক্ষিণদিকে যমকে, নৈর্ঋতকোণে নির্ঋতিকে, পশ্চিমদিকে বরুণকে এবং বায়ুকোণে পবনকে পূজা করিবেন ॥ ১৪১ ॥

আর উত্তরদিকে কুবেরকে এবং ঈশানকোণে রুদ্রকে পূজা করিবেন

সংপূজ্যৈবং বিধানেন দিক্‌পত্রেষু বিশেষতঃ।
মধ্যপত্রে তথা বিষ্ণুমর্চ্চয়েৎ পরমেশ্বরং ॥ ১৪২ ॥
পূর্ব্বপত্রে বলং পূজ্যং প্রদ্যুম্নং দক্ষিণে তথা।
অনিরুদ্ধং তথা পূজ্যং পশ্চিমে চোত্তরে তথা।
পূজয়েদ্বাসুদেবং তু সর্ব্বপাতকশান্তিদং ॥ ১৪৩ ॥
ঐশান্যাং বিন্যসেচ্ছঙ্খমাগ্নেয্যাং চক্রমেব চ।
সৌম্যায়াস্তু গদা পূজ্যা বায়ব্যাং পদ্মমেব চ।
নৈর্ঋত্যাং মুষলং পূজ্যং দক্ষিণে গরুড়ং তথা।

সায়ুধান্ সবাহনান্ সগন্ধপুষ্পাদ্যৈরুপচারৈঃ। সংপূজ্যেতি বিধানেনেতি পদমগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥ ১৪২ ॥

ততো মধ্যমকলসস্যৈব পরিতঃ পূর্ব্বদক্ষিণপশ্চিমোত্তরপত্রেষু শ্রীসঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধবাসুদেবান্ ক্রমেণ তথৈব পূজয়েদিত্যাহ পূর্ব্বেতি সার্দ্ধেন ॥ ১৪৩ ॥

এইরূপে প্রত্যেক দিক্‌পত্রে বিধানানুসারে বিশেষ করিয়া দিক্‌পাল সকলকে পূজা করত মধ্যপত্রে পরমেশ্বর বিষ্ণুকে পূজা করিবেন ॥

তাৎপর্য্য। ভূর্ভুবঃ স্বঃ উচ্চারণ পূর্ব্বক আতপতণ্ডুল প্রক্ষেপ করত "ইন্দ্র আগচ্ছ" এই বলিয়া আহ্বান করিয়া পরে প্রণব (ওঁ) পূর্ব্বে ও নমঃ শব্দ পরে দিয়া চতুর্থীবিভক্তি যোগ করত দেবগণের নামোচ্চারণ পূর্ব্বক গন্ধ পুষ্পাদি উপচার দ্বারা তাঁহাদের ও তাঁহাদের শক্তি পরিবার অস্ত্র ও বাহন সকলের পূজা করিবে ॥ ১৪২ ॥

তাহার পর মধ্যস্থাপিত কলসের পূর্ব্বপত্রে শ্রীসঙ্কর্ষণের, দক্ষিণপত্রে প্রদ্যুম্নের ও পশ্চিম পত্রে অনিরুদ্ধের পূজা করিয়া উত্তরপত্রে সমুদায় পাতকের উপশমকারি বাসুদেবকে পূজা করিবে ॥ ১৪৩ ॥

ঈশানকোণে শঙ্খের, অগ্নিকোণে চক্রের, উত্তরদিকে গদার, বায়ুকোণে পদ্মের, নৈর্ঋতকোণে মুষলের এবং দক্ষিণদিকে গরুড়ের পূজা করিবে। বুদ্ধিমান্ ব্যক্তি দেবদেবের বামদিকে লক্ষ্মীর পূজা করি-

বামতো বিন্যসেল্লক্ষ্মীং দেবদেবস্য বুদ্ধিমান্।
ধনুশ্চৈব চ খড়্গঞ্চ দেবস্য পুরতো ন্যসেৎ।
শ্রীবৎসং কৌস্তুভঞ্চৈব দেবস্য পুরতোঽর্চ্চয়েৎ।
এবং পূজ্য যথান্যায়ং দেবদেবং জনার্দ্দনং।
দিঙ্মণ্ডলে চ বিন্যস্য চাষ্টৌ কুম্ভান্ বিধানতঃ।
বৈষ্ণবং কলসঞ্চৈব নবমং তত্র কল্পয়েৎ ॥ ১৪৪ ॥
স্নাপয়েন্মুক্তিকামাংস্তু বৈষ্ণবেন ঘটেন তু।
শ্রীকামান্ স্নাপয়েত্তদ্বদৈন্দ্রেণাথ ঘটেন তু।
জয়প্রতাপকামাংস্তু আগ্নেয়েনাভিষেচয়েৎ।
মৃত্যুঞ্জয়বিধানেন যাম্যেন স্নপনং তথা।
দুষ্টপ্রধ্বংসনায়ালং নৈর্ঋতেন বিধীয়তে।

যথান্যায়ং যথোচিতং পূজা সংপূজা। তচ্চ ক্রমদীপিকাদ্যনুসারেণ দ্রষ্টব্যং ॥ ১৪৪ ॥
ততো ধূপদীপাদৌরশেষৈরুপচারৈর্ভগবন্তমিন্দ্রাদীংশ্চ পূজয়িত্বা শিষ্যায় মণ্ডলং দর্শয়িত্বা পুষ্পাঞ্জলিপূর্ব্বকং প্রণামং কারয়িত্বা বৈষ্ণবাদিভির্নবভিরেব কলসৈঃ শিষ্যং স্নাপয়েদিতি জ্ঞেয়ং। তত্র চ কলসভেদেন ফলভেদমাহ স্নাপয়েদিতি চতুর্ভিঃ ॥ ১৪৫ ॥

বেন। তথা সম্মুখে ধনু ও খড়্গের পূজা করিবেন। আর শ্রীবৎস ও কৌস্তুভ এই দুইকেও ভগবানের সম্মুখে পূজা করিবেন। এইরূপে বিধানপূর্ব্বক দেবদেব জনার্দ্দনকে পূজা করিয়া এবং বিধানানুসারে অষ্টদিকে অষ্ট কুম্ভ স্থাপন করিয়া বিষ্ণুসম্বন্ধীয় নবম কলস সেই স্থানে স্থাপন করিবেন ॥ ১৪৪ ॥

যাঁহারা মুক্তি কামনা করিবেন তাঁহাদিগকে বিষ্ণুর কলস দ্বারা স্নান করাইবেন। যাঁহারা সম্পত্তি কামনা করিবেন তাঁহাদিগকে ইন্দ্রের ঘট দ্বারা স্নান করাইবেন। যাঁহারা জয় ও প্রতাপ কামনা করিবেন তাঁহাদিগকে অগ্নিসম্বন্ধীয় ঘটে স্নান করাইবেন। যাঁহারা মৃত্যু জয় করিতে ইচ্ছা করিবেন তাঁহাদিগকে যমের কলস দ্বারা স্নান করাইবেন। যাঁহারা একেবারে দুষ্টের সংহার বাসনা করিবেন, তাঁহাদের

শান্তয়ে বারুণেনাথ পাপনাশায় বায়বং।
দ্রব্যসম্পত্তিকামস্য কৌবেরেণ বিধীয়তে।
রৌদ্রেণ জ্ঞানহেতুস্তু লোকপালঘটাস্ত্বিমে॥ ১৪৫॥
একৈকেন নরঃ স্নাতঃ সর্ব্বপাপবিবর্জিতঃ।
ভবেদব্যাহতজ্ঞানঃ শ্রীমাংশ্চ পুরুষঃ সদা।
কিং পুনর্নবভিঃ স্নাতো নরঃ পাতকবর্জিতঃ।
জায়তে বিষ্ণুসদৃশঃ সদ্যো রাজাথ বা পুনঃ॥ ১৪৬॥
অথবা দিক্ষু সর্ব্বাসু যথাসংখ্যেন লোকপান্।
পূজয়েৎ স্বস্বনাম্না তু ষড়্ভিন্নেন বিধানতঃ॥ ১৪৭॥

পুনশ্চৈকৈকেন স্নানস্য ফলবিশেষং সমুচিতৈশ্চ তৈর্মহাফলমাহ একৈকেনেতি দ্বাভ্যাং॥১৪৬ পূজায়াং পক্ষান্তরমাহ অথ বেতি। স্বস্বনাম্না স্বস্বনামমন্ত্রেণ হৃদয়াদিক্রমেণ ষড়্ভিন্নেন ইন্দ্রাদীনাং ষড়ঙ্গপূজা কার্য্যেত্যর্থঃ॥ ১৪৭॥

সম্বন্ধে নৈর্ঋতের কলস দ্বারা স্নান বিধান করাইবেন। যাঁহারা শান্তির নিমিত্ত অভিলাষী হইবেন, তাঁহাদিগকে বরুণের কলস দ্বারা, পাপ বিনাশ কামিদিগকে বায়ুর কলস দ্বারা, দ্রব্য সম্পত্তি অভিলাষুকদিগকে কুবেরের কলস দ্বারা স্নান করাইবেন, আর যাঁহারা জ্ঞানলাভে ইচ্ছা করিবেন তাঁহাদের রুদ্র কলস দ্বারা স্নান করা বিধেয়। এই সমুদায় গুলি লোকপালদিগের কলস॥ ১৪৫॥

যে পুরুষ একটীমাত্র কলস দ্বারা স্নান করিবেন তিনি সর্ব্বদা সর্ব্ব-পাপ বর্জিত, অবিনশ্বর জ্ঞানশালী ও শ্রীমান্ হইবেন। আর যে ব্যক্তি নয়টী কলস দ্বারাই স্নান করিবেন,তাঁহার কথা অধিক কি বলিব,সেই নর সদ্যঃ সমস্ত পাতক বর্জিত এবং বিষ্ণুসদৃশ কিম্বা রাজা হইবেন॥ ১৪৬॥

অথবা সকল দিকে যথা সংখ্যায় স্বস্ব নাম উচ্চারণ করিয়া লোক পালদিগের হৃদয়াদিক্রমে ষড়ঙ্গভেদে পূজা করিবেন॥ ১৪৭॥

এবং সংপূজ্য দেবাংস্তু লোকপালান্ প্রসন্নধীঃ।
পশ্চাৎ পরীক্ষিতান্ শিষ্যান্ বদ্ধনেত্রান্ প্রবেশয়েৎ।
আগ্নেয়ধারণাদগ্ধান্ বায়ুনা বিধুতাংস্ততঃ।
সোমেনাপ্যায়িতান্ পশ্চাচ্ছ্রাবয়েন্নিয়মান্ বুধঃ ॥ ১৪৮ ॥
ন নিন্দেদ্ব্রাহ্মণান্দেবান্ বিষ্ণুং ব্রহ্মাণমেব চ।
রুদ্রমাদিত্যমগ্নিঞ্চ লোকপালান্ গ্রহাংস্তথা।
বন্দেত বৈষ্ণবং চাপি পুরুষং পূর্ব্বদীক্ষিতং ॥ ১৪৯ ॥
এবন্তু সময়ান্ শ্রাব্য পশ্চাদ্ধোমং তু কারয়েৎ।
তত্ত্বানি শিষ্যদেহেষু বিন্যস্য চ বিশোধয়েৎ ॥

অথ পরিহিতশুক্লনববস্ত্রং তাদৃগুত্তরীয়মাচান্তমলঙ্কৃতং শুক্লবস্ত্রবদ্ধনেত্রং শিষ্যং মণ্ডলং প্রদক্ষিণেন প্রবেশ্য প্রাঙ্মুখমুপবিষ্টং তং বায্বগ্নিবরুণবীজৈঃ কৃতভূতশুদ্ধিং প্রণতং প্রহ্বীভূতং সময়ান্ শ্রাবয়েদিত্যাহ এবমিতি দ্বাভ্যাং। আগ্নেয্যা ধারণয়া দগ্ধানিতি তদ্দগ্ধত্বং ধ্যানেনৈবেতি জ্ঞেয়ং। এবমগ্রেঽপি ॥ ১৪৮ ॥

সময়ানেবাহ ন নিন্দেদিতি সার্দ্ধেন। পূর্ব্বদীক্ষিতং দীক্ষাক্রমেণ স্বস্মাৎ জ্যেষ্ঠমিত্যর্থঃ। ব্রাহ্মণাদীনামেতেষাং বন্দনাদিনা সম্মাননৈব কার্য্যা নতু কদাচিদপি নিন্দেত্যর্থঃ ॥ ১৪৯ ॥

শ্রাব্য শ্রাবয়িত্বা। শিষ্যেণ সহর্ষং তদঙ্গীকারে কৃতে পশ্চাদ্ধোমং কুর্য্যাৎ। তত্ত্বানি বিন্যস্য ক্রমদীপিকাদ্যুক্ততত্ত্বন্যাসাদিকং কৃত্বা তদ্দেহাং বিশোধয়েৎ। হোমবিধিমাহ ষোড়-

---

এইরূপে লোকপাল দেবতাদিগকে পূজা করিয়া প্রসন্নচিত্ত গুরু পশ্চাৎ পরীক্ষিত বদ্ধনেত্র শিষ্যদিগকে প্রবেশ করাইবেন।

তদনন্তর অগ্নি, বায়ু ও বরুণের বীজ দ্বারা শিষ্যদিগের ভূতশুদ্ধি করাইয়া নিয়ম সকল শ্রবণ করাইবেন ॥ ১৪৮ ॥

ব্রাহ্মণ, দেবতা, বিষ্ণু, ব্রহ্মা, রুদ্র, সূর্য্য, অগ্নি, লোকপাল, গ্রহ, তথা পূর্ব্বদীক্ষিত বৈষ্ণব ইহাঁদের নিন্দা করিবে না, বন্দনা করিবে ॥ ২৪৯ ॥

গুরু এই সকল নিয়ম শ্রবণ করাইয়া পশ্চাৎ হোম করিবেন এবং শিষ্যের সর্ব্ব শরীরে তত্ত্ব সকল বিন্যাস করিয়া শোধন করিবেন।

ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ স্বাহা।
ষোড়শাক্ষরমন্ত্রেণ হোময়েজ্জ্বলিতানলঃ।
গর্ভাধানাদিকাশ্চৈব ক্রিয়াঃ সর্ব্বাশ্চ কারয়েৎ।
ত্রিভিস্ত্রিভিরাহুতিভির্দেবদেবস্য সন্নিধৌ।
ততোঽপনীয় দৃগ্বন্ধং পুরঃ শিষ্যং নিবেশ্য চ।

শেতি সার্দ্ধেন। হোময়েৎ। হোমং কুর্য্যাৎ। তৎপ্রকারমেব শিষ্যং দর্শয়তি গর্ভেতি। আদিশব্দেন পুংসবন--সীমন্তোন্নয়ন--জাতকর্ম্ম--নামকরণান্নপ্রাশন-চৌড়োপনয়ন-স্নান-বিবাহাখ্যাঃ সংস্কারাঃ। অত্র চায়ং প্রকারো গ্রন্থান্তরানুসারেণ দ্রষ্টব্যঃ। ষোড়শারচক্রেঽষ্টদলকমলে বা পীঠপূজাং কৃত্বাবাহনাদিভিরুপচারৈর্ভগবন্তমভ্যর্চ্চ্য স্বগৃহোক্ত-বিধিনাগ্নিস্থাপনাদি কর্ম্ম পূর্ব্বলিখিতবদ্বিধায়াত্রোক্তেন ষোড়শাক্ষরমন্ত্রেণাগ্নের্গর্ভাধানাদিসংস্কারান্ কুর্য্যাৎ। তত্রচ প্রত্যেক সংস্কারমাহুতিত্রয়ং জুয়াদিতি। কিঞ্চ। অনন্তরমাজ্য ভাগান্তে মূলমন্ত্রেণাগ্নৌ দেবমাবাহ্য গন্ধাদিভিরুপচারৈরভ্যর্চ্চ্য ষোড়শাক্ষরমন্ত্রেণাষ্টোত্তরং সহস্রং শতং বা সংস্কৃতাজ্যেন জুহুয়াৎ। ততঃ শিষ্টকৃতাদিহোমশেষং সমাপ্য পূর্ণাহুতিং দত্ত্বা বৈশ্বানরং প্রণবাদিনমোঽন্তমন্ত্রেণ গন্ধাদিভিরুপচারৈরভ্যর্চ্চ্য শিষ্যং প্রণময্য মণ্ডলস্যৈশানদিশি পুষ্পাদিবিভূষিতায়াং ভুবি রচিতভদ্রপীঠমানীয়াস্ত্রমন্ত্রাদিমন্ত্রিতৈঃ পুষ্পৈঃ সম্ভাব্য পাশনিরাকরণবুদ্ধ্যা নেত্রবন্ধনবস্ত্রমপনীয় জ্ঞানরূপ-হৈমশলাকয়া নয়নে উন্মীল্য পুষ্পাঞ্জলিং গ্রাহয়িত্বা। অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নম ইতি গুরুপাদয়োর্দ্দত্তপুষ্পাঞ্জলিং ভদ্রপীঠে পুরতঃ উপবিষ্টো গুরুঃ স্বন্যস্তাসনে তমুপবেশ্য শক্ত্যুচ্ছলনমার্গেণ নিজমধ্যমনাড়ীং তন্মধ্যমনাড্যাং সমাবিশন্তীং বিচিন্ত্য শক্তিঞ্চ তন্নাশিকতয়া তদ্ধৃদয়ে সমুল্লসন্তীং পরিভাব্য স্বহৃদয়াচ্চ পরবিদ্যাং বর্ণরূপেণ চিদানন্দস্ফুলিঙ্গমালামিব তদ্বদনং প্রবিশন্তীং ধ্যায়েৎ। ততশ্চ মূলমন্ত্রং ত্রিঃ শিষ্যকর্ণে শ্রাবয়েৎ। পশ্চাদর্ঘ্যপাত্রজলেন অমুকর্ষিমমুকচ্ছন্দস্কমমুকদেবতাকমমুকনাম্নে মদংশায় তুভ্যমহং সংপ্রদদে অস্মৈ চাবয়োঃ সমানফলপ্রদো ভবত্বিতি জলং তদ্ধস্তে নিক্ষিপেৎ। তথৈব শিষ্যোঽপি গুরু-

পরে অগ্নি প্রজ্বলিত করিয়া "ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বরূপিণে হুঁ স্বাহা" এই ষোড়শাক্ষর মন্ত্র দ্বারা হোম করিবেন এবং দেবতার সন্নিধানে তিন তিন আহুতি দ্বারা গর্ভাধানাদি কার্য্য সমুদায় করিবেন।

তাহার পর গুরু শিষ্যের চক্ষু বন্ধন উন্মোচন পূর্ব্বক সম্মুখে উপ-

প্রায়ঃ পূর্ব্বোক্তবিধিনা মন্ত্রং তস্মৈ গুরুর্দ্দিশেৎ ॥ ১৫০ ॥
হোমান্তে দীক্ষিতঃ পশ্চাদ্দাপয়েদ্গুরুদক্ষিণাং।
হস্ত্যশ্ব-রত্ন-কটকং হেম-গ্রামাদিকং নৃপঃ।
দাপয়েদ্গুরবে প্রাজ্ঞো মধ্যমো মধ্যমাং তথা।
দাপয়েদিতরো যুগ্মং সহিরণ্যং যথাবিধি ॥ ১৫১ ॥
এবং কৃতে তু যৎ পুণ্যং মাহাত্ম্যং জায়তে ধরে।
তদশক্যং তু গদিতুমপি বর্ষশতৈরপি ॥ ১৫২ ॥
দীক্ষিতাত্মা গুরো র্ভূত্বা বারাহং শৃণুয়াদ্যদি।

দেবতামন্ত্রৈকাং ভাবয়ন্ যথাশক্তি জপেদিতি ॥ ১৫০ ॥

ততশ্চ পুণ্যাহং বাচয়িত্বা গুরবে দক্ষিণাং দদ্যাদিত্যাহ হোমান্ত ইতি। দীক্ষিতঃ গৃহীত-দীক্ষাকঃ সন্। নৃপ ইতি রাজতুল্যশক্তিশ্চেদিতার্থঃ। যুগ্মং বস্ত্রদ্বয়ং তৎপশ্চাচ্চৈবমত্র বিধানং জ্ঞেয়ং। অদ্য প্রভৃতি যাবজ্জীবং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রত্যহং ভগবন্তং শ্রীকৃষ্ণং পূজ-য়িষ্য ইতি সংকল্প্য দেবং গুরূপদিষ্টমার্গেণ পূজয়িত্বা সর্ব্বদেবতা উদ্বাস্য ব্রাহ্মণান্ ভোজয়িত্বা দীক্ষোপকরণজাতং গুরবে নিবেদ্য স্বজনানপি সম্মানয়েদিতি ॥ ১৫১ ॥

দীক্ষাফলমাহ এবমিত্যাদিনা শ্রুতিরিত্যন্তেন ॥ ১৫২ ॥

জয় মাধব-শব্দার্থমানসোল্লাসপুস্তকান্। দীক্ষাপদ্ধতিমালোচ্য টীকেয়ং লিখিতা ময়া।

বেশন করাইয়া প্রায় পূর্ব্বোক্ত বিধি দ্বারা তাঁহাকে মন্ত্র উপদেশ করি-বেন ॥ ১৫০ ॥

হোমান্তে দীক্ষাপ্রাপ্ত প্রাজ্ঞ শিষ্য রাজার তুল্য শক্তিশালী হইলে গুরুদেবকে হস্তী, অশ্ব, রত্নালঙ্কার, স্বর্ণ এবং গ্রামাদি দক্ষিণা প্রদান করিবেন। মধ্যম ব্যক্তি হইলে মধ্য প্রকারের দক্ষিণা প্রদান করিবেন। তদ্ভিন্ন অন্য ব্যক্তি যথাবিধি স্বর্ণের সহিত বস্ত্রযুগল দান করিবেন ॥ ১৫১

হে ধরণি! এই প্রকারে কার্য্য করিলে যে পুণ্য ও মাহাত্ম্য জন্মে তাহা এক শত বৎসরেও বলিতে সমর্থ হওয়া যায় না ॥ ১৫২ ॥

শিষ্য গুরুর নিকট হইতে দীক্ষা প্রাপ্ত হইয়া যদি বরাহপুরাণ শ্রবণ

তেন বেদাঃ পুরাণানি সর্ব্বে মন্ত্রাঃ সুসংগ্রহাঃ।
জপ্তাঃ স্যুঃ পুষ্করে তীর্থে প্রয়াগে সিন্ধুসাগরে।
দেবহ্রদে কুরুক্ষেত্রে বারাণস্যাং বিশেষতঃ।
গ্রহণে বিষুবে চৈব যৎ ফলং জপতাং ভবেৎ।
তৎ ফলং দ্বিগুণং তস্য দীক্ষিতো যঃ শৃণোতি চ।
দেবা অপি তপঃ কৃত্বা ধ্যায়ন্তি চ বদন্তি চ।
কদা মে ভারতে বর্ষে জন্ম স্যাদ্ভূতধারিণি।
দীক্ষিতাশ্চ ভবিষ্যামো বারাহং শৃণুমঃ কদা।
বারাহং ষোড়শাত্মানং যুক্তা দেহে কদাচন।
পশ্যামঃ পরমং স্থানং যদ্গত্বা ন পুনর্ভবেৎ॥ ১৫৩॥

বারাহং বরাহপুরাণং। ষোড়শানাং শ্রীভাগবত-ব্যতিরিক্ত-পদ্মপুরাণাদীনাং। আত্মানং আশ্রয়ং প্রবর্ত্তকং বা প্রথমং শ্রীব্যাসতস্তস্যৈবাবির্ভাবপ্রসিদ্ধেঃ দেহে যুক্ত্বা শ্রবণাদিনা সংযুজ্য। যদ্বা। ষোড়শানাং তত্ত্বানামাত্মানমধিষ্ঠাতারং ষোড়শযজ্ঞমূর্ত্তিং বা শ্রীবরাহরূপং ভগবন্তং দেহে মনঃপ্রধানে ইন্দ্রিয়াদ্যাত্মকে বা ধ্যানাদিনা সাক্ষাদিব স্ফোরয়িত্বা॥ ১৫৩॥

করেন তাহা হইলে তাঁহার সমস্ত বেদ, সমস্ত পুরাণ ও সমস্ত মন্ত্র সুন্দর-রূপে সংগ্রহ হয় এবং পুষ্করতীর্থে, প্রয়াগে, সাগরসঙ্গমে, নৈমিষারণ্যে, কুরুক্ষেত্রে ও বিশেষ করিয়া কাশীতে পাঠ করার ফল হয়॥

অপর গ্রহণকালীন ও বিষুবসংক্রান্তিতে জপ করিলে যে ফল হয়, আর যিনি দীক্ষিত হইয়া বরাহপুরাণ শ্রবণ করেন তিনি উহার দ্বিগুণ ফল লাভ করেন॥

হে ভূতধাত্রি ধরণি! দেবগণও তপস্যা করিয়া চিন্তা করেন এবং বলিয়া থাকেন, কবে আমাদের ভারতবর্ষে জন্ম হইবে ও কবে আমরা দীক্ষিত হইয়া বরাহপুরাণ শ্রবণ করিব॥

কবে শ্রীমদ্ভাগবত ব্যতিরিক্ত পদ্মাদি ষোড়শ পুরাণের আশ্রয় স্বরূপ বরাহপুরাণ দেহে সংযুক্ত করিয়া অর্থাৎ শ্রবণাদি দ্বারা উহাঁর পূজা করিয়া পরম স্থান দর্শন করিব, যে স্থানে গমন করিলে আর পুনরায়

এবং জল্পন্তি বিবুধা মনসা চিন্তয়ন্তি চ।
বারাহযাগং কার্ত্তিক্যাং কদা দ্রক্ষ্যামহে ধরে ॥ ১৫৪ ॥
এষ তে বিধিরুদ্দিষ্টো ময়া তে ভূতধারিণি।
দেবগন্ধর্ব্বযক্ষাণাং সর্ব্বথা দুর্ল্লভো হ্যসৌ।
এবং যো বেত্তি তত্ত্বেন যশ্চ পশ্যতি মণ্ডলং।
যশ্চেমং শৃণুয়াদ্দেবি সর্ব্বে মুক্তা ইতি শ্রুতিঃ ॥ ১৫৫ ॥
অথ সংক্ষিপ্তদীক্ষা ॥
সংক্ষিপ্তশ্চাথ দীক্ষায়া বিধিরেষ বিলিখ্যতে।
মুখ্যকল্পে হ্যশক্তস্য জনস্য স্যাদ্ধিতায় যঃ।
সুমুহূর্ত্তেঽথ সংপ্রাপ্তে সর্ব্বতোভদ্রমণ্ডলে।

কিং চিন্তয়ন্তি তদাহ বারাহযাগমিতি। হে ধরে ইতি তচ্চিন্তনং কথয়ন্ শ্রীবরাহো ভগবান্ ধরণীং সম্বোধয়তি ॥ ১৫৪ ॥ উদ্দিষ্টঃ সংক্ষেপেণ কথিতঃ ॥ ১৫৫ ॥
অশক্তস্য হিতায় যঃ স্যাৎ ॥

জন্মগ্রহণ করিতে হয় না ॥ ১৫৩ ॥

হে ধরিত্রি! কবে কার্ত্তিকী পূর্ণিমায় বরাহযাগ দর্শন করিব, দেবতারা এইরূপ মনে মনে চিন্তা করেন ও বলিয়া থাকেন ॥ ১৫৪ ॥

হে ভূতধারিণি ধরণি! আমি তোমাকে এই বিধি সংক্ষেপে বলিলাম কিন্তু ইহা দেব, গন্ধর্ব্ব ও যক্ষগণের সর্ব্ব প্রকারে দুর্ল্লভ ॥

যিনি যথার্থরূপে এই সকল জানিতে পারেন, আর যিনি মণ্ডল দর্শন করেন এবং যিনি ইহা শ্রবণ করেন, হে দেবি! তাঁহারা সকলেই মুক্ত হইবেন, এইরূপ শ্রুতি আছে ॥ ১৫৫ ॥

অথ সংক্ষিপ্ত দীক্ষা ॥

অনন্তর দীক্ষার এই সংক্ষিপ্ত বিধি লিখিত হইতেছে, যাহা মুখ্যকল্পে অশক্ত ব্যক্তির হিতের নিমিত্ত হইতে পারে। শোভন কাল উপস্থিত হইলে, সর্ব্বতো ভদ্রমণ্ডলে গন্ধপুষ্পাদি ভূষিত, বস্ত্রাচ্ছাদিত, জলপূর্ণ,

নূতনং গন্ধপুষ্পাদিমণ্ডিতং কলসং ন্যসেৎ।
বস্ত্রাবৃতং পয়ঃপূর্ণং পঞ্চপল্লবসযুতং।
সর্ব্বৌষধি-পঞ্চরত্ন-মৃৎস্না-সপ্তকগর্ভিতং॥
মৃত্তিকাশ্চ সপ্তোক্তাঃ॥
অশ্বস্থানাদ্গজস্থানাদ্বল্মীকাচ্চ চতুষ্পথাৎ।
রাজদ্বারাচ্চ গোষ্ঠাচ্চ নদ্যাঃ কূলান্মৃদঃ স্মৃতা ইতি॥
কৃষ্ণমভ্যর্চ্চ্য তং কুম্ভং কুশকূর্চ্চেন দেশিকঃ।
দেয়মন্ত্রেণ সাষ্টন্তু সহস্রমভিমন্ত্রয়েৎ॥ ১৫৬॥
তদদ্ভিঃ পূর্ব্ববচ্ছিষ্যমভিষিচ্য দিশেন্মনুং।
শিষ্যোঽর্চ্চয়েদ্গুরুং ভক্ত্যা যথাশক্তি দ্বিজানপি॥ ১৫৭॥

সাষ্টং অষ্টোত্তরং সহস্রং॥ ১৫৬॥ দিশেৎ কথয়েৎ॥ ১৫৭॥

আম্র, জম্বু, কপিত্থ, দাড়িম্ব ও বিল্ব এই পঞ্চপল্লব সংযুক্ত নূতন কলস স্থাপন করিবেন কিন্তু তাহার মধ্যে সর্ব্বৌষধি, অর্থাৎ মুরা, মাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, কুঙ্কুম, স্বঠী, চম্পক ও মুথা, আর পঞ্চরত্ন অর্থাৎ কাঞ্চন, হীরক, নীলকান্তমণি, পদ্মরাগমণি ও মুক্তা এবং উৎকৃষ্ট সপ্ত মৃত্তিকা স্থাপন করিতে হইবে॥

সপ্তমৃত্তিকা উক্ত হইয়াছে যথা—

অশ্বশালা, হস্তিশালা, বল্মীক, চতুষ্পথ, রাজদ্বার, গোষ্ঠ ও নদীকূল এই সপ্ত স্থান হইতে আনীত মৃত্তিকাকে সপ্ত মৃত্তিকা বলিয়া থাকে॥

গুরু শ্রীকৃষ্ণের পূজা করিয়া যে মন্ত্র প্রদান করা হইবে, সেই মন্ত্র দ্বারা কুশের ব্রহ্মগ্রন্থি সহকারে এক সহস্র অষ্টবার ঐ কুম্ভকে মন্ত্রিত অর্থাৎ তাহার উপর জপ করিবেন॥ ১৫৬॥

পরে ঐ কুম্ভের জলদ্বারা পূর্ব্বকথিত বিধি অনুসারে শিষ্যকে অভিষেক করিয়া মন্ত্র উপদেশ করিবেন। শিষ্য ভক্তি সহকারে যথাশক্তি গুরুদেব ও ব্রাহ্মণদিগেরর পূজা করিবেন॥ ১৫৭॥

অথোপদেশস্তত্ত্বসারে ॥

অত্রাপ্যশক্তঃ কশ্চিচ্চেদব্জমভ্যর্চ্চ্য সাক্ষতং।
তদম্ভসাভিষিচ্যাষ্ট বারান্মূলেন কে করং।
নিধায়ামুং জপেৎ কর্ণে উপদেশে স্বয়ং বিধিঃ।
চন্দ্রসূর্য্যগ্রহে তীর্থে সিদ্ধক্ষেত্রে শিবালয়ে।
মন্ত্রমাত্র প্রকথনমুপদেশঃ স উচ্যতে ॥ ১৫৮ ॥
তত্র তত্রৈব বিশেষঃ শ্রীনারদপঞ্চরাত্রে ॥
বিত্তলোভাদ্বিমুক্তস্য স্বল্পবিত্তস্য দেহিনঃ।
সংসারভয়ভীতস্য বিষ্ণুভক্তস্য তত্ত্বতঃ।
অগ্নাবাজ্যান্বিতে বীজৈঃ সলিলৈঃ কেবলৈশ্চ বা।
দ্রব্যহীনস্য কুর্ব্বীত বচসানুগ্রহং গুরুঃ ॥ ১৫৯ ॥

কে মস্তকে করং নিধায়। অমুং মূলমন্ত্রং ॥ ১৫৮ ॥

পূর্ব্বলিখিতবিস্তীর্ণে সংক্ষিপ্তে চ বিধাবপবাদং লিখতি বিত্তেতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ। বীজৈর্যবাদিভিঃ বচসৈব বা ॥ ১৫৯ ॥

অথ তত্ত্বসারের উপদেশ যথা—

যদি কেহ ইহাতেও অশক্ত হয়েন, তবে আতপতণ্ডুলের সহিত একটী পদ্মকে পূজা করিয়া তাহার জলদ্বারা মূলমন্ত্র পাঠ করত শিষ্যকে আটবার অভিষেক করিবেন। পরে তাহার মস্তকে হস্ত দিয়া মূল মন্ত্র কর্ণে জপ করিবেন। উপদেশে এই বিধি উক্ত হইয়াছে।

অথবা চন্দ্রগ্রহণ, সূর্য্যগ্রহণ, তীর্থ, সিদ্ধক্ষেত্র ও শিবালয়, এই সকল স্থানে কেবল মন্ত্র প্রদান করাকেই উপদেশ বলে ॥ ১৫৮ ॥

নারদ পঞ্চরাত্রে ঐ ঐ বিষয়ে বিশেষ করিয়া বলা হইয়াছে ॥

যে ব্যক্তির ধনলোভ নাই, ধনসম্পত্তিও সামান্য, তিনি যদি সংসার ভয়ে ভীত হয়েন এবং যথার্থরূপে বিষ্ণুতে ভক্তি করেন তাহা হইলে তাঁহার কোন দ্রব্য সম্পত্তি না থাকিলেও গুরু ঘৃতসংযুক্ত অগ্নিতে যবাদি বীজ দ্বারা অথবা সলিল দ্বারা হোম করিয়া তাঁহার প্রতি মন্ত্র

যঃ সমঃ সর্ব্বভূতেষু বিরাগো বীতমৎসরঃ।
জিতেন্দ্রিয়ঃ শুচির্দক্ষঃ সর্ব্বাঙ্গাবয়বান্বিতঃ।
কর্ম্মণা মনসা বাচা ভীতে চাভয়দঃ সদা।
সমবুদ্ধিপদং প্রাপ্তস্তত্রাপি ভগবন্ময়ঃ।
পঞ্চকালপরশ্চৈব পঞ্চরাত্রার্থবিত্তথা।
বিষ্ণুতত্ত্বং পরিজ্ঞায় একং চানেকভেদগং।
দীক্ষয়েন্মেদিনীং সর্ব্বাং কিং পুনশ্চোপসন্নতান্ ॥ ১৬০ ॥
অথ মন্ত্রদানমাহাত্ম্যং। স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥
ইহ কীর্ত্তিং বদান্যত্বং প্রজাবৃদ্ধিং ধনং সুখং।

নন্থ তথা দীক্ষাবিধঃ কথং সম্পূর্ণোঽস্তিত্যাহ য ইতি সার্দ্ধত্রিভিঃ। সর্ব্বৈরঙ্গস্থ দেহস্থাবয়বৈরন্বিতঃ। সমবুদ্ধীনাং জ্ঞানিনাং পদং পঞ্চসু কালেষু যংকৃত্যং তৎপর ইত্যর্থঃ। একমপ্যনেকভেদপ্রাপ্তমিতি ভেদাভেদসিদ্ধান্তাপেক্ষয়া উপসন্নতান্ ভক্ত্যা প্রপন্নানিত্যর্থঃ ॥ ১৬০ ॥

প্রদান রূপ অনুগ্রহ করিবেন ॥ ১৫৯ ॥

যিনি সর্ব্ব প্রাণির প্রতি সম অর্থাৎ কোন ইতর বিশেষ করেন না, যাঁহার কোন বস্তুতে আসক্তি নাই, যাঁহার মাৎসর্য্য দূর হইয়াছে, যিনি জিতেন্দ্রিয়, পবিত্র আচারশালী ও পটু, যাঁহার কোন অঙ্গ হানি হয় নাই সমুদায় অঙ্গ পরিপূর্ণ আছে, যিনি কর্ম্ম, মন ও বাক্য দ্বারা সর্ব্বদা ভীত-ব্যক্তিতে অভয়দান করেন, যিনি জ্ঞানিগণের পদ প্রাপ্ত হইয়াছেন, যিনি সেই পদ প্রাপ্ত হইয়া পুনরায় ভগবৎস্বরূপ হইয়াছেন, যিনি পঞ্চ কালের ক্রিয়া সকল করিয়া থাকেন, যিনি পঞ্চরাত্র গ্রন্থের অর্থ অবগত আছেন, এরূপ ব্যক্তি অনেক ভেদ প্রাপ্ত অথচ এক বিষ্ণুতত্ত্ব অবগত হইয়া আশ্রিত ভক্তদিগের কথা দূরে থাকুক সমুদায় পৃথিবীকেই দীক্ষা দান করিতে পারেন ॥ ১৬০ ॥

অথ মন্ত্রদানমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদ সম্বাদে যথা ॥

যিনি সাত্ত্বিক অর্থাৎ কপট শূন্য ও শ্রদ্ধাবান্, তিনি বিদ্যাদান দ্বারা

বিদ্যাদানেন লভতে সাত্ত্বিকো নাত্র সংশয়ঃ ॥
যথা সুরাণাং সর্ব্বেষাং পরমঃ পরমেশ্বরঃ।
তথৈব সর্ব্বদানানাং বিদ্যাদানং পরং স্মৃতং ॥ ১৬১ ॥
যাবচ্চ পাতকং তেন কৃতং জন্মশতৈরপি।
তৎ সর্ব্বং নাশমাপ্নোতি বিদ্যাদানেন দেহিনাং।
বিদ্যাদানাৎ পরং দানং ন ভূতং ন ভবিষ্যতি।
যেন দত্তেন চাপ্নোতি শিবং পরমকারণং ॥ ১৬২ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে দৈক্ষিকো নাম দ্বিতীয়ো বিলাসঃ ॥ * ॥ ২ ॥ * ॥

বিদ্যামন্ত্র এবাত্র সর্ব্বপুরুষার্থোপায়ত্বাৎ। অতএবক্রমদীপিকায়াং। বিদ্যাং ন যঃ সংবিবিংসুরিতি। কীর্ত্তিং প্রতিষ্ঠাং। বদান্যত্বঞ্চ দানশীলতাং। যদ্বা। বদান্যত্বরূপাং কীর্ত্তিং কৃতমহাদানত্বাৎ। সাত্ত্বিকঃ নিষ্কপটঃ শ্রদ্ধাবান্ বা ॥ ১৬১ ॥

দেহিনাং দেহিনঃ প্রতি। শিবং মঙ্গলরূপং পরমসুখাত্মকং বা পরমকারণং শ্রীব্রহ্মশ্রী কৃষ্ণং বা ॥ ১৬২ ॥

॥ * ॥ ইতি দ্বিতীয়োবিলাসঃ ॥ * ॥

ইহলোকে যশ, বদান্যতা, সন্ততিবৃদ্ধি, ধন ও সুখ লাভ করিয়া থাকেন, এবিষয়ে সন্দেহ নাই ॥

যেমন ভগবান্ নারায়ণ সমস্ত দেবগণের শ্রেষ্ঠ, তেমনি সমুদায় দান অপেক্ষা বিদ্যা দান শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে ॥ ৬১ ॥

যে ব্যক্তি একশত জন্মেতেও পাপ করিয়াছেন, তিনি যদি দেহধারি মানব কুলকে বিদ্যা দান করেন, তাহা হইলে তাঁহার সমুদায় পাতক নাশ প্রাপ্ত হয় ॥

বিদ্যাদান হইতে আর শ্রেষ্ঠ দান হয় নাই ও হইবে না, যে দান দ্বারা মঙ্গল স্বরূপ পরব্রহ্ম শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া থাকেন ॥ ১৬২ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্ট বিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণবিদ্যারত্ন কৃতানুবাদে দীক্ষাবিষয়কো নাম দ্বিতীয়ো বিলাসঃ সামাপ্তঃ ॥ *

অথ তৃতীয়ো বিলাসঃ।

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীচৈতন্যং মহাপ্রভুং।
নীচোঽপি যৎ প্রসাদাৎ স্যাৎ সদাচারপ্রবর্ত্তকঃ॥ ১॥
পুংসো গৃহীতদীক্ষস্য শ্রীকৃষ্ণং পূজয়িষ্যতঃ।
আচারো লিখ্যতে কৃত্যং শ্রুতিস্মৃত্যনুসারতঃ॥ ২॥
অথ দীক্ষিতস্য পূজায়া নিত্যতা॥
আগমে॥
লব্ধা মন্ত্রন্তু যো নিত্যং নার্চ্চয়েন্মন্ত্রদেবতাং।

শ্রীহরিঃ। প্রভুঃ শ্রীকৃষ্ণচৈতন্যো জীয়াৎ যৎকৃপয়া ভবেৎ। শ্বাপি সিংহস্তৃণং মেরুমূর্খো বিদ্বান্ মৃতোঽমমান্। নিকৃষ্টস্যাপ্যায়নঃ সদাচারলিখনে শ্রীভগবতোঽনুকম্পয়াধিকারং সামর্থ্যঞ্চ দ্যোতয়ংস্তং প্রণমতি বন্দ ইতি। যস্য প্রসাদাদ্ধেতোর্নীচজনোঽপি লিখনাদি দ্বারা সদাচারাণাং প্রবর্ত্তকো ভবতি। অত্র হেতুঃ। অনন্তমদ্ভুতং চাবিতর্ক্যং ঐশ্বর্য্যং প্রভাবো যস্য তং। যতো মহাপ্রভুং পরমেশ্বরং॥ ১॥

পুংসঃ পুংমাত্রস্যেত্যর্থঃ। শ্রীবিষ্ণুদীক্ষাগ্রহণমাত্রেণ সর্ব্বেষামেব তত্রাধিকারাৎ। যদাপি স্ত্রীণামপ্যধিকারোঽস্তি ইতি পূর্ব্বং লিখিতং তথাপি কর্ম্মসু পুংসঃ প্রাধান্যাৎ পুংস ইত্যত্র লিখিতং। এবমগ্রে লেখ্যং ব্রাহ্মণমিত্যাদিকমপ্যূহ্যং। শ্রীকৃষ্ণং পূজয়িষ্যত ইতি তৎপূজার্থক ইত্যর্থঃ। শ্রুত্যাদ্যনুসারেণ কৃতাং অবশ্যং কর্ত্তুং যোগ্যাং যদ্ যৎ কর্ম্ম শ্রুতিস্মৃত্যনুসারত ইত্যস্য লিখ্যত ইত্যনেন বা সম্বন্ধঃ॥ ২॥

নন্থ পূজাবিধিরেব লিখ্যতাং কিমন্যাচারলিখনেনেত্যাশঙ্ক্য প্রথমং সদাচারস্য নিত্যতাং

নীচ ব্যক্তিও যাঁহার অনুগ্রহে সদাচার সকল করিতে পারে, আমি সেই অনন্ত ও অদ্ভুত ঐশ্বর্য্যশালী শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে বন্দনা করি॥ ১॥

যে পুরুষ দীক্ষা গ্রহণ করিয়াছেন এবং শ্রীকৃষ্ণের পূজা করিবেন, আমি তাঁহার নিমিত্ত শ্রুতি স্মৃতি অনুসারে আচার সকল লিখিতেছি॥ ২॥

অথ দীক্ষিত ব্যক্তির পূজার নিত্যতা॥

আগমে যথা॥

যিনি মন্ত্র লাভ করিয়া নিত্য মন্ত্রদেবতাকে পূজা না করেন, তাঁহার

সর্ব্বকর্ম্মাফলং তস্যানিষ্টং যচ্ছতি দেবতেতি ॥

অথ সদাচারঃ ॥

ন কিঞ্চিৎ কস্যচিৎ সিধ্যেৎ সদাচারং বিনা যতঃ।
তস্মাদবশ্যং সর্ব্বত্র সদাচারো হ্যপেক্ষ্যতে ॥ ৩ ॥

অথ সদাচারস্য নিত্যতা।

মার্কণ্ডেয়পুরাণে।

শ্রীমদালসাহ্বলর্কসম্বাদে ॥

গৃহস্থেন সদা কার্য্যমাচারপরিপালনং।
নহ্যাচারবিহীনস্য সুখমত্র পরত্র চ।
যজ্ঞদানতপাংসীহ পুরুষস্য ন ভূতয়ে।
ভবন্তি, যঃ সদাচারং সমুল্লঙ্ঘ্য প্রবর্ত্ততে ॥ ৪ ॥

লিখতি ন কিঞ্চিদিতি। হি নিশ্চয়ে এতেন শাস্ত্রাদি প্রমাণং সূচিতং ॥ ৩ ॥

অন্যঃ সদাচারাদিক্ষোরারাধনাৎ পরঃ পন্থাঃ কেবলযোগাভ্যাসাদিঃ তস্য বিষ্ণোস্তোষকারকো ন ভবতি। অতএবোক্তং প্রথমস্কন্ধে। সবৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজ ইতি ধর্ম্মস্তু সদাচার লক্ষণএব ॥ ৪ ॥

সমুদায় কর্ম্ম বিফল, মন্ত্রদেবতা তাঁহার অনিষ্ট প্রদান করিয়া থাকেন ॥

অথ সদাচার ॥

যেহেতু সদাচার ব্যতিরেকে কোন ব্যক্তির কোন কার্য্যই সিদ্ধ হয় না, সেই কারণে সকল বিষয়ে সদাচারের আবশ্যক করে ॥ ৩ ॥

অথ সদাচারের নিত্যতা ॥

মার্কণ্ডেয়পুরাণে শ্রীমদালস ও অলর্কের সম্বাদে যথা ॥

গৃহস্থ ব্যক্তিরা সর্ব্বদা আচার প্রতিপালন করিবে, আচার-হীন হইলে তাহার ইহলোক বা পরলোক কোন লোকেই সুখ লাভ হয় না। যে পুরুষ সদাচার লঙ্ঘন করিয়া কার্য্য করেন, যজ্ঞ, দান ও তপস্যা ইহলোকে তাহার মঙ্গল করিতে সমর্থ হয় না ॥ ৪ ॥

ভবিষ্যোত্তরে চ শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসম্বাদে ॥

আচারহীনং ন পুনন্তি বেদা যদ্যপ্যধীতা সহ ষড়্ভিরঙ্গৈঃ।
ছন্দাংস্যেনং মৃত্যুকালে ত্যজন্তি নীড়ং শকুন্তাইব জাতপক্ষাঃ॥৫॥

কপালস্থং যথা তোয়ং শ্ব-দৃতৌ বা যথা পয়ঃ।
দুষ্টং স্যাৎ স্থানদোষেণ বৃত্তহীনে তথাঽশুভং।
আচাররহিতো রাজন্নেহ নামুত্র নন্দতীতি।
লেখ্যেন স্মরণাদীনাং নিত্যত্বেনৈব সেৎস্যতি।
স্মরণাদ্যাত্মকস্যাপি সদাচারস্য নিত্যতা ॥ ৬ ॥

মৃত্যুকালে ত্যজন্তি পরলোকে কিমপি ফলং ন প্রযচ্ছন্তীত্যর্থঃ॥ ৫ ॥

বৃত্তং সদাচারঃ তেন হীনে শুভং তীর্থাটনাদি পুণ্যকর্ম্ম। নন্বু অন্যৈরপি বিশেষবচনৈঃ স্পষ্টসদাচারস্য নিত্যত্বং লিখ্যতাং তত্র লিখতি লেখ্যেনেতি। স্মরণাদীনাং স্মরণমারভ্যাত্র গ্রন্থে লেখ্যানাং নিত্যপক্ষনাসাদিকৃত্যানাং অগ্রে লেখ্যেন নিত্যত্বেনৈব সদাচারস্য নিত্যতা সেৎস্যত্যেব অতএব অধুনা তত্তদ্বচনলিখনবাহুল্যেনালমিতি ভাবঃ। নন্বু ভগবৎস্মরণাদের্নিত্যতয়া সদাচারস্য নিত্যতা কথমস্তু তত্র লিখতি। স্মরণাদ্যাত্মকস্যেতি সদাচারস্যৈব তত্তল্লক্ষণত্বাদিত্যর্থঃ॥ ৬ ॥ ৭ ॥

ভবিষ্যপুরাণের উত্তরখণ্ডে।

শ্রীকৃষ্ণ ও যুধিষ্ঠিরের সম্বাদে যথা ॥

যে ব্যক্তি আচার-হীন, তিনি যদি ষড়ঙ্গের সহিত বেদসকল অধ্যয়ন করেন, তথাপি বেদসকল তাঁহাকে পবিত্র করেন না। যেমন জাতপক্ষ পক্ষিগণ নীড় পরিত্যাগ করে, তাহার ন্যায় বেদ সকল তাঁহাকে পরিত্যাগ করিয়া থাকেন অর্থাৎ পরলোকে তাঁহাকে কোন ফল প্রদান করেন না ॥ ৫ ॥

যেমন নর-কপাল অথবা কুক্কুরচর্ম্মনির্ম্মিত পাত্রস্থ জল আধারদোষে দূষিত হয়, তাহার ন্যায় সদাচারহীন ব্যক্তির শুভ অর্থাৎ তীর্থাটনাদি পুণ্য কর্ম্ম দূষিত হয়। হে রাজন্! যে ব্যক্তি আচার-হীন, ইহকালে ও পরকালে তাহার আনন্দ নাই ॥

পরে লিখিত হইবে, স্মরণাদি অবশ্য কর্ত্তব্যতা, তদ্দ্বারাই প্রতিপন্ন

অথ সদাচারমাহাত্ম্যং বিষ্ণুপুরাণে।
তত্রৈব গৃহিধর্ম্মপ্রসঙ্গে ॥
সদাচারবতা পুংসা জিতৌ লোকাবুভাবপি ॥ ৭ ॥
সাধবঃ ক্ষীণদোষাস্তু সচ্ছব্দঃ সাধুবাচকঃ।
তেষামাচরণং যত্তু সদাচারঃ স উচ্যতে ॥ ৮ ॥
কাশীখণ্ডে স্কন্দাগস্ত্যসম্বাদে ॥
অনধ্যয়নশীলঞ্চ সদাচারবিলঙ্ঘিনং।
সালস্যঞ্চ দুরন্নাদং ব্রাহ্মণং বাধতেঽন্তকঃ।
ততোঽভ্যসেৎ প্রযত্নেন সদাচারং সদা দ্বিজঃ।

সদাচারস্যৈব লক্ষণমাহ সাধব ইতি ॥ ৮ ॥

যদ্যপি কাশীখণ্ডমাধুনিকং কল্পিতং কাব্যমিতি পুরাণতত্ত্ববিৎসু প্রসিদ্ধং তথাপি তদাকার স্কান্দ-বায়ব্য-কৌর্ম্মাদি-প্রতিপাদিত-সদাচার-বিষয়কাণি কানিচিদ্বচনানি স্মৃতিসম্বলিতান্যত্র সংগৃহীতানি ইত্যদোষঃ। অনধ্যয়নশীলমিতি সালস্যমিতি দুরন্নাদমিতি চ দৃষ্টান্তত্বেন

হইতেছে, সদাচার অবশ্য কর্ত্তব্য, যেহেতু স্মরণাদিই সদাচার ॥ ৬ ॥

অথ সদাচার-মাহাত্ম্য ॥

বিষ্ণুপুরাণের সেই স্থলেই গৃহস্থধর্ম্ম-প্রসঙ্গে ॥

যে ব্যক্তি সদাচারবিশিষ্ট তিনি ইহলোক ও পরলোক জয় করিয়াছেন ॥ ৭ ॥

সদাচারের লক্ষণ এই যে, যাঁহাদের কোন দোষ নাই, তাঁহারাই সাধু, সৎশব্দ সাধুকেই বলিয়া থাকে, সাধুদিগের যে আচরণ তাহাই সদাচার বলিয়া কথিত হয় ॥

কাশীখণ্ডে কার্ত্তিকেয় ও অগস্ত্যসম্বাদে যথা—

যিনি শাস্ত্র অধ্যয়ন করেন না, যিনি অলসপ্রকৃতি এবং যিনি দুষ্টঅন্ন ভোজন করেন এরূপ ব্রাহ্মণকে যম বাধা করিয়া থাকেন অর্থাৎ দণ্ড প্রদান করেন ॥

অতএব ব্রাহ্মণ যত্নপূর্ব্বক সর্ব্বদা সদাচার অভ্যাস করিবেন। তীর্থ

তীর্থান্যপ্যভিলষ্যন্তি সদাচারসমাগমং ॥ ৯ ॥

ভবিষ্যোত্তরে চ তত্রৈব ॥

আচারপ্রভবো ধর্ম্মঃ সন্তশ্চাচারলক্ষণাঃ।
সাধূনাঞ্চ যথাবৃত্তং স সদাচার ইষ্যতে ॥
তস্মাৎ কুর্য্যাৎ সদাচারং য ইচ্ছেদ্গতিমাত্মনঃ।
সর্ব্বলক্ষণহীনোঽপি সমুদাচারবান্ নৃপ।
শ্রদ্দধানোঽনসূয়শ্চ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ১০ ॥

কিঞ্চ ॥

আচার এব ধর্ম্মস্য মূলং রাজন্ কুলস্য চ।
আচারাদ্বিচ্যুতো জন্তু র্ন কুলীনো ন ধার্ম্মিকঃ ॥

কিঞ্চ ॥

হেতুত্বেন বোক্তং। তত্রচ তেষাং হেতুহেতুমত্তা যথাক্রমমূহ্যা ॥ ৯ ॥

সম্যগুৎকৃষ্ট আচারঃ সমুদাচারঃ সদাচার এব তদ্বান্ ॥ ১০ ॥

সকলও সদাচার ব্যক্তির সমাগম অভিলাষ করেন ॥ ৯ ॥

ভবিষ্যপুরাণের উত্তরখণ্ডেও সদাচার প্রসঙ্গে বলিয়াছেন ॥

ধর্ম্ম আচার হইতে উৎপন্ন হয়, সাধুগণ আচারসম্পন্ন, সাধু সকল যেরূপ আচার করিয়া থাকেন, তাহাই সদাচার বলিয়া কথিত হয়, অতএব যিনি আপনার সদ্গতি ইচ্ছা করেন, তিনি সদাচার-পরায়ণ হইবেন। হে রাজন্! মনুষ্য সর্ব্বলক্ষণ হীন হইয়াও যদি সদাচার-পরায়ণ, শ্রদ্ধাশীল ও অসূয়াবর্জিত হয়েন তাহা হইলে তাঁহার সমুদায় কাম পরিপূর্ণ হয় অর্থাৎ যাহা ইচ্ছা করিবেন তাঁহার তাহাই সুসিদ্ধ হয় ॥ ১০

আরও বলিয়াছেন ॥

হে রাজন্! আচারই ধর্ম্মের মূল ও আচারই বংশের মূল। যে মনুষ্য আচার হইতে বিচ্যুত হয় তাহাকে কুলীন বলিতে পারি না এবং তাহাকে ধার্ম্মিকও বলিতে পারি না ॥

আরও বলিয়াছেন ॥

আচারো ভূতিজনন আচারঃ কীর্ত্তিবর্দ্ধনঃ।
আচারাদ্বর্দ্ধতে হ্যায়ুরাচারো হন্ত্যলক্ষণং ॥ ১১ ॥
আচার এব নৃপপুঙ্গব সেব্যমানো
ধর্ম্মার্থকামফলদো ভবিতেহ পুংসাং।
তস্মাৎ সদৈব বিদুষাবহিতেন রাজন্
শাস্ত্রোদিতো হ্যনুদিনং পরিপালনীয়ঃ ॥ ১২ ॥
অথ তত্র নিত্যকৃত্যানি ॥
ব্রাহ্মে মুহূর্ত্ত উত্থায় কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্।

অলক্ষণং দারিদ্র্যাদি অপমৃত্যাদি বা ॥ ১১ ॥

যথা স্মরণাদীনাং নিত্যতয়া সদাচারস্য নিত্যতা তথা তেষাং মাহাত্ম্যেনাপ্যস্য মাহাত্ম্যং সিদ্ধ্যেদেবেতি লিখিতন্যায়েন স্পষ্টত্বান্ন লিখিতং ॥ ১২ ॥

সদাচারমেব নিত্য-পক্ষ-মাসাদি-কৃত্যেন গ্রন্থসমাপ্তিপর্য্যন্তং লিখন্ আদৌ তত্র নিত্য-কৃত্যানি লিখতি ব্রাহ্ম ইত্যাদিনা। কৃষ্ণ কৃষ্ণেতি কীর্ত্তয়ন্ সমুত্থায় দন্তানাং ধাবনং শোধনং। তচ্চ কদাচিদ্বিহিতকাষ্ঠৈঃ কদাচিত্তৃণাদিভিশ্চ। তত্তু পূজানিরতানাং শ্রীভগবৎ-

আচার ঐশ্বর্য্য উৎপন্ন করে, আচার কীর্ত্তি বৃদ্ধি করে, আচার হইতে পরমায়ুঃ বর্দ্ধিত হয় এবং আচার অলক্ষণ অর্থাৎ দরিদ্রতা অথবা অপমৃত্যু প্রভৃতি নষ্ট করে ॥ ১১ ॥

হে নৃপশ্রেষ্ঠ! যে সকল ব্যক্তি আচারের অনুষ্ঠান করেন, আচারই ইহলোকে তাঁহাদিগকে ধর্ম্ম, অর্থ ও কাম রূপ ফল প্রদান করিয়া থাকেন। অতএব হে রাজন্! পণ্ডিতগণ সর্ব্বদাই সাবধান হইয়া প্রতিদিন শাস্ত্রোক্ত আচার অবশ্য প্রতিপালন করিবেন ॥ ১২ ॥

* অথ তন্মধ্যে নিত্যকর্ম্ম সকল ॥

ব্রাহ্মমুহূর্ত্তে কৃষ্ণ কৃষ্ণ কীর্ত্তন করিতে করিতে গাত্রোত্থান করিয়া

* গ্রন্থ সমাপ্তি পর্য্যন্ত যাহা কিছু লিখিত হইবে, তৎ সমুদায় সদাচারের অন্তর্গত কিন্তু তাহার মধ্যে প্রথমতঃ নিত্যকর্ম্ম লিখিত হইতেছে ॥

প্রক্ষাল্য পাণিপাদৌ চ দন্তধাবনমাচরেৎ ॥ ১৩ ॥
আচম্য বসনং রাত্রেস্ত্যক্ত্বান্যৎ পরিধায় চ।
পুনরাচমনে কুর্য্যাল্লেখ্যেন বিধিনাগ্রতঃ ॥ ১৪ ॥
অথেচ্ছন্ পরমাং শুদ্ধিং মূর্দ্ধ্নি ধ্যাত্বা গুরোঃ পদৌ।

প্রবোধনাদ্যর্থং তদগ্রে গমিষ্যতাং ততঃ প্রাগধুনৈব যুক্তং। যত উক্তং শ্রীবরাহেণ। দন্তকাষ্ঠমথাদিত্বা যস্তু মামুপসর্পতি। সর্ব্বকালকৃতং কর্ম্ম তেনৈবৈকেন নশ্যতীতি। তত্র চ দন্তকাষ্ঠমথাদিত্বেতি দন্তানহশোধয়িত্বেতি জ্ঞেয়ং। প্রতিপদাদিষু দন্তকাষ্ঠনিষেধাৎ। তদ্বিশেষশ্চাগ্রে বিস্তরতো ব্যক্তো ভাবী ॥ ১৩ ॥

রাত্রেঃ রাত্রৌ পরিহিতমিত্যর্থঃ। অন্যৎ শুদ্ধবসনং। আচমনে আচমনদ্বয়ং। তথা চোক্তং। শুক্লবাসঃ পরীধায় তথা দৃষ্ট্বাপ্যমঙ্গলং। প্রমাদাদশুচিং স্পৃষ্টা দ্বিরাচান্তঃ শুচির্ভবেদিতি। নমু দন্তধাবনাদিকমত্র কথ্যতাং তত্র লিখতি। অগ্রতস্তন্মুখ্যপ্রকরণে লেখ্যেন বিধিনেতি। ব্রাহ্মমুহূর্ত্তকৃত্যলিখনপ্রকরণে প্রাতঃস্মরণকীর্ত্তনাদিমুখ্যকর্ম্মপরিত্যাগে নোত্থান-মাত্রলিখনানন্তরং দন্তধাবনাদিবিধিবিস্তারলেখো ন যুক্তঃ অতোঽগ্রে জ্ঞেয়ং ॥ ১৪ ॥

পরমামুৎকৃষ্টাং বহিরন্তর্বিশোধনাৎ শ্রীগুরুপদধ্যানে চাগমোক্তোঽয়ং বিশেষো দ্রষ্টব্যঃ। ব্রহ্মরন্ধ্রস্থিতে পদ্মে সহস্রদলশোভিতে। শ্রীগুরুং পরমাত্মানং ব্যাখ্যামুদ্রালসৎকরং। দ্বিনেত্রং দ্বিভুজং পীতং ধ্যায়েদখিলসিদ্ধিদমিতি। গুরোঃ পাদাবেব স্তুত্বা তস্য উৎকর্ষমুৎকীর্ত্ত্য পশ্চান্নিজেষ্টদৈবতং কৃষ্ণং কীর্ত্তয়ন্ স্মরংশ্চ লেখ্যং জয়তীত্যাদিকং পঠেৎ। যদ্যপি স্মরণস্য মনঃসংযোগ লক্ষণত্বাদাদৌ স্মরণে সত্যেব পশ্চাৎ কীর্ত্তনং তথাপ্যত্র কীর্ত্তনস্য মুখ্যত্বাভিপ্রায়েণ স্মরণস্য পশ্চান্নির্দ্দেশঃ। পূর্ব্বং কৃষ্ণ কৃষ্ণেতি তন্নামোচ্চারণমেব অধুনাতু শুদ্ধ্যনন্তরং শ্রীভাগবতাদিশ্লোকপাঠেন রূপলীলাদিবিশেষণেন কীর্ত্তনমিতি বিশেষঃ। শতৃঙ্ দ্বয়স্য তদুদীরণমেব তৎকীর্ত্তনস্মরণাত্মকমিত্যর্থঃ। যদ্বা। দ্বয়মপি হেতৌ কীর্ত্তয়িতুং স্মর্ত্তুঞ্চেতি

হস্ত পাদপ্রক্ষালন পূর্ব্বক দন্তধাবন করিবেন ॥ ১৩ ॥

পরে আচমন করিয়া রাত্রির বসন পরিত্যাগ করত অন্য বসন পরিধান করিয়া, অগ্রে যে বিধি লেখা হইবে, তদনুসারে পুনরায় দুইবার আচমন করিবে ॥ ১৪ ॥

অনন্তর উৎকৃষ্ট অর্থাৎ অন্তর্বাহ্য শুদ্ধি ইচ্ছা করিয়া মস্তকে শ্রীগুরুদেবের চরণদ্বয় ধ্যান ও স্তব করত শ্রীকৃষ্ণের কীর্ত্তন ও স্মরণ করিয়া

স্তুত্বা চ কীর্ত্তয়ন্ কৃষ্ণং স্মরংশ্চৈতদুদীরয়েৎ ॥ ১৫ ॥

অথ প্রাতঃস্মরণকীর্ত্তনে ॥

জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো
যদুবরপরিষৎ স্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মং।
স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন

তথৈবার্থঃ ততশ্চ কীর্ত্তনেনৈব স্মরণবিশেষোৎপত্তেঃ। স্মরংশ্চেতি পশ্চাল্লিখিতং ॥ ১৫ ॥

জয়তি সর্ব্বোত্তমতয়া বর্ত্ততে শ্রীকৃষ্ণঃ। জনেষু নিবসতি অন্তর্যামিতয়েতি তথা সঃ। অতো দেবক্যাং জন্মেতি বাদমাত্রং যস্য সঃ। যদুবরাঃ পরিষৎ সভাসেবকরূপাঃ যস্য সঃ। ইচ্ছামাত্রেণ নিরসনসমর্থোঽপি দোর্ভিরধর্ম্মং নিরস্যন্ ক্ষিপন্। স্থিরচরবৃজিনঘ্নঃ অধিকারিবিশেষানপেক্ষয়া বৃন্দাবনতরুগবাদীনাং সংসারদুঃখহন্তা। তথা বিলাসবৈদগ্ধ্যানপেক্ষয়া ব্রজবনিতানাং পুরবনিতানাঞ্চ সুস্মিতেন শ্রীমতা মুখেনৈব কামদেবং বর্দ্ধয়ন্। কামশ্চাসৌ দীব্যতি বিজিগীষতে সংসারমিতি দেবশ্চ তং ভোগদ্বারা মোক্ষপ্রদমিত্যর্থঃ। অথবা। শ্রীধরস্বামিপাদানাং ব্যাখ্যাতোঽধিকমত্র যৎ কিঞ্চিল্লিখামি তত্তৈস্তু ক্ষন্তব্যং গুরবো হি তে। শ্রীকৃষ্ণো জয়তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। তদেব প্রতিপাদয়তি জনানাং জীবানাং নিবাস আশ্রয়ঃ। যদ্বা। জনেষু নিজভক্তেষু নিতরাং প্রাকট্যেন বাসো যস্য। অতএব ভক্তবাৎসল্যেন দেবক্যাং জন্ম আবির্ভাবঃ বাদশ্চ ভাষণং তদাশ্বাসনার্থং তাদৃশনিজভক্তেষু জন্মকারণাদি কথনরূপং যস্য তথা যদুবরস্য যাদবরাজস্য কংসপিতুরপি উগ্রসেনস্য। যদ্বা। যদূনাং সামান্যেন সর্ব্বেষামেব যাদবানাং বরা দিব্যা সভা সুধর্ম্মাখ্যা যস্মাৎ তথা জন্মমাত্রেণৈবাপনীতমপি অধর্ম্মং নিজভক্তবিনোদার্থং স্বৈঃ সৌন্দর্য্যাদিনা অসাধারণৈর্দ্দোর্ভিরস্যন্নধর্ম্মহেতুদৈত্যাদি-

নিম্ন লিখিত এই শ্লোক পাঠ করিবেন ॥ ১৫ ॥

অথ প্রাতঃস্মরণ ও কীর্ত্তন ॥

যথা দশমস্কন্ধে ৯০ অধ্যায়ে ২৪ শ্লোকে ॥

"জয়তি জননিবাস ইত্যাদি" অর্থাৎ যিনি সমস্ত জীব মধ্যে অন্তর্যামি রূপে নিবাস করিতেছেন, দেবকীতে জন্মগ্রহণ করিয়াছেন এই কথা যাঁহার অপবাদ, যিনি স্থাবর জঙ্গমের দুঃখনাশন, সেই শ্রীকৃষ্ণ যদুবর পার্ষদ্ রূপ হস্ত দ্বারা পৃথিবীর অধর্ম্ম নাশ করত ও সহাস্য বদন

ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবং ॥ ১৬ ॥
স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষং তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং ॥ ১৭ ॥
বিদগ্ধগোপালবিলাসিনীনাং সম্ভোগচিহ্নাঙ্কিতসর্ব্বগাত্রং।

বধেন বিনাশয়ন্। দোর্ভিরিতি বহুত্বং ভারতাদ্যুক্তানুসারেণ ভারতযুদ্ধাদৌ চতুর্ভুজানাং তথা হরিবংশোক্তানুসারেণ বাণযুদ্ধাদাবষ্টভুজানাং চ প্রকটনাৎ। যদ্বা। দোর্ভিরিব দোর্ভিঃ ভক্তবাৎসল্যেন সাহায্যকল্পিতৈরিত্যর্থঃ। যদ্বা। ক্ষত্রিয়াণাং ভগবতো বাহুজত্বাৎ বলাধিক্যাদ্যপেক্ষয়া কার্য্যকারণাভেদেন দোর্ভিঃ ক্ষত্রিয়ৈরিত্যুক্তং। তত্রাপি স্বৈর্নিজৈঃ যাদবপাণ্ডবাদিভিঃ। স্থিরাণাং চরাণাঞ্চ সর্ব্বেষামপি তদানীন্তনানাং জীবানাং সংসারদুঃখহন্তা। ব্রজপুরবনিতানাং। যদ্বা। ব্রজ এব পুরং বিচিত্রবিলাসবৈদগ্ধীবিষয়ত্বাৎ তদ্বনিতানাং। কামেষু দেবঃ শ্রেষ্ঠস্তদেকনিষ্ঠত্বাৎ পরমপ্রেমপরিণতিরূপকামবিশেষাচ্চ তং বর্দ্ধয়ন্। তচ্চ নিজেন সুস্মিতেন শ্রীমুখেনৈব। এবং তেনৈব পরমমোহনসৌন্দর্য্যাদিনা তাদৃশকামবর্দ্ধনান্মোক্ষানন্দেঽপি সামান্যভজনানন্দেঽপি চ পরমনৈরপেক্ষ্যাদুক্তমেব তৎকামস্য শ্রৈষ্ঠ্যং। বর্দ্ধয়ন্নিতি বর্ত্তমানত্বেন তাদৃশকামস্য পরমপ্রেমপরিণামলক্ষণতয়া প্রেম্নশ্চাতৃপ্তিস্বভাবকতয়া পরিচ্ছেদাভাবো দর্শিতঃ। এবং দশমস্কন্ধশেষে নিখিললীলাকথনান্তে তথোক্ত্যা সর্ব্বদৈব তাভিঃ সহ সংযোগঃ সূচিতঃ। কিঞ্চ। শতৃঙন্ত-পদস্যাবশ্যকক্রিয়াপদসহিতান্বয়েন তাসাং তাদৃশকামবর্দ্ধনেনৈব জয়তীতি পরমোৎকর্ষতাভিপ্রেতা। এবং তদর্থমেব দেবক্যাং জন্মাদিকমিত্যেবং সর্ব্বমবতারপ্রয়োজনং তত্রৈব পর্য্যবস্যতীতি দিক্। মঙ্গলায়াস্য পদ্যস্য পঠ্যমানস্য সর্ব্বতঃ। বিস্তার্য্য লিখিতোঽত্রার্থো লেখ্যোঽগ্রে যো হি দুর্গমঃ ॥ ১৬ ॥

এবং মঙ্গলমাচর্য্য সর্ব্ব কর্ম্মসিদ্ধয়ে ভগবদেকশরণো ভবেদিত্যাশয়েন লিখতি স্মৃত ইতি। যত্র যস্মিন্ হরৌ ॥ ১৭ ॥

কৌশিকীবৃত্তিগানাদ্যভিপ্রায়েণ শ্রীকৃষ্ণস্য প্রাতঃকালীন রূপলীলাদিস্মরণকীর্ত্তনার্থং লিখতি বিদগ্ধেতি। পবিত্রমপি বেদবাক্যাগোচরং পরব্রহ্মাপি বিদগ্ধানাং গোপরমণীনাং

দ্বারা ব্রজপুরবনিতাদিগের অনঙ্গ বর্দ্ধন করত জয় যুক্ত হউন ॥ ১৬ ॥

যাঁহাকে স্মরণ করিলে সকল কল্যাণের পাত্র হওয়া যায়, সেই অজ অর্থাৎ প্রাকৃতজন্মরহিত, নিত্যস্বরূপ হরির শরণাগত হই ॥ ১৭ ॥

যিনি পবিত্র বেদবাক্যের অগোচর পরব্রহ্ম অথচ রসময়ী গোপরমণী-

পবিত্রমাম্নায়গিরামগম্যং ব্রহ্ম প্রপদ্যে নবনীতচৌরং ॥ ১৮ ॥
উদ্গায়তীনামরবিন্দলোচনং ব্রজাঙ্গনানাং দিবমস্পৃশদ্ধ্বনিঃ।
দধ্নশ্চ নির্ম্মন্থনশব্দমিশ্রিতো নিরস্যতে যেন দিশামমঙ্গলং ॥ ১৯
পঠেৎ পুনশ্চ সাধূনাং সম্প্রদায়ানুসারতঃ।
চতুঃশ্লোকীমিমাং সর্ব্বদোষশান্ত্যৈ শুভাপ্তয়ে ॥ ২০ ॥

সম্ভোগস্য চিহ্নৈ র্নখক্ষতাদিভিরঙ্কিতানি সর্ব্বগাত্রাণি যস্য তং প্রপদ্যে নবনীতস্য প্রাতর্দধিমন্থনোত্থিতস্য চৌরং চৌর্য্যেণ ভক্ষয়ন্তমিত্যর্থঃ তচ্চিহ্নাঙ্কিতমপি জ্ঞেয়ং ॥ ১৮ ॥

এবং সাক্ষাদ্ভগবতঃ কীর্ত্তনস্মরণে লিখিত্বা প্রিয়জনপ্রেমদ্বারাপি কীর্ত্তনস্মরণবিশেষং লিখতি। উদ্গায়তীনামিতি। দিশাং দশদিক্স্থানাং জীবানাং অমঙ্গলং ঐহিকামুষ্মিকমখিলমভদ্রং। যদ্বা। অকারো বিষ্ণুস্তদ্রূপং মঙ্গলং। কিম্বা। নবিদ্যতে মঙ্গলং যস্মাৎ তদমঙ্গলং অনুত্তমাদিবৎ পরমমঙ্গলমিত্যর্থঃ। তচ্চ মুখ্যবৃত্ত্যা শ্রীভগবৎপ্রেমৈব। যেন ধ্বনিনা দিশঃ প্রতি নিতরাং রস্যতে আস্বাদং কার্য্যতে ইত্যর্থঃ ॥ ১৯ ॥

যদ্যপি লেখ্যশ্লোকচতুষ্টয়ে শ্রীগোপালদেবস্য কীর্ত্তনস্মরণবিশেষো নাস্তি তথাপি বহুলশিষ্টাচারাপেক্ষয়া তৎপঠিতব্যমিতি লিখতি পঠেদিতি। সর্ব্বেষাং দুঃস্বপ্নাদিদোষাণাং শান্তয় ইত্যেষাং শ্লোকানাং প্রায়ো গজেন্দ্রমোক্ষাখ্যানপরতয়া দুঃস্বপ্নাদ্যুপশান্তয় ইত্যাদি তত্রত্যোক্ত্যভিপ্রায়েণ ॥ ২০ ॥

দিগের নখক্ষতাদি চিহ্ন দ্বারা যাঁহার সর্ব্বাঙ্গ অঙ্কিত, সেই নবনীত চৌরের শরণাপন্ন হই ॥ ১৮ ॥

দশমস্কন্ধে ৪৬ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

ব্রজাঙ্গনা সকল উচ্চৈঃস্বরে কমললোচন শ্রীকৃষ্ণের গান করাতে তাহার ধ্বনি দধিমন্থন ধ্বনির সহিত মিশ্রিত হইয়া গগনমণ্ডল স্পর্শ করিল। সেই ধ্বনি সামান্য নহে তাহাতে দিক্ সকলের অমঙ্গল বিনষ্ট হয় ॥ ১৯ ॥

সাধুদিগের সম্প্রদায় অনুসারে সর্ব্বদোষের শান্তি নিমিত্ত এবং সর্ব্ব প্রকার মঙ্গলপ্রাপ্তির জন্য, উক্ত চারিটী শ্লোক পুনরায় পাঠ করিবে ॥ ২০

প্রাতঃ স্মরামি ভবভীতিমহার্ত্তিশান্ত্যৈ
নারায়ণং গরুড়বাহনমব্জনাভং।
গ্রাহাভিভূতবরবারণমুক্তিহেতুং
চক্রায়ুধং তরুণবারিজপত্রনেত্রং॥
প্রাতর্নমামি মনসা বচসা চ মূর্দ্ধ্না
পাদারবিন্দযুগলং পরমস্য পুংসঃ।
নারায়ণস্য নরকার্ণবতারণস্য
পারায়ণপ্রবণবিপ্রপরায়ণস্য॥
প্রাতর্ভজামি ভজতামভয়ঙ্করং তং
প্রাক্ সর্ব্বজন্ম কৃতপাপভয়াবহত্যৈ।
যো গ্রাহবক্ত্রপতিতাঙ্ঘ্রিগজেন্দ্রঘোর-
শোকপ্রণাশমকরোদ্ধৃতশঙ্খচক্রঃ॥

পারায়ণং বেদাধ্যয়নসাকল্যং তস্মিন্। প্রবণস্তৎপর ইত্যর্থঃ। যদ্বা। পরায়ণেন প্রবণঃ প্রণতো যো বিপ্রস্তস্য পরং পরমং অয়নমাশ্রয়স্তস্য॥ ২১॥

আমি সংসার ভয় রূপ মহাপীড়ার শান্তি নিমিত্ত গরুড়বাহন পদ্মনাভ নারায়ণ যিনি কুম্ভীর কর্ত্তৃক অভিভূত গজেন্দ্রের মুক্তির হেতু এবং চক্রধর ও নব কমল সদৃশ নয়নশালী, তাঁহাকে প্রাতঃকালে স্মরণ করি॥

যিনি পরমপুরুষ, নারায়ণ, নরক সমুদ্রের ত্রাণকর্ত্তা এবং যিনি বেদাধ্যয়নশীল ব্রাহ্মণের গতি, আমি প্রাতঃকালে মনঃ বাক্য ও মস্তক দ্বারা তাঁহার পাদারবিন্দ যুগলে নমস্কার করি॥

কুম্ভীর মুখে পদ পতিত হওয়াতে গজেন্দ্র অতিশয় শোকগ্রস্ত হইয়াছিল, যিনি চক্রধারী হইয়া তাহার ঐ ঘোর দুঃখ মোচন করিয়াছেন, আমি পূর্ব্ব পূর্ব্ব জন্মে যে সকল পাপ করিয়াছি তাহার ভয় নিবারণ নিমিত্ত ভজনশীলদিগের অভয় প্রদাতা তাঁহাকে প্রাতঃকালে ভজন করি॥

শ্লোকত্রয়মিদং পুণ্যং প্রাতঃ প্রাতঃ পঠেত্তু যঃ।
লোকত্রয়গুরুস্তস্মৈ দদ্যাদাত্মপদং হরিঃ ॥ ইতি ॥
তদেতল্লিখিতং কুত্র কুত্রচিদ্ব্যবহারতঃ।
কিন্তু স্বাভীষ্টরূপাদি শ্রীকৃষ্ণস্য বিচিন্তয়েৎ ॥
ইত্থং বিদধ্যাদ্ভগবৎকীর্ত্তনস্মরণাদিকং।
সর্ব্বতীর্থাভিষেকং বৈ বহিরন্তর্বিশোধনং ॥ ২১ ॥
তথাচ স্কান্দে স্কন্দং প্রতি শ্রীশিবোক্তৌ ॥
সকৃন্নারায়ণেত্যুক্ত্বা পুমান্ কল্পশতত্রয়ং।
গঙ্গাদিসর্ব্বতীর্থেষু স্নাতো ভবতি পুত্রক ॥ ২২ ॥
অন্যত্র চ ॥

ভগবৎকীর্ত্তনস্মরণে এব সর্ব্বতীর্থাভিষেক ইত্যত্র প্রমাণং লিখতি সকৃদিতি। কল্পশতত্রয়মিত্যস্য নিত্যে তাৎপর্য্যং সদৈবেত্যর্থঃ ॥ ২২ ॥

যিনি প্রত্যেক প্রাতঃকালে পুণ্যস্বরূপ এই তিনটী শ্লোক পাঠ করেন, ত্রিলোকগুরু হরি তাঁহাকে আপনার পদ প্রদান করিয়া থাকেন ॥

পূর্ব্বে যাহা উল্লেখ করিয়াছি, কোন ২ স্থলে ব্যবহার অনুসারে লিখিত হইল, কিন্তু স্বীয় অভীষ্ট অনুসারে শ্রীকৃষ্ণের রূপাদি চিন্তা করিবে অর্থাৎ যাঁহার যে রূপে প্রীতি তিনি সেইরূপ ধ্যান করিবেন ॥

ভগবানের নাম কীর্ত্তন ও নামস্মরণাদি এই প্রকারে কৃত হইলে তাহা সর্ব্বতীর্থের স্নানের ফলপ্রদান এবং বাহ্য ও অন্তর বিশুদ্ধ করেন ॥ ২১ ॥

এই বিষয়ে স্কন্দপুরাণে কার্ত্তিকেয়ের প্রতি শিবের উক্তি যথা ॥

হে পুত্র! পুরুষ একবার মাত্র নারায়ণ নাম উচ্চারণ করিয়া তিন শত কল্পে গঙ্গা প্রভৃতি সমুদায় তীর্থে স্নান করিলে যে ফল হয় সেই ফল প্রাপ্ত হয়েন ॥ ২২ ॥

অন্যত্রও বলিয়াছেন ॥

শয়নাদুত্থিতো যস্তু কীর্ত্তয়েন্মধুসূদনং।
কীর্ত্তনাত্তস্য পাপস্য নাশমায়াত্যশেষতঃ ॥ ইতি ॥
মাহাত্ম্যং কীর্ত্তনস্যাগ্রে লেখ্যং মুখ্যপ্রসঙ্গতঃ।
স্মরণস্য তু মাহাত্ম্যমধুনা লিখ্যতে কিয়ৎ ॥ ২৪ ॥
তত্রাদৌ তস্য নিত্যতা ॥
পাদ্মে বৃহৎসহস্রনামস্তোত্রে ॥
স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ ॥ ২৫ ॥
স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীমদগস্ত্যোক্তৌ ॥
সা হানিস্তন্মহচ্ছিদ্রং সাচান্ধজড়মূকতা।

কথং বহিরন্তর্বিশোধনং তল্লিখতি শয়নাদিতি। কীর্ত্তনাৎ কেবলাদেব ॥ ২৩ ॥

মুখ্যে প্রসঙ্গে ইতি কীর্ত্তনস্যৈব প্রাধান্যেন প্রসঙ্গে সতি লেখ্যং। অধুনা চান্যসঙ্গত্যা গৌণত্বাৎ লিখিতুমযোগ্যমিত্যর্থঃ। এবমগ্রেঽপি জ্ঞেয়ং ॥ ২৪ ॥

জাতুচিৎ কদাচিদপি ন বিস্মর্ত্তব্যঃ। এতয়োঃ স্মরণবিস্মরণয়োরেব কিঙ্করাঃ অনুগাঃ। স্মৃতৌ সর্ব্বে বিধয় স্তৎকৃতপুণ্যানি বিস্মৃতৌ চ সর্ব্বে নিষেধাস্তৎকৃতপাপানি স্বয়মেবানুগচ্ছন্তীত্যর্থঃ॥২৫

যিনি শয়ন হইতে উত্থিত হইয়া মধুসূদন নাম কীর্ত্তন করেন, তাঁহার ঐ কীর্ত্তন হইতেই সমুদায় পাপ বিনষ্ট হয় ॥ ২৩ ॥

অগ্রে কীর্ত্তনের প্রাধান্য প্রসঙ্গে কীর্ত্তনের মাহাত্ম্য লিখিত হইবে, এক্ষণে স্মরণের কিঞ্চিৎ মাহাত্ম্য লিখিতেছি ॥ ২৪ ॥

উক্ত প্রকরণে অগ্রে স্মরণের নিত্যতা যথা—
পদ্মপুরাণে বৃহৎসহস্র নামস্তোত্রে ॥

সর্ব্বদা বিষ্ণুকে স্মরণ করিবে, কখনই বিস্মৃত হইবে না, যত বিধি ও যত নিষেধ আছে তৎসমুদায় এই উভয়ের অধীন ॥ ২৫ ॥

স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে শ্রীমান্ অগস্ত্যের বাক্য ॥

যে মুহূর্ত্তে অথবা যে ক্ষণে বাসুদেবের চিন্তা না করা যায়, তাহাই

যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবো ন চিন্ত্যতে ॥
কাশীখণ্ডে চ শ্রীধ্রুবচরিতে ॥
ইয়মেব পরা হানিরুপসর্গোঽয়মেব চ।
অভাগ্যং পরমং চৈতদ্বাসুদেবং ন যৎ স্মরেৎ।
যে মুহূর্ত্তাঃ ক্ষণা যে চ যাঃ কাষ্ঠা যে নিমেষকাঃ।
ঋতে বিষ্ণুস্মৃতে র্যাতাস্তেষু মুষ্টো যমেন সঃ ॥ ইতি ॥ ২৬ ॥
নিত্যত্বেঽপ্যস্য মাহাত্ম্যং বিচিত্রফলদানতঃ।
জ্ঞেয়ং শাস্ত্রোদিতং দর্শপৌর্ণমাসাদিবদ্বুধৈঃ ॥ ২৭ ॥

ঋতে বিষ্ণুস্মৃতে র্বিষ্ণুস্মরণং বিনা যস্য জনস্য যাতা অপগতাস্তেষু মুহূর্ত্তাদিষু মুষ্টো বঞ্চিতো বশীকৃত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

নন্বু শাস্ত্রেষু স্মরণস্য তত্তৎফলশ্রবণাৎ কথং নিত্যত্বং সিদ্ধোদিত্যাশঙ্ক্যাহ নিত্যত্বেঽপীতি। অস্য স্মরণস্য শাস্ত্রোদিতং বিচিত্রফলদানতো মাহাত্ম্যং দর্শপৌর্ণমাসাদিবৎ। আদিশব্দাদগ্নিহোত্রাদি। যথা তেষাং নিত্যত্বেঽপি সতি ফলানি শ্রূয়ন্তে তথাত্রাপি বুধৈঃ শাস্ত্রবিদ্ভির্জ্ঞেয়ং। এতচ্চ মীমাংসাশাস্ত্রনিপুণৈঃ কৃষ্ণদেবাচার্য্যাদিভিরেকাদশীপ্রসঙ্গে বিবৃত্য লিখিতমস্তীতি নাত্র বিস্তার্য্যতে। এবমগ্রেঽপি সর্ব্বত্রৈব বোদ্ধব্যমিতি ॥ ২৭ ॥

হানি, তাহাই মহচ্ছিদ্র, তাহাই অন্ধতা, জড়তা ও তাহাই মূকতা জানিতে হইবে ॥

কাশীখণ্ডে শ্রীধ্রুবচরিতে যথা ॥

বাসুদেবকে যে, স্মরণ না করা, ইহাই পরম হানি, ইহাই পরম উপসর্গ অর্থাৎ উপদ্রব এবং ইহাই পরম অভাগ্য ॥

যে সকল মুহূর্ত্ত, যে সকল ক্ষণ, যে সকল কাষ্ঠা ও যে সকল নিমেষ বিষ্ণুস্মরণ ব্যতিরেকে গত হয়, যম বিষ্ণুস্মরণবিহীন ব্যক্তিকে সেই সকল কালেতেই বঞ্চনা করিয়া থাকেন ॥ ২৬ ॥

দর্শ পৌর্ণমাসাদি যাগবিশেষের ন্যায় এই বিষ্ণুস্মরণের নিত্যত্ব হইলেও বিবিধ ফল প্রদান করেন বলিয়া পণ্ডিতগণ শাস্ত্রে ইহাঁর মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন ॥ ২৭ ॥

অথ স্মরণমাহাত্ম্যং ॥

তত্র সর্ব্বতীর্থস্নানাধিকত্বং। উক্তঞ্চ স্মার্ত্তৈরপি ॥

মান্ত্রং পার্থিবমাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসং চেতি স্নানং সপ্তবিধং স্মৃতং ॥
শন্ন আপস্তু বৈ মান্ত্রং মৃদালম্ভস্তু পার্থিবং।
ভস্মনা স্নানমাগ্নেয়ং স্নানং গোরজসানিলং।
আতপে সতি যা বৃষ্টির্দিব্যং স্নানং তদুচ্যতে।
বহির্নদ্যাদিষু স্নানং বারুণং প্রোচ্যতে বুধৈঃ।
ধ্যানং যন্মনসা বিষ্ণোর্মানসং তৎ প্রকীর্ত্তিতং ॥ ২৮ ॥

বীক্ষিত্বেত্যার্ষং পশ্যন্নিত্যর্থঃ। প্রত্যাদিত্যমিতি তত্তদভিমুখঃ সন্ন কুর্য্যাদিতি পূর্ব্ব বদর্থঃ ॥ ৮৮ ॥

তথা নদী ও নক্ষত্র সকলের প্রতি দৃষ্টিপাত এবং বায়ু যে দিক্ হইতে প্রবাহিত হইতেছে সেই দিকে সম্মুখ হইয়া, অথবা সূর্য্য, অগ্নি ও চন্দ্রের দিকে মুখ করিয়া কখন মলমূত্র ত্যাগ করিবে না ॥

কাশীখণ্ডে কার্ত্তিকেয় ও অগস্ত্য সম্বাদে ॥

অনন্তর আবশ্যক কর্ম্ম করিবার নিমিত্ত নৈর্ঋত দিকে গমন করিবে। গ্রাম হইতে একশত ধনু অর্থাৎ চারিশত হস্ত এবং নগর হইতে তাহার চতুর্গুণ গমন করিবে ॥

কর্ণে যজ্ঞোপবীত দিয়া দিবসে এবং উভয় সন্ধ্যায় উত্তর মুখ হইয়া আর রাত্রিকালে দক্ষিণ মুখ হইয়া মৌনাবলম্বন পূর্ব্বক মলমূত্র ত্যাগ করিবে ॥

দিক্ সকলের প্রতি দৃষ্টিপাত করিবে না, নক্ষত্র চক্র এবং আকাশ অবলোকন করিবে না। যত্নপূর্ব্বক বামহস্তদ্বারা শিশ্ন ধারণ করিয়া গাত্রোত্থান করিবে ॥

ঐ স্থলের কিঞ্চিৎ অগ্রে ॥

ন মূত্রং গোব্রজে কুর্য্যান্ন বল্মীকে ন ভস্মনি।
ন গর্ত্তেষু সসত্ত্বেষু ন তিষ্ঠন্ন ব্রজন্নপি।
যথাসুখমুখো রাত্রৌ দিবাচ্ছায়ান্ধকারয়োঃ।
ভীতিষু প্রাণবাধায়াং কুর্য্যান্মলবিসর্জনং ॥ ৮৮ ॥
অথ শৌচবিধিঃ ॥
শ্রীবিষ্ণুপুরাণে তত্রৈব ॥
বল্মীকমূষিকোৎখাতাং মৃদং নান্তর্জলাত্তথা।
শৌচাবশিষ্টাং গেহাচ্চ ন দদ্যাল্লেপসম্ভবাং ॥ ৮৯ ॥
অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাঞ্চ পার্থিব।
পরিত্যজেন্মৃদশ্চৈতাঃ সকলাঃ শৌচসাধনে।

লেপসম্ভবাং ভিত্তিগতাং ॥ ৮৯ ॥
অন্তর্মধ্যে প্রাণিভিঃ কীটৈঃ অবপন্নাং উপহতাং। পাঠান্তরে অণুভিঃ সূক্ষ্মৈঃ প্রাণিভিরবপন্নাং ॥ ৯০ ॥

গোচারণ স্থানে, বল্মীকে, ভস্মে, কিম্বা প্রাণিবিশিষ্ট গর্ত্তে, তথা দণ্ডায়মান হইয়া অথবা গমন করিতে করিতে, মল মূত্র ত্যাগ করিবে না। প্রাণনাশের ভয় উপস্থিত হইলে দিবা ও রাত্রিতে যে দিকে সুবিধা হয় সেই দিকে মুখ করিয়া ও ছায়াতে এবং অন্ধকারেতেও মল ত্যাগ করিবে ॥ ৮৮ ॥

অথ শৌচবিধি ॥

শ্রীবিষ্ণুপুরাণের সেই স্থলেই অর্থাৎ
ঔর্ব্ব ও সগররাজার সম্বাদে গৃহিধর্ম্মপ্রসঙ্গে ॥

হে রাজন্! বল্মীক এবং মূষিক কর্ত্তৃক উত্তোলিত, জলমধ্যগত, শৌচের অবশিষ্ট এবং গৃহের ভিত্তিস্থিত মৃত্তিকা গ্রহণ করিবে না ॥৮৯॥

অভ্যন্তরে ক্ষুদ্র কীটগণ কর্ত্তৃক অধিকৃত, লাঙ্গল দ্বারা উত্থাপিত এই প্রকার সমস্ত মৃত্তিকা শৌচ কর্ম্মে পরিত্যাগ করিবে।

একা লিঙ্গে গুদে তিস্রো দশ বামকরে নৃপ।
হস্তদ্বয়ে চ সপ্তান্যা মৃদঃ শৌচোপপাদিকাঃ ॥ ৯০ ॥
যমস্মৃতৌ ॥
তিস্রস্তু পাদয়োর্দেয়াঃ শুদ্ধিকামেন নিত্যশঃ।
কিঞ্চ।
তিস্রস্তু মৃত্তিকা দেয়াঃ কৃত্বা তু নখশোধনং ॥ ৯১ ॥
কাশীখণ্ডে চ তত্রৈব ॥
গুহ্যে দদ্যান্মৃদং চৈকাং পায়ৌ পঞ্চাম্বুসান্তরাঃ।
দশ বামকরে চাপি সপ্ত পাণিদ্বয়ে মৃদঃ।
একৈকাং পাদয়োর্দদ্যাৎ তিস্রঃ পাণ্যোর্মৃদঃ স্মৃতাঃ।

এবং মতভেদঃ সপাদুকনিষ্পাদুকাদিভেদেন কল্প্যঃ। পাদয়োরিতি প্রত্যেকং তিস্র ইতি জ্ঞেয়ং। দেয়া হস্তয়োরিতি শেষঃ ॥ ৯১ ॥

অম্বুসান্তরাঃ মধ্যে মধ্যে জলসহিতাঃ ॥ ৯২ ॥

হে রাজন্! শৌচ সাধন মৃত্তিকা লিঙ্গে একবার, গুহ্য দ্বারে তিন বার, বাম হস্তে দশবার এবং দুই হস্তে সাত বার মর্দ্দন করিবে ॥ ৯০ ॥

যমস্মৃতিতে ॥

যে ব্যক্তি শুদ্ধি কামনা করিবেন, তিনি নিত্য দুই পদে তিন তিন বার মৃত্তিকা প্রদান করিবেন ॥

আরও বলিয়াছেন ॥

নখ শোধনের নিমিত্ত তিন তিন বার মৃত্তিকা প্রদান করিবে ॥ ৯১ ॥

কাশীখণ্ডেরও সেই স্থানে অর্থাৎ কার্ত্তিকের ও অগস্ত্যের সম্বাদে ॥

লিঙ্গে একবার, পায়ুদেশে অর্থাৎ মলদ্বারে পাঁচবার, বামহস্তে দশবার, দুই হস্তে সাতবার এবং দুইপদে এক এক বার, পুনরায় দুই হস্তে তিনবার জলযুক্ত মৃত্তিকা প্রদান করিবার ব্যবস্থা হইয়াছে ॥

ইত্থং শৌচং গৃহী কুর্য্যাদ্গন্ধলেপক্ষয়াবধি।
ক্রমাদ্দ্বিগুণমেতত্তু ব্রহ্মচর্য্যাদিষু ত্রিষু।
দিবাবিহিতশৌচাচ্চ রাত্রাবর্দ্ধং সমাচরেৎ।
রুজার্দ্ধঞ্চ তদর্দ্ধঞ্চ পথি চৌরাদিপীড়িতে।
তদর্দ্ধং যোষিতাঞ্চাপি স্বাস্থ্যে ন্যূনং ন কারয়েৎ।
আর্দ্রধাত্রীফলোন্মানা মৃদঃ শৌচে প্রকীর্ত্তিতাঃ॥ ৯২॥
শঙ্খস্মৃতৌ॥
মৃত্তিকাতু সমুদ্দিষ্টা ত্রিপর্বী পূর্য্যতে যয়া॥ ৯৩॥
দক্ষস্মৃতৌ॥
অর্দ্ধপ্রসৃতিমাত্রা তু প্রথমা মৃত্তিকা স্মৃতা।

ত্রিপর্ব্বী মধ্যবর্ত্ত্যঙ্গুলিত্রয়স্যাদিপর্ব্বত্রয়ং। এষাচ শুদব্যতিরিক্তে জ্ঞেয়া॥ ৯৩॥
অতএব লিখতি অর্দ্ধেতি। প্রথমা শুদে দেয়া নামাদ্যা॥ ৯৪॥

গৃহস্থ ব্যক্তি যতক্ষণ গন্ধলেপ দূরীভূত না হয় ততক্ষণ পর্য্যন্ত এই প্রকার শৌচ করিবেন। ব্রহ্মচর্য্য প্রভৃতি তিন আশ্রমে এই শৌচ ক্রমশঃ দ্বিগুণ অর্থাৎ গৃহস্থের যে রূপ শৌচ ব্যবস্থা ব্রহ্মচারী তদপেক্ষা দ্বিগুণ, বানপ্রস্থ তিন গুণ ও ভিক্ষুক চতুর্গুণ শৌচ করিবেন॥

দিবাভাগে যে শৌচের বিধান করা হইয়াছে, রাত্রিকালে তাহার অর্দ্ধ করিবে। পীড়িত অবস্থাতেও অর্দ্ধ। চৌরাদি দ্বারা আক্রান্ত পথে তাহার অর্দ্ধ। স্ত্রীদিগের তাহার অর্দ্ধ। শরীর সুস্থ থাকিতে শৌচের অল্পতা করিবে না। একএক বারে আর্দ্র আমলকীফল পরিমিত মৃত্তিকা শৌচ কার্য্যে ব্যবস্থা করা হইয়াছে॥ ৯২॥

শঙ্খস্মৃতিতে॥

যাহাতে মধ্যবর্ত্তি অঙ্গুলিত্রয়ের প্রথম গ্রন্থি পরিপূর্ণ হয় তাবন্মাত্র মৃত্তিকার ব্যবস্থা করা হইয়াছে॥ ৯৩॥

দক্ষস্মৃতিতে॥

প্রথম বারের মৃত্তিকার পরিমাণ অর্দ্ধপ্রসৃতি অর্থাৎ অর্দ্ধ অঞ্জলি,

দ্বিতীয়াচ তৃতীয়াচ তদর্দ্ধং পরিকীর্ত্তিতা। ৯৪ ॥

অথ কেবলমুৎসর্গে দক্ষঃ ॥

একা লিঙ্গে তু সব্যে ত্রিরুভয়োর্মৃদ্দ্বয়ং স্মৃতং।

ব্রাহ্মে ॥

পাদয়োর্দ্বে গৃহীত্বাচ সুপ্রক্ষালিতপাণিনা।

আচম্য তু ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনং ॥ ৯৫ ॥

অথ আচমনবিধিঃ ॥

বিষ্ণুপুরাণে তত্রৈব ॥

অচ্ছেনাগন্ধফেণেন জলেনাবুদ্বুদেন চ।

আচামেত মৃদং ভূয়স্তথা দদ্যাৎ সমাহিতঃ।

সব্যে হস্তে উভয়ো র্হস্তয়োঃ ॥ ৯৫ ॥

আচামেতেত্যাচমনং প্রস্তুত্য তস্য পূর্ব্বাঙ্গমাহ মৃদমিতি। অন্যাং মৃদমাদদ্যাৎ তথাচ নিষ্পাদিতমঙ্ঘ্রিশৌচং যেন সঃ। যদ্বা। ভূয়োঽন্যাং মৃদং দদ্যাৎ পাদয়োরিতি শেষঃ ততশ্চাচামে

দ্বিতীয় এবং তৃতীয় বারের ব্যবস্থা তাহার অর্দ্ধ কীর্ত্তিত হইয়াছে ॥৯৪॥

কেবল মূত্রত্যাগ বিষয়ে দক্ষ কহিয়াছেন ॥

লিঙ্গে একবার, বামহস্তে তিনবার এবং দুই হস্তে দুইবার মৃত্তিকার ব্যবস্থা জানিতে হইবে ॥

ব্রহ্মপুরাণে ॥

দুই পদে দুইবার মৃত্তিকা গ্রহণ করিয়া উত্তম রূপে ধৌত করা হস্ত দ্বারা আচমন করত সনাতন বিষ্ণুকে স্মরণ করিয়া শুদ্ধ হইবে ॥ ৯৫ ॥

অথ আচমনবিধি ॥

বিষ্ণুপুরাণের সেই স্থানে অর্থাৎ

ঔর্ব্ব ও সগর সম্বাদে ॥

স্বচ্ছ, গন্ধশূন্য, ফেণহীন, বুদ্বুদরহিত জল দ্বারা আচমন করিবে। পুনর্ব্বার সাবধান হইয়া পদে মৃত্তিকা দান করিবে। পাদশৌচ সমাপন

নিষ্পাদিতাঙ্ঘ্রিশৌচস্তু পাদাবভ্যুক্ষ্য বৈ পুনঃ।
ত্রিঃ পিবেৎ সলিলং তেন তথা দ্বিঃ পরিমার্জয়েৎ ॥ ৯৬ ॥
শীর্ষণ্যানি ততঃ খানি মূর্দ্ধানঞ্চ মৃদালভেৎ।
বাহূ নাভিঞ্চ তোয়েন হৃদয়ঞ্চাপি সংস্পৃশেৎ ॥
অত্র চ বিশেষো দক্ষেণোক্তঃ ॥
প্রক্ষাল্য হস্তৌ পাদৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতং।
সংবৃত্তাঙ্গুষ্ঠমূলেন দ্বিঃ প্রমৃজ্যাত্ততো মুখং।
সংহত্য তিসৃভিঃ পূর্ব্বমাস্যমেবমুপস্পৃশেৎ।
অঙ্গুষ্ঠেন প্রদেশিন্যা ঘ্রাণং পশ্চাদনন্তরং।
অঙ্গুষ্ঠানামিকাভ্যান্তু চক্ষুঃ শ্রোত্রে পুনঃ পুনঃ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠয়োর্নাভিং হৃদয়ন্তু তলেন বৈ।

তেত্যর্থঃ। তেন পাদাভ্যুক্ষণ-ত্রিঃপানশেষসলিলেন দ্বিঃ পরিমার্জয়েন্মুখমিতি শেষঃ ॥ ৯৬ ॥ আলভেৎ স্পৃশেৎ। অসঙ্কুপন্নিতি পাঠে মৌনী ভূত্বেত্যর্থঃ ॥ ৯৭ ॥

করিয়া পুনর্ব্বার উভয় পদ ধৌত করিয়া তিনবার জল পান (আচমন) করিবে এবং ঐ জল দ্বারা দুইবার মুখ প্রক্ষালন করিবে ॥ ৯৬ ॥

তাহার পর শীর্ষণ্য ছিদ্র অর্থাৎ চক্ষু নাসিকা ইত্যাদিতে ও মস্তকে মৃত্তিকা স্পর্শ করাইয়া বাহু, নাভি ও হৃদয়ে জল স্পর্শ করাইবে ॥

এই বিষয়ে দক্ষ বিশেষ করিয়া কহিয়াছেন ॥

হস্তদ্বয় ও পদদ্বয় প্রক্ষালন করিয়া দৃষ্টি দ্বারা নিরীক্ষণ পূর্ব্বক তিন বার জলপান অর্থাৎ আচমন করিবে, পরে আকুঞ্চিত অঙ্গুষ্ঠমূল দ্বারা দুইবার মুখ মার্জনা করিবে ॥

প্রথমতঃ তিন অঙ্গুলি একত্র করিয়া মুখমণ্ডল স্পর্শ করিবে, তাহার পর অঙ্গুষ্ঠ ও তর্জনী দ্বারা নাসিকা স্পর্শ করিবে, তদনন্তর অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা চক্ষুর্দ্বয় কর্ণদ্বয় বারম্বার স্পর্শ করিবে। পরে কনিষ্ঠাঙ্গুলি ও অঙ্গুষ্ঠদ্বারা নাভি, তাহার পর করতলদ্বারা হৃদয় স্পর্শ করিবে। তৎ পশ্চাৎ সমস্ত অঙ্গুলি দ্বারা মস্তকএবং ঐ সকল অঙ্গুলির অগ্রভাগ-

সর্ব্বাভিস্তু শিরঃ পশ্চাদ্বাহূ চাগ্রেণ সংস্পৃশেৎ ॥
তথা কাশীখণ্ডে তত্রৈব ॥
প্রাগাস্য উদগাস্যো বা সূপবিষ্টঃ শুচৌ ভুবি।
উপস্পৃশেদ্বিহীনায়াং তুষাঙ্গারাস্থিভস্মভিঃ।
অনুষ্ণাভিরফেণাভিরদ্ভি র্হৃদ্গাভিরত্বরঃ।
ব্রাহ্মণো ব্রহ্মতীর্থেন দৃষ্টিপূতাভিরাচমেৎ।
কণ্ঠগাভির্নৃপঃ শুদ্ধ্যেত্তালুগাভিস্তথোরুজঃ।
স্ত্রীশূদ্রাবাস্য সংস্পর্শমাত্রেণাপি বিশুদ্ধ্যতঃ ॥ ৯৭ ॥
যাজ্ঞবল্ক্যস্মৃতৌ ॥
পাদক্ষালনশেষেণ নাচামেৎ বারিণা দ্বিজঃ।
যদ্যাচামেৎ স্রাবয়িত্বা ভুমৌ বৌধায়নোঽব্রবীৎ ॥ ৯৮ ॥

ভূমৌ স্রাবয়িত্বা কিঞ্চিদ্বারি প্রক্ষিপ্য ॥ ৯৮ ॥

দ্বারা বাহুদ্বয় স্পর্শ করিবে ॥

এই প্রকার কাশীখণ্ডের সেই স্থানে

অর্থাৎ কার্ত্তিকেয় ও অগস্ত্য সম্বাদে ॥

পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া তুষ, অঙ্গার, অস্থি, ও ভস্মবিহীন পবিত্র ভূমিতে উত্তমরূপে উপবেশন করিয়া চাঞ্চল্য পরিহারপূর্ব্বক শীতল, ফেণবর্জিত দুর্গন্ধশূন্য, সুমিষ্ট জলদ্বারা আচমন করিবে ॥

ব্রাহ্মণ ব্রহ্মতীর্থ অর্থাৎ হৃৎপদ্মের মূল পর্য্যন্ত গামি দৃষ্টিপূত জল দ্বারা আচমন করিবেন, ক্ষত্রিয় কণ্ঠগত জলদ্বারা শুদ্ধ হইবেন, বৈশ্য তালুগামি জলদ্বারা শুদ্ধ হইবেন, আর স্ত্রী ও শূদ্র জলসংস্পর্শমাত্রেই পবিত্র হইবেন ॥ ৯৭ ॥

যাজ্ঞবল্ক্যস্মৃতিতে ॥

ব্রাহ্মণ পাদপ্রক্ষালনের অবশেষ জল দ্বারা আচমন করিবেন না, যদি আচমন করেন, তাহা হইলে ভূমিতে কিঞ্চিৎ জল নিক্ষেপ করিয়া আচমন করিবেন, এই কথা বৌধায়ন বলিয়াছেন ॥ ৯৮ ॥

ভরদ্বাজস্মৃতৌ ॥

পাণিনা দক্ষিণেনৈব সংহতাঙ্গুলিনাচমেৎ।
মুক্তাঙ্গুষ্ঠকনিষ্ঠেন নখস্পৃষ্টা অপস্ত্যজেৎ ॥

কৌর্ম্মে চ ব্যাসগীতায়াং ॥

ভুক্ত্বা পীত্বাচ সুপ্ত্বাচ স্নাত্বা রথ্যোপসর্পণে।
ওষ্ঠৌ বিলোমকৌ স্পৃষ্ট্বা বাসোবিপরিধায় চ।
রেতোমূত্রপুরীষাণামুৎসর্গেঽনৃতভাষণে।
ষ্ঠীবিত্বাধ্যয়নারম্ভে কাশশ্বাসাগমে তথা।
চত্বরং বা শ্মশানং বা সমভ্যস্য দ্বিজোত্তমঃ।
সন্ধ্যয়োরুভয়োস্তদ্বদাচান্তোঽপ্যাচমেৎ পুনঃ ॥ ৯৯ ॥

কিঞ্চ ॥

শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্তকচ্ছশিখোঽপি বা।

সমভ্যস্য পরিভ্রমণেন সম্যক্ স্পৃষ্ট্বা ইত্যর্থঃ ॥ ৯৯ ॥

ভরদ্বাজস্মৃতিতে ॥

অঙ্গুলি সঙ্কোচ করিয়া দক্ষিণ হস্ত দ্বারা আচমন করিবেন, জল যদি নখ স্পৃষ্ট হয় তাহা হইলে অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলির সংযোগ বিশ্লেষ করিয়া ত্যাগ করিবে ॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

ভোজন করিয়া, পান করিয়া, নিদ্রা হইতে উত্থান করিয়া, স্নান করিয়া, পথভ্রমণকালে, বিপরীত ক্রমে ওষ্ঠদ্বয় স্পর্শ করিয়া, বস্ত্র পরিধান করিয়া, শুক্র, মূত্র ও মল ত্যাগ করিয়া, মিথ্যা বাক্য কহিয়া, নিষ্ঠীবন অর্থাৎ থুথু ফেলাইয়া, ধ্যানের আরম্ভে, কাশ ও শ্বাসের সমাগমে, চত্বর অর্থাৎ অঙ্গনে বা শ্মশানে ভ্রমণ করিয়া তথা উভয় সন্ধ্যায় দ্বিজ শ্রেষ্ঠ আচান্ত হইলেও পূর্ব্বের ন্যায় আচমন করিবেন ॥ ৯৯ ॥

আরও বলি ॥

মস্তক আবরণ বা কণ্ঠ আবরণ করিয়া কিম্বা কচ্ছ ও শিখা মুক্ত

অকৃত্বা পাদয়োঃ শৌচমাচান্তোঽপ্যশুচি র্ভবেৎ ॥ ১০০ ॥
সোপানৎকো জলস্থো বা নোষ্ণীষী চাচমেদ্বুধঃ।
ন চৈব বর্ষধারাভি র্হস্তোচ্ছিষ্টে তথা বুধঃ।
নৈকহস্তার্পিতজলৈ র্বিনা সূত্রেণ বা পুনঃ।
ন পাদুকাসনস্থো বা বহির্জানুরথাপি বা ॥ ১০১ ॥
অথ বৈষ্ণবাচমনং ॥
ত্রিঃ পানে কেশবং নারায়ণং মাধবমপ্যথ।
প্রক্ষালনে দ্বয়োঃ পাণ্যো র্গোবিন্দং বিষ্ণুমপ্যুভৌ ॥ ১০২ ॥

পাদয়োঃ শৌচমকৃত্বেতি ভোজনপানশয়নাদৌ পাদয়োরশুদ্ধ্যভাবেঽপ্যাচমনসাঙ্গত্বার্থং শৌচমুক্তং ॥ ১০০ ॥

হস্তে উচ্ছিষ্টে সতি সদ্ধিরার্যঃ ॥ ১০১ ॥

তত্র লিখিতাচমনবিধৌ শ্রীভগবন্নামজপেন কিঞ্চিদ্বিশেষং তান্ত্রিকসম্মতং লিখতি ত্রিঃ পান ইত্যাদি ষড়্ভিঃ। ত্রিঃ পানাদৌ কেশবাদিকং কৃষ্ণান্তং চতুর্বিংশতিসংখ্যং শ্রীভগবন্নাম নমোঽন্তং চতুর্থ্যন্তঞ্চ কেশবায় নমঃ ইত্যাদি প্রয়োগেণ ক্রমাজ্জপন্ সন্ যথাবিধি আচমনং কুর্য্যাদিতি সর্ব্বৈরন্বয়ঃ ত্রিঃপাদে বারত্রয় জলাচমনে কেশবাদি ত্রয়ং ॥ ১০২ ॥

করিয়া অথবা পাদদ্বয়ে মৃত্তিকাশৌচ না করিয়া আচমন করিলেও অশুচি হয় ॥ ১০০ ॥

প্রাজ্ঞ ব্যক্তি পাদে চর্ম্মপাদুকা পরিধান করিয়া, জলে অবস্থিতি করিয়া মস্তকে উষ্ণীষ বন্ধন না করিয়া আচমন করিবেন না। তদ্রূপ পণ্ডিত জন বৃষ্টির ধারার জলে আচমন করিবেন না। উচ্ছিষ্টহস্তে তথা এক হস্তে অর্পিত জল দ্বারা কিম্বা যজ্ঞসূত্র বিহীন হইয়া আচমন করিবেন না। পাদুকাসনে অর্থাৎ পাদুকার উপর উপবেশন করিয়া কিম্বা জানুকে বহির্ভাগে রাখিয়া আচমন করিবে না ॥ ১০১ ॥

অথ বৈষ্ণব আচমন ॥

যথাবিধি তিন বার আচমন কালে কেশব, নারায়ণ ও মাধবকে, দুইবার হস্ত প্রক্ষালন সময়ে গোবিন্দ ও বিষ্ণু এই উভয়কে ॥ ১০২ ॥

মধুসূদনমেকঞ্চ মার্জনেঽন্যং ত্রিবিক্রমং ॥ ১০৩ ॥
উন্মার্জনেঽপ্যধরয়ো র্বামনশ্রীধরাবুভৌ ॥ ১০৪ ॥
প্রক্ষালনে পুনঃ পাণ্যোর্হৃষীকেশঞ্চ পাদয়োঃ।
পদ্মনাভং প্রোক্ষণেতু মূর্দ্ধ্নো দামোদরং ততঃ ॥ ১০৫ ॥
বাসুদেবং মুখে সঙ্কর্ষণং প্রদ্যুম্নমিত্যুভৌ।
নাসয়োর্নেত্রযুগলেঽনিরুদ্ধং পুরুষোত্তমং।
অধোক্ষজং নৃসিংহঞ্চ কর্ণয়োর্নাভিতোঽচ্যুতং ॥ ১০৬ ॥
জনার্দ্দনঞ্চ হৃদয়ে উপেন্দ্রং মস্তকে ততঃ।

মধুসূদনমেকমন্যঞ্চ ত্রিবিক্রমমিত্যুভাবিত্যর্থঃ ॥ ১০৩ ॥

অপিশব্দাদধরয়োর্মার্জন ইতি জ্ঞেয়ং। উভাবপি পুংস্ত্বং সংজ্ঞাসংজ্ঞিনোরভেদবিবক্ষয়া ॥১০৪॥

পাণ্যোর্দ্বয়োঃ প্রক্ষালনে হৃষীকেশমেকমেব। পাদয়োশ্চ প্রক্ষালনে পদ্মনাভমেকং। ততস্তদনন্তরং মূর্দ্ধ্নঃ প্রোক্ষণে দামোদরমেকং ॥ ১০৫ ॥

নাসয়োস্তু দ্বয়োঃ সঙ্কর্ষণং প্রদ্যুম্নঞ্চেতি দ্বৌ। নাভিতঃ নাভৌ ॥ ১০৬ ॥

যথাবিধীতি পূর্ব্বলিখিতাচমনবিধ্যনুসারেণ। ত্রিপানপ্রকারঃ মার্জনাদাবঙ্গুর্দ্বিনিয়মশ্চ তথা ওষ্ঠমার্জনমূর্দ্ধোষ্ঠক্রমেণ নাসাদিস্পর্শশ্চ দক্ষিণক্রমেণেত্যাদিপ্রকারশ্চ সদাচারতো জ্ঞেয় ইত্যর্থঃ। তথা চাগমতঃ শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং। কেশবাদ্যৈস্ত্রিভিঃ পীত্বা দ্বাভ্যাং প্রক্ষালয়েৎ করৌ। দ্বাভ্যামোষ্ঠৌ চ সংমার্জ্য দ্বাভ্যামুন্মার্জনং তথা। একেন হস্তৌ প্রক্ষাল্য

মার্জনে মধুসূদন ও ত্রিবিক্রমকে ॥ ১০৩ ॥

অধর ও ওষ্ঠের মার্জনে বামন এবং শ্রীধর এই উভয়কে ॥ ১০৪ ॥

পুনর্ব্বার হস্তদ্বয় প্রক্ষালনে হৃষীকেশকে, পদদ্বয়ের প্রক্ষালনে পদ্মনাভকে, মস্তক প্রক্ষালনে দামোদরকে ॥ ১০৫ ॥

মুখপ্রক্ষালনে বাসুদেবকে, নাসাদ্বয় প্রক্ষালনে সঙ্কর্ষণ ও প্রদ্যুম্ন এই উভয়কে, নেত্রযুগলে অনিরুদ্ধ ও পুরুষোত্তমকে, কর্ণদ্বয়ে অধোক্ষজ ও নৃসিংহকে, নাভিদেশে অচ্যুতকে ॥ ১০৬ ॥

হৃদয়ে জনার্দ্দনকে, মস্তকে উপেন্দ্রকে, দক্ষিণ বাহুতে হরিকে এবং

দক্ষিণে তু হরিং বাহৌ বামে কৃষ্ণং যথাবিধি।
নমোঽন্তঞ্চ চতুর্থ্যন্তমাচামেৎ ক্রমতো জপন্ ॥ ১০৭ ॥
অশক্তঃ কেবলং দক্ষং স্পৃশেৎ কর্ণং তথাচ বাক্।
কুর্ব্বীতালভনং বাপি দক্ষিণশ্রবণস্য বৈ ॥ ১০৮ ॥
অথ দন্তধাবনবিধিঃ ॥
তত্র কাত্যায়নঃ।

পাদাবপি তথৈকতঃ। সংপ্রোক্ষ্যৈকেন ; মূর্দ্ধানং ততঃ সঙ্কর্ষণাদিভিঃ। আস্যনাসাক্ষি-কর্ণাংশ্চ নাভ্যুরঃস্কন্ধকান্ স্পৃশেৎ। এবমাচমনং কৃত্বা সাক্ষান্নারায়ণো ভবেৎ। কেশব নারায়ণ মাধব গোবিন্দ বিষ্ণু মধুসূদন ত্রিবিক্রম বামন শ্রীধর হৃষীকেশ পদ্মনাভ দামোদর বাসু-দেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ পুরুষোত্তম অধোক্ষজ নৃসিংহ অচ্যুত জনার্দ্দন উপেন্দ্র হরি কৃষ্ণ ভগবন্নামভিরেভিশ্চতুর্থ্যন্তৈর্নমোঽন্তকৈরিত্যাদি ॥ ১০৭ ॥

ইন্দ্রিয়চ্ছিদ্রাদি মার্জনেচ অশক্তাদ্যপেক্ষয়া স্মৃত্যুক্তং পক্ষান্তরং লিখতি অশক্ত ইতি। রোগাদিনা অসমর্থশ্চেৎ তর্হি কেবলং দক্ষং নিজদক্ষিণকর্ণং স্পৃশেৎ। নমু তত্র কিং প্রমাণং তত্র লিখতি। তথাচ বাগিতি। যতস্তথৈব বচনমস্তীত্যর্থঃ। তামেব মার্কণ্ডেয়পুরাণে শ্রীমদালসোক্তাং লিখতি কুর্ব্বীতেতি। আলভনং স্পর্শনং বৈ প্রসিদ্ধৌ তচ্চ স্মৃতি পুরাণাদি-বৎ সুপ্রসিদ্ধমেবেত্যর্থঃ। কেচিচ্চ ত্রির্জলাচমনাশক্তাবপি পক্ষমেতং মন্যন্তে। তত্র চ জলাদ্য-সম্ভবেঽপি। এতচ্চ কেবলমিত্যনেনাপি সূচিতং। তচ্চ তত্রৈবোক্তং। যথা বিভবতো হ্যেতৎ পূর্ব্বাভাবে ততঃ পরমিতি। অস্যার্থঃ। বিভবঃ সামর্থ্যাদিঃ পূর্ব্বোক্তত্রিরাচমনাসম্ভবে. ততো ঽনন্তরমুক্তং দক্ষিণকর্ণালভনাদিকং কার্য্যং নান্যদিত্যর্থঃ ॥ ১০৮ ॥

বাম বাহুতে কৃষ্ণকে ক্রমে ক্রমে চতুর্থী বিভক্তি সংযোগ পূর্ব্বক নমঃ-শব্দ অন্তে দিয়া জপ করত আচমন করিবে ॥ ১০৭ ॥

যোগাদি দ্বারা অশক্ত হইলে কেবল দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে। অতএব এই বিষয়ে বচন আছে, অথবা অশক্ত ব্যক্তি কেবল দক্ষিণ কর্ণমাত্র স্পর্শ করিবে ॥ ১০৮ ॥

অথ দন্তধাবনবিধি ॥
তদ্বিষয়ে কাত্যায়ন বলিয়াছেন ॥

উত্থায় নেত্রং প্রক্ষাল্য শুচির্ভূত্বা সমাহিতঃ।
পরিজপ্য চ মন্ত্রেণ ভক্ষয়েদ্দন্তধাবনং ॥
মন্ত্রশ্চায়ং ॥
আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজা পশুবসূনি চ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বং নো দেহি বনস্পতে ॥
অস্যানিত্যতা কাশীখণ্ডে ॥
অথো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্ণীয়াদ্দন্তধাবনং।
আচান্তোঽপ্যশুচি র্যস্মাদকৃত্বা দন্তধাবনং ॥

শ্রীভগবৎপূজানিরতাঃ শয়নাদুত্থায়ৈব দন্তধাবনমাচরেয়ুরিতি পূর্ব্বং লিখিতং অধুনা শৌচবর্গবিধিপ্রসঙ্গে তদ্বিধি র্লিখ্যতে উত্থায়েত্যাদিনা। প্রক্ষাল্য মার্জ্জনাদিনা নেত্রে উন্মীল্য। এবঞ্চ প্রাতঃকৃত্যমেবেদং ব্যক্তং। তথাচ ব্যাসঃ। শুদ্ধ্যর্থং প্রাতরুত্থায় ভক্ষয়েদ্দন্তধাবনমিতি। অশক্তৌ চ স্নানকালেঽপি দন্তধাবনং ন দোষাবহং বিরক্তনাং সতাং কেষাঞ্চিৎ তাদৃশাচারদর্শনাৎ। অতএব কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং। প্রক্ষাল্য দন্তকাষ্ঠং বৈ ভক্ষয়িত্বা বিধানতঃ। আচম্য প্রযতো নিত্যং স্নানং প্রাতঃ সমাচরেদিতি প্রাতঃস্নানকাল এবোক্তং। মার্কণ্ডেয়পুরাণেচ। কেশপ্রসাধনাদর্শদর্শনং দন্তধাবনং। পূর্ব্বাহ্ণ এব কার্য্যাণি ইতি পূর্ব্বাহ্ণমাত্রকৃত্যমিত্যুক্তং। যচ্চোক্তং। যো মোহাৎ স্নানবেলায়াং ভক্ষয়েদ্দন্তধাবনং। নিরাশাস্তস্য গচ্ছন্তি দেবতাঃ পিতরস্তথেতি তচ্চ মধ্যাহ্নস্নানবিষয়ং জ্ঞেয়ং ॥ ১০৯ ॥

শয়ন হইতে উত্থান পূর্ব্বক নেত্রদ্বয় প্রক্ষালন করত শুচি ও স্থির চিত্তে মন্ত্র জপ করিয়া দন্তধাবন করিবে ॥

মন্ত্রও এই ॥

হে বনস্পতে! তুমি আমাদিগকে আয়ু, বল, যশঃ, তেজঃ, সন্তান, পশু, প্রাণ, ব্রহ্ম অর্থাৎ বেদবিষয়কজ্ঞান, বুদ্ধি ও স্মৃতিশক্তি প্রদান কর ॥

দন্তধাবনের নিত্যতা যথা—কাশীখণ্ডে ॥

অনন্তর মুখ শোধনের নিমিত্ত দন্তকাষ্ঠ গ্রহণ করিবে, যে হেতু দন্তধাবন না করিয়া আচমন করিলেও অশুচি থাকে ॥

বারাহে চ ॥

দন্তকাষ্ঠমখাদিত্বা যস্তু মামুপসর্পতি।
সর্ব্বকালকৃতং কর্ম্ম তেন চৈকেন নশ্যতি ॥

অথ দন্তকাষ্ঠনিষিদ্ধদিনানি। মনুঃ ॥

চতুর্দ্দশ্যষ্টমীদর্শপৌর্ণমাস্যর্কসংক্রমঃ।
এষু স্ত্রীতৈলমাংসানি দন্তকাষ্ঠানি বর্জয়েৎ ॥

সম্বর্ত্তকঃ ॥

আদ্যে তিথৌ নবম্যাঞ্চ ক্ষয়ে চন্দ্রমসস্তথা।
আদিত্যবারে শৌরে চ বর্জয়েদ্দন্তধাবনং ॥ ১০৯ ॥

কাত্যায়নঃ ॥

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাঞ্চ বিশেষতঃ।

বিশেষত ইত্যনেন ক্বচিচ্চতুর্দ্দশ্যাদৌ ক্বচিচ্চ ব্যতীপাতজন্মাদিনাদৌ কৃতদন্তকাষ্ঠনিষেধাপেক্ষয়া প্রতিপদাদিষু তন্নিষেধাধিক্যং বোধ্যতে অতএব দহতীত্যাদিনা তত্র দোষোঽপি

বরাহপুরাণেও ॥

বরাহদেব পৃথিবীকে কহিয়াছেন, দন্তকাষ্ঠ চর্ব্বণ না করিয়া যে আমার উপাসনা করে, সেই এক কর্ম্ম দ্বারাই তাহার সর্ব্বকাল কৃত কর্ম্ম বিনষ্ট হয় ॥

যে যে দিবস দন্তকাষ্ঠ চর্ব্বণ করিবে না, তাহার বিধি যথা—মনু ॥

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবাস্যা, পৌর্ণমাসী এবং সূর্য্যসংক্রম অর্থাৎ সংক্রান্তি, এই সকল দিনে স্ত্রী, তৈল, মাংস ও দন্তকাষ্ঠ বর্জন করিবে ॥

সম্বর্ত্তক বলিয়াছেন ॥

প্রতিপৎ, নবমী, চন্দ্রমার ক্ষয় দিবসে অর্থাৎ অমাবাস্যায়, তথা, রবিবারে ও শনিবারে দন্তধাবন করিবে না ॥ ১০৯ ॥

কাত্যায়ন বলিয়াছেন ॥

প্রতিপৎ, অমাবাস্যা ও ষষ্ঠীতে, বিশেষ করিয়া নবমীতে দন্ত সক-

দন্তানাং কাষ্ঠসংযোগো দহত্যাসপ্তমং কুলং ॥ ১১০ ॥

বৃদ্ধবশিষ্ঠঃ ॥

উপবাসে তথা শ্রাদ্ধে ন খাদেদ্দন্তধাবনং।
দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি সপ্তকুলানি বৈ ॥

অন্যত্র চ ॥

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যেকাদশীরবৌ।
দন্তানাং কাষ্ঠসংযোগো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥ ১১১ ॥

অথ তত্র প্রতিনিধিঃ ॥

দিনেষ্বেতেষু কাষ্ঠৈর্হি দন্তানাং ধাবনস্য তু।
নিষিদ্ধত্বাত্তৃণৈঃ কুর্য্যাত্তথা কাষ্ঠৈতরৈশ্চ তৎ ॥ ১১২ ॥

তথাচ ব্যাসঃ ॥

প্রতিপদ্দর্শষষ্ঠীষু নবম্যাং দন্তধাবনং।

মহান্ দর্শিত ইতি দিক্ ॥ ১১০ ॥

নবম্যামেকাদশ্যাং রবিবারে চেত্যর্থঃ ॥ ১১১ ॥

এতেষু প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু কাষ্ঠৈঃ কৃত্বা দন্তানাং ধাবনস্য নিষিদ্ধত্বাৎ নিষেধনাৎ।

লের কাষ্ঠ সংযোগ সপ্তম কুল অর্থাৎ সপ্তম পুরুষ পর্য্যন্ত বংশ দগ্ধ করে ॥ ১১০ ॥

বৃদ্ধবশিষ্ঠ ॥

উপবাস দিবসে ও শ্রাদ্ধদিনে দন্তকাষ্ঠ চর্ব্বণ করিবে না, ঐ ঐ দিবসে দন্তসকলের যে কাষ্ঠ সংযোগ তাহা সপ্তম কুল বিনাশ করে ॥

অন্যত্রও ॥

প্রতিপৎ, অমাবাস্যা, ষষ্ঠী,নবমী, একাদশী তথা রবিবার এই সকল দিনে দন্তসকলের কাষ্ঠ সংযোগ পূর্ব্বকৃত পুণ্য নষ্ট করে ॥ ১১১ ॥

নিষিদ্ধ দিনে দন্তকাষ্ঠের প্রতিনিধি।
অর্থাৎ যাহা ব্যবহার করিতে হইবে ॥

এই সকল দিনে কাষ্ঠদ্বারা দন্তধাবন করা নিষেধ হেতু তৃণ তথা

পর্ণৈরন্যত্র কাষ্ঠৈশ্চ জিহ্বোল্লেখঃ সদৈব হি।
পৈঠীনসিঃ ॥
অলাভে বা নিষেধে বা কাষ্ঠানাং দন্তধাবনং।
পর্ণাদিনা বিশুদ্ধেন জিহ্বোল্লেখঃ সদৈব হি ॥ ১১৩ ॥
অথ তত্রৈবাপবাদঃ ॥
কাষ্ঠৈঃ প্রতিপদাদৌ যন্নিষিদ্ধং দন্তধাবনং।
তৃণপর্ণৈস্তু তৎ কুর্য্যাদমামেকাদশীং বিনা ॥ ১১৪ ॥

তত্তদ্দন্তধাবনং তৃণৈঃ কাষ্ঠাদিতরৈরন্যৈশ্চ ত্বগাদিভিঃ কুর্য্যাৎ। যদ্বা। কাষ্ঠেতরৈরিতি হেতৌ বিশেষণং। ততশ্চ কাষ্ঠৈরেব নিষেধনাৎ তৃণাদীনাঞ্চ কাষ্ঠেতরত্বাৎ তৈর্দন্তধাবনমত্রুষ্টমিত্যর্থঃ ॥ ১১২ ॥

অন্যত্র প্রতিপদাদিব্যতিরিক্তদিনেষু অত্র চ রবিবারাদপি পর্ণৈরেব তথা তৃণৈশ্চাপীতি পূর্ব্বাপরবচনানুসারেণ বোদ্ধব্যং ॥ ১১৩ ॥

অমাং অমাবাস্যাং একাদশীমিত্যুপবাসদিনং লক্ষয়তি কদাচিদ্দ্বাদশীষু জন্মাষ্টম্যাদিষু চোপবাসাৎ অমাবাস্যায়াং দন্তকাষ্ঠগ্রহণং ন কার্য্যং। তথাচ মৎস্যবিষ্ণুপুরাণয়োঃ। ছিনত্তি বিরুধো যস্তু বীরুৎসংস্থে নিশাকরে। পত্রং বা পাতয়ত্যেকং ব্রহ্মহত্যাং স বিন্দতীতি ॥ ১১৪ ॥

বৃক্ষের ত্বক্ ও পত্রদ্বারা দন্তধাবন করিবে ॥ ১১২ ॥

অতএব ব্যাস বলিয়াছেন ॥

প্রতিপৎ, অমাবাস্যা, ষষ্ঠী, নবমী এবং রবিবারে পত্রদ্বারা দন্তধাবন করিবে, কিন্তু সকল দিবসেই কাষ্ঠদ্বারা জিহ্বোল্লেখ করিবে ॥

পৈঠীনসি বলিয়াছেন ॥

দন্তকাষ্ঠের অভাবে অথবা দন্তকাষ্ঠ ব্যবহার নিষিদ্ধ দিবসে পবিত্র পত্রদ্বারা দন্তধাবন করিবে, কিন্তু নিষিদ্ধ ও অনিষিদ্ধ সকল দিবসেই জিহ্বোল্লেখ করিবে ॥ ১১৩ ॥

অথ তদ্বিষয়ে বিশেষ বিধি ॥

প্রতিপদাদি তিথিতে কাষ্ঠদ্বারা যে দন্তধাবন নিষিদ্ধ হইয়াছে, তাহা পত্রদ্বারা করিবে কিন্তু অমাবাস্যা ও একাদশীতে তৃণ পত্র দ্বারাও দন্তধাবন করিবে না ॥ ১১৪ ॥

অতএব ব্যাসস্য বচনান্তরং ॥

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধায়াং তথা তিথৌ।
অপাং দ্বাদশগণ্ডূষৈ র্বিদধ্যাদ্দন্তধাবনং ॥

কাশীখণ্ডেচ তত্রৈব ॥

অলাভে দন্তকাষ্ঠানাং নিষিদ্ধে বাথ বাসরে।
গণ্ডূষা দ্বাদশ গ্রাহ্যা মুখস্য পরিশুদ্ধয়ে ॥ ইতি ॥ ১১৫ ॥

তৃণপর্ণাদিনা কেচিদুপবাসদিনেষ্বপি।
দন্তধাবনমিচ্ছন্তি মুখশোধনতৎপরাঃ ॥

তথাচ কাশীখণ্ডে তত্রৈব ॥

নিষিদ্ধায়ামিতি পূর্ব্বং প্রতিপদাদিষু নিষিদ্ধদিনেষু পর্ব্বৈর্দন্তধাবনস্যানুজ্ঞাতত্বাৎ পুনশ্চ অপাং দ্বাদশগণ্ডূষৈরিত্যনুজ্ঞাতত্বাদেকাদশ্যাদ্যুপবাসদিনেষু অপাং গণ্ডূষৈরিতি ব্যবস্থাপয়িতব্যং। এবঞ্চ অমাদেকাদশীং বিনেতি বাক্যং সুসঙ্গতমিতি দিক্ ॥ ১১৫ ॥

উপবাসেঽপি নো দুষ্যেদিতি বচনঞ্চ স্বমতেঽপ্যনুস্ত্রীবিষয়কং জ্ঞেয়ং তত্রাজনাদিনিষেধনাৎ। অতএব কেচিদিচ্ছন্তীতি লিখিতং। ব্রতদিনে পর্ণাদিনা দন্তানাং ধাবনে দাক্ষিণাত্য-শ্রীবৈষ্ণবানাং ব্যবহারোঽপি প্রমাণমিতি দিক্ ॥ ১১৬ ॥

এই কারণেই ব্যাসের অন্য বচন ॥

দন্তকাষ্ঠ না পাইলে অথবা যে তিথিতে দন্তধাবন করিতে হয় না, সেই তিথিতে দ্বাদশ গণ্ডূষ জলদ্বারা দন্ত ধাবন বিধান করিবে ॥

কাশীখণ্ডেও ঐ স্থলেই অর্থাৎ কার্ত্তিকেয় ও অগস্ত্য সম্বাদে ॥

দন্তকাষ্ঠের অভাবে অথবা নিষিদ্ধ দিবসে মুখ শুদ্ধির নিমিত্ত দ্বাদশ গণ্ডূষ জল গ্রহণ করিবে ॥ ১১৫ ॥

যাঁহাদের মুখশোধন কার্য্য অতিশয় প্রয়োজনীয় এমত কোন কোন ব্যক্তি উপবাস দিবসে তৃণ পত্রাদি দ্বারা দন্তধাবন ইচ্ছা করেন ॥

উক্ত বিষয়ও কাশীখণ্ডের ঐ স্থলেই
অর্থাৎ কার্ত্তিকেয় ও অগস্ত্যসম্বাদে ॥

মুখে পর্য্যুষিতে যস্মাৎ ভবেদশুচিভাগ্ নরঃ।
ততঃ কুর্য্যাৎ প্রযত্নেন শুদ্ধ্যর্থং দন্তধাবনং।
উপবাসেঽপি নো দুষ্যেদ্দন্তধাবনমঞ্জনং।
গন্ধালঙ্কারসদ্বস্ত্রপুষ্পমালানুলেপনং।
অথ দন্তকাষ্ঠানি স্মৃতৌ ॥
সর্ব্বে কণ্ঠকিনঃ পুণ্যাঃ আয়ুর্দ্দাঃ ক্ষীরিণঃ স্মৃতাঃ।
কটু-তিক্ত-কষায়াশ্চ বলারোগ্য-সুখপ্রদাঃ ॥
কিঞ্চ ॥
পলাশানাং দন্তকাষ্ঠং পাদুকে চৈব বর্জয়েৎ।
বর্জয়েচ্চ প্রযত্নেন বটং বাশ্বত্থমেব চ ॥ ১১৬ ॥
কৌর্ম্মে ব্যাসগীতায়াং ॥
মধ্যাঙ্গুলিসমস্থৌল্যং দ্বাদশাঙ্গুলিসম্মিতং।

সত্বচমিতি। অদন্তত্বচশব্দোঽপ্যস্তি আবন্তো বা। ত্বচাসহিতমিত্যর্থঃ ॥ ১১৭ ॥

যে হেতু মুখ পর্য্যুষিত থাকিলে মনুষ্য অপবিত্র হয়, এই কারণ শুদ্ধির নিমিত্ত যত্ন পূর্ব্বক দন্তধাবন করিবে। উপবাস দিবসেও দন্ত ধাবন, অঞ্জন, চন্দন, অলঙ্কার, উত্তমবস্ত্র, পুষ্পমালা ও গন্ধদ্রব্য ব্যবহার করিলে দোষ হয় না ॥

যে যে দন্তকাষ্ঠ ব্যবহার করিতে হইবে তাহার
ব্যবস্থা যথা স্মৃতিতে ॥

কথিত আছে, যে সকল বৃক্ষ কণ্ঠকযুক্ত তাহাদের দন্তকাষ্ঠ পবিত্র, ক্ষীরযুক্ত বৃক্ষের দন্তকাষ্ঠ পরমায়ুঃ বৃদ্ধি করে এবং কটু, তিক্ত ও কষায় রসসম্পন্ন বৃক্ষের দন্তকাষ্ঠ বল, আরোগ্য ও সুখ প্রদান করিয়া থাকে ॥

আরও বলি ॥

পলাশ বৃক্ষের দন্তকাষ্ঠ ও পাদুকা বর্জন করিবে, বট ও অশ্বত্থ এই দুইকে যত্ন পূর্ব্বক পরিত্যাগ করিবে ॥ ১১৬ ॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

যে দন্তকাষ্ঠ মধ্যমাঙ্গুলির ন্যায় স্থূল, পরিমাণে দ্বাদশ অঙ্গুল ও

সত্বচং দন্তকাষ্ঠং যৎ তদগ্রে নতু ধারয়েৎ ॥ ১১৭ ॥
ক্ষীরিবৃক্ষসমুদ্ভূতং মালতীসম্ভবং শুভং।
অপামার্গঞ্চ বিল্বং বা করবীরং বিশেষতঃ।
বর্জয়িত্বা নিন্দিতানি গৃহীত্বৈকং যথোদিতং।
পরিহৃত্য দিনং পাপং ভক্ষয়েদ্বৈ বিধানবিৎ।
ন পাটয়েদ্দন্তকাষ্ঠং নাঙ্গুল্যগ্রেণ ধারয়েৎ।
প্রক্ষাল্য ভুক্ত্বা তজ্জহ্যাৎ শুচৌ দেশে সমাহিতঃ ॥ ১১৮ ॥
কাশীখণ্ডেচ তত্রৈব ॥
কনিষ্ঠাগ্রপরীণাহং সত্বচং নির্ব্রণং ঋজুং।
দ্বাদশাঙ্গুলমানঞ্চ সার্দ্রং স্যাদ্দন্তধাবনং।
জিহ্বোল্লেখনিকাং বাপি কুর্য্যাচ্ছাপাকৃতিং শুভাং ॥ ১১৯ ॥

নিন্দিতানি অর্ককর্ব্বূরাদীনি। পাপং বর্জ্যং দিনং প্রতিপদাদি ॥ ১১৮ ॥
পরীণাহঃ স্থৌল্যং। সার্দ্রং আর্দ্রতাযুক্তং ॥ ১১৯ ॥

তদ্দ্বারা দন্তধাবন করিবে কিন্তু ঐ কাষ্ঠের অগ্র দিক্ ধারণ করিবে না, মূলের দিকে ধারণ করিয়া অগ্রের দিকে দন্তধাবন করিবে ॥ ১১৭ ॥

ক্ষীরিবৃক্ষ অর্থাৎ বট ও অশ্বত্থ বৃক্ষজাত, পবিত্র মালতীবৃক্ষজাত, অপামার্গ, বিল্ব, বিশেষতঃ করবীর ও নিন্দিত কাষ্ঠ অর্থাৎ আকন্দ ও পারুলকাষ্ঠ, এ সকল পরিত্যাগ করিয়া পূর্ব্বকথিত লক্ষণসম্পন্ন একটী দন্তকাষ্ঠ লইয়া বিধানজ্ঞ ব্যক্তি প্রতিপদাদি নিষিদ্ধদিনের ভিন্ন দিনে চর্ব্বণ করিবেন ॥

পাটিত অর্থাৎ দ্বিধাকৃত (ফাড়া) দন্তকাষ্ঠ গ্রহণ করিবে না এবং অঙ্গুলির অগ্রভাগদ্বারা ধারণ করিবে না। স্থিরচিত্তে দন্তকাষ্ঠ ধৌত করিয়া চর্ব্বণ করত পবিত্র স্থানে নিক্ষেপ করিবেন ॥ ১১৮ ॥

কাশীখণ্ডের কার্ত্তিকেয় ও অগস্ত্যসম্বাদে ॥

কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগের ন্যায় স্থূল, ত্বক্‌যুক্ত, ব্রণহীন, সরল, দ্বাদশাঙ্গুল পরিমিত, আর্দ্র অর্থাৎ রসসমন্বিত কাষ্ঠই দন্তকাষ্ঠের উপযুক্ত,

রামার্চ্চনচন্দ্রিকায়াঞ্চ ॥

দন্তোল্লেখো বিতস্ত্যা ভবতি পরিমিতাদন্যমিত্যাদি মন্ত্রাৎ
প্রাতঃ ক্ষীর্য্যাদিকাষ্ঠাদ্বটখদিরপলাশৈর্বিনার্কাম্রবিল্বৈঃ।
ভুক্ত্বা গণ্ডূষষট্কং দ্বিরপি কুশমৃতে দেশিনীমঙ্গুলীভি-
র্নন্দাভূতাষ্টপর্ব্বণ্যপি ন খলু নবম্যর্কসংক্রান্তিপাতে ॥ ১২০ ॥

অথ কেশপ্রসাধনাদিঃ ॥

ততশ্চাচম্য বিধিবৎ কৃত্বা কেশপ্রসাধনং।

বটাদিকাষ্ঠৈ র্বিনা ক্ষীর্য্যাদিকাষ্ঠাৎ প্রাতর্দ্দন্তানামুল্লেখো ধাবনং ভবতি। কীদৃশাৎ বিতস্ত্যা দ্বাদশাঙ্গুলৈঃ পরিমিতাৎ কুশং দেশিনীঞ্চ বিনা অঙ্গুলীভির্গণ্ডূষষট্কং দ্বির্ভুক্ত্বা দ্বাদশজলগণ্ডূষাণি গৃহীত্বেত্যর্থঃ। নন্দাদিষু চ দন্তোল্লেখো ন ভবতি তত্র নন্দা প্রতিপৎ ষষ্ঠী একাদশী চ ভূতচতুর্দ্দশী অষ্টমী পর্ব্ব অমাবস্যা পৌর্ণমাস্যাদি। পাতো ব্যতীপাতো। দ্বন্দ্বৈক্যং। এবং নিষেধবৈবিধ্যং বিবিধবেদশাখাসেবিনাং কর্ম্মপরাণাং নানাদেবতাভক্তানাং মতভেদেন। মন্ত্রশ্চ শ্রৌতোঽয়ং। অন্নাদ্যায়াদ্যাপ্যুহং। সোমোরাজায়মাগমন্ স মে মুখং সংমার্জ্যতে যশসা চ ভগেন বেতি ॥ ১২০ ॥

এই লক্ষণাক্রান্তই ধনুকাকৃতি শুভজিহ্বোল্লেখনিকা করিবে ॥ ১১৯ ॥

রামার্চ্চনচন্দ্রিকাতেও ॥

কুশ ও তর্জনী ভিন্ন অন্যান্য অঙ্গুলি সকলের দ্বারা দুই ছয় অর্থাৎ বার গণ্ডূষ জল মুখে দিয়া "সোমো রাজা" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করত বট, খদির, পলাশ, আকন্দ, আম্র ও বিল্ব ভিন্ন অন্যান্য ক্ষীরি বৃক্ষজাত দ্বাদশাঙ্গুল পরিমিত কাষ্ঠদ্বারা প্রাতঃকালে দন্তমার্জন করিতে হয় কিন্তু প্রতিপৎ, চতুর্দ্দশী, অষ্টমী তথা অমাবস্যা ও পৌর্ণমাসী প্রভৃতি পর্ব্বদিবসে এবং নবমী, সংক্রান্তি ও ব্যতিপাত যোগে দন্তধাবন করিতে হয় না ॥ ১২০ ॥

অথ কেশসংস্করণাদি ॥

অনন্তর দ্বিজ অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য দন্তধাবনের পর আচ-

স্মৃত্বা প্রণবগায়ত্র্যৌ নিবধ্নীয়াচ্ছিখাং দ্বিজঃ ॥ ১২১ ॥

তথাচোক্তং।

ন দক্ষিণামুখো নোর্দ্ধং কুর্য্যাৎ কেশপ্রসাধনং।

স্মৃত্বোঙ্কারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াচ্ছিখাং ততঃ ॥ ১২২ ॥

অথ স্নানং বিষ্ণুপুরাণে তত্রৈব ॥

নদীনদতড়াগেষু দেবখাতজলেষু চ।

নিত্যক্রিয়ার্থং স্নায়ীত গিরিপ্রস্রবণেষু চ।

কূপেষূদ্ধৃততোয়েন স্নানং কুর্ব্বীত বা ভুবি।

স্নায়ীতোদ্ধৃততোয়েন অথবা ভুব্যসম্ভবে ॥

দ্বিজ ইতি স্নানে শূদ্রস্য মুক্তশিখত্বাৎ ॥ ১২১ ॥

বিধিবদিতি লিখিতং তং বিধিমেব লিখতি ন দক্ষিণেতি ॥ ১২২ ॥

কূপেষু কলসাদিভিরুদ্ধৃততোয়েন ভুবি তত্তত্তটভূমৌ স্নায়াৎ গমনাদ্যশক্ততয়া। তত্তট-ভুবি স্নানাসম্ভবে কূপাদুদ্ধৃতেন শীতোদকেন স্নায়াৎ তত্রাপ্যশক্তৌ উষ্ণোদকেন স্নায়াৎ ইতি জ্ঞেয়ং। তথা চোক্তং। আপঃ স্বভাবতো মেধ্যাঃ কিং পুনর্ব্বহ্নিসংযুতাঃ। তস্মাৎ সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণেতি ॥ ১২৩ ॥

মন করিয়া পশ্চাল্লিখিত বিধানানুসারে কেশসংস্কার করিয়া প্রণব ও গায়ত্রী স্মরণ পূর্ব্বক শিখা বন্ধন করিবেন ॥ ১২১ ॥

অতএব উক্ত হইয়াছে ॥

দক্ষিণমুখ অথবা ঊর্দ্ধমুখ হইয়া কেশসংস্কার করিবে না। পরে প্রণব ও গায়ত্রী স্মরণ করিয়া শিখা বন্ধন করিবে ॥ ১২২ ॥

অথ স্নান ॥

বিষ্ণুপুরাণে ঔর্ব্ব ও সগরের সম্বাদে ॥

নদী, নদ, দীর্ঘিকায় এবং দেবখাত জলে ও পর্ব্বত-প্রস্রবণে স্নান করিবে। অথবা কূপ হইতে কলসাদি দ্বারা জল উত্তোলন করিয়া তাহার তটে স্নান করিবে। তটের সম্ভাবনা না থাকিলে উত্তোলিত শীতল জলে অথবা তাহাতে অশক্ত হইলে ঐ উষ্ণজলে স্নান করিবে ॥

অথ স্নাননিত্যতা ॥

তত্র কাত্যায়নঃ ॥

যথাহনি তথা প্রাতর্নিত্যং স্নায়াদনাতুরঃ।
অত্যন্তমলিনঃ কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ।
স্রবত্যেব দিবারাত্রৌ প্রাতঃ স্নানং বিশোধনং ॥

দক্ষঃ ॥

প্রাতর্মধ্যাহ্নয়োঃ স্নানং বানপ্রস্থগৃহস্থয়োঃ।
যতেস্ত্রিসবনং স্নানং সকৃত্তু ব্রহ্মচারিণঃ ॥ ১২৩ ॥
সর্ব্বে চাপি সকৃৎ কুর্য্যুরশক্তৌ চোদকং বিনা ॥ ১২৪ ॥

কিঞ্চ ॥

অশিরস্কং ভবেৎ স্নানমশক্তৌ কর্ম্মিণাং সদা।

অশক্তৌ সত্যাং। অপি নিশ্চিতং সকৃদপীতি বা কুর্য্যুরেব। তত্রাপ্যশক্তৌ উদকং বিনেতি মন্ত্রস্নানাদিকং কুর্য্যুরিত্যর্থঃ। যদ্বা। অশক্তৌ সত্যাং উদকং বিনা জলাভাবে চ সতি সকৃৎ কুর্য্যুঃ। এবং স্নানস্য নিত্যতা সিদ্ধৈব ॥ ১২৪ ॥

অশিরস্কমিত্যাদিনাপি নিত্যতৈবাভিপ্রেতা ॥ ১২৫ ॥

অথ স্নানের নিত্যতা ॥

তদ্বিষয়ে কাত্যায়ন বলিয়াছেন ॥

সুস্থ ব্যক্তি যেমন দিবাভাগে তদ্রূপ প্রাতঃকালে নিত্য স্নান করিবেন। শরীর অতিশয় মলযুক্ত এবং নবচ্ছিদ্র সম্পন্ন, দিবারাত্রই তাহা হইতে মল ক্ষরণ হইতেছে, প্রাতঃস্নান করিলে শরীরের শুদ্ধি হয় ॥

দক্ষ বলিয়াছেন ॥

বানপ্রস্থ এবং গৃহস্থের প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে স্নান, যতির ত্রিসন্ধ্যায় স্নান এবং ব্রহ্মচারির একবার মাত্র স্নান কর্ত্তব্য ॥ ১২৩ ॥

অশক্ত হইলে সকলের পক্ষেই একবার মাত্র স্নান, তাহাতেও অশক্ত হইলে কেবল মন্ত্র স্নানাদি করিবে ॥ ১২৪ ॥

আরও ॥

অশক্ত হইলে কর্ম্মিব্যক্তির সকলকালেই মস্তক ব্যতীত স্নান হইতে

আর্দ্রেণ বাসসা বাপি পাণিনা বাপি মার্জনং ॥

শঙ্খশ্চ ॥

অস্নাতস্তু পুমান্নার্হো জপাদিহবনাদিষু ॥

কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং ॥

প্রাতঃস্নানং বিনা পুংসাং পাপিত্বং কর্ম্মসু স্মৃতং।
হোমে জপে বিশেষেণ তস্মাৎ স্নানং সমাচরেৎ ॥

কাশীখণ্ডে ॥

প্রস্বেদলালাদ্যাক্লিন্নো নিদ্রাধীনো যতো নরঃ।
প্রাতঃস্নানাত্ততোঽর্হঃ স্যান্মন্ত্রস্তোত্রজপাদিষু।

পাদ্মেচ দেবহূতিবিকুণ্ডলসম্বাদে ॥

স্নানং বিনা তু যো ভুঙ্‌ক্তে মলাশী স সদা নরঃ।
অস্নায়িনোঽশুচেস্তস্য বিমুখাঃ পিতৃদেবতাঃ।

পারে আর্দ্র বস্ত্র বা আর্দ্র হস্ত দ্বারা গাত্রমার্জন করিলেও স্নান হয় ॥

শঙ্খও বলিয়াছেন ॥

স্নান না করিলে মনুষ্য জপ ও হোমাদি কর্ম্মে যোগ্য হইতে পারে না ॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

প্রাতঃস্নান ব্যতিরেকে মনুষ্যের কর্ম্ম সকলে বিশেষতঃ জপ এবং হোমাদিকার্য্যে শুদ্ধি হয় না, সুতরাং প্রাতঃস্নান করিবে ॥

কাশীখণ্ডে ॥

যে হেতু মনুষ্য নিদ্রার বশীভূত হইলে ঘর্ম্ম ও লালাদি দ্বারা ক্লেদ যুক্ত হয় অতএব প্রাতঃস্নান করিলে মন্ত্র স্তব ও জপাদিতে যোগ্য হইতে পারে ॥

পদ্মপুরাণে দেবহূতি ও বিকুণ্ডল সম্বাদে ॥

যে মনুষ্য স্নান ব্যতিরেকে ভোজন করে, সে সকল কালেই মল ভোজন করিয়া থাকে, যে স্নান না করে সে অশুচি, পিতৃলোক ও দেব

স্নানহীনো নরঃ পাপী স্নানহীনোঽশুচিঃ সদা।
অস্নায়ী নরকং ভুক্ত্বা পুক্কশাদিষু জায়তে ॥ ১২৫ ॥

অথ স্নানমাহাত্ম্যং মহাভারতে উদ্যোগপর্ব্বণি শ্রীবিদুরোক্তৌ ॥

গুণা দশ স্নানশীলং ভজন্তে, বলং রূপং স্বরবর্ণপ্রসিদ্ধিঃ।
স্পর্শশ্চ গন্ধশ্চ বিশুদ্ধতাচ, শ্রীঃ সৌকুমার্য্যং প্রবরাশ্চ নার্য্যঃ ॥

পাদ্মে চ তত্রৈব ॥

যাম্যং হি যাতনাদুঃখং নিত্যস্নায়ী ন পশ্যতি।
নিত্যস্নানেন পূয়ন্তে অপি পাপকৃতো নরাঃ।
প্রাতঃস্নানং হরেদ্বৈশ্য সবাহ্যাভ্যন্তরং মলং।

স্বরবর্ণয়োঃ প্রকর্ষেণ সিদ্ধিরিতি। মহাপাতকাদিকং হরতি ॥ ১২৬

লোক তাহার প্রতি বিমুখ হয়েন। স্নানহীন নর পাপী, স্নানহীন নর সর্ব্বদা অশুচি, যে স্নান করে না, সে নরক ভোগ করিয়া পুক্কশাদি অন্ত্যজ জাতি সকলে জন্ম গ্রহণ করে ॥ ১২৫ ॥

অথ স্নানমাহাত্ম্য মহাভারতে উদ্যোগপর্ব্বে
শ্রীবিদুরের উক্তিতে ॥

যে ব্যক্তি নিত্য স্নান করে দশটী গুণ তাহাকে ভজন করে অর্থাৎ নিত্য স্নান করিলে শরীরে দশটী গুণ প্রকাশ পায়। যথা বল, রূপ, কণ্ঠের স্বর, বর্ণের উত্তমতা, স্পর্শ অর্থাৎ ত্বগিন্দ্রিয়ের স্পর্শশক্তির পটুতা, সুগন্ধ, বিশুদ্ধতা, শ্রী অর্থাৎ শোভা, সুকুমারতা এবং উত্তমা স্ত্রী সকল অর্থাৎ তাহাদিগের অনুরাগ ভাজন হয় ॥

পদ্মপুরাণের সেই স্থানেই অর্থাৎ দেবহূতি ও বিকুণ্ডল সম্বাদে ॥

নিত্যস্নায়ী ব্যক্তি অর্থাৎ যে ব্যক্তি নিত্যস্নান করে সে কখন যম-যাতনাজনিত দুঃখও অনুভব করে না, অধিক কি, পাপকারী মনুষ্যেরাও নিত্যস্নান দ্বারা পবিত্র হইয়া থাকে। হে বৈশ্য! প্রাতঃস্নান

প্রাতঃস্নানেন নিষ্পাপো নরো ন নিরয়ং ব্রজেৎ।
যে পুনঃ স্রোতসি স্নানমাচরন্তীহ পর্ব্বণি।
তেনৈব দুর্গতিং যান্তি ন জায়ন্তে কুযোনিষু।
দুঃস্বপ্নং দুষ্টচিন্তা চ বন্ধ্যা ভবতি সর্ব্বদা।
প্রাতঃস্নানবিশুদ্ধানাং পুরুষাণাং বিশাং বর॥
অত্রিস্মৃতৌ॥ স্নানে মনঃ প্রসাদঃ স্যাদ্দেবা অভিমুখাঃ সদা।
সৌভাগ্যং শ্রীঃ সুখং পুষ্টিঃ পুণ্যং বিদ্যা যশো ধৃতিঃ।
মহাপাপান্যলক্ষ্মীঞ্চ দুরিতং দুর্ব্বিচিন্তিতং।
শোকদুঃখাদি হরতে প্রাতঃস্নানং বিশেষতঃ॥ ১২৬॥
কৌর্ম্মে তত্রৈব॥
প্রাতঃস্নানং প্রশংসন্তি দৃষ্টাদৃষ্টকরং হি তৎ।

দৃষ্টাদৃষ্টকরং ঐহিকামুষ্মিকশুভকারি।

বাহ্য ও অন্তরের মল নাশ করে। মনুষ্য প্রাতঃস্নান দ্বারা নির্ম্মল হয়, আর তাহাকে নরক গমন করিতে হয় না॥

অপর যে সকল ব্যক্তি পর্ব্ব দিবসে স্রোতের জলে স্নান করে, তাহারা কখন দুর্গতি প্রাপ্ত হয় না এবং বিবিধ কুযোনিতেও জন্মগ্রহণ করে না॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! যে সকল পুরুষ প্রাতঃস্নানে বিশুদ্ধ হয়, দুঃস্বপ্ন ও দুষ্টচিন্তা তাহাদিগের নিকট সর্ব্বদা বন্ধ্য (নিষ্ফল) হয় অর্থাৎ কোন হানি করিতে পারে না॥

অত্রিস্মৃতিতে॥

স্নান করিলে মনঃ প্রসন্ন হয়, দেবতা সকল সর্ব্বদা সম্মুখবর্ত্তিনী থাকেন এবং সৌভাগ্য, শোভা, সুখ, পুষ্টি, পুণ্য, বিদ্যা, যশঃ ও ধৈর্য্য এ সকল উপস্থিত হয়। বিশেষতঃ প্রাতঃস্নান সমস্ত মহাপাতক, অলক্ষ্মী, পাপ এবং দুষ্টচিন্তা হরণ করে॥ ১২৬॥

কূর্ম্মপুরাণের সেই স্থানে অর্থাৎ ব্যাসগীতায়॥

পণ্ডিতগণ প্রাতঃস্নানকে প্রশংসা করিয়া থাকেন, যে হেতু উহা

প্রাতঃস্নানেন পাপানি পূয়ন্তে নাত্র সংশয়ঃ ॥
কাশীখণ্ডেচ ॥
প্রাতঃস্নানাদ্যতঃ শুদ্ধ্যেৎ কায়োঽয়ং মলিনঃ সদা।
ছিদ্রিতো নবভিশ্ছিদ্রৈঃ স্রবত্যেব দিবানিশং।
উৎসাহমেধাসৌভাগ্যরূপসম্পৎপ্রবর্ত্তকং।
মনঃপ্রসন্নতাহেতুঃ প্রাতঃস্নানং প্রশস্যতে।
প্রাতঃ প্রাতস্তু যৎ স্নানং সংজাতে চারুণোদয়ে।
প্রাজাপত্যসমং প্রাহুস্তন্মহাঘবিঘাতকৃৎ।
প্রাতঃস্নানং হরেৎ পাপমলক্ষ্মীং গ্লানিমেবচ।
অশুচিত্বঞ্চ দুঃস্বপ্নং তুষ্টিং পুষ্টিং প্রযচ্ছতি।
নোপসর্পন্তি বৈ দুষ্টাঃ প্রাতঃস্নায়িজনং ক্বচিৎ।

পূয়ন্তে নশ্যন্তি ॥ ১২৭ ॥

দৃষ্টাদৃষ্ট ফলকর, অর্থাৎ ইহলোক ও পরলোক উভয় লোকেই শুভফল প্রদান করে। প্রাতঃস্নানের দ্বারা পাপ সমুদায় নষ্ট হয়, ইহাতে কোন সংশয় নাই ॥

কাশীখণ্ডেও ॥

এই শরীর সর্ব্বদা মলিন এবং নবচ্ছিদ্রে ছিদ্রিত, ঐ সকল ছিদ্র দিয়া দিবারাত্র মলস্রাব হইতেছে অতএব প্রাতঃস্নান করিলে পবিত্র হয় ॥

প্রাতঃস্নান উৎসাহ, মেধা, সৌভাগ্য, রূপ ও সম্পৎ এই সকলের জনক ও মনঃ প্রসন্নতার হেতুস্বরূপ, একারণ ইহাকে প্রশংসা করা যায় ॥

পণ্ডিতগণ বলিয়াছেন, প্রত্যেক প্রাতঃকালে অরুণোদয় সময়ে যে স্নান তাহা প্রাজাপত্য ব্রতের সমান এবং সর্ব্ব মহাপাতক বিনষ্ট করিয়া থাকে ॥

প্রাতঃস্নান পাপ, অলক্ষ্মী, গ্লানি, অশুচি ও দুঃস্বপ্ন নষ্ট করে এবং সন্তোষ ও পুষ্টি প্রদান করে ॥

যে ব্যক্তি প্রাতঃস্নান করে কোন কষ্ট তাহার নিকট যাইতে পারে না, প্রাতঃস্নান ইহলোক ও পরলোক উভয় লোকেই শুভফল প্রদান করে,

দৃষ্টাদৃষ্টফলং তস্মাৎ প্রাতঃস্নানং সমাচরেৎ।
স্নানমাত্রং তথা প্রাতঃস্নানং চাত্র নিযোজিতং।
যদ্যপ্যন্যোন্যমিলিতে পৃথগ্‌জ্ঞেয়ে তথাপ্যমূ ॥ ১২৭ ॥
অথ স্নানবিধিঃ ॥
অথ তীর্থগতস্তত্র ধৌতবস্ত্রং কুশাংস্তথা।
মৃত্তিকাঞ্চ তটে ন্যস্য স্নায়াৎ স্বস্ববিধানতঃ।
অধৌতেন তু বস্ত্রেণ নিত্যনৈমিত্তিকীং ক্রিয়াং।
কুর্ব্বন্ন ফলমাপ্নোতি কৃতা চেন্নিষ্ফলা ভবেৎ।
ধৌতাঙ্ঘ্রিপাণিরাচান্তঃ কৃত্বা সঙ্কল্পমাদরাৎ।
গঙ্গাদিস্মরণং কৃত্বা তীর্থায়ার্ঘ্যং সমর্পয়েৎ।

ইদানীং স্নানবিধিং লিখন্ আদৌ বৈদিকবৈষ্ণবপ্রবরশ্রীকৃষ্ণদেবাচার্য্যাদিসম্মতং বৈদিক-তান্ত্রিকবিধিবিমিশ্রিতং স্নানবিধিং লিখতি অথেত্যাদিনা। স্বস্ববিধানতঃ নিজনিজবর্ণাশ্রম-শাখাদ্যাচারানুসারেণ ॥ ১২৮ ॥

অতএব প্রাতঃস্নান করিবে ॥

এই প্রকরণে স্নান মাত্রের এবং প্রাতঃস্নানের বিধান করা হইয়াছে, যদিচ দুইটীই এক তথাপি পরস্পর ভেদ অর্থাৎ সামান্য স্নান অপেক্ষা প্রাতঃস্নানের আতিশয্য জানিতে হইবে ॥ ১২৭ ॥

অথ স্নানবিধি ॥

অনন্তর তীর্থে গমন করিয়া ধৌত বস্ত্র, কুশ ও মৃত্তিকা তীরে স্থাপন পূর্ব্বক স্ব স্ব বিধানানুসারে অর্থাৎ নিজ নিজ বর্ণ, আশ্রম ও শাখাদির আচার অনুসারে স্নান করিবে। অধৌত বস্ত্র পরিধান করিয়া নিত্য নৈমিত্তিক ক্রিয়া করিলে ফল প্রাপ্ত হয় না, যদি করে তাহা হইলে সে কর্ম্ম নিষ্ফল হয় ॥

পাদ ও হস্ত প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া আদর সহকারে সঙ্কল্প করত গঙ্গাদি স্মরণ করিয়া তীর্থকে অর্ঘ্য প্রদান করিবে ॥

সাগরস্বননির্ঘোষদণ্ডহস্তাসুরান্তক।
জগৎস্রষ্ট র্জ্জগন্মর্দ্দিন্ নমামি ত্বাং সুরেশ্বর।
ইমং মন্ত্রং সমুচ্চার্য্য তীর্থস্নানং সমাচরেৎ।
অন্যথা তৎফলস্যার্দ্ধং তীর্থেশো হরতি স্বয়ং।
নত্বাথ তীর্থং স্নানার্থমনুজ্ঞাং প্রার্থয়েদিমাং।
দেবদেব জগন্নাথ শঙ্খচক্রগদাধর।
দেহি বিষ্ণো মমানুজ্ঞাং তব তীর্থনিষেবেণ ॥ ইতি ॥ ১২৮ ॥
বিধিবন্মৃদমাদায় তীর্থতোয়ে প্রবিশ্য চ।
প্রবাহাভিমুখো নদ্যাং স্যাদন্যত্রার্কসংমুখঃ।
দিগ্বন্ধং বিধিনাচর্য্য তীর্থানি পরিকল্প্য চ।
আবাহয়েদ্ভগবতীং গঙ্গামাদিত্যমণ্ডলাৎ।

অন্যত্র নদীপ্রবাহব্যতিরিক্তে ॥ ১২৯ ॥

হে সাগরধ্বনিতুল্য-ভীষণশব্দশালিন্! হে দণ্ডহস্ত! হে অসুরান্তক! হে জগৎসৃষ্টিকারিন্! হে জগদ্বিনাশকারিন্! হে দেবেশ্বর! তোমাকে নমস্কার করি।

এই মন্ত্র উচ্চারণ করিয়া তীর্থে স্নান করিবে, ইহার অন্যথা করিলে তীর্থের ঈশ্বর স্বয়ং তীর্থস্নানের অর্দ্ধ ফল হরণ করেন॥

পরে নমস্কার করিয়া তীর্থে স্নান করিবার নিমিত্ত নিম্ন লিখিত প্রকারে অনুজ্ঞা প্রার্থনা করিবে॥

হে দেবদেব! হে জগন্নাথ! হে শঙ্খচক্রগদাধর! হে বিষ্ণো! আমি তোমার তীর্থ সেবন করিব, আমাকে অনুজ্ঞা প্রদান কর॥১২৮॥

অনন্তর বিধি অনুসারে গাত্রে মৃত্তিকালেপন পূর্ব্বক তীর্থজলে প্রবেশ করিয়া নদী হইতে স্রোতের দিকে মুখ করিবে, অন্যত্র অর্থাৎ নদীভিন্ন জলাশয় হইলে সূর্য্যের দিকে মুখ করিবে॥

বিধানানুসারে দিক্ বন্ধন করিয়া তীর্থ সকল কল্পনা করত সূর্য্যমণ্ডল হইতে ভগবতী গঙ্গাকে আহ্বান করিবে॥

দর্ভপাণিঃ কৃতপ্রাণায়ামঃ কৃষ্ণপদাম্বুজং।
ধ্যাত্বা তন্নাম সংকীর্ত্ত্য নিমজ্জেৎ পুণ্যবারিণি।
আচম্য মূলমন্ত্রঞ্চ স প্রাণায়ামকং জপন্।
কৃষ্ণং ধ্যায়ন্ জলে ভূয়ো নিমজ্জ্য স্নানমাচরেৎ।
কৃত্বাঘমর্ষণান্তঞ্চ নামভিঃ কেশবাদিভিঃ।
তত্র দ্বাদশধা তোয়ে নিমজ্জ্য স্নানমাচরেৎ॥ ১২৯॥
তত্র বিশেষঃ শ্রীনারদপঞ্চরাত্রে॥
প্রসিদ্ধেষু চ তীর্থেষু যদ্যন্যস্যাভিধাং স্মরেৎ।
স্নাতকং তন্তু তত্তীর্থমভিশপ্য ক্ষণাদ্ব্রজেৎ॥ ইতি॥

অন্যোন্যস্য তীর্থস্যাভিধাং নাম। ক্ষণাৎ সদ্য এবেত্যর্থঃ। অতঃ অপ্রসিদ্ধতীর্থেষু বিষ্ণু-তীর্থমিতি প্রসিদ্ধেষু চ তত্তন্নামৈব স্মরেদিত্যর্থঃ। অতএব নিমজ্জনাৎ প্রাক্ মৃদ্গ্রহণং তথাঘমর্ষণাদিকঞ্চ বৈদিকং তান্ত্রিকঞ্চ কৃষ্ণধ্যানাদিকং মূলমন্ত্র জপনং কেশবাদিনামভির্দ্বাদশ-

কুশ হস্তে গ্রহণ করিয়া প্রাণায়াম পূর্ব্বক শ্রীকৃষ্ণের চরণাম্বুজ ধ্যান ও তাঁহার নাম কীর্ত্তন করত পবিত্র জলে নিমগ্ন হইবে॥

পরে আচমন পূর্ব্বক প্রাণায়াম সহকারে মূলমন্ত্র জপ করিতে করিতে শ্রীকৃষ্ণকে চিন্তা করিয়া পুনরায় জলে নিমগ্ন হইয়া স্নান করিবে॥

তৎপরে কেশবাদি নাম সহকারে অঘমর্ষণ পর্য্যন্ত কর্ম্ম সমাপন করিয়া সেই জলে নিমগ্ন হইয়া দ্বাদশ বার স্নান করিবে॥ ১২৯॥

স্নান বিষয়ের বিশেষ বিধি যথা—নারদপঞ্চরাত্রে॥

প্রসিদ্ধ প্রসিদ্ধ তীর্থ সকলে যদি অন্য তীর্থের নাম স্মরণ করে, তাহা হইলে সেই সেই তীর্থ স্নানকারিকে অভিশাপ দিয়া তৎক্ষণাৎ প্রস্থান করেন॥

এই স্নানবিধি বৈদিক ও তান্ত্রিক মিশ্রিত অর্থাৎ স্নানের পূর্ব্বে মৃত্তিকা গ্রহণ, তৎপরে অঘমর্ষণাদি কার্য্য করিবে, ইহাই বৈদিক, আর কৃষ্ণধ্যানাদি, মূলমন্ত্র জপ, কেশবাদি নামোচ্চারণ পূর্ব্বক দ্বাদশ বার

ইতি বৈদিকতান্ত্রিকমিশ্রিতো বিধিঃ ॥ ১৩০ ॥

অথ তত্রৈব বিশেষঃ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদাম্বরীষসম্বাদে ॥

এবমুচ্চার্য্য তত্তীর্থে পাদৌ প্রক্ষাল্য বাগ্‌যতঃ।
স্মরন্নারায়ণং দেবং স্নানং কুর্য্যাদ্বিধানতঃ।
তীর্থং প্রকল্পয়েদ্ধীমান্ মূলমন্ত্রমিমং পঠন্ ॥
ওঁ। নমো নারায়ণায়েতি মূলমন্ত্র উদাহৃতঃ।
দর্ভপাণিস্তু বিধিবদাচান্তঃ প্রণতো ভুবি।
চতুর্হস্তসমাযুক্তং চতুরস্রং সমন্ততঃ।

বার নিমজ্জনাদিকঞ্চেত্যেবং মিশ্রিতং বিবেচনীয়ং ॥ ১৩০ ॥

এবং বিমিশ্রিতস্নানবিধিং লিখিত্বা ইদানীং তত্রৈব তীর্থকল্পনাদৌ পুরাণোক্তং কঞ্চিদ্বিশেষং লিখতি এবমিত্যাদিনা। দেবদেব জগন্নাথ ইত্যাদিকমেতদুচ্চার্য্য উক্তেন মূলমন্ত্রেণৈব সপ্ত বারান্ যদভিজপ্তমভিমন্ত্রিতং জলং তৎ। তৃতীয়ান্তপাঠে ভাবে ক্তপ্রত্যয়ঃ। মৃদ্গ্রহণানন্তরং পুনঃ স্নানাদিকন্তু সমানমেবেতি বিশেষেণ তত্র লিখিতং ॥ ১৩১ ॥

নিমজ্জন ইহা তান্ত্রিক ॥ ১৩০ ॥

অথ স্নান বিষয়ে বিশেষ বিধি ॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদ ও অম্বরীষের সম্বাদে যথা—

এই প্রকারে ঐ তীর্থে পাদদ্বয় প্রক্ষালন করত বাক্য সংযমন পূর্ব্বক নারায়ণদেবকে স্মরণ করিতে করিতে বিধানানুসারে স্নান করিবে ॥

বুদ্ধিমান্ ব্যক্তি বক্ষ্যমাণ মূলমন্ত্র পাঠ করিয়া তীর্থ কল্পনা করিবেন। প্রণব উচ্চারণ পূর্ব্বক "ওঁ, নমো নারায়ণায়" অর্থাৎ নারায়ণকে নমস্কার, ইহাই মূলমন্ত্র বলিয়া কথিত হইয়াছে ॥

হস্তে কুশ গ্রহণ পূর্ব্বক বিধিবৎ আচমন করিয়া পৃথিবীতে প্রণাম করিবে। পরে চতুর্দ্দিকে চারি হস্ত পরিমিত চতুষ্কোণ রচনা করিয়া মানব বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা গঙ্গাকে আহ্বান করিবে ॥

প্রকল্প্যাবাহয়েদ্দেবাং মন্ত্রেণানেন মানবঃ।
বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুদেবতা।
ত্রাহি নস্ত্বেনসস্তস্মাৎ আজন্মমরণান্তিকাৎ॥ ইত্যাদি॥
সপ্তবারাভিজপ্তন্তু করসংপুটযোজিতং।
মূর্দ্ধ্নি কৃত্বা জলং ভূয়শ্চতুর্ব্বা পঞ্চ সপ্ত বা॥
স্নানং কুর্য্যান্মৃদা তদ্বদামন্ত্র্য তু বিধানতঃ।
অশ্বক্রান্তে রথপ্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে॥
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতং।
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে॥ ইতি॥ ১৩১॥
গুরোঃ সন্নিহিতস্যাথ পিত্রোশ্চ চরণোদকৈঃ।

তুমি বিষ্ণুপাদ হইতে উৎপন্না হইয়াছ, তুমি বিষ্ণুর শক্তি, বিষ্ণুই তোমার দেবতা অতএব জন্ম হইতে মরণ পর্য্যন্ত যে পাপ করিব, তাহা হইতে আমাদিগকে পরিত্রাণ কর॥

অঞ্জলিতে জল গ্রহণ করিয়া উহাতে "দেবদেব জগন্নাথ" ইত্যাদি মন্ত্র জপ করত চারি পাঁচ অথবা সাতবার মস্তকে করিয়া পুনর্ব্বার স্নান করিবে। বিধানানুসারে আবাহন করিয়া মৃত্তিকা দ্বারাও ঐ প্রকার করিবে॥

হে বসুন্ধরে! তুমি অশ্ব কর্তৃক আক্রান্ত, রথ দ্বারা আক্রান্ত এবং বিষ্ণু কর্তৃক আক্রান্ত॥

হে মৃত্তিকে! আমি যে পাপ করিয়াছি, তুমি আমার সেই পাপ হরণ কর॥

হে সুব্রতে! শতবাহু বরাহ রূপী শ্রীকৃষ্ণ তোমাকে রসাতল হইতে উদ্ধার করিয়াছেন, তুমি সকল ভূতের পুনর্জ্জন্ম নিবারণ করিয়া থাক তোমাকে নমস্কার॥ ১৩১॥

অনন্তর যদি তৎকালীন গুরুবর্গ নিকটে উপস্থিত থাকেন, তাহা

বিপ্রাণাঞ্চ পদাম্ভোভিঃ কুর্য্যান্মূর্দ্ধ্নাভিষেচনং ॥

তথাচ পাদ্মে ॥

গুরোঃ পাদোদকং পুত্র তীর্থকোটিফলপ্রদং।

কিঞ্চ ॥

বিপ্রপাদোদকক্লিন্নং যস্য তিষ্ঠতি বৈ শিরঃ।

তস্য ভাগীরথীস্নানমহন্যহনি জায়তে ॥

তথা গৌতমীয়তন্ত্রে ॥

পৃথিব্যাং যানি তীর্থানি তানি তীর্থানি সাগরে।

সসাগরাণি তীর্থানি পাদে বিপ্রস্য দক্ষিণে ॥ ইতি ॥ ১৩২ ॥

শঙ্খে বসন্তি সর্ব্বাণি তীর্থানি চ বিশেষতঃ।

শঙ্খেন মূলমন্ত্রেণাভিষেকং পুনরাচরেৎ ॥ ১৩৩ ॥

সন্নিহিতস্যেতি। যদি তদানীং তত্র সন্নিধৌ গুর্ব্বাদয়ো বর্ত্তেরন্ তর্হীত্যর্থঃ ॥ ১৩২ ॥

সর্ব্বাণি তীর্থানি শঙ্খে বসন্তীতি হেতোঃ পুনরভিষেকং শঙ্খেন বিশেষতঃ কুর্য্যাৎ তচ্চ নিজমূলমন্ত্রেণৈব ॥ ১৩৩ ॥

হইলে গুরু ও পিতা মাতার চরণোদক দ্বারা এবং ব্রাহ্মণগণের পাদ-জল দ্বারাও মস্তকে অভিষেক করিবে ॥

পদ্মপুরাণে ॥

হে পুত্র! গুরুপাদোদক কোটিতীর্থের ফল প্রদান করে ॥

আরও বলি ॥

যাঁহার মস্তক ব্রাহ্মণের পাদোদক দ্বারা আর্দ্রীভূত থাকে, তাঁহার প্রতিদিবস ভাগীরথীতে স্নান করা হয় ॥

ঐ প্রকার গৌতমীয়তন্ত্রেও কথিত হইয়াছে ॥

পৃথিবীতে যত তীর্থ আছে, সে সমুদায়ই সাগরে অবস্থিত, সাগর সহিত সমস্ত তীর্থ ব্রাহ্মণের দক্ষিণ চরণে বিদ্যমান ॥ ১৩২ ॥

সমস্ত তীর্থ বিশেষ করিয়া শঙ্খের মধ্যে বাস করেন, অতএব মূল-মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পুনরায় শঙ্খ দ্বারা স্নান করিবে ॥ ১৩৩ ॥

তথৈব তুলসীমিশ্রশালগ্রামশিলাম্ভসা।
অভিষেকং বিদধ্যাচ্চ পীত্বা তৎকিঞ্চিদগ্রতঃ॥
তদুক্তং গৌতমীয়তন্ত্রে॥
শালগ্রামশিলাতোয়ং তুলসীগন্ধমিশ্রিতং।
কৃত্বা শঙ্খে ভ্রাময়ংস্ত্রিঃ প্রক্ষিপেন্নিজমূর্দ্ধনি।
শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে।
প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে।
বিষ্ণুপাদোদকাৎ পূর্ব্বং বিপ্রপাদোদকং পিবেৎ।
বিরুদ্ধমাচরন্মোহাৎ ব্রহ্মহা স নিগদ্যতে॥
শ্রীচরণামৃতধারণমন্ত্রঃ॥
অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনং।
বিষ্ণোঃ পাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহং॥ ইতি॥১৩৪॥

তৎ শ্রীশালগ্রামশিলাম্ভঃ কিঞ্চিদাদৌ পীত্বা প্রাশ্য॥ ১৩৪॥

এই প্রকার শালগ্রামশিলার তুলসী মিশ্রিত জল অগ্রে কিঞ্চিৎ পান করিয়া তদ্দ্বারাও স্নান করিবে॥

এই বিষয় গৌতমীয়তন্ত্রে উক্ত হইয়াছে॥

তুলসী গন্ধ মিশ্রিত শালগ্রামশিলার জল শঙ্খে করিয়া তিন বার ভ্রমণ করাইয়া স্বীয় মস্তকে নিক্ষেপ করিবে॥

যে ব্যক্তি শালগ্রামশিলার জল পান না করিয়া মস্তকে নিক্ষেপ করেন, তাঁহাকে ব্রহ্মঘাতী বলা যায়॥

বিষ্ণুপাদোদকের পূর্ব্বে ব্রাহ্মণের পাদোদক পান করিবে, যে ব্যক্তি ভ্রম বশতঃ ইহার বিপরীত আচরণ করে, তাহাকে ব্রহ্মঘাতী বলা গিয়া থাকে॥

অথ চরণামৃতধারণের মন্ত্র॥

আমি, অকাল-মৃত্যু-অপহারক, সর্ব্বব্যাধি বিনাশক বিষ্ণুর পাদোদক পান করিয়া মস্তকে ধারণ করিতেছি॥ ১৩৪॥

লেখ্যোঽগ্রে কৃষ্ণপাদাব্জতীর্থধারণপানয়োঃ।
মহিমাত্র তু তত্তীর্থেনাভিষেকস্য লিখ্যতে ॥ ১৩৫ ॥
অথ শ্রীচরণোদকাভিষেকমাহাত্ম্যং পদ্মপুরাণে ॥
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
শালগ্রামশিলাতোয়ৈর্যোঽভিষেকং সমাচরেৎ।
গঙ্গা গোদাবরী রেবা নদ্যো মুক্তিপ্রদাস্তু যাঃ।
নিবসন্তি সতীর্থাস্তাঃ শালগ্রামশিলাজলে।
কোটিতীর্থসহস্রৈস্তু সেবিতৈঃ কিং প্রয়োজনং।
তীর্থং যদি ভবেৎ পুণ্যং শালগ্রামশিলোদ্ভবং।
তত্রৈব শ্রীগৌতমাম্বরীষসম্বাদে ॥

কৃষ্ণপাদাব্জয়োঃ তীর্থং স্নানোদকং তস্য ধারণং পানঞ্চ তয়োঃ। তেন কৃষ্ণপাদাব্জস্নানোদকরূপেণ তীর্থেন যোঽভিষেকস্তস্য মহিমা মাহাত্ম্যং অত্র অস্মিন্ প্রসঙ্গে লিখ্যতে ॥ ১৩৫ ॥ গঙ্গাগোদাবরীত্যাদিষু যেষু শ্লোকেষ্বভিষেকশব্দো নাস্তি তেঽপ্যত্র পাদোদকাভিষেকমাহাত্ম্যে

শ্রীকৃষ্ণের চরণামৃত ধারণের ও পানের মাহাত্ম্য পরে লেখা যাইবে, এস্থলে চরণামৃত দ্বারা স্নানের মাহাত্ম্য লিখিত হইতেছে ॥ ১৩৫ ॥

অথ শ্রীচরণামৃত দ্বারা স্নান মাহাত্ম্য যথা—পদ্মপুরাণে ॥

যিনি শালগ্রামশিলার স্নানোদক দ্বারা স্নান করিবেন, তাঁহার সর্ব্ব তীর্থে স্নান ও সর্ব্ব যজ্ঞে দীক্ষিত হওয়া হইবেক ॥

গঙ্গা, গোদাবরী ও রেবা প্রভৃতি যে সকল নদী মুক্তি প্রদান করিয়া থাকেন, সেই সমস্ত নদী স্বস্ব অধিষ্ঠাতৃ দেবতার সহিত শালগ্রামশিলার স্নান জলে বাস করেন ॥

যদি শালগ্রামশিলোৎপন্ন পবিত্র জল প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে আর সহস্র কোটি তীর্থের সেবা করিবার প্রয়োজন কি ? ॥

যথা—পদ্মপুরাণে গৌতম ও অম্বরীষের সম্বাদে ॥

যেষাং ধৌতানি গাত্রাণি হরেঃ পাদোদকেন বৈ।
অম্বরীষ কুলে তেষাং দাসোঽস্মি বশগঃ সদা।
রাজন্তে তানি তাবচ্চ তীর্থানি ভুবনত্রয়ে।
যাবন্ন প্রাপ্যতে তোয়ং শালগ্রামাভিষেকজং॥
স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে॥
গৃহেঽপি বসতস্তস্য গঙ্গাস্নানং দিনে দিনে।
শালগ্রামশিলাতোয়ৈ র্যোঽভিষিঞ্চতি মানবঃ।
তত্রৈবান্যত্র চ॥
যানি কানিচ তীর্থানি ব্রহ্মাদ্যা দেবতাস্তথা।
বিষ্ণুপাদোদকস্যৈতে কলাং নার্হন্তি ষোড়শীং।
শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ।
উভয়োঃ স্নানতোয়েন ব্রহ্মহত্যা নিবর্ত্ততে॥

কেচিল্লিখিতাঃ স্নানে তীর্থাপেক্ষয়া তেষু চ শ্লোকেষু পাদোদকস্য তীর্থত্বাদ্যুক্তেরিতিদিক্॥১৩৬

হে অম্বরীষ! যাঁহাদিগের শরীর শ্রীকৃষ্ণের চরণামৃত দ্বারা প্রক্ষালিত আমি সর্ব্বদা তাঁহাদিগের বংশের বশীভূত দাস॥

যে পর্য্যন্ত শালগ্রাম-শিলার স্নান জল প্রাপ্ত হওয়া না যায়, ত্রিভুবনে সমস্ত তীর্থ সেই পর্য্যন্তই মাহাত্ম্য প্রকাশ করেন॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে॥

যে মনুষ্য শালগ্রামশিলার স্নান জল দ্বারা প্রত্যহ স্নান করেন, তিনি গৃহে বাস করিয়া থাকিলেও তাঁহার দিন২ গঙ্গাস্নান হইয়া থাকে॥

ঐ স্কন্দপুরাণের অন্য স্থলে॥

যে কোন তীর্থ আছেন এবং যে সকল ব্রহ্মাদি দেবতা আছেন, ইহাঁরা বিষ্ণুপাদোদকের ষোড়শাংশের একাংশেরও যোগ্য নহেন॥

শালগ্রামশিলোৎপন্ন দেব এবং দ্বারকাশিলাজাত দেব এই দুইয়ের স্নানজল দ্বারা ব্রহ্মহত্যা নাশ পায়॥

কিঞ্চ ॥

সবৈ চাবভৃথস্নাতঃ সচ গঙ্গাজলাপ্লুতঃ।
বিষ্ণুপাদোদকং কৃত্বা শঙ্খে যঃ স্নাতি মানবঃ ॥

শ্রীনৃসিংহপুরাণে ॥

গঙ্গা-প্রয়াগ-গয়-নৈমিষ-পুষ্করাণি
পুণ্যানি যানি কুরুজাঙ্গল-যামুনানি।
কালেন তীর্থসলিলানি পুনন্তি পাপং
পাদোদকং ভগবতঃ প্রপুণাতি সদ্যঃ ॥

স্মৃতৌ চ ॥

ত্রিরাত্রিফলদা নদ্যো যাঃ কাশ্চিদসমুদ্রগাঃ।
সমুদ্রগাশ্চ পক্ষস্য মাসস্য সরিতাং পতিঃ।
যণ্মাসফলদা গোদা বৎসরস্যতু জাহ্নবী।
পাদোদকং ভগবতো দ্বাদশাব্দফলপ্রদং ॥ ১৩৬ ॥

আরও বলি ॥

যে মনুষ্য শঙ্খে করিয়া বিষ্ণুপাদোদক দ্বারা স্নান করেন, তাঁহার যজ্ঞের অবভৃত স্নান করা হইল এবং তিনি গঙ্গাজলে অভিষিক্ত হইলেন ॥

শ্রীনৃসিংহপুরাণে ॥

গঙ্গা, প্রয়াগ, গয়া, নৈমিষ, পুষ্কর, কুরুজাঙ্গল প্রভৃতি যে সকল পবিত্র তীর্থ জল, তাঁহারা অধিক কালে পাপ নাশ করেন, কিন্তু ভগবানের পাদোদক ক্ষণমাত্রে পবিত্র করেন ॥

স্মৃতিতেও ॥

যে সকল নদী সমুদ্রের সহিত মিলিত হয় নাই, তাহারা এক দিবস স্নান করিলে তিন দিবসের স্নানের ফল প্রদান করে। যে সকল নদী সমুদ্রে গিয়া পতিত হইয়াছে, তাহারা এক পক্ষের অর্থাৎ পঞ্চদশ দিবসের, সমুদ্র এক মাসের এবং গঙ্গা এক বৎসরের স্নানের ফল প্রদান করেন, আর ভগবানের পাদোদক দ্বাদশ বৎসরের স্নানের ফল প্রদান

তন্নিত্যতা চ গরুড়পুরাণে ॥

জলঞ্চ যেষাং তুলসীবিমিশ্রিতং
পাদোদকং চক্রশিলাসমুদ্ভবং।
নিত্যং ত্রিসন্ধ্যং প্লবতে ন গাত্রং
খগেন্দ্র তে ধর্ম্মবহিষ্কৃতা নরা ॥ ইতি ॥

ততো জলাঞ্জলীন্ ক্ষিপ্ত্বা মূর্দ্ধ্নি ত্রীন্ কুম্ভমুদ্রয়া।
মূলেনাথ বিশেষেণ কুর্য্যাদ্দেবাদি তর্পণং ॥ ১৩৭ ॥

অথ সামান্যতো দেবাদিতর্পণং। তচ্চ বৈদিকেষু প্রসিদ্ধমেব।

চক্রশিলা শ্রীশালগ্রামশিলা শ্রীদ্বারকাচক্রাঙ্কশিলা চ তৎ স্নানাদুদ্ভূতং পাদোদকঞ্চ। ন প্লবতে ন স্নাপয়তীত্যর্থঃ ॥ ১৩৭ ॥

মূলমন্ত্রেণ কুম্ভমুদ্রয়া ত্রীন্ জলাঞ্জলীন্ নিজমূর্দ্ধ্নি প্রক্ষিপ্য অথানন্তরং অবিশেষেণ সামান্যতো দেবাদিতর্পণং কুর্য্যাৎ আদিশব্দেন ঋষীণাং পিতৃণাঞ্চ তত্তন্নামভিঃ। বিশেষতো

করিয়া থাকেন ॥ ১৩৬ ॥

শ্রীকৃষ্ণের চরণামৃত দ্বারা স্নানের নিত্যতা যথা—

গরুড়পুরাণে ॥

হে পক্ষিরাজ! শালগ্রামশিলা হইতে উৎপন্না তুলসীমিশ্রিত, চরণামৃত, নিত্য ত্রিসন্ধ্যা যাহাদিগের গাত্র অভিষিক্ত না করেন, সেই সকল নর সর্ব্বপ্রকার ধর্ম্ম হইতে বহিষ্কৃত ॥

তাহার পর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুম্ভমুদ্রা * দ্বারা তিন বার মস্তকে জলাঞ্জলি প্রদান করিয়া বিশেষ রূপে দেবতাদির তর্পণ করিবে ॥ ১৩৭ ॥

অথ সামান্য রূপে দেবাদির তর্পণ ॥

ঐ দেবাদিতর্পণ বেদাচারি সম্প্রদায়িদিগের মধ্যে প্রসিদ্ধ আছে যথা—

* দক্ষিণ অঙ্গুষ্ঠ বামাঙ্গুষ্ঠে সংলগ্ন করিয়া দুই হস্তে এমত একটী মুষ্টিবন্ধন করিবে, যেন তাহার ভিতরে শূন্য থাকে, ইহারই নাম কুম্ভমুদ্রা ॥

ব্রহ্মাদয়ো যে দেবাস্তান্ দেবান্ তর্পয়ামি। ভূর্দেবাংস্তর্পয়ামি ভুবর্দেবাং স্তর্পয়ামি স্বর্দেবাং স্তর্পয়ামি ভূর্ভুবঃ স্বর্দেবাং স্তর্পয়ামি ইত্যাদি ॥ ১৩৮ ॥

আচম্যাঙ্গানি সংমার্জ্য স্নানবস্ত্রান্যবাসসা।
পরিধায়াংশুকে শুক্লে নিবিশ্যাচমনং চরেৎ ॥ ১৩৯ ॥
বিধিবৎ তিলকং কৃত্বা পুনশ্চাচম্য বৈষ্ণবঃ।

দেবাদিতর্পণমগ্রে লেখ্যমেব ॥

ইত্যাদীত্যাদি শব্দেন কৃষ্ণদ্বৈপায়নাদয়ো যে ঋষয় স্তানৃষীন্ তর্পয়ামি। ভূর্ঋষীং স্তর্পয়ামি ভুবর্ঋষীং স্তর্পয়ামি। স্বর্ঋষীং স্তর্পয়ামি। ভূর্ভুবঃ স্বর্ঋষীং স্তর্পয়ামি। সোমঃ পিতৃমান্যমোঙ্গিরোঽগ্নিষ্বত্তাঃ কব্যবাহনাদয়ো যে পিতর স্তান্ পিতৃঃ স্তর্পয়ামীত্যেবং পূর্ব্ববৎ ॥ ১৩৮ ॥

স্নানস্য যদ্বস্ত্রং যং পরিধায় স্নানং কৃতং তস্মাদন্যেন বাসসা। এতেন স্নানসাট্যাঞ্চলেন পাণিনা বা গাত্রং ন সংমার্জয়েদিত্যর্থঃ। তথাচ বিষ্ণুপুরাণে সদাচারকথনে। স্নাতো নাঙ্গানি মার্জেত স্নানশাট্যা ন পাণিনেতি। বিধিবত্তত্তদ্বিধিযুক্তং যথা স্যাদিতি সর্ব্বত্রেবানুবর্ত্তয়িতব্যং ॥ ১৩৯ ॥ ১৪০ ॥

ব্রহ্মা প্রভৃতি যে সকল দেব তাঁহাদিগকে তর্পণ করিতেছি, ভূর্লোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি, ভুবর্লোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি, স্বর্গলোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি, ভূর্ভুবঃ স্বর্গলোকের দেবতাদিগকে তর্পণ করিতেছি। আদি শব্দ প্রয়োগ হেতু ভূর্লোকের ঋষি, ভুবর্লোকের ঋষি, স্বর্গলোকের ঋষি এবং ভূর্ভুবঃ স্বর্লোকের ঋষি তথা অগ্নিষ্বত্তাদি পিতৃগণেরও তর্পণ করিবে ॥ ১৩৮ ॥

যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা হইয়াছিল, প্রথমতঃ আচমন করিয়া সেই বস্ত্র ভিন্ন অন্য বস্ত্র দ্বারা গাত্র মার্জন করিবে, পরে শুক্ল পরিধেয় ও উত্তরীয় ধারণ করিয়া উপবেশনানন্তর আচমন করিবে। এতদ্দ্বারা উক্ত হইল স্নানবস্ত্রের অঞ্চল অথবা হস্ত দ্বারা গাত্র মার্জন করিবে না ॥ ১৩৯ ॥

বৈষ্ণব ব্যক্তি পরের লিখিত বিধানানুসারে তিলক নির্ম্মাণ করিয়া

বিধায় বৈদিকীং সন্ধ্যামথোপাসীত তান্ত্রিকীং ॥ ১৪০ ॥

অথ বৈদিকী সন্ধ্যা। কৌর্ম্মে তত্রৈব ॥

প্রাক্‌কূলেষু ততঃ স্থিত্বা দর্ভেষু সুসমাহিতঃ।
প্রাণায়াম ত্রয়ং কৃত্বা ধ্যায়েৎ সন্ধ্যামিতি শ্রুতিঃ।
মনুস্মৃতিঃ ॥

* ব্রাহ্মণাঃ শাক্তিকাঃ সর্ব্বে ন শৈবা নচ বৈষ্ণবাঃ।
যত উপাসতে দেবীং গায়ত্রীং বেদমাতরং।
যাচ সন্ধ্যা জগৎসূতির্মায়াতীতা হি নিষ্কলা।
ঐশ্বরী কেবলা শক্তিস্তত্ত্বত্রয়সমুদ্ভবা।
ধ্যাত্বার্কমণ্ডলগতাং সাবিত্রীং তাং জপেদ্বুধঃ।
প্রঙ্মুখঃ সততং বিপ্রঃ সন্ধ্যোপাসনমাচরেৎ ॥ ১৪১ ॥
কিঞ্চ ॥

প্রাক্‌কূলেষু প্রাগগ্রেষ্বিত্যর্থঃ ॥ ১৪১ ॥

তৎপরে তান্ত্রিকী সন্ধ্যা করিবেন ॥ ১৪০ ॥

অথ বৈদিকীসন্ধ্যা ॥

কূর্ম্মপুরাণের ব্যাসগীতায় ॥

তদনন্তর পূর্ব্বাগ্র কুশের উপর স্থির চিত্তে উপবেশন করিয়া তিন বার প্রাণায়াম করত সন্ধ্যা করিবে, এই বেদবাক্য ॥

মনুস্মৃতিতে ॥

ব্রাহ্মণ মাত্রেই যখন বেদমাতা গায়ত্রীর উপাসনা করেন, তখন তাঁহারা শৈবও নহেন বৈষ্ণবও নহেন, সকলেই শাক্তেয়, যিনি সন্ধ্যা তিনিও জগৎপ্রসবিনী, মায়াতীতা, বিশুদ্ধা, তত্ত্বত্রয় হইতে উৎপন্না, অখণ্ড ঐশ্বরী শক্তি। পণ্ডিত ব্রাহ্মণ সর্ব্বদা পূর্ব্বমুখে উপবেশন পূর্ব্বক সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তিনী গায়ত্রীকে জপ করিয়া পরে সন্ধ্যার উপাসনা করিবেন ॥ ১৪১ ॥　　আরও বলি ॥

* "ব্রাহ্মণাঃ শাক্তিকাঃ সর্ব্বে" এই শ্লোকটী কোন ২ হস্তলিখিত প্রাচীন পুস্তকে দেখা যায় না।

সহস্র পরমাং নিত্যং শতমধ্যাং দশাবরাং।
সাবিত্রীং বৈ জপেদ্বিদ্বান্ প্রাঙ্মুখঃ প্রযতঃ স্থিতঃ ॥ ১৪২ ॥
কিঞ্চ ॥
সন্ধ্যাহীনোঽশুচি র্নিত্যমনর্হঃ সর্ব্ব কর্ম্মসু।
যদ্যন্যৎ কুরুতে কিঞ্চিন্ন তস্য ফলমাপ্নুয়াৎ।
যোঽন্যত্র কুরুতে যত্নং ধর্ম্মকার্য্যে দ্বিজোত্তমঃ।
বিহায় সন্ধ্যাপ্রণতিং স যাতি নরকাযুতং ॥ ১৪৩ ॥
অনন্যচেতসঃ শান্তা ব্রাহ্মণা বেদপারগাঃ।
উপাস্য বিধিবৎ সন্ধ্যাং প্রাপ্তাঃ পূর্ব্বে পরাং গতিং ॥ ১৪৪ ॥
অথ তান্ত্রিকী সন্ধ্যা ॥

সহস্রং সহস্রবার জপঃ পরমঃ জপে শ্রেষ্ঠপক্ষো যস্যা ইতি তথাভূতামিত্যর্থঃ ॥ ১৪২ ॥
এবং সন্ধ্যোপাসনস্য বিধিং লিখিত্বা নিত্যতাঞ্চ লিখতি সন্ধ্যাহীন ইতি দ্বাভ্যাং ॥ ১৪৩ ॥
মাহাত্ম্যং লিখতি অনন্যেতি ॥ ১৪৪ ॥

বিদ্বান্ ব্যক্তি স্থির চিত্তে পূর্ব্বমুখে উপবেশন করিয়া গায়ত্রী জপ করিবেন। সহস্রবার জপ শ্রেষ্ঠপক্ষ, শতবার জপ মধ্যপক্ষ ও দশবার জপ নিকৃষ্টপক্ষ ॥ ১৪২ ॥

আরও বলি ॥

যিনি সন্ধ্যা করেন না, তিনি নিত্য অশুচি, নিত্য নৈমিত্তিক কোন কর্ম্মে অধিকারী হইতে পারেন না এবং সন্ধ্যা না করিয়া অন্য যে কোন কর্ম্ম করেন, তাহার ফল প্রাপ্ত হয়েন না ॥

যে ব্রাহ্মণ সন্ধ্যা বন্দনা না করিয়া অন্য ধর্ম্ম কর্ম্মে যত্ন করেন, তিনি দশ সহস্র নরকে গমন করেন ॥ ১৪৩ ॥

একান্ত চিত্ত, শান্তগুণশালী, বেদপারগ, পূর্ব্বকালীন ব্রাহ্মণগণ বিধানানুসারে কেবল সন্ধ্যার উপাসনা করিয়াই সদ্গতি প্রাপ্ত হইয়াছেন ॥ ১৪৪ ॥

অথ তান্ত্রিকী সন্ধ্যা ॥

ততঃ সংপূজ্য সলিলে নিজাং শ্রীমন্ত্রদেবতাং ॥
তর্পয়েদ্বিধিনা তস্য তথৈবাবরণানি চ ॥
তথাচ বৌধায়নস্মৃতৌ ॥
হবিষাগ্নৌ জলে পুষ্পৈ র্ধ্যানেন হৃদয়ে হরিং।
অর্চ্চন্তি সূরয়ো নিত্যং জপেন রবিমণ্ডলে ॥
পাদ্মে চ তত্রৈব ॥
সূর্য্যে চাভ্যর্হণং শ্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ ॥
অথ তদ্বিধিঃ ॥
মূলমন্ত্রমথোচ্চার্য্য ধ্যায়ন্ কৃষ্ণাঙ্ঘ্রিপঙ্কজে।
শ্রীকৃষ্ণং তর্পয়ামীতি ত্রিঃ সম্যক্ তর্পয়েৎ কৃতী।
ধ্যানোদ্দিষ্ট স্বরূপায় সূর্য্যমণ্ডলবর্ত্তিনে।

অর্চ্চন্তি অর্চ্চরশ্মি ॥ ১৪৫ ॥

তদনন্তর জলে উত্তম রূপে আপনার মন্ত্রাধিষ্ঠাত্রী দেবতাকে পূজা করিয়া তাঁহার আবরণ সকলকেও যথা বিধি তর্পণ করিবেন ॥

বৌধায়ন স্মৃতিতে ঐ রূপ কথিত হইয়াছে ॥

জ্ঞানী ব্যক্তি সকল অগ্নিতে ঘৃত দ্বারা, জলমধ্যে পুষ্প দ্বারা, হৃদয় মধ্যে ধ্যান দ্বারা এবং সূর্য্যমণ্ডলে জপ দ্বারা হরির অর্চ্চনা করিবেন ॥

পদ্মপুরাণেরও ঐ স্থলেই অর্থাৎ ব্যাস ও অম্বরীষ সম্বাদে ॥

সূর্য্যমণ্ডলে অর্চ্চনা শ্রেষ্ঠ, জলের মধ্যে জল দ্বারা অর্চ্চনা কর্ত্তব্য ॥

অথ তান্ত্রিকীসন্ধ্যার বিধি ॥

অনন্তর কৃতী ব্যক্তি মূলমন্ত্র উচ্চারণ করিয়া শ্রীকৃষ্ণের চরণপদ্ম ধ্যান করতঃ "শ্রীকৃষ্ণকে তর্পণ করি" এই বলিয়া তিন বার সম্যক্ রূপে তর্পণ করিবেন ॥

অনন্তর ধ্যানে যাঁহার স্বরূপকে উদ্দেশ করা হইয়াছে, সূর্য্যমণ্ডল

কৃষ্ণায় কামগায়ত্র্যা দদ্যাদর্ঘ্যমনন্তরং ॥ ১৪৫ ॥
কামগায়ত্রী চোক্তা শ্রীসনৎকুমারকল্পে ॥
আদৌ মন্মথমুদ্ধৃত্য কামদেবপদং বদেৎ।
আয়ান্তে বিদ্মহে পুষ্পবাণায়েতি পদং বদেৎ।
ধীমহীতি তথোক্ত্বাথ তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াদিতি ॥ ১৪৬ ॥
অথার্কমণ্ডলে কৃষ্ণং ধ্যাত্বৈতাং দশধা জপেৎ।
ক্ষমস্বেতি তমুদ্বাস্য দদ্যাদর্ঘ্যং বিবস্বতে ॥ ১৪৭ ॥
বিধিস্তান্ত্রিকসন্ধ্যায়া জলেঽর্চ্চায়াশ্চ কশ্চন।

পীতবসনে আবৃত, শ্যামবর্ণ, শান্তবদন, প্রসন্ন, তাঁহার নয়ন দেখিলে বোধ হয়, যেন বরপ্রদান করিতেছেন। তদীয় অঙ্গ সমস্ত দিব্যচন্দন দ্বারা লিপ্ত, মুখপদ্মে মনোহর হাস্য শোভিত। তাঁহার কর্ণে বহু বহু রত্ন খচিত মকরকুণ্ডল প্রজ্বলিত হইতেছে। গলদেশে বনমালা পরিবৃত, নারদাদি ঋষিগণ পূজা করিতেছেন। তিনি কেয়ুর ও বলয়ে বিভূষিত, সুবর্ণ মুকুটে সাতিশয় উজ্জ্বল, ক্রীড়ারত, সর্ব্বাঙ্গ সুন্দর ও সর্ব্ব অলঙ্কারে অলঙ্কৃত ॥

চিন্তা করিবে, তাঁহার পাদপদ্ম হইতে গলিত ধারা নিজের মস্তকে পতিত হইতেছে এবং ব্রহ্মরন্ধ্র দিয়া স্বীয় শরীরে প্রবেশ করিতেছে। তদ্দ্বারা দেহের অভ্যন্তরস্থ মল সকল ক্ষালন করিবে। এই রূপ ভাবনা করিলে দীক্ষিত ব্যক্তি তৎক্ষণমাত্রে স্ফটিকের ন্যায় নির্ম্মল হইবেন। কথিত আছে স্নানের শ্রেষ্ঠ এই স্নানমন্ত্র অপেক্ষা সহস্রগুণে শ্রেষ্ঠ॥৪৮

এই স্নানকালে একবার "নারায়ণায়" ইত্যাদি "ধ্যায়েন্নারায়ণং

স্নানকালে তু তন্নাম সংস্মরেচ্চ মহাপ্রভুং ॥
তথাচ কূর্ম্মপুরাণে ॥
আপো নারায়ণোদ্ভূতাস্তা এবাস্যায়নং যতঃ।
তস্মান্নারায়ণং দেবং স্নানকালে স্মরেদ্বুধঃ ॥ ইতি ॥ ৪৯ ॥
স্নায়াদুষ্ণোদকেনাপি শক্তোঽপ্যামলকৈস্তথা।
তিলৈস্তৈলৈশ্চ সম্বর্জ্য প্রতিসিদ্ধদিনানি তু ॥
অথোষ্ণোদকস্নানং। ষট্ ত্রিংশন্মতে ॥
আপঃ স্বভাবতো মেধ্যা বিশেষাদগ্নিযোগতঃ।
তেন সন্তঃ প্রশংসন্তি স্নানমুষ্ণেন বারিণা ॥
যমশ্চ ॥
আপঃ স্বয়ং সদা পূতা বহ্নিতপ্তা বিশেষতঃ।

দেবং” এবং সেই নারায়ণের নাম উচ্চারণ করিবে, আর সর্ব্বশ্রেষ্ঠ প্রভুকে স্মরণ করিবে ॥

অতএব কূর্ম্মপুরাণে ॥

যে হেতু জল নারায়ণ হইতে উৎপন্ন এবং যে হেতু ঐ জলই তাঁহার বাসস্থান, এই কারণে পণ্ডিত ব্যক্তি স্নানের সময় শ্রীনারায়ণকে স্মরণ করিবেন ॥ ৪৯ ॥

সুস্থশরীর হইলেও নিষিদ্ধ দিন পরিত্যাগ করত আমলকী অথবা তিল কিম্বা তৈল মর্দ্দন করিয়া উষ্ণজলেও স্নান করিতে পারে ॥

অথ উষ্ণজলে স্নান। ষট্ত্রিংশন্মতে ॥

জল স্বভাবতই পবিত্র, অগ্নিসংযোগ হইলে বিশেষ রূপে পবিত্র হয়, সেই কারণে সাধুগণ উষ্ণজলে স্নান করার গুণ কীর্ত্তন করেন ॥

যমও বলিয়াছেন ॥

জল স্বয়ং সর্ব্বদা পবিত্র, অগ্নিতে তপ্ত হইলে অধিকতর পবিত্র হয়,

তস্মাৎ সর্ব্বেষু কালেষু উষ্ণাম্ভঃ পাবনং স্মৃতং ॥
যচ্চোক্তং শঙ্খেন ॥
স্নাতস্য বহ্নিতপ্তেন তথৈবাতপবারিণা।
শরীরশুদ্ধির্বিজ্ঞেয়া নতু স্নানফলং ভবেদিতি ॥
তত্তু কাম্যনৈমিত্তিকবিষয়ং ॥ ৫০ ॥
অতএবোক্তং গর্গেণ ॥
কুর্য্যান্নৈমিত্তিকং স্নানং শীতাম্ভিঃ কাম্যমেব চ।
নিত্যং যাদৃচ্ছিকঞ্চৈব যথারুচি সমাচরেৎ ॥
অথ তত্র নিষিদ্ধদিনানি ॥
তত্র যমঃ ॥

ন কেবলং শীতোদকেন। উষ্ণোদকেনাপি তত্রাপি ন কেবলমশক্তঃ শক্তো রোগাদিহীনোঽপীত্যর্থঃ। রোগিণস্তু সদৈবোষ্ণদকেন স্নানমুক্তং যমেন। আদিত্যকিরণৈস্তপ্তং পুনঃ পূতঞ্চ বহ্নিনা। আয়াতমাতুরস্নানে প্রশস্তস্তু শৃতোদকমিতি। প্রতিসিদ্ধদিনান্যগ্রে লেখ্যানি ॥ ৫০ ॥

নিত্যস্নানঞ্চ যাদৃচ্ছিকং অনিয়তং। অতো নিজরুচ্যনুসারেণ শীতাম্ভিরুষ্ণাম্ভির্ব্বাম্ভিস্তৎ কুর্য্যাদিত্যর্থঃ। যাদৃচ্ছিকং সুখার্থস্নানমিতি বা ॥ ৫১ ॥

অতএব সকল সময়েই উষ্ণ জল পবিত্র বলিয়া কথিত হইয়াছে॥

যিনি অগ্নিতপ্ত অথবা রৌদ্রতপ্ত জল দ্বারা স্নান করেন, জানিতে হইবে তাঁহার কেবল শরীর মাত্র পবিত্র হয়, স্নানের ফল হয় না। এই যাহা শঙ্খ বলিয়াছেন, তাহা কাম্য ও নৈমিত্তিক কর্ম্ম বিষয়ক ॥ ৫০ ॥

এই কারণে গর্গ বলিয়াছেন ॥

নৈমিত্তিক ও কাম্য স্নান শীতল জল দ্বারা করিবে, নিত্য স্নানের নিয়ম নাই, রুচি অনুসারে শীতল ও উষ্ণ সকল জল দ্বারাই স্নান করিতে পারে ॥

উষ্ণজল দ্বারা স্নান বিষয়ে নিষিদ্ধ দিন সকল ॥
তদ্বিষয়ে যম বলিয়াছেন ॥

পুত্রজন্মনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
অস্পৃশ্যস্পর্শনে চৈব ন স্নায়াদুষ্ণবারিণা।
বৃদ্ধমনুঃ॥
পৌর্ণমাস্যাং তথা দর্শে যঃ স্নায়াদুষ্ণবারিণা।
স গোহত্যাকৃতং পাপং প্রাপ্নোতীহ ন সংশয়ঃ॥
অথামলকস্নানং॥
তত্র মার্কণ্ডেয়ঃ॥
তুষ্যত্যামলকৈর্বিষ্ণুরেকাদশ্যাং বিশেষতঃ।
শ্রীকামঃ সর্ব্বদা স্নানং কুর্ব্বীতামলকৈর্নরঃ।
সপ্তম্যাং ন স্পৃশেত্তৈলং নীলিবস্ত্রং ন ধারয়েৎ।
নচাপ্যামলকৈঃ স্নায়ান্ন কুর্য্যাৎ কলহং ভৃগুঃ।
অমাং ষষ্ঠীং সপ্তমীঞ্চ নবমীঞ্চ ত্রয়োদশীং।

পুত্রের জন্মসময়ে, সংক্রান্তি দিবসে, চন্দ্রসূর্য্যের গ্রহণকালীন এবং অস্পৃশ্য স্পর্শন করিলে উষ্ণ জল দ্বারা স্নান করিবে না॥

বৃদ্ধমনু বলিয়াছেন॥

যে ব্যক্তি পৌর্ণমাসী ও অমাবস্যায় উষ্ণ জল দ্বারা স্নান করে, তিনি ইহ লোকে অসংশয় গোবধ জন্য পাপ প্রাপ্ত হয়েন॥

অথ আমলক দ্বারা স্নান॥

তদ্বিষয়ে মার্কণ্ডেয় বলিয়াছেন॥

বিষ্ণু আমলকীতে পরিতুষ্ট হয়েন, বিশেষতঃ একাদশীতে পরিতোষ লাভ করেন। যিনি লক্ষ্মী কামনা করেন, তিনি নিত্য আমলক দ্বারা স্নান করিবেন॥

সপ্তমীতে তৈলস্পর্শ করিবে না, নীলরঙ্গের বস্ত্র পরিধান করিবে না, আমলক দ্বারাও স্নান এবং কলহ করিবে না, ভৃগু বলিয়াছেন॥

অমাবস্যা, ষষ্ঠী, সপ্তমী, নবমী, ত্রয়োদশী, সংক্রান্তি এবং রবিবারে

সংক্রান্তৌ রবিবারেচ স্নানমামলকৈস্ত্যজেৎ ॥

যাজ্ঞবল্ক্যঃ ॥

ধাত্রীফলৈরমাবস্যাসপ্তমীনবমীষু চ।

যঃ স্নায়াত্তস্য হীয়ন্তে তেজশ্চায়ুর্ধনং সুতাঃ ॥

অথ তিলস্নানং ॥

তত্র বৃহস্পতিঃ ॥

সর্ব্বকালং তিলৈঃ স্নানং পুনর্ব্যাসো ঽব্রবীন্মুনিঃ ॥

ষট্‌ত্রিংশন্মতে ॥

তথা সপ্তম্যমাবস্যা-সংক্রান্তি-গ্রহণেষু চ।

ধনপুত্রকলত্রার্থী তিলস্পৃষ্টং ন সংস্পৃশেৎ ॥

অথ তৈলস্নানং ॥

তত্রৈব ॥

আমলক দ্বারা স্নান পরিত্যাগ করিবে ॥

যাজ্ঞবল্ক্য বলিয়াছেন ॥

যিনি অমাবস্যা, সপ্তমী ও নবমীতে আমলক দ্বারা স্নান করেন, তাঁহার তেজঃ, আয়ুঃ, ধন ও পুত্র নষ্ট হয় ॥

অথ তিলস্নান ॥

তদ্বিষয়ে বৃস্পতি বলিয়াছেন ॥

ব্যাসমুনি পুনর্ব্বার সকল কালেই তিলস্নানের ব্যবস্থা করিয়াছেন ॥

ষট্‌ত্রিংশন্মতে ॥

তথা যে ব্যক্তি ধন, পুত্র ও স্ত্রী কামনা করেন তিনি সপ্তমী, অমাবস্যা, সংক্রান্তি দিবসে এবং গ্রহণকালীন, যে তিলস্পর্শ করিয়াছে তাহাকে স্পর্শ করিবেন না ॥

অথ তৈলস্নানের বিধি ॥

ঐ ষট্‌ ত্রিংশন্মতে ॥

ষষ্ঠ্যাং তৈলমনায়ুষ্যং চতুর্ষ্বপি চ পর্ব্বসু ॥ ৫১ ॥

যোগিযাজ্ঞবল্ক্যঃ ॥

দশম্যাং তৈলমস্পৃষ্ট্বা যঃ স্নায়াদবিচক্ষণঃ।
চত্বারি তস্য নশ্যন্তি আয়ুঃ-প্রজ্ঞা-যশো-ধনং ॥ ৫২ ॥

মোহাৎ প্রতিপদং ষষ্ঠীং কুহূং রিক্তাতিথিং তথা।
তৈলেনাভ্যঞ্জয়েদ্যস্তু চতুর্ভিঃ পরিহীয়তে।

পঞ্চদশ্যাং চতুর্দ্দশ্যাং সপ্তম্যাং রবিসংক্রমে।
দ্বাদশ্যাং সপ্তমীং ষষ্ঠীং তৈলস্পর্শং বিবর্জয়েৎ ॥ ৫৩ ॥

অন্যচ্চ ॥

সপ্তম্যাং ন সংস্পৃশেত্তৈলং নবম্যাং প্রতিপদ্যপি।
অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যামমাবস্যাং বিশেষতঃ ॥ ৫৪ ॥

দশম্যামস্পৃষ্ট্বেতি তত্তাং তৈলস্নানস্যাবশ্যকতোক্তা ॥ ৫২ ॥

চতুর্ভিঃ পূর্ব্বোক্তৈরায়ুরাদিভিঃ ॥ ৫৩ ॥

বিশেষত ইত্যনেন সপ্তম্যাদৌ তৈলত্যাগস্যাবশ্যকতাভিপ্রেতা ॥ ৫৪ ॥

ষষ্ঠী এবং চারি পর্ব্বদিবসে তৈল পরমায়ুর হানি করে ॥ ৫১ ॥

যোগিযাজ্ঞবল্ক্য বলিয়াছেন ॥

যে অবিচক্ষণ ব্যক্তি দশমীতে তৈলস্পর্শ না করিয়া স্নান করে, তাহার আয়ু, বুদ্ধি, যশঃ ও ধন এই চারিটী নাশ পায় ॥ ৫২ ॥

যিনি অজ্ঞান বশতঃ প্রতিপৎ, ষষ্ঠী, অমাবস্যা এবং রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী তিথিতে অঙ্গে তৈল ম্রক্ষণ করেন, তাঁহার পূর্ব্বোক্ত চারিটী নষ্ট হয় ॥

পঞ্চদশী, চতুর্দ্দশী, সপ্তমী, সূর্য্যসংক্রমণ, দ্বাদশী, সপ্তমী ও ষষ্ঠী এই সকল দিবসে তৈলস্পর্শ পরিত্যাগ করিবে ॥ ৫৩ ॥

অন্যও বলি ॥

সপ্তমী, নবমী, প্রতিপৎ, অষ্টমী ও চতুর্দ্দশী তিথিতে এবং বিশেষতঃ অমাবস্যায় তৈলস্পর্শ করিবে না ॥ ৫৪ ॥

কিঞ্চ ॥

স্নানে বা যদি বাস্নানে পক্কতৈলং ন দুষ্যতি ॥ ৫৫ ॥

কিঞ্চাত্রিস্মৃতৌ ॥

তৈলাভ্যক্তো ঘৃতাভ্যক্তো বিন্মূত্রে কুরুতে দ্বিজঃ।
অহোরাত্রোষিতো ভূত্বা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি ॥ ৫৬ ॥

অথাঙ্গমলমুত্তার্য্য স্নাত্বা বিধিবদাচরেৎ।
নাসালগ্নেন চুলুকোদকেনৈবাঘমর্ষণং।
ততো গুর্ব্বাদিপাদোদৈঃ প্রাগ্বৎ কৃত্বাভিষেচনং।
কার্য্যোঽভিষেকঃ শঙ্খেন তুলসীমিশ্রিতৈর্জলৈঃ ॥

অথ তুলসীজলাভিষেকমাহাত্ম্যং ॥

পক্কতৈলঞ্চ কদাচিদপি ন দোষাবহমিতি পূর্ব্বোক্তেঽপবাদং লিখতি স্নানেবেতি ॥ ৫৫ ॥

কৃততৈলাভ্যঙ্গস্তু বিন্মূত্রোৎসর্গং ন কুর্য্যাদিতি প্রসঙ্গাল্লিখতি তৈলেতি অহোরাত্রং উষিতো ভূত্বা পঞ্চগব্যপানেন শুদ্ধো ভবেৎ। পাঠান্তরে তু অন্ত্যজস্পর্শং তদানীং যত্নেন বর্জয়েদিতি ভাবঃ ॥ ৫৬ ॥ ৫৭ ॥

আরও বলি ॥

স্নান করাতেই হউক বা স্নান না করাতেই হউক, পক্কতৈল ব্যবহার করিলে কোন দোষ হয় না ॥ ৫৫ ॥

আরও অত্রিস্মৃতিতে উক্ত হইয়াছে ॥

দ্বিজ যদি তৈল ভ্রক্ষণ বা ঘৃত ভ্রক্ষণ করিয়া মলমূত্র পরিত্যাগ করেন, তাহা হইলে এক দিবারাত্র উপবাস করিয়া পঞ্চগব্য ভক্ষণ করিলে শুদ্ধ হয়েন ॥ ৫৬ ॥

অনন্তর গাত্রমার্জন করিয়া যথাবিধি স্নান করত নাসাসংস্পৃষ্ট জলগণ্ডূষ-দ্বারা অঘমর্ষণ কার্য্য করিবেন। পরে গুরুপ্রভৃতির পাদোদকদ্বারা পূর্ব্বের ন্যায় স্নান করত শঙ্খে করিয়া তুলসীমিশ্রিত জলদ্বারা স্নান করিবেন ॥

অথ তুলসী জলদ্বারা স্নান করিবার মাহাত্ম্য ॥

গারুড়ে ॥

মার্জ্জয়ত্যভিষেকে তু তুলস্যা বৈষ্ণবো নরঃ।
সর্ব্বতীর্থময়ং দেহং তৎক্ষণাৎ দ্বিজ জায়তে।
তুলসীদলজ স্নানে একাদশ্যাং বিশেষতঃ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো যদ্যপি ব্রহ্মহা ভবেৎ।
তন্মূলমৃত্তিকাভ্যঙ্গং কৃত্বা স্নাতি দিনে দিনে।
দশাশ্বমেধাবভৃতং লভতে স্নানজং ফলং ॥
তুলসীদলসংমিশ্রং তোয়ং গঙ্গাসমং বিদুঃ।
যো বহেচ্ছিরসা নিত্যং ধৃতা ভবতি জাহ্নবী।
তুলসীদলসংমিশ্রং যস্তোয়ং শিরসা বহেৎ।
সর্ব্বতীর্থাভিষেকস্তু তেন প্রাপ্তো ন সংশয়ঃ।
পাদোদকং তাম্রপাত্রে কৃত্বা সতুলীদলং।

গরুড়পুরাণে ॥

হে দ্বিজ! যদি বৈষ্ণব ব্যক্তি স্নানকালীন দেহে তুলসীমার্জন করেন, তাহা হইলে তাঁহার দেহ তৎক্ষণাৎ সর্ব্বতীর্থময় হয় ॥

যদি ব্রহ্মহত্যাও করিয়া থাকে তথাপি তুলসীদল-সংস্পৃষ্ট জল-দ্বারা স্নান করিলে বিশেষতঃ একাদশীতে স্নান করিলে সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত হয় ॥

যদি প্রতিদিন তুলসীর মূলমৃত্তিকা অঙ্গে লেপন করিয়া স্নান করে, তাহা হইলে দশ অশ্বমেধ যজ্ঞের অবভৃত স্নানের ফল লাভ হয় ॥

পণ্ডিতগণ তুলসীসংমিশ্রিত জলকে গঙ্গাতুল্য জ্ঞান করিয়া থাকেন। যিনি নিত্য মস্তকে বহন করেন, তাঁহার গঙ্গাধারণ করা ফল হয় ॥

যিনি তুলসীদল সংমিশ্রিত জল মস্তকে ধারণ করেন, তিনি অসংশয় সমুদায় তীর্থস্নানের ফলপ্রাপ্ত হয়েন ॥

তাম্রপাত্রে করিয়া, তুলসীপত্র সমন্বিত বিষ্ণুচরণামৃত শঙ্খে ঢালিয়া

শঙ্খে কৃত্বাভিষিঞ্চেত মূলেনৈব স্বমূর্দ্ধনি ॥
তন্মাহাত্ম্যং চোক্তং পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে ॥
দ্বারকাচক্রসংযুক্তশালক্রামশিলাজলং।
শঙ্খে কৃত্বা তু নিঃক্ষিপ্তং স্নানার্থং তাম্রভাজনে।
তুলসীদলসংযুক্তং ব্রহ্মহত্যাবিনাশনমিতি ॥ ৫৭ ॥
স্নানশাটীতরেণৈব বাসসান্তাংসি গাত্রতঃ।
সংমার্জ্য বাসসী দধ্যাৎ পরিধানোত্তরীয়কে ॥ ৫৮ ॥
অথ বস্ত্রধারণবিধিঃ ॥
তত্রাত্রিঃ ॥
অধৌতং কারুধৌতং বাপরেদ্যুর্ধৌতমেব বা।
কাষায়ং মলিনং বস্ত্রং কৌপীনঞ্চ পরিত্যজেৎ।

স্নানশাট্যাঃ ইতরেণ অন্যেন ॥ ৫৮ ৫৯ ॥

মূলমন্ত্র উচ্চারণ করত স্বীয় মস্তকে অভিষেক করিবে ॥

পদ্মপুরাণে কথিত হইয়াছে ॥

যে দ্বারকাচক্রসংযুক্ত শালগ্রামশিলার জল স্নান নিমিত্ত শঙ্খে করিয়া তাম্রপাত্রে নিক্ষিপ্ত হইয়াছে এবং যাহা তুলসীপত্র মিশ্রিত আছে তাহা ব্রহ্মহত্যা নাশ করে ॥ ৫৭ ॥

যে বস্ত্র পরিধান করিয়া স্নান করা হইয়াছে তদ্ভিন্ন অন্য বস্ত্রদ্বারা গাত্র হইতে জলমার্জন করিয়া পরিধেয় এবং উত্তরীয় বসন ধারণ করিবে ॥ ৫৮ ॥

অথ বস্ত্রধারণবিধি ॥

তদ্বিষয়ে অত্রি বলিয়াছেন ॥

অধৌত অথবা রজকধৌত কিম্বা অন্য দিবস ধৌত করা হইয়াছে, আর কাষায়, মলিনবস্ত্র, কি কৌপীন পরিধান করিবে না, আর বস্ত্র

ন চার্দ্রমেব বসনং পরিদধ্যাৎ কদাচন ॥ ৫৯ ॥
নগ্নো মলিনবস্ত্রঃ স্যান্নগ্নশ্চার্দ্ধপটঃ স্মৃতঃ।
নগ্নো দ্বিগুণবস্ত্রঃ স্যান্নগ্নো রক্তপটস্তথা।
নগ্নশ্চ শৃতবস্ত্রঃ স্যান্নগ্নঃ স্নিগ্ধপটস্তথা।
দ্বিকচ্ছোঽনুত্তরীয়শ্চ নগ্নশ্চাবস্ত্র এব চ ॥
শ্রৌতং স্মার্ত্তং তথা কর্ম্ম ন নগ্নশ্চিন্তয়েদপি।
মোহাৎ কুর্ব্বন্নধো গচ্ছেত্তদ্ভবেদাসুরং কৃতং।
জপহোমোপবাসেষু ধৌতবস্ত্রধরো ভবেৎ।
অলঙ্কৃতঃ শুচির্ম্মৌনী শ্রাদ্ধাদৌ চ জিতেন্দ্রিয়ঃ ॥
গোভিলঃ ॥
একবস্ত্রো ন ভুঞ্জীত ন কুর্য্যাদ্দেবতার্চ্চনং।

নগ্নো দিগম্বরো জৈনভেদো বা ॥ ৬০ ॥

আর্দ্র থাকিতে কখন পরিধান করিবে না ॥ ৫৯ ॥

যাঁহার বস্ত্র মলিন তিনি উলঙ্গ, যাঁহার বস্ত্র সাধারণ পরিমাণে অর্দ্ধ, তিনি উলঙ্গ, যাঁহার দ্বিগুণ বস্ত্র তিনি উলঙ্গ, যাঁহার বস্ত্র রক্তবর্ণ, তিনি উলঙ্গ, যাঁহার বস্ত্র পক্ক ঘৃত ও পক্ক দুগ্ধ লিপ্ত, তিনি উলঙ্গ, যাঁহার দুইটী কচ্ছ (কাছা) তিনি উলঙ্গ এবং যাঁহার বস্ত্র পরিধান নাই তিনি উলঙ্গ ॥

উলঙ্গ ব্যক্তি বেদোক্ত ও স্মৃতিশাস্ত্রোক্ত কর্ম্ম মনোমধ্যে চিন্তাও করিবে না, অজ্ঞান বশতঃ যদি করে, তাহা হইলে অধোগতি প্রাপ্ত হইবে, আর যে কার্য্য করা হয় তাহা অসুরগণের নিমিত্ত হইবে ॥

জপ, হোম, উপবাস এবং শ্রাদ্ধ কর্ম্মে ইন্দ্রিয় সংযম ও ধৌত বস্ত্র পরিধান করিবে ॥

গোভিল বলিয়াছেন ॥

এক বস্ত্র পরিধান করিয়া ভোজন করিবে না এবং এক বস্ত্র পরিধান করিয়া দেবতার অর্চ্চনা করিবে না ॥

ত্রৈলোক্যসম্মোহনপঞ্চরাত্রে ॥

শুক্লবাসা ভবেন্নিত্যং রক্তঞ্চৈব বিবর্জয়েৎ ॥ ৬০ ॥

অঙ্গিরাঃ ॥

শৌচং সহস্ররোমাণাং বায্বগ্ন্যর্কেন্দুরশ্মিভিঃ।
রেতঃস্পৃষ্টং শবস্পৃষ্টমাবিকং নৈব দুষ্যতি ॥

অন্যত্র চ ॥

ছিন্নং বা সন্ধিতং দগ্ধমাবিকং ন প্রদুষ্যতি।
আবিকেন তু বস্ত্রেণ মানবঃ শ্রাদ্ধমাচরেৎ।
গয়াশ্রাদ্ধসমং প্রোক্তং পিতৃভ্যো দত্তমক্ষয়ং ॥
ন কুর্য্যাৎ সন্ধিতং বস্ত্রং দৈবকর্ম্মণি ভূমিপ।
ন দগ্ধং নচ বৈ ছিন্নং পারক্যং নতু ধারয়েৎ।

সহস্রাণি অসংখ্যেয়ানি রোমাণি যেষু তেষাং ঊর্ণাদিনির্ম্মিতানাং কম্বলাদীনামিত্যর্থঃ। আবিকং মেষরোমনির্ম্মিতং কম্বলাদি ॥ ৬১ ॥

ত্রৈলোক্যসম্মোহনপঞ্চরাত্রে ॥

সর্ব্বদা শুক্লবস্ত্র পরিধান করিবে, রক্তবস্ত্র ধারণ করিবে না ॥ ৬০ ॥

অঙ্গিরাঃ বলিয়াছেন ॥

যে বস্ত্র সহস্র রোমদ্বারা নির্ম্মিত তাহার শুদ্ধি বায়ু, অগ্নি, সূর্য্য ও চন্দ্রের কিরণদ্বারা হইয়া থাকে। মেষলোম নির্ম্মিত কম্বলাদি বস্ত্র রেতঃস্পৃষ্ট ও শবস্পৃষ্ট হইলে দূষিত হয় না ॥

অন্যত্রও ॥

মেষলোমের বস্ত্র ছিন্নই হউক বা সন্ধিতই অর্থাৎ সেলাই করাই হউক, কিম্বা দগ্ধই হউক, তথাচ অপবিত্র হয় না ॥

মনুষ্য মেষলোমজাত বস্ত্র পরিধান করিয়া শ্রাদ্ধ করিবেন, সেই শ্রাদ্ধ গয়াশ্রাদ্ধের সমান, পিতৃগণকে প্রদত্ত হইলে অক্ষয় হয় ॥

হে রাজন্! দৈবকর্ম্মে সন্ধিত অর্থাৎ সেলাই করা বস্ত্র পরিধান করিবে না, দগ্ধ, বা, ছিন্ন কিম্বা পারক্য অর্থাৎ পরের বস্ত্র পরিধান

কাকবিষ্ঠাসমং হ্যুক্তমবিধৌতঞ্চ যদ্ভবেৎ।
রজকাদাহৃতং যচ্চ ন তদ্বস্ত্রং ভবেচ্ছুচি।
কীটস্পৃষ্টন্তু যদ্বস্ত্রং পুরীষং যেন কারিতং।
মূত্রং বা মৈথুনং বাপি তদ্বস্ত্রং পরিবর্জয়েৎ।
আবিকন্তু সদা বস্ত্রং পবিত্রং রাজসত্তম।
পিতৃদেবমনুষ্যাণাং ক্রিয়ায়াঞ্চ প্রশস্যতে।
ধৌতাধৌতং তথা দগ্ধং সন্ধিতং রজকাহৃতং।
শুক্রমূত্ররক্তলিপ্তং তথাপি পরমং শুচি।
আগ্নিরাবিকবস্ত্রঞ্চ ব্রাহ্মণাশ্চ তথা কুশাঃ।
চতুর্ণাং ন কৃতো দোষো ব্রহ্মণা পরমেষ্ঠিনা ॥ ৬১ ॥
কিঞ্চান্যত্র ॥

করিবে না ॥

যে বস্ত্র জলদ্বারা ধৌত করা নহে, তাহা কাকবিষ্ঠার তুল্য, আর যে বস্ত্র রজকের গৃহ হইতে আনা হয় তাহাও শুচি নহে ॥

কীট যে বস্ত্র স্পর্শ করিয়াছে আর যে বস্ত্র পরিধান করিয়া মলত্যাগ বা মূত্রত্যাগ অথবা স্ত্রীসম্ভোগ করা হইয়াছে,তাহাও পরিত্যাগ করিবে॥

কিন্তু হে রাজন্! মেষলোমজাত বস্ত্র সকল সময়েই পবিত্র, পিতৃ-কর্ম্ম, দেবকর্ম্ম ও মানুষকর্ম্মে ইহাকে প্রশংসা করা যায় ॥

মেষলোমজাত বস্ত্র ধৌত হউক, অধৌত হউক, দগ্ধ হউক, সন্ধিত (সেলাই করা) হউক, রজকের গৃহ হইতে আনীত হউক, আর শুক্র, মূত্র কিম্বা বিষ্ঠা লিপ্ত হউক, তথাপি পরমপবিত্র ॥

পরমেষ্ঠী ব্রহ্মা অগ্নি, মেষলোমজাত বস্ত্র, ব্রাহ্মণ ও কুশ এই চারিকে অপবিত্র করেন নাই ॥ ৬১ ॥

আরও অন্যস্থলে ॥

ধারয়েদ্বাসসী শুদ্ধে পরিধানোত্তরীয়কে।
অচ্ছিন্নসুদশে শুক্লে আচমেৎ পীঠসংস্থিতঃ ॥ ৬২ ॥
অথ পীঠং ॥
বহ্বৃচপরিশিষ্টে ॥
যতীনামাসনং শুক্লং কূর্ম্মাকারন্তু কারয়েৎ।
অন্যেষান্তু চতুষ্পাদং চতুরস্রন্তু কারয়েৎ।
গো-শকৃন্মৃণ্ময়ং ভিন্নং তথা পালাশপৈপ্পলং।
লোহবদ্ধং সদৈবার্কং বর্জ্জয়েদাসনং বুধঃ ॥
অথাসনবিধিঃ ॥
তত্রৈব ॥
দানমাচমনং হোমং ভোজনং দেবতার্চ্চনং।

অচ্ছিন্না সুশোভনা চ দশা যয়োস্তে ॥ ৬২ ॥
বস্ত্রপরিধানানন্তরং পীঠে সংস্থিতঃ সন্নাচামেদিত্যুক্তং। তৎ পীঠমেব লিখতি যতীনামিত্যাদিনা ॥ ৬৩ ॥

যাহা ছিন্ন নহে এবং যাহার দশা গুলি অতিশয় মনোহর এরূপ পরিধেয় ও উত্তরীয় ধারণ করিবে। পীঠে বসিয়া আচমন করিবে ॥৬২

অথ পীঠ ॥
বহ্বৃচপরিশিষ্টে ॥

যতিদিগের আসন শুক্লবর্ণ এবং কচ্ছপের আকার করিবে, অন্য আশ্রমিদিগের চারিচরণ বিশিষ্ট চতুষ্কোণ করিবে ॥

জ্ঞান সম্পন্ন ব্যক্তি গোময়রচিত, মৃত্তিকানির্ম্মিত, বিদীর্ণ, পলাশকাষ্ঠনির্ম্মিত, পিপ্পল অর্থাৎ অশ্বত্থবৃক্ষনির্ম্মিত, লৌহ দ্বারা বদ্ধ এবং আকন্দকাষ্ঠ নির্ম্মি আসন সর্ব্বদা পরিত্যাগ করিবেন ॥

অথ আসন বিধি ॥
ঐ গ্রন্থেই ॥

প্রৌঢ়পাদ হইয়া দান, আচমন, হোম, ভোজন, দেবতার অর্চ্চন,

প্রৌঢ়পাদো ন কুর্ব্বীত স্বাধ্যায়ঞ্চৈব তর্পণং।
আসনারূঢ়পাদস্তু জানুনোর্ব্বাথ জঙ্ঘয়োঃ।
কৃতাবসক্থিকো যস্তু প্রৌঢ়পাদ স উচ্যতে ॥ ইতি ॥ ৬৩ ॥
ততো ভূমিগতাঙ্ঘ্রিঃ সন্ নিবিশ্যাচম্য দর্ভভৃৎ।
ঊর্দ্ধপুণ্ড্রাদিকং কুর্য্যাৎ শ্রীগোপীচন্দনাদিনা ॥ ৬৪ ॥
তত্রাদাবনুলেপেন ভগবচ্চরণাব্জয়োঃ।
নির্ম্মাল্যেন প্রসাদেন সর্ব্বাণ্যঙ্গানি মার্জয়েৎ ॥
তদুক্তং ব্রাহ্ম্যে শ্রীভগবতা ॥
শালগ্রামশিলালগ্নং চন্দনং ধারয়েৎ সদা।
সর্ব্বাঙ্গেষু মহাশুদ্ধিসিদ্ধয়ে কমলাসনেতি ॥ ৬৫ ॥
ততো দ্বাদশভিঃ কুর্য্যান্নামভিঃ কেশবাদিভিঃ।

দর্ভভৃৎ কুশপাণিঃ সন্। যদ্যপ্যূর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণানন্তরমেবাচমনং যুক্তং তথাপ্যত্র পূজার্থ-তিলকবিশেষাদিনিমিত্তমাদাবাচমনং সংসম্প্রদায়ানুসারেণ লিখিতং। তিলকানন্তরমাচ-মনঞ্চ পূর্ব্বং বহিঃস্থানে লিখিতমেবাস্তি ॥ ৬৪ ॥

প্রসাদরূপেণ নির্ম্মাল্যেন ॥ ৬৫ ॥

কেশবাদিভির্মূর্ত্তিপঞ্জরনামসোক্তৈর্দ্বাদশভির্নামভিঃ ক্রমেণ ললাটাদি দ্বাদশাঙ্গেষু

বেদাধ্যয়ন ও তর্পণ করিবে না। যে ব্যক্তি আসনে পদ রাখিয়া জানু বা জঙ্ঘার মধ্যভাগে বসিয়া থাকে, তাহাকে প্রৌঢ়পাদ বলে ॥ ৬৩ ॥

তাহার পর ভূমিতে পদ রাখিয়া উপবেশন ও কুশ ধারণ পূর্ব্বক আচমন করত গোপীচন্দনাদি দ্বারা ঊর্দ্ধ পুণ্ড্র নির্ম্মাণ করিবে ॥ ৬৪ ॥

ঐ বিষয়ে অগ্রে ভগবানের চরণপদ্ম বিলিপ্ত নির্ম্মাল্য প্রসাদ চন্দন দ্বারা সর্ব্বাঙ্গ লেপন করিবে ॥

ব্রহ্মপুরাণে ভগবান্ ঐ কথাই বলিয়াছেন ॥

হে ব্রহ্মন্! মহতী শুদ্ধি লাভ নিমিত্ত শালগ্রামশিলা সংলগ্ন চন্দন সর্ব্বদা সর্ব্বাঙ্গে ধারণ করিবে ॥ ৬৫ ॥

অনন্তর বৈষ্ণব ব্যক্তি কেশব প্রভৃতি দ্বাদশ নাম উচ্চারণ পূর্ব্বক

দ্বাদশাঙ্গেষু বিধিবদূর্দ্ধপুণ্ড্রাণি বৈষ্ণবঃ ॥ ৬৬ ॥

অথ দ্বাদশতিলকবিধিঃ ॥

পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে।

ঊর্দ্ধপুণ্ড্রাণি দ্বাদশ কুর্য্যাৎ বৈষ্ণব ইতি বিশেষতো বৈষ্ণবস্য বিধেয়ত্বং সূচয়তি। বিধির্যথা-স্যাদিত্যত্রায়ং বিধিঃ। মূর্ত্তিপঞ্জরন্যাসানুসারেণ প্রণবপূর্ব্বকং সবিন্দুকারাদিদ্বাদশবর্ণৈ-র্দ্বাদশাদিত্যৈশ্চ সহিতান্ কেশবাদীন্ দ্বাদশ ন্যসেৎ। তত্র কেচিৎ কেশবাদিন্যাসোক্তঃ কীর্ত্ত্যাদিদ্বাদশশক্তিভিরপি সহ ন্যস্যন্তি দ্বাদশাদিত্যাংশ্চোক্তাঃ। ধাতার্য্যমা চ মিত্রশ্চ বরুণোঽংশু র্ভগস্তথা। বিবস্বানিন্দ্রঃ পূষা চ পর্য্যন্যস্ত্বষ্টা বিষ্ণব ইতি। ততশ্চায়ং প্রয়োগঃ। ওঁ অং ধাতৃসহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ। ললাটে ইত্যাদি। কিঞ্চ। ললাটোর্দ্ধপুণ্ড্র-মালাদিকমগ্রে ব্যক্তং ভাবি। অন্যাঙ্গোর্দ্ধপুণ্ড্রাণাঞ্চ কেচিদ্দীপশিখাকারতয়া কেচিচ্চ বাহ্বোর্বক্ষঃস্থলে পুণ্ড্রমষ্টাঙ্গুল প্রমাণমন্যত্র চতুরঙ্গুলপ্রমাণমিত্যেবং তত্রাপি কেচিন্মধ্যে ছিদ্র-তয়েচ্ছন্তীতি। বিবিধোবিধিস্তত্র চ নিজসম্প্রদায়ব্যবহার এবানুসর্ত্তব্যঃ। ইত্যাদ্যভিপ্রায়েণৈ-বাগ্রে লেখ্যং সম্প্রদায়ানুসারত ইতি ॥ ৬৬ ॥

তত্তন্নামানি অঙ্গানি চ বিভজ্য দর্শয়তি ললাটেতি ত্রিভিঃ। ধ্যায়েৎ ন্যসেৎ ॥ ৬৭ ॥

বিধানানুসারে দ্বাদশ অঙ্গে ঊর্দ্ধপুণ্ড্র রচনা করিবেন ॥

তাৎপর্য্য, বিধি এই যে, মূর্ত্তিপঞ্জর ন্যাসের অনুসারে প্রণব পূর্ব্বক, বিন্দু অর্থাৎ অনুস্বার সমন্বিত অকারাদি দ্বাদশ বর্ণ দ্বাদশ সূর্য্যের সহিত কেশবাদি দ্বাদশকে দ্বাদশ অঙ্গে ন্যাস করিবে। কেহ কেহ বলেন কেশবাদি দ্বাদশের সহিত কীর্ত্তি প্রভৃতি দ্বাদশ শক্তিকেও ন্যাস করিবে। দ্বাদশসূর্য্য যথা—ধাতা, অর্য্যমা, মিত্র, বরুণ, অংশু, ভগ, বিবস্বান্, ইন্দ্র, পূষা, পর্জ্জন্য, ত্বষ্টা ও বিষ্ণু। অতএব ন্যাসের প্রকার যথা—ওঁ ধাতৃ সহিতায় কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ ললাটে। এইরূপে উত্তরোত্তর অন্যান্য অঙ্গে প্রয়োগ করিবেন ॥ ৬৬ ॥

অথ দ্বাদশতিলকের বিধান ॥

পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

ললাটে কেশবকে ধ্যান করিবে, নারায়ণকে উদরে, বক্ষঃস্থলে

বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে ॥ ৬৭ ॥
বিষ্ণুঞ্চ দক্ষিণে কুক্ষৌ বাহৌ চ মধুসূদনং।
ত্রিবিক্রমং কন্ধরেতু বামনং বামপার্শ্বকে ।
শ্রীধরং বামবাহৌ তু হৃষীকেশন্তু কন্ধরে ॥
পৃষ্ঠেতু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ ॥ ৬৮ ॥
তৎপ্রক্ষালনতোয়ন্তু বাসুদেবেতি মূর্দ্ধনি ॥
কিঞ্চ ॥
ঊর্দ্ধপুণ্ড্রং ললাটেতু সর্ব্বেষাং প্রথমং স্মৃতং।
ললাটাদিক্রমেণৈব ধারণন্তু বিধীয়ত ইতি ॥ ৬৯ ॥
এবং ন্যাসং সমাচর্য্য সম্প্রদায়ানুসারতঃ।

ত্রিবিক্রমং দক্ষিণে কন্ধরে। হৃষীকেশং বামে কন্ধরে ॥ ৬৮ ॥

এবং কেশবাদ্যানাং দামোদরান্তানাং দ্বাদশানাং ন্যাসমুক্ত্বা মস্তকে শ্রীবাসুদেবস্য ন্যাসমাহ তদিতি। বাসুদেবেতি বাসুদেবায় নমঃ ইতি এতচ্চ সমস্তস্বরৈঃ সহ ন্যসেদিতি জ্ঞেয়ং। কেচিচ্চ দ্বাদশাক্ষরমন্ত্রং মূর্দ্ধ্নি বিন্যসন্তি। অত্রাপি সৎসম্প্রদায়াচার এব গতিরিতি দিক্ ॥ ৬৯ ॥

সম্প্রদায়ানুসারত ইতি সর্ব্বত্রাগ্রেঽপ্যনুবর্ত্তনীয়ং ॥ ৭০ ॥

মাধবকে, কণ্ঠকূপে গোবিন্দকে ॥ ৬৭ ॥

দক্ষিণ কুক্ষিতে বিষ্ণুকে, দক্ষিণ বাহুতে মধুসূদনকে, দক্ষিণ কন্ধরে ত্রিবিক্রমকে বামপার্শ্বে বামনকে, বাম বাহুতে শ্রীধরকে, বামকন্ধরে হৃষীকেশকে, পৃষ্ঠে পদ্মনাভকে এবং কটিতে দামোদরকে ন্যাস করিবে ॥ ৬৮ ॥

তিলকের প্রক্ষালন (উভয় হস্ত সংমৃষ্ট) জল "বাসুদেবায় নমঃ" বলিয়া অকারাদি দ্বাদশ স্বরের সহিত মস্তকে ন্যাস করিবে ॥

আরও বলি ॥

সকল ব্যক্তিরই অগ্রে ললাটে ঊর্দ্ধপুণ্ড্র তিলক করার বিধান আছে, ললাটাদি ক্রম অনুসারেই ধারণের বিধান করা হইয়াছে ॥ ৬৯ ॥

এই প্রকারে সম্প্রদায় অনুসারে ঊর্দ্ধপুণ্ড্র রচনা করিয়া সর্ব্বপ্রকার

ন্যসেৎ কিরীটমন্ত্রঞ্চ মূর্দ্ধ্নি সর্ব্বার্থসিদ্ধয়ে।

অথ কিরীটমন্ত্রঃ ॥

ওঁ শ্রী-কিরীট-কেয়ূর-হার-মকরকুণ্ডল-চক্র-শঙ্খ-গদা-পদ্ম-হস্ত পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিত-বক্ষঃস্থল! শ্রীভূমি-সহিত স্বাত্মজ্যোতির্দীপ্তিকরায় সহস্রাদিত্যতেজসে নমো নমঃ ॥ ইতি ॥ ৭০ ॥

অথোর্দ্ধপুণ্ড্রনিত্যতা ॥

পাদ্মে শ্রীভগবদুক্তৌ ॥

মৎপ্রিয়ার্থং শুভার্থম্বা রক্ষার্থে চতুরানন।

মৎপূজাহোমকালে চ সায়ং প্রাতঃ সমাহিতঃ।

মদ্ভক্তো ধারয়েন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রং ভয়াপহং ॥ ৭১ ॥

তত্রৈব শ্রীনারদোক্তৌ ॥

নিত্যং ধারয়োদতি নিত্যতা সিদ্ধা ॥ ৭১ ॥

অর্থ সিদ্ধির উদ্দেশে মস্তকে কিরীটমন্ত্র ন্যাস করিবে ॥

অথ কিরীটমন্ত্র ॥

যিনি মনোহর কিরীট, কেয়ূর ও কুণ্ডলে শোভমান, যাঁহার হস্ত শঙ্খচক্র গদাপদ্মে সুশোভিত, যিনি পীতবসনধারী, শ্রীবৎসাঙ্কিত বক্ষঃস্থল, শ্রীভূমি সহিত স্বীয় সুন্দর জ্যোতির প্রকাশক এবং সহস্র সূর্য্যতুল্য তেজঃশালী, তাহাকে নমস্কার, নমস্কার ॥ ৭০ ॥

অথ ঊর্দ্ধপুণ্ড্র ধারণের নিত্যতা ॥

পদ্মপুরাণে শ্রীভগবান্ বলিয়াছেন ॥

হে ব্রহ্মন্! আমার ভক্ত ব্যক্তি, চিত্ত স্থির করিয়া সায়ং ও প্রাতঃকালে আমার পূজা এবং হোম সময়ে আমার প্রিয়সাধনের নিমিত্ত অথবা মঙ্গল ও রক্ষার জন্য ভয় নিবারক ঊর্দ্ধপুণ্ড্র নিত্য ধারণ করিবে ॥ ৭১ ॥

ঐ পদ্মপুরাণেই শ্রীনারদের উক্তিতে ॥

যজ্ঞো দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণং।
ব্যর্থং ভবতি তৎসর্ব্বমূর্দ্ধ্বপুণ্ড্রং বিনা কৃতং॥
তত্রৈবোত্তরখণ্ডে॥
ঊর্দ্ধ্বপুণ্ড্রে র্বিহীনস্তু কিঞ্চিৎ কর্ম্ম করোতি যঃ।
ইষ্টাপূর্ত্তাদিকং সর্ব্বং নিষ্ফলং স্যান্ন সংশয়ঃ।
ঊর্দ্ধ্বপুণ্ড্রে র্বিহীনস্তু সন্ধ্যাকর্ম্মাদিকং চরেৎ।
তৎসর্ব্বং রাক্ষসং নিত্যং নরকং চাধিগচ্ছতি॥ ৭২॥
অন্যচ্চ॥
ঊর্দ্ধ্বপুণ্ড্রে ত্রিপুণ্ড্রং যঃ কুরুতে স নরাধমঃ।
ভঙ্ক্ত্বা বিষ্ণুগ্রহং পুণ্ড্রং স যাতি নরকং ধ্রুবং॥
অতএব পাদ্মে শ্রীনারদোক্তৌ॥
যচ্ছরীরং মনুষ্যাণামূর্দ্ধ্বপুণ্ড্রং বিনা কৃতং।

অধুনা অকরণে প্রত্যবায়পুঞ্জং দর্শয়তি যজ্ঞ ইত্যাদিনা। চরেৎ আচরেৎ॥ ৭২॥
বিষ্ণুগ্রহং হরিমন্দিরং॥ ৭৩॥

ঊর্দ্ধ্বপুণ্ড্র ব্যতিরেকে যজ্ঞ, দান, তপস্যা, হোম, বেদপাঠ বা পিতৃলোকের তর্পণ, যাহা কিছু করাযায় সে সমুদায়ই বৃথা হইয়া থাকে॥

ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে॥

যে ব্যক্তি ঊর্দ্ধ্বপুণ্ড্র না করিয়া ইষ্ট ও পূর্ত্ত প্রভৃতি যে কোন কর্ম্ম করে,তাহার সে সমুদায়ই বিফল হয়, ইহাতে কোন সন্দেহ নাই। যদি ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ না করিয়া সন্ধ্যাদি কর্ম্ম করে, তৎ সমুদায় নিত্য রাক্ষসের নিমিত্ত হয় এবং নরকে গমন করে॥ ৭২॥

অপিচ,—

যে ব্যক্তি ঊর্দ্ধ্বপুণ্ড্রে ত্রিপুণ্ড্র রচনা করে, সে নরাধম। যে পুণ্ড্র স্বরূপ হরিমন্দির ভগ্ন করে সে নিশ্চয় নরকে যায়॥

অতএব পদ্মপুরাণে শ্রীনারদের বাক্যে॥

মনুষ্যদিগের যে শরীর ঊর্দ্ধ্বপুণ্ড্র হীন, তাহাকে দর্শন করিবে না,

দ্রষ্টব্যং নৈব তত্তাবৎ শ্মশানসদৃশং ভবেৎ ॥ ৭৩ ॥

তত্রৈবোত্তরখণ্ডে ॥

ঊর্দ্ধপুণ্ড্রং ধরেদ্বিপ্রো মৃদা শুভ্রেণ বৈদিকঃ।

ন তির্য্যক্ ধারয়েদ্বিদ্বানাপদ্যপি কদাচন ॥ ৭৪ ॥

স্কান্দে ॥

তির্য্যক্ পুণ্ড্রং ন কুর্ব্বীত সংপ্রাপ্তে মরণেঽপি চ।

নৈবান্যন্নাম চ ব্রূয়াৎ পুমান্নারায়ণাদৃতে।

ধারয়েদ্বিষ্ণুনির্ম্মাল্যং ধূপশেষং বিলেপনং।

বৈষ্ণবং কারয়েৎ পুণ্ড্রং গোপীচন্দনসম্ভবং।

তত্রৈব কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যস্যোর্দ্ধপুণ্ড্রং দৃশ্যেত ললাটে নো নরস্য হি।

তদ্দর্শনং ন কর্ত্তব্যং দৃষ্ট্বা সূর্য্যং নিরীক্ষয়েৎ ॥ ৭৫ ॥

অন্যত্রাপি

ধরেৎ ধারয়েৎ ॥ ৭৪ ॥

বৈষ্ণবং হরিমন্দিরলক্ষণমূর্দ্ধপুণ্ড্রং। ললাট ইতি ঊর্দ্ধপুণ্ড্রস্য তত্রৈব বিহিতত্বাৎ ॥ ৭৫ ॥

তাহা শ্মশানের তুল্য ॥ ৭৩ ॥

ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে ॥

বৈদিক ব্রাহ্মণ শুভ্র মৃত্তিকাদ্বারা ঊর্দ্ধপুণ্ড্র রচনা করিবেন, আপদ্ উপস্থিত হইলেও বিদ্বান্ ব্যক্তি কখন বক্র পুণ্ড্র করিবেন না ॥ ৭৪ ॥

স্কন্দপুরাণে ॥

পুরুষ মৃত্যুকাল উপস্থিত হইলেও বক্রপুণ্ড্র ধারণ করিবে না, নারায়ণ ব্যতীত অন্য নামও উচ্চারণ করিবে না। বিষ্ণুর নির্ম্মাল্য ধূপাবশেষ ও চন্দন ধারণ করিবে ॥

ঐ পদ্মপুরাণেই কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যে মনুষ্যের ললাটে ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট হয় না, তাহাকে অবলোকন করা কর্ত্তব্য নহে, দেখিলে সূর্য্য দর্শন করিবে ॥ ৭৫ ॥

অন্যস্থলেও ॥

বৈষ্ণবানাং ব্রাহ্মণানাং ঊর্দ্ধপুণ্ড্রং বিধীয়তে।
অন্যেষান্তু ত্রিপুণ্ড্রং স্যাদিতি ব্রহ্মবিদো বিদুঃ।
ত্রিপুণ্ড্রং যস্য বিপ্রস্য ঊর্দ্ধপুণ্ড্রং ন দৃশ্যতে।
তং স্পৃষ্ট্বাপ্যথবা দৃষ্ট্বা সচেলং স্নানমাচরেৎ।
ঊর্দ্ধপুণ্ড্রে ন কুর্ব্বীত বৈষ্ণবানাং ত্রিপুণ্ড্রকং।
কৃতত্রিপুণ্ড্রমর্ত্তস্য ক্রিয়া ন প্রীতয়ে হরেঃ ॥ ৭৬ ॥

অতএবোত্তরখণ্ডে ॥

অশ্বত্থপত্রসংকাশো বেণুপত্রাকৃতিস্তথা।
পদ্মকুট্টালসঙ্কাশো মোহনং ত্রিতয়ং স্মৃতং ॥ ৭৭ ॥

ব্রাহ্মণানাঞ্চ অন্যেষাং অবৈষ্ণবশূদ্রাণাং ॥ ৭৬ ॥

এবমত্রোর্দ্ধপুণ্ড্রধারণস্য বিহিতত্বাদগ্রে চ বক্ষোবাহুমূলাদৌ। খড়্গচক্রাদিমুদ্রাধারণস্য বিহিতত্বাদবৈষ্ণবস্মার্ত্তসম্মতমশ্বত্থপত্রাকারাদিকং বক্ষঃস্থলাদৌ ন বিধেয়মিতি লিখতি অশ্বত্থেতি। মোহনং অসুরানুসারি শুক্রাদিমায়াবিহিতমিত্যর্থঃ ॥ ৭৭ ॥

বৈষ্ণব এবং ব্রাহ্মণগণের পক্ষে ঊর্দ্ধপুণ্ড্রের ব্যবস্থা, অন্যের অর্থাৎ অবৈষ্ণব শূদ্রের পক্ষে ত্রিপুণ্ড্রের ব্যবস্থা, বেদজ্ঞেরা এই প্রকার বিধান করিয়াছেন ॥

যে ব্রাহ্মণের ললাটে ত্রিপুণ্ড্র দেখা যায়, ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট হয় না, তাঁহাকে স্পর্শ অথবা দর্শন করিলে, পরিধেয় বস্ত্রের সহিত স্নান করিবে ॥

বৈষ্ণবগণ ঊর্দ্ধপুণ্ড্র স্থলে ত্রিপুণ্ড্র করিবেন না, যিনি ত্রিপুণ্ড্র ধারণ করিয়া কর্ম্ম করেন, তাঁহার সেই কর্ম্ম হরির প্রীতির নিমিত্ত হয় না ৭৬

অতএব পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

অশ্বত্থপত্রের আকার, বংশপত্রের আকার, আর পদ্মকলিকার আকার এই তিন প্রকার তিলক বক্ষঃস্থলাদিতে ধারণ করিবে না, ইহা অবৈষ্ণব স্মৃতি সম্মত ও মোহন স্বরূপ, অর্থাৎ অসুরগণের মতানুযায়ী, শুক্রাচার্য্যাদি মায়া প্রকাশ পূর্ব্বক ঐরূপ তিলকের ব্যবস্থা করিয়াছেন, এই তিন তিলকের কোন ফল নাই ॥ ৭৭ ॥

অথোর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্যং। স্কান্দে কার্ত্তিকপ্রসঙ্গে ॥
ঊর্দ্ধপুণ্ড্রো মৃদা শুভ্রো ললাটে যস্য দৃশ্যতে।
চাণ্ডালোঽপি বিশুদ্ধাত্মা যাতি ব্রহ্মসনাতনং।
ঊর্দ্ধপুণ্ড্রে স্থিতা লক্ষ্মীরূর্দ্ধপুণ্ড্রে স্থিতং যশঃ।
ঊর্দ্ধপুণ্ড্রে স্থিতা মুক্তিরূর্দ্ধপুণ্ড্রে স্থিতো হরিঃ ॥
পদ্মপুরাণে ॥
ঊর্দ্ধপুণ্ড্রং মৃদা সৌম্যং ললাটে যস্য দৃশ্যতে।
স চণ্ডালোঽপি শুদ্ধাত্মা পূজ্য এব ন সংশয়ঃ ॥ ৭৮ ॥
অত্রৈবোত্তরখণ্ডে শিবোমাসম্বাদে ॥
ঊর্দ্ধপুণ্ড্রস্য মধ্যেতু বিশালে সুমনোহরে।
লক্ষ্ম্যা সার্দ্ধং সমাসীনো দেবদেবো জনার্দ্দনঃ ॥

ঊর্দ্ধপুণ্ড্র ইতি পুংস্ত্বমার্ষং ॥ ৭৮ ॥
সমাসীনোঽস্তি ॥ ৭৯ ॥

অথ ঊর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্য। স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ॥

যাহার ললাটে মৃত্তিকা দ্বারা শুভ্রবর্ণ ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট হয়, সে যদি চণ্ডালও হয়, তথাপি তাহার আত্মা পবিত্র, সে সনাতন ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকে ॥

ঊর্দ্ধপুণ্ড্রে লক্ষ্মী অবস্থিতি করেন, ঊর্দ্ধপুণ্ড্রে যশঃ অবস্থিত, ঊর্দ্ধপুণ্ড্রে মুক্তি অবস্থিতি করে এবং ঊর্দ্ধপুণ্ড্রে হরি অবস্থিত হয়েন ॥

পদ্মপুরাণে ॥

যাঁহার ললাটে মৃত্তিকা দ্বারা বিরচিত মনোহর ঊর্দ্ধপুণ্ড্র দেখা যায়, সে যদি চণ্ডালও হয় তথাপি তাঁহার আত্মা পবিত্র, তাহাকে অবশ্য পূজা করা উচিত, ইহাতে সংশয় নাই ॥ ৭৮ ॥

ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিব এবং উমার সম্বাদে ॥

ঊর্দ্ধপুণ্ড্রের অতিশয় মনোহর বিস্তৃত মধ্যভাগে দেবদেব নারায়ণ

তস্মাদ্যস্য শরীরেতু ঊর্দ্ধপুণ্ড্রং ধৃতং ভবেৎ।
তস্য দেহং ভগবতো বিমলং মন্দিরং স্মৃতং।
ঊর্দ্ধপুণ্ড্রধরো বিপ্রঃ সূর্য্যলোকেষু পূজিতঃ।
বিমানবরমারুহ্য যাতি বিষ্ণোঃ পরং পদং।
ঊর্দ্ধপুণ্ড্রধরং বিপ্রং দৃষ্ট্বা পাপৈঃ প্রমুচ্যতে।
নাম স্মৃত্বা তথা ভক্ত্যা সর্ব্বদানফলং লভেৎ।
ঊর্দ্ধপুণ্ড্রধরং বিপ্রং যঃ শ্রাদ্ধে ভোজয়িষ্যতি।
আকল্পকোটিপিতরস্তস্য তৃপ্তা ন সংশয়ঃ।
ঊর্দ্ধপুণ্ড্রধরো যস্তু কুর্য্যাৎ শ্রাদ্ধং শুভাননে!
কল্পকোটিসহস্রাণি বৈকুণ্ঠে বাসমাপ্নুয়াৎ।
যজ্ঞ-দান-তপশ্চর্য্যা জপ-হোমাদিকঞ্চ যৎ।

লক্ষ্মীর সহিত উপবেশন করিয়া থাকেন। একারণ যাঁহার শরীরে ঊর্দ্ধ-পুণ্ড্র ধারণ করা থাকে, কথিত আছে তাঁহার শরীর নারায়ণের বিশুদ্ধ মন্দির স্বরূপ॥

যে ব্রাহ্মণ ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করেন, তিনি সূর্য্যলোকে পূজিত হয়েন এবং বিমানে আরোহণ পূর্ব্বক বিষ্ণুর পরম ধামে গমন করেন॥

ঊর্দ্ধপুণ্ড্রধারি-ব্রাহ্মণকে দর্শন করিলে সকল পাপ হইতে মুক্ত হয় এবং ভক্তিসহকারে তাঁহার নাম স্মরণ করিলে সর্ব্বপ্রকার দানের ফল হইয়া থাকে॥

যে ব্যক্তি শ্রাদ্ধকর্ম্মে ঊর্দ্ধপুণ্ড্রধারি-ব্রাহ্মণকে ভোজন করাইবেন, তাঁহার পিতৃগণ কোটিকল্প পর্য্যন্ত পরিতৃপ্তি লাভ করিবেন, ইহাতে কোন সংশয় নাই॥

হে শুভাননে! যে ব্যক্তি ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া শ্রাদ্ধ করেন, তিনি সহস্র কোটিকল্প বৈকুণ্ঠে বাস করিতে অধিকার প্রাপ্ত হয়েন॥

ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া যজ্ঞ, দান, তপস্যা, জপ এবং হোম প্রভৃতি যে কোন কর্ম্ম করা হয়, সেই সকল কর্ম্মের পুণ্য অনন্ত অর্থাৎ তাহার

ঊর্দ্ধপুণ্ড্রধরঃ কুর্য্যাৎ তস্য পুণ্যমনন্তকং ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

অশুচির্ব্বাপ্যনাচারো মনসা পাপমাচরন্।

শুচিরেব ভবেন্নিত্যমূর্দ্ধপুণ্ড্রাঙ্কিতো নরঃ ॥

তত্রৈব শ্রীভগবদ্বচনং ॥

ঊর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো ম্রিয়তে যত্র কুত্রচিৎ।

শ্বপাকোঽপি বিমানস্থো মম লোকে মহীয়তে ॥ ৭৯ ॥

ঊর্দ্ধপুণ্ড্রধরো মর্ত্ত্যো গৃহে যস্যান্নমশ্নুতে।

তদা বিংশৎকুলং তস্য নরকাদুদ্ধরাম্যহং ॥ ৮০ ॥

অথোদ্ধপুণ্ড্রনির্ম্মাণবিধিঃ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

বিংশৎকুলং বিংশতিকুলানি ॥ ৮০ ॥

ঊর্দ্ধপুণ্ড্রস্য ললাটে মুখ্যত্বাৎ তত্রত্যোর্দ্ধপুণ্ড্রনির্ম্মাণপ্রকারং লিখতি বীক্ষ্যেত্যাদিনা ॥৮১॥

সংখ্যা হয় না ॥

ব্রহ্মপুরাণে ॥

অশুচিই হউক বা আচাররহিতই হউক কিম্বা মনে মনে পাপ কর্ম্মই আচরণ করুক, মনুষ্য ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিলে সর্ব্বদাই পবিত্র থাকে ॥

ঐ ব্রহ্মপুরাণে শ্রীভগবানের বাক্য ॥

মরণধর্ম্মশীল মনুষ্য ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিয়া যে কোন স্থানে প্রাণ পরিত্যাগ করুক, সে যদি শ্বপাক অর্থাৎ চণ্ডালও হয় তথাপি সে বিমানে আরোহণ করিয়া আমার লোকে আনন্দানুভব করিবে ॥ ৭৯ ॥

ঊর্দ্ধপুণ্ড্রধারী মনুষ্য যাহার গৃহে অন্ন ভোজন করেন, আমি সেই গৃহির বিংশতি পুরুষকে নরক হইতে উদ্ধার করি ॥ ৮০ ॥

অথ ঊর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণ বিধি ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

বীক্ষ্যাদর্শে জলে বাপি যো বিদধ্যাৎ প্রযত্নতঃ।
ঊর্দ্ধপুণ্ড্রং মহাভাগ স যাতি পরমাং গতিং ॥ ৮১ ॥
দশাঙ্গুলং প্রমাণন্তু উত্তমোত্তমমুচ্যতে।
নবাঙ্গুলং মধ্যমং স্যাৎ অষ্টাঙ্গুলমতঃ পরং।
এতৈরঙ্গুলিভেদৈস্তু কারয়েন্ন নখৈঃ স্পৃশেৎ ॥ ৮২ ॥
পদ্মপুরাণে উত্তরখণ্ডে তত্রৈব ॥
একান্তিনো মহাভাগাঃ সর্ব্বভূতহিতে রতাঃ।
সান্তরালং প্রকুর্ব্বন্তি পুণ্ড্রং হরিপদাকৃতি ॥ ৮৩ ॥
শ্যামং শান্তিকরং প্রোক্তং রক্তং বশ্যকরং তথা।
শ্রীকরং পীতমিত্যাহুঃ শ্বেতং মোক্ষপ্রদং শুভং।

অতঃপরং কনিষ্ঠমিত্যর্থঃ ॥ ৮২ ॥
সান্তরালং মধ্যে ছিদ্রান্বিতং তদেবাহ হরিপদাকৃতীতি ॥ ৮৩ ॥

হে মহাভাগ! যে ব্যক্তি আদর্শে (দর্পণে) অথবা জলে প্রতিবিম্ব দেখিয়া যত্ন পূর্ব্বক ঊর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণ করেন, তাঁহার পরম গতি লাভ হয় ॥ ৮১ ॥

যে ঊর্দ্ধপুণ্ড্রের পরিমাণ দশ অঙ্গুল তাহাকে অত্যুত্তম বলা যায়। নয় অঙ্গুল পরিমাণ মধ্যম, আর অষ্টাঙ্গুল পরিমাণ কনিষ্ঠ। এই ত্রিবিধ অঙ্গুলি পরিমাণে নির্ম্মাণ করিবে, নখ দ্বারা স্পর্শ করিবে না ॥ ৮২ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডের ঐ শিব ও উমা সম্বাদে ॥

একান্ত চিত্ত, সর্ব্বপ্রাণির হিতসাধনে তৎপর, মহাভাগ্যবান্ ব্যক্তি-সকল হরিপাদপদ্মের আকার, মধ্যে ছিদ্র বিশিষ্ট পুণ্ড্র নির্ম্মাণ করেন॥৮৩

পণ্ডিতগণ শ্যামবর্ণ পুণ্ড্রকে শান্তিপ্রদ, রক্তবর্ণ পুণ্ড্রকে বশ্য কারক, পীতবর্ণ পুণ্ড্রকে সম্পত্তি দায়ক এবং শ্বেতবর্ণ পুণ্ড্রকে মঙ্গল জনক ও মোক্ষপ্রদ বলিয়া উল্লেখ করিয়াছেন ॥

বর্ত্তুলং তির্য্যগচ্ছিদ্রং হ্রস্বং দীর্ঘতরং তনু।
বক্রং বিরূপং বদ্ধাগ্রং ভিন্নমূলং পদচ্যুতং।
অশুভ্রং রূক্ষমাসক্তং তথা নাঙ্গুলিকল্পিতং।
বিগন্ধমপসব্যঞ্চ পুণ্ড্রমাহুরনর্থকং ॥ ৮৪ ॥
আরভ্য নাসিকামূলং ললাটান্তং লিখেন্মৃদং।
নাসিকায়াস্ত্রয়ো ভাগা নাসামূলং প্রচক্ষতে।
সমারভ্য ভ্রুবোর্মূলমন্তরালং প্রকল্পয়েৎ ॥ ৮৫ ॥
অথোর্দ্ধপুণ্ড্রস্য মধ্যচ্ছিদ্রনিত্যতা তত্রৈব ॥
নিরন্তরালং যঃ কুর্য্যাদূর্দ্ধপুণ্ড্রং দ্বিজাধমঃ।
স হি তত্র স্থিতং বিষ্ণুং লক্ষ্মীঞ্চৈব ব্যপোহতি ॥ ৮৬ ॥

ততমিতি পাঠে বিস্তৃতং। পদচ্যুতং স্থানভ্রষ্টং। অশুভ্রং মলিনং আসক্তমন্যোন্যসংলগ্নং। পাঠান্তরং সুগমং। বিগন্ধং দুর্গন্ধি। অপসব্যং বামহস্তকল্পিতং ॥ ৮৪ ॥

ত্রয়োভাগাস্তৃতীয়ো বিভাগ ইত্যর্থঃ। তথা সদাচারদর্শনাৎ ॥ ৮৫ ॥

ব্যপোহতি নিরস্যতীতি মহাদোষোক্ত্যা নিত্যতা বোধিতা। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ৮৬ ॥

অপর, বর্ত্তুলাকার, তির্য্যক্ (বক্র), ছিদ্রশূন্য, খর্ব্ব, অত্যন্ত দীর্ঘ, কৃশ, বক্র, বিরূপ, অগ্রভাগে সংলগ্ন, মূলভাগে বিচ্ছিন্ন অর্থাৎ পুণ্ড্রের নিম্নভাগ পৃথক্, স্থানভ্রষ্ট, মলিন, রূক্ষ, পরস্পর সংলগ্ন, অপিচ, অঙ্গুলি-ভিন্ন অন্য দ্রব্য দ্বারা রচিত পুণ্ড্রকে বিফল বলিয়াছেন ॥ ৮৪ ॥

নাসিকার মূল হইতে আরম্ভ করিয়া ললাটের শেষ পর্য্যন্ত মৃত্তিকা লেপন করিবে, নাসিকার তৃতীয় ভাগকে নাসিকার মূল কহে। ভ্রূদ্বয়ের মূল হইতে আরম্ভ করিয়া ছিদ্র রচনা করিবে ॥ ৮৫ ॥

অথ ঊর্দ্ধপুণ্ড্রের মধ্যচ্ছিদ্রের নিত্যতা ॥
ঐ পদ্মপুরাণের উত্তরখণ্ডে শিব ও উমাসম্বাদে ॥

যে দ্বিজাধম মধ্যে ছিদ্র না রাখিয়া ঊর্দ্ধপুণ্ড্র রচনা করে, সে নিশ্চয় তত্রস্থ বিষ্ণু ও লক্ষ্মীকে দূর করিয়া দেয় ॥ ৮৬ ॥

অচ্ছিদ্রমূর্দ্ধ্বপুণ্ড্রন্তু যে কুর্ব্বন্তি দ্বিজাধমাঃ।
তেষাং ললাটে সততং শুনঃ পাদো ন সংশয়ঃ।
তস্মাচ্ছিদ্রান্বিতং পুণ্ড্রং দণ্ডাকারং সুশোভনং।
বিপ্রাণাং সততং ধার্য্যং স্ত্রীণাঞ্চ শুভদর্শনে॥
অতএবোক্তং হরিমন্দিরলক্ষণং॥
নাসাদিকেশপর্য্যন্তমূর্দ্ধ্বপুণ্ড্রং সুশোভনং।
মধ্যে ছিদ্রসমাযুক্তং তদ্বিদ্যাদ্ধরিমন্দিরং।
বামপার্শ্বে স্থিতো ব্রহ্মা দক্ষিণেতু সদাশিবঃ।
মধ্যে বিষ্ণুং বিজানীয়াৎ তস্মান্মধ্যং ন লেপয়েৎ॥
বায়ুপুরাণে সেবাপরাধে॥
অধৃত্বা চোর্দ্ধ্বপুণ্ড্রঞ্চ হরেঃ পূজাং করোতি যঃ।
তির্য্যক্‌পুণ্ড্রধরো যস্তু যজেদ্দেবং জনার্দ্দনং।
অচ্ছিদ্রেণোর্দ্ধ্বপুণ্ড্রেণ ভস্মনা তির্য্যগঙ্কিনা।

যে সকল দ্বিজাধম ছিদ্র না রাখিয়া ঊর্দ্ধ্বপুণ্ড্র নির্ম্মাণ করে, তাহাদিগের ললাটে সর্ব্বদাই কুক্কুরের পদ অবস্থিত থাকে, ইহাতে কোন সংশয় নাই, অতএব হে শুভদর্শনে! দণ্ডাকৃতি, ছিদ্রযুক্ত, সুশোভন পুণ্ড্র, ব্রাহ্মণ ও স্ত্রীদিগের সর্ব্বদা ধারণ করা কর্ত্তব্য॥

এই কারণেই হরিমন্দিরের লক্ষণ উক্ত হইয়াছে॥

নাসা হইতে আরম্ভ করিয়া কেশ পর্য্যন্ত বিস্তৃত, অতিশয় মনোহর এবং মধ্যে ছিদ্রযুক্ত যে ঊর্দ্ধ্বপুণ্ড্র তাহাকেই হরিমন্দির বলিয়া জানিবে। ঊর্দ্ধ্বপুণ্ড্রের বামপার্শ্বে ব্রহ্মা, দক্ষিণে সদাশিব এবং মধ্যে বিষ্ণু অবস্থিতি করেন, অতএব মধ্যভাগ লেপন করিবে না॥

বায়ুপুরাণে সেবাপরাধপ্রসঙ্গে॥

যে ব্যক্তি ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ না করিয়া অথবা ছিদ্রবিহীন ভস্ম রচিত, বক্রভাবে অঙ্কিত ঊর্দ্ধ্বপুণ্ড্র ধারণ করিয়া, কিম্বা শঙ্খ চক্র ধারণ না

অধৃত্বা শঙ্খচক্রে চেত্যাদিনা দোষ উক্তঃ ॥

শ্রুতিশ্চ।

যজুর্ব্বেদস্য হিরণ্যকেশীয়শাখায়াং ॥

হরেঃ পদাক্রান্তিমাত্মনি ধারয়তি যঃ

স পরস্য প্রিয়ো ভবতি স পুণ্যবান্।

মধ্যে চ্ছিদ্রমূর্দ্ধ্বপুণ্ড্রং যো ধারয়তি স মুক্তিভাগ্ভবতীতি ॥

তিলক-রচনাঙ্গুলি-নিয়মে স্মৃতিঃ ॥

অনামিকা কামদোক্তা মধ্যমায়ুষ্করী ভবেৎ।

অঙ্গুষ্ঠঃ পুষ্টিদঃ প্রোক্তস্তর্জনী মোক্ষসাধনী ॥

অথোর্দ্ধ্বপুণ্ড্রমৃত্তিকাঃ ॥

পদ্মপুরাণে তত্রৈব ॥

পর্ব্বতাগ্রে নদীতীরে বিল্বমূলে জলাশয়ে।

সিন্ধুতীরে চ বল্মীকে হরিক্ষেত্রে বিশেষতঃ।

করিয়া বিষ্ণুর পূজা করেন ইত্যাদি দ্বারা দোষ উক্ত হইয়াছে ॥

যজুর্ব্বেদীয় হিরণ্যকেশীয় শাখাতে শ্রুতিও আছে ॥

যিনি দেহেতে হরির পাদচিহ্ন ধারণ করেন তিনি পরমেশ্বরের প্রিয় হন এবং তিনি পুণ্যবান্। যিনি মধ্যভাগে ছিদ্র সমন্বিত পুণ্ড্র ধারণ করেন তিনি মুক্তি প্রাপ্ত হয়েন ॥

তিলক রচনায় অঙ্গুলিনিয়ম বিষয়ে স্মৃতি যথা—

অনামিকাকে অভীষ্টপ্রদায়িনী বলা যায়, মধ্যমা পরমায়ুঃ বৃদ্ধি করে, অঙ্গুষ্ঠ পুষ্টিসাধক বলিয়া উক্ত হইয়াছে এবং তর্জনী মোক্ষপ্রদান করে ॥

অথ উর্দ্ধ্বপুণ্ড্রের মৃত্তিকা ॥

পদ্মপুরাণের ঐ উত্তরখণ্ডে শিব ও উমা সম্বাদে ॥

পর্ব্বতের অগ্রভাগ অর্থাৎ শিখরদেশ, নদীর তীর, বিল্বমূল, জলাশয়, সমুদ্রের তীর, বাল্মীক (উইমাটী), বিশেষতঃ হরিক্ষেত্র এবং যে

বিষ্ণোঃ স্নানোদকং যত্র প্রবাহয়তি নিত্যশঃ।
পুণ্ড্রাণাং ধারণার্থায় গৃহ্লীয়াত্তত্র মৃত্তিকাং।
শ্রীরঙ্গে বেঙ্কটাদ্রৌ চ শ্রীকূর্ম্মে দ্বারকে শুভে।
প্রয়াগে নারসিংহাদৌ বারাহে তুলসীবনে।
গৃহীত্বা মৃত্তিকাং ভক্ত্যা বিষ্ণুপাদজলৈঃ সহ।
ধৃত্বা পুণ্ড্রাণি চাঙ্গেষু বিষ্ণুসাযুজ্যমাপ্নুয়াৎ॥
তত্রৈব॥
যত্তু দিব্যং হরিক্ষেত্রং তস্যৈব মৃদমাহরেৎ॥
তত্র শ্রীগোপীচন্দনমাহাত্ম্যং॥
উক্তঞ্চ পাদ্মে শ্রীনারদেন।
ব্রহ্মঘ্নো বাথ গোঘ্নো বা হেতুকঃ সর্ব্বপাপকৃৎ।

দ্বারকে দ্বারকায়াং। বারাহে শূকরক্ষেত্রে॥ ৮৭॥

স্থানে প্রতিদিবস বিষ্ণুর স্নান জল নিক্ষিপ্ত হয়, পুণ্ড্র নির্ম্মাণ নিমিত্ত ঐ সকল স্থান হইতে মৃত্তিকা গ্রহণ করিবে॥

শ্রীরঙ্গ, বেঙ্কট পর্ব্বত, শ্রীকূর্ম্ম, মঙ্গলরূপা দ্বারকা, প্রয়াগ, নরসিংহ ক্ষেত্রাদি, বরাহক্ষেত্র নামক স্থান এবং তুলসীবন হইতে ভক্তি পূর্ব্বক মৃত্তিকা গ্রহণ করিয়া বিষ্ণুর চরণামৃতের সহিত অঙ্গে পুণ্ড্র ধারণ করিলে বিষ্ণুসাযুজ্য মুক্তি লাভ করিবে॥

উক্ত গ্রন্থেই॥

যাহা উৎকৃষ্ট হরিক্ষেত্র সেই স্থান হইতেই মৃত্তিকা আহরণ করিতে হইবে॥

ঐ সকল মৃত্তিকার মধ্যে গোপীচন্দনের মাহাত্ম্য যথা—

পদ্মপুরাণে নারদ বলিয়াছেন॥

ব্রহ্মঘাতক হউক, বা গোঘাতক হউক, কিম্বা কুতর্কী হউক অথবা সর্ব্ব পাপকারীই হউক, গোপীচন্দন স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র

গোপীচন্দনসম্পর্কাৎ পূতো ভবতি তৎক্ষণাৎ ॥
গোপীচন্দনখণ্ডন্তু যো দদাতি হি বৈষ্ণবে।
কুলমেকোত্তরং তেন সম্ভবেত্তারিতং শতং ॥
স্কন্দপুরাণে শ্রীধ্রুবেণ ॥
শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ ॥ ৮৭ ॥
গোপীমৃত্তুলসীশঙ্খঃ শালগ্রামঃ সচক্রকঃ।
গৃহেঽপি যস্য পঞ্চৈতে তস্য পাপভয়ং কুতঃ ॥
কাশীখণ্ডে চ শ্রীযমেন ॥
শ্রীখণ্ডে ক্ব স আমোদঃ স্বরো বর্ণঃ ক্ব তাদৃশঃ।
তৎপাবিত্র্যং ক্ব বৈ তীর্থে শ্রীগোপীচন্দনে যথা ॥ ৮৮ ॥

শালগ্রামঃ শালগ্রামশিলা। সচক্রকঃ দ্বারকাচক্রাঙ্কসহিতঃ ॥ ৮৮ ॥ ৮৯ ॥

হয় ॥

যিনি বৈষ্ণবকে একখণ্ড গোপীচন্দন দান করেন, তিনি একশত এককুল উদ্ধার করেন ॥

স্কন্দপুরাণে শ্রীধ্রুব বলিয়াছেন ॥

যাঁহার শরীরে শঙ্খ চক্র অঙ্কিত, মস্তকে তুলসীমঞ্জরী ধারণ এবং অঙ্গে গোপীচন্দন লিপ্ত, তাঁহাকে দর্শন করিলে তাহার পাপ ভয় আর কোথায় থাকে ॥ ৮৭ ॥

গোপীমৃত্তিকা, তুলসী, শঙ্খ এবং দ্বারকাচক্রের সহিত শালগ্রাম-শিলা, এই পাঁচটী পদার্থ যাঁহার গৃহেতে অবস্থিতি করেন, তাঁহার পাপ ভয় কোথায় ? ॥

কাশীখণ্ডেতেও শ্রীযম বলিয়াছেন ॥

গোপীচন্দনে যেরূপ, চন্দনে সে সৌরভ কোথায়, তৎসদৃশ স্বর ও বর্ণই বা কোথায় এবং তত্তুল্য তীর্থেই বা পবিত্রতা কোথায় ? ।৮৮॥

অথ গোপীচন্দনোর্দ্ধপুণ্ড্রমাহাত্ম্যং ॥

উক্তঞ্চ গরুড়পুরাণে নারদেন ॥

যো মৃত্তিকাং দ্বারবতীসমুদ্ভবাং
করে সমাদায় ললাটপট্টকে।
করোতি নিত্যং ত্বথ চোর্দ্ধপুণ্ড্রং
ক্রিয়াফলং কোটিগুণং সদা ভবেৎ ॥ ৮৯ ॥
ক্রিয়াবিহীনং যদি মন্ত্রহীনং
শ্রদ্ধাবিহীনং যদি কালবর্জ্জিতং।
কৃত্বা ললাটে যদি গোপিচন্দনং
প্রাপ্নোতি তৎকর্ম্মফলং সদাক্ষয়ং ॥ ৯০ ॥
গোপীচন্দনসম্ভবং সুরুচিরং পুণ্ড্রং ললাটে দ্বিজো
নিত্যং ধারয়তে যদি দ্বিজপতে রাত্রৌ দিবা সর্ব্বদা।

গোপিচন্দনমিতি হ্রস্বত্বমার্ষং। যদীত্যস্য পূর্ব্বার্দ্ধেনৈব সম্বন্ধঃ। যদ্যপি ক্রিয়াদিহীনং কর্ম্ম স্যাত্তথাপি গোপীচন্দনং ললাটে কৃত্বা তেনোর্দ্ধপুণ্ড্রং নির্ম্মায় তৎফলমক্ষয়ং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৯০ ॥

দ্বিজপতে হে শ্রীগরুড় ॥ ৯১ ॥

অথ গোপীচন্দননির্ম্মিত ঊর্দ্ধপুণ্ড্রের মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে নারদ বলিয়াছেন ॥

যে ব্যক্তি দ্বারাবতীসমুৎপন্না মৃত্তিকা হস্তে গ্রহণ করিয়া নিত্য ললাট ফলকে ঊর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণ করেন, তিনি যে কার্য্য করিয়া থাকেন তাহার ফল সর্ব্বদা কোটিগুণ হয় ॥ ৮৯ ॥

কর্ম্ম যদি ক্রিয়া হীন বা মন্ত্রহীন, কিম্বা শ্রদ্ধাহীন অথবা কালবহির্ভূতই হয়,কিন্তু যদি ললাটে গোপীচন্দন ধারণ করিয়া করা হয় তাহা হইলে কর্ত্তা সকল সময়েই উহার অক্ষয় ফল লাভ করেন ॥ ৯০ ॥

হে গরুড়! ব্রাহ্মণ যদি প্রতিদিবস রাত্রি দিবা সর্ব্বদা ললাটে গোপীচন্দনের মনোহর পুণ্ড্র ধারণ করেন,কুরুক্ষেত্রে, সূর্য্যগ্রহণে এবং

যৎ পুণ্যং কুরুজাঙ্গলে রবিগ্রহে মাঘ্যাং প্রয়াগে তথা
তৎ প্রাপ্নোতি খগেন্দ্র বিষ্ণুসদনে সন্তিষ্ঠতে দেববৎ॥

যস্মিন্ গৃহে তিষ্ঠতি গোপীচন্দনং
ভক্ত্যা ললাটে মনুজো বিভর্ত্তি।
তস্মিন্ গৃহে তিষ্ঠতি সর্ব্বদা হরিঃ
শ্রদ্ধান্বিতঃ কংসনিহা বিহঙ্গম॥ ৯১॥

যো ধারয়েৎ কৃষ্ণপুরী-সমুদ্ভবাং
সদা পবিত্রাং কলিকিল্বিষাপহাং।
নিত্যং ললাটে হরিমন্ত্রসংযুতাং
যমং ন পশ্যেৎ যদি পাপসংবৃতঃ॥

যস্যান্তকালে খগ গোপীচন্দনং
বাহ্বো র্ললাটে হৃদি মস্তকেচ।
প্রয়াতি লোকং কমলালয়ং প্রভো-
র্গোবালঘাতী যদি ব্রহ্মহা ভবেৎ॥ ৯২॥

কৃষ্ণপুরী শ্রীদ্বারকা তৎসমুদ্ভবাং মৃদমিতি শেষঃ॥ ৯২॥

মাঘী পূর্ণিমায় প্রয়াগে যে পুণ্য হয়, তিনি সেই পুণ্য প্রাপ্ত হন এবং বিষ্ণুলোকে দেবতার ন্যায় বাস করেন॥

যে গৃহে গোপীচন্দন থাকে এবং যে গৃহে মনুষ্য ভক্তি পূর্ব্বক ললাটে গোপীচন্দন ধারণ করে, হে বিহঙ্গম! সেই গৃহে কংসহা হরি শ্রদ্ধান্বিত হইয়া সর্ব্বদা বাস করেন॥ ৯১॥

যিনি কলিপাপনাশিনী সর্ব্বদা পবিত্র স্বরূপা হরিমন্ত্রসংযুতা দ্বারকা মৃত্তিকা নিত্য ললাটে ধারণ করেন, তিনি যদি পাপে পরিবেষ্টিতও হয়েন, তথাপি যমকে অবলোকন করিবেন না॥

হে বিহঙ্গম! মৃত্যু কালে যাঁহার দুই বাহুতে, ললাটে, হৃদয়ে এবং মস্তকে গোপীচন্দন থাকে তিনি যদি গোঘাতী, বালঘাতী অথবা ব্রহ্মঘাতীই হয়েন তথাপি লক্ষ্মীর আবাসস্থান বিষ্ণুধামে গমন করিবেন॥ ৯২

গ্রহা ন পীড়ন্তি ন রক্ষসাং গণা
যক্ষাঃ পিশাচোরগভূতদানবাঃ।
ললাটপট্টে খগ গোপীচন্দনং
সন্তিষ্ঠতে যস্য হরেঃ প্রসাদতঃ ॥
পদ্মপুরাণে শ্রীগৌতমেন ॥
অম্বরীষ মহাঘস্য ক্ষয়ার্থে কুরু বীক্ষণং।
ললাটে যৈঃ কৃতং নিত্যং গোপীচন্দনপুণ্ড্রকং ॥ ৯৩ ॥
কাশীখণ্ডে চ শ্রীযমেন ॥
দূতাঃ শৃণুত যদ্ভালং গোপীচন্দনলাঞ্ছিতং।
জ্বলদিন্ধনবৎ সোঽপি ত্যাজ্যো দূরে প্রযত্নতঃ ॥ ইতি ॥
অথ তস্যোপরি শ্রীমত্তুলসীমূলমৃৎস্নয়া।
তত্রৈব বৈষ্ণবৈঃ কার্য্যমূর্দ্ধ্বপুণ্ড্রং মনোহরং ॥ ৯৪ ॥

ন পীড়ন্তি ন পীড়য়ন্তি ॥ ৯৩ ॥
ইন্ধনমঙ্গারঃ ॥ ৯৪ ॥

হে খগেন্দ্র! যাঁহার ললাটফলকে গোপীচন্দন অবস্থিতি করে, হরির প্রসন্নতা হেতু গ্রহ, রাক্ষস, যক্ষ, সর্প, ভূত এবং দানবগণ তাঁহাকে পীড়া দিতে সমর্থ হয় না ॥

পদ্মপুরাণে গৌতম বলিয়াছেন ॥

হে অম্বরীষ! যাঁহারা প্রতি দিবস ললাটে গোপীচন্দনের পুণ্ড্র নির্ম্মাণ করেন, মহাপাপক্ষয় করিবার নিমিত্ত তাঁহাদিগকে দর্শন কর ॥ ৯৩

কাশীখণ্ডে শ্রীযম কহিয়াছেন ॥

দূতগণ! শ্রবণ কর, যাঁহার ললাট গোপীচন্দনে অঙ্কিত, জ্বলন্ত অঙ্গারের ন্যায় অতিশয় যত্ন সহকারে তাঁহাকে দূরে পরিত্যাগ করিবা ॥

অনন্তর বৈষ্ণবগণ তুলসীমূলের মৃত্তিকা দ্বারা তাহার উপরে ঐ স্থানেই মনোহর ঊর্দ্ধপুণ্ড্র নির্ম্মাণ করিবেন ॥ ৯৪ ॥

অথ শ্রীতুলসীমূলমৃত্তিকাপুণ্ড্রমাহাত্ম্যং ॥

তন্মৃদং গৃহ্য যৈঃ পুণ্ড্রং ললাটে ধারিতং নরৈঃ।
প্রমাণকং কৃতং তৈস্তু মোক্ষায় গমনং প্রতি ॥ ৯৫ ॥

তত্রৈবচ কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসম্বাদে ॥

তুলসীমৃত্তিকাপুণ্ড্রং ললাটে যস্য দৃশ্যতে।
দেহং ন স্পৃশতে পাপং ক্রিয়মাণন্তু নারদ ॥

গরুড়পুরাণে ॥

তুলসীমৃত্তিকাপুণ্ড্রং যঃ করোতি দিনে দিনে।
তস্যাবলোকনাৎ পাপং যাতি বর্ষকৃতং নৃণামিতি ॥ ৯৬ ॥

তস্যোপরিষ্টাদ্ভগবন্নির্ম্মাল্যমনুলেপনং।

তন্মৃদং শ্রীতুলসীমূলমৃত্তিকাং তৎপ্রসঙ্গাৎ। গৃহ্য গৃহীত্বা ॥ ৯৫ ॥

অপ্যর্থে তু শব্দঃ ক্রিয়মাণমপি পাপং কর্ত্তৃ দেহমপি ন স্পৃশতি কুতো মন আদীতার্থঃ ॥ ৯৬ ॥ ॥ ৯৭ ॥

অথ শ্রীতুলসী মূলের মৃত্তিকা দ্বারা নির্ম্মিত ঊর্দ্ধপুণ্ড্রের মাহাত্ম্য ॥

তুলসী মূলের মৃত্তিকা লইয়া যে সকল ব্যক্তি ললাটে পুণ্ড্র রচনা করিয়াছেন, তাঁহারা যে মোক্ষ প্রাপ্ত হইবেন, তাহাই তাহার প্রমাণ দেখাইতেছেন ॥ ৯৫ ॥

ঐ কাশীখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে ব্রহ্মনারদসম্বাদে ॥

হে নারদ! যাঁহার ললাটে তুলসী মৃত্তিকার পুণ্ড্র দৃষ্ট হয়, তিনি পাপ করিলেও সে পাপ তাঁহার দেহে প্রবেশ করিতে পারে না ॥

গরুড়পুরাণে ॥

যিনি প্রতিদিন তুলসীর মূল মৃত্তিকা দ্বারা পুণ্ড্র নির্ম্মাণ করেন, তাঁহাকে অবলোকন করিলে মনুষ্যদিগের এক বৎসরের কৃত পাপ সমুদায় বিনাশ পায় ॥ ৯৬ ॥

তাহার উপরে ভগবানের নির্ম্মাল্য চন্দন ঐ প্রকারেই ধারণ

তত্রৈব ধার্য্যমেবং হি ত্রিবিধং তিলকং স্মৃতং।
ততো নারায়ণীং মুদ্রাং ধারয়েৎ প্রীতয়ে হরেঃ॥
মৎস্য কূর্ম্মাদি চিহ্নানি চক্রাদীন্যায়ুধানি চ॥
অথ মুদ্রাধারণ নিত্যতা॥
স্মৃতৌ॥
অঙ্কিতঃ শঙ্খ চক্রাভ্যামুভয়ো র্ব্বাহুমূলয়োঃ।
সমর্চ্চয়েদ্ধরিং নিত্যং নান্যথা পূজনং ভবেৎ॥
আদিত্যপুরাণে॥
শঙ্খচক্রোর্দ্ধপুণ্ড্রাদি রহিতং ব্রহ্মণাধমং।
গর্দ্দভন্তু সমারোপ্য রাজা রাষ্ট্রাৎ প্রবাসয়েৎ॥
গারুড়ে শ্রীভগবদুক্তৌ॥
সর্ব্বকর্ম্মাধিকারশ্চ শুচীনামেব চোদিতঃ।
শুচিত্বঞ্চ বিজানীয়ান্মদীয়ায়ুধধারণাৎ॥

করিবে। কথিত আছে, তিলক এইরূপে তিন প্রকার॥

তাহার পর হরির প্রীতি নিমিত্ত নারায়ণী মুদ্রা, মৎস্য কূর্ম্মাদি চিহ্ন ও চক্রাদি আয়ুধ সকল ধারণ করিবে॥

অথ মুদ্রাধারণের নিত্যতা॥

স্মৃতিতে॥

সর্ব্বদা বাহুদ্বয়ের মূলে শঙ্খ ও চক্র অঙ্কিত করিয়া হরির পূজা করিবে, তাহা না করিলে পূজা হইবে না॥

আদিত্যপুরাণে॥

যে ব্রাহ্মণাধম শঙ্খ, চক্র ও ঊর্দ্ধপুণ্ড্র বর্জিত, রাজা তাহাকে গর্দ্দভে আরোহণ করাইয়া রাজ্য হইতে নির্ব্বাসিত করিবেন॥

গরুড়পুরাণে শ্রীভগবানের উক্তিতে॥

যাহারা শুচি, সমুদায় ধর্ম্ম কর্ম্মে তাঁহাদিগেরই অধিকার। আরও জানিতে হইবে আমার অস্ত্র ধারণ করিলেই শুচিতা জন্মায়॥

পাদ্মেচোত্তরখণ্ডে ॥

শঙ্খচক্রাদিভিশ্চিহ্নৈ র্বিপ্রঃ প্রিয়তমৈ র্হরেঃ।
রহিতঃ সর্ব্বধর্ম্মেভ্যঃ প্রচ্যুতো নরকং ব্রজেৎ ॥ ৯৭ ॥

শ্রুতৌচ যজুঃকঠশাখায়াং ॥

ধৃতোর্দ্ধপুণ্ড্রঃ কৃতচক্রধারী, বিষ্ণুং পরং ধ্যায়তি যো মহাত্মা।
স্বরেণ মন্ত্রেণ সদা হৃদিস্থিতং পরাৎপরং যন্মহতো মহান্তং ॥

অথর্ব্বণিচ ॥

এভির্ব্বয়মুরুক্রমস্য চিহ্নৈরঙ্কিতা লোকে সুভগা ভবেম।
তদ্বিষ্ণোঃ পরমং পদং যে গচ্ছন্তি লাঞ্ছিতাঃ ॥ ইত্যাদি ॥

অতএব ব্রহ্মপুরাণে ॥

কৃষ্ণায়ুধাঙ্কিতং দৃষ্ট্বা সম্মানং ন করোতি যঃ।

কৃতং গোপীচন্দনাদিনা নির্ম্মিতমঙ্কিতং চক্রং ধর্ত্তুং শীলমস্যেতি তথা সঃ। কিং বক্তব্যং মুদ্রাধারণস্য নিত্যত্বং তদ্ধারক সম্মাননস্যাপি নিত্যতা ব্রাহ্মবচনেন গম্যত ইতি

পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

ব্রাহ্মণ হরির প্রিয়তম শঙ্খ চক্রাদি চিহ্ন রহিত হইলে সমুদায় ধর্ম্ম হইতে চ্যুত হইয়া নরকে গমন করেন ॥ ৯৭ ॥

যজুর্ব্বেদীয় কঠশাখাতেও বলিয়াছেন—

যে মহাত্মা ঊর্দ্ধপুণ্ড্র এবং গোপীচন্দনাদি দ্বারা অঙ্কিত চক্র ধারণ করিয়া মহতের মহৎ সেই হৃদয়স্থ পরাৎপর পরমেশ্বরকে স্বর ও মন্ত্রযোগে ধ্যান করেন (তিনিই ধন্য) ॥

অথর্ব্ববেদেও ॥

আমরা ত্রিবিক্রমের এই সকল চিহ্ন দ্বারা অঙ্কিত হইয়া লোক মধ্যে সৌভাগ্য শালী হইব। যাঁহারা এই সকল চিহ্নে চিহ্নিত তাঁহারা বিষ্ণুর প্রসিদ্ধ পরম ধামে গমন করেন, ইত্যাদি ॥

অতএব ব্রহ্মপুরাণে ॥

শ্রীকৃষ্ণের চক্রাঙ্কিত মনুষ্যকে দর্শন করিয়া যিনি সম্মান না করেন,

দ্বাদশাব্দার্জ্জিতং পুণ্যং চাফলায়োপগচ্ছতি ॥ ৯৮

অথ মুদ্রাধারণমাহাত্ম্যং ॥

স্কান্দে সনৎকুমার মার্কণ্ডেয় সম্বাদে ॥

যো বিষ্ণুভক্তো বিপ্রেন্দ্র শঙ্খচক্রাদি চিহ্নিতঃ।

স যাতি বিষ্ণুলোকং বৈ দাহপ্রলয়বর্জিতং ॥

তত্রৈবান্যত্রচ ॥

নারায়ণায়ুধৈর্নিত্যং চিহ্নিতং যস্য বিগ্রহং।

পাপকোটিপ্রযুক্তস্য তস্য কিং কুরুতে যমঃ।

শঙ্খোদ্ধারেতু যৎ প্রোক্তং বসতাং বর্ষকোটিভিঃ ॥

তৎফলং লিখিতে শঙ্খে প্রত্যহং দক্ষিণে ভুজে।

যৎফলং পুষ্করে নিত্যং পুণ্ডরীকাক্ষদর্শনে ॥

শঙ্খোপরি কৃতে পদ্মে তৎ ফলং সমবাপ্নুয়াৎ।

লিখতি কৃষ্ণেতি ॥ ৯৮ ॥

মৃদং গৃহীত্বা চিহ্নং কুরুতে ॥ ৯৯ ॥

তাঁহার দ্বাদশ বৎসরের উপার্জিত পুণ্য বিফল হইয়া যায় ॥ ৯৮ ॥

অথ মুদ্রাধারণ মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীসনৎকুমার মার্কণ্ডেয় সম্বাদে ॥

হে বিপ্রেন্দ্র! যে বিষ্ণুভক্ত শঙ্খচক্রাদি চিহ্নে চিহ্নিত, তিনি নিশ্চয় দাহ ও প্রলয় বর্জ্জিত বিষ্ণুলোকে গমন করেন ॥

ঐ স্কন্দপুরাণের অন্য স্থলে ॥

যাহার শরীর সর্ব্বদা নারায়ণের অস্ত্র সকলে চিহ্নিত থাকে, তিনি কোটি পাপ যুক্ত হইলেও যম তাঁহার কি করিতে পারেন? কোটি বৎসর শঙ্খোদ্ধার তীর্থে বাসকারি ব্যক্তির যে ফল বলা হইয়াছে প্রত্যহ দক্ষিণ বাহুতে শঙ্খ অঙ্কিত করিলে সেই ফল লাভ হইয়া থাকে ॥

নিত্য পুষ্করক্ষেত্রে পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণকে দর্শন করিলে যে ফল শঙ্খের হয়, উপর পদ্ম লিখিলে সেই ফল প্রাপ্ত হইয়া থাকে ॥

বামে ভুজে গদা যস্য লিখিতা দৃশ্যতে কলৌ।
গদাধরো গয়াপুণ্যং প্রত্যহং তস্য যচ্ছতি।
যচ্চানন্দপুরে প্রোক্তং চক্রস্বামিসমীপতঃ।
গদাধরো লিখেচ্চক্রে তৎ ফলং কৃষ্ণদর্শনে ॥ ৯৯ ॥
শ্রীভগবদুক্তৌচ ॥
যঃ পুনঃ কলিকালেতু মৎপুরীসম্ভবাং মৃদং।
মৎস্যকূর্ম্মাদিকং চিহ্নং গৃহীত্বা কুরুতে নরঃ।
দেহে তস্য প্রবিষ্টোঽহং জানন্তু ত্রিদশোত্তমাঃ।
তস্য মে নান্তরং কিঞ্চিৎ কর্ত্তব্যং শ্রেয় ইচ্ছতা ॥ ১০০ ॥
মমাবতারচিহ্নানি দৃশ্যন্তে যস্য বিগ্রহে।
মর্ত্তৈর্মর্ত্ত্যো ন বিজ্ঞেয়ঃ স নূনং মামকী তনূঃ ॥ ১০১ ॥
পাপং সুকৃতরূপন্তু জায়তে তস্য দেহিনঃ।

মে ময়া সহ অন্তরং ভেদং ন কর্ত্তব্যং ॥ ১০০ ॥
মামকী তনূঃ মদবতার ইত্যর্থঃ ॥ ১০১ ॥

কলিযুগে যাঁহার বাম বাহুতে গদা লিখিত দৃষ্ট হয়, গদাধর তাঁহাকে প্রত্যহ গয়াধামোৎপন্ন পুণ্য প্রদান করেন ॥

আনন্দপুরে চক্রস্বামির সমীপে কৃষ্ণদর্শনে যে ফল কথিত হইয়াছে গদার নিম্নদিকে চক্র অঙ্কিত করিলে সেই ফল হইয়া থাকে ॥ ৯৯ ॥

শ্রীভগবানের উক্তিতে ॥

কলিকালে যে মনুষ্য আমার দ্বারকাপুরী সম্ভূত মৃত্তিকা গ্রহণ করিয়া মৎস্য কূর্ম্মাদি চিহ্ন অঙ্কিত করেন, হে দেবশ্রেষ্ঠগণ! অবগত হও আমি তাহার দেহে প্রবেশ করিয়া থাকি। যিনি মঙ্গল ইচ্ছা করিবেন, তিনি কখনই তাঁহাতে এবং আমাতে ইতর বিশেষ করিবেন না ॥ ১০০ ॥

যাঁহার দেহে আমার অবতার চিহ্ন সকল দেখা যায়, মানবগণ তাঁহাকে মানুষ বলিয়া জানিবেন না, তিনি আমারই অবতার ॥ ১০১ ॥

কলিযুগে যাঁহার অঙ্গে আমার আয়ুধ সকল লিখিত থাকে, সেই

মমায়ুধানি তস্যাঙ্গে লিখিতানি কলৌ যুগে।
উভাভ্যামপি চিহ্নাভ্যাং যোঽঙ্কিতো মৎস্যমুদ্রয়া।
কূর্ম্মেণাপি স্বকং তেজো নিক্ষিপ্তং তস্য বিগ্রহে॥
শঙ্খঞ্চ পদ্মঞ্চ গদাং রথাঙ্গং, মৎস্যঞ্চ কূর্ম্মং রচিতং স্বদেহে।
করোতি নিত্যং সুকৃতস্য বৃদ্ধিং, পাপক্ষয়ং জন্মশতার্জ্জিতস্য॥১০২

তত্রৈব শ্রীব্রহ্মনারদ সম্বাদে॥

কৃষ্ণশস্ত্রাঙ্গ কবচং দুর্ভেদ্যং দেবদানবৈঃ।
অদৃশ্যং সর্ব্বভূতানাং শত্রূণাং রক্ষসামপি।
লক্ষ্মীঃ সরস্বতী দুর্গা সাবিত্রী হরিবল্লভা।
নিত্যং তস্য বসেদ্দেহে যস্য শঙ্খাঙ্কিতা তনূঃ।
গঙ্গা গয়া কুরুক্ষেত্রং প্রয়াগং পুষ্করাদিচ।
নিত্যং তস্য সদা তিষ্ঠেদ্ যস্য পদ্মাঙ্কিতং বপুঃ।

নিক্ষিপ্তং ময়া। যঃ স্বদেহে রচিতং করোতি স সুকৃত বৃদ্ধ্যাদি করোতীত্যর্থঃ। সমাস-স্থস্যাপি পাপশব্দস্য জন্মশতার্জিতস্যেতি বিশেষণমার্ষং॥ ১০২॥

দেহধারির পাপ সমুদায় পুণ্যস্বরূপ হইয়া উঠে॥

যিনি মৎস্য মুদ্রা ও কূর্ম্মমুদ্রা এই দুই মুদ্রায় অঙ্কিত হয়েন, আমার তেজ তাঁহার দেহে নিক্ষিপ্ত হয়॥

যাহার স্বীয় দেহে শঙ্খ, পদ্ম, গদা, চক্র, মৎস্য এবং কূর্ম্ম রচিত হয়, তাহার নিত্য পুণ্যের বৃদ্ধি এবং শত জন্মের অর্জিত পাপ সকল ক্ষয় করে॥ ১০২॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদ সম্বাদে॥

শ্রীকৃষ্ণের অস্ত্র রূপ বর্ম্ম দেব দানবগণ ভেদ করিতে পারে না এবং সমুদায় ভূতগণ, শত্রুগণ ও রাক্ষস সকল দেখিতে সমর্থ হয় না।

যাঁহার দেহ শঙ্খ চিহ্নে চিহ্নিত, গঙ্গা গয়া, কুরুক্ষেত্র, প্রয়াগ এবং পুষ্করাদি তীর্থ সকল তাঁহার দেহে সর্ব্বদা বাস করেন॥

যস্য কৌমোদকীচিহ্নং ভুজে বামে কলিপ্রিয়।
প্রত্যহং তত্র দ্রষ্টব্যো গঙ্গাসাগরসঙ্গমঃ।
সব্যে করে গদাধস্তাদ্রথাঙ্গং তিষ্ঠতে যদি।
কৃষ্ণেন সহিতং তত্র ত্রৈলোক্যং স চরাচরং।
ত্রয়োঽগ্নয়স্ত্রয়ো দেবা বিষ্ণোস্ত্রীণি পদানিচ।
নিবসন্তি সদা তস্য যস্য দেহে সুদর্শনং॥
কিঞ্চ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতা মুদ্রা যস্য নারায়ণী করে।
ঊর্দ্ধলোকাধিকারী চ স জ্ঞেয়স্ত্রিদশাম্পতিঃ।
কৃষ্ণমুদ্রাপ্রযুক্তস্তু দৈবং পিত্র্যং করোতি যঃ।
নিত্যং নৈমিত্তিকং কাম্যং প্রত্যহং চাক্ষয়ং ভবেৎ।
পীড়য়ন্তি ন বৈ তত্র গ্রহা ঋক্ষাণি রাশয়ঃ।

ত্রিদশাঃ ত্রিদশানামিত্যর্থঃ।

হে কলিপ্রিয়! যাঁহার বাম ভুজে কৌমোদকী অর্থাৎ গদা চিহ্ন, সেই স্থানে প্রত্যহ গঙ্গাসাগর সঙ্গম দেখিবে॥

বাম হস্তে গদা এবং তাহার তলে যদি চক্র থাকে, তাহা হইলে চরাচর লোকত্রয় শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে সেই স্থানে অবস্থিতি করেন।

যাঁহার দেহে সুদর্শনচক্রের চিহ্ন বিদ্যমান, তাঁহার তিন অগ্নি অর্থাৎ গার্হপত্য, দক্ষিণ ও আহবনীয়, তিন দেবতা অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এবং বিষ্ণুর তিন পদ অর্থাৎ ত্রিবিক্রমের তিন চরণ সর্ব্বদা অবস্থিতি করেন॥

আরও বলি॥

শ্রীকৃষ্ণের অস্ত্রাঙ্কিত নারায়ণী মুদ্রা যাঁহার হস্তে বিদ্যমান, ঊর্দ্ধলোকে তাঁহার অধিকার লাভ হয়, তাঁহাকে ইন্দ্র বলিয়া জানিবে॥

যে ব্যক্তি কৃষ্ণমুদ্রা সকল ধারণ করিয়া, দৈব, পিত্র্য, নিত্য, নৈমিত্তিক অথবা কাম্য কর্ম্ম করেন সেই কর্ম্মের ফল অক্ষয় হয়॥

অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী করে ॥
বারাহে শ্রীসনৎকুমারোক্তৌ ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতং দেহং গোপীচন্দনমৃৎস্নয়া।
প্রয়াগাদিষু তীর্থেষু স গত্বা কিং করিষ্যতি ॥
যদা যস্য প্রপশ্যেত দেহং শঙ্খাদিচিহ্নিতং।
তদা তস্য জগৎস্বামী তুষ্টো হরতি পাতকং।
ভবতে যস্য দেহেতু অহোরাত্রং দিনে দিনে।
শঙ্খচক্রগদাপদ্মং লিখিতং সোঽচ্যুতঃ স্বয়ং ॥ ১০৩ ॥
নারায়ণায়ুধৈর্যুক্তং কৃত্বাত্মানং কলৌ যুগে।
কুরুতে পুণ্যকর্ম্মাণি মেরুতুল্যানি তানি বৈ।
শঙ্খাদীনাং কৃতো ভক্ত্যা শ্রাদ্ধং যঃ কুরুতে দ্বিজ।

প্রপশ্যেতেত্যার্ষমাত্মনেপদং। ভবতে ইতি চ ॥ ১০৩ ॥
আত্মানং দেহং ॥ ১০৪ ॥

অষ্টাক্ষর নারায়ণ মন্ত্রদ্বারা অঙ্কিত ধাতুময়ী মুদ্রা যাঁহার হস্তে অবস্থিতি করে, গ্রহ, নক্ষত্র ও রাশি সকল তাহার কোন অপকার করিতে পারে না ॥

বরাহপুরাণে শ্রীসনৎকুমারের বাক্যে ॥

যাঁহার দেহ উৎকৃষ্ট মৃত্তিকা গোপীচন্দন দ্বারা বিরচিত কৃষ্ণায়ুধে অঙ্কিত তিনি আর প্রয়াগাদি তীর্থ সকল গমন করিয়া কি করিবেন ॥

যখন মনুষ্যের দেহকে শঙ্খাদি চিহ্নে চিহ্নিত দেখা যায়, তখন জগৎস্বামী হরি তুষ্ট হইয়া তাহার পাপ হরণ করেন ॥

যাঁহার দেহে প্রতিদিন দিবারাত্র শঙ্খ, চক্র, গদা পদ্ম অঙ্কিত থাকে, তিনি সাক্ষাৎ নারায়ণের স্বরূপ ॥ ১০৩ ॥

কলিযুগে দেহকে নারায়ণের অস্ত্র সকলে অঙ্কিত করিয়া যে সকল পুণ্যকর্ম্ম করা হয়, তাহার ফল সুমেরু তুল্য হইয়া থাকে ॥

হে দ্বিজ! যে ব্যক্তি শঙ্খাদি চিহ্ন দ্বারা অঙ্কিত হইয়া ভক্তিপূর্ব্বক শ্রাদ্ধ করেন, সে শ্রাদ্ধ বিধিহীন হইলেও সম্পূর্ণ এবং পিতৃগণের সম্বন্ধে

বিধিহীনন্তু সম্পূর্ণং পিতৃণান্তু গয়াসমং ॥ ১০৪ ॥
যথাগ্নির্দহতে কাষ্ঠং বায়ুনা প্রেরিতো ভৃশং।
তথা দহন্তি পাপানি দৃষ্ট্বা কৃষ্ণায়ুধানি বৈ ॥
ব্রাহ্মে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
বিষ্ণুনামাঙ্কিতাং মুদ্রামষ্টাক্ষরসমন্বিতাং।
শঙ্খায়ুধাদিকৈর্যুক্তাং স্বর্ণরূপ্যময়ীমপি।
ধত্তে ভাগবতো যস্তু কলিকালে বিশেষতঃ।
প্রহ্লাদস্য সমো জ্ঞেয়ো নান্যথা কলিবল্লভ!।
কিঞ্চ—
শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্‌ক্তে যস্য চ বেশ্মনি।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ১০৫ ॥
কৃষ্ণায়ুধাঙ্কিতো যস্তু শ্মশানে ম্রিয়তে যদি।

দহন্তি দহন্তি পাপানি স্বস্থান্যেষাং বা দহন্তে স্বয়মেব নশ্যন্তীত্যর্থঃ ॥ ১০৫ ॥
যদীতি ন শ্মশানে ম্রিয়ত এব যদি কদাচিন্ম্রিয়ত ইত্যর্থঃ ॥ ১০৬ ॥

গয়াশ্রাদ্ধ তুল্য হইয়া থাকে ॥ ১০৪ ॥

যেমন বায়ু দ্বারা বিচলিত হইয়া অগ্নি অতিশয়রূপে কাষ্ঠ দগ্ধ করে তদ্রূপ কৃষ্ণায়ুধ সকলকে দর্শন করিয়া যাবদীয় পাপ দগ্ধ হইয়া যায় ॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মনারদ সম্বাদে ॥

বিষ্ণুনামে অঙ্কিতা অষ্টাক্ষর সমন্বিতা, শঙ্খাদি আয়ুধযুক্তা স্বর্ণ এবং রৌপ্যময়ী মুদ্রা যে ভগবদ্ভক্ত বিশেষতঃ কলিযুগে ধারণ করেন, হে কলিবল্লভ অর্থাৎ কলহপ্রিয় নারদ! তাঁহাকে প্রহ্লাদের সমান জানিবা, ইহাতে অন্যথা নাই ॥

আরও বলি ॥

যে ব্রাহ্মণের শরীর শঙ্খ চিহ্নে চিহ্নিত, তিনি যাঁহার গৃহে ভোজন করেন, পিতৃগণের সহিত স্বয়ং কেশব তাঁহার সেই অন্ন ভোজন করিয়া থাকেন ॥ ১০৫ ॥

যে ব্যক্তির দেহ শ্রীকৃষ্ণের আয়ুধ সকলে অঙ্কিত, তিনি যদিও শ্মশানে

প্রয়াগে যা গতিঃ প্রোক্তা সা গতিস্তস্য নারদ ॥ ১০৬ ॥
কৃষ্ণায়ুধৈঃ কলৌ নিত্যং মণ্ডিতং যস্য বিগ্রহং।
তত্রাশ্রয়ং প্রকুর্ব্বন্তি বিবুধা বাসবাদয়ঃ ॥ ১০৭ ॥
যঃ করোতি হরেঃ পূজাং কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ।
অপরাধসহস্রাণি নিত্যং হরতি কেশবঃ।
কৃত্বা কাষ্ঠময়ং বিম্বং কৃষ্ণশস্ত্রৈস্তু চিহ্নিতং।
যো হ্যঙ্কয়তি চাত্মানং তৎসমো নাস্তি বৈষ্ণবঃ।
পাষণ্ডপতিতব্রাত্যৈর্নাস্তিকালাপপাতকৈঃ।
ন লিপ্যতে কলিকৃতৈঃ কৃষ্ণশস্ত্রাঙ্কিতো নরঃ ॥

বিগ্রহমিতি নপুংসকত্বমার্ষং ॥ ১০৭ ॥

কাষ্ঠময়মিতি কাষ্ঠেত্যুপলক্ষণং তাম্রাদিধাতুময়মিত্যপি জ্ঞেয়ং স্বর্ণরূপ্যময়ীমপীত্যাদিনা মুদ্রায়া অপি তাদৃশত্বোক্তেঃ। অনেন বচনেন চৈষা মুদ্রা প্রতিবিম্বনীয়েতি কেষাঞ্চিন্মতং নিরস্তং ॥ ১০৮ ॥

প্রাণত্যাগ করেন, হে নারদ! তথাপি প্রয়াগমরণে যে গতি কথিত হইয়াছে তাহাই তাঁহার লাভ হইয়া থাকে ॥ ১০৬ ॥

কলিযুগে যাঁহার দেহ সর্ব্বদা কৃষ্ণের আয়ুধ সকলে ভূষিত থাকে, ইন্দ্রাদি দেবগণ সেই দেহকে আশ্রয় করিয়া অবস্থিতি করেন ॥ ১০৭ ॥

যে মনুষ্য কৃষ্ণের আয়ুধ সকলে অঙ্কিত হইয়া হরির পূজা করেন, কেশব সর্ব্বদা তাঁহার সহস্র পাপ হরণ করিয়া থাকেন ॥

কৃষ্ণের আয়ুধ সকলে অঙ্কিত কাষ্ঠময় বিম্ব অর্থাৎ ছাপা প্রস্তুত করিয়া তদ্দ্বারা যিনি আপনার দেহকে বিভূষিত করেন, তাঁহার সমান বৈষ্ণব নাই ॥

যে মনুষ্য কৃষ্ণের আয়ুধ সকলে চিহ্নিত, তিনি কলি জন্য পাষণ্ডতা, পাতিত্য, ব্রাত্য অর্থাৎ সংস্কারহীনতা এবং নাস্তিকের সহিত আলাপরূপ পাতক সকলে লিপ্ত হয়েন না ॥

কিঞ্চ—

অষ্টাক্ষরাঙ্কিতা মুদ্রা যস্য ধাতুময়ী ভবেৎ।
শঙ্খপদ্মাদিভির্যুক্তা পূজ্যতেঽসৌ সুরাসুরৈঃ ॥ ১০৮ ॥
ধৃতা নারায়ণী মুদ্রা প্রহ্লাদেন পুরা কৃতে।
বিভীষণেন বলিনা ধ্রুবেণ চ শুকেন চ ॥ ১০৯ ॥
মান্ধাতৃণাম্বরীষেণ মার্কণ্ডপ্রমুখৈর্দ্বিজৈঃ।
শঙ্খাদিচিহ্নিতৈঃ শস্ত্রৈর্দেহে কৃত্বা কলিপ্রিয়!।
আরাধ্য কেশবাৎ প্রাপ্তং সমীহিতফলং মহৎ ॥ ১১০ ॥

কিঞ্চ—

গোপীচন্দনমৃৎস্নায়া লিখিতং যস্য বিগ্রহে।
শঙ্খপদ্মাদিচক্রং বা তস্য দেহে বসেদ্ধরিঃ ॥

কৃতে সত্যযুগে নারায়ণাঙ্কিতা মুদ্রা প্রহ্লাদেন ধৃতা। পুরেতি ক্বচিৎ পাঠঃ॥ ১০৯ ॥
যাঁহার বর্ণ মণির বর্ণ সদৃশ, যাঁহাতে একটী চক্র, যাঁহাতে ধ্বজের চিহ্ন এবং যাঁহার মুখবিবরের উপরিভাগে পদ্মাকার সুন্দর রেখা, তাঁহার নাম বৈকুণ্ঠ ॥

শ্রীধরে বনমালার চিহ্ন থাকে, তাঁহার আকার কদম্বকুসুমের ন্যায় শ্যামবর্ণ এবং বিন্দুচিহ্নে শোভিত ॥

অন্যস্থলেও ॥

যিনি খর্ব্বাকৃতি, যাঁহার মহতী কান্তি এবং যাঁহার ঊর্দ্ধ ও নিম্নভাগে চক্র, তিনি বামন, অর্চ্চনা করিলে বামন অভীষ্টফল প্রদান করেন ॥

ব্রহ্মপুরাণেও ॥

যাঁহার বর্ণ শ্যাম ও কান্তি মহতী এবং বামপার্শ্বে গদা ও চক্র, আর দক্ষিণপার্শ্বে দুই রেখা, তিনি সুদর্শন ॥

পাদ্মে তত্রৈব ॥
চক্রাকারেণ পঙ্‌ক্তিঃ সা যত্র রেখাময়ী ভবেৎ।
স সুদর্শন ইত্যেবং খ্যাতঃ পূজাফলপ্রদঃ ॥
দামোদরস্তথা স্থূলো মধ্যে চক্রং প্রতিষ্ঠিতং।
দূর্ব্বাভং দ্বারি সঙ্কীর্ণং পীতা রেখা তথৈব চ ॥
পাদ্মে চ তত্রৈব ॥
উপর্য্যধশ্চ চক্রে দ্বে নাতিদীর্ঘং মুখে বিলং।
মধ্যে চ রেখা লম্বৈকা স চ দামোদরঃ স্মৃতঃ ॥
অন্যত্র চ ॥
স্থূলো দামোদরো জ্ঞেয়ঃ সূক্ষ্মরন্ধ্রো ভবেত্তু যঃ।
চক্রে চ মধ্যদেশস্থে পূজিতঃ সুখদঃ সদা।
নানাবর্ণো হ্যনন্তাখ্যো নাগভোগেন চিহ্নিতঃ।
অনেকমূর্ত্তিসংভিন্নঃ সর্ব্বকামফলপ্রদঃ ॥

সঙ্কীর্ণং চ বিজানীয়াৎ। শালগ্রামসমুদ্ভবং লিঙ্গং চিহ্নং চক্রমিত্যর্থঃ। শিখরে যস্যোপরি

পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যেই ॥

যাঁহাতে সেই রেখাপঙ্‌ক্তি চক্রাকার, তিনি সুদর্শন, সুদর্শন পূজার ফল প্রদান করেন ॥

দামোদর স্থূল, ইহাঁর মধ্যে চক্র, বর্ণ দুর্ব্বার বর্ণ সদৃশ,মুখের বিবর দ্বার সঙ্কীর্ণ, ইহাঁতে একটী পীতবর্ণ রেখা থাকে ॥

পদ্মপুরাণের সেই কার্ত্তিকমাহাত্ম্যেই ॥

উপরে এবং নিম্নে দুই চক্র, মুখের বিবর অতিদীর্ঘ নহে এবং মধ্য-ভাগে এক লম্বা রেখা, তাঁহার নাম দামোদর ॥

অন্যস্থলেও ॥

দামোদর স্থূল, তাঁহার মুখবিবর সঙ্কীর্ণ এবং তাঁহার মধ্যভাগে দুই চক্র, পূজা করিলে দামোদর সর্ব্বদা সুখ প্রদান করেন ॥

অনন্তের বর্ণ নানাবিধ। তাহাতে সর্পদেহের চিহ্ন এবং বিবিধমূর্ত্তি মিশ্রিত আছে, অনন্ত সমুদায় অভিলষিত ফল দান করেন ॥

পাদ্মে চ তত্রৈব ॥

অনন্তচক্রো বহুভিশ্চিহ্নৈরপ্যুপলক্ষিতঃ।
অনন্তঃ স তু বিজ্ঞেয়ঃ সর্ব্বপূজাফলপ্রদঃ।
দৃশ্যতে শিখরে লিঙ্গং শালগ্রামসমুদ্ভবং।
তস্য যোগেশ্বরো নাম ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥
আরক্তং পদ্মনাভাখ্যং পঙ্কজচ্ছত্রসংযুতং।
তুলস্যা পূজয়ন্নিত্যং দরিদ্রস্ত্বীশ্বরো ভবেৎ।
চন্দ্রাকৃতিং হিরণ্যাখ্যং রশ্মিজালং বিনির্দ্দিশেৎ।
সুবর্ণরেখা বহুলং স্ফটিকদ্যুতিশোভিতং ॥
কিঞ্চাত্র ॥
অর্দ্ধচন্দ্রাকৃতির্দেবো হৃষীকেশ উদাহৃতঃ।

দৃশ্যতে। হিরণ্যাখ্যং হিরণ্যগর্ভাখ্যং বিনির্দ্দিশেৎ। পাঠান্তরং সুগমং। যত্র যস্তাং সা

পদ্মপুরাণের সেই কার্ত্তিকমাহাত্ম্যেই

যাঁহার চক্র অনেক এবং চিহ্নও বিবিধপ্রকার তাঁহার নাম অনন্ত, অনন্ত সমস্ত পূজার ফল প্রদান করেন ॥

যাঁহার উপরিভাগে চক্র চিহ্ন দেখা যায়, তাঁহার নাম যোগেশ্বর, যোগেশ্বর ব্রহ্মহত্যাজন্য পাপ নাশ করেন ॥

যাঁহার বর্ণ ঈষৎ রক্ত এবং যাঁহাতে পদ্ম ও ছত্রের চিহ্ন থাকে, তাঁহার নাম পদ্মনাভ, দরিদ্র ব্যক্তি তুলসী দ্বারা তাঁহার পূজা করিলে ধনবান্ হইবে ॥

যাঁহার আকৃতি চন্দ্রের ন্যায়, যিনি কিরণজাল বিস্তার করেন, যাঁহাতে স্বর্ণবর্ণের অনেক গুলি রেখা থাকে এবং যিনি স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণে শোভিত, তাঁহার নাম হিরণ্যগর্ভ ॥

আরও এই স্থলে ॥

যাঁহার আকৃতি অর্দ্ধচন্দ্রের ন্যায় তাঁহার নাম হৃষীকেশ, তাঁহাকে

তমর্চ্চ্য লভতে স্বর্গং বিষয়াংশ্চ সমীহিতান্।
বামপার্শ্বে সমে চক্রে কৃষ্ণবর্ণঃ সবিন্দুকঃ।
লক্ষ্মীনৃসিংহো বিখ্যাতো ভুক্তিমুক্তিফলপ্রদঃ।
ত্রিবিক্রম স্তথাদেবঃ শ্যামবর্ণো মহাদ্যুতিঃ।
বামপার্শ্বে তথা চক্রে রেখা চৈব তু দক্ষিণে।
প্রদক্ষিণাবর্ত্তকৃতবনমালাবিভূষিতা।
যা শিলা কৃষ্ণসংজ্ঞা সা ধনধান্যসুখপ্রদা॥
গৌতমীয়ে॥
বহুভির্জন্মভিঃ পুণ্যৈ র্যদি কৃষ্ণশিলাং লভেৎ।
গোষ্পদেন তু চিহ্নেন জন্তুস্তেন সমাপ্যতে।
চতস্রো যত্র দৃশ্যন্তে রেখাঃ পার্শ্বসমীপগাঃ।
দ্বে চক্রে ম্যধ্যদেশে তু সা শিলা তু চতুর্মুখা॥ ইতি॥

পূজা করিলে স্বর্গ এবং সমুদায় অভিলষিত বস্তু পাওয়া যায়॥

যাঁহার বামভাগে দুইটী সমান চক্র ও বর্ণ কৃষ্ণ এবং যাঁহাতে বিন্দু-চিহ্ন আছে, তাঁহার নাম লক্ষ্মীনৃসিংহ, ইনি ভোগফল ও মুক্তিফল দান করেন॥

ত্রিবিক্রম শ্যাম বর্ণ, তাঁহার কান্তি মহতী, বামপার্শ্বে দুই চক্র এবং দক্ষিণ পার্শ্বে এক রেখা॥

যে শিলায় দক্ষিণাবর্ত্তভাগে বনমালার চিহ্নের শোভা থাকে, তাঁহার নাম কৃষ্ণ, কৃষ্ণ ধন, ধান্য ও সুখ প্রদান করেন॥

গৌতমীয়তন্ত্রে॥

যিনি বহুজন্মের পর গোষ্পদ-চিহ্নিত কৃষ্ণশিলা লাভ করেন, তাঁহাকে আর জন্ম গ্রহণ করিতে হয় না॥

যে শিলায় চারিটী রেখা পরস্পর নিকটস্থ দেখা যায় এবং যাঁহার মধ্যভাগে দুই চক্র, তাঁহার নাম চতুর্মুখ॥

কিঞ্চ। পাদ্মে তত্রৈব ॥

বজ্রকীটোদ্ভবা রেখাঃ পঙ্‌ক্তীভূতাশ্চ যত্র বৈ।
শালগ্রামশিলা যা সা বিষ্ণুপঞ্জরসংজ্ঞিতা ॥ ১৯৩ ॥
নাগবৎ কুণ্ডলীভূতরেখাপঙ্‌ক্তিঃ স শেষকঃ।
পদ্মাকারে চ পঙ্‌ক্তী দ্বে মধ্যে লম্বা চ রেখিকা।
গরুড়ঃ স তু বিজ্ঞেয় শ্চতুশ্চক্রো জনার্দ্দনঃ।
চতুশ্চক্রঃ সূক্ষ্মদ্বারো বনমালাঙ্কিতোদরঃ।
লক্ষ্মীনারায়ণঃ শ্রীমান্ ভুক্তিমুক্তিফলপ্রদঃ ॥ ১৯৪ ॥
এতল্লক্ষণযুক্তাস্তু শালগ্রামশিলাঃ শুভাঃ।
যাশ্চ তাস্বপি সূক্ষ্মাঃ স্যু স্তাঃ প্রশস্তকরাঃ স্মৃতাঃ।

শালগ্রামশীলা ॥ ১৯৩ ॥

এবং নামভেদেন বাসুদেবাদ্যা লক্ষ্মীনারায়ণান্তাঃ পঞ্চত্রিংশদ্ভেদাঃ। তত্রাপি কেষাঞ্চিল্লক্ষণভেদেন প্রত্যেকং বহুধা ভেদো জ্ঞেয়ঃ ॥ ১৯৪ ॥

শুভাঃ প্রশস্তাঃ স্যুঃ ॥ ১৯৫ ॥

আরও ঐ পদ্মপুরাণের কার্ত্তিকমাহাত্ম্যেই ॥

যে শালগ্রাম শিলায় বজ্রকীটোৎপন্ন কতকগুলিন রেখা পঙ্‌ক্তি ক্রমে সজ্জিত, তাঁহার নাম বিষ্ণুপঞ্জর ॥ ১৯৩ ॥

যে শিলায় সর্পের ন্যায় কুণ্ডলাকার রেখা পঙ্‌ক্তি, অনন্তচিহ্ন, পদ্মাকার দুই রেখা পঙ্‌ক্তি এবং অধোভাগে এক লম্বরেখা ও চারিচক্র থাকে, তাঁহার নাম জনার্দ্দন গরুড় ॥

যাঁহার চারি চক্র। মুখদ্বার সঙ্কীর্ণ এবং অভ্যন্তর ভাগ বনমালায় শোভিত, তাঁহার নাম শ্রীমান্ লক্ষ্মীনারায়ণ, ইনি ভোগফল ও মুক্তিফল দান করেন ॥ ১৯৪ ॥

যে সকল শালগ্রাম-শিলায় উক্ত প্রকার লক্ষণ থাকে, সেই সকল শুভকর। তাঁহাদিগের মধ্যে আবার যে সকল ক্ষুদ্রাকার হয়, সেই সকল বিশেষ শুভকর ॥

তথাচ শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে। তত্রৈব ॥
যথা যথা শিলা সূক্ষ্মা মহৎ পুণ্যং তথা তথা।
তস্মাত্তাং পূজয়েন্নিত্যং ধর্ম্মকামার্থসিদ্ধয়ে।
তত্রাপ্যামলকী তুল্যা সূক্ষ্মা চাতীব যা ভবেৎ।
তস্যামেব সদা ব্রহ্মন্ প্রিয়াসহ বসাম্যহমিতি ॥ ১৯৫ ॥
অথ শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যং ॥
শালগ্রামশিলাস্পর্শাৎ কোটিজন্মাঘনাশনং।
কিং পুনর্যজনং তত্র হরিসান্নিধ্যকারকং ॥
পাদ্মে মাঘমাহাত্ম্যে তত্রৈব ॥
যঃ পূজয়েদ্ধরিং চক্রে শালগ্রামশিলোদ্ভবে।
রাজসূয়সহস্রেণ তেনেষ্টং প্রতিবাসরং।
যদামনন্তি বেদান্তা ব্রহ্ম নির্গুণমচ্যুতং।

অতএব সেই পদ্মপুরাণেই ভগবান্ ও ব্রহ্মার সম্বাদে ॥

শিলা যত ক্ষুদ্রাকার, ততই মঙ্গলকর। অতএব ধর্ম্মার্থকামলাভের উদ্দেশে সেই শিলার অর্চ্চনা করিবে ॥

ব্রহ্মন্! সেই সকলের মধ্যে আবার যে শিলা পরিমাণে আমলকীর তুল্য অতি ক্ষুদ্র, আমি প্রিয়া লক্ষ্মীর সহিত তাহাতে সর্ব্বদা বাস করি ॥ ১৯৫ ॥

অথ শালগ্রামশিলার মাহাত্ম্য ॥

শালগ্রাম শিলা স্পর্শ করিলে কোটি জন্মের পাপ নষ্ট হয়। পূজা করার কথা আর কি বলিব, উহাতে হরির নিকটে উপস্থিত হন ॥

পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যপ্রসঙ্গে ঐ ভগবান্ ও ব্রহ্মার সম্বাদে ॥

যিনি শালগ্রামজাত-শিলাচক্রে হরির আরাধনা করেন, তাঁহার প্রতি দিনই সহস্র রাজসূয় যজ্ঞ করা হয় ॥

বেদান্তে যাঁহাকে নির্গুণ অচ্যুত ব্রহ্ম কহে, শালগ্রামশিলার

তৎপ্রসাদো ভবেন্নৃণাং শালগ্রামশিলার্চ্চনাৎ।
মহাকাষ্ঠস্থিতো বহ্নি র্মথ্যমানঃ প্রকাশতে।
যথা তথা হরি র্ব্যাপী শালগ্রামে প্রকাশতে।
অপি পাপসমাচারাঃ কর্ম্মণ্যনধিকারিণঃ।
শালগ্রামার্চ্চকা বৈশ্য নৈব যান্তি যমালয়ং।
ন তথা রমতে লক্ষ্ম্যাং ন তথা নিজমন্দিরে।
শালগ্রামশিলাচক্রে যথা স রমতে সদা।
অগ্নিহোত্রং হুতং তেন দত্তা পৃথ্বী সসাগরা।
যেনার্চ্চিতো হরি শ্চক্রে শালগ্রামশিলোদ্ভবে।
কামৈঃ ক্রোধৈঃ প্রলোভৈশ্চ ব্যাপ্তো যোঽত্র নরাধমঃ।
সোঽপি যাতি হরে র্লোকং শালগ্রামশিলার্চ্চনাৎ।
যঃ পূজয়তি গোবিন্দং শালগ্রামে সদা নরঃ।

অর্চ্চনা করিলে, মনুষ্যদিগের প্রতি তাঁহার অনুগ্রহ হয়॥

মহাকাষ্ঠস্থিত অগ্নি যেমন মথ্যমান হইলে প্রকাশ হইয়া পড়ে, হরি তেমনি ব্যাপ্ত ভাবে শালগ্রাম শিলায় প্রকাশ পান॥

যাহারা পাপাচারী, সুতরাং সর্ব্বকর্ম্মে অনধিকারী, হে বৈশ্য! তাহারাও যদি শালগ্রাম অর্চ্চনা করে, তাহা হইলে তাহাদিগকে যমালয়ে যাইতে হয় না॥

শালগ্রাম-শিলায় নারায়ণের সর্ব্বদা যত মনস্তোষ হয়, লক্ষ্মীতে বা নিজ মন্দিরে তত হয় না॥

যিনি শালগ্রাম শিলোৎপন্ন চক্রে হরির আরাধনা করেন, তাঁহার অগ্নিহোত্র যজ্ঞ এবং সসাগরা পৃথ্বী দান করা হয়॥

এই সংসারে যে নরাধম কাম ক্রোধ এবং লোভে পরিপূর্ণ, সেও যদি শালগ্রাম-শিলার অর্চ্চনা করে, তাহা হইলে তাহার বিষ্ণুলোকে গতি হয়॥

যে মনুষ্য শালগ্রামশিলায় সর্ব্বদা গোবিন্দের অর্চ্চনা করেন, যত

আহূতসংপ্লবং যাবৎ ন স প্রচ্যবতে দিবঃ ॥ ১৯৬ ॥
বিনা তীর্থৈ র্বিনা দানৈ র্বিনা যজ্ঞৈ র্বিনা মতিং।
মুক্তিং যাতি নরো বৈশ্য শালগ্রামশিলার্চ্চনাৎ ॥ ১৯৭ ॥
নরকং গর্ভ্ভবাসঞ্চ তির্য্যক্ত্বং কৃমিযোনিতাং।
ন যাতি বৈশ্য পাপোঽপি শালগ্রামেঽচ্যুতার্চ্চকঃ ॥ ১৯৮ ॥
দীক্ষাবিধানমন্ত্রজ্ঞশ্চক্রে যো বলিমাহরেৎ।
স যাতি বৈষ্ণবং ধাম সত্যং সত্যং ময়োদিতং।
নৈবেদ্যৈ র্বিবিধৈঃ পুষ্পৈ ধূ পৈর্দীপৈর্ব্বিলেপনৈঃ।

আহূতঃ কালগত্যা জীবকর্ম্মভির্ব্বা আকারিত ইব যঃ সংপ্লবঃ প্রলয়ঃ। যদ্বা। যজ্ঞভাগার্থং মন্ত্রৈরাহূতা যে দেবাদয়স্তেষাং সংপ্লবো নাম নাশঃ তৎপর্য্যন্তং। যদ্বা। ভকারস্থানে হকারঃ ছান্দসঃ। সর্ব্বভূতসংপ্লবপর্য্যন্তমিত্যর্থঃ। দিবঃ ঊর্দ্ধলোকাৎ বৈকুণ্ঠলক্ষণাৎ। ক্রমগত্যপেক্ষয়া স্বর্গাদেব বা ॥ ১৯৬ ॥

মতিং জ্ঞানং ॥ ১৯৭ ॥

হে বৈশ্য জাত্যা কর্ম্মণা চ সর্ব্বথা পাপোঽপি ॥ ১৯৮ ॥

বলিং পূজাং উপহারম্বা। ধাম গৃহং শ্রীবৈকুণ্ঠলোকমিত্যর্থঃ ॥ ১৯৯ ॥

দিন না সর্ব্বভূতের প্রলয় হয়, তত দিন পর্য্যন্ত তাহাকে স্বর্গলোক হইতে ভ্রষ্ট হইতে হয় না ॥ ১৯৬ ॥

হে বৈশ্য! তীর্থ, দান, যজ্ঞ এবং জ্ঞানোপার্জ্জন ব্যতিরেকে, কেবল শালগ্রামশিলা অর্চ্চনা করিলেই মনুষ্য মুক্তি-লাভ করে ॥ ১৯৭ ॥

হে বৈশ্য! পাপী ব্যক্তিও যদি শালগ্রামে শ্রীকৃষ্ণের অর্চ্চনা করে, তাহা হইলে তাহাকে নরক, গর্ভ্ভবাস, পশুযোনি বা কৃমিযোনি প্রাপ্ত হইতে হয় না ॥ ১৯৮ ॥

দীক্ষাবিধানানুসারে যিনি মন্ত্র জানিতে পারিয়াছেন তিনি যদি শালগ্রামচক্রে উপহার সমর্পণ করেন, আমি পুনঃ পুনঃ সত্য করিয়া বলিতেছি তাঁহার বিষ্ণুলোকে গতি হইবে ॥

কলিতে যে ব্যক্তি ভক্তিপরায়ণ হইয়া বিবিধ নৈবেদ্য, পুষ্প, ধূপ,

গীতবাদিত্রস্তোত্রাদ্যৈঃ শালগ্রামশিলার্চ্চনং।
কুরুতে মানবো যস্তু কলৌ ভক্তিপরায়ণঃ।
কল্পকোটিসহস্রাণি রমতে সন্নিধৌ হরেঃ।
লিঙ্গৈস্তু কোটিভির্দৃষ্টৈ র্যৎ ফলং পূজিতৈস্তু তৈঃ।
শালগ্রামশিলায়াস্তু একেনাপীহ তৎ ফলং।
শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ।
তত্র দেবাসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ।
শালগ্রামশিলায়াস্তু যঃ শ্রাদ্ধং কুরুতে নরঃ।
পিতরস্তস্য তিষ্ঠন্তি তৃপ্তাঃ কল্পশতং দিবি ॥ ১৯৯ ॥
শালগ্রামশিলা যত্র তত্তীর্থং যোজনত্রয়ং।
তত্র দানং জপো হোমঃ সর্ব্বং কোটিগুণং ভবেৎ।
শালগ্রামসমীপে তু ক্রোশমাত্রং সমন্ততঃ।

দীপ, বিলেপন এবং গীত, বাদ্য ও স্তোত্রাদি দ্বারা শালগ্রামের অর্চ্চনা করিয়া থাকেন, তিনি সহস্র-কোটিকল্পকাল বিষ্ণুসন্নিধানে আনন্দ সম্ভোগ করেন ॥

সহস্র শিবলিঙ্গের দর্শন বা সেই সহস্র শিবলিঙ্গের পূজা করিলে যে ফল হয়, একমাত্র শালগ্রামশিলাতেও সেই ফল হয় ॥

যে স্থানে শালগ্রামশিলারূপী কেশব অবস্থিতি করেন, দেব, অসুর, যক্ষ এবং চতুর্দ্দশভুবন সেই স্থানে অবস্থিত ॥

যে মনুষ্য শালগ্রামশিলায় শ্রাদ্ধ করেন, তাঁহার পিতৃগণ পরিতৃপ্ত হইয়া শতকল্প স্বর্গে অবস্থিতি করেন ॥ ১৯৯ ॥

যে স্থানে শালগ্রামশিলা থাকেন, সে স্থান তিন-যোজন পর্য্যন্ত তীর্থ, সে স্থানে দান, জপ এবং হোম যাহা কিছু করা যায় সমুদায়ই কোটিগুণ হয় ॥

শালগ্রামশিলার চতুর্দ্দিকে এক ক্রোশের মধ্যে মরিলে কীকটদেশ

কীকটোঽপি মৃতে যাতি বৈকুণ্ঠভবনং নরঃ ॥ ২০০ ॥
শালগ্রামশিলাচক্রং যো দদ্যাদ্দানমুত্তমং।
ভূচক্রং তেন দত্তং স্যাৎ সশৈলবনকাননং।
স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসম্বাদে ॥
শালগ্রামশিলায়াস্তু ত্রৈলোক্যং সচরাচরং।
ময়া সহ মহাসেন লীনং তিষ্ঠতি সর্ব্বদা ॥ ২০১ ॥
দৃষ্ট্বা প্রণমিতা যেন স্নাপিতা পূজিতা তথা।
যজ্ঞকোটিসমং পুণ্যং গবাং কোটিফলং ভবেৎ।
কামাসক্তোঽপি যো নিত্যং ভক্তিভাববিবর্জিতঃ।
শালগ্রামশিলাং বিপ্র সংপূজ্যৈবাচ্যুতো ভবেৎ ॥ ২০২ ॥

নর হে বৈষ্ণ। নর ইতি প্রথমান্তপাঠো বা। কীকটোঽপীতি কীকটদেশোদ্ভবঃ অধমোঽপীত্যর্থঃ ॥ ২০০ ॥

মহাসেন হে কার্ত্তিকেয় ॥ ২০১ ॥

ভক্তির্ব্বিশ্বাসলক্ষণা, ভাবঃ প্রেমা তাভ্যাং বিবির্জিতোঽপি। অচ্যুত ইব ভবেৎ সারূপ্যপ্রাপ্ত্যা ॥ ২০২ ॥

জাত অধম মনুষ্যও বৈকুণ্ঠধামে গমন করে ॥ ২০০ ॥

যিনি শ্রেষ্ঠ শালগ্রামশিলা দান করেন, তাঁহার গিরি, কানন ও বন সহিত ভূমণ্ডল দান করার ফল হয় ॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিব ও কার্ত্তিকেয়সম্বাদে ॥

হে কার্ত্তিকেয়! আমার সহিত চরাচর ত্রৈলোক্য শালগ্রামশিলায় সর্ব্বদা লীন হইয়া আছে ॥ ২০১ ॥

যিনি শিলা দর্শন, প্রণাম, স্নাপন ও পূজা করিয়াছেন, তাঁহার কোটি যজ্ঞ এবং কোটি গোদান করার পুণ্য হইয়াছে ॥

যে ব্যক্তি নিত্য কামাসক্ত ও যাহার ভক্তিভাব নাই, শালগ্রামশিলা পূজা করিলেই সে ব্যক্তিও নারায়ণ-সারূপ্য প্রাপ্ত হয় ॥ ২০২ ॥

শালগ্রামশিলাবিম্বং হত্যাকোটিবিনাশনং।
স্মৃতং সংকীর্ত্তিতং ধ্যাতং পূজিতঞ্চ নমস্কৃতং।
শালগ্রামশিলাং দৃষ্ট্বা যান্তি পাপান্যনেকশঃ।
সিংহং দৃষ্ট্বা যথা যান্তি বনে মৃগগণা ভয়াৎ।
নমস্করোতি মনুজঃ শালগ্রামশিলার্চ্চনে।
পাপানি বিলয়ং যান্তি তমঃ সূর্য্যোদয়ে যথা ॥ ২০৩ ॥
কামাসক্তোঽথবা ক্রুদ্ধঃ শালগ্রামশিলার্চ্চনং।
ভক্ত্যা বা যদি বাঽভক্ত্যা কৃত্বা মুক্তিমবাপ্নুয়াৎ।
বৈবস্বতং ভয়ং নাস্তি তথা মরণজন্মনোঃ।
যঃ কথাং কুরুতে বিষ্ণোঃ শালগ্রামশিলাগ্রতঃ।
গীতৈর্বাদ্যৈস্তথা স্তোত্রৈঃ শালগ্রামশিলার্চ্চনং।

যান্তি অপযান্তি ॥ ২০৩ ॥
মরণ জন্মনোঃ তাভ্যামপি ভয়ং নাস্তি ॥ ২০৪ ॥

শালগ্রামশিলাকে স্মরণ, কীর্ত্তন, ধ্যান, পূজা এবং নমস্কার করিলে কোটি-হত্যাজন্য পাপ দূরীভূত হয় ॥

যেমন বনমধ্যে সিংহ দর্শন করিয়া মৃগগণ ভয়ে পলায়ন করে, তেমনি শালগ্রামশিলা দর্শন করিয়া নানাবিধ পাপ দূরীভূত হয় ॥

যখন মনুষ্য শালগ্রামশিলা পূজা করিয়া নমস্কার করে, তখন, যেমন সূর্য্য উদিত হইলে অন্ধকার নাশ পায়, তেমনি তাহার সমস্ত পাপ ধ্বংস প্রাপ্ত হয় ॥ ২০৩ ॥

কামাসক্ত বা ক্রোধাসক্ত ব্যক্তি ভক্তিপূর্ব্বকই হউক আর অভক্তি-পূর্ব্বকই হউক, শালগ্রাম অর্চ্চনা করিলে মুক্তি প্রাপ্ত হয় ॥

যিনি শালগ্রামশিলার সম্মুখে হরিকথা কহেন তাঁহার যমভয় এবং জন্ম মরণভয় থাকে না ॥

কুরুতে মানবো যস্তু কলৌ ভক্তিপরায়ণঃ।
কল্পকোটিসহস্রাণি রমতে বিষ্ণুসদ্মনি ॥ ২০৪ ॥
শালগ্রাম-নমস্কারেঽভাবেনাপি নরৈঃ কৃতে।
ভয়ং নৈব করিষ্যন্তি মদ্ভক্তা যে নরা ভুবি।
মদ্ভক্তিবলদর্পিষ্ঠা মৎপ্রভুং ন নমন্তি যে।
বাসুদেবং ন তে জ্ঞেয়া মদ্ভক্তাঃ পাপিনো হি তে।

অভাবেন ভাবরাহিত্যেনাপি। মদ্ভক্তা ইতি পাঠে ময়া সহ কৃষ্ণভেদাপরাধতো ভয়ং নৈব করিষ্যন্তীত্যর্থঃ। যদ্বা। মৎ মত্তঃ সংহারকাদপি। ভক্তাঃ কৃষ্ণভক্তাঃ ॥ ২০৫ ॥

কলিযুগে যে ব্যক্তি ভক্তিপরায়ণ হইয়া গীত, বাদ্য ও স্তোত্র দ্বারা শালগ্রামশিলা অর্চ্চনা করেন, তিনি সহস্র-কোটি কল্প কাল বিষ্ণুলোকে আনন্দ সম্ভোগ করেন ॥ ২০৪ ॥

শ্রীশিবের উক্তি। পৃথিবীতে যে সকল ব্যক্তি, আমার ভক্ত, তাহারা যদি ভক্তিহীনভাবেও শালগ্রামশিলাকে নমস্কার করে, তাহা হইলে তাহাদিগকে ভয় করিতে হয় না ॥

তাৎপর্য্য। শ্রীশিব কার্ত্তিককে কহিলেন, যাহারা আমার ভক্ত অর্থাৎ যাহারা শ্রীকৃষ্ণকে ও আমাকে ভিন্ন করিয়া কেবল আমারই উপাসনা করে, ভেদজ্ঞান করণ জন্য তাহাদিগের অপরাধ হয়, সুতরাং তাহাদিগের দণ্ড-ভয় থাকে। কিন্তু শালগ্রামশিলা নমস্কার করিলে তাহাদিগের সে অপরাধ খণ্ডন হয়, সুতরাং আর সে দণ্ডভয় থাকে না। অথবা যে সকল ব্যক্তি ভক্ত অর্থাৎ শ্রীকৃষ্ণভক্ত, তাহারা যদি অভক্তিভাবেও নমস্কার করে, তাহা হইলে আমা হইতেও অর্থাৎ সংহার-রূপী আমা হইতেও তাহাদিগের ভয় থাকে না ॥

আমাতে ভক্তি আছে সেই বলে দর্পিত হইয়া যাহারা আমার প্রভু বাসুদেবকে নমস্কার না করে, জানিবে তাহারা আমার ভক্ত নহে, তাহারা নিশ্চয় পাপী ॥

শালগ্রামশিলায়াস্তু সদা পুত্র বসাম্যহং।
দত্তং দেবেন তুষ্টেন স্বস্থানং মম ভক্তিতঃ।
পদ্মকোটিসহস্রৈস্তু পূজিতে ময়ি যৎ ফলং।
তৎ ফলং কোটিগুণিতং শালগ্রামশিলার্চ্চনে।
পূজিতোঽহং ন তৈর্মর্ত্ত্যৈ র্নমিতোঽহং ন তৈর্নরৈঃ।
ন কৃতং মর্ত্যলোকে যৈঃ শালগ্রামশিলার্চ্চনং।
শালগ্রামশিলাগ্রেতু যঃ করোতি মমার্চ্চনং।
তেনার্চ্চিতোঽহং সততং যুগানামেকসপ্ততিং।
কিমর্চ্চিতৈ র্লিঙ্গশতৈ র্বিষ্ণুভক্তিবিবর্জ্জিতৈঃ।
শালগ্রামশিলাবিম্বং নার্চ্চিতং যদি পুত্রক।
অনর্হং মম নৈবেদ্যং পত্রং পুষ্পং ফলং জলং।
শালগ্রামশিলালগ্নং সর্ব্বং যাতি পবিত্রতাং।

হে পুত্র! আমি শালগ্রামশিলায় সর্ব্বদা বাস করি। প্রভু আমার ভক্তিতে তুষ্ট হইয়া, আমাকে নিজ-বাসস্থান দান করিয়াছেন॥

সহস্রকোটি পদ্ম দ্বারা আমার পূজা করিলে যে ফল হয়, শালগ্রামশিলা অর্চ্চনা করিলে তদপেক্ষা কোটি-গুণ ফল হইয়া থাকে॥

মর্ত্যলোকে যাহারা শালগ্রামশিলার অর্চ্চনা করে নাই, তাহারা আমাকে পূজা বা নমস্কার করিলে, আমি তাহাদিগের সে নমস্কার ও পূজা গ্রহণ করি না॥

যে ব্যক্তি শালগ্রামশিলার সম্মুখে আমার পূজা করে, তাহার এক সপ্ততিযুগ নিরন্তর আমার পূজা করা হয়॥

হে পুত্র! যাহারা শালগ্রামশিলা পূজা না করিয়াছে, বিষ্ণুতে তাহাদিগের ভক্তি নাই, তাহারা একশত শিবলিঙ্গ পূজা করিলেও তাহাদিগের কোন ফল হয় না॥

আমার যে সকল নৈবেদ্য, পত্র, পুষ্প, ফল ও জল অযোগ্য, শালগ্রামশিলা স্পর্শ হইলে তৎসমুদায় পবিত্র হয়॥

যোহি মাহেশ্বরো ভূত্বা বৈষ্ণবং লিঙ্গমুত্তমং।
দ্বেষ্টি বৈ যাতি নরকং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ।
সকৃদপ্যর্চ্চিতে বিল্বে শালগ্রামশিলোদ্ভবে।
মুক্তিং প্রযান্তি মনুজা নূনং সাংখ্যেন বর্জিতাঃ।
মল্লিঙ্গৈঃ কোটিভির্দৃষ্টৈ র্যৎ ফলং পূজিতৈস্তু তৈঃ।
শালগ্রামশিলায়ান্তু একেনাপি হি তদ্ভবেৎ।
তস্মাদ্ভক্ত্যা চ মদ্ভক্তৈঃ প্রীত্যর্থে মম পুত্রক।
কর্ত্তব্যং সততং ভক্ত্যা শালগ্রামশিলার্চ্চনং।
শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ।
তত্র দেবাহসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ ॥ ২০৫ ॥
শালগ্রামশিলাগ্রে তু সকৃৎপিণ্ডেন তর্পিতাঃ।

যেন সকৃদপি তর্পিতাঃ তস্য পিতরো যাবৎকালং তর্পিতা ভবন্তি তস্য সংখ্যা নাস্তীত্যর্থঃ।

যে ব্যক্তি শিবভক্ত হইয়া সর্ব্বোত্তম বিষ্ণুমূর্ত্তির দ্বেষ করে, যত দিন চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার থাকে, তাহাকে তত দিন নরক যাতনা ভোগ করিতে হয়॥

যে সকল মনুষ্যের তত্ত্বজ্ঞান নাই, তাহারাও যদি একবার মাত্র শালগ্রামশিলার পূজা করে, তাহারা নিশ্চয়ই মুক্তি প্রাপ্ত হয়॥

আমার কোটিলিঙ্গ দর্শন ও অর্চ্চনা করিলে যে ফল হয়, একমাত্র শালগ্রামশিলাতে তাহাই হয়॥

হে পুত্র! এই সকল কারণে আমার ভক্তগণ আমার প্রীতি-সাধনের নিমিত্ত, ভক্তি পূর্ব্বক সর্ব্বদা শালগ্রামশিলার পূজা করিবেন॥

যে স্থানে শালগ্রামশিলারূপী কেশব অবস্থিত আছেন, দেব, অসুর, যক্ষ ও চতুর্দ্দশভুবন তথায় অবস্থিত॥ ২০৫॥

যে ব্যক্তি শালগ্রামশিলার অগ্রে একবার মাত্র পিণ্ডদান দ্বারা

ভবন্তি পিতরস্তস্য ন সংখ্যা তত্র বিদ্যতে ॥ ২০৬ ॥
প্রমাণমস্তি সর্ব্বস্য সুকৃতস্য হি পুত্রক।
ফলং প্রমাণহীনন্তু শালগ্রামশিলার্চ্চনে।
যো দদাতি ফলং বিষ্ণোঃ শালগ্রামসমুদ্ভবং।
বিপ্রায় বিষ্ণুভক্তায় তেনেষ্টং বহুভির্মখৈঃ।
মানুষ্যে দুর্ল্লভা লোকে শালগ্রামোদ্ভবা শিলা।
প্রাপ্যতে ন বিনা পুণ্যৈঃ কলিকালে বিশেষতঃ।
স ধন্যঃ পুরুষোলোকে সফলং তস্য জীবিতং।
শালগ্রামশিলা শুদ্ধা গৃহে যস্য চ পূজিতা।
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং শালগ্রামশিলার্চ্চনং।
যঃ কুর্য্যান্মানবো ভক্ত্যা পুষ্পে পুষ্পেঽশ্বমেধভাক্।

বসন্তীতি পাঠে স্বর্গাদাবিতি শেষঃ ॥ ২০৬ ॥
প্রমাণং ইয়ত্তাং ॥ ২০৭ ॥

পিতৃগণকে পরিতৃপ্ত করেন, তাহার পিতৃগণ যে কতকাল পরিতৃপ্ত হয়েন, তাহার সংখ্যা নাই ॥ ২০৬ ॥

হে পুত্র! সমস্ত পুণ্যেরই পরিমাণ আছে, কিন্তু শালগ্রামশিলা অর্চ্চনা করিলে যে ফল হয়, তাহার ইয়ত্তা নাই ॥

যিনি বিষ্ণুভক্ত ব্রাহ্মণকে শালগ্রামশিলা দান করেন, তাঁহার বহু বহু যজ্ঞ করার ফল-লাভ হইয়া থাকে ॥

মনুষ্যলোকে শালগ্রামশিলা দুর্ল্লভ, পুণ্য ব্যতিরেকে পাওয়া যায় না, বিশেষ আবার কলিকালে ॥

সংসারে সেই ধন্য পুরুষ, তাহারই জীবন সফল, যাহার গৃহে পবিত্র শালগ্রামশিলার অর্চ্চনা হয় ॥

যে মনুষ্য ইন্দ্রিয় সকল সংযত করিয়া ভক্তি পূর্ব্বক পুষ্প দ্বারা শালগ্রামশিলার অর্চ্চনা করেন, তিনি প্রতি পুষ্পে অশ্বমেধযজ্ঞের ফল প্রাপ্ত হয়েন ॥

কালে বা যদি বাঽকালে শালগ্রামশিলার্চ্চনং।
ভক্ত্যা বা যদি বাঽভক্ত্যা যঃ করোতি স পুণ্যভাক্।
দ্বেষেণাপি চ লোভেন দম্ভেন কপটেন বা।
শালগ্রামোদ্ভবং দেবং দৃষ্ট্বা পাপাৎ প্রমুচ্যতে।
অশুচির্ব্বা দুরাচারঃ সত্যশৌচবিবর্জ্জিতঃ।
শালগ্রামশিলাং স্পৃষ্ট্বা সদ্য এব শুচির্ভবেৎ।
তিলপ্রস্থশতং ভক্ত্যা যো দদাতি দিনে দিনে।
তৎ ফলং সমবাপ্নোতি শালগ্রামশিলার্চ্চনে।
পত্রং পুষ্পং ফলং মূলং তোয়ং দুর্ব্বাক্ষতং সুত।
জায়তে মেরুণা তুল্যং শালগ্রামশিলার্পিতং ॥ ২০৭ ॥
বিধিহীনোপি যঃ কুর্য্যাৎ ক্রিয়ামন্ত্রবিবর্জিতঃ।

চক্রং শালগ্রামশিলারূপং তস্য পূজাং যঃ কুর্য্যাৎ ॥ ২০৮ ॥

কালেই হউক, আর অকালেই হউক, ভক্তি পূর্ব্বকই হউক, আর অভক্তি পূর্ব্বকই হউক, যিনি শালগ্রামশিলা অর্চ্চনা করেন, তিনি পুণ্যভাগী হয়েন ॥

দ্বেষবশতই হউক, আর লোভ বশতই হউক, দম্ভ বশতই হউক, আর কাপট্য বশতই হউক, শালগ্রামসমুৎপন্ন দেবকে দর্শন করিলে পাপ হইতে মুক্ত হয় ॥

যে ব্যক্তি অশুচি বা দুরাচার এবং যাহার সত্য বা শুদ্ধি নাই, শালগ্রামশিলা স্পর্শ করিলে তৎক্ষণাৎ পবিত্র হয় ॥

যে ব্যক্তি প্রতি দিন ভক্তি পূর্ব্বক শতপ্রস্থ তিল দান করিয়া থাকেন, তিনি শালগ্রামশিলার অর্চ্চনা করিলে সেই ফল প্রাপ্ত হয়েন ॥

হে পুত্র! শালগ্রামশিলায় অর্পিত হইলে পত্র, পুষ্প, ফল, মূল, জল, দুর্ব্বা ও আতপ-তণ্ডুল মেরুতুল্য হইয়া থাকে ॥ ২০৭ ॥

যে ব্যক্তি বিধিহীন, ক্রিয়াহীন ও মন্ত্রহীন, সে শালগ্রামচক্রের পূজা

চক্রপূজামবাপ্নোতি সম্যক্ শাস্ত্রোদিতং ফলং ॥ ২০৮ ॥

তত্রৈব চান্যত্র ॥

স্কন্ধে কৃত্বা তু যোঽধ্বানং বহতে শৈলনায়কং।
তেনোঢ়ন্তু ভবেৎ সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরং।
ব্রহ্মহত্যাদিকং পাপং যৎকিঞ্চিৎ কুরুতে নরঃ।
তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু শালগ্রামশিলার্চ্চনং।
ন পূজনং ন মন্ত্রাশ্চ ন জপো ন চ ভাবনা।
ন স্তুতি র্নোপচারশ্চ শালগ্রামশিলার্চ্চনে।
শালগ্রামশিলা যত্র তত্তীর্থং যোজনত্রয়ং।
তত্র দানঞ্চ হোমশ্চ সর্ব্বং কোটিগুণং ভবেৎ।
শালগ্রামশিলায়াস্তু যঃ শ্রাদ্ধং কুরুতে নরঃ।
পিতরস্তস্য তিষ্ঠন্তি তৃপ্তাঃ কল্পশতং দিবি।

অধ্বানং ব্যাপ্য পথীত্যর্থঃ। শৈলনায়কং শ্রীশালগ্রামশিলামিত্যর্থঃ ॥ ২০৯ ॥

করিলে শাস্ত্রোক্ত ফল সম্পূর্ণরূপে প্রাপ্ত হয় ॥ ২০৮ ॥

সেই প্রসঙ্গেই অন্য স্থলে ॥

যিনি শালগ্রামশিলা স্কন্ধে লইয়া পর্য্যটন করেন, তাঁহার চরাচর ত্রৈলোক্য বহন করা হয় ॥

মনুষ্য ব্রহ্মহত্যাদি যে কিছু পাপ করে শালগ্রামশিলার পূজা তৎ-সমুদায় শীঘ্র দগ্ধ করিয়া ফেলেন ॥

পূজা, মন্ত্র, জপ, ধ্যান, স্তব, বা পূজা সামগ্রী, শালগ্রাম অর্চ্চনায় এ সকল কিছুরই আবশ্যক করে না ॥

যে স্থানে শালগ্রামশিলা থাকেন, তাহার তিন-যোজন তীর্থ, তথায় দান কি হোম, সমুদায় কোটিগুণ হয় ॥

যে মনুষ্য শালগ্রামশিলায় শ্রাদ্ধ করেন, তাঁহার পিতৃগণ পরিতৃপ্ত হইয়া শতকল্পকাল স্বর্গে বাস করেন ॥

শালগ্রামসমীপেতু ক্রোশমাত্রং সমন্ততঃ।
কীকটোঽপি মৃতো যাতি বৈকুণ্ঠভুবনং নরঃ।
পাদ্মে চ॥
শালগ্রামশিলাচক্রং যো দদ্যাদ্দানমুত্তমং।
ভূচক্রং তেন দত্তং স্যাৎ সশৈলবনকাননং॥ ২০৯॥
গরুড়পুরাণে॥
তিষ্ঠন্তি নিত্যং পিতরো মনুষ্যা-
স্তীর্থানি গঙ্গাদিকপুষ্করাণি।
যজ্ঞাশ্চ মেধাহপি পুণ্যশৈলা-
শ্চক্রাঙ্কিতা যস্য বসন্তি গেহে॥ ২১০॥
পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে—
শ্রীযমধূম্রকেশসম্বাদে॥

যত্র যস্মিন্ গৃহে চক্রাঙ্কিতাঃ শ্রীশালগ্রামশিলাঃ বসন্তি তত্র পিত্রাদয়ো নিত্যং তিষ্ঠন্তি। তত্র যজ্ঞাঃ বিবিধপূজাঃ মেধাঃ হিংসালক্ষণা অশ্বমেধাদয়ঃ। যজ্ঞাশ্চেতি পাঠে অশ্বমেধযজ্ঞ ইত্যর্থঃ। যদ্বা। যজ্ঞেঽশ্বানাং মেধা হিংসা অর্থস্ত স এব॥ ২১০॥

শালগ্রাম সন্নিকটে এককোশের মধ্যে মরিলে, কীকটদেশ-জাত মনুষ্যও বৈকুণ্ঠধামে গমন করে॥

পদ্মপুরাণেও॥

যিনি উত্তম শালগ্রামশিলাচক্র দান করেন, তাঁহার গিরি, কানন, বন সহিত ভূমণ্ডল দান করার ফল হয়॥ ২০৯॥

গরুড়পুরাণে॥

যাঁহার গৃহে চক্রচিহ্নিত পবিত্র শিলা বাস করেন, তাঁহার গৃহে পিতৃগণ, সমুদায় মনুষ্য, গঙ্গাদি পুষ্কর পর্য্যন্ত সকল তীর্থ এবং অশ্বমেধ প্রভৃতি সমুদায় যজ্ঞ ও পুণ্যজনক পর্ব্বত সকল উপস্থিত হয়েন॥ ২১০

পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে যম ও ধূম্রকেশসম্বাদে॥

শালগ্রামশিলায়ান্তু যৈর্নরৈঃ পূজিতো হরিঃ।
সংশোধ্য তেষাং পাপানি মুক্তয়ে বুদ্ধিদো ভবেৎ।
কার্ত্তিকে মথুরায়ান্তু সারূপ্যং দিশতে হরিঃ।
শালগ্রামশিলায়াং বৈ পিতৄনুদ্দিশ্য পূজিতঃ।
কৃষ্ণঃ সমুদ্ধরেত্তস্য পিতৄনেতান্ স্বলোকতাং।
বৃহন্নারদীয়ে চ যজ্ঞধ্বজোপাখ্যানান্তে॥
শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ।
ন বাধন্তেঽসুরাস্তত্র ভূতবেতালকাদয়ঃ।
শালগ্রামশিলা যত্র তত্তীর্থং তত্তপোবনং।
যতঃ সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদন ইতি॥ ২১১॥
শালগ্রামশিলাস্তাশ্চ যদি দ্বাদশ পূজিতাঃ।

তত্র কার্ত্তিকমাসে তত্রাপি শ্রীমথুরায়াং বিশেষমাহ কার্ত্তিক ইতি॥ ২১১॥

যে সকল মনুষ্য শালগ্রামশিলায় হরির পূজা করেন, হরি তাঁহাদিগের সমস্ত পাপ সংশোধন করিয়া মুক্তি-লাভের নিমিত্ত বুদ্ধি দান করেন॥

মথুরায় কার্ত্তিকমাসে শালগ্রামশিলায় পূজিত হইলে, হরি সারূপ্য মুক্তি দান করেন॥

পিতৃগণকে উদ্দেশ করিয়া শালগ্রামশিলার পূজা করিলে, কৃষ্ণ সেই সকল পিতৃগণকে উদ্ধার করিয়া আপনার লোকে লইয়া যান॥

বৃহন্নারদীয়পুরাণে যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষভাগে॥

যে স্থানে শালগ্রামশিলারূপী কেশব অবস্থিতি করেন, সে স্থানে অসুর, ভূত ও বেতাল প্রভৃতি কোন বিঘ্ন উৎপাদন করিতে পারে না॥

যে স্থানে শালগ্রামশিলা অবস্থিতি করেন, সেই স্থানই তীর্থ, সেই স্থানই তপোবন, যে হেতু ভগবান্ মধুসূদন সেই স্থানের নিকটবর্ত্তী॥ ২১১॥

পূর্ব্বোক্ত শালগ্রামশিলা সকলের দ্বাদশ বা একশত ভক্তি পূর্ব্বক

শতং বা পূজিতং ভক্ত্যা তদা স্যাদধিকং ফলং।
অথ বাহুল্যে তাসাং ফলবিশেষঃ—
পাদ্মে মাঘমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥
শিলা দ্বাদশ ভো বৈশ্য শালগ্রামসমুদ্ভবাঃ।
বিধিবৎ পূজিতা যেন তস্য পুণ্যং বদামি তে।
কোটিদ্বাদশলিঙ্গৈস্তু পূজিতৈঃ স্বর্ণপঙ্কজৈঃ।
যৎ স্যাদ্দ্বাদশকল্পৈস্তু দিনেনৈকেন তদ্ভবেৎ।
যঃ পুনঃ পূজয়েদ্ভক্ত্যা শালগ্রামশিলাশতং।
উষিত্বা স হরের্লোকে চক্রবর্ত্তী হি জায়তে ॥ ২১২ ॥
স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসম্বাদে ॥
দ্বাদশৈব শিলা যো বৈ শালগ্রামসমুদ্ভবাঃ।

স্বর্ণপঙ্কজৈঃ কৃত্বা পূজিতৈঃ সদ্ভিঃ পূজিতেত্যর্থঃ যৎ ফলং স্যাৎ। ইহ লোকে চক্রবর্ত্তী সন্ জায়তে শ্রীভগবদ্ভক্তিপ্রচারণার্থ মাহাত্ম্যেচ্ছা বিশেষেণেতি জ্ঞেয়ং ॥ ২১২ ॥

যদি পূজা করা যায়, তাহা হইলে অধিক ফল হয় ॥

অথ বহুল পরিমাণে পূজাকরার ফলবিশেষ—

পদ্মপুরাণে মাঘমাহাত্ম্যে দেবদূত ও বিকুণ্ডলসম্বাদে ॥

হে বৈশ্য! যিনি বিধি অনুসারে দ্বাদশ শালগ্রামশিলার অর্চ্চনা করিয়াছেন, তাঁহার পুণ্যের কথা তোমাকে বলি ॥

দ্বাদশকোটি শিবলিঙ্গ দ্বাদশকল্পকাল স্বর্ণপদ্ম দ্বারা পূজা করিলে যে ফল হয়, একদিন মাত্র শালগ্রামশিলার পূজায় সেই ফল হইয়া থাকে ॥

আর যিনি ভক্তি সহকারে একশত শালগ্রামশিলা পূজা করেন, তিনি বিষ্ণুলোকে বাস করিয়া, পরে চক্রবর্ত্তী অর্থাৎ রাজা হয়েন ॥ ২১২ ॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিব ও কার্ত্তিকেয়সম্বাদে ॥

যে বৈষ্ণব নিত্য দ্বাদশমাত্র শালগ্রামশিলার অর্চ্চনা করেন, আমি

অর্চ্চয়েদ্বৈষ্ণবো নিত্যং তস্য পুণ্যং বদামি তে।
কোটিলিঙ্গসহস্রৈস্তু পূজিতৈ র্জাহ্নবীতটে।
কাশীবাসে যুগান্যষ্টৌ দিনেনৈকেন তদ্ভবেৎ ॥ ২১৩ ॥
কিং পুনর্ব্বহবো যস্তু পূজয়েদ্বৈষ্ণবো নরঃ।
নহি ব্রহ্মাদয়ো দেবাঃ সংখ্যাং কুর্ব্বন্তি পুণ্যতঃ ॥ ২১৪ ॥
অথ তৎক্রয়বিক্রয়নিষেধঃ ॥
তত্রৈব ॥
শালগ্রামশিলায়াং যো মূল্যমুদ্ঘাটয়েন্নরঃ।
বিক্রেতা চানুমন্তা চ যঃ পরীক্ষামুদীরয়েৎ।

জাহ্নবীতটে কোটিলিঙ্গসহস্রৈঃ পূজিতৈ র্যৎফলং। যুগান্যষ্টৌ ব্যাপ্য কাশীবাসে চ যৎ ফলং তৎ ॥ ২১৩ ॥

বহবঃ বহ্বীঃ সুবহুরিতি ক্বচিৎ পাঠঃ। পুণ্যতঃ পুণ্যে বিষয়ে সংখ্যাং ন কুর্ব্বন্তি কর্ত্তুং ন শক্নুবন্তীত্যর্থঃ। যদ্বা। পুণ্যতো হেতোঃ সংখ্যাং ন কুর্ব্বন্তি। অসংখ্যেয়স্য সংখ্যাকরণাপরাধেন পুণ্যক্ষয়াপত্তেরিত্যর্থঃ ॥ ২১৪ ॥

যশ্চ অনুমন্তা মূল্যে সম্মতিকর্ত্তা। যশ্চ তাং পরীক্ষ্য গুণদোষাদিকং বিচার্য্য তন্মূল্যমনুমোদয়েৎ। পাঠান্তরে মূল্যার্থং পরীক্ষা ক্রিয়তামিত্যুচ্চারয়েদপি যঃ। যদ্বা। বিচারেণ

তোমাকে তাঁহার পুণ্যের কথা বলি ॥

গঙ্গাতীরে সহস্রকোটি শিবলিঙ্গ পূজা করিলে এবং অষ্টযুগ কাশীবাস করিলে যে ফল হয়,একদিন মাত্রেই সেই ফল হইয়া থাকে ॥২১৩

যে বৈষ্ণব তদপেক্ষা অধিক পূজা করেন, তাঁহার কথা আর অধিক কি বলিব, ব্রহ্মাদি দেবগণ তাঁহার পুণ্যের সংখ্যা করিতে পারেন না ॥ ২১৪ ॥

অথ শালগ্রাম ক্রয় বিক্রয় নিষেধ—

ঐ স্কন্দপুরাণেই ॥

যে মনুষ্য শালগ্রামশিলার মূল্য করে, যে বিক্রয় করে, যে মূল্য করণে সম্মতি দেয় এবং যে শিলার গুণ দোষ পরীক্ষা করে, তাহারা

সর্ব্বে তে নরকং যান্তি যাবদাহূতসংপ্লবং।
অতঃ সংবর্জয়েদ্বিপ্র চক্রস্য ক্রয়বিক্রয়ং।
অথ প্রতিষ্ঠানিষেধঃ ॥
তত্রৈব ॥
শালগ্রামশিলায়াস্তু প্রতিষ্ঠা নৈব বিদ্যতে।
মহাপূজাস্তু কৃত্বাদৌ পূজয়েত্তাং ততো বুধ ইতি ॥ ২১৫ ॥
অতোঽধিষ্ঠানবর্গেষু সূর্য্যাদিষ্বিব মূর্ত্তিষু।
শালগ্রামশিলৈব স্যাদধিষ্ঠানোত্তমং হরেঃ।
অথ সর্ব্বাধিষ্ঠানশ্রৈষ্ঠ্যং ॥
পাদ্মে তত্রৈব ॥
হৃদি সূর্য্যে জলে বাথ প্রতিমা স্থণ্ডিলেষু চ।
সমভ্যর্চ্চ্য হরিং যান্তি নরাস্তে বৈষ্ণবং পদং ॥ ২১৬ ॥

গুণদোষাদিকমপি যো বদেদিত্যর্থঃ ॥ ২১৫ ॥
মূর্ত্তিষু প্রতিকৃতিষ্বপি ॥ ২১৬ ॥

সকলেই, যতদিন মহাপ্রলয় না হয়, তত দিন নরকে বাস করে। অতএব হে ব্রহ্মন্! শালগ্রামচক্র ক্রয় বা বিক্রয় করিবে না ॥

অথ শালগ্রামশিলার প্রতিষ্ঠাকরণ নিষেধ ॥

ঐ স্কন্দপুরাণেই ॥

শালগ্রামশিলার প্রতিষ্ঠা নাই। সর্ব্বাগ্রে মহাপূজা করিয়া পণ্ডিত ব্যক্তি পরে ঐ শিলাই পূজা করিবেন ॥ ২১৫ ॥

অতএব সূর্য্যাদি অধিষ্ঠান সমূহের এবং প্রতিমূর্ত্তি সকলের মধ্যে শালগ্রামশিলাই হরির উৎকৃষ্ট অধিষ্ঠান হইল ॥

অথ সমুদায় অধিষ্ঠান হইতে শালগ্রামের প্রাধান্য ॥

পদ্মপুরাণের মাঘমাহাত্ম্যেই ॥

মনুষ্যগণ হৃদয়ে, সূর্য্যে, জলে, প্রতিমায় অথবা স্থণ্ডিলে হরির অর্চ্চনা করিয়া বিষ্ণুধাম প্রাপ্ত হয়েন ॥ ২১৬ ॥

অথবা সর্ব্বদা পূজ্যো বাসুদেবো মুমুক্ষুভিঃ।
শালগ্রামশিলাচক্রে বজ্রকীটবিনির্ম্মিতে।
অধিষ্ঠানাং হি তৎ বিষ্ণোঃ সর্ব্বপাপপ্রণাশনং।
সর্ব্বপুণ্যপ্রদং বৈশ্য সর্ব্বেষামপি মুক্তিদং ॥ ২১৭ ॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে যমধূম্রকেশসম্বাদে ॥
পূজা চ বিহিতা তস্য প্রতিমায়াং নৃপাত্মজ।
শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতা।
মনোময়ী মণিময়ী শ্রীমূর্ত্তিরষ্টধা স্মৃতা।
শালগ্রামশিলায়ান্তু সাক্ষাৎ শ্রীকৃষ্ণসেবনং।
নিত্যং সন্নিহিত স্তত্র বাসুদেবো জগদ্গুরুঃ ॥ ২১৮ ॥
স্কান্দে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিবস্কন্দসম্বাদে ॥

অথবেতি পূর্ব্বাপরিতোষে। সর্ব্বদা পূজ্যত্বে হেতুঃ অধিষ্ঠানং হীতি ॥ ২১৭ ॥
তুশব্দঃ পূর্ব্বতো বৈশিষ্ট্যে। তদেবাহ সাক্ষাদিতি ॥ ২১৮ ॥

অথবা অর্থাৎ ঐ সকলে পূজা করিয়া যদি পরিতৃপ্তি না হয়, তাহা হইলে যাঁহারা মুক্তি ইচ্ছা করেন, তাঁহারা বজ্রকীট নির্ম্মিত শালগ্রাম-শিলায় বাসুদেবের পূজা করিবেন ॥

হে বৈশ্য। বিষ্ণুর এই শালগ্রাম রূপ অধিষ্ঠান সর্ব্বপাপ নাশ, সর্ব্বপুণ্য দান ও সকলকেই মুক্তি প্রদান করেন ॥ ২১৭ ॥

ঐ পদ্মপুরাণেই কার্ত্তিকমাহাত্ম্যে যম ও ধূম্রকেশসম্বাদে ॥

হে নৃপনন্দন! প্রতিমায় বিষ্ণুর পূজা করিতে বিধান করিয়াছেন। প্রতিমা আট প্রকার। শিলাময়ী, দারুময়ী, লৌহময়ী অর্থাৎ ধাতুময়ী, লেপময়ী, লেখময়ী, বালুকাময়ী, মনোময়ী এবং মণিময়ী ॥

শালগ্রামশিলায় অর্চ্চনা করিলে সাক্ষাৎ শ্রীকৃষ্ণের সেবা করা হয়। জগদ্গুরু বাসুদেব উহাতে বসতি করেন ॥ ২১৮ ॥

স্কন্দপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীশিব ও কার্ত্তিকেয়সম্বাদে ॥

সুবর্ণার্চ্চা ন রত্নার্চ্চা ন শিলার্চ্চা সুরোত্তম।
শালগ্রামশিলায়ান্তু সর্ব্বদা বসতে হরিঃ ॥ ২১৯ ॥
অতএবোক্তং ॥
হত্যাং হন্তি যদঙ্ঘ্রিসঙ্গতুলসী স্তেয়ং চ তোয়ং পদে
নৈবেদ্যং বহুমদ্যপানদুরিতং গুর্ব্বঙ্গনাসঙ্গজং।
শ্রীশাধীনমতিঃ স্থিতি র্হরিজনৈস্তৎসঙ্গজং কিল্বিষং
শালগ্রামশিলা নৃসিংহমহিমা কোঽপ্যেষ লোকোত্তরঃ ॥২২০॥
শালগ্রামশিলারূপভগবন্মহিমাম্বুধেঃ।

সুবর্ণস্য অর্চ্চা প্রতিমা তদাদিষু হরিঃ সর্ব্বদা ন বসতীত্যর্থঃ। যদ্বা ন হরেঃ প্রিয়েতি শেষঃ ॥ ২১৯ ॥

পাদতোয়ং শ্রীচরণোদকং শ্রীশঃ শালগ্রামশিলারূপ এব ভগবান্ তদধীনমতিঃ তৎ স্মরণমিত্যর্থঃ। হরিশ্চ শালগ্রামশিলাত্মক এব তস্য জনৈঃ সেবকৈঃ সহ স্থিতিঃ ॥ ২২০ ॥

ঊর্ম্মীনিতি সমুদ্রতরঙ্গগণনবৎ মাহাত্ম্যপরা ইত্যর্থঃ। শ্রীযুক্ত চৈতন্যং সর্ব্বজ্ঞত্বাদিকং তেনাশ্রিতোঽপি। স্বমতে শ্রীচৈতন্যদেবমাশ্রিতঃ পরমশক্তিমত্বাৎ প্রাপ্তোঽপীত্যর্থঃ। যথো-

হে দেবোত্তম! সুবর্ণের প্রতিমা, রত্নের প্রতিমা ও শিলার প্রতিমা এ সকলে হরি সর্ব্বদা অবস্থিতি করেন না, কিন্তু শালগ্রামশিলায় সর্ব্বদা অবস্থিত থাকেন ॥ ২১৯ ॥

এই জন্যই কহিয়াছেন যে,—

শালগ্রামশিলারূপী নৃসিংহের কি এক অলৌকিক মহিমা যে, তাঁহার চরণ সংলগ্না তুলসী ব্রহ্মহত্যা পাপ, তাঁহার পাদোদক চৌর্য্যজন্য পাপ এবং তাঁহার নৈবেদ্য বহু মদ্যপান জনিত পাপ ও গুরুপত্নীগমন জন্য পাপ নাশ করেন। আর তাঁহাকে স্মরণ এবং তাঁহার ভক্তদিগের সহিত সহবাস করিলে পূর্ব্বোক্ত পাপিদিগের সহিত সহবাস জনিত পাপ নষ্ট হয় ॥ ২২০ ॥

সর্ব্বজ্ঞ হইলেও কোন ব্যক্তি শালগ্রাম শিলার মাহাত্ম্যরূপ সমুদ্রের

ঊর্ম্মীন্ গণয়িতুং শক্যঃ শ্রীচৈতন্যাশ্রিতোঽপি কঃ ॥ ২২১ ॥

অথ শালগ্রামশিলাপূজানিত্যতা পাদ্মে।

শালগ্রামশিলাপূজাং বিনা যো হশ্নাতি কিঞ্চন।
স চণ্ডালাদিবিষ্ঠায়ামাকল্পং জায়তে কৃমিঃ ॥

স্কান্দে চ ॥

গৌরবাচলশৃঙ্গাগ্রৈর্ভিদ্যতে তস্য বৈ তনুঃ।
ন মতি র্জায়তে যস্য শালগ্রামশিলার্চ্চনে। ইতি ॥ ২২২ ॥

এবং শ্রীভগবান্ সর্ব্বৈঃ শালগ্রামশিলাত্মকঃ।

র্ম্মায় কেনাপি ন গণয়িতুং শক্যন্তে তদ্বৎ অনন্তত্বাদিতি ভাবঃ ॥ ২২১ ॥

গৌরবং গরিমা তদ্যুক্তস্যাচলস্য যদ্বা গৌরবেণ অচলং স্থিরং যচ্ছৃঙ্গং অর্থাৎ পর্ব্বত এব তস্যাগ্রৈঃ। পাঠান্তরং সুগমং। ভিদ্যতে বিদার্য্যতে। যদ্বা। শৃঙ্গাগ্রেভ্যো নিপাত্য চূর্ণীক্রিয়ত ইত্যর্থঃ ॥ ২২২ ॥

এবং লিখিত প্রকারেণ শালগ্রামশিলাত্মকঃ তৎস্বরূপঃ শ্রীভগবানেবেতি তদ্ভজনে সর্ব্বেষামধিকারোঽভিপ্রেতঃ তদেবাভিব্যঞ্জয়তি সর্ব্বৈর্দ্বিজাতিভির্জনৈঃ সম্যক্ পূজ্য ইতি। তত্র দ্বিজৈরিতি ত্রিবর্ণৈ র্বিপ্র ক্ষত্রিয় বৈশ্যৈরিত্যর্থঃ। নন্থ ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি। স্ত্রীশূদ্র করসংস্পর্শো বজ্রপাত সমো মমেতি। শালগ্রামশিলাপ্রসঙ্গে শ্রীভগবদ্বচ-

তরঙ্গমালা গণনা করিতে সমর্থ হয়েন না ॥ ২২১ ॥

অথ শালগ্রামশিলা পূজার নিত্যতা—

পদ্মপুরাণে ॥

যে ব্যক্তি শালগ্রামশিলার পূজা না করিয়া কিছু আহার করে, সে কল্পকাল পর্য্যন্ত চণ্ডাল প্রভৃতির বিষ্ঠায় কৃমি হইয়া বাস করে ॥

স্কন্দপুরাণেও ॥

যাহার শালগ্রামশিলা পূজা করিতে মতি না হয়, পর্ব্বতশৃঙ্গাগ্র দ্বারা তাহার শরীর বিদ্ধ করে ॥ ২২২ ॥

অতএব যদি যথাবিধি দীক্ষা গ্রহণ করিয়া ভগবানের পূজায় নিরত

দ্বিজৈঃ স্ত্রীভিশ্চ শূদ্রৈশ্চ পূজ্যো ভগবতঃ পরৈঃ ॥ ২২৩ ॥

তথা স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

চাতুর্মাস্যব্রতে শালগ্রামশিলার্চ্চাপ্রসঙ্গে ॥

ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বিশাং সচ্ছূদ্রাণামথাপি বা।
শালগ্রামেঽধিকারোঽস্তি ন চান্যেষাং কদাচন।

নেন স্ত্রীশূদ্রাণাং তৎপূজা নিষিধ্যতে তত্র লিখতি ভগবতঃ পরৈরিতি। যথাবিধি দীক্ষাং গৃহীত্বা ভগবৎপূজাপরৈঃ সদ্ভিরিত্যর্থঃ ॥ ২২৩ ॥

তদেব শ্রীনারদোক্ত্যা প্রমাণয়তি ব্রাহ্মণেতি। সতাং বৈষ্ণবানাং শূদ্রাণাং শালগ্রামে শ্রীশালগ্রামশিলার্চ্চনে। অন্যেষামসতাং শূদ্রাণাং অতএব শূদ্রমধিকৃত্যোক্তং বায়ুপুরাণে। অযাচকঃ প্রদাতা স্যাৎ কৃষিং বৃত্ত্যর্থমাচরেৎ। পুরাণং শৃণুয়ান্নিত্যং শালগ্রামঞ্চ পূজয়েদিতি। এবং মহাপুরাণানাং বচনৈঃ সহ ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহমিতি বচনস্য বিরোধান্মাৎসর্য্যপরৈঃ স্মার্ত্তৈঃ কৈশ্চিৎ কল্পিতমিতি মন্তব্যং। যদি চ যুক্ত্যা সিদ্ধং সমূলং স্যাত্তর্হি চ অবৈষ্ণবৈঃ শূদ্রৈস্তাদৃশীভিশ্চ স্ত্রীভিস্তৎপূজা ন কর্ত্তব্যা যথাবিধি গৃহীতবিষ্ণুদীক্ষাকৈশ্চ তৈঃ কর্ত্তব্যেতি ব্যবস্থাপনীয়ং। যতঃ শূদ্রেষ্বন্ত্যজেষ্বপি যে বৈষ্ণবাস্তে শূদ্রাদয়ো ন কিলোচ্যন্তে। তথাচ নারদীয়ে। শ্বপচোঽপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিক ইতি। ইতিহাসসমুচ্চয়ে। শূদ্রশ্বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা। বীক্ষ্যতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুব-

হন, তাহা হইলে কি ব্রাহ্মণ, কি বৈশ্য, কি ক্ষত্রিয়, কি স্ত্রী, কি শূদ্র, সকলেই নিরত হইয়া শালগ্রামশিলারূপী ভগবানের পূজা করিবেন ॥ ২২৩ ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে চাতুর্মাস্য ব্রতবিষয়ে শালগ্রামশিলা পূজার প্রসঙ্গে ঐ বিষয়ই কথিত হইয়াছে ॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, ইহাঁদিগের শালগ্রামে অধিকার অছে, শূদ্র সৎ হইলে তাহারও অধিকার আছে, অন্যের কখনও নাই, ॥

তাৎপর্য্য। অন্যের অর্থাৎ যাঁহারা বিষ্ণুভক্ত নহেন, তাঁহাদিগের শালগ্রামশিলায় অধিকার নাই। বিষ্ণুর প্রতি ভক্তি না থাকিলে ব্রাহ্মণেরও শালগ্রাম পূজায় অধিকার নাই, "সৎশূদ্র" শব্দে বিষ্ণুভক্তি পরায়ণ শূদ্র ॥

মিতি পাদ্মে চ। ন শূদ্রা ভগবদ্ভক্তা স্তেতু ভাগবতা নরাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দন ইতি। এতদাদিকং চাগ্রে বৈষ্ণবমাহাত্ম্যে বিস্তরেণ ব্যক্তং ভাবি। কিঞ্চ ভগবদ্দীক্ষাপ্রভাবেণ শূদ্রাদীনামপি বিপ্রসাম্যং সিদ্ধমেব। তথাচ তত্র। যথা কাঞ্চনতাং যাতীত্যাদি। এতচ্চ প্রাগদীক্ষামাহাত্ম্যে লিখিতমেব। অতএব তৃতীয়স্কন্ধে দেবহূতি-বাক্যং। যন্নামধেয়-শ্রবণানুকীর্ত্তনাদ্যৎপ্রহ্বণাদ্যৎস্মরণাদপি ক্বচিৎ। শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে কুতঃ পুনস্তে ভগবন্নু দর্শনাৎ। ইতি। সবনায় যজনায় কল্পতে যোগ্যো ভবতীত্যর্থঃ। অতএব বিপ্রৈঃ সহ বৈষ্ণবানামেকত্রৈব গণনা। তথাচ হরিভক্তিসুধোদয়ে শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে। তীর্থান্যশ্বথতরবো গাবো বিপ্রাস্তথা স্বয়ং। মদ্ভক্তাশ্চেতি বিজ্ঞেয়াঃ পঞ্চৈতে তনবো মমেতি। চতুর্থস্কন্ধে শ্রীপৃথুমহারাজবর্ণনে॥ সর্ব্বত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈকদণ্ডধৃক্। অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রত ইতি। অচ্যুতো গোত্রং প্রবর্ত্তকতুল্যং যেষাং বৈষ্ণবানাং তেভ্যোঽন্যত্র চেত্যর্থঃ। তথা তন্মহারাজস্যোক্তৌ। মা জাতু তেজঃ প্রভবেন্মহর্দ্ধিভিস্তিতিক্ষয়া তপসা বিদ্যয়া চ। দেদীপ্যমানেঽজিতদেবতানাং কুলে স্বয়ং রাজকুলাদ্দ্বিজানামিতি। অত্র স্বামিপাদানাং টীকা। মহত্যশ্চ তা ঋদ্ধয়শ্চ তাভির্যদ্রাজকুলস্য তেজস্তৎ তস্মাৎ সকাশাদ্দ্বিজানাং বিপ্রাণাং কুলে অজিতো দেবতা পূজ্যো যেষাং বৈষ্ণবানাং তেষাঞ্চ কুলে মা জাতু প্রভবেৎ কদাচিদপি প্রভবং ন করোতু। কথম্ভূতে। সমৃদ্ধিভি র্বিনাপি স্বয়মেব তিতিক্ষাদিভি র্দেদীপ্যমান ইতি পুরঞ্জনোক্তৌ চ। তস্মিন্ দধে দমমহং তব বীরপত্নি যোঽন্যত্র ভূসুরকুলাৎ কৃতকিল্বিষস্তে। পশ্যে ন বীতভয়মুন্মুদিতং ত্রিলোক্যামন্যত্র বৈ মুররিপোরিতরত্র দাসাদিতি। অত্রাপি সৈব টীকা। হে বীরপত্নি যস্তে কৃতাপরাধঃ তস্মিন্নহং ব্রাহ্মণকুলাদন্যত্র অন্যস্মিন্ মুররিপুদাসাদিতরত্র চ দমং দধে দণ্ডং করোমীত্যাদি। ঈদৃশানিচ বচনানি শ্রীভাগবতাদৌ বহূন্যেব সন্তি। ইত্থং বৈষ্ণবানাং ব্রাহ্মণৈঃ সহ সাম্যমেব সিধ্যতি। কিঞ্চ। বিপ্রাদ্দ্বিষড়্গুণযুতাদিত্যাদি

বায়ুপুরাণে এইরূপ শূদ্রের বর্ণনা করিয়াছেন। যাচ্ঞা করিবে না, যথেষ্ট দান করিবে, জীবনযাত্রা নির্ব্বাহের নিমিত্ত কৃষিকর্ম্ম করিবে এবং নিত্য পুরাণ শ্রবণ করিবে। এরূপ শূদ্র শালগ্রামশিলা পূজা করিতে পারিবে। অতএব শূদ্রে শালগ্রাম পূজা করিতে পারে না, এ ব্যবস্থা কতক গুলিন মৎসর স্মার্ত্ত কল্পনামাত্র করিয়াছেন। নারদপুরাণে কথিত হইয়াছে। হে মহীপাল! চণ্ডালও বিষ্ণুভক্তিপরায়ণ হইলে দ্বিজাতি অপেক্ষা শ্রেষ্ঠ হয়॥

তত্রৈবান্যত্র ॥

স্ত্রিয়ো বা যদি বা শূদ্রা ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াদয়ঃ।
পূজয়িত্বা শিলাচক্রং লভন্তে শাশ্বতং পদমিতি ॥
অতো নিষেধকং যদ্যদ্বচনং শ্রূয়তে স্ফুটং।
অবৈষ্ণবপরং তত্তদ্বিজ্ঞেয়ং তত্ত্বদর্শিভিঃ।

বচনৈরবৈষ্ণবব্রাহ্মণেভ্যো নীচজাতিজাতানামপি বৈষ্ণবানাং শ্রৈষ্ঠ্যং নির্দ্দিশ্যতেতরাং। অতএবোক্তং শ্রীভগবতা শ্রীহয়গ্রীবেণ হয়শীর্ষপঞ্চরাত্রে পুরুষোত্তমপ্রতিষ্ঠান্তে। মূর্ত্তি পানান্ত দাতব্যা দেশিকার্দ্ধেন দক্ষিণা। তদর্দ্ধং বৈষ্ণবানান্তু তদর্দ্ধং তদ্দ্বিজন্মনামিতি। অতো যুক্তমেব লিখিতং সর্ব্বৈর্ভগবৎপরৈঃ সংপূজ্য ইতি। তথাচ ব্রহ্মবৈবর্ত্তে প্রিয়ব্রতোপাখ্যানে ধর্ম্মব্যাধস্যাপি শ্রীশালগ্রামশিলাপূজনমুক্তং। ততঃ স বিস্মিতঃ শ্রুত্বা ধর্ম্মব্যাধস্য তদ্বচঃ। তস্থৌ স চ সমানীয় দর্শয়ামাস তাবুভৌ। নির্নিক্তবসনৌ বৃদ্ধাবাসনস্থৌ নিজৌ গুরু। শালগ্রামশিলাঞ্চৈব তৎসমীপে সুপূজিতামিতি। অত্রাচারশ্চ সতাং মধ্যদেশে হস্মিন্ বিশেষতো দক্ষিণদেশে চ মহত্তমানাং শ্রীবৈষ্ণবানাং প্রমাণমিতি দিক্। এবং শ্রীভাগবতপাঠাদাবপ্যধিকারো বৈষ্ণবানাং দ্রষ্টব্যঃ। যতো বিধিনিষেধা ভগবদ্ভক্তানাং ন ভবন্তীতি দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণামিত্যাদি বচনৈঃ। তথা কর্ম্মপরিত্যাগাদিনাপি ন কশ্চি-

পদ্মপুরাণেও বর্ণিত হইয়াছে, যে সকল শূদ্র বিষ্ণুর ভক্ত,তাঁহারা শূদ্র নহেন, যাহাদের জনার্দ্দনে ভক্তি নাই, তাহারা যে কোন বর্ণ হউক না কেন, তাহাদিগকেই শূদ্র বলিয়া জানিতে হয়। অতএব শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে দেবহূতি "যন্নামধেয়" ইত্যাদি শ্লোকে কহিয়াছেন, স্ত্রীর পক্ষেও এইরূপ বিধি ॥

ঐ স্কন্দপুরাণের অন্যস্থলে ॥

স্ত্রী হউক বা শূদ্র হউক, অথবা ব্রাহ্মণ হউক কিম্বা ক্ষত্রিয়াদিই হউক, শালগ্রাম পূজা করিলে নিত্যপদ লাভ করিবে ॥

অতএব স্ত্রীশূদ্রাদির শালগ্রাম পূজা করিবার বিষয়ে যে সকল নিষেধ-বাক্য স্পষ্ট শ্রবণ করা যায়, তত্ত্বদর্শি পণ্ডিতগণ বলিয়াছেন, যাহারা বিষ্ণুভক্ত নহে, ঐ সকল নিষেধ-বচন তাহাদিগেরই পক্ষে ॥

যথা—

ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি।
স্ত্রীশূদ্রকরসংস্পর্শো বজ্রাদপি সুদুঃসহঃ।
প্রণবোচ্চারণাচ্চৈব শালগ্রামশিলার্চ্চনাৎ।
ব্রাহ্মণীগমনাচ্চৈব শূদ্রশ্চণ্ডালতামিয়াৎ॥ ২২৪॥
সন্ধার্য্যা বৈষ্ণবৈর্যত্নাচ্ছালগ্রামশিলাসুবৎ।
সা চার্চ্চা দ্বারকাচক্রাঙ্কিতোপেতৈব সর্ব্বদা॥

অথ শালগ্রামশিলা শ্রীদ্বারকাচক্রাঙ্ক—

শিলাসংযোগমাহাত্ম্যং ব্রাহ্মে তত্রৈব॥
শালগ্রামোদ্ভবো দেবো দেবো দ্বারবতীভবঃ।

দ্দোষো ঘটত ইতি তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীতেতি যদা যস্যানুগৃহ্লাতি ভগবানিত্যাদি বচনৈশ্চ ব্যক্তং বোধিতমেবাস্তি। এতৎ সর্ব্বমগ্রে শ্রীবৈষ্ণবমাহাত্ম্যে বিস্তরেণ ব্যক্তং ভাবি॥ ২২৪॥

অসুবৎ প্রাণবৎ যত্নাৎ সংধার্য্যা। অর্চ্চ্যা পূজয়িতব্যা॥ ২২৫॥

নিষেধ বচন যথা—

শুচি হউন বা অশুচিই হউন, ব্রাহ্মণই আমার পূজায় অধিকারী, স্ত্রী বা শূদ্রের হস্তসংস্পর্শ বজ্র হইতেও আমার দুঃসহ বোধ হয়॥

প্রণব "ওঁ" উচ্চারণ করিলে শালগ্রামশিলার পূজা করিলে এবং ব্রাহ্মণীগমন করিলে শূদ্র চণ্ডালত্ব প্রাপ্ত হয়॥ ২২৪॥

বৈষ্ণবগণ যত্ন সহকারে প্রাণের ন্যায় শালগ্রামশিলা ধারণ করিবেন। যখন পূজা করিবেন, তখন দ্বারকাচক্রাঙ্কিতশিলার সহিত একত্রই পূজা করিবেন॥

অথ শালগ্রামশিলা ও দ্বারকাচক্রাঙ্কিতশিলা,
এই উভয়ের সংযোগমাহাত্ম্যে॥
ব্রহ্মপুরাণের ঐ স্থলেই॥

শালগ্রামোৎপন্ন দেব এবং দ্বারকায় উৎপন্ন দেব, যে স্থানে এই

উভয়োঃ সঙ্গমো যত্র মুক্তিস্তত্র ন সংশয়ঃ।
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
চক্রাঙ্কিতা শিলা যত্র শালগ্রামশিলাগ্রতঃ।
তিষ্ঠতে মুনিশার্দ্দূল বর্দ্ধন্তে তত্র সম্পদঃ।
তত্রৈবান্যত্র ॥
প্রত্যহং দ্বাদশ শিলাঃ শালগ্রামস্য যোঽর্চ্চয়েৎ।
দ্বারবত্যাঃ শিলাযুক্তাঃ স বৈকুণ্ঠে মহীয়তে ॥ ২২৫ ॥
অথ শ্রীদ্বারকাচক্রাঙ্কলক্ষণানি ॥
শ্রীপ্রহ্লাদসংহিতায়াং ॥
একঃ সুদর্শনো দ্বাভ্যাং লক্ষ্মীনারায়ণঃ স্মৃতঃ।
ত্রিভিস্ত্রিবিক্রমো নাম চতুর্ভিশ্চ জনার্দ্দনঃ।
পঞ্চভির্বাসুদেবস্তু ষড়্ভিঃ প্রদ্যুম্ন উচ্যতে

এক একচক্রো যঃ স সুদর্শন ইত্যর্থঃ। দ্বাভ্যাং চক্রাভ্যামেবমগ্রেঽপ্যূহ্যং ॥ ২২৬ ॥

উভয়ের সম্মিলন আছে, সেই স্থানেই মুক্তি অবস্থিত, ইহাতে কোন সন্দেহ নাই ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

হে মুনিশ্রেষ্ঠ! দ্বারকাচক্রাঙ্কিত শিলা যে স্থানে শালগ্রামশিলার সম্মুখে থাকে, সে স্থানে সর্ব্বপ্রকার সম্পত্তি বৃদ্ধি প্রাপ্ত হয় ॥

ঐ স্কন্দপুরাণেই অন্যস্থলে ॥

যে ব্যক্তি প্রত্যহ দ্বারকাশিলার সহিত দ্বাদশটী শালগ্রামশিলার পূজা করেন, বৈকুণ্ঠে তিনি সম্মান প্রাপ্ত হয়েন ॥ ২২৫ ॥

অথ দ্বারকাচক্রচিহ্নের লক্ষণ সকল ॥

শ্রীপ্রহ্লাদসংহিতায় ॥

যিনি এক চক্র, তিনি সুদর্শন, যাঁহার দুই চক্র তাঁহার নাম লক্ষ্মী-নারায়ণ, তিন চক্রাঙ্কিতের নাম ত্রিবিক্রম, চারি চক্রাঙ্কিতের নাম

সপ্তভির্বলদেবস্তু অষ্টভিঃ পুরুষোত্তমঃ ॥ ২২৬ ॥
নবভিশ্চ নবব্যূহো দশভি র্দশমূর্ত্তিকঃ।
একাদশৈশ্চানিরুদ্ধো দ্বাদশৈর্দ্বাদশাত্মকঃ।
অন্যেষু বহুচক্রেষু অনন্তঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২২৭ ॥
অথ দ্বাদশচক্রাঙ্কমাহাত্ম্যং বারাহে ॥
যে কেচিচ্ছৈব পাষাণা বিষ্ণুচক্রেণ মুদ্রিতাঃ।
তেষাং স্পর্শনমাত্রেণ মুচ্যতে সর্ব্বপাতকৈঃ।
গারুড়ে ॥
সুদর্শনাদ্যাস্তু শিলাঃ পূজিতাঃ সর্ব্বকামদাঃ।

নবব্যূহঃ নৃসিংহ বরাহ হয়গ্রীব নারায়ণ ব্রহ্মাণঃ পঞ্চ বাসুদেবাদ্যাশ্চত্বারঃ এবং নবব্যূহ রূপঃ মৎস্যকূর্ম্মাদি দশাবতারাত্মকঃ। একাদশৈরিত্যার্ষং। একাদশভিঃ। পাঠান্তরে একাদশ চক্রাণি যদি স্যুস্তর্হি অনিরুদ্ধ ইত্যর্থঃ। এবমগ্রেঽপি দ্বাদশাত্মকঃ দ্বাদশাদিত্য-রূপঃ। কেশব নারায়ণাদি দ্বাদশরূপো বা ॥ ২২৭ ॥

জনার্দ্দন। পঞ্চচক্রাঙ্কিতের নাম বাসুদেব, ষট্‌চক্রাঙ্কিতের নাম প্রদ্যুম্ন, সপ্ত চক্র বলদেব। অষ্ট চক্র পুরুষোত্তম। ২২৬ ॥

নবচক্র নবব্যূহ। দশচক্র দশমূর্ত্তি। একাদশ চক্রাঙ্কিত শিলার নাম অনিরুদ্ধ। দ্বাদশ চক্রের নাম দ্বাদশাত্মক। যাঁহার ইহা অপেক্ষা অধিক চক্র, তাঁহাকে অনন্ত বলিয়া কীর্ত্তন করাযায় ॥ ২২৭ ॥

অথ দ্বাদশ চক্রাঙ্কের মাহাত্ম্য—

বরাহপুরাণে ॥

যে কোন শিলা বিষ্ণুচক্র দ্বারা চিহ্নিত সেই সকলের স্পর্শমাত্রে সমুদায় পাতক হইতে নির্ম্মুক্ত হইবে ॥

গরুড়পুরাণে ॥

সুদর্শন প্রভৃতি শিলার পূজা করিলে সমুদায় কামনা সুসিদ্ধ হয় কারণ ঐ সকল শিলা সর্ব্বকামপ্রদায়িনী ॥

স্কান্দে চ ॥

ভক্ত্যা বা যদি বাভক্ত্যা চক্রাঙ্কং পূজয়েন্নরঃ।
অপি চেৎ সুদুরাচারো মুচ্যতে নাত্র সংশয়ঃ।
দ্বারকামাহাত্ম্যে চ দ্বারকাগতানাং শ্রীব্রহ্মাদীনামুক্তৌ ॥
এতদ্বৈ চক্রতীর্থন্তু যচ্ছিলা চক্রচিহ্নিতা।
মুক্তিদা পাপিনাং লোকে ম্লেচ্ছদেশেঽপি পূজিতা।
অথ তেষ্বেব চক্রভেদেন ফলভেদঃ। কপিলপঞ্চরাত্রে ॥
একচক্রস্তু পাষাণো দ্বারবত্যাঃ সুশোভনঃ।
সুদর্শনাভিধো যোঽসৌ মোক্ষৈকফলদায়কঃ।
লক্ষ্মীনারায়ণৌ দ্বাভ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদঃ।
এভিশ্চাচ্যুতরূপোঽসৌ ফলমৈন্দ্রং প্রযচ্ছতি।
চতুর্ভুজশ্চতুশ্চক্রশ্চতুর্ব্বর্গফলপ্রদঃ।

স্কন্দপুরাণে ॥

ভক্তিভাবেই হউক, আর অভক্তিভাবেই হউক, যে মানব চক্র-চিহ্নিত শিলার পূজা করেন, তিনি অতিশয় দুরাচার হইলেও মুক্তি প্রাপ্ত হয়েন, ইহাতে কোন সংশয় নাই ॥

দ্বারকামাহাত্ম্যগ্রন্থে দ্বারকাগত ব্রহ্মাদির বাক্যে ॥

যে শিলায় চক্র চিহ্ন আছে তাহারই নাম চক্রতীর্থ। পৃথিবীতে ম্লেচ্ছদেশেও তাহার পূজা করিলে পাপি সকল মুক্তি পায় ॥

ঐ সকল শিলারই মধ্যে চক্রভেদে ফলভেদ ॥

কপিলপঞ্চরাত্রে ॥

দ্বারকায় যে সুন্দর শিলায় একটী চক্রের চিহ্ন আছে, তাহার নাম সুদর্শন। সুদর্শন একমাত্র মুক্তি দান করেন ॥

দুই চক্রে লক্ষ্মীনারায়ণ, ইনি ভোগ ও মুক্তিফল দান করেন। তিন চক্রে অচ্যুত, অচ্যুত ইন্দ্রপদ প্রদান করেন ॥

চারি চক্রে চতুর্ভুজ, ইনি চতুর্ব্বর্গফল দান করেন। পাঁচ চক্রা-

পঞ্চভি র্বাসুদেবশ্চ জন্মমৃত্যুভয়াপহঃ।
ষড়্ভিঃ প্রদ্যুম্ন এবাসৌ লক্ষ্মীং কান্তিং দদাতি সঃ।
সপ্তভি র্বলভদ্রোঽসৌ গোত্রকীর্ত্তিবিবর্দ্ধনঃ।
দদাতি বাঞ্ছিতং সর্ব্বমষ্টভিঃ পুরুষোত্তমঃ।
নবচক্রো নৃসিংহস্তু ফলং যচ্ছত্যনুত্তমং।
রাজ্যপ্রদো দশভিস্তু দশাবতারকঃ স্মৃতঃ।
একাদশভিরৈশ্বর্য্যমনিরুদ্ধঃ প্রযচ্ছতি।
নির্ব্বাণং দ্বাদশাত্মাসৌ সৌখ্যদশ্চ সুপূজিতঃ।
অথ বর্ণাদিভেদেন দোষগুণাঃ পূজ্যত্বাপূজ্যত্বে চ—
তত্রৈব॥
কৃষ্ণো মৃত্যুপ্রদো নিত্যং ধূম্রশ্চৈব ভয়াবহঃ।
অস্বাস্থ্যং কর্ব্বুরো দদ্যান্নীলস্তু ধনহানিদঃ।
ছিদ্রো দারিদ্র্যদুঃখানি দদ্যাৎ সংপূজিতো ধ্রুবং॥

ঙ্কিতের নাম বাসুদেব, ইনি জন্ম মরণ-জন্য ভয় নিবারণ করেন॥

ছয় চক্রের নাম প্রদ্যুম্ন, ইনি লক্ষ্মী ও সৌন্দর্য্য দান করেন এবং সাতচক্রে বলভদ্র, ইনি গোত্র এবং যশ বৃদ্ধি করেন॥

আট চক্রাঙ্কিত শিলার নাম পুরুষোত্তম, ইনি সমুদায় অভীষ্ট পূর্ণ করেন। নয় চক্রে নৃসিংহ, নৃসিংহ অত্যুত্তম ফল দান করেন। দশ চক্রে দশাবতার, দশাবতার রাজ্যপ্রদাতা। একাদশ চক্রে অনিরুদ্ধ, ইনি ঐশ্বর্য্য দান করিয়া থাকেন। দ্বাদশ চক্রে দ্বাদশাত্মা, পূজা করিলে ইনি মুক্তি ও সুখ দান করেন॥

অথ বর্ণাদিভেদে দোষ গুণ ও পূজ্য অপূজ্যের বিষয়॥

ঐ গ্রন্থেই॥

কৃষ্ণবর্ণ মৃত্যু এবং ধূম্রবর্ণ সর্ব্বদা ভয় প্রদান করেন। কর্ব্বুরবর্ণ অস্বাস্থ্য দেন, নীলবর্ণ ধন হানি করেন॥

যাঁহার ছিদ্র আছে, তাঁহার পূজা করিলে নিশ্চয়ই দারিদ্র্য-দুঃখ

পাণ্ডরস্তু মহদ্দুঃখং ভগ্নো ভার্য্যাবিয়োগদঃ।
পুত্রপৌত্রধনৈশ্বর্য্যসুখমত্যন্তমুত্তমং।
দদাতি শুক্লবর্ণশ্চ তস্মাদেনং সমর্চ্চয়েৎ ॥ ২২৮ ॥
শ্রীপ্রহ্লাদসংহিতায়াং ॥
কৃষ্ণা মৃত্যুপ্রদা নিত্যং কপিলা চ ভয়াবহা ॥
রোগার্ত্তিং কর্ব্বুরা দদ্যাৎ পীতা বিত্তবিনাশিনী।
ধূম্রাভা বিত্তনাশায় ভগ্না ভার্য্যাবিনাশিকা।
সচ্ছিদ্রা চ ত্রিকোণা চ তথা বিষমচক্রিকা।
অর্দ্ধচন্দ্রাকৃতি র্যাচ পূজ্যাস্তা ন ভবন্তি হি ॥ ২২৯ ॥
গার্গ্যগালবয়োঃ ॥
সুখদা সমচক্রা তু দ্বাদশী চোত্তমা শুভা।

ছিদ্রঃ সচ্ছিদ্র ইত্যর্থঃ। শুক্লঃ বর্চ্চঃ বর্ণো যস্য সঃ ॥ ২২৮ ॥
তাঃ সচ্ছিদ্রাদ্যাঃ কৃষ্ণাদয়ো বা ॥ ২২৯ ॥

ঘটে, পাণ্ডুবর্ণ সুমহৎ দুঃখ দান করেন, ভগ্ন, ভার্য্যাবিয়োগ উপস্থিত করেন। শুক্লবর্ণ পুত্র, পৌত্র, ধন, ঐশ্বর্য্য ও অত্যুত্তম সুখ দান করেন, অতএব ইহাঁরই পূজা করিবে ॥ ২২৮ ॥

প্রহ্লাদসংহিতায় ॥

কৃষ্ণবর্ণ মৃত্যু প্রদান করেন, কপিলবর্ণ সর্ব্বদা ভয়প্রদ হয়েন। কর্ব্বুর অর্থাৎ নানাবর্ণ রোগজন্য যাতনা দেন, পীতবর্ণ ধন নাশ করেন। ধূম্রবর্ণ ধন নাশ ও ভগ্ন, ভার্য্যা নাশ করিয়া থাকেন। যাহাতে ছিদ্র আছে, যাহা ত্রিকোণ, যাহার চক্র বিষম ও যাহার আকৃতি অর্দ্ধ-চন্দ্রের ন্যায়, এরূপ শিলা কদাচ পূজা করিবে না ॥ ২২৯ ॥

গার্গ্য ও গালব কহিয়াছেন ॥

যাঁহার চক্র সমান, তিনি সুখদাতা, যাঁহারা দ্বাদশ চক্র তিনি অত্যুত্তম মঙ্গল প্রদান করেন, বর্ত্তুলাকার বা চতুষ্কোণ মনুষ্যগণকে সুখ

বর্ত্তুলা চতুরস্রা চ নরাণাঞ্চ সুখপ্রদা ॥
ত্রিকোণা বিষমা চৈব ছিদ্রা ভগ্না তথৈব চ।
অর্দ্ধচন্দ্রাকৃতির্যাতু পূজার্হা ন ভবেত্তু সা।
ফলং নোৎপদ্যতে তত্র পূজিতায়াং কদাচন ॥ ২৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে আধিষ্ঠানিকো নাম পঞ্চমোবিলাসঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

দ্বাদশী দ্বাদশাত্মসংজ্ঞিকা দ্বাদশকোণা বা ॥ ২৩০ ॥

॥ * ॥ ইতি পঞ্চমঃ ॥ * ॥

প্রদান করিয়া থাকেন। আর যে শিলা ত্রিকোণ, বিষম চক্র, সচ্ছিদ্র, ভগ্ন বা অর্দ্ধচন্দ্রাকৃতি তাঁহার পূজা করিবে না, পূজা করিলে কখনই ফল হয় না ॥ ২৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীগোপালভট্টবিলিখিতে ভগবদ্ভক্তিবিলাসে শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃতানুবাদে আধিষ্ঠানিকো নাম পঞ্চমোবিলাসঃ সমাপ্তঃ ॥ * ॥

ষষ্ঠবিলাসঃ।

শ্রীচৈতন্যপ্রসাদেন তদ্রূপং গোকুলোৎসবং।
মনোজ্ঞং যষ্টুকামস্য মূর্ত্ত্যর্চ্চাবিধিরুচ্যতে ॥ ১ ॥

শ্রিয়ো মহালক্ষ্ম্যাঃ চৈতন্যং জীবনরূপো ভগবান্ শ্রীকৃষ্ণঃ। স্বমতেতু নিজভক্তৌ সর্ব্বেষামেব চেতয়িতৃত্বেন শ্রীচৈতন্য ইতি বিখ্যাতঃ শ্রীশচীনন্দনস্তস্য প্রসাদেন মূর্ত্তেঃ শ্রীভগবৎপ্রতিকৃতেঃ অর্চ্চায়াঃ পূজায়া বিধিরুচ্যতে লিখ্যতে। নন্থ সর্ব্বাধিষ্ঠানতঃ শ্রীশালগ্রামশিলায়া মাহাত্ম্যমধিকং লিখিতমিতিঃতৎপূজাবিধিরেব লিখিতুং যুজ্যতে তত্র লিখতি। গোকুলোৎসবং তস্য চৈতন্যস্য রূপং তৎ অনির্ব্বচনীয়ং বা রূপং যষ্টুকামস্য পূজয়িতুমিচ্ছতো জনস্য। কুতঃ। মনোজ্ঞং চিত্তাকর্ষকং। শ্রীমূর্ত্তিমন্তরেণ মনঃসন্তোষো ন স্যাদিতি তদ্ভক্তানাং তৎপূজৈবোপযুক্তেতি ভাবঃ। অতএব তত্তদ্বীপং স্বরভিঘৃতসংসিক্তকর্পূরবর্ত্ত্যা দীপ্তং দৃষ্ট্যাদ্যতিবিশদধীঃ পাদপর্য্যন্তমুর্চ্চৈরিত্যাদি বচনৈঃ ক্রমদীপিকাদৌ দৃষ্ট্যাদিনির্দ্দেশেন শ্রীমূর্ত্তিপূজৈবাভিপ্রেতেতি দিক্ ॥ ১ ॥

যিনি সেই শ্রীকৃষ্ণের মনোহর গোকুলের উৎসব-স্বরূপ মূর্ত্তিপূজা করিতে ইচ্ছা করেন, তাঁহার জন্য শ্রীশচীনন্দনদেবের অনুগ্রহে মূর্ত্তিপূজার বিধান লিখিতে প্রবৃত্ত হইলাম ॥

তাৎপর্য্য। যদি বলেন শালগ্রামই ভগবানের সর্ব্বশ্রেষ্ঠ অধিষ্ঠান অতএব শালগ্রাম শিলারই পূজা করা কর্ত্তব্য, তবে আর কেন মূর্ত্তিপূজার বিধান লিখিতে প্রবৃত্ত হইতেছ। এই আশঙ্কায় কহিতেছেন। মনোজ্ঞ অর্থাৎ শ্রীমূর্ত্তির অলৌকিক রূপ দর্শন করিলে অনায়াসেই চিত্ত আকৃষ্ট হয়, সুতরাং যাঁহারা ভগবানের ভক্ত তাঁহাদিগের শ্রীমূর্ত্তিরই পূজা করা কর্ত্তব্য ॥ ১ ॥

স্বয়ং ব্যক্তাঃ স্থাপনাশ্চ মূর্ত্তয়ো দ্বিবিধা মতাঃ।
স্বয়ং ব্যক্তাঃ স্বয়ং কৃষ্ণঃ স্থাপনাস্তু প্রতিষ্ঠয়া ॥ ২ ॥
তথাচ পাদ্মোত্তরখণ্ডে ॥
শৃণু দেবি প্রবক্ষ্যামি তদর্চ্চাবসথং হরেঃ।
স্থাপনঞ্চ স্বয়ং ব্যক্তং দ্বিবিধং তৎ প্রকীর্ত্তিতং ॥ ৩ ॥
শিলামৃদ্দারুলৌহাদ্যৈঃ কৃত্বা প্রতিকৃতিং হরেঃ।
শ্রৌতস্মার্ত্তাগমপ্রোক্ত বিধিনা স্থাপনং হি যৎ।
তৎ স্থাপনমিতি প্রোক্তং স্বয়ং ব্যক্তং হি মে শৃণু।
যস্মিন্ সন্নিহিতো বিষ্ণুঃ স্বয়মেব নৃণাং ভুবি।
পাষাণদার্ব্বোরাত্মেশঃ স্বয়ং ব্যক্তং হি তৎ স্মৃতমিতি।
দুর্ল্লভত্বাৎ স্বয়ং ব্যক্তমূর্ত্তেঃ শ্রীবৈষ্ণবোত্তমঃ।

স্বয়ং ব্যক্তাঃ শ্রীরঙ্গশায়িপ্রভৃতয়ঃ। স্বয়ং সাক্ষাদেব কৃষ্ণঃ। প্রতিষ্ঠয়া কৃত্বা কৃষ্ণঃ স্যাৎ ॥ ২ ॥

অর্চ্চায়াঃ পূজায়াঃ আবসথং স্থানমিত্যর্থঃ ॥ ৩ ॥

মূর্ত্তি দুই প্রকার, স্বয়ং প্রকাশিত অর্থাৎ শ্রীরঙ্গশায়ী প্রভৃতি, আর স্থাপিত। স্বয়ং প্রকাশিত সাক্ষাৎ কৃষ্ণ, আর যাহা প্রতিষ্ঠা করা হইয়াছে, তাহার নাম স্থাপিত ॥ ২ ॥

অতএব পদ্মপুরাণের উত্তরখণ্ডে ॥

হে দেবি! হরির যে পূজার স্থান, তাহা বলিতেছি শ্রবণ কর। উহা দুই প্রকার, স্থাপিত এবং স্বয়ং ব্যক্ত ॥ ৩ ॥

শিলা, মৃত্তিকা, কাষ্ঠ এবং লৌহাদি দ্বারা হরির প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া শ্রুতি, স্মৃতি এবং তন্ত্রোক্ত বিধি দ্বারা যে প্রতিষ্ঠা করা, তাহার নাম স্থাপন। স্বয়ং ব্যক্ত বলিতেছি শ্রবণ কর ॥

আত্মেশ্বর বিষ্ণু পৃথিবীতে যে পাষাণ বা কাষ্ঠে মনুষ্যগণের সন্নিধানে অবস্থিতি করিতেছেন, তাঁহার নাম স্বয়ং ব্যক্ত ॥

স্বয়ং ব্যক্তমূর্ত্তি সহজে পাওয়া যায় না অতএব বৈষ্ণবোত্তম যথা-

যথাবিধি প্রতিষ্ঠাপ্য স্থাপিতাং মূর্ত্তিমর্চ্চয়েৎ।
অথ শ্রীমূর্ত্তিপূজামাহাত্ম্যং ॥
হরিভক্তিসুধোদয়ে ॥
নৈকং স্ববংশন্তু নরস্তারয়ত্যখিলং জগৎ।
অর্চ্চায়ামীপ্সিতং নৃণাং ফলং যাগাদিদুর্ল্লভং।
প্রতিমামাশ্রিতোঽভীষ্টপ্রদাং কল্পলতাং যথা ॥ ৪ ॥
অথ শ্রীমূর্ত্তেঃ প্রসাদনং। আত্মাদিশুদ্ধয়শ্চ ॥
শ্রীমূর্ত্তিং ক্ষালনার্হান্তু শস্তগন্ধজলাদিনা।
প্রক্ষালয়েত্তদন্যান্তু মূলমন্ত্রেণ মার্জয়েৎ ॥ ৫ ॥
শ্রীমূর্ত্তিহৃদয়ং স্পৃষ্ট্বা স্বমন্ত্রং চাষ্টধা জপেৎ।

অর্চ্চায়াং শ্রীমূর্ত্তৌ। নৃণামীপ্সিতং ফলং যাগাদিদুর্ল্লভমপি সা দদাতি ॥ ৪ ॥
প্রক্ষালনার্হাং শৈলী-লৌহী-প্রতিকৃতিং। তদন্যাং লেপ্যাদ্যাং ॥ ৫ ॥

বিধানে প্রতিষ্ঠা করিয়া স্থাপিত মূর্ত্তির অর্চ্চনা করিবেন ॥

অথ শ্রীমূর্ত্তিপূজার মাহাত্ম্য ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

পূজা করিলে মনুষ্য কেবল নিজের বংশ নহে, সমস্ত জগৎ উদ্ধার করেন। যাগাদি দ্বারা মনুষ্যগণের যে ফল দুর্ল্লভ শ্রীমূর্ত্তি পূজা করিলে সেই ফল লাভ হইয়া থাকে, যেমন কল্পলতাকে, তেমনি প্রতিমাকে আশ্রয় করিলে অভীষ্ট সিদ্ধি হয় ॥ ৪ ॥

অথ শ্রীমূর্ত্তির সংস্কার এবং আত্মাদি শুদ্ধি ॥

যে সকল মূর্ত্তি ক্ষালন করিবার যোগ্য অর্থাৎ প্রস্তরময়ী ও লৌহময়ী, সে সকল মূর্ত্তিকে প্রশস্ত গন্ধ ও জলাদি দ্বারা ক্ষালন করিবে। অন্যান্য মূর্ত্তি অর্থাৎ লেপময়ী ও লেখময়ী প্রভৃতি যাহা ক্ষালন করিবার যোগ্য নহে, তৎসমুদায়কে মূলমন্ত্র পাঠ করিয়া মার্জনা করিবে ॥ ৫ ॥

শ্রীমূর্ত্তির হৃদয় স্পর্শ করিয়া আটবার নিজমন্ত্র জপ করিবে। এই

এবং প্রসাদনং মূর্ত্তেরাত্মনস্তৎপ্রসাদনাৎ।
শুদ্ধিরেকা দ্বিতীয়া তু স্যাদব্যগ্রতয়াপি চ ॥ ৬ ॥
স্থানশুদ্ধিস্তথা দ্রব্যশুদ্ধিশ্চ লিখিতা পুরা।
ইতি প্রকারভেদেন ভবেচ্ছুদ্ধিচতুষ্টয়ং।
উক্তঞ্চ শ্রীনারদেন ॥
পুষ্পেণাম্বু গৃহীত্বা তু প্রোক্ষয়েৎ সর্ব্বসাধনং।

অষ্টধা বারাষ্টকং। আত্মশুদ্ধিং অব্যগ্রত্বাদিনা। যদ্যপি পূজারম্ভাদেব সা সদাপেক্ষ্যতে তথাপি বহিঃ শ্রীমূর্ত্তিপূজায়ামবশ্যাপেক্ষ্যত্বাৎ শুদ্ধিপ্রসঙ্গাদ্বাত্র লিখিতা ॥ ৬ ॥

নন্থ ক্বচিৎ শুদ্ধিচতুষ্টয়ং ক্বচিচ্চ শুদ্ধিষট্কং শ্রূয়তে। অত্র তু মূর্ত্তিশুদ্ধিরাত্মশুদ্ধিশ্চেতি শুদ্ধিদ্বয়মাত্রং লিখিতং তৎ কুত ইত্যতো লিখতি স্থানেতি। পুরা পূর্ব্বং দেবালয়মার্জনাদি-প্রকরণে স্থানশুদ্ধিঃ শঙ্খপ্রতিষ্ঠাশেষেচ শঙ্খোদকাদিনা দ্রব্যশুদ্ধির্লিখিতা ইতি। অনেন প্রকারেণ ভেদোঽত্রায়ং জ্ঞেয়ঃ। প্রক্ষালনাদিনা শ্রীমূর্ত্তিশুদ্ধিঃ শোধনপ্রোক্ষণাদিনা দ্রব্য-শুদ্ধিরব্যগ্রত্বেন চাত্মশুদ্ধিরভিব্যঞ্জিতৈব। তত্রচ আত্মতত্ত্বায় নমঃ বিদ্যাতত্ত্বায় নমঃ শ্রীভগবত্তত্ত্বায় নম ইত্যুক্ত্বা প্রোক্ষণীপাত্রনিহিতেন কিঞ্চিদভিমন্ত্রিতশঙ্খজলেন তুলসীদল-গৃহীতেন স্বমূর্দ্ধন্যভিষেকং কুর্য্যাদিত্যেবমাত্মশুদ্ধিং কেচিন্মন্যন্তে। স্থানশুদ্ধিশ্চ সংমার্জনা-লেপনাদিনা বেদিকামণ্ডলনির্ম্মাণাদিনা চ। তথাচোক্তং শ্রীরামার্চ্চনচন্দ্রিকায়াং। বিলিপ্য বেদিকাং সম্যঙ্মণ্ডলং তত্র কারয়েৎ। রক্তৈস্তণ্ডুলচূর্ণৈশ্চ নীল-পীত-সিতাসিতৈঃ। লিখেদষ্ট-দলং পদ্মং চতুরস্রং সমাবৃতং। ষট্কোণং কর্ণিকামধ্যে কোণাগ্রে বৃত্তসংবৃতং। সাধ্যমেব ততঃ শোভা রেখাভিরুপশোভিতং। সংপূজ্য মণ্ডলঞ্চৈব তত্র সিংহাসনং ন্যসেৎ। চন্দ্রাতপ-পতাকৈশ্চ তোরণৈরপি সর্ব্বতঃ। চিত্রিতং তত্র তত্রাপি ভিত্তিস্তম্ভস্থলাদিষিতি। এতচ্চ কেষাঞ্চিন্মতে শ্রীরঘুনাথপূজাবিষয়ং। ক্রমদীপিকাকারাদিমতে চ দীক্ষাবিধিবিষয়মেবেতি। মন্ত্রশুদ্ধিশ্চ অস্ত্রমন্ত্রেণ মন্ত্রশুদ্ধিং পরিকল্পয়ামীত্যেবং। চিত্তশুদ্ধিশ্চ চিন্তান্তরপরিত্যাগাদি-নেত্যেবং ষট্শুদ্ধয়ঃ। তাশ্চ সর্ব্বা এব পরিপাল্যা বৈষ্ণবৈঃ কিন্তু নিজসম্প্রদায়ানুসারেণেত্যর্থঃ ॥ ৭ ॥

প্রকার মূর্ত্তি সংস্কার করাতে এক প্রকার আত্মশুদ্ধি হয়। দ্বিতীয় আত্ম-শুদ্ধি চিত্তের স্থৈর্য্য সম্পাদন দ্বারা হইয়া থাকে ॥ ৬ ॥

পূর্ব্বে স্থানশুদ্ধি ও দ্রব্যশুদ্ধি লিখিয়াছি। এই প্রকার গণনা করিলে শুদ্ধি চারি প্রকার হয় ॥

শ্রীনারদ কহিয়াছেন ॥

পুষ্পদ্বারা জল লইয়া সমুদায় পূজা সামগ্রীর উপর প্রোক্ষণ করিবে,

মলস্নানং ততঃ কুর্য্যাৎ পাত্রে দেবং বিধায় চ।
অন্যেনাপি ॥
পুষ্পাক্ষতাদিদ্রব্যাণাং কুর্য্যান্মন্ত্রাদিশোধনং।
ক্ষালনেনাম্বুলেপাদে র্মূর্ত্তিশুদ্ধিং সমাচরেৎ।
অব্যগ্রত্বেনাত্মশুদ্ধিং ক্ষিতিশুদ্ধিং ততশ্চরেদিতি।
মন্ত্রশুদ্ধিং পরাং চিত্তশুদ্ধিং চেচ্ছন্তি কেচন।
এবং ষট্ শুদ্ধয়ঃ পুণ্যাঃ সম্প্রদায়ানুসারতঃ ॥ ৭ ॥
অথ পীঠপূজা ॥
তাম্রাদিপীঠে শ্রীখণ্ডাদ্যালিপ্তেঽষ্টদলং লিখেৎ।
সকর্ণিকং ত্রিবৃত্তাঢ্যং পদ্মং ষোড়শকেশরং।

তাম্রাদিরচিতপীঠে শ্রীখণ্ডং চন্দনং তদাদিনা আলিপ্তে অষ্টদলং ষোড়শকেশরং

তাহার পর পাত্রে দেবতাকে রাখিয়া মলস্নান করাইবে ॥

অন্য মহাত্মাও কহিয়াছেন ॥

পুষ্প ও আতপ তণ্ডুলাদি দ্রব্য সকলের শোধন, মন্ত্রাদি দ্বারা করিবে, জল ও চন্দন দ্বারা ক্ষালন করিয়া প্রতিমার শোধন করিবে। চিত্ত স্থির করিয়া আত্মশুদ্ধি, তাহার পর স্থানশুদ্ধি করিবে। এই স্থলে কেহ কেহ মন্ত্রশুদ্ধি ও চিত্তশুদ্ধিরও বিধান করেন। এই প্রকারে সম্প্রদায় অনুসারে শুদ্ধি ছয় প্রকার, ঐ ছয় প্রকার শুদ্ধিই পবিত্রকারক ॥

তাৎপর্য্য। বৈষ্ণব ব্যক্তি ছয় প্রকার শুদ্ধিই করিবেন, কিন্তু নিজ সম্প্রদায়ের আচার পরিপালন করিতে হইবে অর্থাৎ যে সম্প্রদায়ে যেরূপ আচার আছে তাহার অনুগামী হইতে হইবে ॥ ৭ ॥

অথ পীঠপূজা ॥

তাম্রাদিনির্ম্মিত পীঠে অর্থাৎ তাম্রটাটে চন্দনাদি লেপন করিয়া তাহাতে চতুর্দ্বার বিভূষিত চতুষ্কোণের মধ্যে অষ্টদলে, ষোড়শ কেশর

সদলাগ্রং চতুষ্কোণং চতুর্দ্বার-বিভূষিতং।
পূজাযন্ত্রং সমুদ্ধৃত্য পীঠার্চ্চাং তত্র সাধয়েৎ ॥ ৮ ॥
পীঠে ভগবতো বামে শ্রীগুরূন্ গুরুপাদুকাং।
নারদাদীন্ পূর্ব্বসিদ্ধান্ যজেদন্যাংশ্চ বৈষ্ণবান্ ॥ ৯ ॥
দক্ষিণে চার্চ্চয়েদ্দুর্গাং গণেশঞ্চ সরস্বতীং।
তত্র প্রাগ্ লিখিতন্যাসস্যানুসারেণ পূজয়েৎ ॥ ১০ ॥

সকর্ণিকং বৃত্তত্রয়যুক্তং দলাগ্রসহিতঞ্চ পদ্মং লিখেৎ। এবং পূজাযন্ত্রং সম্যক্ উদ্ধৃত্য অঙ্কয়িত্বা তত্র তস্মিন্ যন্ত্রে পীঠস্য অর্চ্চাং পূজাং সাধয়েৎ নিষ্পাদয়েৎ তত্র চার্ঘ্যজলেনাভ্যুক্ষ্য কুর্য্যাদিতি সদাচারতো জ্ঞেয়ং ॥ ৮ ॥


অথ পুষ্পমণ্ডপাদি ॥

বৈষ্ণবশ্রেষ্ঠ ব্যক্তি পুষ্পের মণ্ডপ, ছত্র, বিতান এবং দোলাদি নির্ম্মাণ করিয়া শ্রীকৃষ্ণকে নিবেদন করিবেন ॥

অথ পুষ্পমণ্ডপমাহাত্ম্য ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যিনি শ্রীকৃষ্ণের গৃহে সুন্দর পুষ্পমণ্ডপ রচনা করেন, তিনি কুসুম-

স পুষ্পকবিমানৈস্তু কোটীভিঃ ক্রীড়তে দিবি ॥
তত্রৈব স্কান্দে চ ॥
কৃত্বা পুষ্পগৃহং বিষ্ণোঃ পুষ্পৈর্ব্বা তদ্বিতানকং।
ফলেন যোগমায়াতি রাজসূয়াশ্বমেধয়োঃ ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
কেশবোপরি যঃ কুর্য্যাচ্ছত্রং বা পুষ্পমণ্ডপং।
পুষ্পৈস্তন্মঞ্চকং বাপি তস্য পুণ্যং বদাম্যহং।
প্রাপ্তৈশ্বর্য্যো মহাভোগৈঃ ক্রীড়ারতিসমন্বিতৈঃ ॥
নিত্যন্তু মোদতে স্বর্গে স নরো নাত্র সংশয়ঃ ॥
বিশেষতঃ কার্ত্তিকে। স্কান্দে শ্রীব্রহ্ম নারদসম্বাদে ॥
মালতীমালয়া যেন কার্ত্তিকে পুষ্পমণ্ডপং।
কেশবস্য গৃহে চক্রে ন ময়া বিদিতং ফলং ॥ ৪১ ॥

রচিত কোটি বিমান দ্বারা স্বর্গে ক্রীড়া করেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে স্কন্দপুরাণেও ॥

পুষ্প দ্বারা বিষ্ণুর গৃহ এবং ঐ গৃহের শয্যা রচনা করিলে রাজসূয় এবং অশ্বমেধ যজ্ঞের ফল হয় ॥

ঐ স্কন্দপুরাণে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

যে ব্যক্তি কেশবের উপরিভাগে পুষ্পচ্ছত্র বা পুষ্পমণ্ডপ অথবা তাঁহার পর্য্যঙ্ক নির্ম্মাণ করেন, তাঁহার পুণ্যের কথা আমি বলিতেছি ॥

সেই মনুষ্য ঐশ্বর্য্য, বিবিধ উৎকৃষ্ট ভোগ, ক্রীড়া, এবং বিহার প্রাপ্ত হইয়া নিত্য স্বর্গে বাস করেন, ইহাতে সন্দেহ নাই ॥

বিশেষতঃ কার্ত্তিকমাসে ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে ॥

যে ব্যক্তি মালতী দ্বারা কার্ত্তিকমাসে কেশবের গৃহে মণ্ডপ নির্ম্মাণ করিয়াছেন তাঁহার যে কি ফল হইয়াছে আমি তাহা জানি না ॥ ৪১ ॥

অথ সুবর্ণাদিপুষ্পাণি ॥

স্বর্ণরত্নাদিপুষ্পৈশ্চ ভগবন্তং সমর্চ্চয়েৎ।
ন চ নির্ম্মাল্যতাং যান্তি তানি তস্মুহুরর্পয়েৎ ॥
তথাচোক্তং দেব্যা ॥
ন নির্ম্মাল্যং হেমপুষ্পমর্পয়েদর্পিতং সদা ॥ ৪২ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে স্কান্দে চ ॥
কৃত্রিমাণ্যনুলেপানি গন্ধেনাতিসুগন্ধিনা।
ধূপেন পটবাসেন চন্দনাদ্যনুলেপনৈঃ ॥ ৪৩ ॥
অথ স্বর্ণপুষ্পাদিমাহাত্ম্যং ॥
স্কান্দে ॥
স্বর্ণপুষ্পার্চ্চিতো যস্য গৃহে তিষ্ঠতি কেশবঃ।

তৎ তস্মাৎ ॥ ৪২ ॥

•স্বর্ণাদিপুষ্পাণামর্পণপ্রকারং লিখতি কৃত্রিমাণীতি কৃত্রিমাণি সুবর্ণপুষ্পাদীনি ধূপেন পটবাসেন চ সুগন্ধি দ্রব্যপূর্ণেন বিশিষ্টানি ॥ ৪৩ ॥

স্বর্ণপুষ্পৈরর্চ্চিতঃ অভিষিক্তঃ এবং পুষ্পপ্রাচুর্য্যমুক্তং। পাঠান্তরং সুগমং। তস্যৈবেত্য

অথ সুবর্ণাদি পুষ্প ॥

স্বর্ণ এবং রত্নাদি নির্ম্মিত পুষ্পদ্বারা ভগবানের অর্চ্চনা করিবে। ঐ সকল পুষ্প নির্ম্মাল্য হয় না, পুনরায় নিবেদন করিতে পারিবে ॥

ভগবতী ইহাই বলিয়াছেন ॥

স্বর্ণপুষ্প নির্ম্মাল্য হয় না, অর্পণ করা হইলেও পুনঃ পুনঃ অর্পণ করিতে পারিবে ॥ ৪২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে এবং স্কন্দপুরাণে ॥

অতিশয় সুগন্ধি গন্ধদ্রব্য, ধূপ, কর্পূরচূর্ণ এবং চন্দনাদি অনুলেপ দ্রব্যের সহিত স্বর্ণাদিনির্ম্মিত কৃত্রিম পুষ্প সকল নিবেদন করিবে ॥৪৩॥

অথ স্বর্ণপুষ্পাদি মাহাত্ম্য স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তির গৃহে স্বর্ণপুষ্পাদি দ্বারা অর্চ্চিত হইয়া কেশব অবস্থিতি

তস্যৈব পাদরজসা শুদ্ধ্যতি ক্ষিতিমণ্ডলং ॥ ৪৪
সুবর্ণপুষ্পৈরভ্যর্চ্য রাজসূয়ফলং লভেৎ।
রত্নৈর্দেবমথাভ্যর্চ্য রাজা ভবতি ভূতলে ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
পুষ্পজাতিষু সর্ব্বাসু সৌবর্ণং পুষ্পমুত্তমমিতি ॥ ৪৫ ॥
এবমুক্তৈরনুক্তৈশ্চ শোভাঢ্যৈর্ব্বা সুগন্ধিভিঃ।
সংপূজ্যো ভগবান্ পুষ্পৈর্নিষিদ্ধৈস্তু দুঃখদৈঃ ॥ ৪৬ ॥
অথ নিষিদ্ধানি পুষ্পাণি ॥

ত্রায়ং ভাবঃ। যস্য পাদরজোমাত্রেণ জগৎপবিত্রং স্যাত্তস্য স্বর্গাদি ফলান্তরং কিয়ন্মাত্রং শ্রীশ্রীভগবৎপার্ষদবর এবাসাবিতি ॥ ৪৪ ॥

রত্নৈঃ রত্নময়পুষ্পৈঃ ॥ ৪৫ ॥

অনুক্তৈঃ শাস্ত্রোক্তব্যতিরিক্তৈঃ। যদি চ তানি শোভাবন্তি সুগন্ধীনি বা ভবন্তি তদা-তৈশ্চ সংপূজ্য ইত্যর্থঃ। শাস্ত্রেণ নিষিদ্ধৈস্তু ন সংপূজ্যঃ যতো দুঃখদৈঃ ॥ ৪৬ ॥

করেন, সেই ব্যক্তিরই পাদধূলি দ্বারা ভূমণ্ডল পবিত্র হয় ॥ ৪৪ ॥

সুবর্ণপুষ্প দ্বারা কেশবের অভ্যর্চ্চনা করিলে রাজসূয় যজ্ঞের ফল লাভ হইবে। রত্নপুষ্প দ্বারা কেশবকে পূজা করিলে পৃথিবীতে রাজা হয় ॥

ঐ স্কন্দপুরাণে শিব এবং উমার সম্বাদে ॥

যত প্রকার পুষ্পজাতি আছে সর্ব্বাপেক্ষা সুবর্ণ পুষ্প শ্রেষ্ঠ ॥ ৪৫ ॥

যে সকল পুষ্প উল্লেখ করা হইয়াছে এবং যে সকল উল্লেখ করা নাও হইয়াছে, তৎসমুদায়ও যদি দেখিতে সুন্দর বা সুগন্ধি হয়, তাহা হইলেই ভগবান্‌কে নিবেদন করিবে। কিন্তু যে সকল পুষ্প নিষেধ করা হইয়াছে কিম্বা যে সকল দান করিলে ভগবানের দুঃখজনক হইবে, সে সকল অর্পণ করিবে না ॥ ৪৬ ॥

অথ নিষিদ্ধ পুষ্প সকল ॥

তত্র সামান্যতঃ বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
শ্মশানচৈত্রদ্রুমজং ভূমৌ বাপি নিপাতিতং।
কলিকা চ ন দাতব্যা দেবদেবস্য চক্রিণঃ।
শুক্লান্যবর্ণকুসুমং ন দেয়ঞ্চ তথা ভবেৎ।
সুগন্ধি শুক্লং দেয়ং স্যাজ্জাতং কণ্টকিনো দ্রুমাৎ।
দত্ত্বা কণ্টকিসম্ভূতমমুক্তং পরিভূয়তে।
অনুক্তরক্তকুসুমাদসৌভাগ্যমবাপ্নুয়াৎ।
উগ্রগন্ধি তথা দত্ত্বা নিত্যমুদ্বেগমাপ্নুয়াৎ।
অগন্ধি দত্ত্বা বাপ্নোতি হ্যশুভং পরমং নরঃ ॥
তত্রৈব তৃতীয়কাণ্ডে ॥
উগ্রগন্ধীন্যগন্ধীনি কুসুমানি ন দাপয়েৎ।
অন্যায়তনজাতানি কণ্টকীনি তথৈবচ ॥ ৪৭ ॥

চৈত্যদ্রুমো নাম বদ্ধবেদিকতলঃ পূজ্যো বৃক্ষঃ অনুক্তং পূর্ব্বোক্তাদিতরৎ ॥ ৪৭ ॥

সামান্যতঃ বিষ্ণুধর্ম্মোত্তরে উল্লেখ করিয়াছেন ॥

শ্মশানবৃক্ষজাত বা চৈত্যবৃক্ষজাত অর্থাৎ যে বৃক্ষের তলা বান্ধান এবং পূজা করা হয়, তাহার পুষ্প, ভূমিতে পতিত পুষ্প এবং কলিকা এ সমস্ত দেবদেব চক্রপাণিকে নিবেদন করিবে না ॥

শুক্লবর্ণ ভিন্ন অন্যবর্ণের পুষ্প নিবেদন করিবে না। কণ্টকবৃক্ষজাত পুষ্প, শুক্লবর্ণ এবং সুগন্ধি হইলে দিবে। যে সকল কণ্টকবৃক্ষজাত পুষ্পের বিধান করা হইয়াছে তদ্ভিন্ন অর্পণ করিলে মনুষ্য দুঃখ পাইবে, যে সকল রক্তপুষ্প উল্লেখ করা হইয়াছে, তদ্ভিন্ন অর্পণ করিলে অসৌভাগ্য লাভ হইবে। তীক্ষ্ণগন্ধযুক্ত পুষ্প নিবেদন করিলে নিত্য উদ্বেগযুক্ত থাকিবে। গন্ধহীন পুষ্প নিবেদন করিলে অতিশয় অমঙ্গল হইবে ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেরই তৃতীয়কাণ্ডে ॥

তীক্ষ্ণগন্ধি বা গন্ধহীন পুষ্প নিবেদন করিবে না। অন্যের গৃহজাত এবং কণ্টকীবৃক্ষজাত পুষ্পও দিবে না ॥ ৪৭ ॥

রক্তানি যানি ধর্ম্মজ্ঞা শ্চৈত্যবৃক্ষোদ্ভবানি চ।
যানি শ্মশানজাতানি তথা চাকালজানি চ।
দানং বিবর্জয়েদ্যত্নাৎ পুষ্পাণামপ্যগন্ধিনাং।
নারদীয়ে রাক্ষসীশপথে॥
পারক্যারামজাতৈশ্চ কুসুমৈরর্চ্চয়েৎ সুরান্।
তেন পাপেন লিপ্যেয়ং যদ্যেতদনৃতং বদে॥
জ্ঞানমালায়াং॥
কলিকাভি স্তথা নেজ্যং বিনা চম্পকজৈঃ শুভৈঃ।
শুষ্কৈ র্ন পূজয়েদ্বিষ্ণুং পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈরপীতি॥ ৪৮॥
জাতিযূত্যো স্তথা মল্লী নবমালিকয়োরপি।
কলিকাভির্হরে র্ভক্তৈঃ সৌরভ্যাৎ কৈশ্চিদিষ্যতে॥
বিষ্ণুরহস্যে॥

ধর্ম্মজ্ঞা ইতি পাঠে হে ধর্ম্মজ্ঞা ইতি তত্রত্যানাং সম্বোধনং॥ ৪৮॥

হে ধার্ম্মিকগণ! যে সকল পুষ্প রক্তবর্ণ, যে সকল পুষ্প শ্মশান-বৃক্ষজাত বা চৈত্যবৃক্ষজাত কিম্বা যে সকল অকালে জাত, আর যে সকলের গন্ধ নাই, সে সকল পুষ্প কখনই নিবেদন করিবে না॥

নারদপুরাণে রাক্ষসীর শপথে॥

যদি আমি ইহা মিথ্যা বলি, তাহা হইলে পরকীয় আরামজাত পুষ্প দ্বারা দেবতার অর্চ্চনা করিলে যে পাপ হয়, আমি সেই পাপে লিপ্ত হইব॥

জ্ঞানমালায়॥

চম্পক ভিন্ন অন্য পুষ্পের কলিকাদ্বারা পূজা করিবে না, শুষ্ক পত্র, পুষ্প বা ফলদ্বারাও বিষ্ণুর পূজা করিবে না॥

জাতি, যূথি, মল্লিকা এবং নবমল্লিকা এই সকল পুষ্পের কলিকারও গন্ধ অত্যুৎকৃষ্ট, এজন্য হরির কোন কোন ভক্ত নিবেদন করিতে বলেন॥

বিষ্ণুরহস্যে॥

ন শুক্লৈঃ পূজয়েদ্বিষ্ণুং কুসুমৈর্ন মহীগতৈঃ।
নাবিশীর্ণদলৈঃ ক্লিষ্টৈর্ন চৈবাশুবিকাশিতৈঃ ॥ ৪৯ ॥

পাদ্মে ॥

কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ।
বর্জয়েদূর্ণানাভেন বাসিতং যদি শোভনং।
গন্ধবন্ত্যপবিত্রাণি উগ্রগন্ধীনি বর্জয়েৎ ॥ ৫০ ॥
গন্ধহীনমপি গ্রাহ্যং পবিত্রং যৎ কুশাদিকং ॥

বৈহায়সপঞ্চরাত্রে ॥

চতুষ্পথ শিবাবাস শ্মশানাবনিমধ্যতঃ।

আশুবিকাশিতৈঃ বলাদ্বিকাশিতৈঃ ॥ ৪৯ ॥

কীটস্য কোষরূপাবাসেন অপবিদ্ধানি দূষিতানি পুষ্পাণি শীর্ণানি পর্য্যুষিতানি চ। যদ্যপি শোভনমুত্তমং অপবিত্রাণি চেৎ গন্ধবন্ত্যপি পুষ্পাণি বর্জয়েৎ ॥ ৫০ ॥

চতুষ্পথাদে রবনির্ভূমি স্তন্মধ্যান্নগৃহ্নীয়াৎ ॥ ৫১ ॥

শুক্লবর্ণ পুষ্পও যদি ভূমিতে পতিত হয়, তথাপি তদ্দ্বারা বিষ্ণুর পূজা করিবে না। আর যে সকল পুষ্পের দল বিকশিত হয় নাই, যে সকল ক্লিষ্ট এবং যে সকলকে বলপূর্ব্বক বিকশিত করা গিয়াছে, সে সকল পুষ্পদ্বারাও পূজা করিবে না ॥ ৪৯ ॥

পদ্মপুরাণে ॥

অন্তরে কীটকোষ রূপে বাস করাতে যে সকল পুষ্প দূষিত হইয়াছে, যে সকল পুষ্প শীর্ণ ও পর্য্যুষিত এবং যে সকল পুষ্পে মাকড়শায় জাল করিয়াছে সে সকল পুষ্প দিবে না। অপবিত্র সুগন্ধি পুষ্প বা তীক্ষ্ণগন্ধি পুষ্পও প্রদান করিবে না ॥ ৫০ ॥

কুশাদি পুষ্পের গন্ধ নাই, কিন্তু পবিত্র, একারণ তৎসমুদায় নিবেদন করিবে ॥

বৈহায়সপঞ্চরাত্রে ॥

বিষ্ণুপূজার নিমিত্ত চতুষ্পথ, শিবের নিবাসস্থান এবং শ্মশানভূমি

সুগন্ধি ফলপুষ্পাণি নাদদীতার্চ্চনে হরেঃ ॥ ৫১ ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

ন বিশীর্ণদলৈঃ শ্লিষ্টৈ র্নাশুভৈ র্নাবিকাশিভিঃ।

পূতিগন্ধ্যগ্রগন্ধীনি অগ্রগন্ধানি বর্জয়েৎ ॥ ৫২ ॥

কীটকোষোপবিদ্ধানি শীর্ণপর্য্যুষিতানি চ।

ভগ্নপত্রঞ্চ ন গ্রাহ্যং কৃমিদুষ্টং ন চাহরেৎ।

বর্জয়েদূর্ণানাভেন বাসিতং যদি শোভনং।

স্থলস্থং নোদ্ধরেৎ পুষ্পং ছেদয়েজ্জলজং ন তু।

যানি স্পৃষ্টানি চাস্পৃশ্যৈ র্লোকায়ুক্তৈশ্চ বর্জয়েৎ ॥ ৫৩ ॥

অত্রাপবাদঃ ॥

জ্ঞানমালায়াং ॥

বিশীর্ণ দলাদিভিঃ পুষ্পৈ র্ন পূজা কার্য্যেতি শেষঃ। শ্লিষ্টৈঃ অন্যোন্যসংলগ্নৈঃ ॥ ৫২ ॥

নোদ্ধরেৎ মূলতোনোৎপাটয়েৎ। লোকে অযুক্তৈ র্নিন্দ্যৈশ্চ স্পৃষ্টানি পুষ্পাণি বর্জয়েৎ ॥ ৫৩ ॥

হইতে সুগন্ধি ফল পুষ্প গ্রহণ করিবে না ॥ ৫১ ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

যে সকল পুষ্পের দল শীর্ণ, যে সকল পুষ্পের দল পরস্পর সংলগ্ন, যে সকল পুষ্প অপবিত্র বা যে সকল পুষ্প বিকশিত হয় নাই, সে সকল পুষ্প দিয়া পূজা করিবে না, পূতিগন্ধি, তীক্ষ্ণগন্ধি, পুষ্প দিবে না ॥ ৫২ ॥

অভ্যন্তরে কীটকোষ থাকাতে দূষিতপুষ্প আহরণ করিবে না। যাহার মধ্যে মাকড়শা বাস করিতেছে, সে পুষ্প দেখিতে সুন্দর হইলেও গ্রহণ করিবে না। স্থলস্থ পুষ্প সমূলে উৎপাটন করিবে না। জলজাত পুষ্প ছেদন করিবে না। যে সকল পুষ্পে অস্পৃশ্য বা লোকনিন্দনীয় সামগ্রী স্পর্শ হইয়াছে, সে সকল পরিত্যাগ করিবে ॥ ৫৩ ॥

এই বিষয়ের বিশেষ ব্যবস্থা ॥

জ্ঞানমালায় ॥

ন পর্য্যুষিতদোষোঽস্তি জলজোৎপলচম্পকে।
তুলস্যগস্ত্যবকুলে বিল্বে গঙ্গাজলে তথা॥
বিষ্ণুধর্ম্মোত্তরে চ॥
ন গৃহে করবীরস্থৈঃ কুসুমৈরর্চ্চয়েদ্ধরিং।
পতিতৈ র্মুকুলৈ র্ম্লানৈঃ শ্বাসৈ র্বা জন্তুদূষিতৈঃ।
আঘ্রাতৈ রঙ্গসংস্পৃষ্টৈ র্দূষিতৈ শ্চৈব নার্চ্চয়েৎ॥ ৫৪॥
অথ বিশেষতো নিষিদ্ধানি।
বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে॥
ক্রকরস্য চ পুষ্পাণি তথা ধুস্তূরকস্য চ।
কৃষ্ণঞ্চ কুটজং চার্কং নৈব দেয়ং জনার্দ্দনে॥ ৫৫॥

গৃহে যঃ করবীরঃ শ্বেতপুষ্পো রক্তপুষ্পশ্চ তৎস্থৈ স্তদীয়ৈরিত্যর্থঃ। অতএবোক্তং বারাহে বন্ধূক করবীরেচ ন গৃহে রোপয়েৎ ক্বচিদিতি। শ্বাসৈ র্জন্তুভির্ব্বা দূষিতৈরিত্যর্থঃ। অঙ্গেন স্বীয় হস্ত ব্যতিরিক্তেন গাত্রেণ সংস্পৃষ্টৈঃ দূষিতৈশ্চ নিন্দিতৈঃ॥ ৫৪॥

ক্রকরস্য করবীরস্য॥ ৫৫॥

পদ্ম, উৎপল, তুলসী, বক ও বকুল পুষ্প, আর বিল্বপত্র ও গঙ্গা-জল পর্য্যুষিত হইলে দোষ হয় না॥

বিষ্ণুধর্ম্মোত্তরেও॥

গৃহস্থিত শ্বেত বা রক্ত করবীর বৃক্ষজাত পুষ্প দ্বারা হরির পূজা করিবে না। ভূমি পতিত অপ্রস্ফুটিত ম্লান, শ্বাস বা জন্তুদ্বারা দূষিত, আঘ্রাত, অঙ্গসংস্পৃষ্ট অর্থাৎ পাদাদি পতিত বা নিন্দনীয় পুষ্প দ্বারাও অর্চ্চনা করিবে না॥ ৫৪॥

অথ বিশেষতঃ নিষিদ্ধ পুষ্প সকল॥
বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে॥

করবীর পুষ্প, ধুস্তূর পুষ্প, কৃষ্ণবর্ণ কুটজ পুষ্প এবং অর্ক কুসুম জনার্দ্দনকে নিবেদন করিবে না॥ ৫৫॥

কিঞ্চান্যত্র ॥

নার্কং নোন্মত্তকং ঝিণ্টিং তথৈব গিরিকর্ণিকাং।
ন কণ্টকারিকাপুষ্পং অচ্যুতায় নিবেদয়েৎ।
কূটজং শাল্মলীপুষ্পং শিরীষঞ্চ জনার্দ্দনে।
নিবেদিতং ভয়ঞ্চোগ্রং নিঃসত্ত্বঞ্চ প্রযচ্ছতি ॥

স্কান্দে তত্রৈব ॥

যেঽর্চ্চয়ন্তি ত্রিলোকেশমর্কপুষ্পৈ র্জনার্দ্দনং।
তেভ্যঃ ক্রুদ্ধো ভয়ং দুঃখং ক্রোধং বিষ্ণুঃ প্রযচ্ছতি।
উন্মত্তকেন যে মূঢ়াঃ পূজয়ন্তি ত্রিবিক্রমং।
উন্মাদং দারুণং তেভ্যো দদাতি গরুড়ধ্বজঃ।
কাঞ্চনাবয়বৈঃ পুষ্পৈ র্যে হর্চ্চয়ন্ত্যসুরদ্বিষং।
দারিদ্র্যদুঃখবহুলং তেষাং বিষ্ণুঃ প্রযচ্ছতি।
গিরিকর্ণিকয়া বিষ্ণুং যে হর্চ্চয়ন্ত্যবুধা নরাঃ।

নিঃসত্ত্বমিতি পাঠে নিঃসত্ত্বতামিত্যর্থঃ ॥ ৫৬ ॥

আরও অন্যস্থলে ॥

অর্ক, ধুস্তুর, ঝিণ্টী, গিরিকর্ণিকা এবং কণ্টকারি কুসুম বিষ্ণুকে নিবেদন করিবে না। কূটজ, শাল্মলী এবং শিরীষ কুসুম যদি জনার্দ্দনকে নিবেদন করা যায় তাহা হইলে মহৎভয় ও দৌর্ব্বল্য ঘটে ॥

স্কন্দপুরাণের সেই স্থলেই ॥

যাঁহারা অর্কফুল দ্বারা ত্রিলোকনাথ জনার্দ্দনের পূজা করেন, বিষ্ণু ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে ভয়, দুঃখ এবং দণ্ড প্রদান করেন ॥

যে সকল মূঢ় ব্যক্তি ধুস্তুর কুসুম দ্বারা ত্রিবিক্রমের পূজা করেন, গরুড়ধ্বজ তাঁহাদিগকে দারুণ উন্মাদ প্রদান করেন। যাহারা কাঞ্চনাকার ফুল সকল দ্বারা দৈত্যারির পূজা করে, বিষ্ণু তাহাদিগকে বহুতর দারিদ্র দুঃখ ভোগ করান ॥

যে সকল মনুষ্য গিরিকর্ণিকা দ্বারা বিষ্ণুপূজা করে, মধুসূদন ভয়ানক

তেষাং কুলক্ষয়ং ঘোরং কুরুতে মধুসূদনঃ। ইতি ॥ ৫৬ ॥

অথ পুষ্পগ্রহণকালাদি ॥

মধ্যাহ্নে স্নানমাচর্য্য কুসুমৈস্তু সমাহৃতৈঃ।
নৈব সংপূজয়েদ্বিষ্ণুং যন্নিষিদ্ধানি তান্যপি ॥ ৫৭ ॥

তথাচ স্কান্দে। তত্রৈব ॥

স্নানং কৃত্বা তু যৎ কিঞ্চিৎ পুষ্পং গৃহ্ণন্তি বৈ নরাঃ।
দেবতাস্তন্ন গৃহ্ণন্তি পিতরঃ খলু বৈ দ্বিজ।
ঋষয়স্তন্ন গৃহ্ণন্তি ভস্মী ভবতি কাষ্ঠবৎ। ইতি ॥ ৫৮ ॥

কুসুমানামলাভে তু চৌর্য্যাদানং ন দুষ্যতি।
দেবতার্থন্তু কুসুমমস্তেয়ং মনুরব্রবীৎ ॥ ৫৯ ॥

অপি-শব্দঃ পূর্ব্বনিষিদ্ধাপেক্ষয়া সমুচ্চয়ে তানি মধ্যাহ্নস্নানানন্তরমাহৃতানি কুসুমানি ॥ ৫৭ ॥

খল্বিতি সমুচ্চয়ে পিতরশ্চ ন গৃহ্ণন্তি ভস্মী ভবতি বিফলং স্যাদিত্যর্থঃ ॥ ৫৮ ॥

ধর্ম্মার্জিত ধনক্রীতৈরিত্যাদিবচনৈর্ন্যায়োপার্জ্জিতানি কুসুমানি দেবপূজায়াং বিহিতানি তত্র ধনাদ্যভাবে কিং কর্ত্তব্যং তত্র লিখতি কুসুমানামিতি। চৌর্য্যেণ আদানং গ্রহণং অস্তেয়মিতি চৌর্য্যেণানীতমপি চোরিতং ন ভবতি। অতএবোক্তং বিষ্ণুধর্ম্মোত্তরে। যথা কথঞ্চিদাহৃত্য কুসুমৈরর্চ্চয়েদ্ধরিমিতি ॥ ৫৯ ॥

রূপে তাহাদিগের কুল বিনাশ করেন ॥ ৫৬ ॥

অথ কুসুমচয়নের কালাদি ॥

মধ্যাহ্নকালে স্নান করিয়া যে পুষ্প চয়ন করা হইবে, তদ্দ্বারা এবং নিষিদ্ধ পুষ্প দ্বারা বিষ্ণুর পূজা করিবে না ॥ ৫৭ ॥

স্কন্দপুরাণের ঐ স্থলেই কথিত হইয়াছে ॥

হে দ্বিজ! মনুষ্য স্নান করিয়া যে কোন পুষ্প চয়ন করিবে, দেবগণ এবং পিতৃগণ কখনই সে পুষ্প গ্রহণ করেন না, ঋষিরাও উহা গ্রহণ করেন না, উহা কাষ্ঠের ন্যায় ভস্ম হইয়া যায় ॥ ৫৮ ॥

পুষ্প অপ্রাপ্য হইলে চুরি করিয়া আনিলে দোষ হয় না। মনু কহিয়াছেন,—দেবতার নিমিত্ত পুষ্প চুরি, চুরি নহে ॥ ৫৯ ॥

তথা কৌর্ম্মে ব্যাসগীতায়াং ॥

পুষ্পে শাকোদকে কাষ্ঠে তথা মূলে ফলে তৃণে।
অদত্তাদানমস্তেয়ং মনুঃ প্রাহ প্রজাপতিঃ ॥ ৬০ ॥
গ্রহীতব্যানি পুষ্পাণি দেবার্চ্চনবিধৌ দ্বিজাঃ।
নৈকস্মাদেব নিয়তমননুজ্ঞাপ্য কেবলমিতি ॥ ৬১ ॥
বিহিতেষু নিষিদ্ধানাং বিহিতালাভতো মতং।

অদত্তস্যাপ্যাদানং ॥ ৬০ ॥

কিঞ্চ তত্রৈব বিশেষমাহ। গ্রহীতব্যানীতি। এবং ভগবদর্থমেব শাকাদীনামাদানমদুষ্টমিতি জ্ঞেয়ং স্বার্থেতু দোষ এব। তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ। ধর্ম্মার্থং কেবলং বিপ্রো হ্যন্যথা পতিতো ভবেৎ। ইতি। অতএব তত্রৈব। তৃণং বা যদি বা শাকং মূলম্বা জলমেব বা। পরস্যাপহরন্ জন্তুর্নরকং প্রতিপদ্যত ইতি ॥ ৬১ ॥

নন্বু বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে অন্যায়তন জাতানি পুষ্পাণি নিষিদ্ধানি। স্কান্দাদৌ চ কণ্টক্যাদীনি বিহিতানি সন্তি। তথা বামনপুরাণাদৌ বন্ধূকজবাপুষ্পয়োর্নিষেধঃ শ্রূয়তে তে চাত্র বিষ্ণুধর্ম্মোত্তরাদৌ বিহিতে এব ইত্যেবমাদিবিরোধে কথং ব্যবহর্ত্তব্যং তত্র লিখতি বিহিতেষ্বিতি। শাস্ত্রৈর্বিহিতেষু কুসুমেষু মধ্যে নিষিদ্ধানাং কুসুমানামুপাদানং গ্রহণং বিহিতানামলাভতো হেতোঃ অলাভে বা সতি মতং বুধৈঃ। বিহিতানাং লাভে সতি চ তানি নিষিদ্ধানি ন গ্রাহ্যাণ্যেব। যানি চ কেবলং সর্ব্বত্র নিষিদ্ধান্যেব তেষাং কদাচিদপ্যুপাদানং ন

কূর্ম্মপুরাণের ব্যাসগীতায় কথিত হইয়াছে ॥

প্রজাপতি মনু বলিয়াছেন, পুষ্প, শাক, জল, কাষ্ঠ, মূল, ফল ও তৃণ কেহ না দিলেও আনয়ন করিলে চুরি করা হয় না ॥ ৬০ ॥

হে ব্রাহ্মণগণ! দেবার্চ্চনার নিমিত্ত না বলিয়া কেবল একজনের আরাম হইতে নিয়ত পুষ্প লইবে না ॥ ৬১ ॥

যে সকল পুষ্প শাস্ত্রে বিহিত হইয়াছে, তাহাদিগের মধ্যে আবার যে গুলির নিষেধ কহিয়াছেন, বিহিত পুষ্প না মিলিলে ঐ সকল নিষিদ্ধ পুষ্প গ্রহণ করিতে পারিবে, কিন্তু যে সকল একেবারে নিষিদ্ধ, সে

কুসুমানামুপাদানং নিষিদ্ধানাং ন কর্হিচিৎ ॥৬২॥
বিহিতপ্রতিষিদ্ধৈস্তু বিহিতালাভতোঽর্চ্চয়েৎ ॥ ৬৩ ॥
নিষিদ্ধপুষ্পসংগ্রহশ্লোকৌ ॥
ক্লিষ্টং পর্য্যুষিতঞ্চ ভূমিপতিতং ছিদ্রঞ্চ কীটান্বিতং
যৎ কেশোপহতঞ্চ গন্ধরহিতং যচ্চোগ্রগন্ধান্বিতং।
হস্তে যদ্বিধৃতং প্রণামসময়ে যদ্বামহস্তে কৃতং
যচ্চান্তর্জলধৌ তমর্চ্চনবিধৌ পুষ্পঞ্চ তদ্বর্জয়েৎ ॥
ভঙ্ক্ত্বা যদ্বিটপাদিকং ক্ষিতিরুহং চোৎপাদ্য যচ্চাহৃতং
যচ্চাক্রম্য সমাহৃতং তদখিলং পুষ্পং ভবত্যাসুরং।
চৌর্য্যাকৃষ্টমনুক্তিদুষ্টমশুচিস্পৃষ্টং যদপ্রোক্ষিতং

মতমিত্যর্থঃ ॥ ৬২ ॥
বিহিতেষু মধ্যে প্রতিষিদ্ধৈর্নিষিদ্ধৈঃ পুষ্পৈঃ বিহিতানামলাভে সতীত্যর্থঃ। অর্চ্চয়েদ্দেবং ॥ ৬৩ ॥
দ্রুমস্য চ্ছদং পত্রং প্রসূনং পুষ্পং ॥ ৬৪ ॥

সকল কখনই গ্রহণ করিবে না ॥ ৬২ ॥

বিহিতপুষ্প না পাইলে বিহিতের মধ্যে নিষিদ্ধ পুষ্প দ্বারা পূজা করিবে ॥ ৬৩ ॥

নিষিদ্ধপুষ্প সংগ্রহবিষয়ে দুইটী শ্লোক আছে ॥

শুষ্ক বা দলিত, পর্য্যুষিত, ভূমিতে পতিত, সচ্ছিদ্র, কীটযুক্ত, কেশদূষিত, গন্ধরহিত, উগ্রগন্ধ বিশিষ্ট পুষ্প এবং যে পুষ্প হস্তে গ্রহণ করিয়া প্রণাম করা হইয়াছে, যাহা জলে নিমগ্ন করিয়া ধৌত করা হইয়াছে, সেই পুষ্প পূজাবিষয়ে পরিত্যাগ করিবে ॥

শাখাদি ভগ্ন করিয়া, বৃক্ষ উৎপাটন করিয়া, বৃক্ষে আরোহণ করিয়া যে পুষ্প আহরণ করা হয়, সে সমুদায় অসুরের গ্রহণযোগ্য, চৌর্য্যদ্বারা আহৃত, অধিকারিকে না জানাইয়া গৃহীত, অশুচিবস্তু সংস্পৃষ্ট, অপ্রো-

যচ্চাঘ্রাতমধোঽম্বরে বিনিহিতং ক্রীতঞ্চ তদ্বর্জয়েৎ ॥
পত্রাণি চার্পয়েদ্দূর্ব্বাদ্যঙ্কুরানপি ভক্তিতঃ।
কিন্তু শ্রীতুলসীপত্রং সর্ব্বত্রৈব বিশেষতঃ ॥
অথ পত্রাণি। বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
পুষ্পাভাবেন যো দদ্যাদত্র দূর্ব্বাঙ্কুরানপি।
সোঽপি পুণ্যমবাপ্নোতি পুষ্পদানস্য বৈ দ্বিজাঃ।
পুষ্পাভাবে হি দেয়ানি পত্রাণ্যপি জনার্দ্দনে।
পত্রাভাবে পয়ো দেয়ং তেন পুণ্যমবাপ্নুয়াৎ।
নিবেদ্য ভক্ত্যা মধুসূদনায়
দ্রুমচ্ছদং বাপ্যথ সৎপ্রসূনং।
দূর্ব্বাঙ্কুরং বা সলিলং দ্বিজেন্দ্রাঃ
প্রাপ্নোতি তত্তন্মনসা যথেচ্ছতি ॥ ৬৪ ॥
তত্রৈব তৃতীয়কাণ্ডে ॥

ক্ষিত, আঘ্রাত, অধোবস্ত্রে স্থাপিত, বা ক্রীতপুষ্প পরিত্যাগ করিবে ॥

পত্র এবং দূর্ব্বাঙ্কুরাদি দ্বারাও ভক্তি পূর্ব্বক পূজা করিবে। কিন্তু বিশেষতঃ সর্ব্বত্রই তুলসীপত্র দ্বারা পূজা করিবে ॥

অথ পত্রসমূহ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজগণ! যিনি পুষ্প অভাবে দূর্ব্বাঙ্কুর সকল অর্পণ করেন, তিনিও পুষ্পদানের ফল প্রাপ্ত হয়েন ॥

জনার্দ্দনকে পুষ্প অভাবে পত্র এবং পত্রের অভাবে জল প্রদান করিবে, তাহাতেও পুণ্য লাভ হয় ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! বৃক্ষপত্র, উত্তমপুষ্প, দূর্ব্বাঙ্কুর অথবা জল, ভক্তি পূর্ব্বক তদ্গতচিত্তে মধুসূদনকে নিবেদন করিলে, মনে যাহা ইচ্ছা করিবে তাহাই প্রাপ্ত হইবে ॥ ৬৪ ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেরই তৃতীয়কাণ্ডে ॥

ভৃঙ্গরাজস্য বিল্বস্য বকপুষ্পস্য চ দ্বিজাঃ।
জম্বাম্রবীজপূরাণাং পত্রাণি বিনিবেদয়েৎ ॥
এতেষামপি চৈকস্য পত্রদানং মহাফলং।
পত্রাণি সসুগন্ধীনি পল্লবানি মৃদূনি চ।
তেন পুণ্যমবাপ্নোতি পুষ্পাদানসমুদ্ভবং ॥ ৬৫ ॥
নারসিংহে ॥
পত্রাণ্যপি সুপুণ্যানি হরিপ্রীতিকরাণি চ।
প্রবক্ষ্যামি নৃপশ্রেষ্ঠ শৃণুষ্ব গদতো মম।
অপামার্গন্তু প্রথমং ভৃঙ্গরাজং ততঃ পরং ॥ ৬৬ ॥
ততস্তমালপত্রঞ্চ ততশ্চ শমিপত্রকং।
দূর্ব্বাপত্রং ততঃ শ্রেষ্ঠং ততোঽপি কুশপত্রকং।
তস্মাদামলকং শ্রেষ্ঠং ততো বিল্বস্য পত্রকং।

তেষাং মধ্যে একস্য কস্যচিৎ পল্লবানি চ নিবেদয়েদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৬৫ ॥
পরং শ্রেষ্ঠং ॥ ৬৬ ॥
কেতক্যাঃ পুষ্পস্য পত্রং। ভৃঙ্গরাজ ভৃঙ্গরজয়োরবান্তরভেদো জ্ঞেয়ঃ ॥ ৬৭ ॥

ভৃঙ্গরাজ, বিল্ব, বকপুষ্প, জম্বু, আম্র এবং জম্বীরের পত্র সকল নিবেদন করিবে। ইহাদিগের মধ্যে একটী বৃক্ষের পত্র দান করিলেও মহৎ ফল লাভ হয় ॥

সুগন্ধি পত্র এবং কোমলপল্লব সমূহ ভগবান্‌কে অর্পণ করিলে, পুষ্পদানজনিত পুণ্য লাভ হয় ॥ ৬৫ ॥

নৃসিংহপুরাণে ॥

হে নৃপশ্রেষ্ঠ! হরির প্রীতিকারক, অতি পবিত্র পত্র সকলের বিষয় আমি কীর্ত্তন করিব, তুমি শ্রবণ কর। প্রথম অপামার্গ, তাহার পর ভৃঙ্গরাজ ॥ ৬৬ ॥

তদনন্তর তমালপত্র, তাহার পর শমীপত্র, তদপেক্ষা দূর্ব্বাপত্র শ্রেষ্ঠ, তাহা হইতেও আবার কুশপত্র উত্তম, কুশপত্র হইতে আমলকপত্র

বিল্বপত্রাদপি হরে স্তুলসীপত্রমুত্তমং।
এতেষাঞ্চ যথালব্ধৈঃ পত্রৈর্যশ্চার্চ্চয়েদ্ধরিং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে॥
বামনে॥
বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরজস্য চ।
তমালামলকীপত্রং শস্তং কেশবপূজনে॥
যেষাং ন সন্তি পুষ্পাণি প্রশস্তান্যর্চ্চনে বিভোঃ।
পল্লবান্যপি তেষাং স্যুঃ শস্তান্যর্চ্চাবিধৌ হরেঃ॥
আগ্নেয়ে॥
কেতকীপুষ্পপত্রঞ্চ ভৃঙ্গরাজস্য পত্রকং।
তুলসী কালতুলসী সদ্যস্তুষ্টিকরং হরেঃ॥
বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরজস্য চ।

শ্রেষ্ঠ, তদপেক্ষা বিল্বপত্র প্রধান, বিষ্ণুপূজায় বিল্বপত্র অপেক্ষা তুলসী-পত্র উত্তম। যিনি এই সমুদায়ের যথালব্ধ পত্র দ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি সকল পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে সম্মানের সহিত বাস করেন॥

বামনপুরাণে॥

বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরাজপত্র, তমালপত্র এবং আমলকীপত্র বিষ্ণুপূজায় প্রশস্ত॥

প্রভুর পূজোপযোগী প্রশস্ত পুষ্প যাঁহাদিগের সঞ্চিত নাই, তাঁহারা পল্লব দ্বারা হরির পূজা করিলেও প্রশস্ত ফল প্রাপ্ত হইবেন॥

অগ্নিপুরাণে॥

কেতকীপুষ্পের পত্র, ভৃঙ্গরাজপত্র এবং তুলসী ও কৃষ্ণতুলসী পত্র হরির আশু তুষ্টিকর॥

বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরাজপত্র এবং তমালপত্র দ্বারা পূজা করিলে

তমালপত্রঞ্চ হরেঃ সদ্যস্তুষ্টিকরং ভবেৎ ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
শমীপত্রৈশ্চ যো দেবং পূজয়ত্যসুরদ্বিষং।
যমমার্গো মহাঘোরো নিস্তীর্ণস্তেন নারদ।
কুম্ভীপত্রেণ দেবর্ষে যে হর্চ্চয়ন্তি জনার্দ্দনং।
কোটিজন্মার্জিতং পাপং দহতে গরুড়ধ্বজঃ।
সকৃদভ্যর্চ্চ্য গোবিন্দং বিল্বপত্রেণ মানবঃ।
হরির্দদ্যাৎ ফলং তস্মৈ সর্ব্বযজ্ঞৈঃ সুদুর্ল্লভং।
বিল্বপত্রেণ যে দেবং কার্ত্তিকে কলিবর্দ্ধন।
পূজয়ন্তি মহাভক্ত্যা মুক্তিস্তেষাং ময়োদিতা।
মারুকং কেতকীপত্রং তথা দমনকং মুনে।

হরি তৎক্ষণাৎ সন্তুষ্ট হন ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে ॥

হে নারদ! যে ব্যক্তি শমীপত্র দ্বারা দৈত্যারি জনার্দ্দনের পূজা করেন, তিনি ভয়ঙ্কর যমমার্গ হইতে নিষ্কৃতি লাভ করিবেন ॥

হে দেবর্ষে! যাঁহারা কুম্ভীপত্র দ্বারা জনার্দ্দনকে অর্চ্চনা করেন, তাঁহাদিগের কোটি জন্মার্জিত পাপ গরুড়ধ্বজ ধ্বংস করিয়া দেন ॥

মনুষ্য যদি একবার মাত্র বিল্বপত্র দ্বারা গোবিন্দের অর্চ্চনা করে, তাহা হইলে সর্ব্ব প্রকার যজ্ঞানুষ্ঠান দ্বারা যে ফললাভ দুর্ল্লভ হয়, তাহাও হরি তাহাকে প্রদান করেন ॥

হে কলহবর্দ্ধক! যে সকল ব্যক্তি কার্ত্তিক মাসে বিল্বপত্র দ্বারা সুমহৎ ভক্তি সহকারে বিষ্ণুর পূজা করেন, তাঁহাদিগের মুক্তির বিষয় আমি কীর্ত্তন করিয়াছি ॥

হে মুনে! মারুকপত্র, কেতকীপত্র, এবং দমনকপত্র হরিকে

দত্তমাত্রং হরেঃ প্রীতিং করোতি শতবার্ষিকীং ॥ ৬৭ ॥
দমনৈকেন দেবেশং সংপ্রাপ্তে মধুমাধবে।
গোসহস্রস্য তু মুনে সংপূজ্য লভতে ফলং।
দূর্ব্বাঙ্কুরং হরে র্যস্তু পূজাকালে প্রযচ্ছতি।
পূজাফলং শতগুণং সম্যগাপ্নোতি মানবঃ।
মঞ্জরীং সহকারস্য কেশবে যদি নারদ।
যে যচ্ছন্তি মহাভাগা স্তে কোটিফলভাগিনঃ ॥
কিঞ্চ ॥
শক্ত্যা দূর্ব্বাঙ্কুরৈঃ পুম্ভিঃ পূজিতো মধুসূদনঃ।
দদাতি হি ফলং নূনং যজ্ঞদানাদিদুর্ল্লভং ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

দেবেশং অর্চ্চয়ন্তিতি শেষঃ। পাঠান্তরং সুগমং ॥ ৬৭ ॥

প্রদান করিবা মাত্র হরি শতবর্ষ ব্যাপিয়া প্রীতি লাভ করেন ॥ ৬৭ ॥

চৈত্র বৈশাখমাসে দমনকপত্রদ্বারা গোবিন্দের পূজা করিলে, সহস্র গোদানের ফল প্রাপ্ত হওয়া যায় ॥

যে ব্যক্তি হরির পূজাকালে দূর্ব্বাঙ্কুর প্রদান করেন, তিনি পূজার শতগুণ ফল লাভ করেন ॥

হে নারদ! যদি মানবগণ কেশবকে আম্রমঞ্জরী অর্পণ করেন, তাহা হইলে সেই সকল সৌভাগ্যশালি ব্যক্তিরা কোটি গুণ ফলভাগী হন ॥

আরও ॥

পুরুষ সকল যদি দূর্ব্বাঙ্কুর দিয়া স্বীয়শক্তি অনুসারে মধুসূদনের পূজা করেন, তাহা হইলে যজ্ঞ দান প্রভৃতি সৎকার্য্যের অনুষ্ঠানে যে ফল প্রাপ্ত হওয়া সুকঠিন, তাহাও তিনি তাহাদিগকে নিশ্চয় প্রদান করেন ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীশিব ও উমার সম্বাদে ॥

বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ সকৃদ্দেবং প্রপূজ্য বৈ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো মম লোকে স তিষ্ঠতি ॥
বিষ্ণুরহস্যে চ ॥
সকৃদভ্যর্চ্চ্য গোবিন্দং বিল্বপত্রেণ মানবঃ।
মুক্তিভাগী নিরাতঙ্কঃ কৃষ্ণস্যানুচরো ভবেৎ ॥
বিষ্ণুধর্ম্মে চ ॥
মরুকো দমনশ্চৈব সদ্যস্তুষ্টিকরো হরেঃ ॥
কিঞ্চ ॥
দেয়ান্যূর্দ্ধমুখান্যেবং পত্রপুষ্পফলানি হি ॥
তথা জ্ঞানমালায়াং ॥
পুষ্পং বা যদি পত্রং ফলং নেষ্টমধোমুখং।
দুঃখদং তৎ সমাখ্যাতং যথোৎপন্নং তথার্পণং ॥ ৬৮ ॥

যে ব্যক্তি অখণ্ড বিল্বপত্র দিয়া একবার মাত্র বিষ্ণুর পূজা করেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া আমার লোকে (শিবলোকে) বাস করিবেন ॥

বিষ্ণুরহস্যেও ॥

মনুষ্য বিল্বপত্র দ্বারা একবার মাত্র গোবিন্দের পূজা করিলে, মুক্ত ও নির্ভয় হইয়া শ্রীকৃষ্ণের অনুচর হইবে ॥

বিষ্ণুধর্ম্মেও ॥

মরুক ও দমনক পত্র সদ্যঃ হরির প্রীতি সাধন করে ॥

আরও ॥

ঊর্দ্ধমুখ পত্র, পুষ্প এবং ফল হরিকে প্রদান করিবে ॥

ঐ প্রকার জ্ঞানমালায় কহিয়াছেন ॥

অধোমুখপত্র, পুষ্প অথবা ফল হরির প্রিয় নহে, ঐ সকল দুঃখদায়ক বলিয়া কথিত হইয়াছে অতএব যেরূপে উৎপন্ন হয় সেই রূপেই অর্পিত করিবে ॥ ৬৮ ॥

অথ শ্রীতুলস্যর্পণনিত্যতা ॥

পাদ্মে ॥

তুলসী ন যেষাং হরিপূজনার্থং
সংপদ্যতে মাধবপুণ্যবাসরে।
ধিগ্‌যৌবনং জীবনমর্থসম্ভতিং
তেষাং সুখং নেহচ দৃশ্যতে পরে ॥ ৬৯ ॥

গারুড়ে শ্রীভগবদুক্তৌ ॥

তুলসীং প্রাপ্য যো নিত্যং ন করোতি মমার্চ্চনং।
তস্যাহং প্রতিগৃহ্লামি ন পূজাং শতবার্ষিকীং ॥

বৃহন্নারদীয়ে চ যজ্ঞধ্বজাখ্যানান্তে ॥

শ্রীতুলসীপত্রং সর্ব্বত্রৈব বিশেষতোঽর্পয়েদিতি লিখিতং তত্র তুলস্যর্পণস্য নিত্যতামাদৌ লিখতি তুলসীত্যাদিনা আর্ষত্বাচ্ছন্দো ভঙ্গঃ সোঢ়ব্যঃ। এবমগ্রেঽপি। মাধবঃ বৈশাখমাসঃ শ্রীকৃষ্ণো বা তস্য পুণ্যবাসরঃ অক্ষয়তৃতীয়াদিঃ একাদশ্যাদি র্বা তস্মিন্নপি। পরে চ পরলোকে সুখং নির্বৃতির্ন দৃশ্যতে শাস্ত্রবিদ্ভিঃ কৈশ্চিদ্বা। যদ্বা। তেষামিতি তৈঃ ॥ ৬৯ ॥

প্রাপ্য আনীয় ইত্যর্থঃ ॥ ৭০ ॥

অথ তুলসী অর্পণের অবশ্য কর্ত্তব্যতা ॥

পদ্মপুরাণে ॥

মাধব বৈশাখমাস অথবা শ্রীকৃষ্ণ, তাঁহার পুণ্যদিন অক্ষয়তৃতীয়া বা একাদশী প্রভৃতি তিথিতে যাহারা হরিপূজার নিমিত্ত তুলসী সংগ্রহ না করে, তাহাদিগের যৌবন, জীবন এবং অর্থসঞ্চয়ে ধিক্। তাহারা ইহকালে বা পরকালে কোন কালেই সুখ দেখিতে পায় না ॥ ৬৯ ॥

গরুড়পুরাণে শ্রীভগবানের বাক্যে ॥

যে ব্যক্তি প্রত্যহ তুলসী আনয়ন করিয়া আমার পূজা না করে, আমি শত বৎসর তাহাদের পূজা গ্রহণ করি না ॥

বৃহন্নারদীয় পুরাণে ॥

যজ্ঞধ্বজের আখ্যানের শেষে ॥

যদ্গৃহে নাস্তি তুলসী শালগ্রামশিলার্চ্চনে।
শ্মশানসদৃশং বিদ্যাত্তদ্গৃহং শুভবর্জ্জিতং॥
অতএবোক্তং॥
তুলসীং বিনা যা ক্রিয়তে ন পূজা
স্নানং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং।
ভুক্তং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং
পীতং ন তদ্যত্তুলসীং বিনা কৃতং॥
বায়ুপুরাণে চ॥
তুলসী রহিতাং পূজাং ন গৃহ্লাতি সদা হরিঃ।
কাষ্ঠং বা স্পর্শয়েত্তত্র নো চেত্তন্নামতো যজেৎ।
তুলসীদলমাদায় যোঽন্যং দেবং প্রপূজয়েৎ।
ব্রহ্মহা স হি গোঘ্নশ্চ স এব গুরুতল্পগঃ॥
অতএবোক্তং গারুড়ে নৈবেদ্যপ্রসঙ্গে॥

শালগ্রামশিলার অর্চ্চনার নিমিত্ত যাহার গৃহে তুলসী না থাকে, তাহার গৃহ শ্মশান সদৃশ অমঙ্গলকর জানিবে॥

অতএব কথিত হইয়াছে॥

তুলসী বিহীন পূজা পূজা নহে, তুলসী বিহীন স্নান স্নান নহে, তুলসী বিহীন ভোজন, ভোজন নহে এবং তুলসী বিহীন পান, পান বলিয়া গণ্য নহে॥

বায়ুপুরাণেও॥

হরি কখন তুলসী ব্যতিরেকে পূজা গ্রহণ করেন না, অতএব তুলসীর অভাব হইলে তদীয় কাষ্ঠ তাঁহার অঙ্গে স্পর্শ করাইবে। তাহারও অভাব হইলে কেবল, তুলসীনাম উচ্চারণ করিয়া হরির পূজা করিবে॥

তুলসীপত্র লইয়া যে ব্যক্তি অন্য দেবতার পূজা করে, সে ব্যক্তি ব্রহ্মহত্যাকারি, গোহত্যাকারি এবং গুরুপত্নীগামির সমান পাপী হয়॥

অতএব গরুড়পুরাণে নৈবেদ্যের প্রসঙ্গে কথিত হইয়াছে॥

তুলসীদলসংমিশ্রং হরের্যচ্ছেচ্চ তৎ সদা। ইতি ॥ ৭০ ॥

ভগবদ্দুর্লভায়াস্তু তুলস্যা মহিমাদ্ভুতঃ।
সর্ব্বশাস্ত্রেষু বিখ্যাতঃ সংক্ষেপেণেহ লিখ্যতে ॥ ৭১ ॥

অথ তুলসীমাহাত্ম্যং ॥

তত্র স্বতঃ পরমোত্তমতা স্কান্দে ॥

সর্ব্বৌষধিরসৈনৈব পুরা হ্যমৃতমন্থনে।
সর্ব্বসত্ত্বোপকারায় বিষ্ণুনা তুলসী কৃতা ॥

অতএব ॥

ন বিপ্রসদৃশং পাত্রং ন দানং সুরভীসমং।
ন চ গঙ্গাসমং তীর্থং ন পত্রং তুলসীসমং।

অতএব চ বিষ্ণুরহস্যে ॥

অভিন্নপত্রাং হরিতাং হৃদ্যমঞ্জরিসংযুতাং।

অদ্ভুতঃ অনির্ব্বচনীয়ঃ অতো বিস্তরেণ লিখিতুমশক্য ইতি ভাবঃ ॥ ৭১ ॥

ন বিপ্রসদৃশমিত্যাদিত্রয়ং দৃষ্টান্তত্বে সাধ্যসন্নিধৌ সিদ্ধনির্দ্দেশো দৃষ্টান্ত ইতি ন্যায়াৎ

তুলসীপত্র সংযুক্ত নৈবেদ্য সর্ব্বদা নিবেদন করিবে ॥ ৭০ ॥

ভগবদ্দুর্লভা শ্রীতুলসীর অনির্ব্বচনীয় মহিমার বিষয় সর্ব্বশাস্ত্রে প্রসিদ্ধ আছে, এস্থলে সংক্ষেপে তদ্বিষয় কিঞ্চিৎ লিখিত হইতেছে ॥৭১

অথ তুলসীমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে স্বভাবতই তুলসীর পরম উৎকর্ষতা বিষয়ে ॥

পূর্ব্বে অমৃতমন্থন কালে জীবসমূহের উপকার নিমিত্ত বিষ্ণু সর্ব্বৌষধিরস দ্বারা তুলসীর সৃষ্টি করিয়াছেন ॥

অতএব কথিত হইয়াছে ॥

ব্রাহ্মণের সদৃশ দানের পাত্র নাই, গোদানের সমান দান নাই গঙ্গার সমান তীর্থ নাই এবং তুলসী পত্রের তুল্য আর পত্র নাই ॥

অতএব বিষ্ণুরহস্যেও ॥

অখণ্ডপত্র, হরিদ্বর্ণ, সুন্দর মঞ্জরীযুক্ত ক্ষীরোদসমুদ্র হইতে উৎ-

ক্ষীরোদার্ণবসম্ভূতাং তুলসীং দাপয়েদ্ধরেঃ ॥ ৭২ ॥

শ্রীভগবদ্দুর্ল্লভতা নারদীয়ে ॥

তাবদ্গর্জ্জন্তি পুষ্পাণি মালত্যাদীনি ভূসুর।
যাবন্ন প্রাপ্যতে পুণ্যা তুলসী কৃষ্ণবল্লভা ॥

বিষ্ণুরহস্যে ॥

কৃষ্ণা বাপ্যথবাঽকৃষ্ণা তুলসী কৃষ্ণবল্লভা।
সিতা বা প্যথবা কৃষ্ণা দ্বাদশীবল্লভা হরেঃ ॥
তাবদ্গর্জ্জন্তি রত্নানি কৌস্তুভাদীন্যহর্নিশং।
যাবন্ন প্রাপ্যতে কৃষ্ণা তুলসীপত্রমঞ্জরী ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

পূর্ব্বমুগ্রতপঃ কৃত্বা বরং বব্রে মনস্বিনী।
তুলসী সর্ব্বপুষ্পেভ্যঃ পত্রেভ্যো বল্লভা ততঃ ॥

এবমগ্রেঽপ্যূহং ॥ ৭২ ॥

গর্জ্জন্তি গর্ব্বং বহন্তীত্যর্থঃ। অকৃষ্ণা কৃষ্ণেতরা হরিদ্বর্ণেত্যর্থঃ। কৃষ্ণেতি তস্যাং শ্রীতি

পন্ন তুলসী হরিকে প্রদান করিবে ॥ ২২ ॥

নারদপুরাণে তুলসীর ভগবদ্দুর্ল্লভতা বিষয়ে ॥

হে বিপ্র! যতক্ষণ কৃষ্ণবল্লভা পবিত্র তুলসী না পাওয়া যায়, সেই পর্য্যন্ত মালতী প্রভৃতি পুষ্প গর্ব্ব প্রকাশ করিয়াথাকে ॥

বিষ্ণুরহস্যে ॥

কৃষ্ণবর্ণ হউন বা হরিদ্বর্ণ হউন, তুলসী শ্রীকৃষ্ণের প্রিয়া এবং কৃষ্ণপক্ষেরই হউন বা শুক্লপক্ষেরই হউন, দ্বাদশী হরির প্রিয়তমা ॥

যে পর্য্যন্ত কৃষ্ণবর্ণ তুলসীপত্র বা মঞ্জরী না পাওয়া যায়, সেই পর্য্যন্ত কৌস্তুভাদি রত্ন সকল নিয়ত গর্ব্ব প্রকাশ করে ॥

অগস্ত্যসংহিতায় ॥

পূর্ব্বকালে সদ্বুদ্ধিসম্পন্না শ্রীতুলসী ঘোরতর তপস্যা করিয়া বর প্রার্থনা করিয়াছিলেন, সেই কারণে তিনি সর্ব্ব প্রকার পুষ্প ও পত্র

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥
সর্ব্বাসাং পত্রজাতীনাং তুলসী কেশবপ্রিয়া ॥
কিঞ্চ ॥
সর্ব্বথা সর্ব্বকালেষু তুলসী বিষ্ণুবল্লভা ॥ ৭৩ ॥
তত্রৈবোত্তরখণ্ডে কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীনারদোক্তৌ ॥
তুলসীদলপূজায়া ময়া বক্তুং ন শক্যতে।
অত্যন্ত বল্লভা সা হি শালগ্রামাভিধে হরৌ ॥ ৭৪ ॥
পাতিব্রত্যেন বৃন্দাসৌ হরিমারাধ্য কর্ম্মণা।
পূর্ব্বজন্মন্যসৌ লেভে কৃষ্ণসংযোগমুত্তমং ॥
তত্রৈব শ্রীবৃন্দোপাখ্যানান্তে ॥

বিশেষাৎ পরমস্নিগ্ধত্বেন শ্যামতা প্রাপ্তের্ব্বা ॥ ৭৩ ॥

শালগ্রামাভিধে শ্রীশালগ্রামশিলাসংজ্ঞকে। শ্রীবৃন্দাভক্ত্যৈব তদ্রূপেণাবতীর্ণত্বাৎ। তদাখ্যায়িকা তত্রৈব বিস্তীর্ণাস্তি ॥ ৭৪ ॥

অপেক্ষা হরির প্রিয়া হইয়াছেন ॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে শ্রীযম ব্রাহ্মণ সম্বাদে ॥
সর্ব্বজাতীয় পত্র অপেক্ষা তুলসী কেশবের প্রিয়তমা ॥
আরও ॥
তুলসী সর্ব্বপ্রকারে ও সকল কালে বিষ্ণুর বল্লভা ॥ ৭৩ ॥
ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে ॥
কার্ত্তিকমাহাত্ম্যে নারদের বাক্যে ॥
তুলসী পত্র দ্বারা পূজা করিবার মাহাত্ম্য আমি বলিতে অসমর্থ। ঐ তুলসী শালগ্রামশিলারূপী হরির অত্যন্ত প্রিয় ॥ ৭৪ ॥
বৃন্দাদেবী পাতিব্রত্যজনক কর্ম্মদ্বারা হরির আরাধনা করিয়া পূর্ব্বজন্মে তাঁহার সহিত উত্তম সহবাস লাভ করিয়াছিলেন ॥
ঐ উত্তরখণ্ডেই বৃন্দার উপাখ্যানাবসানে ॥

সত্ত্বং প্রীতিকরং বাক্যং কোপস্তস্যাস্তু তামসঃ।
ভাবদ্বয়ং হরৌ জাতং যত্তদ্বর্ণদ্বয়ং হ্যভূৎ।
শ্যামাঽপি তুলসী বিষ্ণোঃ প্রিয়া গৌরী বিশেষতঃ॥
দ্বারকামাহাত্ম্যে চ॥
শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে॥
যথা লক্ষ্মীঃ প্রিয়াবিষ্ণো স্তুলসী চ ততোঽধিকা॥
স্কান্দে॥
যোগিনাং বিরতৌ বাঞ্ছা কামিনাঞ্চ যথা রতৌ।
পুষ্পেষ্বপি চ সর্ব্বেষু তুলস্যাঞ্চ তথা হরেঃ।
নিরস্য মালতীপুষ্পং মুক্তাপুষ্পং সরোরুহং।
গৃহ্লাতি তুলসীং শুষ্কামপি পর্য্যুষিতাং হরিঃ।
অতএব চতুর্থস্কন্ধে শ্রীধ্রুবং প্রতি শ্রীনারদোপদেশে॥

বৃন্দার প্রীতিকর বাক্যই সত্ত্ব এবং তাঁহার কোপই তমঃ। এই দুই গুণের সংস্পর্শে হরিতে দুইটী ভাব উৎপন্ন হয়, সেই নিমিত্ত তুলসীর বর্ণ দুই প্রকার হইয়াছে। তন্মধ্যে কৃষ্ণা তুলসী বিষ্ণুর প্রিয় হইলেও হরিদ্বর্ণা তুলসী বিশেষরূপে প্রিয়া॥

দ্বারকামাহাত্ম্যেও শ্রীমার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্ন সম্বাদে॥

লক্ষ্মী যেরূপে বিষ্ণুর প্রিয়া, তুলসী আবার তদপেক্ষাও অধিক॥

স্কন্দপুরাণে॥

যোগিদিগের যেমন বৈরাগ্যে অভিলাষ এবং কামিদিগের যেমন রতিক্রীড়ায় অনুরাগ, সেইরূপ সর্ব্বপ্রকার পুষ্প অপেক্ষা হরির তুলসীর প্রতি অতিশয় প্রীতি॥

মালতীপুষ্প, মুক্তাপুষ্প ও পদ্ম পরিত্যাগ করিয়া হরি পর্য্যুষিত ও শুষ্ক তুলসীপত্রও গ্রহণ করেন॥

অতএব চতুর্থস্কন্ধে ৮ অধ্যায়ে ধ্রুবের প্রতি নারদের উপদেশে॥

সলিলৈঃ শুচিভির্মাল্যৈর্বন্যমূলফলাদিভিঃ।
শস্তাঙ্কুরাংশুকৈশ্চার্চ্চেৎ তুলস্যা প্রিয়য়া প্রভোঃ ॥ ৭৫ ॥

রাসক্রীড়ায়াঞ্চ দশমস্কন্ধে ॥
শ্রীগোপীনাং ভগবদন্বেষণে ॥
কচ্চিত্তুলসি কল্যাণি গোবিন্দচরণপ্রিয়ে।
সহ ত্বালিকুলৈর্বিভ্রদ্দৃষ্টস্তেতি প্রিয়োঽচ্যুতঃ ॥ ৭৬ ॥

অতএব স্কান্দে ॥
যৎ ফলং সর্ব্বপুষ্পেষু সর্ব্বপত্রেষু নারদ।
তুলসীদলমাত্রেণ প্রাপ্যতে কেশবার্চ্চনে ॥ ৭৭ ॥

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে তত্রৈব ॥
ত্যক্ত্বাতু মালতীপুষ্পং মুক্ত্বা চৈব সরোরুহং।

বন্যৈঃ শস্তৈরঙ্কুরাদিভিরংশুকৈর্বস্ত্রৈর্বল্কলাদিভিঃ প্রিয়য়েতি প্রভোরর্চ্চনে তস্যা আবশ্যকত্বং কিম্বা সর্ব্বনৈরপেক্ষ্যেণ তয়ৈব তৎসন্তোষণমভিপ্রেতং ॥ ৭৫ ॥

অলিকুলৈঃ সহ ত্বা ত্বাং বিভ্রৎ দধানঃ ॥ ৭৬ ॥

তৎ প্রাপ্যতে ॥ ৭৭ ॥

অলং সমর্থো ন স্যাৎ ॥ ৭৮ ॥

জল, পবিত্র মাল্য, ফল মূলাদি, প্রশস্ত দূর্ব্বাঙ্কুর, বল্কল ও প্রেয়সী তুলসী দ্বারা প্রভুর অর্চ্চনা করিবে ॥ ৭৫ ॥

রাসক্রীড়াতেও দশমস্কন্ধে ৩০ অধ্যায়ে ভগবানের অন্বেষণে ॥

হে গোবিন্দচরণপ্রিয়ে, কল্যাণি; তুলসি! যিনি তোমার অতিশয় প্রিয় এবং যিনি তোমাকে অলিগণের সহিত মস্তকে ধারণ করেন, সেই কৃষ্ণকে কি দেখিয়াছ? ॥ ৭৬ ॥

অতএব স্কন্দপুরাণে ॥

হে নারদ! সর্ব্বপ্রকার পুষ্প ও সর্ব্বপ্রকার পত্র দিয়া বিষ্ণুর অর্চ্চনা করিলে যে ফল লাভ হয় একটী তুলসীপত্র দ্বারাও সেই ফল পাওয়া গিয়া থাকে ॥ ৭৭ ॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে ঐ বিষয়েই ॥

মালতী এবং পদ্ম পুষ্প পরিত্যাগ করিয়া যদি একটীমাত্র তুলসীপত্র

গৃহীত্বা তুলসীপত্রং ভক্ত্যা মাধবমর্চ্চয়েৎ ॥
তস্য পুণ্যফলং বক্তুমলং শেষোঽপি নো ভবেৎ ॥ ৭৮ ॥
তত্রৈব শ্রীমাঘমাহাত্ম্যে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥
মণিকাঞ্চনপুষ্পাণি তথা মুক্তাময়ানি চ।
তুলসীপত্রদানস্য কলাং নার্হন্তি ষোড়শীং ॥ ৭৯ ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
নীলোৎপলসহস্রেণ ত্রিসন্ধ্যং যোঽর্চ্চয়েদ্ধরিং।
ফলং বর্ষশতেনাপি তদীয়ং নৈব লভ্যতে ॥
বিদ্বন্ সর্ব্বেষু পুষ্পেষু পঙ্কজং শ্রেষ্ঠমুচ্যতে।
তৎপুষ্পেষ্বপি তন্মাল্যং কোটিকোটিগুণং ভবেৎ।

মুক্তাময়ানি চ পুষ্পাণি তুলসীপত্রস্য শ্রীকৃষ্ণায় কস্মৈচিদ্বাস্মৈ যদ্দানং তস্য ॥ ৭৯ ॥
তেনাপি বর্ষশতেনাপি তদীয়ং তুলসী সম্বন্ধি তৎ প্রকরণাৎ ফলং নৈব লভ্যতে ॥ ৮০ ॥

গ্রহণ করিয়া ভক্তি সহকারে মাধবের অর্চ্চনা করা যায়, তাহা হইলে তাহাতে যে কত পুণ্য হয়, সে বিষয় অনন্তদেবও বলিতে সমর্থ হয়েন না ॥ ৭৮ ॥

ঐ পদ্মপুরাণে দেবদূত ও বিকুণ্ডলসম্বাদে ॥

বিষ্ণুকে তুলসীপত্র দান করিলে যে ফল লাভ হয়, মণিকাঞ্চন পুষ্প ও মুক্তাপুষ্প সমূহ অর্পণ করিলে তাহার ষোড়শাংশের একাংশও ফল পাওয়া যায় না ॥ ৭৯ ॥

অগস্ত্যসংহিতায় ॥

যে ব্যক্তি সহস্র নীলোৎপল দ্বারা ত্রিসন্ধ্যা হরির অর্চ্চনা করে, সে শত বৎসর ঐরূপ করিলেও তুলসীপত্র দানের ফল প্রাপ্ত হয় না ॥

হে বিদ্বন্! সমুদায় পুষ্পের মধ্যে পদ্ম শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে, ঐ পদ্মপুষ্প সমূহ অপেক্ষা আবার উহার মাল্য কোটি কোটি গুণে শ্রেষ্ঠ ॥

বিষ্ণোঃ শিরসি বিন্যস্তমেকং শ্রীতুলসীদলং।
অনন্তফলদং বিদ্বন্ মন্ত্রোচ্চারণপূর্ব্বকং॥
কিঞ্চ॥
বর্ণাশ্রমেতরাণাঞ্চ পূজায়াশ্চৈব সাধনং।
অপেক্ষিতার্থদং নান্যৎ জগত্যস্তি তপোধন॥ ৮০॥
অতএব নারদীয়ে॥
বর্জ্যং পর্য্যুষিতং পুষ্পং বর্জ্যং পর্য্যুষিতং ফলং।
ন বর্জ্যং তুলসীপত্রং ন বর্জ্যং জাহ্নবীজলং॥ ৮১॥
অথ শ্রীভগবদর্পণেন পাপহারিত্বং॥
পাদ্মে॥
শ্রীমত্তুলস্যার্চ্চয়তে সকৃদ্ধরিং

পর্য্যুষিতমপি তুলসীপত্রং ন বর্জ্যং। এতেন শুষ্কং পর্য্যুষিতং যদীতি স্কন্দোক্ত্যা শ্রী-তুলসীপত্রচূর্ণমপি সমর্পিতং। এবং বৈষ্ণবানাং তচ্চূর্ণসংগ্রহঃ সমূল এব জ্ঞেয়ঃ॥ ৮১॥
এবং স্বাভাবিকং শ্রীতুলস্যা মাহাত্ম্যং লিখিত্বাধুনা শ্রীমচ্চরণাব্জবিষয়ক সমর্পণ মাহাত্ম্যং

হে বিদ্বন্! কিন্তু মন্ত্র উচ্চারণ পূর্ব্বক একটীমাত্র তুলসীপত্র বিষ্ণুর মস্তকে অর্পিত হইলে ঐ পত্র অনন্ত ফল প্রদান করেন॥

আরও॥

হে তপোধন! এই জগতে বর্ণ, আশ্রম ও অপরের পক্ষে তুলসী-পত্র ব্যতীত অন্য প্রকার পূজোপকরণ, সেরূপ অভীষ্ট ফল প্রদান করে না॥ ৮০॥

অতএব নারদপুরাণে॥

পর্য্যুষিত পুষ্প ও পর্য্যুষিত ফল পরিত্যাগ করিবে, কিন্তু তুলসী-পত্র ও গঙ্গাজল পর্য্যুষিত হইলেও পরিত্যাগ করিবে না॥ ৮১॥

অথ ভগবদর্পণে তুলসীর পাপ হরণ ক্ষমতা॥

পদ্মপুরাণে॥

যিনি সুগন্ধি, পরিষ্কৃত এবং অখণ্ডিত তুলসীপত্র দ্বারা একবার মাত্র

পত্রৈঃ সুগন্ধৈর্বিমলৈরখণ্ডিতৈঃ।
যস্তস্য পাপং পটসংস্থিতং প্রভু-
র্নিরীক্ষয়িত্বা মৃজতে স্বয়ং যমঃ ॥ ৮২ ॥

স্কান্দে ॥

তুলসীদললক্ষেণ যোঽর্চ্চয়েদ্দ্বারকাপ্রিয়ং।
জন্মাযুতসহস্রাণাং পাপস্য কুরুতে ক্ষয়ং ॥

ব্রাহ্ম্যে ॥

লিঙ্গমভ্যর্চ্চিতং দৃষ্ট্বা প্রতিমাং কেশবস্য চ ॥
তুলসীপত্রনিকরৈর্মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥ ৮৩ ॥
নিত্যমভ্যর্চ্চয়েদ্যো বৈ তুলস্যা হরিমীশ্বরং।

লিখন্ তত্রাদাবখিলপাপহারিত্বং লিখতি শ্রীমদিত্যাদিনা। প্রভুঃ পাপানাং নিয়ন্তাপি নিরীক্ষ্য মার্জয়তীতি মার্জনস্য সম্যক্ত্বায় নিরীক্ষণং কিম্বা গুহ্যত্বাদিতস্ততো হবলোকনমিতি জ্ঞেয়ং ॥ ৮২ ॥

তুলসীপত্রনিকরৈ রভ্যর্চ্চিতাং ॥ ৮৩ ॥

হরির অর্চ্চনা করেন গুহ্যই হউক বা প্রকাশ্যই হউক তাঁহার পটসংস্থিত যাবতীয় পাপ, পাপিদিগের নিয়ন্তা স্বয়ং যম তন্ন তন্ন করিয়া নিরীক্ষণ পূর্ব্বক মার্জন করেন ॥ ৮২ ॥

স্কন্দপুরাণে ॥

যিনি লক্ষতুলসী দিয়া দ্বারকানাথের পূজা করেন, তাঁহার কোটিজন্মের পাপ ক্ষয় প্রাপ্ত হয় ॥

ব্রহ্মপুরাণে ॥

তুলসী পত্র দ্বারা পূজিত কেশবের শ্রীমূর্ত্তি দর্শন করিলেও ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয় ॥ ৮৩ ॥

যিনি নিত্য তুলসীপত্র দিয়া পরমেশ্বর হরির অর্চ্চনা করেন, তাঁহার উপপাতকের কথা আর কি বলিব, সমুদায় মহাপাতকও বিনাশ

মহাপাপানি নশ্যন্তি কিং পুনশ্চোপপাতকং ॥

অন্যত্র চ ॥

গুহ্যানি যানি পাপানি অনাখ্যেয়ানি মানবৈঃ।
নাশয়েত্তানি তুলসী দত্তা মাধবমূর্দ্ধনি ।
হরের্গৃহং যদা যস্তু তুলসীদলবিপ্রুষৈঃ।
ত্রিসন্ধ্যং প্রোক্ষয়েদ্ভক্ত্যা মহাপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৮৪ ॥

অতএব স্কান্দে অবন্তীখণ্ডে ॥

কিং করিষ্যতি সংরুষ্টো যমোঽপি সহ কিঙ্করৈঃ ।
তুলসীদলেন দেবেশঃ পূজিতো যেন দুঃখহা ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ॥

ন তস্য নরকক্লেশো যোঽর্চ্চয়েত্তুলসীদলৈঃ ।
পাপিষ্ঠো বাপ্যপাপিষ্ঠঃ সত্যং সত্যং ন সংশয়ঃ ॥

তুলসীদলস্য বিপ্রুষৈ র্জলবিন্দুভিঃ ॥ ৮৪ ॥

ক্বচিচ্চ তুলসীদলকোমলৈ রিতি পাঠঃ অর্থস্তথৈব স্বামিনা কার্ত্তিকেয়েন ॥ ৮৫ ॥

প্রাপ্ত হয় ॥

অন্যস্থলেও ॥

মাধবের মস্তকে তুলসী প্রদত্ত হইলে ঐ তুলসী মনুষ্যের অকথ্য গুহ্য পাপ সকলও তিনি বিনাশ করেন ॥

যিনি ভক্তি পূর্ব্বক তুলসীপত্র নিঃসৃত জলবিন্দু দ্বারা ত্রিসন্ধ্যা বিষ্ণুর গৃহ মার্জনা করেন, তিনি মহাপাপ সমূহ হইতে মুক্ত হয়েন ॥৮৪

অতএব স্কন্দপুরাণে অবন্তীখণ্ডে ॥

যিনি তুলসীপত্র দ্বারা দুঃখহারি হরির পূজা করেন, যম এবং তাঁহার কিঙ্করগণ রুষ্ট হইলেও তাঁহার কিছুই করিতে পারেন না ॥

অগস্ত্যসংহিতায় ॥

পাপিষ্ঠ হউক বা ধার্ম্মিকই হউক, যে ব্যক্তি তুলসীপত্র দ্বারা হরির অর্চ্চনা করে, তাহাকে আর নরকযন্ত্রণা ভোগ করিতে হয় না, পুনঃপুনঃ সত্য করিয়া বলিতেছি ইহাতে আর সংশয় নাই ॥

তথা বৈরিনাশকত্বং ॥

পুরা ক্রৌঞ্চবধার্থায় কোমলৈস্তুলসীদলৈঃ।
অর্চ্চয়িত্বা হৃষীকেশং স্বামিনা নিহতো রিপুঃ ॥ ৮৫ ॥

সর্ব্বসম্পৎপ্রদত্বং অগস্ত্যসংহিতায়াং ॥

মাল্যানি তন্বতে লক্ষ্মীং কুসুমান্তরিতান্যপি।
তুলস্যাঃ স্বয়মানীয় নির্ম্মিতানি তপোধন ॥

পরমপুণ্যজনকত্বং। স্কান্দে ॥

কৃষ্ণমূর্দ্ধনি বিন্যস্তা তুলসীপত্রমঞ্জরী।
সুবর্ণকোটিপুণ্যানাং ফলং যচ্ছত্যতোঽধিকং ॥

কুসুমৈরন্তরিতানি মধ্যে মধ্যে হ্যন্যপুষ্পৈর্গ্রথিতানীত্যর্থঃ। তুলস্যা মাল্যানি সমর্পিতানি সন্তি লক্ষ্মীং সম্পদং তন্বতে বিস্তারয়ন্তীতি জ্ঞেয়ং। পত্রং পুষ্পং ফলঞ্চৈব শ্রীতুলস্যা সমর্পিতমিতি তৎ সহিতায়াং নিরন্তর পূর্ব্বশ্লোকৈঃ সমর্পণস্য প্রকৃতত্বাৎ। যদ্বা ভগবদর্থং নির্ম্মিতান্যপি লক্ষ্মীং তন্বতে অস্ত তাবৎ সমর্পণাদি ॥ ৮৬ ॥

ঐ অগস্ত্যসংহিতায় তুলসীর শত্রুনাশন ক্ষমতা ॥

পূর্ব্বকালে কার্ত্তিকেয় ক্রৌঞ্চবধের নিমিত্ত কোমল তুলসীদল দ্বারা হৃষীকেশের পূজা করিয়া ঐ শত্রুনাশ করিয়াছিলেন ॥ ৮৫ ॥

তুলসীর সর্ব্বসম্পৎপ্রদত্বশক্তি ॥

অগস্ত্যসংহিতায় ॥

হে তপোধন! স্থানে স্থানে পুষ্পান্তর দ্বারা গ্রথিত তুলসীর মাল্য স্বয়ং আহরণ করিয়া যে নির্ম্মাণ করে, তাহার সম্পত্তি বৃদ্ধিশীল হয় ॥

তুলসীর পরমপুণ্যজনকত্ব ॥

স্কন্দপুরাণে ॥

তুলসীর পত্র ও মঞ্জরী শ্রীকৃষ্ণের মস্তকে অর্পিত হইলে, কোটি সুবর্ণ দান করিলে যে পুণ্য হয়, ঐ তুলসীপত্রমঞ্জরী তদপেক্ষা অধিক ফল প্রদান করিয়া থাকেন ॥ ৮৬ ॥

তীর্থযাত্রাদিভিরহো কালক্ষেপেণ কিং জনাঃ।
যে হর্চ্চয়ন্তি হরের্বিম্বং তুলসীদলকোমলৈঃ ॥ ৮৭ ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
পুষ্পান্তরৈরন্তরিতং নির্ম্মিতং তুলসীদলৈঃ।
মাল্যং মলয়জালিপ্তং দদ্যাৎ শ্রীরামমূর্দ্ধনি।
কিং তস্য বহুভির্যজ্ঞৈঃ সম্পূর্ণবরদক্ষিণৈঃ।
কিন্তীর্থসেবয়া দানৈরুগ্রেণ তপসাঽপি বা।
বাচং নিযম্য চাত্মনং মনো বিষ্ণৌ নিধায় চ।
যোঽর্চ্চয়েত্তুলসীমাল্যৈর্যজ্ঞকোটিফলং লভেৎ ॥ ৮৮ ॥
ভবান্ধকূপমগ্নানামেতদুদ্ধারকারণং ॥ ৮৯ ॥

বিম্বং শ্রীমূর্ত্তিং ॥ ৮৭ ॥
আত্মানং চ দেহং নিযম্য ॥ ৮৮ ॥
এতৎ তুলসীমাল্যৈ র্বিষ্ণুর্চ্চনং ॥ ৮৯ ॥

যাঁহারা তুলসীর কোমল দলসমূহ দ্বারা হরির শ্রীমূর্ত্তির পূজা করেন, তাঁহাদিগের আর তীর্থযাত্রাদি দ্বারা কালক্ষেপণের প্রয়োজন কি ?॥৮৭

অগস্ত্যসংহিতায় ॥

মধ্যে মধ্যে পুষ্প দিয়া তুলসীপত্র সমূহ দ্বারা মাল্য প্রস্তুত করিয়া, তাহাতে চন্দন লিপ্ত করত যে ব্যক্তি শ্রীরামের মস্তকে প্রদান করেন, তাঁহার আর সম্পূর্ণ ও শ্রেষ্ঠ দক্ষিণাযুক্ত নানা যজ্ঞ করিবার প্রয়োজন কি ? তীর্থপর্য্যটন করিবার ফল কি ? দানের আবশ্যক কি ? এবং কঠোর তপস্যা করিয়াই বা লাভ কি ? ॥

যে ব্যক্তি বাক্য সংযম ও দেহ শোধন করিয়া তদ্গতচিত্তে তুলসী মাল্য দ্বারা বিষ্ণুর অর্চ্চনা করে, সে কোটিযজ্ঞের ফল প্রাপ্ত হয় ॥৮৮॥

ইহা অর্থাৎ তুলসীর মাল্য দ্বারা বিষ্ণুর পূজা সংসার রূপ অন্ধকূপ-মগ্ন ব্যক্তিগণের উদ্ধারের একমাত্র কারণ ॥ ৮৯ ॥

গারুড়ে ॥

যস্যারামোদ্ভবৈঃ পত্রৈস্তুলসীসম্ভবৈর্হরিঃ।
পূজ্যতে খগশার্দ্দূল ত্রিদশং পুণ্যমাপ্নুয়াৎ ॥ ৯০ ॥

অন্যত্র চ ॥

তুলসীদলমাল্যেন বিষ্ণুপূজাং করোতি যঃ।
পত্রে পত্রেঽশ্বমেধানাং দশানাং লভতে ফলং ॥

অতএব বিষ্ণুরহস্যে স্কান্দে চ ॥

গৃহীত্বা তুলসীপত্রং ভক্ত্যা বিষ্ণুং সমর্চ্চয়েৎ।
অর্চ্চিতং তেন সকলং স দেবাসুরমানুষং ॥ ৯১ ॥

কিঞ্চ কাশীখণ্ডে ॥

শালগ্রামশিলা যেন পূজিতা তুলসীদলৈঃ।

ত্রিদশং পুণ্যমিতি ॥ ৯০ ॥

স আরামকর্ত্তা ত্রয়োদশং পুণ্যভাগং প্রাপ্নুয়াৎ পূজকস্তু দ্বাদশ ভাগানিত্যর্থঃ সদেবাসুরমানুষং জগদিতি শেষঃ। যদ্বা সকলং বিশ্বং ॥ ৯১ ॥

গরুড়পুরাণে ॥

হে পক্ষিশ্রেষ্ঠ! যাহার উপবন-সম্ভূত তুলসীপত্র দ্বারা বিষ্ণু পূজিত হয়েন, তিনি পূজক ব্যক্তির সঞ্চিত পুণ্যের ত্রয়োদশ ভাগের একভাগ প্রাপ্ত হয়েন ॥ ৯০ ॥

অন্যস্থলেও ॥

যে ব্যক্তি তুলসীপত্রের মাল্য দিয়া বিষ্ণুর পূজা করেন, তিনি প্রত্যেক পত্র দানে দশ অশ্বমেধের ফল প্রাপ্ত হয়েন ॥

অতএব বিষ্ণুরহস্যে ও স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তি তুলসীপত্র গ্রহণ করিয়া ভক্তিপূর্ব্বক বিষ্ণুর অর্চ্চনা করেন, তাঁহার দেব, অসুর ও মানুষ প্রভৃতি সকলের পূজা করা হয় ॥ ৯১ ॥

আরও কাশীখণ্ডে ॥

যিনি তুলসীপত্র দিয়া শালগ্রামশিলার পূজা করেন, তিনি দেব-

সপারিজাতমালাভিঃ পূজ্যতে সুরসদ্মনি ॥
সর্ব্বার্থসাধকত্বং স্কান্দে ॥
সমঞ্জরীদলৈর্যুক্তং তুলসীসম্ভবৈঃ ক্ষিতৌ।
কুর্ব্বন্তি পূজনং বিষ্ণোস্তে কৃতার্থা কলৌ নরাঃ ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
পত্রং পুষ্পং ফলঞ্চৈব শ্রীতুলস্যাঃ সমর্পিতং।
রামায় মুক্তিমার্গস্য দ্যোতকং সর্ব্বসিদ্ধিদং ॥ ৯২ ॥
মুক্তিপ্রদত্বং পাদ্মে। দেবদূতবিকুণ্ঠসম্বাদে ॥
তুলসীমঞ্জরীভির্যঃ কুর্য্যাদ্ধরিহরার্চ্চনং।
ন স গর্ত্তগৃহং যাতি মুক্তিভাগী ভবেন্নরঃ ॥ ৯৩ ॥
গারুড়ে ॥

সর্ব্বসিদ্ধিদং সর্ব্বার্থসিদ্ধিদায়কং ॥ ৯১ ॥
গর্ত্তরূপং গৃহং ॥ ৯৩ ॥

লোকে পারিজাত মালা দ্বারা পূজিত হয়েন ॥

তুলসীর সর্ব্বার্থসাধন করিবার ক্ষমতা স্কন্দপুরাণে ॥

যাঁহারা মর্ত্যলোকে তুলসীমঞ্জরীর সহিত পত্র দ্বারা বিষ্ণুর পূজা করেন, কলিযুগে তাঁহারাই ধন্য ॥

অগস্ত্যসংহিতায় ॥

যে ব্যক্তি তুলসীর পত্র, পুষ্প, ফল শ্রীরামকে সমর্পণ করেন, তাঁহার মুক্তিপথ পরিষ্কৃত হয় এবং তিনি সর্ব্ববিষয়ে সিদ্ধি লাভ করেন ॥৯২॥

তুলসীর মুক্তিপ্রদান করিবার ক্ষমতা ॥

পদ্মপুরাণে দেবদূত ও বিকুণ্ঠসম্বাদে ॥

যিনি তুলসীর মঞ্জরী দ্বারা হরিহরের অর্চ্চনা করেন, তাঁহাকে আর গর্ত্তরূপ গৃহে প্রবেশ করিতে হয় না এবং তিনি মুক্তি লাভ করেন ॥৯৩

গরুড়পুরাণে ॥

তাবদ্ভ্রমতি সংসারে বিমূঢ়ঃ কলিবর্ত্মনি।
যাবন্নারাধয়েদ্দেবং তুলসীভিঃ প্রযত্নতঃ॥
তত্রৈব শ্রীভগবদুক্তৌ॥
তুলসীপত্রমাদায় যঃ করোতি মমার্চ্চনং।
ন পুনর্যোনিমায়াতি মুক্তিভাগী ভবেন্নরঃ॥ ৯৪॥
অগস্ত্যসংহিতায়াং॥
তুলসীপত্রমাদায় যোঽর্চ্চয়েদ্রামমন্বহং।
স যাতি শাশ্বতং ব্রহ্ম পুনরাবৃত্তিদুর্ল্লভং।
পূজাযোগ্যৈঃ ফলৈঃ পত্রৈঃ পুষ্পৈর্ব্বা যোঽর্চ্চয়েদ্ধরিং।
স মাতুর্গর্ব্ভবাসাদিদুঃখং নৈব লভেৎ ক্বচিৎ॥ ৯৫॥
শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকত্বং॥

কলির্বর্ত্ম যস্য তস্মিন্ প্রায়ঃ পাপময়ত্বাৎ সংসারস্য॥ ৯৪॥
পুনরাবৃত্তিদুর্ল্লভমিতি অপুনরাবৃত্তিকমিত্যর্থঃ॥ ৯৫॥

যে ব্যক্তি যতকাল যত্নপূর্ব্বক তুলসীপত্র দ্বারা বিষ্ণুর আরাধনা না করিবে, সেই মূঢ় ততকাল এই পাপময় সংসারমার্গে ভ্রমণ করিতে থাকিবে॥

ঐ গরুড়পুরাণে শ্রীভগবানের বাক্যে॥

যে ব্যক্তি তুলসীপত্র লইয়া আমার পূজা করে, তাহার পুনরায় জন্ম হয় না এবং সে মুক্তি লাভ করে॥ ৯৪॥

অগস্ত্যসংহিতায়॥

যে ব্যক্তি তুলসীপত্র লইয়া প্রত্যহ রামের অর্চ্চনা করেন, তিনি দুর্ল্লভ নিত্যস্বরূপ ব্রহ্মলোকে গমন করেন, তাঁহার আর পুনর্জন্ম হয় না॥

যে ব্যক্তি পূজাযোগ্য ফল, পত্র ও পুষ্প দ্বারা হরির অর্চ্চনা করেন, তিনি আর কখন মাতৃগর্ব্ভে বাসাদি জনিত দুঃখ অনুভব করেন না॥ ৯৫

তুলসীর শ্রীবৈকুণ্ঠলোক প্রাপ্তি করাইবার ক্ষমতা॥

পাদ্মে তত্রৈব ॥

আরোপ্য তুলসীং বৈশ্য সংপূজ্য তদ্দলৈর্হরিং।
বসন্তি মোদমানাস্তে যত্র দেবশ্চতুর্ভুজঃ ॥

তত্রৈবান্যত্র ॥

তুলসী কৃষ্ণগৌরাভা তয়াভ্যর্চ্য জনার্দ্দনং।
নরো যাতি তনুং ত্যক্ত্বা বৈষ্ণবীং শাশ্বতীং গতিং ॥ ৯৬ ॥

বিষ্ণুরহস্যে ॥

কৃষ্ণং কৃষ্ণতুলস্যা হি যো ভক্ত্যা পূজয়েন্নরঃ।
স যাতি ভুবনং শুভ্রং যত্র বিষ্ণুঃ শ্রিয়া সহ ॥ ৯৭ ॥

বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে ॥

যোঽর্চ্চয়েদ্ধরিপাদাব্জং তুলসীকোমলচ্ছদৈঃ।

গতিং গম্যং স্থানমিত্যর্থঃ ॥ ৯৬ ॥

শুভ্রং নির্ম্মলং ॥ ৯৭ ॥

পদ্মপুরাণে ঐ বিষয়েই ॥

হে বৈশ্য! যাঁহারা তুলসীবৃক্ষ রোপণ করিয়া তাহার পত্র দ্বারা বিষ্ণুর পূজা করেন, তাঁহারা চতুর্ভুজ ভগবানের অধিষ্ঠিত স্থানে অর্থাৎ বৈকুণ্ঠে সুখে বসতি করেন ॥

ঐ পদ্মপুরাণেরই অন্যস্থলে ॥

যে ব্যক্তি কৃষ্ণবর্ণ ও গৌরবর্ণ তুলসী দ্বারা জনার্দ্দনের পূজা করেন, সেই মনুষ্য দেহত্যাগ করিয়া অক্ষয় বিষ্ণুধামে গমন করেন ॥ ৯৬ ॥

বিষ্ণুরহস্যে ॥

যে ব্যক্তি কৃষ্ণতুলসী দ্বারা ভক্তিপূর্ব্বক কৃষ্ণের পূজা করেন, তিনি, যে লোকে বিষ্ণু লক্ষ্মীর সহিত বিরাজ করিতেছেন, সেই নির্ম্মল লোক প্রাপ্ত হয়েন ॥ ৯৭ ॥

বৃহন্নারদীয় পুরাণে যম ও ভগীরথসম্বাদে ॥

যিনি কোমল তুলসীপত্র দ্বারা হরির পাদপদ্ম অর্চ্চনা করেন, তাঁহার

ন তস্য পুনরাবৃত্তির্ব্রহ্মলোকাৎ কদাচন ॥ ৯৮ ॥

গারুড়ে ॥

কৃষ্ণার্চ্চনার্থং ভিক্ষূণাং যচ্ছন্তি তুলসীদলং।
অন্যেষামপি ভক্তানাং যান্তি তৎ পরমং পদং ॥

অতএব হরিভক্তিসুধোদয়ে ॥

বৈষ্ণবং বিপ্রং প্রতি যমদূতানামুক্তৌ ॥

সুকৃতী দুষ্কৃতী বাপি তুলস্যা যোঽর্চ্চয়েদ্ধরিং।
তস্যান্তে হি বয়ং নেশা বিষ্ণুদূতৈঃ স নীয়তে ॥

অতএবোক্তং স্কান্দে ॥

যোঽভ্যস্যেৎ পরমাত্মানং ত্যক্তসর্ব্বৈষণো মুনিঃ।

ব্রহ্ম সচ্চিদানন্দং তৎস্বরূপলোকাৎ বৈকুণ্ঠাৎ। তথাচ তৃতীয়স্কন্ধে ব্রহ্মলোকঃ সনাতন ইতি ॥ ৯৮ ॥

ত্যক্তাঃ সর্ব্বা এষণাঃ পুত্রাদিস্পৃহাত্রয়ং যেন সঃ এষণা স্তিস্রশ্চ শ্রুত্যোক্তাঃ পুত্রৈষণাশ্চ

আর কখন ব্রহ্মলোক হইতে পুনরাগমন হইবে না ॥ ৯৮ ॥

গরুড়পুরাণে ॥

যাঁহারা কৃষ্ণপূজার নিমিত্ত ভিক্ষুকাশ্রমী ও অন্যান্য ভক্তগণকে তুলসীপত্র প্রদান করেন, তাঁহারা সেই শ্রেষ্ঠধাম প্রাপ্ত হন ॥

অতএব হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণুভক্ত ব্রাহ্মণের প্রতি যমদূতের বাক্য ॥

ধার্ম্মিক হউক বা অধার্ম্মিক হউক, যে ব্যক্তি তুলসী দ্বারা হরির অর্চ্চনা করেন, তাঁহার মৃত্যু হইলে, আমরা তাঁহাকে স্পর্শ করিতে পারি না, বিষ্ণুদূতেরা তাঁহাকে লইয়া যান ॥

এই নিমিত্ত স্কন্দপুরাণে কথিত হইয়াছে ॥

যে মুনি সর্ব্বকামনা অর্থাৎ পুত্রকামনা, ধনকামনা ও লোককামনা পরিত্যাগ করিয়া পরমাত্মার আরাধনা করেন, আর যে ব্যক্তি তুলসীপত্র

তুলস্যা যোঽর্চ্চয়েদ্বিষ্ণুং জগতঃ সম্মতাবুভৌ ॥ ৯৯ ॥

শ্রীভগবৎপ্রীণনত্বঞ্চ ব্রাহ্মে ॥

তুলসীদলগন্ধেন মালতীকুসুমেন চ।
কপিলাক্ষীরদানেন সদ্যস্তুষ্যতি কেশবঃ ॥

পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে। বৃন্দোপাখ্যানান্তে ॥

ইত্যেবং বল্লভা বিষ্ণোঃ পূর্ব্বজন্মন্যথাধুনা।
প্রীয়তে পূজিতো হ্যস্যা দলৈর্দৈত্যবলান্তকঃ ॥

স্কান্দে চ ॥

সুবর্ণমণিপুষ্পৈস্তু প্রীতো ভবতি নাচ্যুতঃ।
তুলসীদলভাগেন যথা প্রীয়েত কেশবঃ ॥

বিত্তৈষণাশ্চ লোকৈষণাশ্চেতি ॥ ৯৯ ॥

দিয়া বিষ্ণুর পূজা করেন, ইহাঁরা উভয়েই জগতে তুল্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন ॥ ৯৯ ॥

তুলসীর ভগবৎপ্রীতিজনন ক্ষমতা—

ব্রহ্মপুরাণে ॥

তুলসীপত্রের গন্ধ, মালতীপুষ্প এবং কপিলাগাভীর দুগ্ধ, এই তিনে কেশব আশু সন্তুষ্ট হয়েন ॥

পদ্মপুরাণে কার্ত্তিকমাহাত্ম্যে বৃন্দার উপাখ্যানের শেষে ॥

পূর্ব্বজন্মে ইনি অর্থাৎ তুলসীরূপা বৃন্দা, এইরূপে বিষ্ণুর প্রিয়া ছিলেন, অতএব ইহ জন্মে ইহাঁর পত্র দ্বারা পূজিত হইলে, দৈত্যসৈন্য বিনাশক ভগবান্ অতিশয় প্রীতি লাভ করেন ॥

স্কন্দপুরাণেও ॥

তুলসীপত্র দ্বারা কেশব যে রূপ প্রীত হন, সুবর্ণ ও মণিনির্ম্মিত পুষ্প দ্বারা সেরূপ সন্তুষ্ট হন না ॥

অতএব তত্রৈব। ব্রহ্মনারদসম্বাদে ॥

পত্রং পুষ্পং ফলং তোয়ং তুলসীগন্ধবাসিতং।
ফলং লক্ষগুণং প্রোক্তং কেশবায় নিবেদিতং।
তুলসীগন্ধমিশ্রন্তু যৎকিঞ্চিৎ কুরুতে হরেঃ।
কল্পকোটিসহস্রাণি প্রীতো ভবতি কেশবঃ ॥
কিঞ্চ দ্বারকামাহাত্ম্যে মার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে ॥
যঃ পুনস্তুলসীপত্রৈঃ কোমলৈর্মঞ্জরীযুতৈঃ।
পূজয়েৎ সূত্রবদ্ধৈস্তু কৃষ্ণং দেবকিনন্দনং।
যা গতির্যোগযুক্তানাং যা গতির্যজ্ঞশীলিনাং।
যা গতির্দানশীলানাং যা গতিস্তীর্থসেবিনাং।
যা গতির্মাতৃভক্তানাং দ্বাদশীবেধবর্জিনাং।
কুর্ব্বতাং জাগরং বিষ্ণোর্নৃত্যতাং গায়তাং ফলং।

অতএব ঐ স্কন্দপুরাণেই ব্রহ্মনারদসম্বাদে ॥

তুলসীপত্রের গন্ধে সুবাসিত পত্র, পুষ্প, ফল ও জল কেশবকে নিবেদন করিলে লক্ষগুণ ফল কথিত হইয়াছে ॥

তুলসীপত্রের গন্ধযুক্ত যে কোন বস্তু হরিকে নিবেদন করা যায়, তাহাতেই তিনি সহস্রকোটিকল্প সন্তুষ্ট থাকেন ॥

আরও দ্বারকামাহাত্ম্যে।
মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্নসম্বাদে ॥

হে রাজন্! যিনি সূত্রদ্বারা গ্রথিত মঞ্জরীসংযুক্ত কোমল তুলসীপত্র দ্বারা দেবকীনন্দন কৃষ্ণের পূজা করেন, যোগাভ্যাসকারির যে গতি, যজ্ঞানুষ্ঠাতার যে গতি, দানশীলদিগের যে গতি, তীর্থপর্য্যটকদিগের যে গতি, মাতৃভক্তগণের যে গতি, দ্বাদশীবেধবর্জনকারিদিগের যে গতি, বিষ্ণুর উদ্দেশে জাগরণপূর্ব্বক নৃত্যগীতকারিদিগের যে ফল, বিষ্ণুভক্তদিগের যে ফল, বেদাধ্যয়নশীল ও বৈষ্ণবশাস্ত্র অধ্যয়নকারি এবং বৈষ্ণব

বৈষ্ণবানান্তু ভক্তানাং যৎ ফলং বেদবাদিনাং।
পঠতাং বৈষ্ণবং শাস্ত্রং বৈষ্ণবেভ্যশ্চ যচ্ছতাং।
ফলমেতন্মহীপাল লভতে নাত্র সংশয়ঃ॥
কার্ত্তিকাদৌ ফলবিশেষঃ। তত্র কার্ত্তিকে গারুড়ে॥
গবামযুতদানেন যৎ ফলং লভতে খগ।
তুলসীপত্রকৈকেন তৎ ফলং কার্ত্তিকে স্মৃতং॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
তুলসীদললক্ষেণ কার্ত্তিকে যোঽর্চ্চয়েদ্ধরিং।
পত্রে পত্রে মুনিশ্রেষ্ঠ মৌক্তিকং লভতে ফলং॥ ১০০॥
তত্রৈবাগ্রে॥
তুলসীদলানি পুণ্যানি যে যচ্ছন্তি জনার্দ্দনে।

মৌক্তিকং ফলং মোক্ষং মুক্তেঃ ফলং ভক্তিং বা॥ ১০০॥
তেষাং পাপং দহেৎ নশ্যতি। যো যচ্ছতীতি বা পাঠঃ। ততশ্চ স এবাত্মনোঽন্যস্যাপি পাপং দহেৎ পুণ্যৈরুত্তমৈরশ্বমেধাদিভিরিত্যর্থঃ। যৎ প্রাপ্যতে তৎ পুণ্যং স্যাৎ॥ ১০১॥

দিগকে দানকারি ব্যক্তিগণ যে ফল লাভ করেন, তিনি সেই ফল লাভ করিবেন, এ বিষয়ে সন্দেহ নাই॥

কার্ত্তিকাদি মাসে তুলসীর বিশেষ ফল।

তন্মধ্যে কার্ত্তিকমাসের ফল গরুড়পুরাণে॥

হে পক্ষিন্! দশ সহস্র গোদান করিলে যে ফল লাভ হয়, কার্ত্তিক মাসে একটীমাত্র তুলসীপত্র অর্পণ করিলে সেই ফল পাওয়া যায়॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে॥

হে মুনিশ্রেষ্ঠ! যে ব্যক্তি কার্ত্তিকমাসে লক্ষ তুলসীপত্র দিয়া হরি পূজা করেন, তিনি প্রত্যেক পত্রে মুক্তির ফল স্বরূপ মোক্ষ বা ভক্তি প্রাপ্ত হয়েন॥ ১০০॥

ঐ গরুড়পুরাণের শেষ ভাগে॥

হে বৎস! যাঁহারা সমস্ত কার্ত্তিকমাস পবিত্র তুলসীপত্র সকল

কার্ত্তিকং সকলং বৎস পাপং জন্মাযুতং দহেৎ।
ইষ্ট্বা ক্রতুশতৈঃ পুণ্যৈর্দত্ত্বা রত্নান্যনেকশঃ।
তুলসীদলেন তৎ পুণ্যং কার্ত্তিকে কেশবার্চ্চনাৎ॥
কিঞ্চ॥
যঃ পুনস্তুলসীং প্রাপ্য কার্ত্তিকং সকলং মুনে।
অর্চ্চয়েদ্দেবদেবেশং স যাতি পরমাং গতিং॥
পাদ্মে কার্ত্তিকমাহাত্ম্যে॥
মঞ্জরীভিঃ সপত্রাভির্মালাভিশ্চাপি কেশবঃ।
তুলস্যাঃ কার্ত্তিকে প্রীতো দদাতি পদমব্যয়ং॥
অথ মাঘে। স্কান্দে তত্রৈব॥
স্নাত্বা মহানদীতোয়ে কোমলৈস্তুলসীদলৈঃ।
যোঽর্চ্চয়েন্মাধবং মাঘে কুলানাং তারয়েচ্ছতং॥

জনার্দ্দনে অর্পণ করেন, তাঁহাদিগের অযুতজন্মের পাপ বিনষ্ট হয়॥

শত শত পবিত্র অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে এবং বহু বহু রত্ন দানে যে পুণ্য সঞ্চয় হয়, কার্ত্তিকমাসে তুলসীপত্র দ্বারা কেশবের অর্চ্চনা করিলে সেই পুণ্য লাভ হয়॥

আরও॥

হে মুনে! যে ব্যক্তি সমুদায় কার্ত্তিকমাস দেবদেবেশ্বর হরির আরাধনা করেন, তিনি উৎকৃষ্টা গতি প্রাপ্ত হয়েন॥

পদ্মপুরাণের কার্ত্তিকমাহাত্ম্যে।

তুলসীপত্র সহ মঞ্জরী ও মালা কার্ত্তিক মাসে প্রদত্ত হইলে, কেশব তদ্দ্বারা প্রীত হইয়া অবিনশ্বর পদ প্রদান করেন॥

অথ মাঘমাসে তুলসীর ফল।

ঐ স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে॥

যে ব্যক্তি মাঘমাসে মহানদীর (গঙ্গার) জলে স্নান করিয়া কোমল

সুকোমলৈর্দলৈ র্যস্তু মঞ্জরীভির্জনার্দ্দনং।
অর্চ্চয়েন্মাঘমাসে তু ক্রতূনাং লভতে ফলং ॥ ১০১ ॥
অথ চাতুর্মাস্যে। স্কান্দে ॥
সংপূজ্য তুলসীভক্ত্যা ঘনশ্যামং জনার্দ্দনং।
চতুরো বার্ষিকান্ মাসান্ অশ্বমেধাযুতং লভেৎ ॥ ১০২ ॥
অথ বৈশাখে।
পাদ্মে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥
তুলসী গৌরকৃষ্ণাখ্যা তয়াভ্যর্চ্য মধুদ্বিষং।
বিশেষেণতু বৈশাখে নরো নারায়ণো ভবেৎ।
মাধবং সকলং মাসং তুলস্যা যোঽর্চ্চয়েন্নরঃ ॥
ত্রিসন্ধ্যং মধুহন্তারং নাস্তি তস্য পুনর্ভবঃ ॥ ১০৩ ॥

তুলস্যা ভক্তির্মালাদিরচনা তয়া ॥ ১০২ ॥

তুলসীপত্র দ্বারা মাধবের অর্চ্চনা করেন, তাঁহার শতকুল উদ্ধার হয় ॥

যিনি মাঘমাসে সুকোমল তুলসীপত্র ও মঞ্জরী দ্বারা জনার্দ্দনের পূজা করেন, তিনি যজ্ঞ সকলের ফল প্রাপ্ত হয়েন ॥ ১০১ ॥

অথ চাতুর্ম্মাস্যপ্রসঙ্গে স্কন্দপুরাণে ॥

তুলসী নির্ম্মিত মালাদি দ্বারা বৎসরের চারিমাসে ঘনশ্যাম জনার্দ্দনের অর্চ্চনা করিলে দশ সহস্র অশ্বমেধের ফল লাভ হয় ॥ ১০২ ॥

অথ বৈশাখ মাসে তুলসীর ফল ॥

পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে শ্রীযমব্রাহ্মণসম্বাদে ॥

বিশেষ করিয়া বৈশাখ মাসে গৌরবর্ণ ও কৃষ্ণবর্ণ তুলসী দ্বারা যদি কেহ মধুসূদনের পূজা করেন, তিনি নারায়ণ সদৃশ হয়েন অর্থাৎ নিত্য বৈকুণ্ঠধামে বাস হেতু তাঁহার নারায়ণের সারূপ্য লাভ হয়, একারণ তাঁহাকে আর সংসারে আসিয়া জন্মগ্রহণ করিতে হয় না ॥

যে মনুষ্য সমস্ত বৈশাখমাস তুলসী দ্বারা ত্রিসন্ধ্যা কাল মধুদ্বেষি শ্রীবিষ্ণুর পূজা করেন, তাঁহার পুনর্জ্জন্ম হয় না ॥ ১০৩ ॥

অথ তুলসীগ্রহণবিধিঃ। বায়ুপুরাণে ॥

অস্নাত্বা তুলসীং ছিত্বা যঃ পূজাং কুরুতে নরঃ।
সোঽপরাধী ভবেৎ সত্যং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ ॥

তত্রাদৌ মন্ত্রঃ। স্কান্দে ॥

তুলস্যমৃতজন্মাসি সদা ত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে বিচিন্বামি বরদা ভব শোভনে ॥ ১০৪ ॥
ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিং।
তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি ॥

গারুড়ে চ ॥

নারায়ণ ইব ভবেৎ তৎসারূপ্যপ্রাপ্ত্যা পুনর্ভবো জন্মলক্ষণঃ সংসারো নাস্তি নিত্য-বৈকুণ্ঠবাসাৎ ॥ ১২৩ ॥

বিচিন্বামীত্যার্ষং বিচিনোমি ॥ ১০৪ ॥

একৈকশো দক্ষিণহস্তেন চিত্বা তথৈব সংপাত্রে উত্তমভাজনে অর্পয়েন্নিদধ্যাৎ ॥ ১০৫ ॥

অথ তুলসীগ্রহণ ব্যবস্থা ॥

বায়ুপুরাণে ॥

যে মনুষ্য স্নান না করিয়া তুলসীচ্ছেদন পূর্ব্বক পূজা করেন, তিনি নিশ্চয় অপরাধী হয়েন এবং তাঁহার কর্ম্ম সকল নিষ্ফল হয় ॥

তদ্বিষয়ে প্রথমতঃ মন্ত্র ॥

স্কন্দপুরাণে ॥

হে শোভনে! হে তুলসি! অমৃত হইতে তোমার জন্ম এবং তুমি সকল সময়েই কেশবের প্রিয়া, কেশবের পূজার নিমিত্ত আমি তোমাকে চয়ন করিতেছি, তুমি বরপ্রদা হও ॥ ১০৪ ॥

হে পবিত্রাঙ্গি! হে কলিপাপবিনাশিনি! তোমার অঙ্গসম্ভূত পত্র দ্বারা আমি যেরূপে হরির পূজা করিতে পারি, তুমি সেইরূপ কর ॥

গরুড়পুরাণেও ॥

মোক্ষৈকহেতো ধরণীপ্রশস্তে
বিষ্ণোঃ সমস্তস্য গুরোঃ প্রিয়েতি।
আরাধনার্থং বরমঞ্জরীকং
লুনামি পত্রং তুলসি ক্ষমস্ব॥
ইত্যুক্ত্বা তুলসীং নত্বা চিত্বা দক্ষিণপাণিনা।
পত্রাণ্যেকৈকশো ন্যস্যেৎ সৎপাত্রে মঞ্জরীরপি॥ ১০৫॥
তন্মাহাত্ম্যঞ্চ স্কান্দে॥
মন্ত্রেণানেন যঃ কুর্য্যাদ্গৃহীত্বা তুলসীদলং।
পূজনং বাসুদেবস্য লক্ষকোটিফলং লভেৎ॥
কিঞ্চ॥
শালগ্রামশিলার্চ্চার্থং প্রত্যহং তুলসী ক্ষিতৌ।
তুলসীং যে বিচিন্বন্তি ধন্যাস্তে করপল্লবা॥ ইতি॥ ১০৬॥

ক্ষিতাবিতি পৃথিব্যামেব শ্রীতুলস্যাঃ সত্ত্বাৎ অতঃ ক্ষিতিরপি ধন্যেতি ভাবঃ॥ ১০৬॥

হে তুলসি! তুমি মোক্ষের একমাত্র কারণ, পৃথিবীতে তোমার তুল্য শ্রেষ্ঠ নাই, তুমি সর্ব্বগুরু ভগবান্ বিষ্ণুর প্রিয়া, অতএব তাঁহার আরাধনার নিমিত্ত আমি তোমার শ্রেষ্ঠ মঞ্জরী ও পত্র ছেদন করিতেছি, তুমি ক্ষমা কর॥

এই মন্ত্র পাঠ করিয়া তুলসীকে নমস্কার পূর্ব্বক দক্ষিণহস্তে এক একটী পত্র ও মঞ্জরী চয়ন করিয়া উত্তম পাত্রে রাখিবে॥ ১০৫॥

তুলসীচয়নমন্ত্রের মাহাত্ম্য স্কন্দপুরাণে॥

যিনি এই মন্ত্র দ্বারা তুলসীপত্র গ্রহণ করিয়া বাসুদেবের পূজা করেন, তিনি কোটিলক্ষ ফল লাভ করেন॥

আরও॥

যাঁহারা তুলসীক্ষেত্রে শালগ্রামশিলার অর্চ্চনা নিমিত্ত প্রতিদিন তুলসীচয়ন করেন, তাঁহাদিগের অঙ্গুলি সকল ধন্য এবং পৃথিবীতে তুলসীর সদ্ভাব হেতু পৃথিবীও কৃতার্থা হয়েন॥ ১০৬॥

সংক্রান্ত্যাদৌ নিষিদ্ধোঽপি তুলস্যবচয়ঃ স্মৃতৌ।
পরং শ্রীবিষ্ণুভক্তৈস্তু দ্বাদশ্যামেব নেষ্যতে ॥ ১০৭ ॥
অথ তুলস্যবচয়নিষেধকালো বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
ন চ্ছিন্দ্যাৎ তুলসীং বিপ্রাঃ দ্বাদশ্যাং বৈষ্ণবঃ ক্বচিৎ ॥
গারুড়ে ॥
ভানুবারং বিনা দূর্ব্বাং তুলসীং দ্বাদশীং বিনা।
জীবিতস্যাবিনাশায় ন বিচিন্বীত ধর্ম্মবিৎ ॥
পাদ্মে চ। শ্রীকৃষ্ণসত্যাসম্বাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে ॥
দ্বাদশ্যাং তুলসীপত্রং ধাত্রীপত্রঞ্চ কার্ত্তিকে।
লুনাতি স নরো গচ্ছেন্নিরয়ানতিগর্হিতান্ ॥

দশবার জলে জপ করিয়া সেই জল নৈবেদ্যে সেচন করিবে। তদ্দ্বারা নিবেদ্য বস্তুর শুষ্কতা দোষ সংশোধন করিয়া, দক্ষিণ হস্তে "রং" এই অগ্নিবীজ চিন্তা করিবে এবং বামহস্ত দক্ষিণকরতলের পৃষ্ঠদেশে সংলগ্ন করিয়া দেখাইবে। তদুৎপন্ন অগ্নি দ্বারা নিবেদ্য বস্তুর শুষ্কতা দোষ মনে মনে দহন করিবে। তাহার পর বামহস্তে "ঠং" এই অমৃতবীজ ধ্যান করিবে ॥ ৪২ ॥

পরে বামহস্তের পৃষ্ঠদেশে দক্ষিণকরতল সন্নিবেশিত করিয়া প্রদর্শন করাইবে এবং ঐ মুদ্রা হইতে উৎপন্ন অমৃতধারা দ্বারা সেই নিবেদ্য বস্তু সেচন করিবে ॥ ৪৩ ॥

অনন্তর মূলমন্ত্রাভিমন্ত্রিত জল দ্বারা ঐ নৈবেদ্য প্রোক্ষণ করিয়া তৎসমুদায় অমৃতময় বলিয়া ভাবনা করিবে। পরে উহা দক্ষিণহস্ত দ্বারা

সর্ব্বং বিচিন্ত্য সংস্পৃশ্য মূলং বারাষ্টকং জপেৎ ॥ ৪৪ ॥
অমৃতীকৃত্য তদ্ধেনুমুদ্রয়া সলিলাদিভিঃ।
তচ্চ কৃষ্ণঞ্চ সংপূজ্য গৃহীত্বা কুসুমাঞ্জলিং।
শ্রীকৃষ্ণং প্রার্থ্য তদ্বক্ত্রাত্তেজো ধ্যাত্বা বিনির্গতং।
সংযোজ্য চ নিবেদ্যৈতৎ পাত্রং বামেন সংস্পৃশন্।
দক্ষেণ পাণিনাদায় গন্ধপুষ্পান্বিতং জলং।
স্বাহান্তং মূলমুচ্চার্য্য তজ্জলং বিসৃজেদ্ভুবি ॥ ৪৫ ॥

সংস্পৃশ্য তদেব দক্ষিণহস্তেনাভিস্পৃশ্য ॥ ৪৪ ॥

তৎ নিবেদ্যং ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য পরিপূর্ণং বিচিন্ত্য। তৎ নিবেদ্যঞ্চ সলিলাদিভিঃ জলগন্ধপুষ্পৈঃ সংপূজ্য। কৃষ্ণঞ্চ কৃষ্ণায় নম ইতি তৈরেব সংপূজ্য কুসুমাঞ্জলিং গৃহীত্বেত্যস্য পরেণান্বয়ঃ। শ্রীকৃষ্ণং প্রার্থ্য ভগবন্নৈবেদ্যগ্রহণায় শ্রীমুখত স্তে মহঃ প্রসরিত্বেত্যভ্যর্চ্চ্য। তস্য শ্রীকৃষ্ণস্য বক্ত্রাৎ তেজো মহঃ বিনির্গতং ধ্যাত্বা নিবেদ্য তদেব সংযোজ্য তেন সহ সংযুক্তং ধ্যাত্বেত্যর্থঃ। তস্য নিবেদ্যস্য পাত্রং বামেন পাণিনা সংস্পৃশন্ দক্ষিণেন পাণিনা গন্ধাদি সহিতং জলমাদায় স্বাহান্তমিতি স্বাহান্তেঽপি মন্ত্রেঽস্মিন্ পুনরন্তে স্বাহেতি প্রযুজ্যেত্যর্থঃ। তৎ দক্ষিণপাণিগৃহীতং গন্ধাদ্যন্বিতং জলং শ্রীকৃষ্ণায় ইদং নৈবেদ্যং কল্পয়ামীতি দেবতীর্থেন ভূমৌ বিসৃজেদিতি ত্রিভিরন্বয়ঃ ॥ ৪৫ ॥

স্পর্শ করিয়া আটবার মূলমন্ত্র জপ করিবে ॥ ৪৪ ॥

তদনন্তর ধেনুমুদ্রা দ্বারা ঐ নৈবেদ্যকে পরিপূর্ণ বিবেচনা করিয়া গন্ধ জল প্রভৃতি দ্বারা উহার এবং শ্রীকৃষ্ণের পূজা করিবে, পশ্চাৎ পুষ্পাঞ্জলি গ্রহণ করিয়া শ্রীকৃষ্ণকে এই বলিয়া পূজা করিবে। "হে ভগবন্! নৈবেদ্য গ্রহণের নিমিত্ত আপনার শ্রীমুখ—হইতে তেজ বিনির্গত হউক"। এইরূপে অর্চ্চনা করিয়া যেন ভগবানের মুখ হইতে তেজ বহির্গত হইয়া নৈবেদ্যের সহিত সংযুক্ত হইতেছে, এই প্রকার ধ্যান করিবে। তাহার পর বামহস্তে নৈবেদ্য পাত্র স্পর্শ করত দক্ষিণহস্তে গন্ধপুষ্প সংযুক্ত জল গ্রহণ করিবে এবং স্বাহান্ত মূলমন্ত্র উচ্চারণ "পূর্ব্বক শ্রীকৃষ্ণায় ইদং নৈবেদ্যং কল্পয়ামি" এই বলিয়া গন্ধপুষ্পাদি সহ দক্ষিণহস্তস্থিত সেই জল ভূমিতে বিসর্জন করিবে ॥ ৪৫ ॥

তৎপাণিভ্যাং সমুত্থাপ্য নিবেদ্যং তুলসীযুতং।
পত্রাঢ্যং তস্য মন্ত্রেণ ভক্ত্যা ভগবতেঽর্পয়েৎ॥
নিবেদনমন্ত্রশ্চায়ং॥
নিবেদয়ামি ভবতে জুষাণেদং হবির্হরে ইতি॥ ৪৬॥
অমৃতোপস্তরণমসি স্বাহেত্যুচ্চারয়ন্ হরেঃ।
দত্ত্বাথ বিধিবদ্বারিগণ্ডূষং বামপাণিনা।
দর্শয়েদ্গ্রাসমুদ্রান্তু প্রফুল্লোৎপলসন্নিভাং॥ ৪৭॥
প্রাণাদিমুদ্রাহস্তেন দক্ষিণেন তু দর্শয়েৎ।

তুলসীদলসংমিশ্রং হরে র্যচ্ছেচ্চ সর্ব্বদেত্যাদি বচনতস্তুলসী সাহিত্যস্যাবশ্যকত্বেন তন্নিবেদ্যং পাত্রসহিতং তুলসীযুতঞ্চ পাণিভ্যাং হস্তদ্বয়েন ধৃত্বা সমুত্থাপ্য ভূমিতঃ সমুদ্ধৃত্য বারত্রয়ং সমুত্থাপয়ন্নিতি কেচিৎ। তস্য নিবেদ্যার্পণস্য মন্ত্রেণ। তত্তেজসে ইতি পাঠে তস্মৈ শ্রীভগবন্মুখনির্গতায় মহসে তথাপি স এবার্থঃ॥ ৪৬॥

অথানন্তরং বিধিবদ্যথা স্যাৎ এতচ্চাগ্রেঽপি সর্ব্বত্রানুবর্ত্ত্যং। ততশ্চ অমৃতোপস্তরণমসীতি দেবহস্তে জলগণ্ডূষং দত্ত্বেতি জ্ঞেয়ং॥ ৪৭॥

দক্ষিণহস্তেন তু প্রাণাদি মুদ্রাঃ পঞ্চ মন্ত্রৈঃ পঞ্চভিঃ ক্রমেণ দর্শয়েৎ। আদি শব্দেন

অনন্তর সেই নৈবেদ্য তুলসীপত্র সংযুক্ত করিয়া দুই হস্তে ধারণ পূর্ব্বক ভূমি হইতে উত্তোলন করিবে এবং ভক্তিসহকারে নৈবেদ্যার্পণীয় মন্ত্র দ্বারা ভগবান্‌কে নিবেদন করিবে॥

নিবেদনের মন্ত্র এই॥

"নিবেদয়ামি ভবতে জুষাণেদং হবির্হরে" অর্থাৎ হে ভগবন্! আপনাকে এই হবিঃ নিবেদন করিতেছি, আপনি ইহা গ্রহণ করুন॥৪৬

"অমৃতোপস্তরণমসি স্বাহা" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বামহস্ত দ্বারা বিধি পূর্ব্বক হরিকে জলগণ্ডূষ প্রদান করিবে। এবং প্রফুল্ল পদ্ম সদৃশ গ্রাসমুদ্রা প্রদর্শন করাইবে॥ ৪৭॥

পরন্তু, প্রথমে প্রণবযুক্ত এবং অন্তে চতুর্থীবিভক্তি ও স্বাহা বিশিষ্ট প্রাণাদি নামক মন্ত্র দ্বারা দক্ষিণহস্তে প্রাণাদি পঞ্চমুদ্রা দেখাইবে॥

মন্ত্রৈশ্চতুর্থীস্বাহান্তৈস্তারাদ্যৈস্তত্তদাহ্বয়ৈঃ ॥ ৪৮ ॥
ততঃ স্পৃশংশ্চ করয়োরঙ্গুষ্ঠাভ্যামনামিকে।

অপান ব্যানোদান সমানাঃ। মন্ত্রানেব লিখতি। তস্য তস্য প্রাণাদে রাহ্বয়ৈর্নামভিঃ কথম্ভূতৈঃ চতুর্থীবিভক্তিঃ স্বাহা চ তে অন্তে যেষাং তৈঃ। তারঃ প্রণবঃ আদ্যো যেষাং তৈশ্চ। প্রাণাদি মুদ্রাশ্চোক্তাঃ ক্রমদীপিকায়াং। স্পৃশেৎ কনিষ্ঠোপকনিষ্ঠিকে দ্বে স্বাঙ্গুষ্ঠমূর্দ্ধ্না প্রথমেহ মুদ্রা। তথা পরা তর্জনিমধ্যমে স্যাদনামিকা মধ্যমিকে চ মধ্যা। অনামিকা তর্জনি মধ্যমা স্যাত্তদ্বচ্চতুর্থী সকনিষ্ঠিকাস্তাঃ। স্যাৎ পঞ্চমী তদ্বদিতি প্রতিষ্ঠা প্রাণাদি মুদ্রেতি। এতদর্থঃ। কনিষ্ঠানামিকে অঙ্গুল্যৌ স্বাঙ্গুষ্ঠমূর্দ্ধ্না চেৎ স্পৃশেৎ তদা আদ্যা মুদ্রা স্যাৎ। তর্জ্জনী মধ্যমে চেদঙ্গুষ্ঠমূর্দ্ধ্না স্পৃশেৎ তদা দ্বিতীয়া এবং অনামিকা মধ্যমে চেৎ স্পৃশেৎ তদা তৃতীয়া। অনামিকা তর্জ্জনী মধ্যমাশ্চেৎ স্পৃশেৎ তদা চতুর্থী। তা অনামিকা তর্জ্জনী মধ্যমাঃ কনিষ্ঠাসহিতাশ্চেৎ স্পৃশেত্তদা পঞ্চমীতি। প্রয়োগঃ। ওঁ প্রাণায় স্বাহা। ইত্যঙ্গুষ্ঠ কনিষ্ঠিকানামিকাভিরিত্যেবমূহ্যং ॥ ৪৮ ॥

পঞ্চাঙ্গুল্যগ্রসংলগ্না প্রোত্থিতোর্দ্ধমুখী যদীত্যাদিনা পূর্ব্বমুপচারগণমুদ্রা মধ্যে লিখিতা

তাৎপর্য্য। প্রাণাদি বলিলে প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান এই পাঁচটীকে বোধ করায়। প্রাণাদি মুদ্রার বিষয় ক্রমদীপিকায় উক্ত হইয়াছে। কনিষ্ঠা ও অনামিকা অঙ্গুলিদ্বয় স্বীয় স্বীয় অঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা স্পৃষ্ট হইলে, প্রাণমুদ্রা। তর্জ্জনি ও মধ্যমা ঐরূপে পৃষ্ট হইলে, অপানমুদ্রা। অনামিকা ও মধ্যমা ঐরূপে স্পৃষ্ট হইলে, ব্যানমুদ্রা। অনামিকা, তর্জনী, মধ্যমা ও কনিষ্ঠা পূর্ব্বোক্ত প্রকারে অঙ্গুষ্ঠাগ্র দ্বারা স্পৃষ্ট হইলে, সমানমুদ্রা কহে। প্রাণাদিমন্ত্র এই "ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা" ইত্যাদি ॥ ৪৮ ॥

তদনন্তর দুই হস্তের বৃদ্ধাঙ্গুলিদ্বয় দ্বারা স্ব স্ব অনামিকাদ্বয় স্পর্শ করিয়া তাহার অর্থাৎ নিবেদ্য বস্তুর মন্ত্র জপকরত নিবেদ্যমুদ্রা প্রদর্শন করিবে ॥

তাৎপর্য্য। পাঁচটী অঙ্গুলির অগ্রভাগ পরস্পর সংলগ্ন হইয়া যদি ঊর্দ্ধমুখে অবস্থিত করে, তাহা হইলে তাহাকে নিবেদ্য মুদ্রা বলে

প্রদর্শয়েন্নিবেদ্যস্য মুদ্রাং তস্য মনুং জপন্ ॥ ৪৯ ॥
মন্ত্রশ্চায়ং ক্রমদীপিকায়াং ॥
নন্দজোম্বুমনুবিন্দুযুগ্ নতিঃ
পার্শ্ব রা মরুদবাত্মনে নি চ।
রুদ্ধ ঙে যুত নিবেদ্যমাত্মভূ-
র্মাস পার্শ্বমনিলস্তথা মিযুগিতি।

নিবেদ্য মুদ্রা। যদ্বা। করদ্বয়স্যাঙ্গুষ্ঠদ্বয়েনানামিকাদ্বয়স্পর্শমেব নিবেদ্য মুদ্রা। তাং প্রদর্শয়েৎ কিং কুর্ব্বন্। তস্য নিবেদ্যস্য মনুং মন্ত্রং জপন্ ॥ ৪৯ ॥

নন্দজঃ ঠকারঃ অম্বুমনুঃ ঔকারঃ কস্যচিন্মতে বকারঃ। তেন বিন্দুনা চানুস্বারেণ যুক্তঃ-নতি র্নমঃশব্দঃ। পার্শ্বং পকারঃ। রা ইতি স্বরূপনির্দ্দেশঃ। মরুদ্যকারঃ। অবাত্মনে ইতি স্বরূপনির্দ্দেশঃ তথা নিচ রুদ্ধেতি চ তচ্চ পদং ঙেযুক্তং রুদ্ধায়েত্যর্থঃ। নিবেদ্যমিতি স্বরূপনির্দ্দেশঃ। আত্মভূঃ ককারঃ। মাসং লকারঃ তদ্যুক্তঃ। পার্শ্বং পকারঃ। অনিলো যকারঃ অমীতি স্বরূপনির্দ্দেশঃ। ঠৌং নমঃ পরায় অবাত্মনেঽনিরুদ্ধায় নিবেদ্যং কল্পয়ামীতি ॥ ৫০ ॥

অথবা দুই হস্তের অঙ্গুষ্ঠদ্বয় যদি স্বীয় স্বীয় অনামিকা দ্বয় স্পর্শ করে, তাহা হইলেও তাহাকে নিবেদ্যমুদ্রা বলে ॥ ৪৯ ॥

নিবেদ্য মুদ্রার মন্ত্র এই ॥

ক্রমদীপিকায় ॥

নন্দজ ঠকার, অম্বুমনু ঔকার, বিন্দু অর্থাৎ অনুস্বারের সহিত যুক্ অর্থাৎ যুক্ত, নতি অর্থাৎ নমঃ শব্দ। সমুদায় একত্র করিলে ঠৌং নমঃ হয়। পার্শ্ব পকার, রা স্বরূপ নির্দ্দেশ। মরুৎ যকার অর্থাৎ "পরায়"। অবাত্মনে স্বরূপ নির্দ্দেশ। নি ও রুদ্ধ, এই দুইটী শব্দ ঙে অর্থাৎ চতুর্থী বিভক্তিযুক্ত, অর্থাৎ "নিরুদ্ধায়"। নিবেদ্য স্বরূপ নির্দ্দেশ। আত্মভূ ককার, মাস লকার, তদ্যুক্ত পার্শ্ব পকার, অনিল যকার এবং অমি স্বরূপ নির্দ্দেশ। এক্ষণে সমুদায় একত্র করিলে, এই অর্থ হয়। ঠৌং নমঃ পরায় অবাত্মনেঽনিরুদ্ধায় নিবেদ্যং কল্পয়ামি ॥

নিবেদ্যস্য মনুত্বেন স্বাভীষ্টং মনুমেব তে।
একান্তিনো জপন্তস্তু গ্রাসমুদ্রাং বিতন্বতে।
নচ ধ্যায়ন্তি তে কৃষ্ণবক্ত্রাত্তেজো বিনির্গমং।
মঞ্জুলব্যবহারেণ ভোজয়ন্তি হরিং মুদা ॥ ৫০ ॥
অন্যত্র চ ॥
শালীভক্তং সুভক্তং শিশিরকরসিতং পায়সং পূপসূপং
লেহ্যং পেয়ং সুচূষ্যং সিতমমৃতফলং ঘারিকাদ্যং সুখাদ্যং।
আজ্যং প্রাজ্যং সমিজ্যং নয়নরুচিকরং বাজিকৈলামরীচ-
স্বাদীয়ঃ শাকরাজীপরিকরমমৃতাহারজোষং জুষস্ব ॥ ৫১ ॥
কিঞ্চ। গরুড়পুরাণে ॥

সিতং শুদ্ধং ঘারিকা ঘীরবেতি প্রসিদ্ধা। তদাদ্যং শোভনখাদ্যং। আজ্যং ঘৃতং। প্রাজ্যং ঘৃতপ্রচুরপক্কং। সমিজ্যং পরমোত্তমমিত্যর্থঃ। শ্লোকোঽয়ং জবনিকান্তর্দ্ধানানন্তরং বহিরেব পাঠ্য ইতি জ্ঞেয়ং। ক্রমদীপিকোক্তানুসারেণাদৌ তন্মুখ্যমন্ত্রস্য লিখিতত্বাৎ ॥ ৫১ ॥

অন্যঞ্চ নৈবেদ্যার্পণবিধিং লিখতি নৈবেদ্যমিতি। দীপঞ্চান্যমেকং ভোজনকালপর্য্যন্ত-

ভগবদ্ভক্ত ব্যক্তিগণ স্বীয় অভীষ্ট মন্ত্র নিবেদ্য বস্তুর মন্ত্ররূপে জপ করেন এবং গ্রাসমুদ্রা প্রদর্শন করেন। বিষ্ণুমুখ হইতে যে তেজ বহির্গত হয়, তাঁহারা এরূপ ধ্যান করেন না, পরন্তু শিষ্ট ব্যবহারানুসারে হৃষ্টচিত্তে হরিকে ভোজন করান ॥ ৫০ ॥

অন্যস্থলেও ॥

হে ভগবন্! শালীভক্ত, হিমকর সদৃশ শুভ্রবর্ণ উত্তম অন্ন, পায়স, পিষ্টক, সূপ, লেহ্য, পেয়, চূষ্য ও শুভ্র অমৃত স্বরূপ ফল, ঘারিকা (ঘিওর) প্রভৃতি উত্তম খাদ্য, ঘৃত, নয়নের তৃপ্তিকর ঘৃত, এলাইচ ও মরীচ প্রভৃতি দ্বারা সংস্কৃত অতি সুস্বাদু অত্যুত্তম ঘৃত বহুল পক্কান্ন এবং শাকাদি উপকরণ এই সমুদায় অমৃত তুল্য বস্তুর আস্বাদনজনিত সুখভোগ করুন ॥ ৫১ ॥

আরও গরুড়পুরাণে ॥

নৈবেদ্যং পরয়া ভক্ত্যা ঘণ্টাদৈর্জ্জয়নিস্বনৈঃ।
নীরাজনৈশ্চ হরয়ে দদ্যাদ্দীপাসনং বুধঃ ॥ ৫২ ॥
অথ নৈবেদ্যপাত্রাণি ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
নৈবেদ্যপাত্রং বক্ষ্যামি কেশবস্য মহাত্মনঃ।
হৈরণ্যং রাজতং তাম্রং কাংস্যং মৃণ্ময়মেব চ।
পালাশং পাদ্মপত্রঞ্চ পাত্রং বিষ্ণোরতিপ্রিয়ং ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
পাত্রাণান্তু প্রদানেন নরকঞ্চ ন গচ্ছতি ॥
পাত্রপরিমাণং চোক্তং ॥
দেবীপুরাণে ॥

স্থায়িনং আসনঞ্চ দদ্যাৎ। বুধঃ সদাচারবিশেষবিদ্বানিত্যর্থঃ ॥ ৫২ ॥
কন্যসং কনিষ্ঠং। বসুভিরষ্টভিরঙ্গুলিভির্বিহীনং অষ্টাঙ্গুলপরিমাণতো ন্যূনমিত্যর্থঃ।

সদাচার বিশেষজ্ঞ ব্যক্তি ঘণ্টা প্রভৃতি জয়ধ্বনি ও নীরাজনা করিয়া অতিশয় ভক্তিসহকারে হরিকে নৈবেদ্য, ভোজন কাল পর্য্যন্ত স্থায়ি দীপ এবং আসন প্রদান করিবেন ॥

অথ নৈবেদ্যপাত্র সকল ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

মহাত্মা কেশবের নৈবেদ্য পাত্রের বিষয় আমি কীর্ত্তন করিব। স্বর্ণ পাত্র, রৌপ্যপাত্র, তাম্রপাত্র, কাংস্যপাত্র, মৃত্তিকাপাত্র এবং পলাশ-পত্র ও পদ্মপত্র নির্ম্মিত পাত্র বিষ্ণুর অতিশয় প্রিয় ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে ব্যক্তি হরিকে পাত্র সকল প্রদান করেন, তাঁহাকে আর নরকে যাইতে হয় না ॥

পাত্রের পরিমাণ কথিত হইয়াছে যথা

দেবীপুরাণে ॥

ষট্ত্রিংশদঙ্গুলং পাত্রমুত্তমং পরিকীর্ত্তিতং।
মধ্যমঞ্চ ত্রিভাগোনং কন্যসং দ্বাদশাঙ্গুলং।
ঘস্বঙ্গুলবিহীনন্তু ন পাত্রং কারয়েৎ ক্বচিৎ ॥ ৫৩ ॥
অথ ভোজ্যানি ॥
একাদশস্কন্ধে ॥
গুড়পায়সসর্পীংষি শষ্কুল্যাপূপমোদকান্।
সংযাবদধিসূপাংশ্চ নৈবেদ্যং সতি কল্পয়েৎ ॥ ৫৪ ॥
কিঞ্চ ॥
যদ্যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।

ক্বচিদিতি স্নানাদৌ চ সর্ব্বত্র ন কারয়েদিত্যর্থঃ ॥ ৫৩ ॥

গুড়শব্দেন সর্ব্বে ইক্ষুবিকারা গৃহ্যন্তে। তেষাং গুড়াত্মকত্বাৎ। শষ্কুল্যঃ তৈলপক্ক বিশেষাঃ। আপূপা মণ্ডকাদীনাং সমূহাঃ স্যুপা ব্যঞ্জনানি। সতি বিভবে ইতি শেষঃ। যদ্বা গুড়পায়সাদি নৈবেদ্যমেতি ॥ ৫৪ ॥

যচ্চাত্মনো হত্যন্তপ্রিয়মিতি লোকে হনিষ্টমপি অবিহিতমপি স্বস্য প্রিয়ঞ্চেত্তর্হি দদ্যাদিত্যর্থঃ। অত্রচ বিহিতমেব নতু নিষিদ্ধমিতি কেচিদাহুঃ অত্যন্ত নিষিদ্ধে চ বৈষ্ণবানাং স্বত এবাপ্রবৃত্তেস্তন্ন দেয়মেবেতি কিং তদভিব্যঞ্জনেন ॥ ৫৫ ॥

ষট্ত্রিংশৎ অঙ্গুলি পরিমিত পাত্র উত্তম, চতুর্বিংশতি অঙ্গুলি পরিমিত পাত্র মধ্যম এবং দ্বাদশ অঙ্গুলি পরিমিত পাত্র নিকৃষ্ট বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অষ্টাঙ্গুলের ন্যূনপাত্র কখন করাইবে না ॥ ৫৩ ॥

অথ ভোজ্যের বিষয় ॥

একাদশস্কন্ধে

গুড়, পায়স, ঘৃত, শষ্কুলী, আপূপ, সংযাব, দধি ও সূপ, এই সকল দ্রব্যের নৈবেদ্য বিভবানুসারে প্রদান করিবে ॥ ৫৪ ॥

আরও বলি ॥

সংসারে যাহা যাহা প্রিয় এবং যাহা যাহা আপনার অতিশয় প্রিয়, সেই সমুদায় দ্রব্য আমাকে নিবেদন করিলে, তাহা অনন্ত ফলের নিমিত্ত

তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে ॥ ৫৫ ॥

ষষ্ঠস্কন্ধে ॥

নৈবেদ্যঞ্চাধিগুণবদ্দদ্যাৎ পুরুষতুষ্টিদং ॥ ৫৬ ॥

বৌধায়নস্মৃতৌ চ ॥

নানাবিধান্নপানৈশ্চ ভক্ষণাদ্যৈর্মনোহরৈঃ।
নৈবেদ্যং কল্পয়েদ্বিষ্ণোস্তদভাবে চ পায়সং।
কেবলং ঘৃতসংযুক্তং ॥ ৫৭ ॥

বামনপুরাণে ॥

হবিষা সংস্কৃতা যে চ যবগোধূমশালয়ঃ।
তিলমুদ্গাদয়ো মাষা ব্রীহয়শ্চ প্রিয়া হরেঃ ॥

অধিগুণবৎ অধিকগুণযুক্তং। যতঃ পুরুষস্য ভগবতঃ তুষ্টিদং। যদ্বা। পুরুষাহারসম্মিতং দদ্যান্ন ততো ন্যূনমিত্যর্থঃ ॥ ৫৬ ॥

কেবলং একমেব পায়সং দদ্যাদিত্যর্থঃ। তচ্চ ঘৃতযুক্তমেব। অঘৃতঞ্চাসুরং বিদুরিতি স্মৃতেঃ ॥ ৫৭ ॥

হবিষা গব্যঘৃতেন। ব্রীহয়ঃ যবাদিভ্যোঽন্যে চণকাদয়ঃ ॥ ৫৮ ॥

কল্পিত হয় ॥ ৫৫ ॥

ষষ্ঠস্কন্ধে ॥

পুরুষের অর্থাৎ ভগবানের প্রীতিপ্রদ অথবা পুরুষের আহার পরিমিত প্রীতিপ্রদ অধিক গুণশালী নৈবেদ্য প্রদান করিবে ॥ ৫৬ ॥

বৌধায়নস্মৃতিতেও ॥

নানাবিধ অন্নপান ও উৎকৃষ্ট ভক্ষণাদি দ্রব্য দ্বারা বিষ্ণুকে নৈবেদ্য প্রদান করিবে। তাহার অভাব হইলে কেবল ঘৃতসংযুক্ত পরমান্ন দিবে, কারণ ঘৃত রহিত অন্ন অসুরান্ন বলিয়া কথিত হয় ॥ ৫৭ ॥

বামনপুরাণে ॥

যব, গোধূম, ধান্য, তিল, মুদ্গ প্রভৃতি কলায় এবং চণকাদি শস্য গব্যঘৃত সংযুক্ত হইলে হরির প্রীতিকর হয় ॥

গারুড়ে ॥

অন্নং চতুর্ব্বিধং পুণ্যং গুণাঢ্যঞ্চামৃতোপমং।
নিষ্পন্নং স্বগৃহে যদ্বা শ্রদ্ধয়া কল্পয়েদ্ধরেঃ ॥ ৫৮ ॥

ভবিষ্যে ॥

পুষ্পং ধূপং তথা দীপং নৈবেদ্যং সুমনোহরং।
খণ্ডলড্ডুক শ্রীবেষ্ট কাসারাশোকবর্ত্তিকাঃ।
স্বস্তিকোল্লাসিকাদুগ্ধতিলবেষ্টকিলাটিকাঃ।
ফলানি চৈব পক্কানি নাগরঙ্গাদিকানি চ।
অন্যানি বিধিনা দত্ত্বা ভক্ষ্যাণি বিবিধানি চ।
এবমাদীনি চান্যানি দাপয়েদ্ভক্তিতো নৃপ ॥ ৫৯ ॥

শ্রীবেষ্টং লজুষীতি প্রসিদ্ধং। কাসারঃ পৈবাকিকাদিঘৃতপক্কান্তর্নিক্ষেপ্যো মধুরপক্কদ্রব্যবিশেষঃ কসেরুরিতি প্রসিদ্ধঃ। আশোকবর্ত্তিকা সেবালড্ডু ইতি প্রসিদ্ধা। একমূর্দ্ধা পিষ্টময়ো রচিতঃ স্বস্তিকো মতঃ। উল্লাসিকা লপসীতি প্রসিদ্ধা। দুগ্ধবেষ্টঃ তিলবেষ্টশ্চ। তত্র দুগ্ধবেষ্টঃ ক্ষীরবটকঃ পূপিকা বা। তিলবেষ্টঃ অম্বসা ইতি প্রসিদ্ধঃ কিলাটিকা ক্ষীরসারঃ পটখিরিসেতি প্রসিদ্ধা অন্যানি চ ফলানি দত্ত্বা পশ্চাদ্ভক্ষ্যাণি দাপয়েৎ ইত্যত্র দদ্যাদিতি বা পাঠঃ ॥ ৫৯ ॥

গরুড়পুরাণে ॥

স্বীয় গৃহে পক্ক, গুণযুক্ত, অমৃত তুল্য ও পবিত্র এই চতুর্ব্বিধ অন্ন শ্রদ্ধাপূর্ব্বক হরিকে অর্পণ করিবে ॥ ৫৮ ॥

ভবিষ্যপুরাণে ॥

হে রাজন্! পুষ্প, ধূপ, দীপ, মনোহর নৈবেদ্য, খণ্ড, লড্ডুক, শ্রীবেষ্ট (লজুষী) কাসার (কসেরু) অশোকবর্ত্তিকা (সেবালড্ডু) স্বস্তিক, (একমস্তক বিশিষ্ট পিষ্টকময় দ্রব্যবিশেষ) উল্লাসিকা (লপসী) দুগ্ধবেষ্ট (ক্ষীরের বড়া বা পীঠা) তিলবেষ্ট (অম্বসা) কিলাটিকা (ক্ষীরসার অর্থাৎ পটখিরসা) এবং নাগরঙ্গ প্রভৃতি পক্ক ফল সকল ভক্তিসহকারে প্রদান করিয়া পশ্চাৎ অন্যান্য বহুবিধ ভক্ষ্যদ্রব্য এবং অপরাপর দ্রব্য অর্পণ করিবে ॥ ৫৯ ॥

বারাহে ॥

যস্তু ভাগবতো দেবি অন্নাদ্যেন তু প্রীণয়েৎ।
প্রীণিতস্তিষ্ঠতেঽসৌ বৈ বহুজন্মানি মাধবি।
সর্ব্বব্রীহিময়ং গৃহ্য শুভং সর্ব্বরসান্বিতং।
মন্ত্রেণ মে প্রদীয়েত ন কিঞ্চিদপি সংস্পৃশেৎ ॥ ৬০ ॥
ইঙ্গুদীফলবিল্বানি বদরামলকানি চ।
খর্জ্জূরাংশ্চাসনাংশ্চৈব মানবাংশ্চ পরূষকান্।
শালোড়ুম্বরিকাংশ্চৈব তথা প্লক্ষফলানি চ।
পৈপ্পলং কণ্টকীয়ঞ্চ তুম্বুরুঞ্চ প্রিয়ঙ্গুকং।
মরীচং শিংশপাকঞ্চ ভল্লাতকরমর্দ্দকং।
দ্রাক্ষাঞ্চ দাড়িমঞ্চৈব পিণ্ডখর্জ্জূরমেব চ।
সৌবীরং কেলিকঞ্চৈব তথা শুভফলানি চ।
পিণ্ডারকফলঞ্চৈব পুন্নাগফলমেব চ।

অন্নাদিভক্ষ্যপেয়দ্রব্যেণ। গৃহ্য গৃহীত্বা ॥ ৬০ ॥

আসনান্ চারবীজানি। মানবান্ নারিকেলফলানি। পরূষকান্ পরুষা ইতি প্রসিদ্ধান্ এষু পুংস্ত্বমার্ষং। অগ্রে অন্যত্রাপি এবং জ্ঞেয়ং। এবং দেশভেদেন তত্তন্নামপ্রসিদ্ধেরপি ভেদাৎ তত্তদ্ভাষয়া লিখিতানামপি তত্তদ্ব্যাণাং সর্ব্বদেশীয়ানাং দুর্জ্ঞেয়ত্বাৎ তল্লিখনপ্রয়াসে-নালং। তত্তদ্দেশবাসিভ্য এবাপেক্ষিত-তত্তদ্বিশেষো জ্ঞেয়ঃ। তথাপ্যত্রাপ্রসিদ্ধং কিঞ্চিৎ শ্রীমথুরাদেশভাষয়া অভিব্যজত ইতি ॥ ৬১ ॥

বরাহপুরাণে ॥

হে মাধবি! হে দেবি! যে ব্যক্তি অন্নাদি ভক্ষ্য দ্রব্য দ্বারা বৈষ্ণবদিগের প্রীতিসাধন করেন এবং সর্ব্বরস যুক্ত শুভকর শস্য সকল গ্রহণ পূর্ব্বক মন্ত্রদ্বারা আমাকে প্রদান করিয়া তাহার কিছুই স্পর্শ না করেন, তিনি বহুজন্ম ব্যাপিয়া সুখস্বচ্ছন্দে অবস্থিতি করেন ॥ ৬০ ॥

ইঙ্গুদীফল, বিল্বফল, বদর, আমলকী, খর্জ্জূর, আসন (চারবীজ) মানব (নারিকেল) পরূষক (পরুষা) শাল, উড়ুম্বরিক, প্লক্ষফল, পিপ্পলীফল, কণ্ঠকীফল (কাঁঠাল) তুম্বুরু, প্রিয়ঙ্গু, মরীচ, শিংশপা, ভল্লা-তক, করমর্দ্দক, দ্রাক্ষা, দাড়িম্ব, পিণ্ডখর্জ্জূর, সৌবীর, কেলিক, পিণ্ডা-

শমীঞ্চৈব কবীরঞ্চ খর্জ্জূরকমহাফলং।
কুমুদস্য ফলঞ্চৈব বহেড়কফলন্তথা।
অজং কর্কোটকঞ্চৈব তথা তালফলানি চ।
কদম্বং কৌমুদঞ্চৈব দ্বিবিধং স্থলকঞ্জয়োঃ।
পিণ্ডিকন্দেতি বিখ্যাতং বংশনীপং ততঃ পরং।
মধুকন্দেতি বিখ্যাতং মাহিষং কন্দমেব চ।
করমর্দ্দককন্দঞ্চ তথা নীলোৎপলস্য চ।
মৃণালং পৌষ্করঞ্চৈব শালূকস্য ফলং তথা।
এতে চান্যে চ বহবঃ কন্দমূলফলানি চ।
এতানি চোপযোজ্যানি যে ময়া পরিকল্পিতাঃ।
মূলকস্য ততঃ শাকং চিঞ্চাশাকং তথৈব চ।
শাকঞ্চৈব কলায়স্য সর্ষপস্য তথৈব চ।
বংশকস্য তু শাকঞ্চ শাকমেব কলম্বিকং।
আর্দ্রকস্য চ শাকং বৈ পালঙ্কং শাকমেব চ।
অম্বিলোড়কশাকঞ্চ কাশং কৌমারকং তথা।
শুষ্কমণ্ডলপত্রঞ্চ দ্বাবেব তরুবানকৌ।
চরস্য চৈব শাকঞ্চ মধুকোড়ুম্বরং তথা।

রকফল, পুন্নাগফল, শমী, কবীর, খর্জ্জূরক-মহাফল, কুমুদফল, বহেড়ফল, অজ, কর্কোটক, তালফল, কদম্ব, কৌমুদ, দুই প্রকার স্থলকঞ্জ, পিণ্ডি-কন্দ, বংশনীপ, মধুকন্দ, মাহিষকন্দ, করমর্দ্দককন্দ, নীলোৎপলকন্দ, মৃণাল, পুষ্করফল, শালূকফল, এই সমুদায় ও অন্যান্য কন্দমূল ফলের বিষয় আমি যে কীর্ত্তন করিয়াছি তৎসমুদায়ই আমার ভক্ষণীয়॥

মূলকশাক, চিঞ্চাশাক, কলায়শাক, সর্ষপশাক, বংশকশাক, কলম্বী-শাক, আর্দ্রকশাক, পালঙ্কশাক, অম্বিলোড়কশাক, কাশ, কৌমারক, শুকমণ্ডলপত্র, দুই প্রকার বৃক্ষের শুষ্কপত্র, চরশাক, মধুক, ও উড়ুম্বর।

এতে চান্যে চ বহবঃ শতশোঽথ সহস্রশঃ।
কর্ম্মণ্যাশ্চৈব সর্ব্বে বৈ যে ময়া পরিকীর্ত্তিতাঃ॥
ব্রীহীণাঞ্চ প্রবক্ষ্যামি উপযোগাংশ্চ মাধবি।
একচিত্তং সমাধায় তৎ সর্ব্বং শৃণু সুন্দরি।
ধর্ম্মাধর্ম্মিকরক্তঞ্চ সুগন্ধং রক্তশালিকং।
দীর্ঘশূকং মহাশালিং বরকুঙ্কুমপত্রকং।
গ্রামশালিং সমদ্রাশাং সশ্রীশাং কুশশালিকাং।
যবাশ্চ দ্বিবিধা জ্ঞেয়াঃ কর্ম্মণ্যা মম সুন্দরি।
কর্ম্মণ্যাশ্চৈব মুদ্গাশ্চ তিলাঃ কৃষ্ণাঃ কুলত্থকাঃ।
গোধূমকং মহামুদ্গমুদ্গাষ্টকমবাটজিৎ।
কর্ম্মণ্যেতানি চোক্তানি ব্যঞ্জনানি প্রিয়ান্বিতান্।
প্রতিগৃহ্লাম্যহং হ্যেতান্ সর্ব্বান্ ভাগবতাৎ প্রিয়ান্॥
কিঞ্চ॥
যে ময়ৈবোপযোজ্যানি গব্যং দধিপয়ো ঘৃতং॥

এই সমুদায় ও অন্যান্য শতসহস্র প্রকার শাকাদির বিষয়, আমি যে কীর্ত্তন করিয়াছি তৎসমুদায়ই কর্ম্মোপযোগী॥

হে সুন্দরি! হে মাধবি! এক্ষণে ভক্ষণীয় ব্রীহি সমুদায়ের বিষয় কীর্ত্তন করিব। তুমি একাগ্রচিত্ত হইয়া তৎসমুদায় শ্রবণ কর॥

হে সুন্দরি! ধর্ম্মরক্তশালি, অধর্ম্মরক্তশালি, সুগন্ধরক্তশালি, দীর্ঘশূক, মহাশালি, শ্রেষ্ঠকুঙ্কুমপত্র, গ্রামশালি, মদ্রশশালি, শ্রীশশালি, কুশশালি ও দুই প্রকার যব কর্ম্মোপযোগী। মুদ্গ, তিল, কৃষ্ণবর্ণ কুলত্থ কলায়, গোধূম, মহামুদ্গ, মুদ্গাষ্টক, ইহারাও কর্ম্মোপযোগী। এই সকল বস্তু এবং যে সকল ব্যঞ্জনের বিষয় বলা হইয়াছে, সেই সমস্ত প্রিয়দ্রব্য আমি বৈষ্ণবদিগের নিকট হইতে গ্রহণ করি॥

আরও॥

গব্য—দধি, দুগ্ধ ও ঘৃত আমার ভক্ষণযোগ্য॥

স্কান্দে চ ব্রহ্মনারদসম্বাদে ॥
হবিঃ শাল্যোদনং দিব্যমাজ্যযুক্তং সশর্করং।
নৈবেদ্যং দেবদেবায় যাবকং পায়সং তথা।
নৈবেদ্যানামভাবে তু ফলানি বিনিবেদয়েৎ।
ফলানামপ্যভাবে তু তৃণগুল্মৌষধীরপি।
ওষধীনামলাভে তু তোয়ঞ্চ বিনিবেদয়েৎ।
তদলাভে তু সর্ব্বত্র মানসং প্রবরং স্মৃতং ॥
স্কান্দে মহেন্দ্রং প্রতি শ্রীনারদবচনং ॥
যচ্ছন্তি তুলসীশাকং শৃতং যে মাধবাগ্রতঃ।
কল্পান্তং বিষ্ণুলোকে তু বসন্তি পিতৃভিঃ সহ ॥ ৬১ ॥
অথ নৈবেদ্যে নিষিদ্ধানি হারীতস্মৃতৌ ॥
নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ভক্ষ্যেষ্বপ্যজা মহিষীক্ষীরং

স্কন্দপুরাণে ॥
ব্রহ্মা ও নারদসম্বাদে ॥

উৎকৃষ্ট ঘৃত, শালিধান্যের অন্ন, ঘৃত এবং শর্করাযুক্ত নৈবেদ্য আর যবের পায়স দেবদেব বিষ্ণুকে নিবেদন করিবে। নৈবেদ্যাদির অভাব হইলে ফল প্রদান করিবে। ফলের অভাব হইলে তৃণ, গুল্ম এবং ওষধি অর্পণ করিবে। ওষধিরও অভাব হইলে কেবল জল নিবেদন করিবে। যদি কোন স্থানে জলেরও অভাব হয়, তবে কেবল মানসে দ্রব্যাদি সমর্পণ করিবে ॥

স্কন্দপুরাণে ইন্দ্রের প্রতি শ্রীনারদের বাক্য ॥

যাঁহারা পাককরা তুলসীশাক মাধবকে সমর্পণ করেন, তাঁহারা প্রলয়-কাল পর্য্যন্ত পিতৃলোকের সহিত বিষ্ণুলোকে বাস করেন ॥ ৬১ ॥

অথ নৈবেদ্যে নিষিদ্ধ বস্তু হারীতস্মৃতিতে ॥

অভক্ষ্য দ্রব্য নৈবেদ্যে দিবে না। আর ভক্ষ্যদ্রব্যের মধ্যেও

পঞ্চনখা মৎস্যাশ্চ ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

নীলীক্ষেত্রং বাপয়ন্তি মূলকং ভক্ষয়ন্তি যে।
নৈবাস্তি নরকোত্তারঃ কল্পকোটিশতৈরপি ॥

বারাহে ॥

মাহিষঞ্চাবিকং চাজমযজ্ঞীয়মুদাহৃতং ॥

কিঞ্চ ॥

মাহিষং বর্জয়েন্মহ্যং ক্ষীরং দধি ঘৃতং যদি ॥ ৬২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥

অভক্ষ্যঞ্চাপ্যস্বাদ্যঞ্চ নৈবেদ্যং ন নিবেদয়েৎ।
কেশকীটাবপন্নঞ্চ তথা চাবিহিতঞ্চ যৎ।

মাহিষাদিকং দধ্যাদি ॥ ৬২ ॥

ছাগীদুগ্ধ, মহিষীদুগ্ধ, পঞ্চনখবিশিষ্ট জন্তু এবং মৎস্য প্রদান করিবে না ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

যাহারা ক্ষেত্রে নীলী বপন করে ও মূলক ভক্ষণ করে, তাহারা শতকোটি কল্পেও নরক হইতে পরিত্রাণ পায় না ॥

বরাহপুরাণে ॥

মহিষ, মেষ ও ছাগ সম্বন্ধীয় ঘৃত যজ্ঞের অনুপযোগী বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে ॥

আরও ॥

যদি কেহ আমাকে দধি, দুগ্ধ ও ঘৃত দেয়, তাহা হইলে সে যেন মহিষসম্বন্ধীয় ঐ সকল বস্তু বর্জন করে ॥ ৬২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥

অভক্ষ্য ও বিস্বাদ নৈবেদ্য নিবেদন করিবে না। আর যাহা নিষিদ্ধ

মূষিকালাঙ্গূলোপেতমবধূতমবক্ষুতং।
উড়ুম্বরং কপিত্থঞ্চ তথা দন্তশঠঞ্চ যৎ।
এবমাদীনি দেবায় ন দেয়ানি কদাচন ॥ ৬৩ ॥
অথাভক্ষ্যাণি। কৌর্ম্মে ॥
বৃন্তাকং জালিকাশাকং কুসুম্ভাশ্মন্তকং তথা।
পলাণ্ডুং লশুনং শুক্লং নির্যাসঞ্চৈব বর্জয়েৎ।
গৃঞ্জনং কিংশুকঞ্চৈব কুকুণ্ডঞ্চ তথৈবচ।
উড়ুম্বরমলাবুঞ্চ জগ্ধ্বা পততি বৈ দ্বিজঃ ॥ ৬৪ ॥
বৈষ্ণবে ॥

লাঙ্গূলো জন্তুবিশেষঃ। অবধূতং অবজ্ঞয়া ত্যক্তং। অবক্ষুতং যস্যোপরি ক্ষুতং কৃতং তৎ। দন্তশঠং জম্বীরফলং ॥ ৬৩ ॥

নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ইতি হারীতস্মৃতৌ। অভক্ষ্যঞ্চাপ্যহৃদ্যঞ্চ। ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে চাভক্ষ্যার্পণং নিষিদ্ধমিত্যভক্ষ্যাণি লিখতি বৃন্তাকমিত্যাদিনা। কুসুম্ভশাকং অশ্মন্তকঞ্চ শাকবিশেষং শুক্লং কাঞ্জিকং কুকুণ্ডং ফলবিশেষং ॥ ৬৪ ॥

এবং কেশ ও কীটযুক্ত, মূষিকা ও লাঙ্গূল (জন্তু বিশেষ) কর্ত্তৃক কৃতোচ্ছিষ্ট, অবজ্ঞা করিয়া পরিত্যক্ত এবং যাহার উপরে হাঁচা গিয়াছে এরূপ বস্তু প্রদান করিবে না। আর উড়ুম্বর, কপিত্থ, দন্তশঠ, জম্বীরফল প্রভৃতি বস্তু দেবতাকে কখন দিবে না ॥ ১৬৩ ॥

অথ অভক্ষ্যদ্রব্য ॥

কূর্ম্মপুরাণে ॥

বার্ত্তাকী, জালিকাশাক, কুসুম্ভশাক, অশ্মন্তক শাক, পলাণ্ডু, লশুন, শুক্ল (কাঞ্জিক) এবং নির্যাস বর্জন করিবে। গৃঞ্জন, কিংশুক, কুকুণ্ড (ফল বিশেষ) উড়ুম্বর ও অলাবু এ সকল দ্রব্য ব্রাহ্মণে ভোজন করিলে পতিত হয় ॥ ৬৪ ॥

বিষ্ণুপুরাণে ॥

ভুঞ্জীতোদ্ধৃতসারাণি ন কদাচিন্নরেশ্বর।

স্কান্দে ॥

যো ভক্ষয়তি বৃন্তাকং তস্য দূরতরো হরিঃ।

কিঞ্চান্যত্র ॥

বার্ত্তাকুং বৃহতীঞ্চৈব দগ্ধমন্নং মসূরকং।

যস্যোদরে প্রবর্ত্তেত তস্য দূরতরো হরিঃ।

কিঞ্চ ॥

অলাবুং ভক্ষয়েদ্যস্তু দগ্ধমন্নং কলম্বিকাং।

স নির্লজ্জঃ কথং ব্রূতে পূজয়ামি জনার্দ্দনং।

অতএবোক্তং যামলে ॥

যত্র মদ্যং তথা মাংসং তথা বৃন্তাকমূলকে।

নিবেদয়েন্নৈব তত্র হরেরৈকান্তিকী রতিঃ ॥ ৬৫ ॥

উদ্ধৃতসারাণি পিণ্যাকাদীনি ॥ ৬৫ ॥

হে নরেশ্বর! উদ্ধৃতসার অর্থাৎ পিণ্যাকাদি বস্তু ভক্ষণ করিবেন না ॥

স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তি বৃন্তাক ভক্ষণ করে, হরি তাহার অনেক দূরে থাকেন ॥

আরও অন্যস্থলে ॥

বার্ত্তাকু, বৃহতী, দগ্ধ—অন্ন এবং মসূর, যাহার উদরস্থ হয়, হরি তাহার দূরবর্ত্তী থাকেন ॥

আরও ॥

যে ব্যক্তি অলাবু, দগ্ধ—অন্ন এবং কলম্বীশাক ভক্ষণ করে, সেই নির্লজ্জ ব্যক্তি আমি জনার্দ্দনের পূজা করিয়া থাকি এ কথা কিরূপে মুখে আনিবে? ॥

অতএব যামলে কথিত হইয়াছে ॥

যে স্থানে মদ্য, মাংস, বৃন্তাক এবং মূলক নিবেদিত হয়, সে স্থানে হরির ঐকান্তিকী প্রীতি নাই ॥ ৬৫ ॥

অথ নৈবেদ্যার্পণমাহাত্ম্যং ॥

স্কান্দে ॥

নৈবেদ্যানি মনোজ্ঞানি কৃষ্ণস্যাগ্রে নিবেদয়েৎ।
কল্পান্তং তৎপিতৃণাস্তু তৃপ্তির্ভবতি শাশ্বতী।
ফলানি যচ্ছতে যো বৈ সুহৃদ্যানি নরেশ্বর।
কল্পান্তং জায়তে তস্য সফলশ্চ মনোরথঃ।

নারসিংহে ॥

হবিঃ শাল্যোদনং দিব্যমাজ্যযুক্তং সশর্করং।
নিবেদ্য নরসিংহায় যাবকং পায়সং তথা।
সমাস্তণ্ডুলসংখ্যায়া যাবত্যস্তাবতীর্নৃপ।
বিষ্ণুলোকে মহাভোগান্ ভুঞ্জনা স্তে সবৈষ্ণবাঃ।

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

অন্নদস্তৃপ্তিমাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি।

অথ নৈবেদ্যার্পণমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ॥

মনোজ্ঞ নৈবেদ্য শ্রীকৃষ্ণাগ্রে নিবেদন করিলে, কল্পান্ত পর্য্যন্ত রতাহা পিতৃলোকের অক্ষয় তৃপ্তি হইয়া থাকে ॥

হে নরেশ্বর! যে ব্যক্তি উত্তম ফল সকল নিবেদন করেন, কল্পান্ত পর্য্যন্ত তাঁহার মনোরথ সফল হয় ॥

নৃসিংহপুরাণে ॥

যাঁহারা উত্তম ঘৃত, তথা ঘৃত ও শর্করার সহিত মিশ্রিত শালি-ধান্যের অন্ন এবং যবের পায়স নৃসিংহদেবকে অর্পণ করেন, তাঁহারা তণ্ডুলের সংখ্যানুসারে তত বৎসর বৈষ্ণবদিগের সহিত বিষ্ণুলোকে অত্যন্ত সুখ সম্ভোগ করেন ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

অন্নদাতা তৃপ্তি লাভ করেন ও স্বর্গে গমন করেন। সাবধান হইয়া

দত্ত্বা চ সংবিভাগায় তথৈবান্নমতন্দ্রিতঃ।
ত্রৈলোক্যতর্পিতে পুণ্যং তৎক্ষণাৎ সমবাপ্নুয়াৎ ॥ ৬৬ ॥
অক্ষয্যমন্নপানঞ্চ পিতৃভ্যশ্চোপতিষ্ঠতে।
ওদনং ব্যঞ্জনোপেতং দত্ত্বা স্বর্গমবাপ্নুয়াৎ।
পরমান্নং তথা দত্ত্বা তৃপ্তিমাপ্নোতি শাশ্বতীং।
বিষ্ণুলোকমবাপ্নোতি কুলমুদ্ধরতে তথা।
ঘৃতৌদনপ্রদানেন দীর্ঘমায়ুরবাপ্নুয়াৎ।
দধ্যোদনপ্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাং।
ক্ষীরৌদনপ্রদানেন দীর্ঘজীবিতমাপ্নুয়াৎ।
ইক্ষূণাঞ্চ প্রদানেন পরং সৌভাগ্যমশ্নুতে।
রত্নানাঞ্চৈব ভাগী স্যাৎ স্বর্গলোকঞ্চ গচ্ছতি।
ফাণিতস্য প্রদানেন অগ্ন্যাধানফলং লভেৎ।
তথা গুড়প্রদানেন কামিতাভীষ্টমাপ্নুয়াৎ ॥ ৬৭ ॥

সম্যক্ বিভাগো দেবানাং যজ্ঞভাগো যস্মাৎ স সংবিভাগো বিষ্ণুস্তস্মৈ ॥ ৬৬ ॥
অভীপ্সিতান্ কামান্ বাঞ্ছিতানি প্রাপ্নোতীত্যর্থঃ। পাঠান্তরে কামিতং অভীষ্টঞ্চ বাঞ্ছাতীতং ॥ ৬৭ ॥

বিষ্ণুকে অন্ন দান করিলে, ত্রিলোক পরিতৃপ্ত হয় এবং তিনি তৎক্ষণাৎ তজ্জনিত পুণ্যভাগী হয়েন ॥ ৬৬ ॥

ব্যঞ্জন সহিত অন্ন দান করিলে স্বর্গগামী হয় এবং তাঁহার পিতৃগণ অক্ষয় অন্ন ও পানীয় প্রাপ্ত হয়েন ॥

পরমান্ন প্রদান করিলে অক্ষয়তৃপ্তি লাভ, বিষ্ণুলোকে বাস এবং কুল উদ্ধার হয়, সঘৃত অন্ন নিবেদন করিলে দীর্ঘ পরমায়ু লাভ করে, দধিযুক্ত অন্ন দান করিলে সমৃদ্ধিশালী হয়, দুগ্ধমিশ্রিত অন্নদানে দীর্ঘ জীবন প্রাপ্ত হয় এবং ইক্ষুদণ্ড দিলে অত্যন্ত সৌভাগ্যশালী, রত্নভাগী এবং স্বর্গলোকগামী হয়। ফাণিত (বাতাসা) প্রদান করিলে অগ্ন্যাধানের ফল লাভ করে এবং গুড় দান করিলে অভীষ্ট কামনা প্রাপ্ত হয় ॥ ৬৭ ॥

নিবেদ্যেক্ষুরসং ভক্ত্যা পরং সৌভাগ্যমাপ্নুয়াৎ।
সর্ব্বান্ কামানবাপ্নোতি ক্ষৌদ্রং যশ্চ প্রযচ্ছতি।
তদেব তুহিনোপেতং রাজসূয়মবাপ্নুয়াৎ।
বহ্নিষ্টোমমবাপ্নোতি যাবকস্য নিবেদকঃ।
অতিরাত্রমবাপ্নোতি তথাপূপনিবেদকঃ॥ ৬৮॥
বৈদলানাঞ্চ ভক্ষ্যাণাং দানাৎ কামানবাপ্নুয়াৎ॥
দীর্ঘজীবিতমাপ্নোতি ঘৃতপূরনিবেদকঃ।
মোদকানাং প্রদানেন কামানাপ্নোত্যভীপ্সিতান্॥ ৬৯॥
নানাবিধানাং ভক্ষ্যাণাং দানাৎ স্বর্গমবাপ্নুয়াৎ।
ভোজনীয়প্রদানেন তৃপ্তিমাপ্নোত্যনুত্তমাং॥ ৭০॥

পূর্ব্বং ইক্ষূণামিতি ইক্ষূদণ্ডানাং অধুনা ইক্ষূণাং রসমিতি ভেদঃ॥ ৬৮॥
বৈদলানাং মুদ্গচণকাদিসূপানাং॥ ৬৯॥
দন্তৈরবখণ্ড্যাবখণ্ড্য যানি ভক্ষ্যন্তেঽপূপাদীনি তানি ভক্ষ্যাণি ভোজনীয়ং ভোজ্যং॥৭০॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক ইক্ষুরস দান করেন, তিনি অত্যন্ত সৌভাগ্যশালী হন, আর ক্ষৌদ্র অর্থাৎ মধু দান করিলে সমস্ত কামনা সফল লয় এবং ক্ষৌদ্র যদি হিমযুক্ত হয়, তাহা হইলে রাজসূয়-যজ্ঞের ফল হয়॥

যে ব্যক্তি যবের পায়স নিবেদন করে, তিনি অগ্নিষ্টোম-যজ্ঞের ফল প্রাপ্ত হয়েন। আর পিষ্টক নিবেদন করিলে অতিরাত্র-যজ্ঞের ফল প্রাপ্ত হইবেন॥ ৬৮॥

মুদ্গ, চণকাদির ভক্ষ্য দ্রব্য অর্থাৎ সূপ প্রদান করিলে কামনা সিদ্ধি হয়। ঘৃতপূর (চন্দ্রপুলী) নিবেদন করিলে দীর্ঘ জীবন লাভ করে। মোদক প্রদান করিলে অভীষ্ট ফল সিদ্ধি হয়॥ ৬৯॥

বিবিধ ভক্ষ্যদ্রব্য (চর্ব্বণদ্রব্য) দিলে স্বর্গ লাভ হয় এবং ভোজ্য বস্তু প্রদানে মহতী তৃপ্তি লাভ হয়॥ ৭০॥

তথা লেহ্যপ্রদানেন সৌভাগ্যমধিগচ্ছতি।
বলবর্ণমবাপ্নোতি চূষ্যাণাঞ্চ নিবেদনে ॥ ৭১ ॥
কুল্মাষোল্লাসিকা দাতা বহ্ন্যাধ্েয়ং ফলং লভেৎ।
তথা কৃষরদানেন বহ্নিষ্টোমমবাপ্নুয়াৎ ॥ ৭২ ॥
ধান্যানাং ক্ষৌদ্রযুক্তানাং লাজানাঞ্চ নিবেদকঃ।
মুখ্যানাঞ্চৈব শক্তূনাং বহ্নিষ্টোমমবাপ্নুয়াৎ ॥ ৭৩ ॥
বানপ্রস্থাশ্রিতং পুণ্যং লভেচ্ছাকনিবেদকঃ।
দত্ত্বা হরিতকঞ্চৈব তদেব ফলমাপ্নুয়াৎ ॥ ৭৪ ॥
দত্ত্বা শাকানি রম্যাণি বিশোকস্ত্বভিজায়তে।

যৎ কেবলং জিহ্বয়া বিলোড্য নিগীর্য্যতে পায়সাদি যচ্চ জিহ্বায়াং নিক্ষিপ্য রসাস্বাদেন নগার্য্যতে দ্রবীভূতং গুড়াদি তল্লেহ্যং। যানি দংষ্ট্রাভির্নিষ্পীড্য সারাংশং নিগীর্য্যাবশিষ্টং ত্যজ্যতে যথেক্ষুদণ্ডাদীনি তানি চূষ্যাণি ॥ ৭১ ॥

কুল্মাষাঃ কিঞ্চিৎ স্বিন্নমাসাঃ উল্লাসিকা লপসীতি প্রসিদ্ধা ॥ ৭২ ॥

ধান্যানাং ভৃষ্টযবানাং ॥ ৭৩ ॥

হরিতকং হরিদ্বর্ণকং শাকং শাকবিশেষং বা ॥ ৭৪ ॥

লেহ্য বস্তু প্রদান করিলে সৌভাগ্য লাভ করে, আর চূষ্য বস্তু নিবেদন করিলে শক্তি ও রূপ প্রাপ্ত হয় ॥ ৭১ ॥

কুল্মাষ (কিঞ্চিৎ স্বিন্নমাস) ও উল্লাসিকা (লপসী) প্রদান করিলে অগ্ন্যাধানের ফল লাভ হয়। কৃষর দান করিলে অগ্নিষ্টোম-যজ্ঞের ফলভাগী হয় ॥ ৭২ ॥

ক্ষৌদ্র অর্থাৎ মধুযুক্ত ধান্য, লাজ অর্থাৎ ভৃষ্টযব ও শক্তু নিবেদন করিলে অগ্নিষ্টোম-যজ্ঞের ফল লাভ হইয়া থাকে ॥ ৭৩ ॥

শাক নিবেদন করিলে বানপ্রস্থ আশ্রমজনিত পুণ্য সঞ্চয় হয়। এবং হরিতক শাক প্রদান করিলেও ঐ ফল লাভ হইয়া থাকে ॥ ৭৪ ॥

রমণীয় শাক ও ব্যঞ্জনের নিমিত্ত উপকরণ প্রদান করিলে, শোক

দত্ত্বা চ ব্যঞ্জনার্থায় তথোপকরণানি চ।
সুকুলে লভতে জন্ম কন্দমূলনিবেদকঃ।
নীলোৎপলবিদারীণাং তরুটস্য তথা দ্বিজাঃ।
কন্দদানাদবাপ্নোতি বানপ্রস্থফলং শুভং।
ত্রপুষের্ব্বারুকং দত্ত্বা পুণ্ডরীকফলং লভেৎ।
কর্কন্ধুবদরে দত্ত্বা তথা পারৈবতং ফলং।
পরূষকং তথাম্রঞ্চ পনসং নারিকেলকং।
ভব্যং মোচং তথা চোচং খর্জ্জূরমথ দাড়িমং।
আম্রাতকস্রুবাম্লোটফলমানপিয়ালকং।
জম্বূবিল্বামলঞ্চৈব জাত্যং বীণাতকন্তথা।
নারঙ্গবীজপুরে চ বাজফল্গুফলান্যপি ॥ ৭৫ ॥

তরুটং পদ্মবীজং তস্য কন্দো বিসং। ত্রপুষং সুখাশং ইর্ব্বারুকং কর্কটীফলং। বদরং ক্ষুদ্রবদরং। পারৈবতং তিন্দুকাকৃতিফলং পক্কং সদ্ধবললোহিতং মধুরাম্লঞ্চ কামরূপদেশে প্রসিদ্ধং। ভব্যং কর্ম্মরঙ্গফলং। মোচং কদলীফলং চোচং কাশ্মীরদেশোদ্ভবং গুড়ত্বচফলং নারিকেলফলবিশেষম্বা। স্রুবা কাঁঠাল ইতি প্রসিদ্ধা। অম্লোটঃ সাহুলীতি প্রসিদ্ধঃ। ফলমানঃ বীজপূরভেদঃ। জাত্যং জাতীফলং। বীণাতকং খণ্ডগুজং ইতি দ্রব্যগুণটীকায়াং লিখিতং। বাজফলং ক্ষীরিকাফল্গুফলানি গোষ্ঠোড়ুম্বরিকা ফলানি ॥ ৭৫ ॥

হইতে বিনির্ম্মুক্ত হয়, যে ব্যক্তি কন্দমূল নিবেদন করেন, তাঁহার উত্তম কুলে জন্ম হয়॥

হে দ্বিজগণ! নীলোৎপল বিদারি ও তরুটের (পদ্মবীজের) কন্দ দান করিলে বানপ্রস্থাশ্রমের ফল লাভ হয়। ত্রপুষ (সুখাশ) ও ইর্ব্বারুক (কর্কটীফল) প্রদান করিলে পুণ্ডরীক দানের ফল লাভ হয়। কর্কন্ধু, বদর, পারৈবত (তিন্দুকাকৃতি) ফল, পরূষক, আম্র, পনস, নারিকেল, ভব্য, (কর্ম্মরঙ্গফল) মোচ (কদলীফল) চোচ (গুড়ত্বচ্-ফল) খর্জ্জূর, দাড়িম, আম্রাতক, স্রুবা, অম্লোট, ফলমান, পিয়ালক,

এবমাদীনি দিব্যানি যঃ ফলানি প্রযচ্ছতি।
তথা কন্দানি মুখ্যানি দেবদেবায় ভক্তিতঃ।
ক্রিয়া সাফল্যমাপ্নোতি সর্গলোকন্তথৈব চ।
প্রাপ্নোতি ফলমারোগ্যং মৃদ্বীকানাং নিবেদকঃ।
রসান্ মুখ্যানবাপ্নোতি সৌভাগ্যমপি চোত্তমং।
আম্রৈরভ্যর্চ্য দেবেশমশ্বমেধফলং লভেৎ॥
কিঞ্চ॥
মোচকং পনসং জম্বু তথান্যং কুম্ভলীফলং।
প্রাচীনামলকং শ্রেষ্ঠং মধুকোড়ুম্বরস্য চ।
যত্নপক্কমপি গ্রাহ্যং কদলীফলমুত্তমং॥
হরিভক্তিসুধোদয়ে চ॥

মৃদ্বীকা দ্রাক্ষা। কুম্ভলীফলং কারভতীতি প্রসিদ্ধং। প্রাচীনামলকং পাণিপাবেতি প্রসিদ্ধং॥ ৭৬॥

জম্বু, বিল্ব, আমল, জাত্য, বীণাতক, নারঙ্গ, বীজপূর, বীজফল ও ফল্গুফল॥ ৭৫॥

এই প্রকার উৎকৃষ্টফল ও উত্তম উত্তম কন্দ, যে ব্যক্তি ভক্তি সহকারে দেবদেব বিষ্ণুকে নিবেদন করেন, তাঁহার ক্রিয়া সফল হয় এবং তিনি স্বর্গে গমন করেন॥

যিনি দ্রাক্ষা নিবেদন করেন তাঁহার আরোগ্য লাভ হয়, উত্তম রস সমুদায় প্রাপ্তি হয় এবং পরম সৌভাগ্যও বৃদ্ধিশীল হইতে থাকে। যে ব্যক্তি আম্রের দ্বারা দেবেশ্বরের অর্চ্চনা করেন, তাঁহার অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়॥

আরও॥

মোচা, পনস, জম্বু, কুম্ভলীফল, প্রাচীনামলক, মধুকোড়ুম্বরফল, এই সমুদায় শ্রেষ্ঠ ফল। উত্তম কদলীফল যত্ন সহকারে পক্ক হইলেও গ্রহণীয় হইবে॥

হরিভক্তিসুধোদয়েও॥

যৎ কিঞ্চিদল্পং নৈবেদ্যং ভক্তভক্তিরসপ্লুতং।
প্রতিভোজয়তি শ্রীশস্তদ্দাতৄন্ স্বসুখং দ্রুতমিতি ॥ ৭৬ ॥
ততঃ প্রাগ্বদ্বিচিত্রাণি পানকান্যুত্তমানি চ।
সুগন্ধি শীতলং স্বচ্ছং জলমপ্যর্পয়েত্ততঃ ॥ ৭৭ ॥
অথ পানকানি তন্মাহাত্ম্যঞ্চ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
পানকানি সুগন্ধীনি শীতলানি বিশেষতঃ।
নিবেদ্য দেবদেবায় বাজিমেধমবাপ্নুয়াৎ।
ত্বগেলানাগকুসুমকর্পূরসিতসংযুতৈঃ।
সিতাক্ষৌদ্রগুড়োপেতৈর্গন্ধবর্ণগুণান্বিতৈঃ।
বীজপূরকনারঙ্গসহকারসমন্বিতৈঃ।

ততঃ নৈবেদ্যার্পণানন্তরং প্রাগ্বদিতি নৈবেদ্যার্পণবৎ ইত্যর্থঃ। বিচিত্রাণি বিবিধানি ॥ ৭৭ ॥

সিতং দধিবীজপূরকাদিফলরসনির্ম্মিতমিত্যর্থঃ ॥ ৭৮ ॥

ভক্তের ভক্তি সহকারে অল্পপরিমাণেও নৈবেদ্য ভগবানে অর্পিত হইলে তিনি নৈবেদ্যদাতৃগণকে সত্বর সুখভোগ করান ॥ ৭৬ ॥

নৈবেদ্যার্পণের পর বিবিধ উত্তম পানীয়দ্রব্য এবং সুগন্ধি, শীতল ও নির্ম্মল জল পূর্ব্বের ন্যায় অর্থাৎ নৈবেদ্যার্পণের তুল্য অর্পণ করিবে ॥৭৭

অথ পানীয়দ্রব্য ॥

পানীয়দ্রব্যের মাহাত্ম্য বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

সুগন্ধযুক্ত, বিশেষতঃ শীতলপানীয় দেবদেবকে নিবেদন করিলে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয় ॥

দারুচিনি, এলাইচ, নাগকুসুম, কর্পূর ও সিত অর্থাৎ দধি ও বীজপূরাদি ফলের রস সংযুক্ত শর্করা মধু ও গুড় সহিত এবং গন্ধ বর্ণ ও গুণ যুক্ত বীজপূর, নাগরঙ্গ, সহকারের পালক (আমতা) অর্পিত হইলে

বীজপূরকনারঙ্গসহকারসমন্বিতৈঃ।
রাজসূয়মবাপ্নোতি পালকৈর্বিনিবেদিতৈঃ॥ ৭৮॥
নিবেদ্য নারিকেলাম্বুবহ্নিষ্টোমফলং লভেৎ।
সর্ব্বকামবহা নদ্যো নিত্যং যত্র মনোরমাঃ।
তত্র পানপ্রদা যান্তি যত্র রামা গুণান্বিতা ইতি॥ ৭৯॥
ইত্থং সমর্প্য নৈবেদ্যং দত্ত্বা জবনিকাং ততঃ।
বহির্ভূয় যথাশক্তি জপং সধ্যানমাচরেৎ॥ ৮০॥
ধ্যানঞ্চোক্তং॥
ব্রহ্মেশাদ্যৈঃ পরিত ঋষিভিঃ সূপবিষ্টৈঃ সমেতো
লক্ষ্ম্যা শিঞ্জদ্বলয়করয়া সাদরং বীজ্যমানঃ।
মর্ম্মক্রীড়প্রহসিতমুখো হাসয়ন্ পংক্তিভোক্তৃন্
ভুঙ্‌ক্তে পাত্রে কনকঘটিতে ষড়্রসং শ্রীরমেশঃ॥ ইতি॥

নিত্যমিত্যনেন শ্রীবৈকুণ্ঠলোকমভিপ্রেতি॥ ৭৯॥
জবনিকাং তিরস্করণীং॥ ৮০॥

রাজসূয় যজ্ঞের ফল লাভ হয়॥ ৭৮॥

নারিকেলের জল নিবেদন করিলে অগ্নিষ্টোম যজ্ঞের ফল লাভ হয়, যে স্থানে মনোহারিণী নদী গণ সর্ব্বদা সকল কামনা পূর্ণ করে এবং গুণশালী রমণীগণ বিরাজ করে, পানীয়প্রদাতা তথায় গমন করেন॥ ৭৯॥

এইরূপে নৈবেদ্য অর্পণ করিয়া জবনিকা হইতে বহির্গত হইয়া যথাশক্তি ধ্যান ও জপ করিবে॥ ৮০॥

ধ্যান উক্ত হইয়াছে যথা—॥

ব্রহ্মা শিব প্রভৃতি দেবগণ ও ঋষিগণ যাঁহার চতুর্দ্দিকে উপবেশন করিয়া রহিয়াছেন, লক্ষ্মী বলয়ধ্বনি সহকৃত হস্তদ্বারা আদরপূর্ব্বক যাঁহাকে ব্যজন করিতেছেন এবং যিনি পরিহাস কালে, সহাস্য মুখ

একান্তিভিশ্চাত্মকৃতং সবয়স্যস্য গোকুলে।
যশোদালাল্যমানস্য ধ্যেয়ং কৃষ্ণস্য ভোজনং ॥
অথ হোমঃ ॥
নিত্যঞ্চাবশ্যকং হোমং কুর্য্যাৎ শক্ত্যনুসারতঃ।
হোমাশক্তৌ তু কুর্ব্বীত জপং তস্য চতুর্গুণং ॥ ৮১ ॥
কেঽপ্যেবং মন্বতেঽবশ্যং নিত্যহোমং সদাচরেৎ।
পুরশ্চরণহোমস্যাশক্তৌ হি স বিধির্ম্মতঃ ॥
পূর্ব্বং দীক্ষাবিধৌ হোমবিধিশ্চ লিখিতঃ কিয়ান্।

শক্ত্যনুসারত ইতি শক্তৌ অষ্টোত্তরং সহস্রমশক্তৌ চ শতমিতি জ্ঞেয়ং। তস্য হোমস্য ॥ ৮১ ॥

কিং মন্বতে তল্লিখতি অবশ্যমিত্যাদিনা। পুরশ্চরণে কর্ম্মণি যো হোমস্তস্মিন্নশক্তাবিব। স্য জপচতুর্গুণহোমকরণরূপো বিধিঃ ॥ ৮২ ॥

হইয়া পঙ্‌ক্তিভোজকদিগকে হাসাইতেছেন, সেই রমাপতি স্বর্ণনির্ম্মিত পাত্রে ষড়্‌বিধ রস ভোজন করিতেছেন ॥

গোকুলে যশোদা কর্ত্তৃক লালিত বয়স্যগণ সহিত শ্রীকৃষ্ণের নিজকৃত ভোজনের বিষয় বৈষ্ণবগণ ধ্যান করিবেন ॥

অথ হোম ॥

শক্তি অনুসারে প্রতিদিবস আবশ্যক হোম করিবে। হোমে অশক্ত হইলে হোমের চতুর্গুণ জপ করিবে ॥ ৮১ ॥

কেহ কেহ এরূপ বলেন যে নিত্য হোম অবশ্যই করিবে। কিন্তু পুরশ্চরণ কালে যে হোমের বিধি আছে, তাহাতে অশক্ত হইলে ঐ বিধি অর্থাৎ হোম সংখ্যার চতুর্গুণ জপ ॥

পূর্ব্বে দীক্ষা বিধিতে হোমের বিধি কিয়ৎপরিমাণে লিখিত হইয়াছে, অতএব যদি কেহ তদ্বিষয় বিশেষ রূপে জানিতে ইচ্ছা করেন তাহা হইলে তিনি সেই সেই শাস্ত্র হইতে উহার বিশেষ বিবরণ

তদ্বিস্তারশ্চ বিজ্ঞেয়স্তত্তচ্ছাস্ত্রাত্তদিচ্ছুভিঃ ॥ ৮২ ॥
সমাপ্তিং ভোজনে ধ্যাত্বা দত্ত্বা গাণ্ডূষিকং জলং।
অমৃতাপিধানমসি স্বাহেত্যুচ্চারয়েৎ সুধীঃ।
বিসৃজেদ্দেববক্ত্রে তত্তেজঃ সংহারমুদ্রয়া।
নৈকান্তী তেজসঃ কুর্য্যান্নিষ্ক্রান্তিমিব সংক্রমং ॥ ৮৩ ॥
অথ বলিদানং ॥
ততো জবনিকাং বিদ্বানপসার্য্য যথাবিধি।
বিষ্বক্সেনায় ভগবন্নৈবেদ্যাংশং নিবেদয়েৎ।
তথাচ পঞ্চরাত্রে শ্রীনারদবচনং ॥
বিষ্বক্সেনায় দাতব্যং নৈবেদ্যং তচ্ছতাংশকং।

অমৃতাপিধানমসীতি জলগণ্ডূষং দত্ত্বেতি জ্ঞেয়ং ॥ ৮৩ ॥
তৎ নৈবেদ্যগ্রহণায় বিনির্গতং যৎ শতাংশকমিতি নৈবেদ্যস্য শতাংশানামেকমংশমিত্যর্থঃ। এবং সহস্রাংশমপি। লিঙ্গে চেৎ শ্রীশিবপূজা ক্রিয়েত তদা চণ্ডেশ্বরায় তদ্গণা-

জানিতে পারিবেন ॥ ৮২ ॥

পণ্ডিত ব্যক্তি ভগবানের ভোজনাবশেষ ধ্যান করিয়া জলগণ্ডূষ প্রদান এবং "অমৃতাপিধানমসি স্বাহা" এই মন্ত্র উচ্চারণ করিবেন, পরে সংহার মুদ্রা দ্বারা শ্রীকৃষ্ণের মুখ হইতে (নৈবেদ্যগ্রহণের নিমিত্ত বহির্গত) সেই তেজঃ বিসর্জ্জন করিবেন। বৈষ্ণবগণ তেজের বহির্গমনের ন্যায় উহার সঙ্কোচ করিবেন না ॥ ৮৩ ॥

অথ বলিদান ॥

অনন্তর বিদ্বান্ ব্যক্তি জবনিকা অপসারণ করিয়া ভগবানের নৈবেদ্যের অংশ বিষ্বক্সেনকে বিধিপূর্ব্বক নিবেদন করিবেন ॥

ঐ বিষয়ে পঞ্চরাত্রে শ্রীনারদের বাক্য ॥

নৈবেদ্যের শতাংশের একাংশ, পাদোদক ও প্রসাদ বিষ্বক্সেনকে প্রদান করিবে। আর যদি লিঙ্গে শিবপূজা করা যায় তাহা হইলে

পাদোদকং প্রসাদঞ্চ লিঙ্গে চণ্ডেশ্বরায় চ ॥ ৮৪ ॥
তদ্বিধিশ্চোক্তঃ ॥
মুখ্যাদীশানতঃ পাত্রান্নৈবেদ্যাংশং সমুদ্ধরেৎ।
সর্ব্বদেবস্বরূপায় পরায় পরমেষ্ঠিনে।
শ্রীকৃষ্ণসেবাযুক্তায় বিষ্বক্সেনায় তে নমঃ।
ইত্যুক্ত্বা শ্রীহরের্বামে তীর্থক্লিন্নং সমর্পয়েৎ।
শতাংশং বা সহস্রাংশমন্যথা নিষ্ফলং ভবেৎ ॥ ৮৫ ॥
পশ্চাচ্চ বলিরিত্যাদি শ্লোকাবুচ্চার্য্য বৈষ্ণবঃ।
সর্ব্বেভ্যো বৈষ্ণবেভ্যস্তচ্ছতাংশং বিনিবেদয়েৎ।

ধ্যক্ষায় তন্নৈবেদ্যাদিকং দাতব্যমিত্যর্থঃ। এতচ্চ দৃষ্টান্তত্বেনোদাহরণং জ্ঞেয়ং ॥ ৮৪ ॥

ঈশানত ইতি ঈশানকোণে মণ্ডলিকাং কৃত্বা স্থাপিতত্বাৎ। তীর্থং শ্রীচরণোদকং তেন ক্লিন্নং আর্দ্রং ॥ ৮৫ ॥

কিঞ্চ পশ্চাচ্চেতি তস্য নৈবেদ্যস্য শতাংশং শতাংশানামেকাংশং সর্ব্বেভ্যো বৈষ্ণবেভ্যো নম ইতি বিধিনা নিবেদয়েৎ। অত্র চ বিষ্বক্সেনায় বা বলিপ্রভৃতিভ্যো বা দদ্যাদিত্যেবং বিকল্পং কেচিদিচ্ছন্তি তচ্চাযুক্তমিব অবশ্যং বিষ্বক্সেনায় দেয়ত্বাৎ ॥ ৮৬ ॥

ঐ নৈবেদ্যাদি চণ্ডেশ্বরকেও প্রদান করিবে ॥ ৮৪ ॥
সেই বিধি কথিত হইয়াছে ॥
প্রধান পাত্রের ঈশান কোণ হইতে নৈবেদ্যাংশ উদ্ধৃত করিবে এবং "সর্ব্বদেবস্বরূপায় পরায় পরমাত্মনে। শ্রীকৃষ্ণসেবাযুক্তায় বিষ্বক্সেনায় তে নমঃ"। অর্থাৎ শ্রীকৃষ্ণের সেবাপরায়ণ, পরমেষ্ঠী ও সর্ব্বদেবস্বরূপ, শ্রেষ্ঠ বিষ্বক্সেন, তোমাকে নমস্কার, এই মন্ত্র বলিয়া শ্রীচরণোদক দ্বারা সিক্ত উহার শতাংশ বা সহস্রাংশ শ্রীকৃষ্ণের বামভাগে সমর্পণ করিবে। ইহা না করিলে সমুদায় নিষ্ফল হইবে ॥ ৮৫ ॥
পশ্চাৎ বৈষ্ণবব্যক্তি নিম্ন লিখিত দুইটী শ্লোক উচ্চারণ করিয়া সমুদায় বৈষ্ণবদিগকে ঐ নৈবেদ্যের শতাংশের একাংশ নিবেদন করিবেন ॥

তৌ চ শ্লোকৌ ॥

বলির্বিভীষণো ভীষ্মঃ কপিলো নারদোঽর্জ্জুনঃ।
প্রহ্লাদশ্চাম্বরীষশ্চ বসুর্ব্বায়ুসুতঃ শিবঃ।
বিষ্বক্সেনোদ্ধবাক্রূরাঃ সনকাদ্যাঃ শুকাদয়ঃ।
শ্রীকৃষ্ণস্য প্রসাদোঽয়ং সর্ব্বে গৃহ্ণন্তু বৈষ্ণবাঃ ॥ ৮৬ ॥

ইদং যদ্যপি যুজ্যেত দর্পণার্পণতঃ পরং।
তথাপি ভক্তবাৎসল্যাৎ কৃষ্ণস্যাত্রাপি সম্ভবেৎ ॥ ৮৭ ॥

অথ বলিদানমাহাত্ম্যং। নারসিংহে ॥

ততস্তদন্নশেষেণ পার্ষদেভ্যঃ সমন্ততঃ।

ইদং বৈষ্ণবেভ্যো বলিদানং। দর্পণস্য অর্পণং অগ্রে লেখ্যং ভগবতে নিবেদনং তস্মাৎ পরমনন্তরমেব যুজ্যেত। অকৃতাচমনস্যোচ্ছিষ্টহস্তস্য শ্রীভগবতো নিবিষ্টত্বাৎ অত্র অস্মিন্ সময়েঽপি ভক্তবাৎসল্যাৎ সম্ভবেৎ অন্যথা তদুচ্ছিষ্টস্যাত্যন্তপরিত্যাগেন তস্যৈবাসন্তোষোৎপত্তেরিতি দিক্ ॥ ৮৭ ॥

বৈষ্ণবেন বিষ্ণুসম্বন্ধিনা। তদুচ্ছিষ্টমহাপ্রসাদান্নেন দত্তত্বাৎ দিবৌকসঃ পার্ষদা এব যদ্বা হন্যেঽপি দেবাঃ ॥ ৮৮ ॥

সেই দুইটী শ্লোক ॥

বলি, বিভীষণ, ভীষ্ম, কপিল, নারদ, অর্জ্জুন, প্রহ্লাদ, অম্বরীষ, বসু, বায়ুপুত্র, শিব, বিষ্বক্সেন, উদ্ধব, অক্রূর, সনকাদি ও শুক প্রভৃতি সমুদায় বৈষ্ণবগণ আপনারা সকলে শ্রীকৃষ্ণের এই প্রসাদ গ্রহণ করুন ॥ ৮৬ ॥

দর্পণ অর্পণের পর যদিও ইহা অর্থাৎ বৈষ্ণবদিগকে বলি প্রদান করা যুক্তিসঙ্গত হইতেছে, তথাপি শ্রীকৃষ্ণের ভক্তগণের প্রতি বাৎসল্য প্রযুক্ত এস্থলে উহা করায় কোন হানি নাই ॥ ৮৭ ॥

অথ বলিদানমাহাত্ম্য ॥

নৃসিংহপুরাণে ॥

তদনন্তর যে ব্যক্তি পুষ্প ও আতপতণ্ডুল মিশ্রিত সেই অবশিষ্ট

পুষ্পাক্ষতৈর্বিমিশ্রেণ বলিং যস্তু প্রযচ্ছতি।
বলিনা বৈষ্ণবেনাথ তৃপ্তাঃ সন্তো দিবৌকসঃ।
শান্তিং তস্য প্রযচ্ছন্তি শ্রিয়মারোগ্যমেব চ ॥ ৮৮ ॥

অথ জলগণ্ডূষাদ্যর্পণং ॥

উপলিপ্য ততো ভূমিং পুনর্গাণ্ডূষিকং জলং।
দদ্যাত্ত্রিরগ্রে কৃষ্ণস্য ততোঽস্মৈ দন্তশোধনং।
পুনরাচমনং দত্ত্বা শ্রীপাণ্যোঃ শ্রীমুখস্য চ।
মার্জনায়াংশুকং দত্ত্বা সর্ব্বাণ্যঙ্গানি মার্জয়েৎ।
পরিধাপ্যাপরে বস্ত্রে পুনর্দত্ত্বাসনান্তরং।

ভূমিমুপলিপ্যেত তদ্যদ্যপি সদাচারানুসারেণ শ্রীহস্তাদিমার্জনানন্তরমেবোপযুজ্যতে তথাপি ক্রমদীপিকোক্তাপেক্ষয়াত্র লিখিতং। গাণ্ডূষিকং গণ্ডূষার্থং জলং কৃষ্ণস্যাগ্রে পুরতঃ ভগবন্নাচামেতি ব্রুবন্ বারত্রয়ং দদ্যাৎ। তদনন্তরং অস্মৈ কৃষ্ণায় দন্তশোধনং সূক্ষ্মতৃণ-বিশেষাগ্রাদিকং দদ্যাৎ। আচমনমিতি আচমনার্থং বারিধারাত্রয়ং পুনর্দত্ত্বেতি জ্ঞেয়ং।

অন্ন দ্বারা পার্ষদদিগকে বলি প্রদান করেন, দেবগণ বিষ্ণু সম্বন্ধীয় সেই বলিদ্বারা পরিতৃপ্ত হইয়া, তাঁহাকে শান্তি, সম্পত্তি ও আরোগ্য প্রদান করেন ॥ ৮৮ ॥

অথ জলগণ্ডূষাদি অর্পণ ॥

প্রথমতঃ স্থান মার্জন করিয়া আচমনের নিমিত্ত শ্রীকৃষ্ণের সম্মুখে গণ্ডূষ পরিমিত জল তিনবার প্রদান করিবে। তাহার পর তাঁহাকে দন্তশোধন সূক্ষ্ম তৃণাগ্র দিবে পরে হস্ত, মুখ প্রক্ষালনের নিমিত্ত পুনর্ব্বার আচমনার্থ জল প্রদান করিবে। তদনন্তর বস্ত্রদ্বারা সমুদায় অঙ্গ মুছাইয়া দিবে। তাহার পর অন্য বস্ত্র দুইখানি পরাইয়া পুনর্ব্বার

পাদ্যমাচমনীয়ঞ্চ পূর্ব্ববৎ পুনরর্পয়েৎ।
চন্দনাগুরুচূর্ণাদি প্রদদ্যাৎ করমার্জনং।
কর্পূরাদ্যাস্যবাসঞ্চ তাম্বূলং তুলসীমপি ॥
অথ মুখবাসাদিমাহাত্ম্যং ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥
পূগজাতীফলে দত্ত্বা জাতীপত্রং তথৈব চ।
লবঙ্গফলকক্কোলমেলাকটফলন্তথা।
তাম্বূলীনাং কিশলয়ং স্বর্গলোকমবাপ্নুয়াৎ ॥
সৌভাগ্যমতুলং লোকে তথা রূপমনুত্তমং ॥
স্কান্দে ॥
তাম্বূলঞ্চ সকর্পূরং সপূগং নরনায়ক।
কৃষ্ণায় যচ্ছতি প্রীত্যা তস্য তুষ্টো হরিঃ সদা ॥ ৮৯ ॥

করস্য মার্জনং শোধনং গন্ধাপনয়নকরমিত্যর্থঃ। আস্যবাসং মুখবাসং কর্পূরলবঙ্গাদি। তুলসীমপি দদ্যাদিতি ভোজনানন্তরং বিষ্ণোরর্পিতং তুলসীদলমিত্যতোঽগ্রলেখ্যতন্মাহাত্ম্য-প্রতিপাদকপঞ্চরাত্রবচনাৎ ॥ ৮৯ ॥

আসন ও পাদ্য যথাক্রমে দিয়া পূর্ব্বের ন্যায় আবার আচমনীয় প্রদান করিবে। পশ্চাৎ করমার্জনের নিমিত্ত অর্থাৎ হস্তের গন্ধাদিনিবারণার্থ চন্দন ও অগুরুচন্দনাদি নিবেদন করিবে এবং মুখের সৌগন্ধ্য সম্পাদনার্থ কর্পূর লবঙ্গাদি তাম্বূল ও তুলসীপত্র প্রদান করিবে ॥

অথ মুখবাসাদিমাহাত্ম্য ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥

গুবাক, জাতীফল, জাতীপত্র, লবঙ্গ, কক্কোল, এলাইচ, কট্‌ফল ও তাম্বূল প্রদান করিলে স্বর্গলোকে গমন করে এবং অনুপম সৌভাগ্য-সম্পন্ন ও অত্যুত্তম রূপবান্ হয় ॥

স্কন্দপুরাণে ॥

হে রাজন্! যে ব্যক্তি প্রীতিসহকারে কর্পূর ও পূগ সহিত তাম্বূল

অথ পুনর্গন্ধার্পণং ॥

দিব্যং গন্ধং পুনর্দ্দত্ত্বা যথেষ্টমনুলেপনৈঃ।
দিব্যৈর্বিচিত্রৈঃ শ্রীকৃষ্ণং ভক্তিচ্ছেদেন লেপয়েৎ।
রম্যাণি চোর্দ্ধপুণ্ড্রাণি সদ্বর্ণেন যথাস্পদং।
সুগন্ধিনানুলেপেন কৃষ্ণস্য রচয়েত্তরাং ॥
তথা চাগমে ধ্যানপ্রসঙ্গে ॥
ললাটে হৃদয়ে কুক্ষৌ কণ্ঠে বাহ্বোশ্চ পার্শ্বয়োঃ।
বিরাজতোর্দ্ধপুণ্ড্রেণ সৌবর্ণেন বিভূষিতমিতি ॥ ৯০ ॥

যথেষ্টং ভগবতঃ স্বস্য বা রুচানুসারেণ ভক্তিচ্ছেদঃ পত্রভঙ্গ্যাদিনির্ম্মাণপ্রকারবিশেষ স্তেন পূর্ব্বং ভূষণানন্তরং গন্ধার্পণং লিখিতং ভোজনাং প্রাগনুলেপনস্যান্নত্বাপেক্ষাতঃ ইদানীঞ্চ সর্ব্বাঙ্গলেপনায় বাহুল্যাপেক্ষয়া ভূষণপরিধানাৎ প্রথমমেব যুক্তমিতি দিক্। সদ্বর্ণেনেতি শ্রীশ্যামসুন্দরোপযুক্তপীতাদ্যুত্তমবর্ণেনেত্যর্থঃ। যথাস্পদমিতি ললাটাদিস্থানেষিত্যর্থঃ। এতচ্চাগ্র এব ব্যক্তং। রচয়েত্তরাং পরমোৎকৃষ্টপ্রকারেণ বিরচয়েদিত্যর্থঃ। সর্ব্বাঙ্গানুলেপনেঽপি শোভাবিশেষার্থং হৃদয়াদিস্থানে ঊর্দ্ধপুণ্ড্রবিরচনমিতি জ্ঞেয়ং ॥ ৯০ ॥

শ্রীকৃষ্ণকে নিবেদন করেন,তাঁহার প্রতি হরি সর্ব্বদা সন্তুষ্ট থাকেন॥৮৯

অথ পুনর্ব্বার গন্ধার্পণ ॥

পুনরায় উৎকৃষ্ট গন্ধ অর্পণ করিয়া উত্তম উত্তম অনুলেপন দ্রব্য দ্বারা শ্রীকৃষ্ণের সর্ব্বাঙ্গ লেপন করিবে এবং ভগবানের অথবা নিজের রুচি অনুসারে বিবিধ প্রকারে তিলকের ভঙ্গি রচনা করিয়া দিবে। আরও উত্তম বর্ণবিশিষ্ট সুগন্ধি অনুলেপন দিয়া শ্রীকৃষ্ণের যথা স্থানে মনোহর ঊর্দ্ধপুণ্ড্র সমুদায় রচনা করিবে ॥

আগমে ধ্যানপ্রসঙ্গে ঐ সমুদায় স্থানের বিষয় কথিত হইয়াছে ॥

ললাট, হৃদয়, কুক্ষি, কণ্ঠ, বাহুদ্বয়, ও পার্শ্বদ্বয়ে বিরাজমান শোভন বর্ণবিশিষ্ট ঊর্দ্ধপুণ্ড্রে তিনি বিভূষিত হইয়াছেন ॥ ৯০ ॥

দিব্যানি কঞ্চুকোষ্ণীষকাঞ্চ্যাদীনি পরাণ্যপি ॥
বস্ত্রাণি সুবিচিত্রাণি শ্রীকৃষ্ণং পরিধাপয়েৎ।
ততো দিব্যকিরীটাদিভূষণানি যথারুচি।
বিচিত্রদিব্যমাল্যানি পরিধাপ্য বিভূষয়েৎ ॥ ৯১ ॥
অথ মহারাজোপচারার্পণং ॥
ততশ্চ চামরচ্ছত্রপাদুকাদীন্ পরানপি।
মহারাজোপচারাংশ্চ দত্ত্বাদর্শং প্রদর্শয়েৎ ॥ ৯২ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
যথাদেশং যথাকালং রাজলিঙ্গং সুরালয়ে।

সৌবর্ণেন শোভনবর্ণবতেত্যর্থঃ। যদ্যপ্যেতৎ পুনর্গন্ধাদ্যর্পণেন পূজনং গীতবাদ্যানন্তরমেব তান্ত্রিকাণাং সম্মতং। তথাচ ক্রমদীপিকায়াং। তাম্বূলমপ্যভিসমর্প্য সুবাদ্যনৃত্যগীতৈঃ সুতৃপ্তমভিপূজয়তাং পুরৈব। গঙ্গাদিভিঃ সপরিবারমিতি। তথাপি গীতনৃত্যাদ্যর্থং দিব্যানুলেপবস্ত্রালঙ্করণাদিনা মহারাজবিভূতিভিশ্চ বিশিষ্টস্যৈব সভায়ামাগমনং লৌকিকব্যবহারানুসারেণ সমুপযুক্তং শক্তৌ চ সত্যাং পুনরপি গন্ধাদিনা পূজয়েদিতি চাগ্রে লেখ্যমেবেতি দিক্ ॥ ৯১ ॥

চামরাদীন্ উপচারান্ পরানন্যান্ ধ্বজপতাকাদীন্। আদর্শং দর্পণং ॥ ৯২ ॥

উৎকৃষ্ট কঞ্চুক, উষ্ণীষ ও কাঞ্চি প্রভৃতি ভূষণ এবং বিবিধ মনোজ্ঞ বস্ত্র শ্রীকৃষ্ণকে পরিধান করাইবে। তাহার পর উত্তম কিরীটাদি অলঙ্কার ও নানাবিধ মনোহর মাল্য পরিধান করাইয়া বেশ ভূষা দ্বারা বিভূষিত করিবে ॥ ৯১ ॥

অথ মহারাজোচিত উপচার অর্পণ ॥

তদনন্তর চামর, ছত্র, পাদুকা প্রভৃতি মহারাজোপকরণ ও অন্যান্য ধ্বজ পতাকাদি প্রদান করিয়া দর্পণ দেখাইবে ॥ ৯২ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যেমন দেশ, যেমন কাল, তদনুসারে দেবালয়ে রাজচিহ্ন প্রদান

দত্ত্বা ভবতি রাজৈব নাত্র কার্য্যা বিচারণা।

তত্র চামরমাহাত্ম্যং ॥

তথা চামরদানেন শ্রীমান্ ভবতি ভূতলে।

মুচ্যতে চ তথা পাপৈঃ স্বর্গলোকঞ্চ গচ্ছতি।

ছত্রস্য তত্রৈব ॥

ছত্রং বহুশলাকঞ্চ ঝল্লরীবস্ত্রসংযুতং।

দিব্যবস্ত্রৈশ্চ সংযুক্তং হেমদণ্ডসমন্বিতং।

যঃ প্রযচ্ছতি কৃষ্ণস্য ছত্রলক্ষযুতৈর্বৃতঃ।

প্রার্থ্যতে সোঽমরৈঃ সর্ব্বৈঃ ক্রীড়তে পিতৃভিঃ সহ।

তত্রৈবান্যত্র ॥

রাজা ভবতি লোকেঽস্মিন্ ছত্রং দত্ত্বা দ্বিজোত্তমাঃ।

নাপ্নোতি রিপুজং দুঃখং সংগ্রামে রিপুজিদ্ভবেৎ ॥ ৯৩ ॥

ঝল্লরীবস্ত্রং সূচিকর্ম্মাদিবিনির্ম্মিতবিলম্বমানাঙ্গবিশেষস্তদ্যুক্তং ॥ ৯৩ ॥

করিলে রাজা হয়, এ বিষয়ে সন্দেহ করিবার প্রয়োজন নাই ॥

ঐ স্থলেই চামর মাহাত্ম্য ॥

চামর দান করিলে পৃথিবীতে শ্রীমান্ হয়, পাপ হইতে মুক্ত হয় এবং স্বর্গলোকে গমন করে ॥

ঐ স্থলেই ছত্রের মাহাত্ম্য ॥

বহু শলাকা বিশিষ্ট ঝল্লরী অর্থাৎ ঝালর ও দিব্য বস্ত্র সমন্বিত, স্বর্ণদণ্ড ছত্র, যে ব্যক্তি শ্রীকৃষ্ণকে নিবেদন করেন, তিনি লক্ষ লক্ষ ছত্রে পরিবৃত হইয়া দেবগণের প্রার্থনীয় হয়েন এবং পিতৃলোকের সহিত ক্রীড়া করেন ॥

ঐ প্রকরণেরই অন্য স্থলে ॥

হে ব্রাহ্মণগণ! ইহলোকে ছত্র দান করিলে রাজা হয়, শত্রু-জনিত দুঃখ ভোগ করিতে হয় না এবং যুদ্ধে শত্রুগণকে জয় করিতে পারে ॥ ৯৩ ॥

উপানৎসম্প্রদানেন বিমানমধিরোহতি।
যথেষ্টং তেন লোকেষু বিচরত্যমরপ্রভঃ॥ ৯৪॥
ধ্বজস্য। তত্রৈব॥
লোকেষু ধ্বজভূতঃ স্যাদ্দত্ত্বা বিষ্ণোর্ব্বরং ধ্বজং।
শক্রলোকমবাপ্নোতি বহূনব্দগণান্নরঃ।
কিঞ্চ॥
যুক্তং পীতপতাকাভির্নিবেদ্য গরুড়ধ্বজং।
কেশবায় দ্বিজশ্রেষ্ঠাঃ সর্ব্বলোকে মহীয়ত॥ ইতি।
যৎপ্রাসাদে ধ্বজারোপমাহাত্ম্যং লিখিতং পুরা।
তদত্রাপ্যখিলং জ্ঞেয়ং তত্রাত্রত্যমিদং তথা।

পাদুকায়া মাহাত্ম্যঞ্চ পূর্ব্বং শ্রীমুখপ্রক্ষালনানন্তরং তৎসমর্পণে লিখিতমেবাস্তি॥ ৯৪॥
ধ্বজভূতঃ সর্ব্বশ্রেষ্ঠ ইত্যর্থঃ। গরুড়ধ্বজং গরুড়াকারধ্বজং। কৃত্রিমগরুড়যুক্তং বা ধ্বজং। তন্মাহাত্ম্যং। তত্র ধ্বজার্পণেঽপি সর্ব্বং জ্ঞেয়ং। তথা অত্রত্যং ধ্বজার্পণসম্বন্ধি ইদং লিখি-

পাদুকা প্রদান করিলে বিমানে আরোহণ করেন এবং দেবতার ন্যায় প্রভাশালী হইয়া স্বেচ্ছানুসারে সেই সেই লোকে বিচরণ করেন॥ ৯৪॥

ঐ স্থলেই ধ্বজের বিষয়॥

যে মনুষ্য বিষ্ণুকে উত্তম ধ্বজা প্রদান করেন, তিনি লোকমধ্যে ধ্বজার ন্যায় সর্ব্বশ্রেষ্ঠ হন এবং বহু বহু বৎসর ব্যাপিয়া ইন্দ্রলোক প্রাপ্ত হয়েন॥

আরও বলি॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! পীতবর্ণ পতাকা যুক্ত গরুড়াকৃতি ধ্বজা কেশবকে নিবেদন করিলে সর্ব্বলোকে পূজিত হয়॥

পূর্ব্বে প্রাসাদে ধ্বজারোপণের যে মাহাত্ম্য লিখিত হইয়াছে এ স্থলেও ধ্বজা দান করিলে সেই লিখিত সমুদায় ফল প্রাপ্ত হয়॥

কিঞ্চ। ভবিষ্যে॥

বিষ্ণোর্ধ্বজে তু সৌবর্ণং দণ্ডং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
পতাকা চাপি পীতা স্যাৎ গরুড়স্য সমীপগা।

ব্যজনস্য। বিষ্ণুধর্ম্মোত্তরে॥

তালবৃন্তপ্রদানেন নির্বৃতিং প্রাপ্নুয়াৎ পরাং।

বিতানস্য তত্রৈব॥

বিতানকপ্রদানেন সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
পরাং নির্বৃতিমাপ্নোতি যত্র যত্রাভিজায়তে॥ ৯৫॥

খড়্গাদীনাং॥

দত্ত্বা নিস্ত্রিংশকান্ মুখ্যান্ শত্রুভির্নাভিভূয়তে।

তঞ্চ মাহাত্ম্যং তত্র ধ্বজারোপণে জ্ঞেয়ং। দ্বয়োঃ সাম্যাদিত্যর্থঃ॥ ৯৫॥

মুখ্যান্ শ্রেষ্ঠান্। তেষাং বন্ধনং কোষং॥ ৯৬॥

আরও ভবিষ্যপুরাণে॥

পণ্ডিতব্যক্তি বিষ্ণুকে অর্পণের নিমিত্ত ধ্বজের দণ্ড সুবর্ণ দ্বারা নির্ম্মাণ করিবেন। পতাকাও পীত বর্ণ ও গরুড়ের নিকটবর্ত্তিনী হইবে॥

ব্যজনের বিষয়॥

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

তালবৃন্ত প্রদান করিলে সাতিশয় সুখ লাভ হয়॥

বিতান অর্থাৎ চন্দ্রাতপের বিষয় ঐ স্থলেই॥

বিতান (চন্দ্রাতপ) প্রদান করিলে সকল পাপ হইতে মুক্ত হয় এবং বিতানদাতা যে যে স্থানে জন্মগ্রহণ করেন, সেই সেই স্থানেই পরম সুখ লাভ করেন॥

খড়্গাদির বিষয়॥

যিনি উৎকৃষ্ট খড়্গাদি দান করেন, তিনি শত্রু কর্ত্তৃক পরাজিত

দত্ত্বা তদ্বন্ধনং মুখ্যমগ্ন্যাধেয়ফলং লভেৎ ॥ ৯৬ ॥

কিঞ্চ ॥

পতদ্গ্রহং তথা দত্ত্বা শুভদস্ত্বভিজায়তে।
পাদপীঠপ্রদানেন স্থানং সর্ব্বত্র বিন্দতি।
দর্পণস্য প্রদানেন রূপবান্ দর্পবান্ ভবেৎ।
মার্জয়িত্বা তথা তঞ্চ সুভগস্ত্বভিজায়তে ॥ ৯৭ ॥
যৎকিঞ্চিদ্দেবদেবায় দদ্যাদ্ভক্তিসমন্বিতঃ।
তদেবাক্ষয়মাপ্নোতি স্বর্গলোকং স গচ্ছতি।

কিঞ্চ। বামনপুরাণে শ্রীবলিং প্রতি শ্রীপ্রহ্লাদোক্তৌ ॥

শ্রদ্দধানৈর্ভক্তিপরৈর্যান্যুদ্দিশ্য জনার্দ্দনং।

তং দর্পণং মার্জয়িত্বা নির্ম্মলীকৃত্য ॥ ৯৭ ॥

এবং বিবিধং সকামস্যাবান্তরফলং লিখিত্বা মুখ্যফলং লিখতি শ্রদ্দধানৈরিতি। দানানি

হয়েন না। আর উৎকৃষ্ট খড়্গকোষ প্রদান করিলে, অগ্ন্যাধানের ফল লাভ হয় ॥ ৯৬ ॥

আরও ॥

পতদ্গ্রহ অর্থাৎ পিকদান প্রদান করিলে শুভপ্রদ হয়, পাদপীঠ অর্পণ করিলে সকল স্থানে জয় লাভ করে। দর্পণ নিবেদন করিলে রূপবান্ ও দর্পশালী হয়। আর যদি দর্পণ মার্জন করিয়া অর্পণ করে, তাহা হইলে সৌভাগ্যশালী হয় ॥ ৯৭ ॥

ভক্তিসহকারে দেবদেব বিষ্ণুকে যে কোন বস্তু দান করা যায়, তাহাই অক্ষয় হয় এবং সেই সমুদায় বস্তুসম্প্রদানকর্ত্তা স্বর্গলোকে গমন করে ॥

আরও বামনপুরাণে ॥

শ্রীবলির প্রতি প্রহ্লাদের বাক্য ॥

শ্রদ্ধা ও ভক্তিসমন্বিত হইয়া জনার্দ্দনকে উদ্দেশ করত যে সকল

বলিদানানি দীয়ন্তে অক্ষয়াণি বিদুর্ব্বুধাঃ ॥ ৯৮ ॥
অত্রাপি কেচিদিচ্ছন্তি দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং।
পূর্ব্বোক্তা দশ-শঙ্খাদ্যা মুদ্রাঃ সংদর্শয়েদিতি ॥ ৯৯ ॥
অথ গীতবাদ্যনৃত্যানি ॥
ততো বিচিত্রৈর্ললিতৈঃ কারিতৈর্ব্বা স্বয়ং কৃতৈঃ।
গীতৈর্বাদ্যৈশ্চ নৃত্যৈশ্চ শ্রীকৃষ্ণং পরিতোষয়েৎ ॥ ১০০ ॥
অথ তত্র নিষিদ্ধং ॥
নৃত্যাদি কুর্ব্বতো ভক্তান্নোপবিষ্টোঽবলোকয়েৎ।
নচ তির্য্যগ্‌ব্রজেত্তত্র তৈঃ সহান্তরয়ন্ প্রভুং ॥ ১০১ ॥

দেয়ানি অক্ষয়াণি অক্ষয্যফলানি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপকাণীত্যর্থঃ ॥ ৯৮ ॥
অত্র অস্মিন্ সময়েঽপি ॥ ৯৯ ॥
ললিতৈর্মনোহরৈঃ কারিতৈর্নর্ত্তক্যাদিদ্বারা। স্বয়মেব কৃতৈর্ব্বা ॥ ১০০ ॥
উপবিষ্টঃ সন্নাবলোকয়েৎ তত্র নৃত্যাদৌ তেষাং ভগবতশ্চ মধ্যে তির্য্যগ্‌ব্রজনেনাচ্ছাদনাত্তৈঃ সহ প্রভুং ভগবন্তং অন্তরয়ন্ বিচ্ছেদয়ন্ ন তির্য্যগ্‌ব্রজেচ্চেত্যর্থঃ ॥ ১০১ ॥

বলিদান প্রদত্ত হয়, তৎসমুদায় অক্ষয় বলিয়া পণ্ডিতেরা সিদ্ধান্ত করিয়াছেন ॥ ৯৮ ॥

কেহ কেহ এরূপ ইচ্ছা করেন যে, এই সময়েও অগ্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া পশ্চাৎ পূর্ব্বোক্ত শঙ্খাদি দশমুদ্রা প্রদর্শন করিবে ॥৯৯

অথ গীত, বাদ্য ও নৃত্য ॥

তদনন্তর স্বয়ং কৃত বা অন্য দ্বারা কারিত মনোরম বিবিধ গীত, বাদ্য ও নৃত্য দ্বারা শ্রীকৃষ্ণকে পরিতুষ্ট করিবে ॥ ১০০ ॥

অথ ঐ সকল বিষয়ে নিষিদ্ধ ॥

ভক্তগণ যৎকালে নৃত্য গীতাদি করেন, সে সময়ে কেহ উপবেশন করিয়া অবলোকন করিবেন না এবং নৃত্যাদিকারী ভক্তবৃন্দ ও প্রভুকে অন্তরাল করিয়া তন্মধ্য দিয়া বক্রভাবে গমন করিবেন না ॥ ১০১ ॥

তথা চোক্তং ॥

নৃত্যন্তং বৈষ্ণবং হর্ষাদাসীনো যস্তু পশ্যতি।
খঞ্জো ভবতি রাজেন্দ্র সোঽয়ং জন্মনি জন্মনি ॥ ১০২ ॥

কিঞ্চ ॥

নৃত্যতাং গায়তাং মধ্যে ভক্তানাং কেশবস্য চ।
তানৃতে যস্তিরোযাতি তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি ॥ ১০৩ ॥

অথ গীতাদিমাহাত্ম্যমাদৌ সামান্যতো নারসিংহে ॥

গীতবাদ্যাদিকং নাট্যং শঙ্খতূর্য্যাদি নিস্বনং।
যঃ কারয়তি বিষ্ণোস্তু সন্ধ্যায়াং মন্দিরে নরঃ।
সর্ব্বকালে বিশেষেণ কামগঃ কামরূপবান্ ॥ ১০৪ ॥

হর্ষাৎ প্রেমানন্দেন নৃত্যন্তং। খঞ্জঃ শতং কাণে চ খঞ্জে চেতি ন্যায়েনাসংখ্যদোষদুষ্টো ভবতীত্যর্থঃ ॥ ১০২ ॥

তান্ নৃত্যদ্গায়দ্ভক্তান্ ঋতে বিনা তেষাং নৃত্যাদিপরতয়া তদ্দোষানাপত্তেঃ ॥ ১০৩ ॥

কারয়তীতি স্বার্থে ইন্। অন্যেনাপি কারয়তীতি বা ॥ ১০৪ ॥

এই বিষয় কথিত হইয়াছে ॥

প্রেমানন্দে নৃত্যকারি বৈষ্ণবকে যে ব্যক্তি উপবিষ্ট হইয়া দর্শন করে, সে জন্মে জন্মে খঞ্জ হয় ॥ ১০২ ॥

আরও ॥

ভক্তগণ ব্যতীত অপর যে কোন ব্যক্তি কেশব ও তদীয় ভক্তগণের মধ্যদেশ আবরণ করে, সে তির্য্যক্ যোনি প্রাপ্ত হয় ॥ ১০৩ ॥

অথ গীতাদিমাহাত্ম্য ॥

প্রথমতঃ সামান্যাকারে নৃসিংহপুরাণে ॥

যে মনুষ্য সকল সময়ে বিশেষতঃ সন্ধ্যাকালে বিষ্ণুমন্দিরে গীত, বাদ্যাদি, নাট্য ও শঙ্খ, তূর্য্য প্রভৃতির বাদ্য করেন বা অন্যের দ্বারা করান, তিনি যথেচ্ছগামী ও স্বেচ্ছারূপী হয়েন ॥ ১০৪ ॥

সুসংগীতবিদদ্ধৈশ্চ সেব্যমানোঽপ্সরোগণৈঃ।
মহার্হেণ বিমানেন বিচিত্রেণ বিরাজতা।
স্বর্গাৎ স্বর্গমনুপ্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১০৫ ॥
স্কান্দে বিষ্ণুনারদসম্বাদে ॥
গীতং বাদ্যঞ্চ নৃত্যঞ্চ নাট্যং বিষ্ণুকথাং মুনে।
যঃ করোতি স পুণ্যাত্মা ত্রৈলোক্যোপরিসংস্থিতঃ ॥ ১০৬ ॥
বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে ॥
দেবতায়তনে যস্তু ভক্তিযুক্তঃ প্রনৃত্যতি।
গীতানি গায়ত্যথ বা তৎফলং শৃণু ভূপতে।

স্বর্গাৎ স্বর্গমিতি বিলস্বর্গাৎ ভৌমস্বর্গং। ভৌমস্বর্গাৎ দিব্যস্বর্গং ততো মহর্লোকাদিকং ব্রজন্ ক্রমেণ তত্র তত্র স্বেচ্ছয়া সুখভোগান্ ভুঙ্ক্তে ত্যর্থঃ ॥ ১০৫ ॥
নাট্যমভিনয়াদি। যদ্বা। দেশীয়মার্গভেদেন নাট্যনৃত্যয়োর্ভেদঃ। এবমগ্রেঽপি ত্রৈলোক্যং ব্রহ্মলোকপর্য্যন্তং তদুপরি বৈকুণ্ঠলোকে সম্যক্স্থিতো ভবতি ॥ ১০৬ ॥

এবং সঙ্গীতনিপুণ অপ্সরোগণ কর্তৃক সেবিত ও মহামূল্য বিচিত্র বিমানে আরোহণ করিয়া বিলস্বর্গ হইতে ভূমিস্বর্গ, ভূমিস্বর্গ হইতে দিব্যস্বর্গে গমন করেন ও সর্ব্বশেষে বিষ্ণুলোকে গিয়া সম্মানের সহিত বাস করেন ॥ ১০৫ ॥

স্কন্দপুরাণে বিষ্ণু ও নারদের সম্বাদে ॥

হে মুনে! যে পুণ্যাত্মা বিষ্ণুকথা অবলম্বন করিয়া গীত, বাদ্য, নৃত্য ও নাট্য করেন, তিনি ত্রৈলোক্যের উপরিভাগ বৈকুণ্ঠলোকে গিয়া বিরাজ করেন ॥ ১০৬ ॥

বৃহন্নারদীয়পুরাণে শ্রীযম ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! যে ব্যক্তি ভক্তিযুক্ত হইয়া দেবালয়ে নৃত্য অথবা গান করেন, তাহার ফল শ্রবণ করুন। সেই ব্যক্তি গান দ্বারা গন্ধর্ব্ব

গন্ধর্ব্বরাজতাং গানৈর্নৃত্যাদ্রুদ্রগণেশতাং।
প্রাপ্নোত্যষ্টকুলৈর্যুক্তস্ততঃ স্যান্মোক্ষভাঙ্নরঃ॥ ১০৭॥
লৈঙ্গে শ্রীমার্কণ্ডেয়াম্বরীষসম্বাদে॥
বিষ্ণুক্ষেত্রে তু যো বিদ্বান্ কারয়েদ্ভক্তিসংযুতঃ।
গাননৃত্যাদিকঞ্চৈব বিষ্ণ্বাখ্যাঞ্চ কথাং তথা।
জাতিং স্মৃতিঞ্চ মেধাঞ্চ তথৈব পরমাং স্থিতিং।
প্রাপ্নোতি বিষ্ণুসালোক্যং সত্যমেতন্নরাধিপ॥
অন্যত্র চ শ্রীভগবদুক্তৌ॥
বিসৃজ্য লজ্জাং যোঽধীতে গায়তে নৃত্যতেঽপি চ।
কুলকোটিসমাযুক্তো লভতে মামকং পদং॥ ১০৮॥

মোক্ষঃ সংসারদুঃখান্মুক্তিঃ। মোক্ষয়তীতি শ্রীভগবান্ বা তং ভজতি প্রাপ্নোতীতি তথা সঃ॥ ১০৭॥

বিষ্ণ্বাখ্যাং বৈষ্ণবীমিত্যর্থঃ। যদ্বা। বিষ্ণুনা সহ তৎকথয়া অভেদাভিপ্রায়েণ বিষ্ণ্বাখ্যামিত্যুক্তং। যদ্বা। বিষ্ণোরাখ্যা নামমাত্রমপি যস্যাং তামপি। পরমামিত্যস্য সর্ব্বৈরেবান্বয়ঃ। পরমাং জাতিং জন্মান্তরে ইহৈব বা সাধূনাং পূজ্যত্বেন স্থিতিং নিষ্ঠাং ভগবদ্ভজনাদৌ॥ ১০৮॥

রাজত্ব এবং নৃত্য দ্বারা রুদ্রগণের ঈশ্বরত্ব লাভ করেন, তদনন্তর অষ্টকুলের সহিত সংসার হইতে মুক্তি লাভ করেন॥ ১০৭॥

লিঙ্গপুরাণে॥

শ্রীমার্কণ্ডেয় ও অম্বরীষসম্বাদে॥

হে রাজন্! যে বিদ্বান্ ব্যক্তি ভক্তিসহকারে বিষ্ণুমন্দিরে বিষ্ণুকথা বিষয়ক নৃত্য গীতাদি করান, তিনি উৎকৃষ্ট জাতি, স্মৃতি, মেধা ও স্থিতি অর্থাৎ ভগবদ্ভক্তজন সকলের প্রতি নিষ্ঠা লাভ করেন এবং বিষ্ণুর সহিত সালোক্য প্রাপ্ত হয়েন, তদ্বিষয়ে আর সংশয় নাই॥

অন্যস্থলেও শ্রীভগবানের বাক্যে॥

যে ব্যক্তি লজ্জা বিসর্জন পূর্ব্বক আমার নিকটে অধ্যয়ন, গান অথবা নৃত্যও করেন, তিনি কোটিকুলের সহিত আমার স্থান লাভ করেন॥ ১০৮॥

অতএবোক্তং ॥

ভারতে নৃত্যগীতেতু কুর্য্যাৎ স্বাভাবিকেঽপি বা।
স্বাভাবিকেন ভগবান্ প্রীণাতীত্যাহ শৌনকঃ ॥ ১০৯ ॥

অতএব নারদীয়ে ॥

বিষ্ণোর্গীতঞ্চ নৃত্যঞ্চ নটনঞ্চ বিশেষতঃ।
ব্রহ্মন্ ব্রাহ্মণজাতীনাং কর্ত্তব্যং নিত্যকর্ম্মবৎ ॥ ১১০ ॥

কিন্তু স্মৃতৌ ॥

গীতনৃত্যানি কুর্ব্বীত দ্বিজদেবাদিতুষ্টয়ে।
ন জীবনায় যুঞ্জীত বিপ্রঃ পাপভিয়া ক্বচিৎ ॥ ইতি ॥

ভারতে ভরতমুনিপ্রণীতে নিজস্বভাবসিদ্ধেঽপি বা সন্ধিরার্ষঃ। স্বাভাবিকেনাপি নৃত্যগীতেন ॥ ১০৯ ॥

বিষ্ণোঃ বিষ্ণ্বর্থমিত্যর্থঃ। নটনং অভিনয়নং। যদ্বা। নাটয়তি নর্ত্তয়তীতি নটনং বাদ্যং ॥ ১১০ ॥

ক্বচিৎ কদাচিদপি জীবনায় নিজবৃত্ত্যর্থং ন যুঞ্জীত ন কুর্য্যাৎ। তত্র হেতুঃ পাপাদ্ভিয়া তথা সতি পাপং স্যাদিত্যর্থঃ। অধুনা গীতনৃত্যাদি নিত্যত্বং লিখতি এবমিতি। পরা

অতএব কথিত হইয়াছে ॥

ভরতমুনিপ্রণীত স্বাভাবিক নৃত্য গীত করিবে। স্বাভাবিক নৃত্য গীত দ্বারা ভগবান্ সন্তুষ্ট হন, শৌনকঋষি এই কথা বলিয়াছেন ॥ ১০৯ ॥

এই কারণে নারদপুরাণে উক্ত হইয়াছে ॥

হে ব্রহ্মন্! বিষ্ণুর উদ্দেশে নৃত্য, গীত ও অভিনয়প্রভৃতি ব্রাহ্মণজাতির নিত্যকর্ম্মের ন্যায় অবশ্য কর্ত্তব্য ॥ ১১০ ॥

আরও স্মৃতিতে বলিয়াছেন ॥

দেব দ্বিজাতির সন্তোষের নিমিত্ত ব্রাহ্মণ নৃত্য গীত করিবেন, কিন্তু তিনি জীবিকা নির্ব্বাহের নিমিত্ত তাহা যেন কখন না করেন, করিলে পাপী হইবেন ॥

এবং কৃষ্ণপ্রীণনত্বাদ্গীতাদের্নিত্যতা পরা।
সংসিদ্ধৈরবিশেষেণ জ্ঞেয়া সা হরিবাসরে ॥ ১১১ ॥
তথাচোক্তং ॥
কেশবাগ্রে নৃত্যগীতং ন করোতি হরের্দিনে।
বহ্নিনা কিং ন দগ্ধোঽসৌ গতঃ কিং ন রসাতলং ॥ ১১২ ॥
অথ বিশেষতো গীতস্য দ্বারকামাহাত্ম্যে ॥
শ্রীমার্কণ্ডেয়েন্দ্রদ্যুম্নসম্বাদে ॥
কৃষ্ণং সন্তোষয়েদ্যস্তু সুগীতৈর্মধুরস্বনৈঃ।
সর্ব্ববেদফলং তস্য জায়তে নাত্র সংশয়ঃ ॥ ১১৩ ॥

পরমা মহোৎসবদিনেষু চাত্যন্তনিত্যমেব তদিতি লিখত্যবিশেষেণেতি ॥ ১১১ ॥
হরের্দিনে একাদশ্যাদাবপি ॥ ১১২ ॥
বেদানাং সামবেদোঽস্মীতি ভগবদ্বিভূতিত্বেন তস্য শ্রৈষ্ঠ্যাৎ সুস্বরগানময়ত্বেন ভগবতোষ-ণাত্বা তস্য পাঠাদিনা সর্ব্বতোঽধিকং ফলং তজ্জায়তে ॥ ১১৩ ॥

এইরূপে শ্রীকৃষ্ণের প্রীতিকর বলিয়া সিদ্ধপুরুষেরা গীতাদির নিত্যতা বিশেষতঃ হরিবাসর (একাদশী) দিনে অধিক নিত্যতার বিষয় কীর্ত্তন করিয়া গিয়াছেন ॥ ১১১ ॥

অতএব কথিত হইয়াছে ॥

যে ব্যক্তি হরিদিনে অর্থাৎ একাদশী প্রভৃতিতে কেশবের সম্মুখে নৃত্যগীত না করে, সে কি অগ্নি দ্বারা অথবা পাতালগামী হয় না ? ॥ ১১২ ॥

অথ বিশেষরূপে গীতের বিষয় ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীমার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্নসম্বাদে ॥

যে ব্যক্তি সুস্বরে মধুর গানদ্বারা শ্রীকৃষ্ণের প্রীতি সম্পাদন করেন, তিনি যে সমুদায় বেদ পাঠের ফল প্রাপ্ত হন, তদ্বিষয়ে আর সংশয় নাই ॥ ১১৩ ॥

স্কান্দে শ্রীমহাদেবোক্তৌ ॥

শ্রুতিকোটিসমং জপ্যং জপকোটিসমং হবিঃ।
হবিঃকোটিসমং গেয়ং গেয়ং গেয়সমং বিদুঃ ॥ ১১৪ ॥

কাশীখণ্ডে বিষ্ণুদূতশিবশর্ম্মসম্বাদে ॥

যদি গীতং ক্বচিদ্গীতং শ্রীমদ্ধরিহরাঙ্কিতং।
মোক্ষন্তু তৎফলং প্রাহুঃ সান্নিধ্যমথবা তয়োঃ ॥ ১১৫ ॥

বিষ্ণুধর্ম্মে শ্রীভগবদুক্তৌ ॥

রাগেণাকৃষ্যতে চেতো গান্ধর্ব্বাভিমুখং যদি।

হবির্নৈবেদ্যং। গেয়সমং নিরুপমমিত্যর্থঃ ॥ ১১৪ ॥

মোক্ষস্তু তুচ্ছত্বেন পক্ষান্তরমাহ সান্নিধ্যমিতি। তয়োঃ শ্রীহরিহরয়োঃ ॥ ১১৫ ॥

রাগেণ মল্লারাদিনা। যদ্বা। বিষয়প্রীত্যা যদ্যাকৃষ্যতে। ততশ্চ গান্ধর্ব্বাভিমুখং গীতোৎসুকং যদি স্যাৎ। যদ্বা। গান্ধর্ব্বাভিমুখং যদা স্যাত্তদা ময়ি বুদ্ধিং সমাস্থায় মনো-নিবেশ্য। যদ্বা। ইমাঃ কৃষ্ণস্য গাথা ইত্যেতাবন্মাত্রং মনসি কৃত্বা। সতীঃ উত্তমাঃ রাস-ক্রীড়াদ্যাশ্রয়াঃ কথাঃ। যদ্বা। সময়ে সন্তঃ তেষাং কথা গায়েথাঃ। তেনৈবাখিলান্যরাগো-

---

স্কন্দপুরাণে শ্রীমহাদেবের বাক্যে ॥

জপ করিলে কোটি শ্রুতির ফল লাভ হয়, হবির্দ্দানে অর্থাৎ নৈবেদ্য দানে কোটি জপের ফল সিদ্ধ হয়, গীত, কোটি হবির্দ্দানের তুল্য এবং গান গানের তুল্য অর্থাৎ অত্যুত্তম বলিয়া নিরূপিত হইয়াছে ॥ ১১৪ ॥

কাশীখণ্ডে বিষ্ণুদূত ও শিবশর্ম্মার সম্বাদে ॥

হরিহর বিষয়ক গীত যদি কোন স্থানে গীত হয়, তাহার ফল মুক্তি অথবা হরিহরের নিকটে অবস্থিতি নিরূপিত হইয়াছে ॥ ১১৫ ॥

বিষ্ণুধর্ম্মে শ্রীভগবানের বাক্য ॥

তোমার চিত্ত মল্লারাদি রাগে আকৃষ্ট হইয়া যদি গান করিবার নিমিত্ত উৎসুক হয়, তাহা হইলে আমাতে চিত্ত সমাধান পূর্ব্বক সৎ

ময়ি বুদ্ধিং সমাস্থায় গায়েথা মম সৎকথাঃ ॥ ১১৬ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

যো গায়তীশমনিশং ভুবি ভক্ত উচ্চৈঃ
সদ্রাক্ সমস্তজনপাপভিদেঽলমেকঃ।
দীপেষ্বসৎস্বপি ননু প্রতিগেহমন্ত-
র্ধ্বান্তং কিমত্র বিলসত্যমলে দ্যুনাথে ॥ ১১৭ ॥

যদানন্দকলং গায়ন্ ভক্তঃ পুণ্যাশ্রু বর্ষতি।
তৎ সর্ব্বতীর্থসলিলস্নানং স্বমলশোধনং ॥ ১১৮ ॥

বারাহে ॥

ঽপযাস্যতীতি ভাবঃ। যদ্বা। পরমভাগ্যোদিতেন তেনৈব সর্ব্বং সেৎস্যতীতি ॥ ১১৬ ॥

দ্রাক্ সদ্য এব সমস্তজনানাং সর্ব্বজীবানাং পাপস্য ভিদে নাশনায় এক এব অলং সমর্থঃ তদেবার্থান্তরোপন্যাসেন দ্রঢ়য়তি দীপেষ্বিতি ॥ ১১৭ ॥

আনন্দেন কলো মধুরাস্ফুটধ্বনির্যথা স্যাত্তথা গায়ন্ সন্ যৎ পুণ্যরূপং অশ্রু প্রেমাশ্রু বর্ষতি। স্বানামপি মলশোধনং ॥ ১১৮ ॥

কথা অর্থাৎ রাসক্রীড়াদি সংক্রান্ত কথা অথবা সাধুজনের কথা আশ্রয় করিয়া গান করিবে ॥ ১১৬ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

যে ভক্ত পৃথিবীতে উচ্চৈঃস্বরে সর্ব্বদা ঈশ্বরের গান করেন, তিনি সমস্ত লোকের পাপনাশন নিমিত্ত সমর্থ হয়েন। দীপালোকের অভাব হইলেও যদি নির্ম্মল সূর্য্য গগনে উদিত হয়েন, তাহা হইলে গৃহের অভ্যন্তরে কি অন্ধকার থাকিতে পারে? ॥ ১১৭ ॥

ভক্ত ব্যক্তি আনন্দে গদ্গদ হইয়া গান করিতে করিতে যে প্রেমাশ্রু বর্ষণ করেন, তাহা নিজ পাপনাশক এবং সমুদায় তীর্থজলের স্নান তুল্য ফলপ্রদ হয় ॥ ১১৮ ॥

বরাহপুরাণে ॥

ব্রাহ্মণো বাসুদেবার্থং গায়মানোঽনিশং পরং।
সম্যক্ তালপ্রয়োগেণ সন্নিপাতেন বা পুনঃ।
নব বর্ষসহস্রাণি নব বর্ষশতানি চ।
কুবেরভবনং গত্বা মোদতে বৈ যদৃচ্ছয়া।
কুবেরভবনাদ্‌ভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ।
ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ॥ ১১৯॥
নারায়ণানাং বিধিনা গানং শ্রেষ্ঠতমং স্মৃতং।
গানেনারাধিতো বিষ্ণুঃ স্বকীর্ত্তিজ্ঞানবর্চ্চসা।

সন্নিপাতেন বিবিধরাগাদিসমুচ্চয়েন। নন্থ কথং ততোঽপি ভ্রংশঃ সম্ভবেৎ সত্যং। স্বেচ্ছয়ৈব পরিত্যজ্যান্যত্র গচ্ছতীত্যাহ। স্বচ্ছন্দেন গমনমালয়শ্চ নিবাসস্থানং যস্য সঃ। নন্থ তর্হি কা গতিস্তস্য স্যাত্তত্রাহ। মম কর্ম্মপরায়ণঃ মদ্ভক্তিপরঃ সন্ ফলং তদনুরূপং। যদ্বা। পরমফলত্বেন বিখ্যাতং শ্রীবৈকুণ্ঠং। যদ্বা। মৎসেবাপরত্বং ফলং প্রাপ্নোতি॥ ১১৯॥

নারায়ণানাং নারায়ণারাধনকর্ম্মণাং। যদ্বা। নারং জীবসমূহঃ তদাশ্রয়ভূতানাং কর্ম্মণাং মধ্যে ইত্যর্থঃ। জ্ঞানস্য বর্চ্চঃ প্রভাবো যস্মাত্তেন। যদ্বা। স্বস্য কীর্ত্তিজ্ঞানবর্চ্চোভিঃ

হে সুন্দরি! ব্রাহ্মণ যদি সম্যক্ তাল প্রয়োগ ও বিবিধ রাগাদি দ্বারা বাসুদেবের উদ্দেশে সর্ব্বদা গান করেন, তাহা হইলে তিনি কুবেরভবনে গিয়া নববর্ষ সহস্র, নববর্ষ শত স্বেচ্ছাচারে বিহার করেন। পরে ইচ্ছানুসারে তথা হইতে ভ্রষ্ট হইয়া যথা তথায় গমন ও বসতি করেন এবং আমার প্রতি ভক্তিপরায়ণ হইলে যে ফল লাভ হয়, সেই ফল প্রাপ্ত হয়েন॥ ১১৯॥

নারায়ণের কর্ম্ম সমূহের মধ্যে অথবা জীবগণের অনুষ্ঠেয় কর্ম্ম সমূহের মধ্যে গীতকেই বিধাতা শ্রেষ্ঠতম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যিনি গান দ্বারা বিষ্ণুর আরাধনা করেন, তাঁহার কীর্ত্তি, জ্ঞান ও প্রভাব বৃদ্ধি প্রাপ্ত হয় এবং ভগবান্ প্রীত হইয়া তাঁহাকে কৌশিক ব্রাহ্মণের ন্যায় স্বীয় স্থান প্রদান করেন॥

দদাতি তুষ্টঃ স্থানং স্বং যথাস্মৈ কৌশিকায় বৈ ॥ ১২০ ॥

কিঞ্চ ॥

এষ বো মুনিশার্দ্দূলাঃ প্রোক্তো গীতক্রমো মুনেঃ।
ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরং ॥ ১২১ ॥
হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকো ভবেৎ।
কর্ম্মণা মনসা বাচা বাসুদেবপরায়ণঃ।
গায়ন্নৃত্যংস্তমাপ্নোতি তস্মাদ্গেয়ং পরং বিদুঃ ॥ ১২২ ॥

সহিতং দ্বন্দ্বৈক্যং। কৌশিকায়েত্যত্র তত্রৈবাখ্যায়িকেয়ং। কৌশিকনামা বিপ্রো ভগবদ্গীতপ্রভাবেণ সশিষ্যঃ সসেবকো গীতশ্রোতৃভিঃ সহিতো বৈকুণ্ঠলোকং গতো ভগবতা বহুসংমানিত ইতি ॥ ১২০ ॥

এষ ইত্যাদি সূতোক্তিঃ। মুনেঃ শ্রীনারদস্য গীতশিক্ষাক্রমঃ। তদাখ্যায়িকাচ তত্রৈব প্রসিদ্ধা যথা। দ্বারকায়াং রুক্মিণীসত্যভামাদের্দাসীভ্যোঽসৌ যত্নাদ্গানবিদ্যামশিক্ষতেতি ॥ ১২১ রুদ্রাদপি গানেন অধিকো বিশিষ্টো ভবেদিতি ॥ ১২২ ॥

এস্থলে কৌশিক ব্রাহ্মণের বিষয়ে এই আখ্যায়িকা আছে যে, কৌশিকনামে কোন একজন ব্রাহ্মণ ভগবানের গান করিয়াছিলেন, ঐ গানের প্রভাবে তিনি শিষ্য, পরিচারক এবং গীত শ্রোতৃগণের সহিত বৈকুণ্ঠলোকে গমন করিয়াছিলেন ও তথায় ভগবান্ কর্তৃক সাদরে গৃহীত হইয়াছিলেন ॥ ১২০ ॥

আরও ॥

হে মুনিশ্রেষ্ঠ! তোমাদিগকে নারদের গীতশিক্ষার ক্রম বলিয়াছি ব্রাহ্মণ সর্ব্বদা কৃষ্ণবিষয়ক গান করিলে ॥ ১২১ ॥

হরির সালোক্য মুক্তি লাভ করেন এবং গীতবিষয়ে রুদ্র অপেক্ষাও অধিকতর পটু হইতে পারেন। কায়মনোবাক্যে ভগবৎপরায়ণ হইয়া গীত, নৃত্য করিলে বিষ্ণুকে প্রাপ্ত হইবেন, এই নিমিত্ত গীত শ্রেষ্ঠ

প্রথমস্কন্ধে শ্রীনারদোক্তৌ ॥

প্রগায়তঃ স্ববীর্য্যাণি তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ।
আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতি চেতসি ॥ ১২৩ ॥

দ্বাদশস্কন্ধে শ্রীসূতোক্তৌ ॥

মৃষা গিরস্তা হ্যসতীরসৎকথা
ন কথ্যতে যদ্ভগবানধোক্ষজঃ।

স্বস্য ভগবতো বীর্য্যাণি অদ্ভুতচরিতানি পূতনামোক্ষাদীনি। তীর্থং গঙ্গাদিপাদাৎ চরণাব্জশৌচোদকাৎ যস্য সঃ শ্রীকৃষ্ণঃ। কিঞ্চ প্রিয়ং শ্রবঃ কীর্ত্তির্যস্য সঃ অত আহূতঃ ইব আদরেণ নিমন্ত্রিত ইব। যদ্বা। বলাদাকৃষ্যানীত ইব। এবং পূর্ব্বং চিত্তাদন্তর্হিতে ধ্যানাদিপ্রযত্নেন যো ময়া পুনর্হৃদি দ্রষ্টুং ন শক্তঃ সোঽয়ং গানাৎ স্বয়মেব সদ্যঃ সাক্ষাদিব চিত্তে দৃশ্যতে ইতি ধ্যানাদপি তদ্বীর্য্যগানস্য মাহাত্ম্যং সূচিতং ॥ ১২৩ ॥

অসতীঃ অসত্যঃ দুষ্টা ইত্যর্থঃ। যতঃ অসতামেব কথাস্তাঃ। যৎ যাসু। কিং তর্হি সত্যমুত্তমাদিকঞ্চ তদাহ উত্তমশ্লোকস্য শ্রীকৃষ্ণস্য যশোঽনুগীয়ত ইতি যৎ তদেব সত্যং।

বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ১২২ ॥

প্রথমস্কন্ধের ৬ অধ্যায়ের ৩৩ শ্লোকে শ্রীনারদের বাক্যে ॥

যাঁহার চরণ হইতে গঙ্গাদি তীর্থ সকল উদ্ভূত হইয়াছেন এবং যাঁহার কীর্ত্তি অতিশয় প্রিয়, এরূপ যে কৃষ্ণ তাঁহার লীলা সকল গান করিবার সময়ে তিনি যেন আহূতের ন্যায় হইয়া শীঘ্র আমার হৃদয়ে আসিয়া দর্শন দেন ॥

তাৎপর্য্য। ধ্যানাদি প্রভাবে যাঁহার সাক্ষাৎকার লাভ দুর্ঘট হয়, গান দ্বারা তাহা অনায়াসেই সম্পন্ন হইয়া থাকে। এই নিমিত্ত ধ্যান অপেক্ষা ভগবানের মহিমাগানের মাহাত্ম্য অধিক ॥

দ্বাদশস্কন্ধে ১২ অধ্যায়ে ৩৫ শ্লোকে শ্রীসূতের উক্তিতে ॥

হরিকীর্ত্তনই মহাফল তদ্ব্যতিরিক্ত সমুদায় মিথ্যা প্রলাপমাত্র, ইহা বিস্তার করিয়া কহিলেন, যে কথাতে ভগবান্ অধোক্ষজের প্রসঙ্গ নাই, সে সকল কথা অসতী ও মিথ্যা, কিন্তু তাহাই সত্য, তাহাই মঙ্গল

তদেব সত্যং তদুহৈব মঙ্গলং
তদেব পুণ্যং ভগবদ্গুণোদয়ং ॥
তদেব রম্যং রুচিরং নবং নবং
তদেব শশ্বন্মনসো মহোৎসবং।
তদেব শোকার্ণবশোষণং নৃণাং
যদুত্তমঃশ্লোকযশোঽনুগীয়তে ॥ ১২৪ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
দত্ত্বা চ গীতং ধর্ম্মজ্ঞা গন্ধর্ব্বৈঃ সহ মোদতে।
স্বয়ং গীতেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥
পাদ্মে শ্রীকৃষ্ণসত্যভামাসম্বাদীয়কার্ত্তিকমাহাত্ম্যে
শ্রীপৃথুনারদসম্বাদে শ্রীভগবদুক্তৌ ॥

উহ হর্ষে প্রসিদ্ধৌ বা। ভগবদ্গুণানামৈশ্বর্য্যাদীনামুদয়ঃ গায়কে শ্রোতৃপ্রভৃতিষু চ প্রকাশো যস্মাত্তৎ। রম্যং জগৎ সন্তোষদং। রুচিরং শ্রবণরুচিকরং যতো নবং নবং প্রতিক্ষণনূতনমিত্যর্থঃ। মহানুৎসবো যস্মাৎ তৎ ॥ ১২৪ ॥

এবং তাহাই পুণ্যজনক যাহাতে ভগবদ্গুণের প্রসঙ্গ আছে ॥

উক্ত প্রকরণেরই ৩৬ শ্লোকে ॥

তাহাই রমণীয়, মনোহর ও ক্ষণে ক্ষণে নূতন, তাহাই নিরন্তর মনের মহোৎসব, তাহাই মনুষ্যদিগের শোকার্ণব-শোষক, যাহাতে উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের যশোগান বিস্তৃত হয় ॥ ১২৪ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে ধার্ম্মিকগণ! যিনি পরকৃত গীতদ্বারা ভগবানের আরাধনা করেন, তিনি গন্ধর্ব্বগণের সহিত বিহার করিয়া থাকেন, আর যিনি স্বয়ং গান করিয়া বিষ্ণুর আরাধনা করেন, তিনি বিষ্ণুর অনুচর হয়েন ॥

পদ্মপুরাণে শ্রীকৃষ্ণ ও সত্যভামার সম্বাদ সম্বন্ধীয় কার্ত্তিকমাহাত্ম্যে
এবং নারদ ও পৃথুর সম্বাদে শ্রীভগবানের বাক্যে ॥

নাহং বসামি বৈকুণ্ঠে ন যোগিহৃদয়ে রবৌ।
মদ্ভক্তা যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ।
তেষাং পূজাদিকং গন্ধপাদ্যাদ্যৈঃ ক্রিয়তে নরৈঃ।
তেন প্রীতিং পরাং যামি ন তথা মৎপ্রপূজনাৎ ॥ ১২৫ ॥
অতএবোক্তং ॥
কর্ম্মণ্যৌপয়িকত্বেন ব্রাহ্মণোঽন্য ইতি স্মৃতঃ।
কারিকায়ামতঃ প্রোক্তং বিপ্রো গীতৈরমেদিতি ॥ ১২৬ ॥
অথ নৃত্যস্য ॥
দ্বারকামাহাত্ম্যে তত্রৈব ॥

তেষাং মদ্ভক্তানাং। আদিশব্দাদনুগমনাদি। আদ্যশব্দাৎ পুষ্পাস্তবনাদীনি ॥ ১২৫ ॥
কর্ম্মণি ভগবদারাধনলক্ষণে। ঔপয়িকত্বেন তদ্যোগ্যত্বাৎ। অন্যঃ দাস ইতি স্মৃতঃ শাস্ত্রৈঃ স্মৃতিকৃদ্ভির্ব্বা। কারিকায়াং উপনিষদ্ভাগবিশেষে শ্লোকনিবদ্ধশ্রুত্যাদিগ্রন্থে বা ॥ ১২৬ ॥

হে নারদ! আমি বৈকুণ্ঠে অথবা যোগিদিগের হৃদয়ে তথা সূর্য্য-মণ্ডলেও বাস করি না, আমার ভক্তগণ যে স্থানে গান করেন, আমি সেই স্থলেই অবস্থিতি করি ॥

মনুষ্যগণ গন্ধপাদ্যাদি দ্বারা সেই ভক্তগণের পূজা করিলে, আমি যেরূপ প্রীত হই, আমার আরাধনা করিলে তাদৃশ সন্তুষ্ট হই না ॥ ১২৫

এই কারণে কথিত হইয়াছে ॥

উপাসনা কার্য্যে ব্রাহ্মণ যোগ্য বলিয়া শাস্ত্রকারেরা তাঁহাকে বিষ্ণু-দাস বলিয়াছেন। এই জন্য কারিকায় অর্থাৎ উপনিষদের অংশ-বিশেষে অথবা ছন্দোবদ্ধ শ্রুতি প্রভৃতি শাস্ত্রে উক্ত হইয়াছে, ব্রাহ্মণ ভগবদ্বিষয়ক গীতদ্বারা হৃষ্ট হয়েন ॥ ১২৬ ॥

নৃত্যের বিষয়ে ঐ স্থানেই দ্বারকামাহাত্ম্যে ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্বহুসুভক্তিতঃ।
স নির্দ্দহতি পাপানি জন্মান্তরশতেষ্বপি ॥ ১২৭ ॥
হরিভক্তিসুধোদয়ে ॥
বহুধোৎসার্য্যতে হর্ষাৎ বিষ্ণুভক্তস্য নৃত্যতঃ।
পদ্ভ্যাং ভূমের্দিশোঽক্ষিভ্যাং দোর্ভ্যাং বা মঙ্গলং দিবঃ ॥ ১২৮॥
বারাহে ॥
যশ্চ নৃত্যতি সুশ্রোণি পুরাণোক্তং সমাসতঃ।
ত্রিংশদ্বর্ষসহস্রাণি ত্রিংশদ্বর্ষশতানি চ।
পুষ্করদ্বীপমাসাদ্য মোদতে বৈ যদৃচ্ছয়া।
পুষ্করাচ্চ পরিভ্রষ্টঃ স্বচ্ছন্দগমনালয়ঃ।

ভাবৈঃ শৃঙ্গারাদিরসৈঃ বিবিধচেষ্টাভির্ব্বা। বহু যথা স্যাৎ তথা জন্মান্তরশতেষু কৃতানি করিষ্যমাণান্যপি পাপানি ॥ ১২৭ ॥

নৃত্যতো বিষ্ণুভক্তস্য পাদাদিভিঃ ক্রমাদ্ভূম্যাদেরমঙ্গলমুৎসার্য্যতে বিনশ্যেত ইত্যর্থঃ ॥ ১২৮ ॥

পুরাণোক্তং ভরতাদিপুরাতনমুন্যুক্তং যথা স্যাৎ তচ্ছাস্ত্রানুসারেণেত্যর্থঃ। সমাসতঃ সংক্ষেপেণাপি যো নৃত্যতি। যদ্বা। সমাসতঃ পুরাণোক্তং তস্য ফলমিদমিতি শেষঃ।

যে ব্যক্তি হৃষ্টচিত্তে অতিশয় ভক্তিসহকারে ও যত্ন পূর্ব্বক অধিক নৃত্য করে, তাহার শত শত জন্মের পাপ দগ্ধ হয় ॥ ১২৭ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

হর্ষ প্রযুক্ত নৃত্যকারি বিষ্ণুপরায়ণ ব্যক্তির পাদ দ্বারা পৃথিবীর, চক্ষুর্দ্বারা দিঙ্মণ্ডলের এবং বাহুদ্বারা স্বর্গের অমঙ্গল দূর হয় ॥ ১২৮ ॥

বরাহপুরাণে ॥

হে সুশ্রোণি! যে ব্যক্তি ভরতাদি মুনি কথিত শাস্ত্রানুসারে সংক্ষেপে নৃত্য করে, সে পুষ্কর দ্বীপে গিয়া ত্রিংশৎ সহস্র ও ত্রিংশৎ শত বৎসর যথেচ্ছ বিহার করে। পরে স্বেচ্ছানুসারে তথা হইতে পরিভ্রষ্ট হইয়া যথা তথায় গমন ও বসতি করে এবং আমার প্রতি ভক্তি-

ফলমাপ্নোতি সুশ্রোণি মম কর্ম্মপরায়ণঃ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
নৃত্যং দত্ত্বা তথাপ্নোতি রুদ্রলোকমসংশয়ং।
স্বয়ং নৃত্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ ॥ ১২৯ ॥
অন্যত্র শ্রীনারদোক্তৌ ॥
নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশং।
উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ ॥ ১৩০ ॥
অথ বাদ্যস্য। সঙ্গীতশাস্ত্রে ॥
বীণাবাদনতত্ত্বজ্ঞঃ শ্রুতি-জাতি-বিশারদঃ।

তদেবাহ ত্রিংশদিত্যাদিনা। অন্যল্লিখিতার্থমেব ॥ ১২৯ ॥
শরীরস্থাঃ স্বস্য সর্ব্বেষামপি বা ॥ ১৩০ ॥
শ্রুতয়ঃ ষট্‌ত্রিংশদ্ভেদাঃ। জাতয়ঃ সপ্তস্বরাঃ মেঘনাদবসন্তাদিরাগালাপভেদা বা তত্তদভিজ্ঞঃ। মোক্ষো মার্গো উপায়ভূতো যস্মিন্ ভগবতি বৈকুণ্ঠলোকে বা তং নিযচ্ছতি

পরায়ণ হইলে যে ফল লাভ হয়, সেই ফল প্রাপ্ত হয় ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

অন্য কৃত নৃত্য দ্বারা ভগবানের আরাধনা করিলে, নিঃসন্দেহ রুদ্রলোক প্রাপ্ত হয়েন, আর স্বয়ং নৃত্য করিয়া যদি তাঁহার আরাধনা করেন, তাহা হইলে তিনি, তাঁহার অনুচর হইবেন ॥ ১২৯ ॥

অন্যস্থলেও শ্রীনারদের বাক্যে ॥

যাঁহারা শ্রীপতির অগ্রে করতালীবাদন পূর্ব্বক বারম্বার নৃত্য করেন, তাঁহাদিগের শরীরস্থ পাপরূপ পক্ষী সকল উড্ডীন হইয়া পলায়ন করে ॥ ১৩০ ॥

অথ বাদ্যের বিষয় ॥

সঙ্গীতশাস্ত্রে ॥

যিনি বীণাবাদনে নিপুণ, শ্রুতি ও জাতি বিষয়ে অভিজ্ঞ এবং তাল

তালজ্ঞশ্চাপ্রয়াসেন মোক্ষমার্গং নিযচ্ছতি ॥ ১৩১ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বাদ্যং দত্ত্বা তথা বিপ্রঃ শক্রলোকমবাপ্নুয়াৎ।
স্বয়ং বাদ্যেন সংপূজ্য তস্যৈবানুচরো ভবেৎ।
বাদ্যানামপি দেবস্য তন্ত্রীবাদ্যং সদা প্রিয়ং।
তেন সংপূজ্য বরদং গাণপত্যমবাপ্নুয়াৎ ॥

অথ শক্তৌ পুনঃ পূজা ॥

শক্তশ্চেৎ সপরীবারং কৃষ্ণং গন্ধাদিভিঃ পুনঃ।

বশীকরোতি। অন্যেভ্যোঽপি নিতরাং যচ্ছতি দদাতীতি বা ॥ ১৩১ ॥

সপরিবারং পূর্ব্বলিখিতাবরণসহিতং। সপরিবারায় কৃষ্ণায় নম ইত্যুচ্চার্য্য মূলমন্ত্রেণ গন্ধাদিভিঃ পঞ্চভিরুপচারৈঃ পুনঃ সম্যক্ পূজয়িত্বা সপরিবারায় কৃষ্ণায় ইদমর্ঘ্যং স্বাহেতি

প্রয়োগে দক্ষ, তিনি মোক্ষের উপায়ভূত বিষ্ণুকে অনায়াসে বশীভূত করেন ॥

তাৎপর্য্য। শ্রুতি, বাদ্যের অঙ্গবিশেষ, ঐ শ্রুতি ষট্‌ত্রিংশৎ প্রকার জাতি, সপ্তস্বর অথবা মেঘনাদ ও বসন্তাদিরাগের আলাপ বিশেষ ॥ ১৩১

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ব্রাহ্মণ পরকৃত বাদ্যদ্বারা বিষ্ণুর আরাধনা করিলে ইন্দ্রলোক প্রাপ্ত হয়েন, আর যদি স্বয়ং বাদ্য বাজাইয়া ভগবানের উপাসনা করেন, তাহা হইলে তিনি বিষ্ণুর অনুচর হয়েন ॥

যত প্রকার বাদ্য আছে, তন্মধ্যে তন্ত্রীবাদ্য ভগবানের সর্ব্বদা প্রিয়। সেই তন্ত্রীবাদ্য দ্বারা বরদাতা বিষ্ণুর আরাধনা করিলে গণেশের লোক প্রাপ্তি হয় ॥

শক্তি থাকিলে পুনর্ব্বার পূজা ॥

সমর্থ হইলে মূলমন্ত্র দ্বারা গন্ধ প্রভৃতি পঞ্চ উপচারে পুনর্ব্বার পরিবার সহিত শ্রীকৃষ্ণের পূজা করিয়া অর্ঘ্য সমর্পণ করিবে। প্রয়োগ যথা।

পঞ্চোপচারৈর্মূলেন সংপূজ্যার্ঘ্যং সমর্পয়েৎ ॥ ১৩২ ॥

অথ নীরাজনং ॥

ততশ্চ মূলমন্ত্রেণ দত্ত্বা পুষ্পাঞ্জলিত্রয়ং।
মহানীরাজনং কুর্য্যান্মহাবাদ্যজয়স্বনৈঃ।
প্রজ্বালয়েত্তদর্থঞ্চ কর্পূরেণ ঘৃতেন বা।
আরাত্রিকং শুভে পাত্রে বিষমানেকবর্ত্তিকং ॥ ১৩৩ ॥

অথ নীরাজনমাহাত্ম্যং ॥

স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥

বহুবর্ত্তিসমাযুক্তং জ্বলন্তং কেশবোপরি।
কুর্য্যাদারাত্রিকং যস্তু কল্পকোটিং বসেদ্দেবি।

অর্ঘ্যং নিবেদয়েদিত্যর্থঃ ॥ ১৩২ ॥

তদর্থং মহানীরাজননিমিত্তং। আরাত্রিকং দীপং। শুভে উত্তমে সুবর্ণাদিনির্ম্মিতে বিস্তীর্ণে পাত্রে বিষমা অযুগ্মা অনেকাশ্চ বদ্ধা বর্ত্তিকা বর্ত্ত্যো যস্মিন্ তং ॥ ১৩৩ ॥

কেশবোপরীতি কেশবমূর্দ্ধনীতি চ প্রায়ঃ শ্রীমস্তকনির্ম্মঞ্ছনং বোধয়তি। প্রবিশেদিব অত্যন্ত সন্নিকৃষ্টো ভূত্বা তিষ্ঠেদিত্যর্থঃ। নব্যয়ো ভক্তানাং যস্মাদিতি মোক্ষো নিরস্ত

"সপরিবারায় কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক মূলমন্ত্রে গন্ধাদি পঞ্চ উপচারে পুনর্ব্বার সর্ব্বতোভাবে পূজা করিয়া "সপরিবারায় কৃষ্ণায় ইদমর্ঘ্যং স্বাহা" এই বলিয়া অর্ঘ্য সমর্পণ করিবে ॥ ১৩২ ॥

অথ নীরাজন ॥

তদনন্তর মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক তিনবার পুষ্পাঞ্জলি দিয়া মহাবাদ্য ও জয়ধ্বনি সহকারে মহানীরাজন করিবে এবং ঐ নীরাজনের নিমিত্ত স্বর্ণাদিনির্ম্মিত উত্তম পাত্রে কর্পূর অথবা ঘৃত দ্বারা অযুগ্ম ও বহুবর্ত্তি-বিশিষ্ট দীপ প্রজ্বালিত করিবে ॥ ১৩৩ ॥

অথ নীরাজনমাহাত্ম্য

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে ॥

যে ব্যক্তি বহুবর্ত্তিবিশিষ্ট জ্বলন্ত দীপ দ্বারা কেশবের মস্তকোপরি আরাত্রিক করেন, তিনি কোটিকল্প পরিমিতকাল স্বর্গে বাস করেন ॥

কর্পূরেণ তু যঃ কুর্য্যাৎ ভক্ত্যা কেশবমূর্দ্ধনি।
আরাত্রিকং মুনিশ্রেষ্ঠ প্রবিশেদ্বিষ্ণুমব্যয়ং ॥ ১৩৪ ॥
তত্রৈবান্যত্র ॥
দীপ্তিমন্তং সকর্পূরং করোত্যারাত্রিকং নৃপ।
কৃষ্ণস্য বসতে লোকে সপ্ত কল্পানি মানবঃ ॥ ১৩৫ ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎকৃতং পূজনং হরেঃ ॥
সর্ব্বং সম্পূর্ণতামেতি কৃতে নীরাজনে শিবে ॥ ১৩৬ ॥
হরিভক্তিসুধোদয়ে ॥
কৃত্বা নীরাজনং বিষ্ণোর্দীপাবল্যা সুদৃশ্যয়া।

এব ॥ ১৩৪ ॥
সপ্তকল্পানীতি অসংখ্যত্বে তাৎপর্য্যং। অথবা শ্বেতদ্বীপাদৌ বৈকুণ্ঠলোকে তাবৎকালং স্থিত্বা পশ্চাৎ পরমোৎসাহেন তাদৃশভক্তিপ্রচারণায় স্বেচ্ছয়া অবতরণাভিপ্রায়েণোক্তং ॥ ১৩৫ ॥
শিবে হে পার্ব্বতি ॥ ১৩৬ ॥

হে মুনিশ্রেষ্ঠ! যিনি কর্পূর দ্বারা ভক্তি সহকারে বিষ্ণুর মস্তকে নীরাজন করেন তিনি বিষ্ণুর অক্ষয় সান্নিধ্য লাভ করেন ॥ ১৩৪ ॥

ঐ স্কন্দপুরাণের অন্য স্থলে ॥

যে মনুষ্য জ্বলন্ত কর্পূর সহিত দ্বীপ দ্বারা নীরাজন করেন, তিনি সপ্তকল্প পর্য্যন্ত কৃষ্ণধামে বাস করেন ॥

ঐ স্থানেই শ্রীশিব ও উমার সম্বাদে ॥

হে পার্ব্বতি! ভগবানের নীরাজন করিলে মন্ত্রহীন ও ক্রিয়াহীন, যে কোন পূজা করা হইয়াছে তৎসমুদায় সম্পূর্ণ হইয়া থাকে ॥ ১৩৬ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

সুদৃশ্য দীপাবলি দ্বারা বিষ্ণুর নীরাজন করিলে তমোবিকার অর্থাৎ

তমোবিকারং জয়তি জিতে তস্মিংশ্চ কো ভবঃ ॥ ১৩৭ ॥

অন্যত্র চ ॥

কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ।
দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখমিতি ॥ ১৩৮ ॥

যচ্চ দীপস্য মাহাত্ম্যং পূর্ব্বং লিখিতমস্তি তৎ।
দ্রষ্টব্যং সর্ব্বমত্রাপি প্রায়েণাভেদতোঽনয়োঃ ॥ ১৩৯ ॥

তমস্তমোগুণঃ অজ্ঞানং বা সত্ত্বাবরকত্বাৎ। তস্য বিকারং কামক্রোধাদিকং দ্বিতীয়-পক্ষে দেহাভিমানাদিকং। তস্মিন্ তমোবিকারে ভবঃ সংসারঃ কঃ স্যাৎ অপিতু ন কশ্চিদপি। স্বতএব জিতো ভবতীত্যর্থঃ ॥ ১৩৭ ॥

কোটয়ঃ কোটীঃ যা কোটয়স্তা ইতি বা। সারাত্রিকং দীপসহিতং দীপালোকেনাধিকং শোভমানমিত্যর্থঃ ॥ ১৩৮ ॥

অত্র নীরাজনেঽপি তৎসর্ব্বং মাহাত্ম্যং দ্রষ্টব্যং মন্তব্যং জ্ঞেয়ং। তত্র হেতুঃ। অনয়োঃ ধূপানন্তরস্য দীপস্য এতন্নীরাজনদীপস্য চেতি দ্বয়োরভেদাৎ। প্রায়েণেতি স্বমতে বর্ত্ত্যাদি-ভেদাৎ ॥ ১৩৯ ॥

তমোগুণের বিকার কামক্রোধাদি অথবা অজ্ঞানবিকার অভিমানাদি নষ্ট হয় এবং তাহা বিনষ্ট হইলে আর সংসারে জন্মগ্রহণ করিতে হয় না ॥ ১৩৭ ॥

অন্যস্থলেও ॥

নীরাজন কালে দীপালোকে অধিক শোভমান বিষ্ণুর মুখ দর্শনমাত্র কোটি কোটি ব্রহ্মহত্যার পাপ ও কোটি কোটি অগম্যা গমনের পাপ দগ্ধ হয় ॥ ১৩৮ ॥

ধূপানন্তর প্রদত্ত দীপ ও নীরাজন দীপ উভয়ের অভেদ বশতঃ পুর্ব্বে দীপের যে সকল মাহাত্ম্য লিখিত হইয়াছে এস্থলেও প্রায় তৎ-সমুদায় জানিতে হইবে ॥ ১৩৯ ॥

অতঃ সাদরমুত্থায় মহানীরাজনন্ত্বিদং।
দ্রষ্টব্যং দীপবৎ সর্ব্বৈর্বন্দ্যমারাত্রিকঞ্চ যৎ ॥ ১৪০ ॥
তদুক্তং শ্রীপুলস্ত্যেন বিষ্ণুধর্ম্মে ॥
ধূপং চারাত্রিকং পশ্যেৎ করাভ্যাঞ্চ প্রবন্দতে।
কুলকোটিং সমুদ্ধৃত্য যাতি বিষ্ণোঃ পরং পদং ॥
মূলাগমে চ ॥
নীরাজনঞ্চ যঃ পশ্যেদ্দেবদেবস্য চক্রিণঃ।
সপ্ত জন্মানি বিপ্রঃ স্যাদন্তে চ পরমং পদং ॥
অথ শঙ্খাদিবাদনমাহাত্ম্যং ॥
বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে ॥
কেশবায়তনে রাজন্ কুর্ব্বন্ শঙ্খরবং নরঃ।

অতোঽস্মান্মাহাত্ম্যবিশেষাৎ ॥ ১৪০ ॥

অতএব সকলে সাদরে উত্থিত হইয়া এই মহানীরাজন দীপকেও নীরাজন দীপের ন্যায় দর্শন ও বন্দনা করিবেন ॥ ১৪০ ॥

শ্রীপুলস্ত্য কর্ত্তৃক বিষ্ণুধর্ম্মোত্তরে তাহা উক্ত হইয়াছে ॥

ধূপ ও নীরাজন-দীপ-দর্শন এবং করদ্বারা বন্দনা করিলে কোটিকুল উদ্ধার হয় ও বিষ্ণুর পরম স্থান লাভ করে ॥

মূলাগমেও ॥

যিনি দেবদেব চক্রপাণির নীরাজন দর্শন করেন, তিনি সপ্তজন্ম ব্রাহ্মণ হইয়া পরিণামে পরমপদ লাভ করেন ॥

অথ শঙ্খাদিবাদনমাহাত্ম্য ॥

বৃহন্নারদীয়পুরাণে যম ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! যে মনুষ্য কেশবের গৃহে শঙ্খধ্বনি করেন, তিনি

সর্ব্বপাপবিনির্ম্মুক্তো ব্রহ্মণা সহ মোদতে।
করশব্দং প্রকুর্ব্বন্তি কেশবায়তনেষু যে।
তে সর্ব্বে পাপনির্ম্মুক্তা বিমানেশা যুগদ্বয়ং ॥ ১৪১ ॥
তালাদিকাংস্যনিনদং কুর্ব্বন্ বিষ্ণুগৃহে নরঃ।
যৎ ফলং লভতে রাজন্ শৃণুষ্ব গদতো মম।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিমানশতসঙ্কুলঃ।
গীয়মানশ্চ গন্ধর্ব্বৈর্বিষ্ণুনা সহ মোদতে।
ভেরীমৃদঙ্গপটহনিশানাদ্যৈশ্চ ডিণ্ডিমৈঃ।
সন্তর্প্য দেবদেবেশং যৎ ফলং লভতে শৃণু।
দেবস্ত্রীশতসংযুক্তঃ সর্ব্বকামসমন্বিতঃ ॥

বিমানানামীশাঃ স্বামিনো ভবন্তি ॥ ১৪১ ॥
নিশানো বাদিত্রবিশেষঃ ॥ ১৪২ ॥

সমুদায় পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া ব্রহ্মলোকে বিহার করেন ॥

যাঁহারা কেশবের আলয়ে কর শব্দ করেন, তাঁহারা সর্ব্ব পাপ বিমুক্ত হইয়া দুই যুগ বিমানের ঈশ্বরত্ব লাভ করেন ॥ ১৪১ ॥

হে রাজন্! বিষ্ণুগৃহে তালপ্রভৃতি কাংস্যধ্বনি করিলে মনুষ্য যে ফল লাভ করেন, আমি তাহা কীর্ত্তন করিতেছি শ্রবণ করুন। সেই বাদ্যকারি মানব সমস্ত পাপ বিনির্ম্মুক্ত ও শত শত বিমানে আরূঢ় হইয়া, বিষ্ণুর সহিত আনন্দানুভব করেন এবং গন্ধর্ব্বগণ তাঁহার যশো গান করিতে থাকেন ॥

ভেরী, মৃদঙ্গ, পটহ, নিশান (বাদ্য) ও ডিণ্ডিম প্রভৃতি বাদ্যযন্ত্র দ্বারা দেবদেবেশ্বর বিষ্ণুকে পরিতৃপ্ত করিলে যে ফল হয় শ্রবণ করুন। সেই বাদ্যকারি ব্যক্তি শত শত দেবস্ত্রীগণ কর্ত্তৃক পরিবৃত ও সর্ব্বকাম সমন্বিত হইয়া স্বর্গলোকে গমন করেন এবং পঞ্চ কল্প পরিমিতকাল

স্বর্গলোকমনুপ্রাপ্য মোদতে কল্পপঞ্চকমিতি ॥ ১৪২ ॥

অথ সজলশঙ্খনীরাজনং ॥

ততশ্চ সজলং শঙ্খং ভগবন্মস্তকোপরি।
ত্রির্ভ্রাময়িত্বা কুর্ব্বীত পুনর্নীরাজনং প্রভোঃ ॥ ১৪৩ ॥

তন্মাহাত্ম্যঞ্চ দ্বারকামাহাত্ম্যে তত্রৈব ॥

শঙ্খে কৃত্বাতু পানীয়ং ভ্রামিতং কেশবোপরি।
সন্নিধৌ বসতে বিষ্ণোঃ কল্পান্তং ক্ষীরসাগরে। ইতি ॥ ১৪৪ ॥

নীরাজনদ্বয়ং চৈতত্তাম্বূলস্যার্পণাৎ পরং।
কেচিদিচ্ছন্তি কেচিচ্চ দর্পণার্পণতঃ পরং ॥

তথা চ পঞ্চরাত্রে ॥

পুনরাচমনং দদ্যাৎ করোদ্বর্ত্তনমেব চ।

জলপূর্ণশঙ্খেন পুনর্নীরাজনং লিখতি ততশ্চেতি ॥ ১৪৩ ॥

যেন ভ্রামিতং স বসতে বসতি ॥ ১৪৪ ॥

তথায় বিহার করেন ॥ ১৪২ ॥

অথ সজল শঙ্খদ্বারা নীরাজন ॥

তদনন্তর জলপূর্ণ শঙ্খ ভগবানের মস্তকোপরি তিনবার ভ্রমণ করাইয়া পুনর্ব্বার প্রভুর নীরাজন করিবে ॥ ১৪৩ ॥

দ্বারকামাহাত্ম্যের ঐ স্থলেই উহার মাহাত্ম্য কথিত হইয়াছে ॥

যে ব্যক্তি জলপূর্ণ শঙ্খ কেশবের মস্তকোপরি ভ্রমণ করান, তিনি কল্পান্তকাল পর্য্যন্ত ক্ষীরসাগরে বিষ্ণুর সন্নিধানে বসতি করেন ॥ ১৪৪ ॥

কেহ কেহ তাম্বূল দানের পর, কেহ বা দর্পণ অর্পণের পর এই দুই প্রকার নীরাজন ইচ্ছা করেন ॥

ঐ বিষয় পঞ্চরাত্রে কথিত হইয়াছে ॥

পুনরাচমন, হস্তমার্জন এবং কর্পূর সহিত তাম্বূল দান করিয়া

সকর্পূরঞ্চ তাম্বূলং কুর্য্যান্নীরাজনং তথা।
সমর্প্য মুকুটাদীনি ভূষণানি বিচক্ষণঃ।
আদর্শয়েত্তথাদর্শং প্রকল্প্য চ্ছত্রচামরে॥
গারুড়ে চ॥
অথ ভুক্তবতে দত্ত্বা জলৈঃ কর্পূরবাসিতৈঃ।
আচমনঞ্চ তাম্বূলং চন্দনৈঃ করমার্জনং।
পুষ্পাঞ্জলিং ততঃ কৃত্বা ভক্ত্যাদর্শং প্রদর্শয়েৎ।
নীরাজনং পুনঃ কার্য্যং কর্পূরং বিভবে সতি॥
অতএব বায়ুপুরাণে॥
আরাত্রিকন্তু নিঃস্নেহং নিঃস্নেহয়তি দেবতাং।
অতঃ সংশময়িত্বৈব পুনঃ পূজনমাচরেৎ॥

আরাত্রিকং নীরাজনপাত্রং নিঃস্নেহং ঘৃতাদিরহিতং। নিঃস্নেহাং দয়ারহিতাং। সংশময়িত্বা সংশময্য নির্ব্বাপ্যেত্যর্থঃ। যশ্চ পূর্ব্বং দীপনির্ব্বাপণদোষ উক্তঃ স দীপবিষয়ক এব নতু নীরাজনবিষয়কো জ্ঞেয়ঃ॥ ১৪৫॥

নীরাজন করিবে। পণ্ডিত ব্যক্তি মুকুটাদি ভূষণ, ছত্র ও চামর অর্পণ করিয়া দর্পণ দেখাইবেন॥

গরুড়পুরাণেও॥

ভোজন করা হইলে, প্রথমতঃ আচমনার্থ কর্পূর-বাসিত জল, তাহার পর তাম্বূল, তাহার পর করমার্জনার্থ চন্দন নিবেদন করিয়া পুষ্পাঞ্জলি দিবে। তদনন্তর ভক্তিপূর্ব্বক দর্পণ দেখাইবে। সমর্থ হইলে তাহার পর কর্পূর দ্বারা পুনর্ব্বার নীরাজন করিবে॥

অতএব বায়ুপুরাণে কথিত হইয়াছে॥

নীরাজন পাত্র স্নেহ শূন্য হইলে দেবতাকে স্নেহ শূন্য করে, এই নিমিত্ত তাহা নির্ব্বাপণ করিয়া পুনর্ব্বার পূজা আরম্ভ করিবে॥

অতএব দ্বারকামাহাত্ম্যে। তত্রৈব ॥

কৃত্বা পূজাদিকং সর্ব্বং জ্বলন্তং কৃষ্ণমূর্দ্ধনি।
আরাত্রিকং প্রকুর্ব্বাণো মোদতে কৃষ্ণসন্নিধৌ। ইতি ॥ ১৪৫ ॥
কেচিন্নীরাজনাৎ পশ্চাদিচ্ছন্তি প্রণতিং ততঃ।
প্রদক্ষিণং ততঃ স্তোত্রং গীতনৃত্যাদিকং ততঃ ॥ ১৪৬ ॥
এবং ভাগবতাঃ স্বস্বসম্প্রদায়ানুসারতঃ।
প্রবর্ত্তন্তে প্রভোর্ভক্ত্যৈ ভক্ত্যা সর্ব্বং হি শোভনং।
ততো নিক্ষিপ্য দেবস্যোপরি পুষ্পাঞ্জলিত্রয়ং।
বিচিত্রৈর্মধুরৈঃ স্তোত্রৈঃ স্তুতিং কুর্ব্বীত ভক্তিমান্ ॥ ১৪৭ ॥

প্রণতিং বন্দনং। ততঃ প্রণতেঃ পশ্চাৎ প্রদক্ষিণমিচ্ছন্তি। এবমগ্রেঽপি ॥ ১৪৬ ॥
নন্থ পরস্পরং সম্বাদাভাবেনানির্দ্ধারদোষঃ স্যাত্তত্র লিখতি ভক্ত্যেতি ॥ ১৪৭ ॥

তাৎপর্য্য। পূর্ব্বে দীপনির্ব্বাণের যে সমুদায় দোষ লিখিত হইয়াছে তাহা দীপ সম্বন্ধেই জানিতে হইবে, নীরাজন বিষয়ে নহে ॥

এই কারণে দ্বারকামাহাত্ম্যে ঐ বিষয় কথিত হইয়াছে ॥

যে ব্যক্তি পূজাদি সমুদায় সম্পাদন করিয়া জ্বলিত দীপাবলি দ্বারা শ্রীকৃষ্ণের মস্তকোপরি নীরাজন করেন, তিনি শ্রীকৃষ্ণের নিকট আনন্দ অনুভব করেন ॥ ১৪৫ ॥

কেহ কেহ নীরাজনের পর প্রণাম তদনন্তর প্রদক্ষিণ, তাহার পর স্তব ও সর্ব্বশেষে নৃত্যাদি ইচ্ছা করেন ॥ ১৪৬ ॥

বৈষ্ণবগণ এই প্রকারে স্বীয় স্বীয় সম্প্রদায় অনুসারে ভক্তিসহকারে প্রভুর পূজাদি করিবেন, কারণ ভক্তি পূর্ব্বক যে কোন কার্য্য করা যায় সে সকলই সম্পূর্ণ হইয়া থাকে ॥

তাহার পর ভক্তিযুক্ত হইয়া শ্রীকৃষ্ণের মস্তকে তিনবার অঞ্জলি দিয়া বিচিত্র ও মধুর স্তোত্র দ্বারা স্তব করিবেন ॥ ১৪৭ ॥

অথ স্তুতিবিধিঃ ॥

মহাভারতে ॥

আরিরাধয়িষুঃ কৃষ্ণং বাচং জিগদিষামি যাং।
তয়া ব্যাসসমাসিন্যা প্রীয়তাং মধুসূদনঃ। ইতি ॥ ১৪৮ ॥

আরম্ভে চ স্তুতেরেতং শ্লোকং স্তুতিপরঃ পঠেৎ।
সত্যাং তস্যাঃ সমাপ্তৌ চ শ্লোকং সঙ্কীর্ত্তয়েদিমং ॥

ইতি বিদ্যাতপোযোনিরযোনির্বিষ্ণুরীরিতঃ।
বাগ্‌যজ্ঞেনার্চ্চিতো দেবঃ প্রীয়তাং মে জনার্দ্দনঃ ॥ ১৪৯ ॥

অথ স্তোত্রাণি পূর্ব্বতাপনীয়শ্রুতিষু ॥

কৃষ্ণমারিরাধয়িষুরারাধয়িতুমিচ্ছন্ জিগদিষামি গদিতুমিচ্ছামি। ব্যাসো বিস্তারঃ সমাসঃ সংক্ষেপস্তদ্বযুক্তয়া তয়া বাচা ॥ ১৪৮ ॥

এতং আরিরাধয়িষুরিত্যাদিকং। তস্যাঃ স্তুতেঃ সমাপ্তৌ সত্যাং। ইমং ইতি বিদ্যেত্যাদিকং ॥ ১৪৯ ॥

অথ স্তুতি বিধি ॥

মহাভারতে ॥

শ্রীকৃষ্ণকে আরাধনা করিতে ইচ্ছা করিয়া যে সকল বাক্য বলিতে অভিলাষ করিতেছি, সঙ্ক্ষিপ্ত ও বিস্তৃত সেই সমুদায় বাক্য দ্বারা মধুসূদন প্রসন্ন হউন ॥ ১৪৮ ॥

স্তুতিকারী ব্যক্তি স্তুতির আরম্ভে পূর্ব্বোক্ত "আরিরাধয়িষুঃ" ইত্যাদি শ্লোকটী ও স্তব সমাপ্ত হইলে পশ্চাদুক্ত "ইতিবিদ্যা" ইত্যাদি শ্লোকটী পাঠ করিবেন ॥

বিদ্যা ও তপস্যার কারণ, জন্মরহিত অর্থাৎ বিশ্বব্যাপক বলিয়া প্রসিদ্ধ এবং বাক্য ও যজ্ঞের দ্বারা অর্চ্চিত জনার্দ্দন আমার প্রতি প্রসন্ন হউন ॥ ১৪৯ ॥

অথ স্তোত্র সকল ॥

পূর্ব্বতাপনীয় শ্রুতিতে ॥

ওঁ নমো বিশ্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমোনমঃ॥
নমো বিজ্ঞানরূপায় পরমানন্দরূপিণে।
কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমোনমঃ।
নমঃ কমলনেত্রায় নমঃ কমলমালিনে।
নমঃ কমলনাভায় কমলাপতয়ে নমঃ।
বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠমেধসে।
রমামানসহংসায় গোবিন্দায় নমোনমঃ।
কংসবংশবিনাশায় কেশিচানূরঘাতিনে।
বৃষভধ্বজবন্দ্যায় পার্থসারথয়ে নমঃ।
বেণুবাদনশীলায় গোপালায়াহিমর্দ্দিনে।
কালিন্দীকুললোলায় লোলকুণ্ডলবল্গবে।
বল্লবীনয়নাম্ভোজমালিনে নৃত্যশালিনে।
নমঃ প্রণতপালায় শ্রীকৃষ্ণায় নমোনমঃ।

লোলাভ্যাং কুণ্ডলাভ্যাং বল্গবে সুন্দরায়। বল্লবীনাং নয়নান্যেবাম্ভোজানি তেষাং পঙ্‌ক্তীর্মালাস্তদ্বতে তাভিঃ সদা পরময়া শক্ত্যা দৃশ্যমানায়েত্যর্থঃ।

জগতের সৃষ্টি, স্থিতি ও বিনাশের কারণ, বিশ্বের ঈশ্বর ও বিশ্বরূপ গোবিন্দকে নমস্কার। জ্ঞান ও পরমানন্দ স্বরূপ গোপীনাথ গোবিন্দ কৃষ্ণকে নমস্কার। পদ্মনেত্র, পদ্মমালী, পদ্মনাভ, পদ্মাপতিকে নমস্কার। যাঁহার মস্তক ময়ূরপুচ্ছে শোভমান, অকুণ্ঠ বুদ্ধি সম্পন্ন, লক্ষ্মীর মানস-সরোবরের হংস স্বরূপ সেই গোবিন্দকে নমস্কার। কংসবংশধ্বংসকারী কেশী ও চানূরঘাতী, মহাদেবের বন্দনীয় এবং অর্জ্জুনের সারথিকে নমস্কার। বেণুবাদনতৎপর, গোরক্ষক, কালিয়মর্দ্দন, কালিন্দীকুলে রত, চঞ্চল-কুণ্ডলদ্বারা শোভান্বিত, গোপীদিগের নয়নপদ্মের মালাধারী, নৃত্যশালী এবং প্রণত ব্যক্তিদিগের প্রতিপালক শ্রীকৃষ্ণকে নমস্কার।

নমঃ পাপপ্রণাশায় গোবর্দ্ধনধরায় চ।
পূতনাজীবিতান্তায় তৃণাবর্ত্তাসুহারিণে ॥ ১৫০ ॥
নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধিবৈরিণে।
অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমোনমঃ।
প্রসীদ পরমানন্দ প্রসীদ পরমেশ্বর।
আধিব্যাধিভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো।
শ্রীকৃষ্ণ রুক্মিণীকান্ত গোপীজনমনোহর।
সংসারসাগরে মগ্নং মামুদ্ধরজগদ্গুরো ॥
কেশব ক্লেশহরণ নারায়ণ জনার্দ্দন।
গোবিন্দ পরমানন্দ মাং সমুদ্ধর মাধব ॥ ১৫১ ॥
বিশেষতঃ কলিকালে। একাদশস্কন্ধে ॥

নিষ্কলায় পরিপূর্ণায় নির্ম্মায়ায়েতি বা। অশুদ্ধিবৈরিণে পরমপাবনায়েত্যর্থঃ ॥ ১৫১ ॥

পাপ প্রণাশী, গোবর্দ্ধনধারী, পূতনা ও তৃণাবর্ত্তের প্রাণবিনাশককে নমস্কার ॥ ১৫০ ॥

পরিপূর্ণ, মোহবর্জিত, শুদ্ধ, পরমপাবন, অদ্বিতীয় এবং পূজনীয় শ্রীকৃষ্ণকে নমস্কার। হে পরমানন্দ স্বরূপ পরমেশ্বর! আপনি প্রসন্ন হউন, হে প্রভো! মনঃপীড়া ও ব্যাধিরূপ ভুজঙ্গ আমাকে দংশন করিয়াছে আপনি তাহা হইতে উদ্ধার করুন। হে রুক্মিণীকান্ত! হে গোপীজনমনোহারিন্! হে জগদ্গুরো! হে শ্রীকৃষ্ণ! আমি সংসার সাগরে মগ্ন হইয়াছি আমাকে উদ্ধার করুন ॥

হে কেশব! হে ক্লেশনাশন! হে নারায়ণ! হে জনার্দ্দন! হে গোবিন্দ! হে পরমানন্দ! হে মাধব! আমাকে উদ্ধার করুন ॥ ১৫১ ॥

বিশেষতঃ কলিকালে এই স্তব পাঠ করিবে ॥
একাদশস্কন্ধে ৫ অধ্যায়ে ৩০। ৩১ শ্লোকে ॥

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যং।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং

বিশেষতঃ একাদশস্কন্ধোক্তশ্লোকদ্বয়েন কলিকালে স্তুয়াদিতি শিষ্টাচারাল্লিখতি ধ্যেয়মিতি। হে প্রণতপাল হে মহাপুরুষ তে তব চরণারবিন্দং বন্দে। কথম্ভূতং ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং। সদেতি সর্ব্বত্র সম্বধ্যতে। ধেয়ত্বে হেতবঃ ইন্দ্রিয়কুটুম্বাদিভির্যঃ পরিভবস্তিরস্কারঃ তং হন্তীতি তথা তৎ। কিঞ্চ। অভীষ্টদোহং মনোরথপূরকং। কিঞ্চ। তীর্থাস্পদং গঙ্গাদ্যাশ্রয়ত্বেন পরমপাবনং। কিঞ্চ। শিববিরিঞ্চিভ্যাং নুতং স্তুতং। নন্থ তৌ কৃতার্থাবেব কিমর্থং তাভ্যাং নুতং। তত্রাহ শরণ্যং আশ্রয়ণযোগ্যং সুখবিশেষার্থমিতি ভাবঃ। যদ্বা পরমেশ্বরত্বেনাবশ্যসেব্যত্বাৎ তন্মাহাত্ম্যবিশেষেণোকর্ষণাদ্বা। নন্থ ব্রহ্মাদিস্তুত্যং কথং প্রাকৃতস্য গোচরঃ স্যাৎ। ন। ভৃত্যার্ত্তিহং যস্য কস্যাপি ভৃত্যমাত্রস্যার্ত্তিহন্তারং। ন কেবলমাগন্তুকমার্ত্তিমাত্রং হন্তি কিন্তু ভবাব্ধিপোতং সংসারার্ণবতারকঞ্চ। যদ্বা। শিববিরিঞ্চিনুতমিতি পরমৈশ্বর্য্যমুক্ত্বা শরণ্যমিতি চ শরণাগতবাৎসল্যমুক্ত্বা ভক্তানাং সদা সঙ্গিত্বমাহ। ভৃত্যানামার্ত্তিং বিরহদুঃখং সাক্ষাৎকারাদিনা হন্তীতি। কিঞ্চ। প্রণতান্ স্বস্বভক্তান্ বরদানাদিনা পালয়ন্তীতি প্রণতপালা ইন্দ্রাদয়োদেবাস্তেষামপি ভবাব্ধিপোতং। অথবা পরিভবঘ্নমভীষ্টদোহমিতি বিশেষণাভ্যাং কামিনাং সর্ব্বদুঃখনাশকত্বং কামপরিপূরকত্বং চোক্তং। তীর্থাস্পদমিতি মুমুক্ষূণাং মুক্তিপ্রদত্বং। শিববিরিঞ্চিনুতমিতি মুক্তানামপি স্তুত্যত্বেন সুখবিশেষাত্মকত্বং পরমাকর্ষকত্বঞ্চ। শরণং পরমাশ্রয়মিতি দাসানাং সর্ব্বপুরুষার্থময়ত্বং। কিম্বা শরণং বৈকুণ্ঠধাম ভগবানেব বা তৎপ্রদমিত্যর্থঃ। ইতি পরমপদপ্রদত্বং। ভৃত্যানাং রুক্মিণীপ্রভৃতীনাং ভার্য্যাণাং বিরহার্ত্তিঘ্নমিতি পরমপ্রেমবিষয়ত্বং। প্রণতান্ বৈষ্ণবান্ পালয়ন্তি অন্নাদিদানেন পুষ্ণন্তি দুষ্টজনাদিভ্যো বা রক্ষন্তীতি প্রণতপালাঃ। যদ্বা। প্রণতা বৈষ্ণবা এব পালাঃ পালকা যেষাং জনানাং তেষাং বৈষ্ণবসেবকানাং ভবাব্ধিপোতং ভক্তিপ্রদানেনানায়াসতো বৈকুণ্ঠলোকপ্রাপণাৎ সংসারদুঃখপরম্পরাহারকমিতি নিজদাসানুদাসানামপি

হে প্রণতপাল! হে মহাপুরুষ! আপনার যে চরণারবিন্দ ধ্যান যোগ্য, ইন্দ্রিয় ও কুটুম্বাদিজনিত পরাভবনিবারক, মনোরথপূরক, গঙ্গাপ্রভৃতি তীর্থের আশ্রয়, শিব ও ব্রহ্মার স্তুত, আশ্রয়যোগ্য, ভক্ত-

বন্দে মহাপুরুষ্যতে চরণারবিন্দং ॥ ১৫২ ॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যং।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাব-

সর্ব্বদুঃখক্ষপণাদিকং ॥ ১৫২ ॥

ইদানীং স্বয়মাপ্তকামত্বান্নৈরপেক্ষ্যং ভক্ত্যর্থঞ্চ সাপেক্ষতাং দর্শয়ন্ শ্রীরামচন্দ্রং স্তৌতি ত্যক্ত্বেতি। হে ধর্ম্মিষ্ঠ সদাচারপ্রবর্ত্তক। হে মহাপুরুষোত্তম। অন্যৈর্দুস্ত্যজা বা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীরযোধ্যাসাম্রাজ্যবিভূতিস্তাং ত্যক্ত্বা যত্তে চরণারবিন্দং অরণ্যং দণ্ডকবনাদিকমগাৎ কিং রাজ্যবৈকল্যদর্শনেন আর্য্যস্য গুরোর্দশরথস্য বচসা কেকয়ীং প্রতি তদীয়বচন-সত্যতা-প্রতিপালনায়েত্যর্থঃ। এবং ধর্ম্মিষ্ঠত্বমুক্ত্বা মহাপুরুষত্বং দর্শয়ন্ ভক্তজনবশ্যতামাহ। দয়িতয়া শ্রীসীতয়া ঈপ্সিতং মায়মৃগং মায়য়া স্বর্ণময়াকার-হরিণং যদন্বধাবত্তদ্বন্দে। যদ্বা। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণমিতি তত্রৈব প্রাগুক্তেঃ কলৌ শ্রীকৃষ্ণস্য পরমপূজ্যত্বাৎ তদীয়লীলাবর্ণনেন তমেব স্তৌতি। রাজ্যলক্ষ্মীং শ্রীমথুরাসম্পত্তিং অবিবক্ষিতত্বাদসঙ্কিঃ। ধর্ম্মিষ্ঠস্য পূর্ব্বজন্মনি একাগ্রতয়া কৃতভগবদারাধনলক্ষণধর্ম্মস্য আর্য্যস্য শ্রীবসুদেবস্য। যদ্বা। ধর্ম্মিষ্ঠয়োরার্য্যয়োঃ শ্রীবসুদেবদেবক্যোর্বচসা তত্র অয়ন্ত্বসত্য ইত্যাদিনা বসুদেবস্য জন্ম তে মর্য্যসাবিদ্যাদিনা দেবক্যাঃ। অরণ্যং বৃহদ্বনাদিকং। যদ্বা। ধর্ম্মিষ্ঠে ভক্তিলক্ষণধর্ম্মনিষ্ঠে শ্রীনন্দগোপরাজে যদরণ্যং ব্রজভূমিলক্ষণং তৎ। এবং সত্যপি মহাপুরুষত্বেনৈব সদাচারপ্রবর্ত্তকত্বং ভক্তজনাধীনত্বঞ্চ জ্ঞেয়ং। পরমদুর্ল্লভতামাহ। মায়য়া লক্ষ্ম্যা অপি মৃগ্যত ইতি মৃগং। যদ্বা। ভক্তজনাধীনত্বমেবাহ। মায়য়া লক্ষ্ম্যা মৃগং ক্রীড়ামৃগবৎ পরাধীনমিত্যর্থঃ। অরণ্যগমনে নিগূঢ়হেত্বন্তরং। দয়িতয়া শ্রীরাধয়া ঈপ্সিতং পূর্ব্বস্মিন্নিহাপি জন্মনি বিবিধারাধনেন প্রাপ্তুমিষ্টং। অতএব অন্বধাবচ্চারণ্যমেব। গোপালনাদিক্রীড়য়া সর্ব্বতো ধাবন্নিব

গণের দুঃখনাশক এবং সংসারসাগরের পারকারক, তাহা আমি বন্দনা করি ॥ ১৫২ ॥

হে ধর্ম্মিষ্ঠ মহাপুরুষ! অন্যের পক্ষে ত্যাগ করা দুষ্কর এবং দেবগণেরও বাঞ্ছিত রাজ্য লক্ষ্মী পরিত্যাগ করিয়া, আপনি পিতৃবাক্যে অরণ্যে গমন করিয়াছিলেন এবং নিজ প্রিয়া সীতার সন্তোষার্থ মায়া

বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ১৫৩ ॥
বৈদিকানীদৃশান্যেব কৃষ্ণে পৌরাণিকান্যপি।
তান্ত্রিকাণি চ শস্তানি স্তোত্রাণ্যপি নবান্যপি ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায়াং ॥
অভ্রষ্টলক্ষণৈঃ কৃত্বা স্বয়ং বিরচিতাক্ষরৈঃ।
স্তবং ব্রাহ্মণশার্দ্দূলাস্তস্মাৎ কামানবাপ্নুয়াৎ ॥ ১৫৪ ॥
স্তুতিমাহাত্ম্যং বিষ্ণুধর্ম্মে ॥
সর্ব্বদেবেষু যৎ পুণ্যং সর্ব্ববেদেষু যৎ ফলং।
নরস্তৎ ফলমাপ্নোতি স্তুত্বা দেবং জনার্দ্দনং ॥

পরিবভ্রামেত্যর্থঃ ॥ ১৫৩ ॥

ঈদৃশানি এতাদৃশশ্রীগোকুললীলামৃতময়ানি বৈদিকানি কৃষ্ণস্তোত্রাণি শস্তানি ভবন্তি। যদ্বা। কৃষ্ণে শস্তানি তৎসুখকরাণীত্যর্থঃ। অভিনবানি আধুনিক-কবিনিবদ্ধানি ॥ ১৫৪ ॥

মৃগের অভিমুখে ধাবমান হইয়াছিলেন, অতএব আপনার চরণারবিন্দ বন্দনা করি ॥ ১৫৩ ॥

এই প্রকার বেদোক্ত, পুরাণোক্ত, তন্ত্রোক্ত এবং নব্য কবিগণ রচিত স্তোত্র সমুদায় শ্রীকৃষ্ণের প্রীতিসাধনে প্রশস্ত ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে হংসগীতায় ॥

হে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ! যাহার লক্ষণ ভ্রষ্ট হয় নাই, এরূপ স্বয়ং বিরচিত অক্ষর সমূহ দ্বারা ভগবানের স্তব করিলে, তিনি সমুদায় কামনা সফল করেন ॥ ১৫৪ ॥

স্তুতিমাহাত্ম্য ॥

বিষ্ণুধর্ম্মে ॥

সমুদায় দেবতার আরাধনা করিলে যে পুণ্য হয় এবং সমগ্র বেদ পাঠ করিলে যে ভল লাভ হয়, দেবশ্রেষ্ঠ জনার্দ্দনের স্তব করিলে সেই ফল লাভ হইয়া থাকে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

ন বিত্তদাননিচয়ৈর্বহুভির্মধুসূদনঃ।
তথা তোষমবাপ্নোতি যথা স্তোত্রৈর্দ্বিজোত্তমাঃ।

নারসিংহে ॥

স্তোত্রৈর্জপৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ।

হরিভক্তিসুধোদয়ে ॥

স্তবন্নমেয়মাহাত্ম্যং ভক্তিগ্রথিতরম্যবাক্।
ভবেদ্ব্রহ্মাদিদুর্ল্লভ্যং প্রভুকারুণ্যভাজনং ॥ ১৫৫ ॥

যথা নরস্য স্তবতো বালকস্যেব তুষ্যতি।
মুগ্ধবাক্যৈর্নহি তথা বিবুধানাং জগৎপিতা ॥ ১৫৬ ॥

ভক্ত্যা প্রেম্ণা গ্রথিতাঃ ক্রমেণ নিবদ্ধাঃ অতএব রম্যা বাগ্ যস্য সঃ। ব্রহ্মাদিদুর্ল্লভ্যং যৎ প্রভোর্ভগবতঃ কারুণ্যং তস্য ভাজনং বিষয়ঃ ॥ ১৫৫ ॥

বিবুধানাং দেবানাং বিদুষামপি বা ॥ ১৫৬ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! মধুসূদন স্তব দ্বারা যেরূপ পরিতুষ্ট হন্, বহু বহু ধন দান করিলে সেরূপ সন্তুষ্ট হয়েন না ॥

নৃসিংহপুরাণে ॥

যিনি স্তোত্র ও জপ দ্বারা মধুসূদনের অগ্রে স্তব করেন, তিনি সকল পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়েন ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক বিরচিত রমণীয় স্তুতি দ্বারা ভগবানের অপরিমেয় মাহাত্ম্য কীর্ত্তন করেন, ব্রহ্মাদি দেবগণ প্রভুর যে অনুগ্রহ লাভে বঞ্চিত হন্, তিনি সেই অনুগ্রহের পাত্র হইয়া থাকেন ॥ ১৫৫ ॥

বালকের ন্যায় স্তবকারি মনুষ্যগণের মুগ্ধবাক্যে জগৎপিতা যেরূপ প্রীত হয়েন, জ্ঞানিগণের বাক্যেও তাদৃশ সন্তুষ্ট হন্ না ॥ ১৫৬ ॥

অবলং প্রভুরীপ্সিতোন্নতিং কৃতযত্নং স্বযশঃস্তবে ঘৃণী।
স্বয়মুদ্ধরতি স্তনার্থিনং পদলগ্নং জননীব বালকং॥
স্কান্দে অমৃতসারোদ্ধারে॥
শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈর্যেষাং জিহ্বা স্বলঙ্কৃতা।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
স্তোত্রাণাং পরমং স্তোত্রং বিষ্ণোর্নামসহস্রকং।
হিত্বা স্তোত্রসহস্রাণি পঠনীয়ং মহামুনে।
তেনৈকেন মুনিশ্রেষ্ঠ পঠিতেন সদা হরিঃ।
প্রীতিমায়াতি দেবেশো যুগকোটিশতানি চেতি॥ ১৫৭॥
স্নানে যৎ স্তোত্রমাহাত্ম্যং লিখিতং লেখ্যমগ্রতঃ।

অবলং অশক্তং॥ ১৫৭॥
যদ্যপি স্নপনে সহস্রনামমাহাত্ম্যং লিখিতমস্তি তথাপি স্তোত্রেষু মধ্যে সহস্রনাম

জননী যেমন স্তনপানেচ্ছু পদলগ্ন বালককে উত্তোলন করিয়া স্বয়ং গ্রহণ করেন, তদ্রূপ দয়ালু প্রভু যত্নসহকারে স্তবকারি অশক্ত ব্যক্তিকে অভীষ্ট উন্নতি প্রদান করিয়া আশ্রয় দান করেন॥

স্কন্দপুরাণে অমৃতসারোদ্ধারে॥

যাঁহাদিগের জিহ্বা শ্রীকৃষ্ণের স্তব রূপ রত্নসমূহে অলঙ্কৃত হয়, তাঁহারা সিদ্ধ, মুনি ও দেবগণের বন্দনীয় হয়েন॥

ঐ স্কন্দপুরাণেই কার্ত্তিকমাহাত্ম্যে॥
শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে॥

হে মহামুনে! স্তোত্র সমূহের মধ্যে সহস্র স্তোত্র পরিত্যাগ করিয়া বিষ্ণুর সহস্র নাম রূপ উৎকৃষ্ট স্তোত্র পাঠ করিবে॥

হে মুনিশ্রেষ্ঠ! সেই একটীমাত্র সহস্র নাম স্তোত্র সর্ব্বদা পঠিত হইলে দেবেশ্বর শত কোটিযুগ পর্য্যন্ত প্রীতি লাভ করেন॥ ১৫৭॥

স্নান প্রকরণে যে স্তোত্র মাহাত্ম্য লিখিত হইয়াছে এবং পরে যে

যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যং সর্ব্বং জ্ঞেয়মিহাপি তৎ ॥ ১৫৮ ॥
তন্নিত্যতা চোক্তা বিষ্ণুধর্ম্মে ॥
নূনং তৎ কণ্ঠশালূকমথবা প্রতিজিহ্বিকা।
রোগো বান্যো ন সা জিহ্বা যা ন স্তৌতি হরের্গুণান্ ॥১৫৯॥
অথ বন্দনং ॥
প্রণমেদথ সাষ্টাঙ্গং তন্মুদ্রাঞ্চ প্রদর্শয়েৎ।
পঠেৎ প্রতিপ্রণামঞ্চ প্রসীদ ভগবন্নিতি ॥
তদুক্তমেকাদশে শ্রীভগবতা ॥
স্তবৈরুচ্চাবচৈস্তোত্রৈঃ পৌরাণৈঃ প্রাকৃতৈরপি।
স্তুত্বা প্রসীদ ভগবন্নিতি বন্দেত দণ্ডবৎ ॥ ১৬০ ॥

স্তোত্রস্য পরমশ্রৈষ্ঠ্যাপেক্ষয়া পুনরত্রোল্লিখিতং। যচ্চ কীর্ত্তনমাহাত্ম্যমগ্রতো লেখ্যং তৎ সর্ব্বং ইহ স্তুতিমাহাত্ম্যেঽপি জ্ঞেয়ং সর্ব্বষামেবৈষাং কীর্ত্তনরূপত্বাৎ ॥ ১৫৮ ॥
কণ্ঠশালূকং গলরোগবিশেষঃ ॥ ১৫৯ ॥
প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্লোকভাষানিবদ্ধৈরিতি বা ॥ ১৬০ ॥

কীর্ত্তন মাহাত্ম্য লিখিত হইবে, তৎসমুদায় মাহাত্ম্য এই স্তোত্র প্রকরণেও জানিবে ॥ ১৫৮ ॥

বিষ্ণুধর্ম্মে স্তোত্রের নিত্যতা উক্ত হইয়াছে ॥

যে জিহ্বা হরিগুণ কীর্ত্তন না করে, তাহা শালূক অর্থাৎ গলরোগ বিশেষ অথবা প্রতিজিহ্বা (আলজিহ্বা) কিম্বা অন্যবিধ রোগ ॥ ১৫৯॥

অথ বন্দন ॥

অনন্তর সাষ্টাঙ্গ প্রণাম ও তন্মুদ্রা প্রদর্শন করিবে এবং প্রত্যেক প্রণামেই এই পাঠ করিবে যে "হে ভগবন্! আপনি প্রসন্ন হউন" ॥

একাদশস্কন্ধে ২৭ অধ্যায়ে ৪২ শ্লোকে ভগবান্ বলিয়াছেন ॥

পৌরাণিক ও আধুনিক বিবিধ স্তব পাঠ করিয়া, হে ভগবন্! আপনি প্রসন্ন হউন, এই বলিয়া দণ্ডের ন্যায় পতিত হইয়া বন্দনা করিবে ॥১৬০

অথ প্রণামবিধিঃ। তত্রৈব ॥

শিরো মৎপাদয়োঃ কৃত্বা বাহুভ্যাঞ্চ পরস্পরং।
প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ ॥ ১৬১ ॥

কিঞ্চাগমে ॥

দোর্ভ্যাং পদ্ভ্যাঞ্চ জানুভ্যামুরসা শিরসা দৃশা।
মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ ॥ ১৬২ ॥
জানুভ্যাঞ্চৈব বাহুভ্যাং শিরসা বচসা ধিয়া।

বাহুভ্যাং দক্ষিণোত্তরাভ্যাং পরস্পরং মম দক্ষিণোত্তরপাদৌ গৃহীত্বা। যদ্বা। পরস্পরং নিবদ্ধাভ্যাং কৃতাপরাধ ইব প্রপন্নং পাহীত্যাদি বিজ্ঞাপ্য প্রণমেদিত্যর্থঃ ॥ ১৬১ ॥

প্রণামেঽষ্টাঙ্গানি দর্শয়তি পদ্ভ্যামিতি। পাদাদিভিঃ প্রণামঃ ক্রমেণ তত্তদঙ্গৈর্ভূম্যবষ্টম্ভনেন তৎসংস্পর্শনাৎ। দৃশা প্রণামঃ চক্ষুরীষন্নিমীলনাৎ। মনসা শিরো মৎপাদয়োঃ কৃত্বা ইত্যাদি ধ্যানেন। বচসা চ ভগবন্ প্রসীদেত্যাদিরূপেণোহঃ ॥ ১৬২ ॥

ইমৌ অষ্টাঙ্গপঞ্চাঙ্গপ্রণামৌ ॥ ১৬৩ ॥

অথ প্রণামবিধি ॥

ঐ একাদশস্কন্ধের ২৭ অধ্যায়ে ৪৩ শ্লোকে ॥

উভয় বাহু দ্বারা আমার চরণদ্বয় ধারণপূর্ব্বক মস্তক অবনত করিয়া এই বলিয়া প্রণাম করিবে যে, হে ঈশ! আমি মৃত্যুর আক্রমণ রূপ সাগর হইতে ভীত ও শরণাগত অতএব আমাকে রক্ষা করুন ॥ ১৬১ ॥

আরও আগমে ॥

বাহুদ্বয়, পদদ্বয়, জানুদ্বয়, বক্ষঃস্থল, মস্তক, দৃষ্টি, মন ও বাক্য এই অষ্ট অবয়ব দ্বারা প্রণাম অষ্টাঙ্গ শব্দে নিরূপিত হইয়াছে ॥

তাৎপর্য্য। চক্ষুর ঈষৎ নিমীলন দৃষ্টিগত প্রণাম, বাহু দ্বারা প্রভুর চরণ ধারণপূর্ব্বক অবনত মস্তকে প্রণত হইয়া রহিয়াছি, এই প্রকার ধ্যানই মানসিক প্রণাম। হে ভগবন্! আপনি প্রসন্ন হউন, ইত্যাদি বাক্যে স্তুতিই বাক্যগত প্রণাম ॥ ১৬২ ॥

জানুদ্বয়, বাহুদ্বয়, মস্তক, বাক্য ও বুদ্ধি এই পাঁচ অঙ্গ দ্বারা প্রণাম

পঞ্চাঙ্গকঃ প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমাবিতি ॥ ১৬৩ ॥
গরুড়ং দক্ষিণে কৃত্বা কুর্য্যাত্তৎপৃষ্ঠতো বুধঃ।
অবশ্যঞ্চ প্রণামাংস্ত্রীন্ শক্তশ্চেদধিকাধিকান্ ॥ ১৬৪ ॥
তথাচ নারদপঞ্চরাত্রে ॥
সন্ধিং বীক্ষ্য হরিং চাদ্যং গুরূন্ স্বগুরুমেব চ।
দ্বিচতুর্ব্বিংশদথবা চতুর্ব্বিংশত্তদর্দ্ধকং।
নমেত্তদর্দ্ধমথবা তদর্দ্ধং সর্ব্বথা নমেৎ ॥

গরুড়ং ভগবদভিমুখে বর্ত্তমানং দক্ষিণে কৃত্বেতি ভগবতঃ পুরোভাগে পৃষ্ঠদেশে বামেহত্যন্তনিকটে চ প্রণামনিষেধাৎ। তথা চাগ্রে লেখ্যং অগ্রে পৃষ্ঠে বামভাগ ইত্যাদি। ত্রীন্ প্রণামানবশ্যং কুর্য্যাৎ। যচ্চ নমস্কারেণ চৈকেনেত্যাদিকমগ্রে লেখ্যং তচ্চ মাহাত্ম্যপরতয়ৈব নতু বিধেয়ত্বেন। যথা একপ্রদক্ষিণায়া নিষিদ্ধত্বেঽপি প্রদক্ষিণেন চৈকেনেত্যাদিকমাহাত্ম্যপরমেব সঙ্গচ্ছতে অন্যথাতিবিরোধাৎ। শক্তশ্চেদ্ভবতি তর্হি ততোঽধিকান্ ষড়াদীন্ অষ্টচত্বারিংশদন্তান্। ততোপ্যধিকান্ অষ্টোত্তরশতাদীন্ কুর্য্যাৎ ॥ ১৬৪ ॥

সন্ধিং ভোজনশয়নাদ্যবসরং। বীক্ষ্য আলোচ্য। তদ্ব্যতিরিক্তকালে ইত্যর্থঃ। লোকে সদাচারানুসারতঃ। আদ্যং হরিং শ্রীকৃষ্ণং। গুরবশ্চোক্তাঃ কৌর্ম্মে। যো ভাবয়তি

পঞ্চাঙ্গ শব্দে নির্দ্দিষ্ট হইয়াছে, পূজা বিষয়ে এই পঞ্চাঙ্গ ও অষ্টাঙ্গ প্রণামই প্রশস্ত ॥ ১৬৩ ॥

পণ্ডিত ব্যক্তি প্রণামকালে ভগবানের সম্মুখস্থ গরুড়কে দক্ষিণদিকে রাখিয়া, তাঁহার পৃষ্ঠে অর্থাৎ বামভাগে প্রণাম করিবে অর্থাৎ প্রভুর অতি নিকটে প্রণাম অত্যন্ত নিষিদ্ধ। প্রণাম তিনবার অবশ্যই করিতে হইবে, কিন্তু সমর্থ হইলে তদপেক্ষা অধিকবার করিলেও হানি নাই ॥ ১৬৪ ॥

নারদপঞ্চরাত্রে ঐ বিষয় কথিত হইয়াছে ॥

শয়ন ভোজনাদি ব্যতিরিক্তকালে প্রথমতঃ হরিকে তদনন্তর গুরুগণকে অর্থাৎ পিতা, মাতা, বিদ্যাদাতা, জ্যেষ্ঠভ্রাতা এবং পতি এই পাঁচজন গুরুকে এবং নিজ গুরুকে অষ্টচত্বারিংশৎ বার, অথবা ষট্‌ত্রিংশৎবার কিম্বা অষ্টাদশবার অথবা নয়বার প্রণাম করিবে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

দেবার্চ্চাদর্শনাদেব প্রণমেন্মধুসূদনং।
স্থানাপেক্ষা ন কর্ত্তব্যা দৃষ্ট্বার্চ্চাং দ্বিজসত্তমাঃ।
দেবার্চ্চা দৃষ্টিপূতং হি শুচি সর্ব্বং প্রকীর্ত্তিতং ॥ ১৬৫ ॥

অথ নমস্কারমাহাত্ম্যং ॥

নারসিংহে ॥

নমস্কারঃ স্মৃতো যজ্ঞঃ সর্ব্বযজ্ঞেষু চোত্তমঃ।
নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥ ১৬৬ ॥

স্কান্দে ॥

দণ্ডপ্রণামং কুরুতে বিষ্ণবে ভক্তিভাবিতঃ।

যা স্মৃতে যেন বিদ্যোপদিশ্যতে। জ্যেষ্ঠো ভ্রাতা চ ভর্ত্তা চ পঞ্চৈতে গুরবঃ স্মৃতাঃ। ইতি তান্। দ্বিচতুর্বিংশদিতি অষ্টচত্বারিংশদিত্যর্থঃ ॥ ১৬৫ ॥

সর্ব্বেষু যজ্ঞেষু মধ্যে নমস্কারঃ উত্তমো যজ্ঞঃ দেবতারাধনং স্মৃতঃ স্মৃতিকৃদ্ভিঃ ॥ ১৬৬ ॥

রেণুসংখ্যামিতি দণ্ডপ্রণামাচরণে যাবন্তোরেণবো গাত্রৈঃ সংস্পৃশ্যন্তে তাবৎ সংখ্যং তেষাং প্রত্যেকং মন্বন্তরশতং বসেদিত্যর্থঃ। এবমসংখ্যত্বে তাৎপর্য্যং। স্বর্গে ঊর্দ্ধলোকে বসেদিতি

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! দেবপ্রতিমা দেখিলেই মধুসূদনকে প্রণাম করিবে, স্থানের অপেক্ষা করিবে না। দেবমূর্ত্তি দর্শনের পর যে কোন বস্তু অবলোকন করা যায় তৎসমুদায়ই পবিত্র বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ১৬৫ ॥

অথ নমস্কারমাহাত্ম্য ॥

নৃসিংহপুরাণে ॥

নমস্কার যজ্ঞ স্বরূপ এবং সমুদায় যজ্ঞের মধ্যে শ্রেষ্ঠ, কেবল এক নমস্কার দ্বারা মনুষ্য পবিত্র হইয়া হরিকে প্রাপ্ত হয় ॥ ১৬৬ ॥

স্কন্দপুরাণে ॥

যে ব্যক্তি ভক্তিভাবে দণ্ডের ন্যায় পতিত হইয়া বিষ্ণুকে প্রণাম

রেণুসংখ্যং বসেৎ স্বর্গে মন্বন্তরশতং নরঃ ॥ ১৬৭ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

প্রণম্য দণ্ডবদ্ ভূমৌ নমস্কারেণ যোঽর্চ্চয়েৎ।
স যাং গতিমবাপ্নোতি ন তাং ক্রতুশতৈরপি ॥
নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ ॥

তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥

ভূমিমাপীড্য জানুভ্যাং শির আরোপ্য বৈ ভুবি।
প্রণমেদ্যো হি দেবেশং সোঽশ্বমেধফলং লভেৎ ॥

তত্রৈবান্যত্র ॥

তীর্থকোটিসহস্রাণি তীর্থকোটিশতানি চ।
নারায়ণপ্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীং।

বৈকুণ্ঠপ্রাপ্তৌ কস্যচিৎ ক্রমগত্যপেক্ষয়া ॥ ১৬৭ ॥

নমস্কারমাত্রেণ যোঽর্চ্চয়েৎ প্রণামরূপমর্চ্চনং যঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৬৮ ॥

করে, প্রণামকালে যত গুলি ধূলি গাত্রে সংলগ্ন হয়, তত শত মন্বন্তর সে স্বর্গে বাস করে ॥ ২৬৭ ॥

ঐ স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে ॥

ভূমিতে দণ্ডের ন্যায় প্রণত হইয়া যে ব্যক্তি নমস্কার রূপ অর্চ্চনা করেন, তিনি যাদৃশ ফল প্রাপ্ত হয়েন, তাদৃশ ফল শত যজ্ঞের অনুষ্ঠান করিলেও প্রাপ্ত হওয়া যায় না। কেবল এক নমস্কারেই লোক পবিত্র হইয়া হরিকে প্রাপ্ত হয় ॥

ঐ স্কন্দপুরাণেরই শ্রীশিব ও উমাসম্বাদে ॥

ভূমিতে জানুদ্বয় নিপীড়ন করিয়া এবং মস্তক রাখিয়া যে ব্যক্তি দেবশ্রেষ্ঠ ভগবান্‌কে প্রণাম করে, সে অশ্বমেধযজ্ঞের ফলভাগী হয় ॥

ঐ স্কন্দপুরাণেরই অন্যস্থলে ॥

নারায়ণকে প্রণাম করিলে যে পুণ্য লাভ হয়, সহস্রকোটি ও শত-কোটি তীর্থে তাহার ষোড়শভাগের এক ভাগ ফল লাভ হয় না ॥

শাঠ্যেনাপি নমস্কারং কুর্ব্বতঃ শার্ঙ্গধন্বনে।
শতজন্মার্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥ ১৬৮ ॥
রেণুমণ্ডিতগাত্রস্য কণা দেহে ভবন্তি যৎ।
তাবদ্বর্ষসহস্রাণি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ১৬৯ ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
অভিবাদ্য জগন্নাথং কৃতার্থশ্চ তথা ভবেৎ।
নমস্কারক্রিয়া তস্য সর্ব্বপাপপ্রণাশিনী।
জানুভ্যাঞ্চৈব পাণিভ্যাং শিরসা চ বিচক্ষণঃ।
কৃত্বা প্রণামং দেবস্য সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥
বিষ্ণুপুরাণে ॥
অনাদিনিধনং দেবং দৈত্যদানবদারণং।
যে নমন্তি নরা নিত্যং ন হি পশ্যন্তি তে যমং।

কণা রেণুপরমাণবঃ। যদিত্যব্যয়ং যাবন্ত ইত্যর্থঃ। কলা যে ইতি পাঠেঽপি স এবার্থঃ ॥১৬৯

শার্ঙ্গধন্বা হরিকে শঠতা পূর্ব্বক নমস্কার করিলেও শত জন্মের পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥ ১৬৮ ॥

প্রণামকালে ধূলিধূষরিত অঙ্গে যত গুলি ধূলিকণা সংলগ্ন হয়, তত সহস্র বৎসর বিষ্ণুলোকে সম্মানিত হইয়া বাস করেন ॥ ১৬৯ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে ব্যক্তি জগন্নাথকে প্রণাম করেন, তিনি কৃতার্থ হয়েন এবং তাঁহার সমুদায় পাপ ধ্বংস হয় ॥

বিচক্ষণ ব্যক্তি জানুদ্বয়, হস্তদ্বয় এবং মস্তক দ্বারা ভগবান্‌কে প্রণাম করিলে সমুদায় কামনা প্রাপ্ত হয়েন ॥

বিষ্ণুপুরাণে ॥

আদ্যন্ত শূন্য, দৈত্যদানবহন্তা ভগবান্‌কে যাঁহারা নিত্য নমস্কার করেন, তাঁহাদিগকে আর যমদর্শন করিতে হয় না ॥

যে জনা জগতাং নাথং নিত্যং নারায়ণং দ্বিজাঃ।
নমন্তি ন হি তে বিষ্ণোঃ স্থানাদন্যত্র গামিনঃ॥
নারদীয়ে॥
একোঽপি কৃষ্ণস্য কৃতঃ প্রণামো দশাশ্বমেধাবভৃতৈ র্ন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায়॥
হরিভক্তিসুধোদয়ে॥
বিষ্ণোর্দণ্ডপ্রণামার্থং ভক্তেন পততা ভুবি।
পাতিতং পাতকং কৃৎস্নং নোত্তিষ্ঠতি পুনঃ স হ॥ ১৭০॥
পাদ্মে দেবহূতবিকুণ্ডলসম্বাদে॥
তপস্তপ্ত্বা নরো ঘোরমরণ্যে নিয়তেন্দ্রিয়ঃ।

সহ তেন পুনর্নোত্তিষ্ঠতি কদাচিদপি পশ্চাত্তস্য পাতকং ন স্যাদিত্যর্থঃ॥ ১৭০॥

হে দ্বিজগণ! যে সকল মনুষ্য জগৎপতি নারায়ণকে সর্ব্বদা নমস্কার করেন, তাঁহাদিগকে বিষ্ণুলোক হইতে আর অন্য লোকে যাইতে হয় না॥

নারদপুরাণে॥

কৃষ্ণকে একবার মাত্র প্রণাম করিলে যে ফল লাভ হয়, দশ অশ্বমেধের অবভৃথ স্নানেও তৎ সদৃশ ফল পাওয়া যায় না, দশ অশ্বমেধকারিকে পুনরায় সংসারে জন্ম গ্রহণ করিতে হয়, কিন্তু যে ব্যক্তি কৃষ্ণকে প্রণাম করেন, তাঁহার আর পুনর্জন্ম হয় না॥

হরিভক্তিসুধোদয়ে॥

বিষ্ণুকে দণ্ডবৎ প্রণাম করিবার সময় ভক্ত ব্যক্তি যখন ভূমিতলে পতিত হয়েন, তখন তাঁহার সমুদায় পাপও পাতিত অর্থাৎ বিনষ্ট হয়, উত্থানকালে তিনি আর পাপের সহিত উত্থিত হয়েন না, অর্থাৎ তাঁহার আর পাতক থাকে না॥ ১৭০॥

পদ্মপুরাণে দেবহূত ও বিকুণ্ডলসম্বাদে॥

মনুষ্য ইন্দ্রিয় সংযম পূর্ব্বক অরণ্যে নিয়ত দুষ্কর তপস্যা করিয়া

যৎ ফলং সমবাপ্নোতি তন্নত্বা গরুড়ধ্বজং।
কৃত্বাপি বহুশঃ পাপং নরো মোহসমন্বিতঃ।
ন যাতি নরকং নত্বা সর্ব্বপাপহরং হরিং॥
তত্রৈব বেদনিধিস্তুতৌ॥
অপি পাপং দুরাচারং নরং তৎপ্রণতং হরেঃ।
নেক্ষন্তে কিঙ্করা যাম্যা উলূকাস্তপনং যথা॥ ১৭১॥
বিষ্ণুপুরাণে শ্রীযমস্য নিজভটানুশাসনে॥
হরিমমরগণার্চ্চিতাঙ্ঘ্রিপদ্মং
প্রণমতি যঃ পরমার্থতো হি মর্ত্যঃ।
তমপগত-সমস্ত-পাপবন্ধং

নেক্ষন্তে ঈক্ষিতুমপি ন শক্নুবন্তীত্যর্থঃ॥ ১৭১॥
পরমার্থতঃ তত্ত্বতঃ অতএবাপগত-সমস্তপাপবন্ধং॥ ১৭২॥

যে ফল প্রাপ্ত হয়, গরুড়ধ্বজ ভগবান্‌কে নমস্কার করিলে সেই ফল পাওয়া যায়॥

যে ব্যক্তি বহু বহু পাপ করিয়া অজ্ঞানে অভিভূত থাকে, সে ব্যক্তি যদি সর্ব্বপাপহারি হরিকে নমস্কার করে তাহা হইলে তাহাকে আর নরকগামী হইতে হয় না॥

ঐ পদ্মপুরাণেই বেদনিধির স্তবে॥

পাপী ও দুরাচারী মনুষ্য যদি হরিকে প্রণাম করে, তাহা হইলে পেচকেরা যেরূপ সূর্য্যের অভিমুখে দৃষ্টি সঞ্চালন করিতে অক্ষম হয়, সেইরূপ যমের কিঙ্করেরাও তাহার প্রতি দৃষ্টিপাত করিতে পারে না॥ ১৭১॥

বিষ্ণুপুরাণে শ্রীযমের নিজ দূতগণের প্রতি উপদেশ কালে॥

দেবগণও যাঁহার চরণারবিন্দ অর্চ্চনা করেন, সেই হরিকে যে মানব ভক্তি পূর্ব্বক প্রণাম করেন, তাঁহার সমস্ত পাপ বিনষ্ট হয়,

ব্রজ পরিহৃত্য যথাগ্নিমাজ্যসিক্তং ॥ ১৭২ ॥

ব্রহ্মবৈবর্ত্তে ॥

শরণাগতরক্ষণোদ্যতং
হরিমীশং প্রণমন্তি যে নরাঃ।
ন পতন্তি ভবাম্বুধৌ স্ফুটং
পতিতানুদ্ধরতিস্ম তানসৌ ॥ ১৭৩ ॥

অষ্টমস্কন্ধেচ বলিবাক্যে ॥

অহো প্রণামায় কৃতঃ সমুদ্যমঃ
প্রপন্নভক্তার্থবিধৌ সমাহিতঃ।

পূর্ব্বং পশ্চাদ্বা কথঞ্চিদ্ভবাম্বুধৌ পতিতানপি সতঃ তান্ প্রণামকর্ত্তৃন্ অসৌ হরিরুদ্ধরতিস্ম উদ্দধার। যদ্বা। স্ম হেতৌ পতিতান্ ভ্রষ্টানপি তান্ নরানসাবুদ্ধরতি যতঃ তৎ কিং বক্তব্যং তৎপ্রণামকারিণো ন পতন্তীত্যর্থঃ ॥ ১৭৩ ॥

অহো ভগবন্ ত্বৎপ্রণামস্য মহিমা। যদর্থং কৃতঃ সমুদ্যম এব প্রপন্নানাং ত্বদেকনিষ্ঠভক্তানাং যোঽর্থস্তস্য বিধৌ অভক্তেঽপি ময়ি তস্য সম্পাদনে সমাহিতঃ অপ্রমত্তঃ স্থিতঃ কৃতঃ যৎ যেনোদ্যমেন লোকপালৈরমরৈঃ সত্ত্বপ্রধানৈরপ্যলব্ধ পূর্ব্বস্তদনুগ্রহঃ। অপসদে নীচে রাজসে ময্যর্পিতঃ। অয়ং ভাবঃ। পরমেশ্বরায় তুভ্যমহং বরাকস্ত্রিলোকীং দত্তবা-

অতএব হোমাগ্নির ন্যায় পবিত্র সেই মনুষ্যকে পরিত্যাগ করিয়া তোমরা অন্যত্র গমন করিবা ॥ ১৭২ ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ॥

যে সকল মানব শরণাগত রক্ষক ঈশ্বর হরিকে প্রণাম করেন, তাঁহারা সংসারসাগরে পতিত হয়েন না, অথবা যদি পরে পতিত হইবার সম্ভাবনা থাকে, তাহা হইলেও ভগবান্ তাহাদের উদ্ধার করেন ॥ ১৭৩ ॥

অষ্টমস্কন্ধে বলিবাক্যে ॥

হে ভগবন্! শরণাগত ভক্তগণের ন্যায় সাবধান হইয়া আমি আপনাকে প্রণাম করিবার নিমিত্ত কেবল উদ্যম মাত্র করিয়াছি কিন্তু

যল্লোকপালৈস্তদনুগ্রহোঽমরৈ-
রলব্ধপূর্ব্বোঽপসদে ঽসুরেঽর্পিতঃ ॥ ১৭৪ ॥
অতএব নারায়ণব্যূহস্তবে ॥
অহোভাগ্যমহোভাগ্যমহোভাগ্যং নৃণামিদং।
যেষাং হরিপদাব্জাগ্রে শিরোন্যস্তং যথা তথা ॥ ১৭৫ ॥
কিঞ্চ নারসিংহে শ্রীযমোক্তৌ ॥
তস্য বৈ নারসিংহস্য বিষ্ণোরমিততেজসঃ।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ।
ভবিষ্যোত্তরেচ জলধেনুপ্রসঙ্গে ॥

নিত্যেতদাস্তাং প্রণামোঽপি ন সম্যক্ কৃতঃ কিন্তু তদর্থমুদ্যমমাত্রং কৃতং তেন চ কর্ম্ম তপো দানাদি-কোটিভিরপ্যলভ্যস্বদনুগ্রহঃ সম্পাদিতঃ অহো তৎপ্রণামপ্রভাবাশ্চর্য্যত্বমিতি ॥ ১৭৪ ॥
যথা তথা যেন কেনাপি প্রকারেণেত্যর্থঃ ॥ ১৭৫ ॥
তেষাং তেভ্যোঽপি নমোনমঃ ভক্ত্যা বীপ্সা ॥ ১৭৬ ॥

বস্তুতঃ প্রণাম করি নাই, তথাপি আপনি এই অধম অসুরের প্রতি যে রূপ অনুগ্রহ প্রদর্শন করিয়াছেন, এতাদৃশ অনুগ্রহ পূর্ব্বে লোকপাল অমরগণও লাভ করিতে পারেন নাই ॥ ১৭৪ ॥

অতএব নারায়ণব্যূহ স্তবে কথিত হইয়াছে ॥

যে সকল মনুষ্যের মস্তক কোন রূপে হরিপাদপদ্মের অগ্রে অর্পিত থাকে, অহো! তাহাদের কি ভাগ্য, কি ভাগ্য! ॥ ১৭৫ ॥

আরও নৃসিংহপুরাণে ॥

শ্রীযমের বাক্যে ॥

যে সকল ব্যক্তি অমিততেজাঃ নৃসিংহরূপী সেই বিষ্ণুকে প্রণাম করেন, তাঁহাদিগকে নমস্কার নমস্কার ॥

ভবিষ্যপুরাণের উত্তরভাগেও
জলধেনুপ্রসঙ্গে ॥

বিষ্ণোর্দেবজগদ্ধাতু র্জনার্দ্দন জগৎপতে।
প্রণামং যে প্রকুর্ব্বন্তি তেষামপি নমোনমঃ ॥ ১৭৬ ॥
অথ প্রণামনিত্যতা ॥
বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে ॥
সকৃদ্বা ন নমেদ্যস্তু বিষ্ণবে শর্ম্মকারিণে।
শবোপমং বিজানীয়াৎ কদাচিদপি নালপেৎ ॥ ১৭৭ ॥
কিঞ্চ। পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসম্বাদে ॥
পশ্যন্তো ভগবদ্দ্বারং নামশস্ত্রপরিচ্ছদং।
অকৃত্বা তৎ প্রণামাদি যান্তি তে নরকৌকসঃ ॥ ১৭৮ ॥

অপ্যর্থে বা শব্দঃ। নালপেৎ তং ন সম্ভাষেত। নাস্তিকত্বাপত্তেঃ ॥ ১৭৭ ॥
নাম শ্রীকৃষ্ণাদি শস্ত্রং সুদর্শনাদি তাভ্যাং শোভিতমিত্যর্থঃ। ইতি ভগবদালয়লক্ষণমুক্তং। তস্য ভগবতঃ প্রণামং আদিশব্দেন দর্শনাদি অকৃত্বা যে যান্তি ॥ ১৭৮ ॥

জগতের ধারণ কর্ত্তা জনার্দ্দন জগৎপতি বিষ্ণুকে যাঁহারা প্রণাম করেন তাঁহাদিগকেও নমস্কার নমস্কার ॥ ১৭৬ ॥

অথ প্রণামের নিত্যতা ॥

বৃহন্নারদীয়পুরাণে লুব্ধকের উপাখ্যানের আরম্ভে ॥

যে ব্যক্তি মঙ্গলকারি বিষ্ণুকে একবার মাত্রও নমস্কার না করে তাহাকে শব তুল্য জানিবে এবং তাহার সহিত কখন আলাপও করিবে না ॥ ১৭৭ ॥

আরও পদ্মপুরাণে বৈশাখমাহাত্ম্যে
যম ও ব্রাহ্মণের কথোপকথনে ॥

যাহারা ভগবান্‌কে প্রণাম ও দর্শনাদি না করিয়া শ্রীকৃষ্ণাদি নাম ও সুদর্শনাদি অস্ত্রদ্বারা শোভমান দেবালয় কেবল দর্শন করিয়াই গমন করে, তাহারা নরকবাসী হয় ॥ ১৭৮ ॥

অথ নমস্কারে নিষিদ্ধানি ॥

বিষ্ণুস্মৃতৌ ॥

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ পুমান্ বৈ ধর্ম্মমাচরেৎ।
সর্ব্বং তন্নিষ্ফলং যাতি একহস্তাভিবাদনাৎ ॥

বারাহে ॥

বস্ত্রপ্রাবৃতদেহস্তু যো নরঃ প্রণমেত মাং।
শ্বিত্রী স জায়তে মূর্খঃ সপ্ত জন্মানি ভামিনি ॥

কিঞ্চান্যত্র ॥

অগ্রে পৃষ্ঠে তথা বামে সমীপে গর্ভমন্দিরে।
জপহোমনমস্কারান্নকুর্য্যাৎ কেশবালয়ে ॥ ১৭৯ ॥

অগ্রাদিকং ভগবত এব জ্ঞেয়ং। তত্র ন কুর্য্যাৎ। কেশবালয় ইতি আলয়ব্যতিরিক্ত-স্থানেতু কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৭৯ ॥

অথ নমস্কারে নিষিদ্ধ ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

যদি কেহ এক হস্তে ভগবান্‌কে অভিবাদন করে, তাহা হইলে সে ব্যক্তি জন্মাবধি যে কিছু ধর্ম্মাচরণ করে তৎসমুদায় নিষ্ফল হয় ॥

বরাহপুরাণে ॥

হে ভামিনি! যদি কোন মনুষ্য সর্ব্বাঙ্গ বস্ত্রে আচ্ছাদন করিয়া আমাকে প্রণাম করে, তাহা হইলে সে সপ্ত জন্ম শ্বিত্রী অর্থাৎ ধবল কুষ্ঠরোগী ও মূর্খ হয় ॥

আরও অন্যস্থলে ॥

কেশবমন্দিরে, ভগবানের সম্মুখে, পশ্চাদ্ভাগে, বামভাগে, নিকটে এবং মন্দিরের মধ্যে জপ, হোম ও নমস্কার করিবে না ॥ ১৭৯ ॥

আরও বলি ॥

অপিচ ॥

সকৃদ্ভূমৌ নিপতিতো ন শক্তঃ প্রণমেন্মুহুঃ।
উত্থায়োত্থায় কর্ত্তব্যং দণ্ডবৎপ্রণিপাতনমিতি ॥ ১৮০ ॥

অথ প্রদক্ষিণা ॥

ততঃ প্রদক্ষিণাং কুর্য্যাৎ ভক্ত্যা ভগবতো হরেঃ।
নামানি কীর্ত্তয়ন্ শক্তো তাঞ্চ সাষ্টাঙ্গবন্দনাং ॥
প্রদক্ষিণাসংখ্যা চোক্তা নারসিংহে ॥
একাং চণ্ড্যাং রবৌ সপ্ত তিস্রো দদ্যাদ্বিনায়কে।
চতস্রঃ কেশবে দদ্যাৎ শিবে ত্বর্দ্ধপ্রদক্ষিণাং ॥ ১৮১ ॥

অথ প্রদক্ষিণমাহাত্ম্যং বারাহে ॥

প্রদক্ষিণাং যে কুর্ব্বন্তি ভক্তিযুক্তেন চেতসা।

শক্তশ্চেত্তর্হি ভূমৌ সকৃন্নিপতিতঃ সন্ শিরশ্চালনাদিমাত্রেণ মুহুর্ন প্রণমেৎ। নন্থ তর্হি কথং প্রণমেত্তদাহ। উত্থায়েতি ॥ ১৮০ ॥

শক্তৌ সত্যাঞ্চ তাং প্রদক্ষিণাং অষ্টাঙ্গেন বন্দনেন প্রণামেন সহিতাং কুর্য্যাৎ ॥ ১৮১ ॥

সমর্থ হইলে একবার মাত্র ভূমিতে পতিত হইয়া বারম্বার প্রণাম করিবে না, প্রত্যেক বারে উঠিয়া দণ্ডবৎ প্রণাম করিবে ॥ ১৮০ ॥

অথ প্রদক্ষিণা অর্থাৎ পরিক্রমা ॥

তদনন্তর ভক্তিপূর্ব্বক ভগবান্ হরিকে প্রদক্ষিণ ও তদীয় নাম কীর্ত্তন করিবে এবং সমর্থ হইলে অষ্টাঙ্গ দ্বারা প্রণাম পূর্ব্বক প্রদক্ষিণ করিবে ॥

নৃসিংহপুরাণে প্রদক্ষিণ করিবার সংখ্যা কথিত হইয়াছে যথা ॥

চণ্ডীকে একবার, সূর্য্যকে সাতবার, গণেশকে তিনবার, বিষ্ণুকে চারিবার এবং শিবকে অর্দ্ধবার প্রদক্ষিণ করিবে ॥ ১৮১ ॥

প্রদক্ষিণমাহাত্ম্য বরাহপুরাণে ॥

যাঁহারা ভক্তিযুক্ত চিত্তে বিষ্ণুকে প্রদক্ষিণ করেন, তাঁহারা যমালয়ে

ন তে যমপুরং যান্তি যান্তি পুণ্যকৃতাং গতিং ॥ ১৮২ ॥
যস্ত্রিঃ প্রদক্ষিণং কুর্য্যাৎ সাষ্টাঙ্গকপ্রণামকং।
দশাশ্বমেধস্য ফলং প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ ॥
স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
বিষ্ণোর্বিমানং যঃ কুর্য্যাৎ সকৃদ্ভক্ত্যা প্রদক্ষিণং।
অশ্বমেধসহস্রস্য ফলমাপ্নোতি মানবঃ ॥ ১৮৩ ॥
তত্রৈব চাতুর্মাস্যমাহাত্ম্যে ॥
চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য তত্তীর্থগমনাধিকমিতি ॥ ১৮৪ ॥
তত্রৈবান্যত্র ॥
প্রদক্ষিণন্তু যঃ কুর্য্যাৎ হরিং ভক্ত্যা সমন্বিতঃ।

পুণ্যমত্র ভক্তিলক্ষণং তৎকৃতাং ভক্তানামিত্যর্থঃ ॥ ১৮২ ॥
বিমানমিব বিমানং প্রাসাদং রথং বা ॥ ১৮৩ ॥
ক্রান্তং পরিক্রান্তং ভ্রমী প্রদক্ষিণা। তীর্থগমনাদধিকং ॥ ১৮৪ ॥

গমন করেন না, ভক্তগণের গতি প্রাপ্ত হয়েন ॥ ১৮২ ॥

যে ব্যক্তি অষ্টাঙ্গে প্রণাম করিয়া ভগবান্‌কে তিনবার প্রদক্ষিণ করেন, তিনি দশ অশ্বমেধের ফল প্রাপ্ত হয়েন, ইহাতে সংশয় নাই ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

যদি কোন ব্যক্তির প্রায়শ্চিত্ত কি অঘমর্ষণমন্ত্র জপ করিবার

সোঽপি পাদোদকং পীত্বা শুদ্ধিং প্রাপ্নোতি তৎক্ষণাৎ।
অশৌচং নৈব বিদ্যেত সূতকে মৃতকেঽপি চ।
যেষাং পাদোদকং মূর্দ্ধ্নি প্রাশনং যে চ কুর্ব্বতে।
অন্তকালেঽপি যস্যেহ দীয়তে পাদয়োর্জলং।
সোঽপি তদ্গতিমাপ্নোতি সদাচারৈর্বহিষ্কৃতঃ॥ ১৪॥
অপেয়ং পিবতে যস্তু ভুঙ্‌ক্তে যশ্চাপ্যভোজনং।
অগম্যাগমনা যে বৈ পাপাচারাশ্চ যে নরাঃ।
তেঽপি পূজ্যা ভবন্ত্যাশু সদ্যঃ পাদাম্বুসেবনাৎ॥
কিঞ্চ॥
অপবিত্রং যদন্নং স্যাৎ পানীয়ঞ্চাপি পাপিনাং।
ভুক্ত্বা পীত্বা বিশুদ্ধঃ স্যাৎ পীত্বা পাদোদকং হরেঃ॥ ১৫॥

সদাচারৈর্বহিষ্কৃতোঽপি চেৎ॥ ১৪॥
অভোজনং অভক্ষ্যং॥ ১৫॥

প্রয়োজন হইয়া থাকে, তাহা হইলে তিনি পাদোদক পান করিলেই তৎক্ষণমাত্রে শুদ্ধি লাভ করেন॥

যাঁহারা পাদোদক মস্তকে ধারণ ও ভক্ষণ করেন, তাঁহাদের জননাশৌচ কি মৃতাশৌচ হয় না॥

চিরকাল পাপাচারিকে অন্ততঃ অন্তকালেও যদি পাদোদক পান করান যায়, তাহা হইলে সে ব্যক্তিও সদ্গতি লাভ করে॥ ১৪॥

যে ব্যক্তি অপেয় পান করে, যে অভক্ষ্য ভোজন করে, যাহারা অগম্যা গমন করে এবং পাপ করাই যাহাদিগের স্বভাব, তাহারাও পাদোদক সেবন করিলে তৎক্ষণমাত্রে পূজনীয় হয়॥

আরও॥

যে ব্যক্তি পাপিদিগের অপবিত্র অন্ন ও জলপান করিয়াছে, সে বিষ্ণুপাদোদক পান করিলে শুদ্ধি লাভ করে॥ ১৫॥

তপ্তকৃচ্ছ্রাৎ পঞ্চগব্যান্মহাকৃচ্ছ্রাদ্বিশিষ্যতে।
চান্দ্রায়ণাৎ পারকৃচ্ছ্রাৎ পরাকাদপি সুব্রত।
কায়শুদ্ধির্ভবত্যাশু পীত্বা পাদোদকং হরেঃ ॥ ১৬ ॥
অগুরুং কুঙ্কুমঞ্চাপি কর্পূরঞ্চানুলেপনং।
বিষ্ণুপাদাম্বুসংলগ্নং তদ্বৈ পাবনপাবনং।
দৃষ্টিপূতন্তু যত্তোয়ং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা।
তদ্বৈ পাপহরং পুত্র কিং পুনঃ পাদয়োর্জলং।
এতদর্থমহং পুত্র শিরসা বিষ্ণুতৎপরঃ।
ধারয়ামি পিবাম্যদ্য মাহাত্ম্যং বিদিতং মম ॥ ১৭ ॥
প্রিয়স্ত্বমগ্রজঃ পুত্রস্তদর্থং গদিতং ময়া।

তপ্তকৃচ্ছ্র মহাকৃচ্ছ্রাদিকং নাম ব্রতবিশেষঃ ॥ ১৬ ॥
বিষ্ণুনা কর্ত্তৃা দৃষ্ট্যা কৃত্বা পূতং পাবিতমিত্যর্থঃ। যদ্বা। বিষ্ণুনা বিষ্ণোরিত্যর্থঃ ॥১৭॥
অনর্হস্য অযোগ্যস্য অবৈষ্ণবস্যেত্যর্থঃ তং প্রতি ন বক্তব্যং ॥ ১৮ ॥

হে সুব্রত! কি পঞ্চগব্য, কি তপ্তকৃচ্ছ্র, কি মহাকৃচ্ছ্র, কি চান্দ্রায়ণ, কি পারকৃচ্ছ্র বা পরাকব্রত, বিষ্ণুপাদোদক সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, পান করিবামাত্র দেহ পবিত্র হয় ॥ ১৬ ॥

অগুরু, কুঙ্কুম, কর্পূর কি চন্দনাদি অনুলেপন দ্রব্য, যদি বিষ্ণুপাদোদক সংলগ্ন হয়, তাহা হইলে তাহা পবিত্রবস্তুকেও পবিত্র করে ॥

হে পুত্র! যে জলে ভগবান্ বিষ্ণুর দৃষ্টিপাত হয়, তাহাই যখন পবিত্র হইয়া পাপ নাশ করে। তখন আর বিষ্ণুপাদোদকের মাহাত্ম্য অধিক কি বলিব ॥

বৎস! এই জন্য আজ আমি বিষ্ণুতে ভক্তিমান্ হইয়া পাদোদক ধারণ ও পান করিতেছি, আমি ইহার মাহাত্ম্য জানি ॥ ১৭ ॥

তুমি আমার প্রিয়তম জ্যেষ্ঠপুত্র, এই কারণ তোমাকে আমার গোপনীয় কথা বলিলাম, যে ব্যক্তি অপাত্র, তাহার নিকট কখন ব্যক্ত

রহস্যং মে ত্বনর্হস্য ন বক্তব্যং কদাচন ॥ ১৮ ॥
ধারয়স্ব সদা মূর্দ্ধ্নি প্রাশনং কুরু নিত্যশঃ।
জন্মমৃত্যুজরাদুঃখৈর্মোক্ষং যাস্যসি পুত্রক ॥
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
সদ্যঃ ফলপ্রদং পুণ্যং সর্ব্বপাপবিনাশনং।
সর্ব্বমঙ্গলমঙ্গল্যং সর্ব্বদুঃখবিনাশনং।
দুঃস্বপ্ননাশনং পুণ্যং বিষ্ণুপাদোদকং শুভং।
সর্ব্বোপদ্রবহন্তারং সর্ব্বব্যাধিবিনাশনং ॥ ১৯ ॥
সর্ব্বোৎপাতপ্রশমনং সর্ব্বতাপনিবারণং।
সর্ব্বকল্যাণসুখদং সর্ব্বকামফলপ্রদং।
সর্ব্বসিদ্ধিপ্রদং ধন্যং সর্ব্বধর্ম্মবিবর্দ্ধনং।
সর্ব্বশত্রুপ্রশমনং সর্ব্বভোগপ্রদায়কং।
সর্ব্বতীর্থস্য ফলদং মূর্দ্ধ্নি পাদাম্বুধারণং।

হন্তারমিত্যার্ষং হন্তৃ ॥ ১৯ ॥

করিবা না ॥ ১৮ ॥

পুত্র! পাদোদক নিত্য ধারণ ও পান কর, তাহা হইলে জরা, মৃত্যু ও দুঃখ সমূহ হইতে মুক্ত হইবা ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

বিষ্ণুর শুভ পাদোদক পবিত্র, আশু ফল প্রদান করে, সমস্ত পাপ বিনাশ করে, ইহা সমস্ত মঙ্গল বস্তুর মঙ্গল স্বরূপ, ইহাতে সর্ব্বদুঃখ নিবারণ হয়, দুঃস্বপ্ন দোষ নাশ করে, সর্ব্ব উপদ্রব শান্তি করে, সকল ব্যাধি বিনাশ করে ॥ ১৯ ॥

মস্তকে বিষ্ণুর পাদোদক ধারণ করিলে সমুদায় উৎপাত শান্তি, সমস্ত দুঃখ নিবারণ, সর্ব্ব প্রকার কল্যাণ ও সুখোৎপত্তি, সর্ব্বকামনার ফলপ্রাপ্তি, সর্ব্ব সিদ্ধি লাভ করে, যশঃ প্রাপ্তি, সর্ব্ব ধর্ম্ম বৃদ্ধি, সর্ব্ব শত্রু বিনাশ, সর্ব্ব ভোগ লাভ ও সর্ব্ব তীর্থের ফল প্রাপ্ত হইয়া থাকে ॥

প্রয়াগস্য প্রভাসস্য পুষ্করস্য চ সেবনে।
পৃথূদকস্য তীর্থস্য আচান্তো লভতে ফলং ॥ ২০ ॥
চক্রতীর্থে ফলং তাদৃক্ যাদৃক্ পাদাম্বুধারণাৎ।
সরস্বত্যাং গয়ায়াঞ্চ গত্বা যৎ প্রাপ্নুয়াৎ ফলং।
তৎফলং লভতে শ্রেষ্ঠং মূর্দ্ধ্নি পাদাম্বুধারণাৎ ॥
স্কান্দে ॥
পাদোদকস্য মাহাত্ম্যং দেবো জানাতি শঙ্করঃ।
বিষ্ণুপাদচ্যুতা গঙ্গা শিরসা যেন ধারিতা।
স্থানং নৈবাস্তি পাপস্য দেহিনাং দেহমধ্যতঃ ॥ ২১ ॥
সবাহ্যাভ্যন্তরং যস্য ব্যাপ্তং পাদোদকেন বৈ।
পাদোদং বিষ্ণুনৈবেদ্যমুদরে যস্য তিষ্ঠতি।

স্বেবনে যৎফলং তৎ। আচান্তঃ কৃতপাদোদকাচমনঃ ॥ ২০ ॥
দেহিনাং মধ্যে তস্যৈকস্য দেহমধ্যে পাপস্য স্থানং নৈবাস্তি দেহিনঃ ইতি বা পাঠঃ ॥২১॥

প্রয়াগ, প্রভাস, পুষ্কর ও পৃথূদক-তীর্থের জল পান করিলে যে ফল হয়, বিষ্ণুপাদোদক পান করিলে সেই ফল লাভ হয় ॥ ২০ ॥

আর চক্রতীর্থে যে রূপ ফল জন্মায়, বিষ্ণুর পাদাম্বু ধারণ করিলেও সেই ফল হইয়া থাকে ॥

সরস্বতী ও গয়ায় গিয়া যে পুণ্য লাভ করিবে, বিষ্ণুর পাদাম্বু ধারণ করিলেও সেই উৎকৃষ্ট ফল প্রাপ্ত হইবে ॥

স্কন্দপুরাণে ॥

দেব শঙ্করই পাদোদকের মাহাত্ম্য জানেন, যে হেতু তিনি বিষ্ণুর পাদচ্যুত গঙ্গাকে মস্তকে ধারণ করিতেছেন ॥

দেহির মধ্যে কেবল তাঁহারই দেহে পাপ নাই ॥ ২১ ॥

যাঁহার দেহে পাদোদক ব্যাপ্ত, তিনি বাহ্যাভ্যন্তরে শুচি ॥

যাঁহার উদরে বিষ্ণুর পাদোদক ও নৈবেদ্য থাকে, তাঁহার শরীরে পাপ স্থান পায় না, পাপ আপনা হইতেই দূরে পলায়ন করে ॥

নাশ্রয়ং লভতে পাপং স্বয়মেব বিনশ্যতি।
মহাপাপগ্রহগ্রস্তো ব্যাপ্তোরোগশতৈর্যদি ॥ ২২ ॥
হরেঃ পাদোদকং পীত্বা মুচ্যতে নাত্র সংশয়ঃ।
শিরসা তিষ্ঠতে যেষাং নিত্যং পাদোদকং হরেঃ।
কিং করিষ্যন্তি তে লোকে তীর্থকোটি মনোরথৈঃ।
অয়মেব পরোধর্ম্ম ইদমেব পরন্তপঃ।
ইদমেব পরং তীর্থং বিষ্ণুপাদাম্বু যৎ পিবেৎ ॥
তত্রৈব শ্রীশিবোমাসম্বাদে ॥
বিলয়ং যান্তি পাপানি পীতে পাদোদকে হরেঃ।
কিং পুনর্বিষ্ণুপাদোদং শালগ্রামশিলাচ্যুতং।
বিশেষেণ হরেৎ পাপং ব্রহ্মহত্যাদিকং প্রিয়ে।

বাহ্যং মস্তকাদি তেন সহিতমাভ্যন্তরং জঠরান্তর্নাড্যাদি তত্র বাহ্যং মস্তকাদৌ ধারণেন। অভ্যন্তরঞ্চ পানেন ব্যাপ্তমিত্যর্থঃ ॥ ২২ ॥

হরেঃ প্রতিমারূপস্যেত্যর্থঃ। কিং পুনরিতি প্রতিমাতঃ শ্রীশালগ্রামশিলায়াঃ মাহাত্ম্য-বিশেষাভিপ্রায়েণ। অতএবাহ বিশেষেণেতি সমূলং সর্ব্বমেবেত্যর্থঃ। যদ্বা। হরেঃ পাদো-

মহাপাপ গ্রহগ্রস্ত, শত শত পীড়ায় পীড়িত ব্যক্তিও যদি হরির পাদোদক পান করে ॥ ২২ ॥

তাহা হইলে কষ্ট হইতে মুক্তি পায়, তাহাতে সন্দেহ নাই ॥

যাঁহাদিগের মস্তকে সর্ব্বদা হরির পাদোদক থাকে, তাঁহারা কোটি তীর্থের কামনা করিবেন কেন ? ॥

বিষ্ণুপাদোদক পানই পরম ধর্ম্ম, ইহাই পরম তপস্যা, ইহাই পরম তীর্থ ॥

ঐ স্কন্দপুরাণেই শিব ও উমা সম্বাদে ॥

হরি প্রতিমার পাদোদক পান করিলে সমস্ত পাপ বিনষ্ট হয়, শালগ্রামশিলাবিগলিত পাদোদকের মাহাত্ম্য আর কি বলিব। প্রিয়ে!

পীতে পাদোদকে বিষ্ণোর্যদি প্রাণৈর্বিমুচ্যতে।
হত্বা যমভটান্ সর্ব্বান্ বৈষ্ণবং লোকমাপ্নুয়াৎ॥
তত্রৈব শ্রীশিবকার্ত্তিকেয়সম্বাদে॥
শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যে॥
ছিন্নস্তেন মহাসেন গর্ব্ভবাসঃ সুদারুণঃ।
পীতং যেন সদা বিষ্ণোঃ শালগ্রামশিলাজলং।
যে পিবন্তি নরা নিত্যং শালগ্রামশিলাজলং।
পঞ্চগব্যসহস্রৈস্তু প্রাশিতৈঃ কিং প্রয়োজনং।
প্রায়শ্চিত্তে সমুৎপন্নে কিং দানৈঃ কিমুপোষণৈঃ।
চান্দ্রায়ণৈশ্চ তীর্থৈশ্চ পীত্বা পাদোদকং শুচি॥
বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে॥

দকে গঙ্গাজলরূপে। অন্যৎ সমানং॥ ২৩॥

শালগ্রামশিলার চরণোদক ব্রহ্মহত্যাদি পাপ বিশেষরূপে নাশ করে॥

বিষ্ণুর পাদোদক পান করিয়া যদি প্রাণত্যাগ করে, তাহা হইলে সমস্ত যমদূতকে প্রহার করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়॥

ঐ স্কন্দপুরাণেই শিব ও কার্ত্তিকেয়ের সম্বাদে॥

শ্রীশালগ্রামশিলার মাহাত্ম্যপ্রস্তাবে॥

হে কার্ত্তিকেয়! যিনি নিত্য শালগ্রামশিলার জলপান করিয়াছেন, তিনি ভয়ানক-গর্ব্ভবাস-যন্ত্রণা ছেদন করিয়াছেন॥

যে সকল মনুষ্য নিত্য শালগ্রামশিলার জল পান করেন, তাঁহাদিগের সহস্র পঞ্চগব্য পান করিবার প্রয়োজন কি?॥

প্রায়শ্চিত্ত করিবার আবশ্যক হইলে দান, উপবাস, চান্দ্রায়ণ বা তীর্থসেবা করিবার কোন প্রয়োজন নাই, যদি পবিত্র বিষ্ণুপাদোদক পান করেন॥

বৃহন্নারদীয়পুরাণে॥
লুব্ধকোপাখ্যানের আরম্ভে॥

হরিপাদোদকং যস্তু ক্ষণমাত্রঞ্চ ধারয়েৎ।
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু বিষ্ণোঃ প্রিয়তরস্তথা।
অকালমৃত্যুশমনং সর্ব্বব্যাধিবিনাশনং।
সর্ব্বদুঃখোপশমনং হরিপাদোদকং শুভং॥
তত্রৈব তদুপাখ্যানান্তে॥
হরিপাদোদকস্পর্শাল্লুব্ধকো বীতকল্মষঃ।
দিব্যং বিমানমারুহ্য মুনিমেনমথাব্রবীৎ।
হরিপাদোদকং যস্মান্ময়ি ত্বং ক্ষিপ্তবান্ মুনে।
প্রাপিতোঽস্মি ত্বয়া তস্মাত্তদ্বিষ্ণোঃ পরমং পদং॥
হরিভক্তিসুধোদয়ে॥
পাদং পূর্ব্বং কিল স্পৃষ্ট্বা গঙ্গাভূৎ স্মর্ত্তৃমোক্ষদা।
বিষ্ণোঃ সদ্যস্তু তৎসঙ্গি পাদাম্বু কথমীড্যতে।

যিনি এক ক্ষণমাত্র হরিচরণামৃত ধারণ করেন, তাঁহার সর্ব্বতীর্থে স্নান করা হয় এবং তিনি হরির অতিশয় প্রিয় হইয়া থাকেন॥

হরিপাদোদক পবিত্র স্বরূপ, ইহা অকাল মৃত্যু, সর্ব্ব ব্যাধি ও সর্ব্বপ্রকার দুঃখ বিনাশ করেন॥

ঐ বৃহন্নারদীয়ে ঐ আখ্যানের শেষে॥

হরির পাদোদক স্পর্শ হেতু ব্যাধ পাপ হইতে মুক্ত হইয়া দিব্য বিমানে আরোহণ করিয়া মুনিকে কহিল, মুনে! আপনি যে আমার শরীরে হরিপাদোদক নিক্ষেপ করিয়াছেন, তাহাতেই আপনার দ্বারা আমি বিষ্ণুর প্রসিদ্ধ শ্রেষ্ঠধাম প্রাপ্ত হইলাম॥

হরিভক্তিসুধোদয়ে॥

পূর্ব্বকালে গঙ্গা বিষ্ণুর পাদস্পর্শ করিয়া স্মরণকর্ত্তার সদ্যঃ মোক্ষদাত্রী হইয়াছেন, অতএব চরণসম্বন্ধি পাদোদককে আমি কি প্রকারে স্তব করিব?॥

তাপত্রয়ানলো যোঽসৌ ন শাম্যেৎ সকলাব্ধিভিঃ।
দ্রুতং শাম্যতি সোঽল্পেন শ্রীমদ্বিষ্ণুপদাম্বুনা ॥ ২৩ ॥
যুদ্ধাস্ত্রাভেদ্যকবচং ভবাগ্নিস্তম্ভনৌষধং।
সর্ব্বাঙ্গৈঃ সর্ব্বথা ধার্য্যং পাদ্যং শুচিপদঃ সদা।
অমৃতত্বাবহং নিত্যং বিষ্ণুপাদাম্বু যঃ পিবেৎ।
স পিবত্যমৃতং নিত্যং মাসে মাসে তু দেবতাঃ।
মাহাত্ম্যমিয়দিত্যস্য বক্তা যোঽপি স নির্ভয়ঃ।
নন্বনর্ঘ্যমণের্মূল্যং কল্পয়ন্নঘমশ্নুতে ॥
অন্যত্রাপি ॥
স ব্রহ্মচারী স ব্রতী আশ্রমী চ সদা শুচিঃ।
বিষ্ণুপাদোদকং যস্য মুখে শিরসি বিগ্রহে।

সর্ব্বাঙ্গৈরিতি নাভেরূর্দ্ধাঙ্গৈরিতি জ্ঞেয়ং ॥ ২৪ ॥

যত সমুদ্র আছে, তৎসমুদায়ও যে তাপত্রয় রূপ অগ্নিকে নির্ব্বাণ করিতে সমর্থ হয় না, সেই অগ্নি অল্পমাত্র শ্রীমদ্বিষ্ণুপাদোদক দ্বারাই শীঘ্র নির্ব্বাপিত হয় ॥ ২৩ ॥

পবিত্র হরিচরণারবিন্দের পাদ্য যুদ্ধাস্ত্রের পক্ষে দুর্ভেদ্য কবচ-স্বরূপ, ইহা সংসারাগ্নির স্তম্ভনকারি ঔষধ বিশেষ, অতএব সর্ব্বদা নাভির ঊর্দ্ধাঙ্গে বিষ্ণুপাদোদক ধারণ করিবে ॥

দেবতারা মাসে মাসে অমৃত ভক্ষণ করিয়া থাকেন, কিন্তু দেবত্ব সাধক পাদোদক যিনি নিত্য পান করেন, তাঁহার নিত্য অমৃত পান করা হয় ॥

পাদোদকের এতাবন্মাত্র মাহাত্ম্যও যিনি কীর্ত্তন করেন, তাঁহারও ভয় থাকে না। কিন্তু যিনি এই চরণামৃত রূপ অমূল্য মণির মূল্য অর্থাৎ ফলের পরিমাণ করেন, তাঁহাকে পাপভাগী হইতে হয় ॥

অন্য স্থলেও ॥

যাহার মুখে, মস্তকে ও শরীরে বিষ্ণুর পাদোদক থাকে, তিনিই

জন্মপ্রভৃতিপাপানাং প্রায়শ্চিত্তং যদীচ্ছতি।
শালগ্রামশিলাবারি পাপহারি নিষেব্যতাং ॥ ২৪ ॥
অতএব তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥
শ্রীব্রহ্মণোক্তং ॥
পীঠপ্রণালাদুদকং পৃথগাদায় পুত্রক।
সিঞ্চয়েন্মূর্দ্ধ্নি ভক্তানাং সর্ব্বতীর্থময়ং হি তদিতি ॥ ২৫ ॥
পাদোদকস্য মাহাত্ম্যং বিখ্যাতং সর্ব্বশাস্ত্রতঃ।
লিখিতুং শক্নুয়াৎ কো হি সিন্ধূর্মীন্ গণয়ন্নপি ॥
বিশেষতশ্চ পাদোদং তুলসীদলসংযুতং।
শঙ্খে কৃত্বা বৈষ্ণবেভ্যো দত্ত্বা প্রাশ্নং পিবেৎ স্বয়ং ॥

পীঠং শ্রীভগবদাসনং। তস্য প্রণালাৎ ॥ ২৫ ॥
প্রাশ্নমিতি তন্মন্ত্রোচ্চারণাদিবিধিনেত্যর্থঃ ॥ ২৬ ॥

ব্রহ্মচারী, তিনিই ব্রতচারী, তিনিই আশ্রমী, তিনিই সর্ব্বদা শুচি ॥

আজন্ম যে সকল পাপ করিয়াছে, তাহার যদি প্রায়শ্চিত্ত করিতে ইচ্ছা করে, তাহা হইলে পাপহারি শালগ্রামশিলার জল সেবন করুক ॥ ২৪ ॥

এই কারণেই তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥

শ্রীব্রহ্মা কহিয়াছেন ॥

পুত্র! বিষ্ণুর পীঠের প্রণালী হইতে জল গ্রহণ করিয়া ভক্তজনের মস্তকে সিঞ্চন করিবে, ঐ জল সর্ব্বতীর্থময় ॥ ২৫ ॥

পাদোদকের মাহাত্ম্য সর্ব্বশাস্ত্রেই বিখ্যাত আছে, বরং সমুদ্রের তরঙ্গ গণনা করা যায়, কিন্তু পাদোদকের মাহাত্ম্য লিখিতে কে সমর্থ হইবে? ॥

বিশেষতঃ তুলসীপত্রসংযুক্ত পাদোদক শঙ্খে করিয়া মন্ত্রোচ্চারণাদি পূর্ব্বক বৈষ্ণবদিগকে দান ও স্বয়ং পান করিবে ॥

অথ শঙ্খকৃতপাদোদকমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

কৃত্বা পাদোদকং শঙ্খে বৈষ্ণবানাং মহাত্মনাং।
যো দদ্যাত্তুলসীমিশ্রং চান্দ্রায়ণশতং লভেৎ।
গৃহীত্বা কৃষ্ণপাদাম্বু শঙ্খে কৃত্বাতু বৈষ্ণবঃ।
যো বহেৎ শিরসা নিত্যং স মুনিস্তাপসোত্তমঃ ॥

পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে।

শালগ্রামশিলাতোয়ং যদি শঙ্খভৃতং পিবেৎ।
হত্যাকোটিবিনাশঞ্চ কুরুতে নাত্র সংশয়ঃ ॥

অগস্ত্যসংহিতায়াং ॥

শালগ্রামশিলাতোয়ং তুলসীদলবাসিতং।
যে পিবন্তি পুনস্তেষাং স্তন্যপানং ন বিদ্যতে ইতি ॥ ২৬ ॥

অথ শঙ্খে স্থাপিত পাদোদকের মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যে ব্যক্তি শঙ্খে করিয়া মহাত্মা বৈষ্ণবদিগকে তুলসীদলমিশ্রিত বিষ্ণুপাদোদক দান করেন, তাঁহার শত চান্দ্রায়ণের ফল লাভ হয়।

যে বৈষ্ণব শঙ্খে করিয়া কৃষ্ণচরণামৃত নিত্য মস্তকে বহন করেন, তিনি তাপসশ্রেষ্ঠ মুনি ॥

পদ্মপুরাণে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

শঙ্খে করিয়া যদি শালগ্রামশিলার জল পান করেন, তাহা হইলে তিনি কোটিহত্যা পাতক নাশ করিয়া থাকেন, তাহাতে আর সন্দেহ নাই ॥

অগস্ত্যসংহিতায় ॥

যাঁহারা তুলসীপত্র দ্বারা সুবাসিত শালগ্রামশিলার জল পান করেন, তাঁহাদিগকে আর মাতার স্তনদুগ্ধ পান করিতে হয় না ॥ ২৬ ॥

শ্রীবিষ্ণোর্বৈষ্ণবানাঞ্চ পাবনং চরণোদকং।
সর্ব্বতীর্থময়ং পীত্বা কুর্য্যাদাচমনং ন হি ॥ ২৭ ॥
তদুক্তং স্কান্দে শিবেন ॥
বিষ্ণোঃ পাদোদকং পীত্বা পশ্চাদশুচিশঙ্কয়া।
আচামতি চ যো মোহাদ্ব্রহ্মহা স নিগদ্যতে ॥
শ্রুতিশ্চ ॥
ভগবান্ পবিত্রং ভগবৎপাদৌ পবিত্রং
ভগবৎপাদোদকং পবিত্রং ন তৎপান আচমনীয়ং।
যথাহি সোম ইতি।
সৌপর্ণে চ ॥

আচমনং নহি নৈব কুর্য্যাদিতি অস্পৃশ্যস্পর্শনাদিনা কথঞ্চিৎপ্রাপ্তমাচমনং চরণোদকপানানন্তরং পুনস্তচ্ছুদ্ধয়ে ন কুর্য্যাৎ। যদ্বা। স্নাত্বা ভুক্ত্বা পয়ঃ পীত্বেত্যাদিনা জলপানানন্তরং স্মৃতিবিহিতং যদাচমনং তচ্ছ্রীচরণোদকপানানন্তরং ন কার্য্যমিত্যর্থঃ। এবঞ্চ পিপাসয়া চরণোদকস্য পানং বিজ্ঞেয়ং ন তু প্রাশনরূপমাচমনমাত্রমিতি ॥ ২৭ ॥

শ্রীবিষ্ণুর এবং বৈষ্ণবদিগের পবিত্র চরণোদক সর্ব্বতীর্থ স্বরূপ, তাহা পান করিয়া আচমন করিবে না ॥ ২৭ ॥

অতএব স্কন্দপুরাণে শিব বলিয়াছেন ॥

যে ব্যক্তি বিষ্ণুর পাদোদক পান করিয়া পরে অশুচি বিবেচনায় অজ্ঞান বশতঃ মুখ প্রক্ষালন করে, তাহাকে ব্রহ্মঘাতক বলা যায় ॥

শ্রুতিও আছে ॥

ভগবান্ পবিত্র, ভগবানের চরণযুগল পবিত্র, ভগবানের পাদোদক পবিত্র, তাহা পান করিয়া আচমন করিবে না। উহাকে সোম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

গরুড়পুরাণেও ॥

বিষ্ণুপাদোদকং পীত্বা ভক্তপাদোদকং তথা।
য আচামতি সংমোহাদ্ব্রহ্মহা স নিগদ্যতে। ইতি ॥
ততঃ শুদ্ধং পয়ঃ পূর্ণং গন্ধপুষ্পাক্ষতান্বিতং।
আধারোপরি সংন্যস্যেচ্ছঙ্খং ভগবদগ্রতঃ ॥ ২৮ ॥
অথ শ্রীভগবদগ্রতঃ শঙ্খস্থাপনমাহাত্ম্যং ॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে শঙ্খমাহাত্ম্যে ॥
পুরতো বাসুদেবস্য সপুষ্পাং সজলাক্ষতং।
শঙ্খমভ্যর্চ্চিতং পশ্যেৎ তস্য লক্ষ্মীর্ন দুর্ল্লভা।
সপুষ্পং বারিজং যস্য দুর্ব্বাক্ষতসমন্বিতং।
পুরতো বাসুদেবস্য তস্য শ্রীঃ সর্ব্বতোমুখী ইতি ॥ ২৯ ॥
গত্বাথ ভক্তিমান্ শ্রীমত্তুলস্যাঃ কাননে প্রভুং।

অশুচিশঙ্খয়া অশুদ্ধ্যা শঙ্খয়েত্যর্থঃ ॥ ২৮
বারিজং শঙ্খঃ। পুরতস্তিষ্ঠতীতি শেষঃ ॥ ২৯ ॥

বিষ্ণুপাদোদক বা ভক্তপাদোদক পান করিয়া যে ব্যক্তি অজ্ঞানবশতঃ আচমন করে তাহাকে ব্রহ্মঘাতক বলে ॥

চরণোদক সেবা করিয়া পরে জলপূর্ণ গন্ধ, পুষ্প ও তণ্ডুলযুক্ত শুদ্ধ শঙ্খ ভগবানের সম্মুখে আধারের উপর স্থাপন করিবে ॥ ২৮ ॥

অথ শ্রীভগবানের সম্মুখে শঙ্খস্থাপন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মা ও নারদসম্বাদে।

শঙ্খমাহাত্ম্যপ্রস্তাবে ॥

যদি বাসুদেবের সম্মুখে স্থাপিত, পূজিত, পুষ্প, জল ও তণ্ডুলসমন্বিত শঙ্খ দর্শন করে তাহা হইলে লক্ষ্মী তাহার দুর্ল্লভ থাকেন না ॥

যিনি বাসুদেবের সম্মুখে পুষ্প, দূর্ব্বা ও তণ্ডুলসমন্বিত শঙ্খ স্থাপন করেন, তাঁহার সর্ব্ববিষয়েই সৌভাগ্য জন্মে ॥ ২৯ ॥

তদনন্তর ভক্তিসহকারে তুলসীকাননে গমন করিয়া প্রভু শ্রীকৃষ্ণের

সংপূজ্যাভ্যর্চ্চয়েত্তাঞ্চ শ্রীকৃষ্ণচরণপ্রিয়াং ॥ ৩০ ॥

অথ তুলসীবনপূজা ॥

প্রাগ্‌দত্ত্বার্ঘ্যং ততোঽভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাক্ষতাদিনা।
স্তুত্বা ভগবতীং তাঞ্চ প্রণমেৎ প্রার্থ্য দণ্ডবৎ ॥

তত্রার্ঘ্যমন্ত্রঃ ॥

শ্রিয়ঃ শ্রিয়ে শ্রিয়াবাসে নিত্যং শ্রীধরসৎকৃতে।
ভক্ত্যা দত্তং ময়া দেবি অর্ঘ্যং গৃহ্ণ নমোঽস্তু তে ॥ ৩১ ॥

পূজামন্ত্রঃ ॥

নির্ম্মিতা ত্বং পুরা দেবৈরর্চ্চিতা ত্বং সুরাসুরৈঃ।
তুলসী হর মে পাপং পূজাং গৃহ্ণ নমোঽস্তুতে ॥

তাং তুলসীঞ্চ ॥ ৩০ ॥

গৃহ্ণ গৃহাণ ॥ ৩১ ॥

পূজা করত পরে শ্রীকৃষ্ণচরণপ্রিয়া তুলসীরও অর্চ্চনা করিবে ॥ ৩০ ॥

অথ তুলসীবনপূজা ॥

প্রথমতঃ অর্ঘ্যদান করিয়া পরে গন্ধ, পুষ্প ও আতপ তণ্ডুলাদি দ্বারা অর্চ্চনা করিবে। তদনন্তর ভগবতী তুলসীকে দণ্ডবৎ প্রণাম করিয়া প্রার্থনা করিবে ॥

অর্ঘ্যমন্ত্র যথা ॥

হে দেবি! আপনি লক্ষ্মীর আশ্রয় ও নিবাসস্থান, শ্রীধর নিত্য আপনার আদর করেন, আমি ভক্তিভাবে অর্ঘ্য দান করিলাম গ্রহণ করুন। আপনাকে নমস্কার ॥ ৩১ ॥

পূজা মন্ত্র ॥

হে তুলসি! পূর্ব্বকালে দেবগণ আপনাকে নির্ম্মাণ করিয়াছিলেন, দেব ও অসুর আপনার অর্চ্চনা করিয়া থাকেন, আমার পাপ হরণ করুন, এই পূজা গ্রহণ করুন, আপনাকে নমস্কার ॥

স্তুতিশ্চ ॥

মহাপ্রসাদজননী সর্ব্বসৌভাগ্যবর্দ্ধিনী।
আধিব্যাধিহরী নিত্যং তুলসী ত্বং নমোঽস্তু তে ॥
প্রার্থনা ॥
শ্রিয়ং দেহি যশো দেহি কীর্ত্তিমায়ুস্তথা সুখং।
বলং পুষ্টিং তথা ধর্ম্মং তুলসী ত্বং প্রসীদ মে ॥ ৩২ ॥
প্রণামবাক্যঞ্চাবন্তীখণ্ডে ॥
যা দৃষ্ট্বা নিখিলাঘসঙ্ঘশমনী স্পৃষ্টা বপুঃপাবনী
রোগানামভিবন্দিতা নিরসিনী সিক্তান্তকত্রাসিনী।
প্রত্যাসত্তিবিধায়িনী ভগবতঃ কৃষ্ণস্য সংরোপিতা

তুলসীতি দীর্ঘান্তপাঠে সম্বোধনেঽপি ছন্দোভঙ্গ ভিয়া দৈর্ঘ্যমার্ষং। যদ্বা। ত্বমিত্যস্য বিশেষণং ॥ ৩২ ॥

প্রত্যাসত্তিঃ সম্বন্ধবিশেষঃ বিমুক্তিঃ বিশিষ্টা মুক্তিঃ শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তিলক্ষণা তদেব

স্তবমন্ত্র ॥

হে তুলসি! আপনার দ্বারা ভগবানের সাতিশয় প্রসন্নতা জন্মে, আপনি নিত্য সর্ব্বপ্রকার সৌভাগ্য বৃদ্ধি ও আধি ব্যাধি সমস্ত নিবারণ করিয়া থাকেন, আপনাকে নমস্কার ॥

প্রার্থনা ॥

তুলসি! আপনি আমার প্রতি প্রসন্ন হউন, আমাকে লক্ষ্মী, যশঃ, কীর্ত্তি, আয়ু, সুখ, বল, পুষ্টি ও ধর্ম্ম দান করুন ॥ ৩২ ॥

প্রণামবাক্য অবন্তীখণ্ডে ॥

যিনি দৃষ্টিগোচর হইলে সমস্ত পাপ নষ্ট করেন, স্পর্শ করিলে শরীর পবিত্র করেন, প্রণাম করিলে রোগ সকল নষ্ট করেন, জল দ্বারা সিক্ত করিলে যমভয় নিবারণ করেন, যাঁহাকে রোপণ করিলে ভগবানের সান্নিধ্য লাভ হয় এবং শ্রীকৃষ্ণের চরণে অর্পণ করিলে বিশিষ্ট

ন্যস্তা তচ্চরণে বিমুক্তিফলদা তস্যৈ তুলস্যৈ নমঃ ॥ ৩৩ ॥
ভগবত্যাঞ্চলস্যাস্তু মাহাত্ম্যামৃতসাগরে।
লোভাৎ কূর্দ্দিতুমিচ্ছামি ক্ষুদ্রস্তৎক্ষম্যতাং ত্বয়া ॥ ৩৪ ॥
অথ তুলসীবনপূজামাহাত্ম্যং ॥
স্কান্দে ॥
শ্রবণদ্বাদশীযোগে শালগ্রামশিলার্চ্চনে।
যৎফলং সঙ্গমে প্রোক্তং তুলসীপূজনেন তৎ ॥
গারুড়ে ॥
ধাত্রীফলেন যৎপুণ্যং জয়ন্ত্যাং সমুপোষণে।

ফলং। যদ্বা। বিমুক্তের্মোক্ষস্য ফলং প্রেমভক্তিঃ তৎ দদাতীতি তথা তস্যৈ ॥ ৩৩ ॥

শ্রীব্রহ্মাদ্যনির্ব্বাচ্যমপি ভগবৎপাদপদ্মপ্রিয়তমায়াঃ শ্রীতুলস্যা মাহাত্ম্যং পরমোপাদেয়ত্বেন লোভতো লিখন্নাদৌ নিজচাপল্যাপরাধং ক্ষমাপয়তি। ভগবত্যা ইতি। কূর্দ্দিতুং উৎপ্লুত্য নিপতিতুং ॥ ৩৪ ॥

ধাত্রীফলেনেতি তদ্ভক্ষণাদিনেত্যর্থঃ। জয়ন্ত্যাং জন্মাষ্টম্যাং মহাদ্বাদশীভেদে বা।

মুক্তি ফল অর্থাৎ প্রেম প্রাপ্ত হওয়া যায়, সেই তুলসীকে নমস্কার করি ॥ ৩৩ ॥

হে ভগবতি তুলসি! অতি উপাদেয় বলিয়া লোভ হেতু ক্ষুদ্র আমি আপনার মাহাত্ম্য রূপ অমৃত সাগরে লম্ফ প্রদান করিতে সাহসী হইলাম, আপনি আমাকে ক্ষমা করুন ॥ ৩৪ ॥

অথ তুলসীবন পূজার মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ॥

সঙ্গমস্থলে শ্রবণাদ্বাদশীযোগে শালগ্রামশিলার পূজা করিলে যে ফল হয়, কথিত আছে তুলসী পূজা করিলেও সেই ফল ॥

গরুড়পুরাণে ॥

হে খগেন্দ্র! আমলকী ভক্ষণ করিলে, জন্মাষ্টমী বা জয়ন্তী দ্বাদ-

খগেন্দ্র ভবতে নৃণাং তুলসীপূজনেন তৎ ॥ ৩৫ ॥
প্রয়াগস্নাননিরতো কাশ্যাং প্রাণবিমোক্ষণে।
যৎফলং বিহিতং দেবৈস্তুলসীপূজনেন তৎ ॥
অগস্ত্যসংহিতায়াং ॥
চতুর্ণামপি বর্ণানামাশ্রমাণাং বিশেষতঃ।
স্ত্রীণাঞ্চ পুরুষাণাঞ্চ পূজিতেষ্টং দদাতি হি ॥
তুলসীরোপিতা সিক্তা দৃষ্টা স্পৃষ্টা চ পাবয়েৎ।
আরাধিতা প্রযত্নেন সর্ব্বকামফলপ্রদা ॥
কিঞ্চ ॥
প্রদক্ষিণং ভ্রমিত্বা যে নমস্কুর্ব্বন্তি নিত্যশঃ।
ন তেষাং দুরিতং কিঞ্চিদক্ষীণমবশিষ্যতে ॥
বৃহন্নারদীয়ে যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥

উপবাসে চ যৎপুণ্যং। যথা। জয়ন্ত্যুপোষণে ধাত্রীফলস্নানাদিনা যৎপুণ্যং ভবতে ভবতি ॥৩৫

শীতে উপবাস করিলে যে ফল হয়, তুলসীপূজা করিলে মনুষ্যদিগের সেই ফল লাভ হইয়া থাকে ॥ ৩৫ ॥

নিত্য প্রয়াগে স্নান এবং কাশীতে প্রাণত্যাগ করিলে দেবগণ যে ফল নির্দ্দেশ করিয়াছেন, তুলসীপূজারও সেই ফল নিশ্চয় করিয়াছেন ॥

অগস্ত্যসংহিতায় ॥

চারিবর্ণের বিশেষত চারি আশ্রমের কি স্ত্রী, কি পুরুষ, যে কেহই তুলসীপূজা করেন, তুলসী তাহাকে ইষ্ট ফল প্রদান করেন ॥

মনুষ্য তুলসী রোপণ, সেবন, দর্শন ও স্পর্শ করিলে পবিত্র হয়, যত্নপূর্ব্বক আরাধনা করিলে সর্ব্ব অভিলাষ সিদ্ধ হয় ॥

আরও ॥

যাঁহারা প্রত্যহ প্রদক্ষিণপূর্ব্বক তুলসীকে প্রণাম করেন, তাহাদিগের কোন পাপই নষ্ট হইতে অবশিষ্ট থাকে না ॥

পূজ্যমানা চ তুলসী যস্য বেশ্মনি তিষ্ঠতি।
তস্য সর্ব্বাণি শ্রেয়াংসি বর্দ্ধন্তেঽহরহর্দ্বিজাঃ॥
অতএব পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে॥
পক্ষে পক্ষে তু সংপ্রাপ্তে দ্বাদশ্যাং বৈশ্যসত্তম।
ব্রহ্মাদয়োঽপি কুর্ব্বন্তি তুলসীবনপূজনং॥
অতএব শ্রীতুলসীস্তুতিমহিমা॥
অনন্যমনসা নিত্যং তুলসীং স্তৌতি যো নরঃ।
পিতৃদেবমনুষ্যাণাং প্রিয়ো ভবতি সর্ব্বদা॥
অথ তুলসীবনমাহাত্ম্যং॥
স্কান্দে॥
রতিং বধ্নাতি নান্যত্র তুলসীকাননং বিনা।

বৃহন্নারদপুরাণে॥
যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষে॥

হে ব্রাহ্মণগণ! যাঁহার গৃহে তুলসী থাকেন এবং প্রতিদিবস সেই তুলসীর পূজা হয়, দিন দিন তাঁহার সর্ব্বপ্রকার মঙ্গল বৃদ্ধি হইতে থাকে॥

অতএব পদ্মপুরাণে॥
দেবদূত—বিকুণ্ডলসম্বাদে॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! প্রতিপক্ষের দ্বাদশী উপস্থিত হইলে ব্রহ্মাদি দেবতারাও তুলসীবনের পূজা করিয়া থাকেন॥

এই জন্য শ্রীতুলসীর স্তুতির মাহাত্ম্য॥

যে নর একান্তচিত্তে নিত্য তুলসীর স্তব করেন, তিনি পিতৃলোক, দেবতা ও মনুষ্যদিগের প্রিয় হন॥

অথ তুলসীবনের মাহাত্ম্য।

স্কন্দপুরাণে॥

তুলসীবন ভিন্ন দেবদেব জগৎস্বামী অন্য কোন বস্তুতেই প্রীতি

দেবদেবো জগৎস্বামী কলিকালে বিশেষতঃ।
হিত্বা তীর্থসহস্রাণি সর্ব্বানপি শিলোচ্চয়ান্।
তুলসীকাননে নিত্যং কলৌ তিষ্ঠতি কেশবঃ।
নিরীক্ষিতা নরৈর্যৈস্তু তুলসীবনবাটিকা।
রোপিতা যৈশ্চ বিধিনা সংপ্রাপ্তং পরমং পদং।
ন ধাত্রী সফলা যত্র ন বিষ্ণুস্তুলসীবনং।
তৎ শ্মশানসমং স্থানং সন্তি যত্র ন বৈষ্ণবাঃ।
কেশবার্থে কলৌ যে তু রোপয়ন্তীহ ভূতলে।
কিং করিষ্যত্যসন্তুষ্টো যমোঽপি সহ কিঙ্করৈঃ।
তুলস্যারোপণং কার্য্যং শ্রবণেন বিশেষতঃ।
অপরাধসহস্রাণি ক্ষমতে পুরুষোত্তমঃ।
দেবালয়েষু সর্ব্বেষু পুণ্যক্ষেত্রেষু যো নরঃ।
রোপয়েত্তুলসীং পুণ্যাং তত্তীর্থং চক্রপাণিনঃ।

বিধান করেন না, বিশেষতঃ কলিযুগে ॥

সহস্র সহস্র তীর্থ ও সমুদায় পর্ব্বত পরিত্যাগ করিয়া কেশব কলিযুগে তুলসীবনেই নিত্য বাস করেন ॥

যে সকল মনুষ্য তুলসীকানন দর্শন বা বিধিপূর্ব্বক রোপণ করিয়াছেন, তাঁহারা পরমপদ প্রাপ্ত হইয়াছেন ॥

যে স্থানে ফলবান্ আমলকীবৃক্ষ, বিষ্ণুমূর্ত্তি, তুলসীবন বা বৈষ্ণবগণ না থাকেন, সে স্থান শ্মশান তুল্য ॥

কলিকালে পৃথিবীতলে কেশবের জন্য যে সকল ব্যক্তি তুলসীরোপণ করিয়াছেন, যম এবং তাঁহার দূতগণ কুপিত হইয়া তাঁহাদিগের কি করিবেন ? ॥

বিশেষতঃ শ্রবণানক্ষত্রের যোগে তুলসী রোপণ করা কর্ত্তব্য, তাহা হইলে পুরুষোত্তম, তাঁহার সহস্র অপরাধ মার্জনা করেন ॥

যে সকল দেবালয়ে বা পুণ্যক্ষেত্রে মনুষ্য পবিত্র তুলসীবৃক্ষ রোপণ

ঘটৈর্যত্র ঘটীভিশ্চ সিঞ্চিতং তুলসীবনং।
জলধারাভির্বিপ্রেন্দ্র প্রীণিতং ভুবনত্রয়ং ॥ ৩৬ ॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
তুলসীগন্ধমাদায় যত্র গচ্ছতি মারুতঃ।
দিশোদশশ্চ পূতাঃ স্যুর্ভূতগ্রামশ্চতুর্ব্বিধঃ ॥ ৩৭ ॥
তুলসীকাননোদ্ভূতা চ্ছায়া যত্র ভবেদ্দ্বিজ।
তত্র শ্রাদ্ধং প্রদাতব্যং পিতৃণাং তৃপ্তিহেতবে।
তুলসীবীজনিকরঃ পততে যত্র নারদ।
পিণ্ডদানং কৃতং তত্র পিতৃণাং দত্তমক্ষয়ং ॥
তত্রৈবাগ্রে ॥
দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা কীর্ত্তিতা নমিতা শ্রুতা।

জলধারাভিঃ সিঞ্চিতং সিক্তং ॥ ৩৬ ॥
চতুর্ব্বিধঃ জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদেন ॥ ৩৭ ॥

করায়, সেই সকল স্থানই চক্রপাণি বিষ্ণুর তীর্থ ॥

হে বিপ্রেন্দ্র! ঘট বা ঘটিকা দ্বারা তুলসী সেচন করিলে জলধারা দ্বারা ত্রিভুবনের তৃপ্তিসাধন করা হয় ॥ ৩৬ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মা ও নারদের সম্বাদে ॥

বায়ু তুলসীর গন্ধ বহন করিয়া যে স্থানে গমন করে, তাহার দশ-দিক্ ও চতুর্ব্বিধ প্রাণী পবিত্র হয় ॥ ৩৭ ॥

হে দ্বিজ! তুলসীবনের ছায়া যে স্থানে পতিত হইয়াছে, সেই স্থানে পিতৃগণের শ্রাদ্ধ করিবে, তাহা হইলে তাঁহাদিগের বিশেষ তৃপ্তি লাভ হইবে ॥

হে নারদ! যে স্থানে তুলসীর বীজ পতিত হয়, সেই স্থানে পিণ্ড-দান করিলে পিণ্ড অক্ষয় হইয়া থাকে ॥

ঐ প্রস্তাবেরই কিঞ্চিৎ পরে ॥

রোপিতা সেবিতা নিত্যং পূজিতা তুলসী শুভা ॥ ৩৮ ॥
নবধা তুলসীং নিত্যং যে ভজন্তি দিনে দিনে।
যুগকোটিসহস্রাণি তে বসন্তি হরের্গৃহে।
রোপিতা তুলসী যাবৎ কুরুতে মূলবিস্তরং।
তাবৎ কোটিসহস্রন্তু তনোতি সুকৃতং কলৌ।
যাবচ্ছাখাপ্রশাখাভি র্বীজপুষ্পৈঃ ফলৈর্মুনে।
রোপিতা তুলসী পুংভির্বর্দ্ধতে বসুধাতলে।
কুলে তেষান্তু যে জাতা যে ভবিষ্যন্তি যে মৃতাঃ।
আকল্পং যুগসাহস্রং তেষাং বাসোহরের্গৃহে ॥ ৩৯ ॥
তত্রৈব চাবন্তীখণ্ডে ॥

নমিতা নতা। সেবিতা জলসেকাদিনা ॥ ৩৮ ॥
প্রশাখা উপশাখাঃ। তেষাং কুলে যাবন্তঃ পুরুষাঃ। তানেবাহ যে জাতা ইত্যাদি আকল্পং ব্রহ্মদিনং ব্যাপ্য যৎ যুগসাহস্রং তৎ প্রাপ্য ॥ ৩০ ॥

নিত্য তুলসী দর্শন, স্পর্শন, ধ্যান, কীর্ত্তন, নমস্কার, শ্রবণ, রোপণ, সেবা বা পূজা যাহা কিছু করা যায়, তাহাতেই মঙ্গল হয় ॥ ৩৮ ॥

যাঁহারা দিন দিন এই নয় প্রকার তুলসীর ভজনা করেন সহস্র-কোটিযুগ তাঁহাদের হরিধামে বাস হয় ॥

কলিযুগে তুলসী রোপিতা হইয়া যত মূল বিস্তার করেন রোপণ কর্ত্তার তত সহস্রকোটি পুণ্য বিস্তার হয় ॥

হে মুনে! পৃথিবীতে যে সকল মানবগণ কর্ত্তৃক তুলসী রোপিতা হইয়া যত শাখা, প্রশাখা, বীজ, পুষ্প ও ফলে বর্দ্ধিত হইতে থাকেন তাঁহাদিগের কুলে যাঁহারা জন্ম গ্রহণ করিয়াছেন বা জন্মিবেন কিম্বা জন্মিয়াছিলেন, তাহাদিগেরও ব্রহ্মার পরিমাণে সহস্রযুগ কাল বিষ্ণু-লোকে বসতি হয় ॥ ৩৯ ॥

ঐ স্কন্দপুরাণেই অবন্তীখণ্ডে ॥

তুলসীং যে বিচিন্বন্তি ধন্যাস্তৎকরপল্লবাঃ।
কেশবার্থে কলৌ যে চ রোপয়ন্তীহ ভূতলে।
স্নানে দানে তথা ধ্যানে প্রাশনে কেশবার্চ্চনে।
তুলসী দহতে পাপং রোপণে কীর্ত্তনে কলৌ ॥ ৪০ ॥
কাশীখণ্ডে স্বদূতান্ প্রতি শ্রীযমানুশাসনে ॥
তুলস্যলঙ্কৃতা যে যে তুলসী নাম জাপকাঃ।
তুলসীবনপালা যে তে ত্যাজ্যা দূরতোভটাঃ।
তথৈব ধ্রুবচরিতে ॥
তুলসী যস্য ভবনে প্রত্যহং পরিপূজ্যতে।
তদ্গৃহং নোপসর্পন্তি কদাচিৎ যমকিঙ্করাঃ ॥
পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

যে চ রোপয়ন্তি তে ধন্যা ইত্যর্থঃ ॥ ৪০ ॥

পৃথিবীতে কলিকালে কেশবের জন্য যাঁহারা তুলসীচয়ন এবং রোপণ করেন, তাহাদিগের করপল্লব ধন্য ॥

কলিকালে তুলসীজলে স্নান, তুলসীদান, তুলসীধ্যান, তুলসীভক্ষণ, তুলসী দ্বারা কেশবের অর্চ্চনা এবং তুলসীরোপণ ও কীর্ত্তন করিলে তুলসী পাপ দাহ করেন ॥ ৪০ ॥

কাশীখণ্ডে ॥

নিজদূতের প্রতি যমের উপদেশ বাক্য ॥

দূতগণ! যাঁহারা তুলসীভূষণে ভূষিত, যাঁহারা তুলসী নাম জপ করেন এবং যাঁহারা তুলসীবন রক্ষা করেন, তাঁহাদিগকে দূরে পরিত্যাগ করিবা ॥

এই কথাই ধ্রুবচরিতে ॥

যাঁহার গৃহে প্রতি দিবস তুলসীর পূজা হয়, যমদূতগণ কখনও তাঁহার গৃহের নিকট দিয়া গমন করে না ॥

ন পশ্যন্তি যমং বৈশ্য তুলসীবনরোপণাৎ।
সর্ব্বপাপহরং সর্ব্বকামদং তুলসীবনং।
তুলসীকাননং বৈশ্য গৃহে যস্মিংস্তু তিষ্ঠতি।
তদ্গৃহং তীর্থভূতং হি নোযান্তি যমকিঙ্করাঃ।
তাবদ্বর্ষসহস্রাণি যাবদ্বীজদলানি চ।
বসন্তি দেবলোকে তু তুলসীং রোপয়ন্তি যে।
তুলসীগন্ধমাঘ্রায় পিতরস্তুষ্টমানসাঃ।
প্রযান্তি গরুড়ারূঢ়া স্তৎপদং চক্রপাণিনঃ॥ ৪১॥
দর্শনং নর্ম্মদায়াস্তু গঙ্গাস্নানং বিশাম্বর।
তুলসীদলসংস্পর্শঃ সমমেতত্ত্রয়ং স্মৃতং।

তৎ শ্রীবৈকুণ্ঠাখ্যং অনির্ব্বচনীয়ং বা পদং॥ ৪১॥

পদ্মপুরাণে দেবদূত-বিকুণ্ডল-সম্বাদে॥

হে বৈশ্য! মানবগণ তুলসীবন রোপণ করিলে তাঁহাদিগকে যম-দর্শন করিতে হয় না, তুলসীকানন সর্ব্ব পাপ হরণ ও সর্ব্বপ্রকার অভিলাষ পূর্ণ করেন॥

হে বৈশ্য! যে গৃহে তুলসী কানন থাকে সে গৃহ তীর্থ হইয়াছে, যমকিঙ্করগণ সে গৃহের নিকট দিয়া গমন করে না॥

যাঁহারা তুলসীরোপণ করেন, সেই তুলসীর যত পত্র ও যত বীজ হয় তাঁহারা তত সহস্র বৎসর দেবলোকে বাস করেন॥

তুলসীর গন্ধ আঘ্রাণ করিয়া পিতৃগণ সন্তুষ্ট মনে গরুড়ে আরোহণ পূর্ব্বক চক্রপাণির প্রসিদ্ধ বৈকুণ্ঠধামে গমন করেন॥ ৪১॥

হে বৈশ্যশ্রেষ্ঠ! নর্ম্মদাদর্শন, গঙ্গাস্নান, আর তুলসীপত্রস্পর্শ, কথিত আছে এই তিনই সমান॥

বাক্য মন ও দেহ দ্বারা মনুষ্যগণ যে কিছু পাপ সঞ্চয় করে, তুলসী রোপণ, পালন, সেবন, দর্শন ও স্পর্শ করিলে সমস্তই দগ্ধ হইয়া যায়॥

রোপণাৎ পালনাৎ সেকাৎ দর্শনাৎ স্পর্শনান্নৃণাং।
তুলসী দহতে পাপং বাঙ্মনঃ কায়সঞ্চিতং।
আম্রবৃক্ষসহস্রেণ পিপ্পলানাং শতেন চ।
যৎফলং হি তদেকেন তুলসীবিটপেন তু।
বিষ্ণুপূজনসংযুক্তস্তুলসীং যস্তু রোপয়েৎ॥
যুগাযুতদশৈকং স রোপকো রমতে দিবি॥
তত্রৈব বৈশাখমাহাত্ম্যে॥
পুষ্করাদীনি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা॥
বাসুদেবাদয়ো দেবা বসন্তি তুলসীদলে।
দারিদ্র্যদুঃখরোগার্ত্তিপাপানি সুবহূন্যপি।
তুলসী হরতি ক্ষিপ্রং রোগানিব হরীতকী॥
তত্রৈব কার্ত্তিকমাহাত্ম্যে॥
যদ্গৃহে তুলসী ভাতি রক্ষাভির্জলসেচনৈঃ।

রক্ষাভিঃ কণ্টকাবরণাদিভিঃ॥ ৪২॥

সহস্র আম্র-বৃক্ষ এবং একশত অশ্বত্থ-বৃক্ষে যে ফল, তুলসীর একমাত্র শাখায় সেই ফল॥

বিষ্ণুপূজা পরায়ণ যে ব্যক্তি তুলসীরোপণ করেন, তিনি লক্ষযুগকাল দেবলোকে পরমানন্দে বাস করেন॥

ঐ পুরাণেই বৈশাখমাহাত্ম্যে॥

পুষ্করাদি তীর্থ, গঙ্গাদি নদী এবং বাসুদেবাদি দেবতা সকল তুলসীর দলে বাস করিয়া থাকেন॥

হরিতকী যেমন রোগশান্তি করে, তুলসী তেমনি বহু বহু দারিদ্র্যদুঃখ ও পাপ নাশ করেন॥

ঐ গ্রন্থেই কার্ত্তিকমাহাত্ম্যপ্রস্তাবে॥

যত্ন ও জলসেচন দ্বারা বৃদ্ধি পাইয়া যে গৃহে তুলসী বিরাজ করেন,

তদ্গৃহং যমদূতাশ্চ দূরতো বর্জয়ন্তি হি ॥ ৪২ ॥
তুলস্যাস্তর্পণং যেচ পিতৄনুদ্দিশ্য মানবাঃ।
কুর্ব্বন্তি তেষাং পিতরস্তৃপ্তা বর্ষাযুতং জলৈঃ।
পরিচর্য্যাঞ্চ যে তস্যা রক্ষয়াবালবন্ধনৈঃ ॥
শুশ্রূষিতো হরিস্তৈস্তু নাত্র কার্য্যা বিচারণা ॥ ৪৩ ॥
নাবজ্ঞা জাতু কার্য্যাস্যা বৃক্ষভাবান্মনীষিভিঃ।
যথাহি বাসুদেবস্য বৈকুণ্ঠে ভোগবিগ্রহঃ।
শালগ্রামশিলারূপং স্থাবরং ভুবি দৃশ্যতে।
তথা লক্ষ্ম্যৈক্যমাপন্না তুলসী ভোগবিগ্রহা।
অপরং স্থাবরং রূপং ভুবি লোকহিতায় বৈ।
স্পৃষ্টা দৃষ্টা রক্ষিতাচ মহাপাতকনাশিনী।
অগস্ত্যসংহিতায়াং ॥

আবালং আলবালং তদ্বন্ধনৈর্যা রক্ষা তয়া পরিচর্য্যাং যে কুর্ব্বন্তীতি শেষঃ ॥ ৪৩ ॥

যমদূতগণ সে গৃহ দূর হইতে পরিত্যাগ করেন ॥ ৪২ ॥

যে সকল মনুষ্য তুলসী সহিত জল দ্বারা পিতৃগণের তর্পণ করেন, তাঁহাদিগের পিতৃগণ সেই জলে দশ সহস্র বৎসর তৃপ্ত থাকেন ॥

যাঁহারা যত্ন ও আলবাল বন্ধন দ্বারা তুলসীর অর্চ্চনা করেন, তাঁহাদিগের বিষ্ণু অর্চ্চনা করা হয়, তাহাতে আর সন্দেহ নাই ॥ ৪৩ ॥

বৃক্ষজ্ঞানে মনুষ্যগণ কখন তুলসীর অবজ্ঞা করিবেন না, বৈকুণ্ঠে বাসুদেবের যে দেহ বিরাজমান, তুলসীও সাক্ষাৎ সেই দেহ ॥

যেমন পৃথিবীতলে শালগ্রামশিলা স্বরূপ বিষ্ণুর স্থাবর দেহ দর্শন করা যায়, তেমনি তুলসী লক্ষ্মীর দেহ ইহা লোকের হিতের নিমিত্ত পৃথিবীতে তাঁহার আর এক দেহ বিরাজ করিতেছেন। এই দেহ স্পর্শ, দর্শন ও পালন করিলে মহাপাতক নাশ হয় ॥

বিষ্ণোস্ত্রৈলোক্যনাথস্য রামস্য জনকাত্মজা।
প্রিয়া তথৈব তুলসী সর্ব্বলোকৈকপাবনী ॥ ৪৪ ॥
তুলসীবাটিকা যত্র পুষ্পান্তরশতাবৃতা।
শোভতে রাঘবস্তত্র সীতয়া সহিতঃ স্বয়ং।
তুলসীবিপিনস্যাপি সমন্তাৎ পাবনং স্থলং।
ক্রোশমাত্রং ভবত্যেব গাঙ্গেয়স্যৈব পাথসঃ।
তুলসীসন্নিধৌ প্রাণান্ যে ত্যজন্তি মুনীশ্বর।
ন তেষাং নরকক্লেশঃ প্রযান্তি পরমং পদং ॥
কিঞ্চ ॥
অনন্যদর্শনাঃ প্রাত র্যে পশ্যন্তি তপোধন।
অহোরাত্রকৃতং পাপং তৎক্ষণাৎ প্রহরন্তি তে ॥

তথৈবেতি যথা জনকাত্মজা সীতা প্রিয়া তথা তুলসী চেত্যর্থঃ ॥ ৪৪ ॥
প্রহরন্তি প্রকর্ষেণ হরন্তি বিনাশয়ন্তি স্বস্যান্যেষামপি বা ॥ ৪৫ ॥

অগস্ত্যসংহিতায় ॥

রামরূপী ত্রৈলোক্যনাথ বিষ্ণুর জনকনন্দিনী যেমন প্রেয়সী, সর্ব্বলোকের এক পাবনী তুলসীও তেমনি প্রিয়া ॥ ৪৪ ॥

যে স্থানে মধ্যে মধ্যে বিবিধ পুষ্পে পরিশোভিত তুলসীবাটিকা থাকে রামচন্দ্র সীতার সহিত স্বয়ং তথায় অবস্থিতি করেন ॥

যেমন গঙ্গাজলের, তেমনি তুলসী বনের চতুর্দ্দিকবর্ত্তী এক ক্রোশ স্থান পবিত্র ॥

হে মুনিশ্রেষ্ঠ! যাঁহারা তুলসীর সন্নিকটে প্রাণত্যাগ করেন, তাঁহাদের নরকযন্ত্রণা নাই, তাঁহারা বিষ্ণুলোকে গমন করেন ॥

আরও ॥

হে তপোধন! যাঁহারা প্রাতঃকালে উঠিয়া অন্য বস্তু না দেখিয়া অগ্রে তুলসী দর্শন করেন, তাঁহারা অহোরাত্র কৃত পাপকে বিনাশ

গারুড়ে ॥

কৃতং যেন মহাভাগ তুলসীবনরোপণং।
মুক্তিস্তেন ভবেদ্দত্তা প্রাণিনাং বিনতাসুত ॥ ৪৫ ॥
তুলসী বাপিতা যেন পুণ্যারামে বনে গৃহে।
পক্ষীন্দ্র তেন সত্যোক্তং লোকাঃ সপ্ত প্রতিষ্ঠিতাঃ ॥ ৪৬ ॥
তুলসীকাননে যস্তু মুহূর্ত্তমপি বিশ্রমেৎ।
জন্মকোটিকৃতাৎ পাপান্মুচ্যতে নাত্র সংশয়ঃ।
প্রদক্ষিণাং যঃ কুরুতে পঠন্নামসহস্রকং।
তুলসীকাননে নিত্যং যজ্ঞায়ুতফলং লভেৎ ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

নিত্যং সন্নিহিতো বিষ্ণুঃ সম্পৃহস্তুলসীবনে।
অপি মে ক্ষতপত্রৈকং কশ্চিদ্ধন্যোঽর্পয়েদিতি ॥

সত্যোক্তং সত্যবচনমেবৈতদিত্যর্থঃ ॥ ৪৬ ॥

করিয়া থাকেন ॥

গরুড়পুরাণে ॥

হে মহাভাগ বিনতানন্দন! যিনি তুলসীবন রোপণ করিয়াছেন তাঁহার প্রাণিদিগকে মুক্তি দান করা হইয়াছে ॥ ৪৫ ॥

যিনি পবিত্র উপবন, বন ও গৃহে তুলসী রোপণ করিয়াছেন, হে পক্ষীন্দ্র! সত্য বলিলাম, তিনি সপ্তলোক স্থাপন করিয়াছেন ॥৪৬॥

যিনি এক মূহূর্ত্তমাত্রও তুলসীবনে বিশ্রাম করেন, তিনি কোটি জন্মকৃত পাপ হইতে মুক্ত হন, ইহাতে সংশয় নাই ॥

যে ব্যক্তি নিত্য সহস্র নাম পাঠ করিয়া তুলসী কানন প্রদক্ষিণ করেন, তিনি দশ সহস্র যজ্ঞের ফল প্রাপ্ত হয়েন ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণু সর্ব্বদা তুলসীবনের নিকট এই অভিলাষে বাস করেন যে, যদি কোন ধন্য মনুষ্য আমাকে একটী অখণ্ড তুলসীপত্র অর্পণ করেন ॥

বৃহন্নারদীয়ে গঙ্গাপ্রসঙ্গে ॥
সংসারপাপবিচ্ছেদি গঙ্গানাম প্রকীর্ত্তিতং।
তথা তুলস্যা ভক্তিশ্চ হরিকীর্ত্তিপ্রবক্তরি ॥ ৪৭ ॥
তুলসীকাননং যত্র যত্র পদ্মবনানি চ।
পুরাণপঠনং যত্র তত্র সন্নিহিতো হরিঃ ॥
তত্রৈব যমভগীরথসম্বাদে ॥
তুলসীরোপণং যে তু কুর্ব্বতে মনুজেশ্বর।
তেষাং পুণ্যফলং বক্ষ্যে বদতস্ত্বং নিশাময়।
সপ্তকোটিকুলৈর্যুক্তো মাতৃতঃ পিতৃতস্তথা।
বসেৎ কল্পশতং সাগ্রং নারায়ণসমীপগঃ।
তৃণানি তুলসীমূলাৎ যাবন্ত্যপহিনোতি বৈ।
তাবতী ব্রহ্মহত্যা হি ছিনত্ত্যেব ন সংশয়ঃ ॥ ৪৮ ॥

তথা তুলস্যা নাম চ হরিকীর্ত্তিপ্রবক্তরি ভক্তিশ্চ ॥ ৪৭ ॥
অপহিনোতি দূরীকরোতি ॥ ৪৮ ॥

বৃহন্নারদপুরাণে গঙ্গামাহাত্ম্যপ্রস্তাবে ॥

কথিত আছে, গঙ্গার নাম কীর্ত্তন করিলে সংসারের পাপ দূর হয়, তুলসী এবং হরিগুণ কীর্ত্তনকারির প্রতি ভক্তি করিলেও তাহাই হইয়া থাকে ॥ ৪৭ ॥

যে স্থানে তুলসীকানন ও পদ্মবন থাকে এবং যে স্থানে পুরাণ পাঠ হয়, হরি সেই স্থানের সন্নিকটে বসতি করেন ॥

ঐ বৃহন্নারদপুরাণেই যম ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! যাঁহারা তুলসীরোপণ করেন, তাহাদিগের পুণ্য ফল বলিতেছি, তুমি আমার নিকট শ্রবণ কর ॥

তাঁহারা পিতৃবংশের সপ্তকোটি ও মাতৃবংশের সপ্তকোটি পুরুষের সহিত নারায়ণের সমীপে কিঞ্চিদধিক শতকল্প বাস করিয়া থাকেন ॥ যে মনুষ্য তুলসীর মূল হইতে যত তৃণ উৎপাটন করিয়া ফেলিয়া দেন,

তুলস্যাং সিঞ্চয়েদ্যস্তু চুলুকোদকমাত্রকং।
ক্ষীরোদশায়িনা সার্দ্ধং বসেদাচন্দ্রতারকং।
কণ্টকাবরণং বাপি বৃতিং কাষ্ঠৈঃ করোতি যঃ।
তুলস্যাঃ শৃণু রাজেন্দ্র তস্য পুণ্যফলং মহৎ ॥ ৪৯ ॥
যাবদ্দিনানি সন্তিষ্ঠেৎ কণ্টকাবরণং প্রভো।
কুলত্রয়যুতস্তাবৎ তিষ্ঠেদ্ব্রহ্মপদে যুগং।
প্রাকারকল্পকো যস্তু তুলস্যা মনুজেশ্বর।
কুলত্রয়েণ সহিতো বিষ্ণোঃ সারূপ্যতাং ব্রজেৎ ॥
অতএব তত্রৈব। যজ্ঞধ্বজোপাখ্যানান্তে ॥
দুর্ল্লভা তুলসীসেবা দুর্ল্লভা সঙ্গতিঃ সতাং।

বৃতিং আবরণং ॥ ৪৯ ॥

তাঁহার তত ব্রহ্মহত্যা পাতক নাশ হয়, তাহাতে আর সন্দেহ নাই॥৪৮

যিনি তুলসীতে গণ্ডূষমাত্র জলসেচন করিবেন, তিনি যত দিন চন্দ্র-তারা থাকিবে, তত দিন ক্ষীরোদশায়ী নারায়ণের সহিত বাস করিতে পারিবেন ॥

যিনি তুলসীর কণ্টক দ্বারা আবরণ করিয়া দেন বা তুলসীর চতু-স্পার্শ্বে কাষ্ঠ দ্বারা আবরণ করেন, হে রাজেন্দ্র! তাঁহার মহৎ পুণ্য-ফলের কথা কহিতেছি শ্রবণ কর ॥ ৪৯ ॥

ঐ কণ্টকের আবরণ যত দিন থাকিবে, তত দিন তিনি তিন-কুলের সহিত ব্রহ্মলোকে যুগ ব্যাপিয়া বাস করিবেন ॥

আর যিনি তুলসীর চতুর্দ্দিকে প্রাচীর দ্বারা বেষ্টন করেন, হে রাজেন্দ্র! তিনি তিন-কুলের সহিত বিষ্ণুর সারূপ্য মুক্তি প্রাপ্ত হন॥

অতএব ঐ স্থলেই ॥

যজ্ঞধ্বজের উপাখ্যানের শেষে ॥

তুলসীসেবা, সাধুসঙ্গ এবং হরিভক্তি, যাহারা সংসারসাগরে পতিত

দুর্ল্লভা হরিভক্তিশ্চ সংসারার্ণবপাতিনাং ॥

পুরাণান্তরেষু চ ॥

যৎফলং ক্রতুভিঃ স্বিষ্টৈঃ সমাপ্তবরদক্ষিণৈঃ।
তৎফলং কোটিগুণিতং রোপয়িত্বা হরেঃ প্রিয়াং।
তুলসীং যে প্রযচ্ছন্তি সুরাণামর্চ্চনায় বৈ।
রোপয়ন্তি শুচৌ দেশে তেষাং লোকোঽক্ষয়ঃ স্মৃতঃ ॥ ৫০ ॥
রোপিতাং তুলসীং দৃষ্ট্বা নরেণ ভুবি ভূমিপ।
বিবর্ণবদনো ভূত্বা তল্লিপিং মার্জয়েদ্যমঃ।
তুলসীতি চ যো ব্রূয়াৎ ত্রিকালং বদনে যদি।
নিত্যং স গোসহস্রস্য ফলমাপ্নোতি ভুসুর।
তেন দত্তং হুতং জপ্তং কৃতং শ্রাদ্ধং গয়াশিরে।

রোপয়িত্বা প্রাপ্নোতি ইতিশেষঃ ॥ ৫০ ॥

হইয়াছে, তাহাদিগের এই তিনটী অতি দুর্ল্লভ ॥

অন্যান্য পুরাণেও ॥

দক্ষিণা, দান ও বরলাভ পূর্ব্বক বহু ২ যজ্ঞ সম্যক্ প্রকারে অনুষ্ঠান করিলে যে ফল হয়, হরির প্রিয় তুলসীরোপণ করিলে তাহার কোটি গুণ ফল হইয়া থাকে ॥

যাঁহারা দেবপূজার নিমিত্ত তুলসী প্রদান করেন এবং যিনি তুলসী রোপণ করেন, তাঁহাদিগের অক্ষয় লোক লাভ হয় ॥ ৫০ ॥

রাজন্! পৃথিবীতে মনুষ্য যদি তুলসীরোপণ করেন, তাহা দেখিয়া যম বিবর্ণবদন হইয়া তাঁহার লিপি মুছিয়া দেন ॥

হে খগশ্রেষ্ঠ! যদি ত্রিসন্ধ্যা 'তুলসী' এই নাম মাত্র মুখে উচ্চারণ করে, তাহা হইলে সে নিত্য সহস্র গোদানের ফল প্রাপ্ত হয় ॥

হে পক্ষিরাজ! যিনি তুলসীরোপণ করিয়াছেন, তিনি দান, হোম, জপ, গয়াশিরে শ্রাদ্ধ এবং তপস্যা সকলই করিয়াছেন ॥

তপন্তপ্তং খগশ্রেষ্ঠ তুলসী যেন রোপিতা।
শ্রুতাভিলষিতা দৃষ্টা রোপিতা সিঞ্চিতা নতা।
তুলসী দহতে পাপং যুগান্তাগ্নিরিবাখিলং।
কেশবায়তনে যস্তু কারয়েত্তুলসীবনং॥
লভতে চাক্ষয়ং স্থানং পিতৃভিঃ সহ বৈষ্ণবঃ॥
অন্যত্রাপি॥
তুলসীকাননে শ্রাদ্ধং পিতৃণাং কুরুতে তু যঃ।
গয়াশ্রাদ্ধং কৃতং তেন ভাষিতং বিষ্ণুনা পুরা।
তুলসীগহনং দৃষ্ট্বা বিমুক্তো যাতি পাতকাৎ।
সর্ব্বথা মুনিশার্দ্দূল ব্রহ্মহা পুণ্যভাগ্‌ভবেৎ॥
কিঞ্চ। স্কান্দে বসিষ্ঠমান্ধাতৃসম্বাদে॥
শুক্লপক্ষে যদা রাজন্ তৃতীয়া বুধসংযুতা।

যেমন প্রলয়াগ্নি সমস্ত বস্তু দাহ করে, তেমনি তুলসীর মাহাত্ম্য শ্রবণ, তুলসীকামনা এবং তুলসী দর্শন, রোপণ, সিঞ্চন ও নমস্কার করিলে তুলসী সমুদায় পাপ দাহ করেন॥

যে বৈষ্ণব কেশবের আলয়ে তুলসীবন প্রস্তুত করেন, তিনি পিতৃলোকের সহিত অক্ষয় স্থান প্রাপ্ত হন॥

অন্যস্থলেও॥

যিনি তুলসীকানন মধ্যে পিতৃলোকের শ্রাদ্ধ করেন, বিষ্ণু বলিয়াছেন, তাঁহার গয়ায় শ্রাদ্ধ করা হইয়াছে॥

হে মুনিশ্রেষ্ঠ! তুলসীকানন দর্শন করিলে লোক সর্ব্ব পাতক হইতে সম্পূর্ণরূপে মুক্ত হয়, ব্রহ্মঘাতী হইলেও পুণ্য লাভ করে॥

আরও, স্কন্দপুরাণে বসিষ্ঠ ও মান্ধাতার সম্বাদে॥

হে রাজন্! শ্রাবণমাসে শুক্লপক্ষের তৃতীয়া যদি বুধবারে সংযুক্ত

শ্রবণেন মহাভাগ তুলসী চাতিপুণ্যদা। ইতি॥
প্রসঙ্গাৎ শ্রীতুলস্যা হি মৃদঃ কাষ্ঠস্য চাধুনা।
মাহাত্ম্যং লিখ্যতে কৃষ্ণে অর্পিতস্য দলস্য চ॥
অথ শ্রীতুলসীমৃত্তিকাকাষ্ঠাদিমাহাত্ম্যং॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে॥
ভূগতৈস্তুলসীমূলৈর্মৃত্তিকা স্পর্শিতা তু যা।
তীর্থকোটিসমা জ্ঞেয়া ধার্য্যা যত্নেন সা গৃহে॥
যস্মিন্ গৃহে দ্বিজশ্রেষ্ঠ তুলসীমূলমৃত্তিকা।
সর্ব্বদা তিষ্ঠতে দেহে দেবতা ন স মানুষঃ।
তুলসীমৃত্তিকালিপ্তো যদি প্রাণান্ পরিত্যজেৎ॥
যমেন নেক্ষিতুং শক্তো যুক্তঃ পাপশতৈরপি।

হয়, তাহা হইলে সেই দিনে তুলসীরোপণ করিলে, তুলসী অতিশয় পুণ্য প্রদান করেন॥

প্রসঙ্গক্রমে এক্ষণে শ্রীকৃষ্ণকে তুলসীমৃত্তিকা, তুলসীকাষ্ঠের চন্দন এবং তুলসীপত্র অর্পণের মাহাত্ম্য লিখিতেছি॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মা ও নারদসম্বাদে॥

মৃত্তিকার মধ্যে প্রবিষ্ট তুলসীমূল যে মৃত্তিকা স্পর্শ করিয়াছে, তাহা কোটিতীর্থের সমান জানিবে। অতিশয় যত্ন সহকারে ঐ মৃত্তিকা গৃহে রক্ষা করিবে॥

হে দ্বিজশ্রেষ্ঠ! তুলসীমূলের মৃত্তিকা যাহার গৃহে ও দেহে থাকে, তিনি মানুষ নহেন, দেবতা॥

শত শত পাপযুক্ত পাপীও যদি গাত্রে তুলসীমৃত্তিকা লেপন করিয়া প্রাণত্যাগ করে, তাহা হইলে যমও তাহার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে সমর্থ হন না॥

শিরসি ক্রিয়তে যৈস্তু তুলসীমূলমৃত্তিকা।
বিঘ্নানি তস্য নশ্যন্তি সানুকূলা গ্রহাস্তথা ॥ ৫১ ॥
তুলসীমৃত্তিকা যত্র কাষ্ঠং পত্রঞ্চ বেশ্মনি।
তিষ্ঠতে মুনিশার্দ্দূল নিশ্চলং বৈষ্ণবং পদং ॥ ৫২ ॥
তত্রৈবান্যত্র ॥
মঙ্গলার্থঞ্চ দোষঘ্নীং পবিত্রার্থং দ্বিজোত্তম।
তুলসীমূলসংলগ্নাং মৃত্তিকামাবহেদ্বুধঃ।
তন্মূলমৃত্তিকাং যো বৈ ধারয়িষ্যতি মস্তকে।
তস্য তুষ্টো বরান্ কামান্ প্রদদাতি জনার্দ্দনঃ ॥ ৫৩ ॥
বৃহন্নারদীয়ে গঙ্গাপ্রসঙ্গে ॥
তুলসীমূলসম্ভূতা হরিভক্তপদোদ্ভবা।

দেহে চ যস্য তিষ্ঠতি ॥ ৫১ ॥
তদ্বৈষ্ণবং পদং বিষ্ণুস্থানমেব ॥ ৫২ ॥
দোষঘ্নং দোষনাশার্থমিত্যর্থঃ। যদ্বা। ক্রিয়াবিশেষণং। দোষঘ্নীমিতি বা পাঠঃ ॥ ৫৩ ॥

যে ব্যক্তি তুলসীমূলের মৃত্তিকা মস্তকে ধারণ করেন, তাঁহার সর্ব্ব-বিঘ্ন নাশ হয় এবং সমুদায় গ্রহ তাঁহার প্রতি প্রসন্ন হন ॥ ৫১ ॥

হে মুনিশ্রেষ্ঠ! যে গৃহে তুলসীমৃত্তিকা, তুলসীকাষ্ঠ, তুলসীপত্র থাকে, নিশ্চয় সেই গৃহ বিষ্ণুর স্থান হয় ॥ ৫২ ॥

ঐ ব্রহ্মপুরাণেরই অন্যস্থলে ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! পণ্ডিত ব্যক্তি, মঙ্গল ও শুদ্ধির জন্য দোষনাশিনী তুলসীমূল-মৃত্তিকা অঙ্গে ধারণ করিবেন ॥

যে ব্যক্তি তুলসীমূলের মৃত্তিকা মস্তকে ধারণ করেন, জনার্দ্দন তুষ্ট হইয়া তাঁহার সর্ব্বাভিলাষ পূর্ণ করেন ॥ ৫৩ ॥

বৃহন্নারদীয়পুরাণে গঙ্গার মাহাত্ম্যপ্রসঙ্গে ॥

তুলসীমূলের মৃত্তিকা, বৈষ্ণবদিগের চরণসংলগ্ন মৃত্তিকা এবং গঙ্গা-মৃত্তিকা যদি অঙ্গে তিলকাদিরূপে ধারণ করা হয়, তাহা হইলে সাক্ষাৎ

গঙ্গোদ্ভবা চ মৃল্লেখা নয়ত্যচ্যুতরূপতাং ॥ ৫৪ ॥

গারুড়ে ॥

যদ্গৃহে তুলসীকাষ্ঠং পত্রং শুষ্কমথার্দ্রকং।
ভবতে নৈব পাপং তদ্গৃহে সংক্রমতে কলৌ ॥

শ্রীপ্রহ্লাদসংহিতায়াং। তথা বিষ্ণুধর্ম্মোত্তরেঽপি ॥

পত্রং পুষ্পং ফলং কাষ্ঠং ত্বক্ শাখাপল্লবাঙ্কুরং।
তুলসীসম্ভবং মূলং পাবনং মৃত্তিকাদ্যপি।
হোমং কুর্ব্বন্তি যে বিপ্রাস্তুলসীকাষ্ঠবহ্নিনা।
লবে লবে ভবেৎ পুণ্যমগ্নিষ্টোমশতোদ্ভবং।
নৈবেদ্যং পচতে যস্তু তুলসীকাষ্ঠবহ্নিনা।
মেরুতুল্যং ভবেদন্নং তদ্দত্তং কেশবায় হি।

মৃদো মূললেখা রেখা তয়া লেখা পুণ্ড্রাদিরচনা বা ॥ ৫৪ ॥

বিষ্ণুর স্বরূপ বলিয়া গণ্য হয় ॥ ৫৪ ॥

গরুড়পুরাণে ॥

শুষ্কই হউক, আর সরসই হউক, যে গৃহে তুলসীর কাষ্ঠ ও পত্র থাকে, কলিতে সে গৃহে পাপ প্রবেশ করিতে পারে না ॥

প্রহ্লাদসংহিতায় এবং বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

তুলসীর পত্র, পুষ্প, ফল, কাষ্ঠ, ত্বক্, শাখা, পল্লব, অঙ্কুর, মূল ও মৃত্তিকা প্রভৃতি সমস্তই পবিত্র ॥

যে সকল ব্রাহ্মণ তুলসীকাষ্ঠের অগ্নিতে হোম করেন, শত অগ্নিষ্টোম যাগ করিলে যে ফল হয়, প্রতিলবে তাঁহাদিগের সেই ফল লাভ হইয়া থাকে ॥

যে ব্যক্তি তুলসীকাষ্ঠের অগ্নিতে নিবেদ্য অন্নপাক করিয়া বিষ্ণুকে নিবেন করেন, তাঁহার সেই অন্ন মেরুতুল্য হয় ॥

শরীরং দহ্যতে যেষাং তুলসীকাষ্ঠবহ্নিনা।
ন তেষাং পুনরাবৃত্তির্বিষ্ণুলোকাৎ কথঞ্চন।
গ্রস্তো যদি মহাপাপৈরগম্যাগমনাদিকৈঃ।
মৃতঃ শুদ্ধ্যতি দাহেন তুলসীকাষ্ঠবহ্নিনা॥
তীর্থং যদি ন সংপ্রাপ্তং স্মৃতির্ব্বা কীর্ত্তনং হরেঃ।
তুলসীকাষ্ঠদগ্ধস্য মৃতস্য ন পুনর্ভবঃ।
যদ্যেকং তুলসীকাষ্ঠং মধ্যে কাষ্ঠচয়স্য হি।
দাহকালে ভবেন্মুক্তিঃ পাপকোটিযুতস্য চ।
জন্মকোটিসহস্রৈস্তু তোষিতো যৈর্জনার্দ্দনঃ।
দহ্যন্তে তে জনা লোকে তুলসীকাষ্ঠবহ্নিনা॥

তুলসীকাষ্ঠের অগ্নি দ্বারা যাঁহাদিগের দেহ দগ্ধ করা হয়, বিষ্ণুলোক হইতে আর কখনও তাঁহাদিগকে পুনরাগমন করিতে হয় না॥

অগম্যাগমনাদি মহাপাতকের পাতকী হইলেও যদি মৃত্যুর পর তাহাকে তুলসীকাষ্ঠের অগ্নিতে দাহ করা যায়, তাহা হইলে সে সেই সকল পাপ হইতে মুক্তি লাভ করে॥

যদি তীর্থে গমন না করিয়া থাকে, যদি হরির নাম স্মরণ বা হরির গুণ কীর্ত্তন না করিয়া থাকে, তথাপি যদি মরিলে তাহাকে তুলসী-কাষ্ঠের অগ্নিতে দাহ করা যায়, তাহা হইলে তাহাকে আর জন্ম গ্রহণ করিতে হয় না॥

কোটিপাপের পাপী হইলেও দাহকালে অন্যান্য কাষ্ঠের মধ্যে যদি একখণ্ডমাত্র তুলসীকাষ্ঠ থাকে, তাহা হইলে মৃত ব্যক্তি সমস্ত পাপ হইতেই মুক্তি লাভ করে॥

যাঁহারা একাদিক্রমে সহস্রকোটিজন্ম জনার্দ্দনের সন্তোষ সাধন করিয়াছেন, পৃথিবীতে তাঁহাদিগের ভাগ্যেই তুলসীকাষ্ঠের অগ্নিতে দাহ ঘটে॥

অগস্ত্যসংহিতায়াং ॥

যঃ কুর্য্যাত্তুলসীকাষ্ঠৈরক্ষমালাং সুরূপিণীং।
কণ্ঠমালাঞ্চ যত্নেন কৃতং তস্যাক্ষয়ং ভবেৎ ॥

অথ তুলসীপত্রধারণমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যস্য নাভিস্থিতং পত্রং মুখে শিরসি কর্ণয়োঃ।
তুলসীসম্ভবং নিত্যং তীর্থৈস্তস্য মখৈশ্চ কিং ॥

তত্রৈবান্যত্র ॥

শক্রঘ্নঞ্চ সুপুণ্যঞ্চ শ্রীকরং রোগনাশনং।
ধৃত্বা ধর্ম্মমবাপ্নোতি শিরসা তুলসীদলং ॥ ৫৫ ॥

মুখাদৌ স্থিতং তুলসীপত্রমিতি ভগবদর্পিতমিতি জ্ঞেয়ং এবমগ্রেঽপি। পূর্ব্বং তদর্পিত-মহাপ্রসাদস্য মাহাত্ম্যোক্তেঃ অত্রার্পণাদিশব্দাভাবাচ্চেতি দিক্ ॥ ৫৫ ॥

অগস্ত্যসংহিতায় ॥

যে ব্যক্তি তুলসীকাষ্ঠের সুন্দর জপমালা ও কণ্ঠমালা নির্ম্মাণ করেন, তাঁহার পূজাদি সমুদায় কার্য্য অক্ষয় হয় ॥

অথ তুলসীপত্রধারণমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যাঁহার নাভিস্থলে, মুখে, মস্তকে ও কর্ণদ্বয়ে নিত্য তুলসীপত্র অর্থাৎ ভগবন্নিবেদিত তুলসীপত্র থাকে, তাঁহার তীর্থে গমন বা যজ্ঞ করিবার প্রয়োজন কি ? ॥

ঐ গ্রন্থেই অন্য স্থলে ॥

তুলসীদল শত্রুক্ষয় করে, পুণ্য বৃদ্ধি করে, সৌভাগ্য উৎপাদন করে এবং রোগ নাশ করে। মনুষ্য এতাদৃশ তুলসীপত্র মস্তকে ধারণ করিলে তাঁহার ধর্ম্ম লাভ হয় ॥

যঃ কশ্চিদ্বৈষ্ণবো লোকে মিথ্যাচারোপ্যনাশ্রমী।
পুনাতি সকলান্ লোকান্ শিরসা তুলসীং বহন্ ॥
বৃহন্নারদীয়ে শ্রীযমভগীরথসম্বাদে ॥
কর্ণেন ধারয়েদ্যস্তু তুলসী সততং নরঃ।
তৎকাষ্ঠং বাপি রাজেন্দ্র তস্য নাস্ত্যুপপাতকং ॥
হরিভক্তিসুধোদয়ে বৈষ্ণববিপ্রং প্রতি যমদূতানামুক্তৌ ॥
কস্মাদিতি ন জানীমস্তুলস্যা হি প্রিয়ো হরিঃ।
গচ্ছন্তং তুলসীহস্তং রক্ষন্নেবানুগচ্ছতি ॥ ৫৬ ॥
পুরাণান্তরে চ ॥

নন্থ বৈষ্ণবশ্চেত্তর্হি কথং ভগবদনর্পিতাং বহেৎ তত্রাহ মিথ্যাচার ইতি দম্ভমাত্রেণ বৈষ্ণব ইত্যর্থঃ সোঽপি ॥ ৫৬ ॥

যে কোন বৈষ্ণব পৃথিবীতে মিথ্যাচার বা ধর্ম্মভ্রষ্ট হইয়া মস্তকে তুলসী ধারণ করেন তিনি ত্রিলোক পবিত্র করিতে পারেন ॥

তাৎপর্য্য। যে ব্যক্তি বৈষ্ণব তিনি বিষ্ণুকে নিবেদন না করিয়া তুলসী পত্র ধারণ করিবেন কেন ? এই প্রশ্নে আশঙ্কা করিয়া কহিলেন, আচার ভ্রষ্ট অর্থাৎ যে ব্যক্তি আপনাকে বৈষ্ণব বলিয়া গর্ব্বমাত্র করে, লোক-রঞ্জনার্থ সেই ব্যক্তি বিষ্ণুকে নিবেদন না করিয়া তুলসীপত্র ধারণ করে ॥

বৃহন্নারদপুরাণে যম ও ভগীরথ সম্বাদে ॥

যে মনুষ্য নিয়ত কর্ণে তুলসীপত্র বা তুলসীকাষ্ঠ ধারণ করেন, হে রাজেন্দ্র ! তাঁহার কোন উপপাতক থাকে না ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

বৈষ্ণব ব্রাহ্মণের প্রতি যমদূতদিগের বাক্যে ॥

কি জন্য জানি না হরি তুলসীর প্রিয়, যে ব্যক্তি তুলসী হস্তে গমন করে হরি তাহাকে রক্ষা করিতে করিতে তাহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়া থাকেন ॥ ৫৬ ॥

অন্যপুরাণেও ॥

যঃ কৃত্বা তুলসীপত্রং শিরসা বিষ্ণুতৎপরঃ।
করোতি ধর্ম্মকার্য্যাণি ফলমাপ্নোতি চাক্ষয়ং ॥ ৫৭ ॥

অথ তুলসীদলভক্ষণমাহাত্ম্যং ॥

গরুড়পুরাণে ॥

মুখে তু তুলসীপত্রং দৃষ্ট্বা শিরসি কর্ণয়োঃ।
কুরুতে ভাস্করিস্তস্য দুষ্কৃতস্যতু মার্জ্জনং।
ত্রিকালং বিনতাপুত্র প্রাশয়েত্তুলসীং যদি।
বিশিষ্যতে কায়শুদ্ধিশ্চান্দ্রায়ণশতং বিনা ॥

স্কান্দে বশিষ্ঠমান্ধাতৃসম্বাদে ॥

চান্দ্রায়ণাত্তপ্তকৃচ্ছ্রাৎ ব্রহ্মকৃচ্ছাৎ কুশোদকাৎ।

বিষ্ণুতৎপর ইতি বিষ্ণুতৎপরত্বেন তুলসীমাহাত্ম্যং জ্ঞাত্বা শ্রীবিষ্ণুপ্রীত্যর্থমিত্যর্থঃ। যদ্বা অকারঃ প্রশ্লেষেণাবৈষ্ণবোঽপীত্যর্থঃ ॥ ৫৭ ॥

যে বিষ্ণুপরায়ণব্যক্তি মস্তকে তুলসী ধারণ করিয়া ধর্ম্ম কার্য্য সকল করেন, তাঁহার সমুদায় কার্য্যেই অক্ষয় ফল লাভ হয় ॥ ৫৭ ॥

অথ তুলসীদল ভক্ষণের মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে ॥

মুখে, মস্তকে ও কর্ণযুগলে তুলসীপত্র দর্শন করিলে, যম তাহার পাপ মার্জ্জনা করেন ॥

হে গরুড়! যদি ত্রিসন্ধ্যা তুলসীপত্র ভক্ষণ করা যায়, তাহা হইলে শত চান্দ্রায়ণ না করিলেও তদপেক্ষা অধিকতর দেহশুদ্ধি জন্মিয়া থাকে ॥

স্কন্দপুরাণে বশিষ্ঠ ও মান্ধাতার সম্বাদে ॥

চান্দ্রায়ণ, তপ্তকৃচ্ছ্র, ব্রহ্মকৃচ্ছ্র ও কুশোদক ব্রত দ্বারা দেহ শুদ্ধি হয়, তুলসীপত্র ভক্ষণ করিলে দেহ তদপেক্ষা অধিকতর শুদ্ধ হইয়া

বিশিষ্যতে কায়শুদ্ধিস্তুলসীপত্রভক্ষণাৎ ॥ ৫৮ ॥
তথাচ তুলসীপত্রভক্ষণাৎ ভাববর্জ্জিতঃ।
পাপোপি সদ্‌গতিং প্রাপ্তঃ ইত্যেতদপি বিশ্রুতং ॥
তথাচ স্কান্দে শ্রীব্রহ্মণা নারদং প্রতি কথিতে অমৃত-
সারোদ্ধারে লুব্ধকোপাখ্যানান্তে শ্রীবিষ্ণুদূতানাং
যমদূতান্ প্রতি বচনং ॥
ক্ষীরাব্ধৌ মথ্যমানে হি তুলসী কামরূপিণী।
উৎপাদিতা মহাভাগা লোকোদ্ধারণহেতবে।
যস্যাঃ স্মরণমাত্রেণ দর্শনাৎ কীর্ত্তনাদপি।
বিলয়ং যান্তি পাপানি কিং পুন র্বিষ্ণুপূজনাৎ।
জাতরূপময়ং পুষ্পং পদ্মরাগময়ং শুভং।
হিত্বাতু রত্নজাতানি গৃহ্নাতি তুলসীদলং।

বিশিষ্যতে বিশিষ্টো ভবতি ॥ ৫৮ ॥

থাকে ॥ ৫৮ ॥

আরও প্রসিদ্ধ আছে যে তুলসীপত্র ভক্ষণ করিলে পাপী ব্যক্তিও দেহত্যাগান্তে সদ্গতি লাভ করে ॥

আরও স্কন্দপুরাণে নারদের প্রতি ব্রহ্মা কর্ত্তৃক কথিত অমৃত সারোদ্ধার প্রস্তাবে লুব্ধকোপাখ্যানের শেষে যমদূতগণের প্রতি বিষ্ণু দূতদিগের বাক্য ॥

ক্ষীরসাগর মথিত হইতে থাকিলে কাম-রূপিণী মহাভাগা তুলসী লোকের উদ্ধার নিমিত্ত উত্থিত হয়েন ॥

যখন তুলসীর স্মরণ, তুলসীর দর্শন ও তুলসীর মাহাত্ম্য কীর্ত্তন করিলেই পাপ লয় হয়, তখন বিষ্ণুপূজার মাহাত্ম্য আর কি বলিব ॥ —

সুবর্ণময়, কি পদ্মরাগমণিময় শুভপুষ্প কি বিবিধরত্ন, বিষ্ণু সমুদায় অগ্রাহ্য করিয়া তুলসীদল গ্রহণ করেন ॥

ভক্ষিতং লুব্ধকেনাপি পত্রং তুলসীসম্ভবং।
পশ্চাদ্দিষ্টান্তমাপন্নো ভস্মীভূতং কলেবরং ॥ ৫৯ ॥
সিতাসিতং যথা নীরং সর্ব্বপাপক্ষয়াবহং।
তথাচ তুলসীপত্রপ্রাশিতং সর্ব্বকামদং।
যথা জাতবলো বহ্নির্দহতে কাননাদিকং।
প্রাশিতং তুলসীপত্রং যথা দহতি পাতকং।
যথা ভক্তিরতো নিত্যং নরোদহতি পাতকং।
তুলসীভক্ষণাত্তদ্বৎ দহতে পাপসঞ্চয়ং।
চান্দ্রায়ণসহস্রস্য পরাকাণাং শতস্যচ।
ন তুল্যং জায়তে পুণ্যং তুলসীপত্রভক্ষণাৎ।
কৃত্বা পাপসহস্রাণি পূর্ব্বে বয়সি মানবঃ।

দিষ্টান্তং মৃত্যুং ॥ ৫৯ ॥
হরেঃ ভগবতঃ সকাশাৎ ॥ ৬০ ॥

চণ্ডালও যদি তুলসীপত্র ভক্ষণ করিয়া অন্তে দেহ ত্যাগ করে, তাহা হইলে তাহার দেহ একেবারে ভস্মীভূত হইয়া যায় ॥ ৫৯ ॥

যেমন শুভ্র এবং কৃষ্ণ গঙ্গা ও যমুনার জল সমস্ত পাতক নাশ করে, তেমনি তুলসীপত্র ভক্ষণ করিলে সর্ব্বকামনা সিদ্ধ হয় ॥

যেমন অগ্নি প্রবল হইয়া কাননাদি দাহ করে, তেমনি তুলসীপত্র ভক্ষিত হইলে পাতক দাহ করে ॥

যেমন মনুষ্য নিত্য হরিভক্তিতে রত থাকিলে পাতক দাহ করে, তেমনি তুলসীপত্র ভক্ষণ করিলেও সঞ্চিত পাপ দাহ করিতে পারে ॥

তুলসীপত্র ভক্ষণ করিলে যে পুণ্য জন্মায়, সহস্র চান্দ্রায়ণ বা শত পরাক ব্রতের পুণ্যও তাহার সমান হয় না ॥

যে মনুষ্য প্রথম বয়সে সহস্র পাপ করিয়াছে, সে যদি পরে তুলসী পত্র ভক্ষণ করে, তাহা হইলে সর্ব্ব পাপ হইতে মুক্তি পায়। পূর্ব্বে

তুলসীভক্ষণান্মুচ্যেৎ শ্রুতমেতৎ পুরা হরেঃ ॥ ৬০ ॥
তাবত্তিষ্ঠন্তি পাপানি দেহিনাং যমকিঙ্করাঃ।
যাবন্ন তুলসীপত্রং মুখে শিরসি তিষ্ঠতি ॥
অমৃতাদুত্থিতা ধাত্রী তুলসী বিষ্ণুবল্লভা।
স্মৃতা সংকীর্ত্তিতা ধ্যাতা প্রাশিতা সর্ব্বকামদা ॥
তত্রৈব শ্রীযমং প্রতি শ্রীভগবদ্বাক্যং ॥
ধাত্রীফলঞ্চ তুলসী মৃত্যুকালে ভবেদ্যদি।
মুখে যস্য শিরে দেহে দুর্গতির্নাস্তি তস্য বৈ ॥ ৬১ ॥
যুক্তো যদি মহাপাপৈঃ সুকৃতং নার্জ্জিতং ক্বচিৎ।
তথাপি গীয়তে মোক্ষস্তুলসী ভক্ষিতা যদি।

শিরে শিরসি ॥ ৬১ ॥ ৬২ ॥

এ কথা হরির নিকট শ্রবণ করিয়াছি ॥ ৬০ ॥

হে যমদূতগণ! মনুষ্যের মুখে ও মস্তকে যে পর্য্যন্ত তুলসীপত্র অবস্থিত না হয়, সেই পর্য্যন্তই তাহার দেহে পাপ থাকিতে পারে ॥

ধাত্রী অমৃত হইতে উৎপন্না হইয়াছেন এবং তুলসী বিষ্ণুর প্রিয়তমা অতএব এই দুইকে স্মরণ, কীর্ত্তন, ধ্যান ও ভক্ষণ করিলে ইহাঁরা সমুদায় কাম প্রদান করেন ॥

ঐ স্কন্দপুরাণেরই শ্রীযমের প্রতি শ্রীভগবানের বাক্যে ॥

যদি কোন ব্যক্তির মৃত্যুকালে মুখে, মস্তকে ও শরীরে আমলকী-ফল ও তুলসীপত্র থাকে, তাহা হইলে কখনই তাহার দুর্গতি হয় না ॥ ৬১ ॥

যদি কোন ব্যক্তি সমুদায় মহাপাতকে যুক্ত হয় এবং কখন কোন পুণ্য উপার্জ্জন করে নাই, সে যদি তুলসীপত্র ভক্ষণ করে তথাপি তাহার মোক্ষ হইয়া থাকে ॥

লুব্ধকেনাত্মদেহেন ভক্ষিতং তুলসীদলং।
সংপ্রাপ্তো মৎপদং নূনং কৃত্বা প্রাণস্য সংক্ষয়ং ॥
পুরাণান্তরে চ ॥
উপোষ্য দ্বাদশীং শুদ্ধাং পারণে তুলসীদলং।
প্রাশয়েদ্যদি বিপ্রেন্দ্র অশ্বমেধাষ্টকং লভেদিতি ॥ ৬২ ॥
তথৈব তুলসীস্পর্শাৎ কৃষ্ণচক্রেণ রক্ষিতঃ।
ব্রহ্মবন্ধুরিতি খ্যাতো হরিভক্তিসুধোদয়ে ॥
অতএবোক্তং ॥
কিঞ্চিত্রমস্যাঃ পতিতং তুলস্যাঃ
দলং জলং বা পতিতং পুনীতে।
লগ্নাধিভালস্থলমালবাল
মৃৎস্নাপি কৃৎস্নাঘ বিনাশনায়েতি ॥ ৬৩ ॥

এতচ্চ মাহাত্ম্যবিশেষ এব ॥ ৬৩ ॥

ব্যাধ নিজদেহে তুলসীপত্র ভক্ষণ পূর্ব্বক প্রাণ পরিত্যাগ করিয়া নিশ্চয় আমার স্থান প্রাপ্ত হইয়াছে ॥

পুরাণান্তরেও ॥

হে বিপ্রেন্দ্র! শুদ্ধা দ্বাদশীতে উপবাস করিয়া পারণে যদি তুলসীদল ভক্ষণ করে, তাহা হইলে অষ্ট অশ্বমেধের ফল লাভ হয় ॥ ৬২ ॥

উক্ত প্রকার তুলসীর পত্র স্পর্শে কৃষ্ণচক্র কর্ত্তৃক রক্ষিত হইয়াছিল, এজন্য হরিভক্তিসুধোদয় গ্রন্থে তাহাকে ব্রহ্মবন্ধু বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

অতএব কথিত হইয়াছে ॥

এই তুলসীর আশ্চর্য্য মাহাত্ম্য আর কি বলিব ইহাঁর পতিত পত্র ও পতিত জল পবিত্র করিয়া থাকেন এবং ইহাঁর মূলস্থ মৃত্তিকা ললাটদেশে সংলগ্ন হইলে সমস্ত পাতক বিনষ্ট হয় ॥ ৬৩ ॥

শ্রীমত্তুলস্যাঃ পত্রস্য মাহাত্ম্যং যদ্যপীদৃশং।
তথাপি বৈষ্ণবৈস্তন্ন গ্রাহ্যং কৃষ্ণার্পণং বিনা ॥ ৬৪ ॥
কৃষ্ণপ্রিয়ত্বাৎ সর্ব্বত্র শ্রীতুলস্যাঃ প্রসঙ্গতঃ।
সঙ্কীর্ত্ত্যমানং ধাত্র্যাশ্চ মাহাত্ম্যং লিখ্যতেঽধুনা ॥
অথ ধাত্রীমাহাত্ম্যং ॥
স্কান্দে ব্রহ্মনারদসম্বাদে ॥
ধাত্রীচ্ছায়াং সমাশ্রিত্য যোঽর্চ্চয়েচ্চক্রপাণিনং।
পুষ্পে পুষ্পেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥
তত্রৈবাগ্রে ॥
ধাত্রীচ্ছায়ান্তু সংস্পৃশ্য কুর্য্যাৎ পিণ্ডং তু যো মুনে।
মুক্তিং প্রযান্তি পিতরঃ প্রসাদান্মাধবস্য চ ॥

তর্হি কিং বৈষ্ণবৈরপ্যনিবেদিতং তদগ্রাহ্যং নেতি লিখতি শ্রীমদিতি। কৃষ্ণার্পণং বিনা তৎপত্রং ন গ্রাহ্যং ॥ ৬৪ ॥

দেহে চ অস্তস্মিন্ করাদ্যঙ্গেপি ॥ ৬৫ ॥

যদিচ শ্রীমত্তুলসীপত্রের এই প্রকার মাহাত্ম্য তথাপি বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণকে অর্পণ না করিয়া উহা গ্রহণ করিবেন না ॥ ৬৪ ॥

শ্রীকৃষ্ণের প্রিয়হেতু শ্রীতুলসীর প্রসঙ্গাধীন ধাত্রীরও সকল স্থানে মাহাত্ম্য কীর্ত্তন করা হইয়াছে অতএব এক্ষণে ধাত্রীর মাহাত্ম্য লিখিতেছি ॥

অথ ধাত্রীমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে ব্রহ্মনারদসম্বাদে ॥

যে মনুষ্য আমলকী বৃক্ষের ছায়া অবলম্বন করিয়া চক্রপাণির পূজা করেন, তিনি প্রতি পুষ্পে অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হন ॥

স্কন্দপুরাণের ঐ স্থানেরই কিঞ্চিদগ্রে ॥

হে মুনে! ধাত্রীচ্ছায়া সংস্পর্শ করিয়া যে ব্যক্তি পিণ্ড প্রদান করেন,

মূর্দ্ধ্নি ঘ্রাণে মুখেচৈব দেহে চ মুনিসত্তম।
ধত্তে ধাত্রীফলং যস্তু স মহাত্মা সুদুর্ল্লভঃ ॥ ৬৫ ॥
ধাত্রীফলবিলিপ্তাঙ্গো ধাত্রীফলবিভূষিতঃ।
ধাত্রীফলকৃতাহারো নরোনারায়ণো ভবেৎ।
যঃ কশ্চিদ্বৈষ্ণবো লোকে ধত্তে ধাত্রীফলং মুনে।
প্রিয়ো ভবতি দেবানাং মনুষ্যাণাস্তু কা কথা।
যঃ কশ্চিদ্বৈষ্ণবো লোকে মিথ্যাচারোঽপি দুষ্টধীঃ।
পুনাতি সকলাঁল্লোকান্ ধাত্রীফলদলান্বিতঃ।
ধাত্রীফলানি যো নিত্যং বহতে করসম্পুটে।
তস্য নারায়ণোদেবো বরমেকং প্রযচ্ছতি।
ধাত্রীফলঞ্চ ভোক্তব্যং কদাচিৎ করসম্পুটাঃ।

করসম্পুটাদিতি পূর্ব্বং মঙ্গলার্থং যত্র করসম্পুটে ধৃতং তস্মাদপি ॥ ৬৬ ॥

শ্রীমাধবের প্রসন্নতা হেতু তাঁহার পিতৃগণ মুক্তি লাভ করেন ॥

হে মুনিসত্তম! যে ব্যক্তি মস্তকে, নাসিকায়, মুখে এবং হস্ত প্রভৃতি অঙ্গ সকলে ধাত্রীফল ধারণ করেন তাদৃশ মহাত্মা সুদুর্লভ ॥৬৫॥

ধাত্রীফলে অঙ্গলেপন করিয়া, ধাত্রীফলে বিভূষিত হইয়া এবং ধাত্রীফল আহার করিয়া মনুষ্য নারায়ণ হয় ॥

হে মুনে! সংসার মধ্যে যে কোন বৈষ্ণব ধাত্রীফল ধারণ করেন, মনুষ্যের কথা কি তিনি দেবগণেরও প্রিয় হয়েন ॥

এই লোকে যে কোন বৈষ্ণব আচার ভ্রষ্ট বা দুষ্টবুদ্ধি হইয়াও যদি তিনি ধাত্রীফল ও ধাত্রীপত্র ধারণ করেন, তাহা হইলে সকল লোককে পবিত্র করিয়া থাকেন ॥

যে ব্যক্তি নিত্য অঞ্জলিপুটে ধাত্রীফল বহন করেন শ্রীনারায়ণ দেব তাঁহার প্রতি প্রসন্ন হইয়া এক বর প্রদান করেন ॥

যশঃ শ্রিয়মবাপ্নোতি প্রসাদাচ্চক্রপাণিনঃ।
ধাত্রীফলঞ্চ তুলসীমৃত্তিকা দ্বারকোদ্ভবা।
সফলং জীবিতং তস্য ত্রিতয়ং যস্য বেশ্মনি ॥ ৬৬ ॥
ধাত্রীফলৈস্তু সংমিশ্রং তুলসীদলবাসিতং।
পিবতে বহতে যস্তু তীর্থকোটিফলং লভেৎ।
যস্মিন্ গৃহে ভবেত্তোয়ং তুলসীদলবাসিতং।
ধাত্রীফলৈশ্চ বিপ্রেন্দ্র গঙ্গায়ৈঃ কিং প্রয়োজনং ॥
তুলসীদলনৈবেদ্যং ধাত্র্যা যস্য ফলং গৃহে।
কবচং বৈষ্ণবং তস্য সর্ব্বপাপবিনাশনং।
ব্রহ্মপুরাণে চ ॥
ধাত্রীফলানি তুলসী হ্যন্তকালে ভবেদ্যদি।

বহত ইতি পাঠে নিরন্তর শ্লোকবক্ষ্যমাণতোয়মেব সম্বন্ধনীয়ং ॥ ৬৭ ॥

কখন যদি কোন ব্যক্তি ভোজন যোগ্য ধাত্রীফল অঞ্জলিপুটে ধারণ করেন, তাহা হইলে তিনি চক্রপাণির অনুগ্রহে যশঃ ও সম্পৎ প্রাপ্ত হয়েন ॥

ধাত্রীফল, তুলসী ও দ্বারকোদ্ভবা মৃত্তিকা অর্থাৎ গোপীচন্দন এই তিন যাঁহার গৃহে অবস্থিত থাকে, তাঁহার জীবন সফল ॥ ৬৬ ॥

যে ব্যক্তি ধাত্রীফলসমূহে মিশ্রিত এবং তুলসীপত্রে সুবাসিত জল, পান ও বহন করেন,তাঁহার কোটি তীর্থের ফল লাভ হয় ॥

হে বিপ্রেন্দ্র! যে গৃহে তুলসীদল সুবাসিত ও ধাত্রীফলসমূহে মিশ্রিত জল থাকে, সে গৃহে গঙ্গাজলের প্রয়োজন কি? ॥

যাঁহার গৃহে তুলসীদল নৈবেদ্য ও ধাত্রীফল থাকে তাহাই তাঁহার বৈষ্ণবকবচ, উহার দ্বারা সমস্ত পাপ বিনষ্ট হয় ॥

ব্রহ্মপুরাণেও ॥

যদি কোন ব্যক্তির মৃত্যুকালে মুখে, মস্তকে ও শরীরে ধাত্রীফল

মুখেচৈব শিরস্যঙ্গে পাতকং নাস্তি তস্য বৈ ॥ ৬৭ ॥
কৃত্বাতু ভগবৎপূজাং ন তীর্থে স্নানমাচরেৎ।
ন চ দেবালয়োপেতাহস্পৃশ্যসংস্পর্শনাদিনা ॥ ৬৮ ॥
অথ স্নাননিষেধকালঃ। স্মৃত্যর্থসারে ॥
ন স্নায়াদুৎসবে তীর্থে মাঙ্গল্যং বিনিবর্ত্ত্য চ।
অনুব্রজ্য সুহৃদ্বন্ধূনর্চ্চয়িত্বেষ্টদেবতাং ॥ ৬৯ ॥
বিষ্ণুস্মৃতৌ চ ॥
বিষ্ণ্বালয়সমীপস্থান্ বিষ্ণুসেবার্থমাগতান্।
চণ্ডালান্ পতিতান্ বাপি স্পৃষ্ট্বা ন স্নানমাচরেৎ।

এবং পূজাবিধিং লিখিত্বা তদনন্তরকৃত্যং লিখন্নাদৌ তীর্থপ্রাপ্ত্যাদিনা বিহিতস্যাপি স্নানস্য নিষেধং লিখতি কৃত্বেতি। দেবালয়মুপেতা যে হস্পৃশ্যা নীচজাতয়ঃ তেষাং স্পর্শনেন চ ন স্নানমাচরেৎ। আদিশব্দেন যত্র কুত্রাপি ভগবৎপূজাদ্যুৎসবে সম্প্রাপ্তানাং স্পর্শনাদিকং ॥ ৬৮ ॥

তীর্থে ন স্নায়াৎ ॥ ৬৯ ॥

বিষ্ণ্বালয়স্য সমীপে তিষ্ঠন্তি নিবসন্তীতি তথা তান্। ততশ্চ কালে বিষ্ণোঃ সেবা

ও তুলসীপত্র থাকে নিশ্চয় তাহার পাতক থাকে না ॥ ৬৭ ॥

ভগবৎপূজা করিয়া জলে স্নান করিবে না এবং দেবালয়গত নীচ জাতির সংস্পর্শেও স্নানকরিবে না। আদিশব্দ প্রয়োগ হেতু যে কোন স্থানেই হউক ভগবানের পূজাদি উৎসবে সমাগত নীচজাতির সংস্পর্শে স্নান করা নিষিদ্ধ ॥ ৬৮ ॥

অথ স্নানে নিষেধ কাল। স্মৃত্যর্থসারে ॥

উৎসবে, তীর্থে, মঙ্গল—ক্রিয়াসমাপনানন্তর, সুহৃৎ ও বন্ধুবর্গের অনুগমন করিয়া এবং অভীষ্টদেবের পূজা করিয়া জলে স্নান জরিবে না ॥ ৬৯ ॥

বিষ্ণুস্মৃতিতেও ॥

বিষ্ণুমন্দিরের সমীপবর্ত্তি এবং বিষ্ণুসেবার্থ সমাগত চণ্ডাল বা পতিত ব্যক্তিদিগকেও স্পর্শ করিয়া স্নান করিবে না ॥

দেবযাত্রাবিবাহেষু যজ্ঞোপকরণেষু চ।
উৎসবেষু চ সর্ব্বেষু স্পৃষ্টাস্পৃষ্টি র্ন বিদ্যতে ॥ ৭০ ॥
এবং প্রাতঃ সমভ্যর্চ্চ্য শ্রীকৃষ্ণং তদনন্তরং।
শাস্ত্রাভ্যাসং দ্বিজঃ শক্ত্যা কুর্য্যাদ্বিপ্রোবিশেষতঃ ॥ ৭১ ॥
যত উক্তং ॥
শ্রুতিস্মৃতী উভে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিতে।
একেন বিকলঃ কাণো দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিতঃ ॥
কিঞ্চ কৌর্ম্মে ব্যাসগীতায়াং ॥
যোঽন্যত্র কুরুতে যত্নমনধীত্য শ্রুতিং দ্বিজাঃ।

দর্শনাদি তদর্থং বিষ্ণ্বালয়ান্তরাগতানিত্যর্থঃ। যদ্বা বিষ্ণ্বালয়সমীপবর্ত্তিনঃ। কুতঃ বিষ্ণুসেবার্থং যতঃ কুতো ঽপ্যাগতান্ যদ্বা বিষ্ণুসেবার্থমাগতাংশ্চ ॥ ৭০ ॥

দ্বিজঃ ত্রৈবর্ণিকঃ ॥ ৭১ ॥

বিপ্রস্তু বিশেষতঃ শাস্ত্রাভ্যাসং কুর্য্যাদিত্যত্র হেতুং লিখতি শ্রুতীতি। একেন শ্রুতিরূপেণ স্মৃতিরূপেণ বা নেত্রেণ বিকলঃ বিহীনঃ। দ্বাভ্যাং বিকলঃ অন্ধঃ ॥ ৭২ ॥

দেবযাত্রায়, বিবাহে, যজ্ঞের উপকরণে এবং উৎসব সকলেও নীচ জাতি স্পর্শ করিলে অস্পৃষ্টি দোষ হয় না ॥ ৭০ ॥

এই প্রকার প্রাতঃকালে শ্রীকৃষ্ণের পূজা করিয়া, পরে দ্বিজ অর্থাৎ ত্রৈবর্ণিক, বিশেষতঃ ব্রাহ্মণ শাস্ত্রাভ্যাস করিবেন ॥ ৭১ ॥

যেহেতু কথিত হইয়াছে ॥

শ্রুতি ও স্মৃতি এই দুইটী ব্রাহ্মণদিগের নেত্র, ইহার একটী হীন হইলে কাণ, দুইটী হীন হইলে অন্ধ বলা যায় ॥

আরও কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

হে দ্বিজগণ! যে ব্যক্তি বেদ অধ্যয়ন না করিয়া অন্য বিষয়ে যত্ন করে, সে মূঢ় ও বেদবাহ্য, দ্বিজাতিগণ তাহার সহিত আলাপ করি-

স সংমূঢ়ো ন সংভাষ্যো বেদবাহ্যো দ্বিজাতিভিঃ।
ন বেদপাঠমাত্রেণ সন্তুষ্যেদেষ বৈ দ্বিজাঃ।
যথোক্তাচারহীনস্তু পঙ্কে গৌরিব সীদতি।
যোঽধীত্য বিধিবদ্বেদং বেদার্থং ন বিচারয়েৎ।
স চান্ধঃ শূদ্রকল্পস্তু পদার্থং ন প্রপদ্যত ইতি ॥ ৭২ ॥
অতোঽধীত্যান্বহং বিদ্বানথাধ্যাপ্য চ বৈষ্ণবঃ।
সমর্প্য তচ্চ কৃষ্ণায় যতেত নিজবৃত্তয়ে ॥ ৭৩ ॥
বৃত্তৌ সত্যাঞ্চ শৃণুয়াৎ সাধূন্ সঙ্গত্য সৎকথাং ॥ ৭৪ ॥
অথ বৃত্তিসম্পাদনং ॥

বিদ্বান্ শাস্ত্রজ্ঞশ্চেৎ অধ্যাপ্য শাস্ত্রং শিষ্যান্ পাঠয়িত্বা। বৈষ্ণবশ্চেৎ তৎ অধ্যয়নমধ্যাপনঞ্চ কৃষ্ণায় সমর্প্য ॥ ৭৩ ॥
সতীমুত্তমাং শ্রীবিষ্ণুবৈষ্ণবাশ্রয়াং কথাং ॥ ৭৪ ॥

বেন না ॥

কেবল বেদমাত্র পাঠ করিয়া সন্তুষ্ট হইবে না, যথোক্ত আচারহীন হইলে কর্দ্দম পতিত গোএর ন্যায় ক্লেশ প্রাপ্ত হইবে ॥

যে ব্যক্তি বিধি পূর্ব্বক বেদ অধ্যয়ন করিয়াছেন কিন্তু বেদের অর্থ বিচার করেন নাই, তিনি অন্ধ ও শূদ্রতুল্য সুতরাং পদার্থ প্রাপ্ত হইতে পারেন না ॥ ৭২ ॥

অতএব প্রত্যহ অধ্যয়ন করিবেন, যদি শাস্ত্রজ্ঞ হয়েন তবে শিষ্যকে অধ্যয়ন করাইবেন, আর যদি বৈষ্ণব হয়েন তাহা হইলে অধ্যয়ন ও অধ্যাপন শ্রীকৃষ্ণকে সমর্পণ করিয়া নিজ জীবিকার নিমিত্ত যত্ন করিবেন ॥ ৭৩ ॥

জীবিকা উপস্থিত থাকিলে সাধুদিগের সহিত সঙ্গ করিয়া শ্রীবিষ্ণু ও বৈষ্ণবাশ্রিতা কথা শ্রবণ করিবেন ॥ ৭৪ ॥

অথ জীবিকানিষ্পন্ন করণ ॥

সপ্তমস্কন্ধে ॥

ঋতামৃতাভ্যাং জীবেত মৃতেন প্রমৃতেন বা।
সত্যানৃতাভ্যামপি বা ন শ্ববৃত্ত্যা কদাচন।
ঋতমুঞ্ছশিলং প্রোক্তমমৃতং স্যাদযাচিতং।
মৃতন্তু নিত্যং যাচ্ঞা স্যাৎ প্রমৃতং কর্ষণং স্মৃতং।
সত্যানৃতন্তু বাণিজ্যং শ্ববৃত্তির্নীচসেবনং।
আত্মনো নীচলোকানাং সেবনং বৃত্তিসিদ্ধয়ে।
নিতরাং নিন্দ্যতে সদ্ভি র্বৈষ্ণবস্য বিশেষতঃ।
তদুক্তং ॥
সেবা শ্ববৃত্তি র্যৈরুক্তা ন সম্যক্ তৈরুদাহৃতং।

আত্মনঃ সকাশাৎ যে নীচা লোকা স্তেষাং বৈষ্ণবস্য তু নীচলোকসেবনং বিশেষতো ২ধিকং নিন্দ্যতে নীচলোকসেবনেন নীচানামবৈষ্ণবদুষ্টজনানামধীনত্বমহাদোষাপত্তেঃ॥ ৭৫ ॥

সপ্তমস্কন্ধে ১১ অধ্যায়ে ১৮। ১৯ শ্লোকে ॥

হে রাজন্! ব্রাহ্মণজাতির যে চারিটী বৃত্তি বলিলাম তন্মধ্যে ঋত ও অমৃত দ্বারা অথবা মৃত ও প্রমৃত দ্বারা কিম্বা সত্যানৃত দ্বারা সকল জাতিই জীবন ধারণ করিতে পারে, কিন্তু শ্ববৃত্তি দ্বারা কখন জীবিকা কর্ত্তব্য নহে ॥

রাজন্! ঋত শব্দের অর্থ উঞ্ছ ও শিল, অমৃতের অর্থ অযাচিত, মৃত শব্দের অর্থ নিত্য যাচ্ঞা, প্রমৃতের নাম কৃষি, সত্যানৃতের অর্থ বণিজ্য, শ্ববৃত্তির অর্থ নীচসেবা ॥

জীবিকা সিদ্ধির নিমিত্ত আপনা অপেক্ষা নীচ লোকদিগের সেবা করাকে সাধুগণ নিন্দা করিয়া থাকেন, বিশেষতঃ বৈষ্ণবের পক্ষে নিন্দনীয় ॥

ঐ বিষয় কথিত হইয়াছে ॥

যাঁহারা সেবাকে কুক্কুরবৃত্তি বলিয়া উল্লেখ করিয়াছেন, তাঁহারা

স্বচ্ছন্দচরিতঃ ক্ব শ্বা বিক্রীতাত্মঃ ক্ব সেবকঃ।
পণীকৃত্যাত্মনঃ প্রাণান্ যে বর্ত্তন্তে দ্বিজাধমাঃ।
তেষাং দুরাত্মনামন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেদিতি।
শুক্লবৃত্তেরসিদ্ধৌচ ভোজ্যান্নান্ শূদ্রবর্গতঃ।
তথৈব গ্রহ্যাগ্রাহ্যাণি জানীয়াচ্ছাস্ত্রতো বুধঃ।
শুক্লবৃত্তিশ্চ ॥
শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ॥
প্রতিগ্রহেণ যল্লব্ধং যাজ্যতঃ শিষ্যতস্তথা।
গুণান্বিতেভ্যো বিপ্রস্য শুক্লং তৎ ত্রিবিধং স্মৃতং।
যুদ্ধোপকারাল্লব্ধঞ্চ দণ্ডাচ্চ ব্যবহারতঃ।
ক্ষত্রিয়স্য ধনং শুক্লং ত্রিবিধং পরিকীর্ত্তিতং।

সমগ্ররূপে বলেন নাই, কোথায় স্বচ্ছন্দাচারী কুক্কুর? আর কোথায় প্রাণ বিক্রয় সেবক? অর্থাৎ এই দুইয়ের পরস্পার তুলনা হইতে পারে না। যে সকল দ্বিজাধম আপনার প্রাণকে পণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে, সেই সকল দুরাত্মার অন্ন ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিতে হইবে ॥

পবিত্র বৃত্তির অসিদ্ধি হইলেও যে সকল শূদ্রের অন্ন ভোজন করিতে পারা যায়, সেই সকল শূদ্রের নিকট হইতে অন্ন গ্রহণ করিবে। পণ্ডিত ব্যক্তি শাস্ত্রানুসারে এই গ্রহণকে অগ্রহণ করিয়া জানিবেন ॥

পবিত্র জীবিকা যথা বিষ্ণুধর্ম্মোত্তরের তৃতীয়কাণ্ডে ॥

প্রতিগ্রহ দ্বারা, যজমানের সমীপে ও গুণান্বিত শিষ্যের নিকট হইতে যে লাভ হয়, ব্রাহ্মণের ঐ তিন প্রকার শুক্ল অর্থাৎ পবিত্র জীবিকা বলিয়া কথিত হইয়াছে ॥

যুদ্ধোপকার, দণ্ড এবং ব্যবহার অর্থাৎ কার্য্যাকার্য্য বিচারণ দ্বারা লব্ধ, এই তিন প্রকার ধন ক্ষত্রিয়ের পক্ষে শুক্ল অর্থাৎ পবিত্র বলিয়া

কৃষিবাণিজ্যগোরক্ষাঃ কৃত্বা শুক্লং তথাবিশঃ।
দ্বিজশুশ্রূষয়া লব্ধং শুক্লং শূদ্রস্য কীর্ত্তিতং।
ক্রমাগতং প্রীতিদানং প্রাপ্তঞ্চ সহ ভর্য্যয়া।
অবিশেষেণ সর্ব্বেষাং ধনং শুক্লং প্রকীর্ত্তিতং॥
অথ গ্রাহ্যাগ্রাহ্যাণি॥
কৌর্ম্মে তত্রৈব॥
নাদ্যাচ্ছূদ্রস্য বিপ্রোঽন্নং মোহাদ্বা যদি কামতঃ।
স শূদ্রযোনিং ব্রজতি যস্তু ভুঙ্‌ক্তে হ্যনাপদি।
দুষ্কৃতং হি মনুষ্যস্য সর্ব্বমন্নে প্রতিষ্ঠিতং।
যো যস্যান্নং সমশ্নাতি স তস্যাশ্নাতি কিল্বিষং।

কীর্ত্তিত॥

কৃষি, বাণিজ্য ও গোরক্ষা করিয়া যে ধন লব্ধ হইবে বৈশ্যের পক্ষে তাহাই পবিত্র, আর দ্বিজাতি শুশ্রূষা দ্বারা লব্ধ ধন শূদ্রের পক্ষে শুক্ল বলিয়া কীর্ত্তিত হয়॥

পরম্পরাগত, প্রীতিদান এবং ভার্য্যার সহিত প্রাপ্ত এই ত্রিবিধ ধন অবিশেষে সকলের সম্বন্ধে পবিত্র বলিয়া কীর্ত্তিত হইয়াছে॥

অথ গ্রাহ্যাগ্রাহ্য অর্থাৎ গ্রহণ ও অগ্রহণ যোগ্য অন্নের বিষয়॥

কূর্ম্মপুরাণে জীবিকা বিষয়ে॥

ব্রাহ্মণ শূদ্রের অন্ন ভোজন করিবেন না, যদি মোহ বশতঃ বা ইচ্ছা করিয়া আপদ্‌ভিন্ন কালে শূদ্রান্ন ভোজন করেন, তাহা হইলে তিনি শূদ্রযোনি প্রাপ্ত হয়েন॥

মনুষ্যের সমুদায় পাপ অন্নের মধ্যে থাকে, অতএব যিনি যাহার অন্ন ভোজন করেন তিনি তাহার পাপ ভোজন করিয়া থাকেন॥

আর্দ্ধিকঃ কুলমিত্রশ্চ স্বগোপালশ্চ নাপিতঃ।
এতে শূদ্রেষু ভোজ্যান্না দত্ত্বা স্বল্পপণং বুধৈঃ।
পায়সং স্নেহপক্কং যদ্গোরসং চৈব শক্তবঃ।
পিণ্যাকঞ্চৈব তৈলঞ্চ শূদ্রাদ্গ্রাহ্যং তথৈবচ।
অঙ্গিরাঃ॥
গোরসঞ্চৈব শক্তূংশ্চ তৈলপিণ্যাকমেবচ।
অপূপান্ ভক্ষয়েচ্ছূদ্রাৎ যৎকিঞ্চিৎ পয়সা কৃতং।
অত্রিস্মৃতৌ॥
স্বসুতায়াশ্চ যে ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে পৃথিবীমলং।
নরেন্দ্রভবনে ভুক্ত্বা বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ॥ ৭৫॥
অন্যত্র চ॥

আর্দ্ধিক অর্থাৎ যাহার সহিত শস্যের অর্দ্ধাংশ ভাগ থাকে, তথা কুলমিত্র, স্বীয় গোপালক এবং নাপিত, শূদ্রজাতির মধ্যে এই সকল ভোজ্যান্ন অর্থাৎ ইহাদের অন্ন ভোজন করিতে পারা যায়। পণ্ডিতগণ কিঞ্চিৎ মূল্য দিয়া শূদ্রের নিকট হইতে পায়স (ক্ষীরাদি), ঘৃতপক্ক, গোরস (দুগ্ধ), শক্তু, পিণ্যাক (খলি) এবং তৈল গ্রহণ করিবেন॥

অঙ্গিরা॥

গোরস, শক্তু তৈলপিণ্যাক, পিষ্টক এবং যে কোন দ্রব্য দুগ্ধ দ্বারা নির্ম্মিত তৎসমুদয় শূদ্রের নকট হইতে গ্রহণ করিয়া ভক্ষণ করিবে॥

অত্রি স্মৃতিতে॥

যে ব্যক্তি আপনার কন্যার দ্রব্য ভক্ষণ করে, সে পৃথিবীর মল ভক্ষণ করে এবং রাজগৃহে ভোজন করিলে বিষ্ঠায় কৃমি হইয়া জন্ম গ্রহণ করে॥ ৭৫॥

অন্যস্থানেও॥

দাস নাপিত গোপাল কুলমিত্রার্দ্ধসীরিণঃ।
ভোজ্যান্নাঃ শূদ্রবর্গে ঽমী তথাত্মবিনিবেদকঃ ॥ ৭৬ ॥
মধূদকং ফলং মূলমেধাংস্যভয়দক্ষিণা।
অভ্যুদ্যতানি ত্বেতানি গ্রাহ্যাণ্যপি নিকৃষ্টতঃ।
খলক্ষেত্রগতং ধান্যং কূপবাপীষু যজ্জলং।
অগ্রাহ্যাদপি তদ্‌গ্রাহ্যং যচ্চ গোষ্ঠগতং পয়ঃ।
পানীয়ং পায়সং ভক্ষ্যং ঘৃতং লবণমেবচ।
হস্তদত্তং ন গৃহ্ণীয়াৎ তুল্যং গোমাংসভক্ষণৈঃ।
মনুস্মৃতৌ ॥
সামুদ্রং সৈন্ধবং চৈব লবণে পরমাদ্ভুতে।

দাসাঃ কৈবর্ত্তাঃ কুলমিত্রাণি পারম্পর্য্যেণ নিজবংশহিতকারিণঃ। অর্দ্ধসীরিণঃ। বিত্তাদিবিভাগিনঃ ॥ ৭৬ ॥

নাপিত, গোরক্ষক, কুলমিত্র অর্থাৎ পারম্পর্য্যানুসারে নিজবংশের হিতকারী এবং অর্দ্ধসীরী অর্থাৎ ধনাদির বিভাগকারী, শূদ্রবর্গের মধ্যে ইহাদের অন্ন ভোজন করিতে পারা যায়, আর যে ব্যক্তি আত্ম সমর্পণ করে তাহারও অন্ন ভোজন করা যাইতে পারে ॥ ৭৬ ॥

মধু, জল, ফল, মূল, কাষ্ঠ এবং অভয়দান এই সমুদায় বিনা প্রার্থনায় উপস্থিত হইলে, নিকৃষ্ট জাতির নিকট হইতেও গ্রহণ করিবে ॥

খল (খামার) ভূমিস্থিত ধান্য, কূপ ও দীর্ঘিকাস্থ জল এবং গোষ্ঠস্থিত দুগ্ধ এই সমুদয় অগ্রাহ্য ব্যক্তিদিগের নিকট হইতেও গ্রহণ করিবে ॥

জল, পায়স, ভক্ষ্য, ঘৃত ও লবণ এ সকল হস্ত দত্ত হইলে গ্রহণ করিবে না, করিলে গোমাংস ভক্ষণের তুল্য হয় ॥

মনুস্মৃতিতে ॥

সমুদ্রোৎপন্ন এবং সৈন্ধব এই দুই লবণ অতি উৎকৃষ্ট, এই দুই

প্রত্যক্ষে অপি তে গ্রাহ্যে নিষেধস্ত্বন্যগোচরঃ।
আয়সেনৈব পাত্রেণ যদন্নমুপনীয়তে।
ভোক্তা তদ্বিট্ সমং ভুঙ্‌ক্তে দাতাচ নরকং ব্রজেৎ।
গোরক্ষকান্ বাণিজকান্ তথা কারুকশীলিনঃ।
প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ॥ ৭৭॥
কৌর্ম্মে চ তত্রৈব॥
তৃণং কাষ্ঠং ফলং পুষ্পং প্রকাশং বৈ হরেদ্বুধঃ।
ধর্ম্মার্থং কেবলং বিপ্র হ্যন্যথা পতিতো ভবেৎ।
তিলমুদ্গযবাদীনাং মুষ্টিগ্রাহ্যা পথি স্থিতৈঃ।
ক্ষুধার্ত্তৈর্নান্যথা বিপ্রা ধর্ম্মবিদ্ভিরিতি স্থিতিঃ।

বিপ্রেভ্যোঽপি সর্ব্বেভ্যঃ শুল্কবৃত্তি র্ন সিদ্ধ্যতীত্যভিপ্রেত্য লিখতি গোরক্ষকানিতি। কারুকশীলিনঃ কটাদিকারিণঃ॥ ৭৭॥

প্রত্যক্ষ অর্থাৎ স্বয়ং গ্রহণ করিবে, অন্য গোচরে নিষিদ্ধ॥

লোহপাত্র দ্বারা যে অন্ন আনীত হয় তাহা ভোজন করিলে ভোক্তা বিষ্ঠার কৃমি ভোজন করে এবং দাতাও নরকে যায়॥

যে সকল ব্রাহ্মণ গোরক্ষক, ব্যবসায়ী, কটাদি নির্ম্মাণকারী, ভৃত্য এবং বৃদ্ধিজীবী অর্থাৎ যাহারা সূদ গ্রহণ করে, ইহাদিগের প্রতি শূদ্র তুল্য ব্যবহার করিবে॥ ৭৭॥

কূর্ম্মপুরাণেও সেই স্থলে॥

হে বিপ্র! বিচক্ষণ ব্যক্তি কেবল ধর্ম্মের নিমিত্ত প্রকাশ রূপে তৃণ, কাষ্ঠ, ফল ও পুষ্প হরণ করিবেন, অন্যথা পতিত হইবেন॥

হে বিপ্রগণ! পান্থ ব্যক্তি সকল ক্ষুধাতুর হইলে তিল, মুদ্গ ও যব প্রভৃতির মুষ্টি গ্রহণ করিবে, অন্য অবস্থায় নহে, ধর্ম্মশাস্ত্রবেত্তাদিগের এইরূপ মর্য্যাদা॥

বৈষ্ণবানাং হি ভোক্তব্যং প্রার্থ্যান্নং বৈষ্ণবৈঃ সদা।
অবৈষ্ণবানামন্নন্তু পরিবর্জ্যমমেধ্যবৎ ॥ ৭৮ ॥

তথাচ পাদ্মে দেবদূতবিকুণ্ডলসম্বাদে ॥

প্রার্থয়েদ্বৈষ্ণবাদন্নং প্রযত্নেন বিচক্ষণঃ।
সর্ব্বপাপবিশুদ্ধ্যর্থং তদভাবে জলং পিবেৎ।

নারদীয়ে ॥

মহাপাতকসংযুক্তো ব্রজেদ্বৈষ্ণবমন্দিরং।
যাচয়েদন্নমমৃতং তদভাবে জলং পিবেৎ।

বিষ্ণুস্মৃতৌ ॥

শ্রোত্রিয়ান্নং বৈষ্ণবান্নং হুতশেষঞ্চ যদ্ধবিঃ।

এবং ব্রাহ্মণস্য শুক্লবৃত্তৌ শূদ্রাণাং সর্ব্বেষামেবান্নবর্জনে প্রাপ্তে অপবাদং দর্শয়ন্ বৈষ্ণবান্নঞ্চ শুক্লবৃত্তিমভিব্যঞ্জয়ন্ অবৈষ্ণবত্বেপি বিপ্রাণামপ্যন্নং বৈষ্ণবৈর্বর্জনীয়মিত্যভিপ্রেত্য লিখতি বৈষ্ণবানাং। হি নির্দ্ধারে প্রার্থ্যাপি। অমেধ্যং পুরীষাদি তদ্বৎ ॥ ৭৮ ॥

বৈষ্ণবগণ সর্ব্বদা প্রার্থনা করিয়া বৈষ্ণবদিগের অন্ন ভোজন করিবেন, যিনি বৈষ্ণব নহেন এমত ব্রাহ্মণেরও অন্ন অপবিত্র তুল্য পরিত্যাগ করিবেন ॥ ৭৮ ॥

ঐরূপই পদ্মপুরাণে দেবদূত বিকুণ্ডল সম্বাদে ॥

বিচক্ষণ ব্যক্তি সর্ব্ব পাপ বিশুদ্ধির নিমিত্ত যত্ন সহকারে বৈষ্ণবের নিকট অন্ন প্রার্থনা করিবেন কিন্তু তাহার অভাব হইলে কেবল মাত্র জল পান করিবেন ॥

নারদপুরাণে ॥

মহাপাতক লিপ্ত ব্যক্তি বৈষ্ণবের গৃহে গমন করিয়া অমৃতময় অন্ন, প্রার্থনা করিবে, তাহার অভাব হইলে জল পান করিবে ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

শ্রোত্রিয়ের অন্ন, বৈষ্ণবের অন্ন এবং হোমের অবশিষ্ট যে হবিঃ,

আনখাৎ শোধয়েৎ পাপং তুষাগ্নিঃ কনকং যথা ॥ ৭৯ ॥

স্কান্দে মার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥

শুদ্ধং ভাগবতস্যান্নং শুদ্ধং ভাগীরথীজলং।

শুদ্ধং বিষ্ণুপরং চিত্তং শুদ্ধমেকাদশীব্রতং।

অবৈষ্ণবগৃহে ভুক্ত্বা পীত্বা বা জ্ঞানতোঽপি বা।

শুদ্ধিশ্চান্দ্রায়ণে প্রোক্তা ইষ্টাপূর্ত্তং বৃথা সদা।

শ্রীপ্রহ্লাদবাক্যেচ ॥

কেশবার্চ্চা গৃহে যস্য ন তিষ্ঠতি মহীপতে।

তস্যান্নং নৈব ভোক্তব্যমভক্ষ্যেণ সমং স্মৃতং ॥ ৮০ ॥

শ্রোত্রিয়ান্নমিতি হুতশেষং হবিরিতিচ দৃষ্টান্ততয়াত্র জ্ঞেয়ং ॥ ৭৯ ॥

শুদ্ধমিতি সূতকাদৌ নিষিদ্ধমপি শুদ্ধমেবেত্যর্থঃ। তথাচ বিষ্ণুস্মৃতৌ। শিববিষ্ণ্বর্চ্চনে দীক্ষা যস্য চাগ্নি পরিগ্রহঃ। ব্রহ্মচারি যতীনাঞ্চ শরীরে নাস্তি সূতকমিতি। তত্র দৃষ্টান্তঃ। অশুচি সংসর্গাদিনাপি যথা গঙ্গাজলং শুদ্ধমেবেত্যাদয়ঃ। তদুক্তং। অপি

এ সমুদায়, যেমন তুষাগ্নি স্বর্ণ শুদ্ধ করে তাহার ন্যায়, নখ অবধি শরীরের সমস্ত পাপ সংশোধন করিয়া থাকে ॥ ৭৯ ॥

স্কন্দপুরাণে মার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

ভগবদ্ভক্তের অন্ন পবিত্র, গঙ্গাজল পবিত্র, বিষ্ণুতৎপর চিত্ত পবিত্র এবং একাদশীব্রত পবিত্র ॥

অজ্ঞান বশতও যদি অবৈষ্ণবগৃহে ভোজন বা পান করে, তাহা হইলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্তে শুদ্ধ হয়, তাহার সর্ব্বদা ইষ্টকর্ম্ম ও পূর্ত্তকর্ম্ম সকল বিফল হইয়া যায় ॥

শ্রীপ্রহ্লাদের বাক্যেও ॥

হে রাজন্! যাহার গৃহে শ্রীকৃষ্ণের প্রতিমা অবস্থিত নাই, তাহার অন্ন কখন ভোজন যোগ্য নহে, কারণ তাহা অভক্ষ্যের তুল্য বলিয়া কথিত হইয়াছে ॥ ৮০ ॥

কেচিদ্বৃত্ত্যনপেক্ষস্য জপশ্রদ্ধাবতঃ প্রভৌ।
বিশ্বস্তস্যাদিশন্ত্যস্মিন্ কালেঽপি কৃতিনো জপং ॥ ৮১ ॥
অথ মাধ্যাহ্নিককৃত্যানি ॥
মধ্যাহ্নে স্নানতঃ পূর্ব্বং পুষ্পাদ্যাহৃত্য বা স্বয়ং।
ভৃত্যাদিনা বা সম্পাদ্য কুর্য্যান্মাধ্যাহ্নিকীঃ ক্রিয়াঃ।
স্নানাশক্তৌ চ মধ্যাহ্নে স্নানমাচর্য্য মান্ত্রিকং।
যথোক্তাং ভগবৎপূজাং শক্তশ্চেৎ প্রাগ্বদাচরেৎ ॥ ৮২ ॥
অথ বৈষ্ণববৈশ্বদেবাদিবিধিঃ ॥

চাণ্ডালভাণ্ডস্থং তজ্জলং পাবনং মহদিত্যাদি ॥ ৮০ ॥

বৃত্তৌ বৃত্তিসম্পাদনে অনপেক্ষস্য আসক্তিরহিতস্য যতঃ প্রভৌ ভগবতি বিশ্বস্তস্য ভগবান্ জগতাং বৃত্তিদঃ কিন্তৎ প্রয়াসেনেতি বিশ্বাসং গতস্য যতঃ কৃতিনঃ অভিজ্ঞস্য। অতো জপে শ্রদ্ধা প্রীতিস্তদ্বতঃ অস্মিন্ অধ্যয়নাধ্যাপনবৃত্তিসম্পাদনসম্বন্ধিনি কালেঽপি জপমেবাদিশন্তি কেচিৎ কৃতিন ইতি বা ॥ ৮১ ॥

প্রাগ্বৎ যথা প্রাতঃকৃত্যং তথেত্যর্থঃ ॥ ৮২ ॥

জপ বিষয়ে শ্রদ্ধাশালী কোন কোন অভিজ্ঞ ব্যক্তি প্রভুর প্রতি বিশ্বস্ত চিত্ত হইয়া অর্থাৎ ভগবান্ সমস্ত জগতের বৃত্তিদাতা অতএব জীবিকার প্রয়াসে প্রয়োজন নাই এই বোধে অধ্যয়ন, অধ্যাপন ও বৃত্তি সম্পাদন সম্বন্ধি কালেও জপ উপদেশ করেন ॥ ৮১ ॥

অথ মধ্যাহ্নকাল সম্বন্ধি কার্য্য সকল ॥

মধ্যাহ্নকালে স্নানের পূর্ব্ব পুষ্পাদি স্বয়ং আহরণ করিয়া অথবা ভৃত্যাদি দ্বারা সম্পাদন করিয়া মধ্যাহ্নকালের কার্য্য সকল করিবে ॥

মধ্যাহ্ন স্নানে অশক্ত হইলে মন্ত্রস্নান করিয়া পূর্ব্ব কথিতানুসারে ভগবানের পূজা করিবে, আর যদি সমর্থ হয়, তাহা হইলে যেমন প্রাতঃকৃত্য তদনুরূপ আচরণ করিবে ॥ ৮২ ॥

অথ বৈষ্ণবদিগের বৈশ্বদেবাদি বিধি ॥

ততঃ কৃষ্ণার্পিতেনৈব শুদ্ধেনান্নেন বৈষ্ণবঃ।
বৈশ্বদেবাদিকং দৈবং কর্ম্ম পৈত্রঞ্চ সাধয়েৎ।
তদুক্তং ॥
ষষ্ঠে দিনবিভাগেতু কুর্য্যাৎ পঞ্চ মহামখান্।
দৈবো হোমেন যজ্ঞঃ স্যাৎ ভৌতস্তু বলিদানতঃ।
পৈত্রো বিপ্রান্নদানেন পৈত্রেণ বলিনাথ বা।
কিঞ্চিদন্নপ্রদানাদ্বা তর্পণাদ্বা চতুর্বিধঃ।
নৃযজ্ঞোঽতিথিসৎকারাৎ হন্তকারেণ চাম্বুনা।
ব্রহ্মযজ্ঞো বেদজপাৎ পুরাণপঠনেন বা ॥

ভৌতো ভূতসম্বন্ধিযজ্ঞঃ পৈত্রশ্চ যজ্ঞশ্চতুর্ব্বিধঃ। চতুর্বিধত্বমেবাহ বিপ্রেতি। অত্র চ বিশেষঃ কৌর্ম্মে। দেবযজ্ঞং ভূতযজ্ঞং পিতৃযজ্ঞং তথৈব চ। মানুষ্যং ব্রহ্মযজ্ঞঞ্চ পঞ্চযজ্ঞান্ প্রচক্ষতে। যদি স্যাৎ তর্পণাদর্ব্বাক্ ব্রহ্মযজ্ঞঃ কৃতো নহি। কৃত্বা মানুষ্যযজ্ঞং বৈ ততঃ সাধ্যায়মাচরেৎ। কুশপুঞ্জে সমাসীনঃ কুশপাণিঃ সমাহিতঃ। শালাগ্নৌ লৌকিকে বাথ জলে ভূম্যামথাপি বা। বৈশ্বদেবশ্চ কর্ত্তব্যো দেবযজ্ঞঃ স বৈ স্মৃতঃ ইত্যাদি ॥ ৮৩ ॥

অনন্তর বৈষ্ণব ব্যক্তি কৃষ্ণনিবেদিত পবিত্র অন্ন দ্বারা বৈশ্বদেবাদি দৈব ও পৈত্রকর্ম্ম সাধন করিবেন ॥

ঐ বিষয় কথিত হইয়াছে ॥

দিবসের ষষ্ঠভাগে দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, পিতৃযজ্ঞ, মনুষ্যযজ্ঞ এবং ব্রহ্মযজ্ঞ, এই পঞ্চ মহাযজ্ঞ করিবে। হোমের দ্বারা দৈবযজ্ঞ, বলি প্রদান দ্বারা ভূতযজ্ঞ, ব্রাহ্মণদিগকে অন্ন প্রদান দ্বারা অথবা পিতৃ-সম্বন্ধীয় বলি প্রদান দ্বারা কিম্বা কিঞ্চিৎ অন্ন প্রদান বা তর্পণ দ্বারা এই চারি প্রকার পিতৃযজ্ঞ করিবে ॥

অতিথি সৎকার অথবা হন্তকার (পানীয়শালা) কিম্বা জল দ্বারা নৃযজ্ঞ এবং বেদপাঠ বা পুরাণপাঠ দ্বারা ব্রহ্মযজ্ঞ করিবে ॥

তন্নিত্যতাচ কৌর্ম্মে ॥

অকৃত্বাচ দ্বিজঃ পঞ্চ মহাযজ্ঞান্ দ্বিজোত্তমাঃ।
ভুঞ্জীত চেৎ সুমূঢ়াত্মা তির্য্যগ্‌যোনিং স গচ্ছতি ॥ ৮৩ ॥

অথ বৈষ্ণবশ্রাদ্ধবিধিঃ ॥

প্রাপ্তে শ্রাদ্ধদিনেঽপি প্রাগন্নং ভগবতেঽর্পয়েৎ।
তচ্ছেষেণৈব কুর্ব্বীত শ্রাদ্ধং ভগবতো নরঃ ॥ ৮৪ ॥

যচ্চ স্মৃতৌ ॥

গৃহাগ্নিশিশুদেবানাং যতীনাং ব্রহ্মচারিণাং।
পিতৃপাকো ন দাতব্যো যাবৎ পিণ্ডান্ননির্বপেদিতি ॥ ৮৫ ॥

ঈদৃক্ সামান্যবচনং বিশেষবচনব্রজৈঃ।

তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনৈব। যতো ভাগবতঃ ভগবদ্ভক্তঃ ॥ ৮৪ ॥

তত্র নিষেধবাক্যমুল্লিখন্ বহুতরবচনৈস্তদ্বাধয়িত্বা ভগবদর্পিতান্নাদিনৈব শ্রাদ্ধবিধানং সাধয়তি গৃহাগ্নীত্যাদিনা অপকল্পিতা ইত্যন্তেন ॥ ৮৫ ॥

ঈদৃক্ গৃহাগ্নীতি শ্লোকসদৃশং ॥ ৮৬ ॥

পঞ্চযজ্ঞের নিত্যতা যথা—কূর্ম্মপুরাণে ॥

হে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ! দ্বিজ যদি পঞ্চ মহাযজ্ঞ না করিয়া ভোজন করেন, তাহা হইলে সেই মূঢ়বুদ্ধি পশুযোনি প্রাপ্ত হয়েন ॥ ৮৩ ॥

অথ বৈষ্ণবদিগের শ্রাদ্ধের বিধি ॥

ভগবৎপরায়ণ মনুষ্য শ্রাদ্ধদিন উপস্থিত হইলে অগ্রে ভগবান্‌কে অন্ন নিবেদন করিয়া সেই নিবেদিত অন্ন দ্বারাই শ্রাদ্ধ করিবেন ॥ ৮৪ ॥

যাহা স্মৃতিতে কহিয়াছেন ॥

গৃহাগ্নি অর্থাৎ শালাগ্নি, শিশু, দেবতা, যতি এবং ব্রহ্মচারিদিগকে যে পর্য্যন্ত পিণ্ড প্রদান করা না হইয়াছে, তাবৎ পিতৃনিমিত্ত পাকৃত অন্ন প্রদান করিবে না ॥ ৮৫ ॥

"গৃহাগ্নি" ইত্যাদি ঈদৃশ সামান্য বচন শ্রুতি স্মৃতি পুরাণাদি বর্ত্তি

শ্রুতি স্মৃতি পুরাণাদিবর্ত্তিভি র্বাধ্যতে ধ্রুবং ॥ ৮৬ ॥

তথাচ পাদ্মে ॥

বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরং।
পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে ॥ ৮৭ ॥

মোক্ষধর্ম্মে নারদোক্তৌ ॥

সাত্বতং বিধিমাস্থায় প্রাক্ সূর্য্যমুখনিঃসৃতং।

বিশেষবচনান্তেব দর্শয়তি বিষ্ণোরিতি ॥ ৮৭ ॥

সাত্বতমিতি সাত্বতা বৈষ্ণবাস্তৎসম্বন্ধিনমিত্যর্থঃ। দেবেশং শ্রীভগবন্তং তচ্ছেষেণ ভগবন্নিবেদিতেনেত্যর্থঃ। ন চাত্র বক্তব্যং যদন্নাদিকং ভোজনপাত্রেষু নিধায়ান্নসংস্কারাদ্যর্পণ বিধিনা ভগবতেঽর্পিতং তস্য যদবশিষ্টং রন্ধনপাত্রাদাবস্তি তেনেতি বিষ্ণোর্নিবেদিতান্নেনেতি পাদ্মোক্তেঃ। নচ তদপ্যবশিষ্টমেবেতি শঙ্কনীয়ং যতঃ সংস্কারাদি বিধিনা ভগবতোঽগ্রে যৎ সমর্প্যতে তদেব নিবেদিতমিত্যুপপদ্যতে ইতি অতস্তস্যৈব ভগবদুক্তোচ্ছিষ্টস্য ভক্ত্যা শেষ ইত্যাদ্যুক্তিঃ। অন্যথা গৃহভাণ্ডাদৌ স্থিতস্য ঘৃতখণ্ডাদি দ্রব্যস্য কিঞ্চিদর্পণাত্তত্রাপি সর্ব্বত্র শেষত্বব্যাপ্ত্যা নিবেদিতত্বপ্রসঙ্গঃ স্যাৎ। তচ্চায়ুক্তং। তত্র তত্রস্থিতস্য দ্রব্যস্য সর্ব্বস্যৈব উচ্ছিষ্টত্বেন পুনর্ভগবতে অর্পণাযোগাদিতি দিক্। এবঞ্চ ভগবদুচ্ছিষ্টস্য পরমভক্ত্যা মহাপ্রসাদতয়া গ্রহণে শিষ্টকৃতো যজ্ঞাবশিষ্ট দ্রব্য করণক হোম ইব দত্তাপহারদোষপ্রসঙ্গশ্চ ন স্যাৎ অন্যথা শ্রীচরণামৃতপানেঽনুলেপ তুলস্যাদি নির্ম্মাল্যগ্রহণেঽপি সর্ব্বত্রৈব দত্তাপহারদোষব্যাপ্তিঃ স্যাৎ ন চ সা যুক্তা যতঃ তত্তল্লগ্রহণে মহাফলপ্রতিপাদকানি তত্র তত্র বচনানি শতশঃ সন্তি তেষু চ কানিচিৎ শ্রীচরণামৃতপানাদিপ্রসঙ্গে পূর্ব্বে লিখিতানি। অত্র চ

বিশেষ বচন সমূহ দ্বারা নিশ্চয় বাধা প্রাপ্ত হয় ॥ ৮৬ ॥

তদ্বিষয় যথা পদ্মপুরাণে ॥

বিষ্ণুর নিবেদিত অন্ন দ্বারা অন্যান্য দেবগণের অর্চ্চনা করা কর্ত্তব্য এবং পিতৃগণকেও সেই বিষ্ণুনিবেদিত অন্ন প্রদান করিবে, তাহা হইলে তাহা অনন্ত ফলের নিমিত্ত কল্পিত হয় ॥ ৮৭ ॥

মোক্ষধর্ম্মে নারদের উক্তিতে ॥

বৈষ্ণব সম্বন্ধীয় বিধি অবলম্বন করিয়া সূর্য্যোদয়ের পূর্ব্বে শ্রীভগ-

পূজয়ামাস দেবেশং তচ্ছেষেণ পিতামহান্ ॥ ৮৮ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

যঃ শ্রাদ্ধকালে হরিভুক্তশেষং
দদাতি ভক্ত্যা পিতৃদেবতানাং।
তেনৈব পিণ্ডাংস্তুলসীবিমিশ্রা-
নাকল্পকোটিং পিতরঃ সুতৃপ্তাঃ ॥ ৮৯ ॥

স্কান্দে শ্রীশিবোক্তৌ ॥

লিখিতং বিষ্ণোর্নিবেদিতান্নেনেতি। লেখ্যান্তপি দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্যেতি মুকুন্দগাত্রলগ্নে-নেতি সর্ব্বপ্রযত্নেনেত্যাদীনি। শ্রুতিশ্চ। এক এব নারায়ণ ইত্যাদিঃ। এতচ্চাগ্রে লেখ্যৈঃ পত্রং পুষ্পং ফলং তোয়মিত্যাদিভিরনর্পিতোপভোগনিষেধবচনৈঃ। তথা। অম্বরীষ নবং বস্ত্রমিত্যাদিতিস্তুপভোগবিধিবচনৈরপি নিতরাং দৃঢ়য়িতব্যং। বিশেষতশ্চাত্র মহতাং বহূনাং শিষ্টানামাচার এব পরমং প্রমাণমিতি। ভগবন্মায়াহতানাং ভগবৎপ্রসাদবঞ্চিতানাং দুষ্ট-বুদ্ধীনাং সর্ব্বথোপেক্ষৈবোপযুক্তেতি সর্ব্বেষাং সাধূনাং মতং ॥ ৮৮ ॥

অধুনা পিতৃভ্যোঽপি ভগবদুচ্ছিষ্টমহাপ্রসাদদানে বহুলবচনানি প্রমাণয়ন্ আদৌ তত্র নিত্যশ্রদ্ধাদিবিষয়মেব তৎ নচ পার্ব্বণাদিপরমিতি কেষাঞ্চিদজ্ঞানাং মতং নিরস্যতি যঃ শ্রাদ্ধেতি। হরের্ভুক্তঞ্চ তৎ অতএব শেষঞ্চ ॥ ৮৯ ॥

বানের পূজা করিয়া তন্নিবেদিত অন্ন দ্বারা পিতামহগণকে অর্চ্চনা করিবে ॥ ৮৮ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

যে ব্যক্তি শ্রাদ্ধকালে ভক্তি পূর্ব্বক যদি পিতৃ ও দেবগণকে ভগবদুচ্ছিষ্ট মহাপ্রসাদ এবং তদ্দ্বারা তুলসীবিমিশ্রিত পিণ্ড সকল প্রদান করেন, তাহা হইলে তাঁহার পিতৃগণ কোটিকল্পকাল সুন্দর রূপে পরিতৃপ্ত হয়েন ॥ ৮৯ ॥

স্কন্দপুরাণে শ্রীশিবের উক্তিতে ॥

দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্য যদ্বিষ্ণোর্বিনিবেদিতং।
তানুদ্দিশ্য ততঃ কুর্য্যাৎ প্রদানং তস্য চৈব হি ॥ ৯০ ॥
প্রযান্তি তৃপ্তিমতুলাং সোদকেন তু তেন বৈ।
মুকুন্দগাত্রলগ্নেন ব্রাহ্মণানাং বিলেপনং।
চন্দনেন তু পিণ্ডানাং কর্ত্তব্যং পিতৃতৃপ্তয়ে।
দেবানাঞ্চ পিতৄণাঞ্চ জায়তে তৃপ্তিরক্ষয়া।
এবং কৃতে মহীপাল মা ভবেৎ সংশয়ঃ ক্বচিৎ ॥ ৯১ ॥
তত্রৈব শ্রীপুরুষোত্তমখণ্ডে ॥
অন্নাদ্যং শ্রাদ্ধকালেতু পতিতাদ্যৈর্নিরীক্ষিতং।
তুলসীদলমিশ্রেণ সলিলেনাভিষিঞ্চয়েৎ।

তস্য বিষ্ণুনিবেদিতস্যৈব প্রদানং তান্ দেবাদীন্ উদ্দিশ্য কুর্য্যাৎ ॥ ৯০ ॥

ক্বচিদিতি ভগবদুচ্ছিষ্টদানে গৌণ্যাপত্ত্যা পিত্রাদিতৃপ্তিঃ স্যান্নবেতি দত্তাপহারদোষঃ স্যান্নবেত্যাদৌ কুত্রাপি সংশয়ঃ শঙ্কাপি ন ভবেদিত্যর্থঃ ॥ ৯১ ॥

অভিষিঞ্চয়েৎ অভিষেচয়েৎ স্বার্থে ইন্ ॥ ৯২ ॥

দেবগণ এবং পিতৃগণকে উদ্দেশ করিয়া বিষ্ণুকে যাহা নিবেদন করা হয়, সেই বিষ্ণু নিবেদিত বস্তু সেই সেই দেব ও পিতৃগণকে উদ্দেশ করিয়া প্রদান করিবে ॥ ৯০ ॥

তথা বিষ্ণুনিবেদিত জলের সহিত পিণ্ড প্রদান করিলে পিতৃলোকের অসীম তৃপ্তি লাভ হয়। মুকুন্দ গাত্রসংলগ্ন চন্দন দ্বারা ব্রাহ্মণদিগের বিলেপন বিহিত এবং পিতৃলোকের তৃপ্তি নিমিত্ত ঐ চন্দন দ্বারা পিণ্ডের বিলেপন কর্ত্তব্য। হে রাজন্! এই প্রকার করিলে দেবগণ ও পিতৃগণের অক্ষয় তৃপ্তি হয়, ইহাতে কোন সংশয় নাই ॥ ৯১ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীপুরুষোত্তমখণ্ডে ॥

শ্রাদ্ধকালে অন্নাদি যদি পতিত লোক সকল কর্ত্তৃক নিরীক্ষিত হয়, তাহা হইলে তাহার শুদ্ধির নিমিত্ত তুলসীমিশ্রিত জল দ্বারা সেচন

তদন্নং শুদ্ধতামেতি বিষ্ণোর্নৈবেদ্যমিশ্রিতং।
বিষ্ণোর্নৈবেদ্যশেষন্তু তস্মাদ্দেয়ং দ্বিজন্মনাং।
পিণ্ডে চৈব বিশেষেণ পিতৄণাং তৃপ্তিমিচ্ছতা ॥ ৯২ ॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥
পিতৄনুদ্দিশ্য যৈঃ পূজা কেশবস্য কৃতা নরৈঃ।
ত্যক্ত্বা তে নারকীং পীড়াং মুক্তিং যান্তি মহামুনে।
ধন্যাস্তে মানবা লোকে কলিকালে বিশেষতঃ।

নচ বক্তব্যমিদং অন্নোদ্দেশেন ভগবতেঽন্নাদি সমর্পণং গৌণ্যাপত্ত্যা ভগবৎপ্রীতিবিশেষা-সাধনাং ফলবিশেষজনকং ন স্যাদিতি যতো নিজপিত্রাদিহিতার্থং কৃতং পূজনং ভগবতঃ পরমপ্রীণনমেবেতি পরমফলসম্পাদকমেব স্যাদিতি লিখতি পিতৄনুদ্দিশ্যেত্যাদিনা। এবঞ্চ পিত্রাদ্যর্থং ভগবৎপূজায়াং পশ্চাৎকৃতায়াং ভগবন্নিবেদিতেনৈব স্বতঃ শ্রাদ্ধাদিসম্পত্ত্যা তন্মহা-গুণসিদ্ধের্মুক্ত্যাদিমহাফলমুপপদ্যত এবেতি ভাবঃ। যদ্বা। শ্রাদ্ধাগ্রহপরিত্যাগেন পিত্রর্থং ভক্তিবিশেষেণ ভগবৎপূজায়া স্বতএব ফলবিশেষঃ সিদ্ধ্যেৎ। এবমেব। যথা তরোর্মূল-নিষেচনেন তৃপ্যন্তি তৎ স্কন্ধভুজোপশাখা ইত্যাদি ন্যায়াৎ পিত্রাদীনাঞ্চ পরমতৃপ্তিঃ সিদ্ধ্যতি। নতু কেবলনিজশ্রাদ্ধদানেন তেষামপি ভগবদুচ্ছিষ্টমহাপ্রসাদাপেক্ষয়েতি দিক্ ॥ ৯৩ ॥

করিবে। আর সেই অন্ন বিষ্ণুর নৈবেদ্যের সহিত মিশ্রিত হইলে শুদ্ধিতা প্রাপ্ত হয়। অতএব দ্বিজাতিগণকে বিষ্ণুর নৈবেদ্য শেষ অর্পণ করিবে এবং বিশেষরূপে পিতৃলোকের তৃপ্তি ইচ্ছা করিলে পিণ্ডে বিষ্ণুর নৈবেদ্যশেষ প্রদান করিবে ॥ ৯২ ॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

হে মহামুনে! যে সকল মানব পিতৃগণকে উদ্দেশ করিয়া কেশ-বের পূজা করেন, তাঁহারা নারকী পীড়া পরিত্যাগ করিয়া মুক্তি প্রাপ্ত হয়েন ॥

হে মুনে! সংসারমধ্যে বিশেষতঃ কলিকালে যে সকল মনুষ্য

যে কুর্ব্বন্তি হরের্নিত্যং পিত্রর্থং পূজনং মুনে।
কিং দত্তৈর্বহুভিঃ পিণ্ডৈর্গয়াশ্রাদ্ধাদিভির্মুনে।
যৈরর্চ্চিতো হরির্ভক্ত্যা পিত্রর্থঞ্চ দিনে দিনে।
যমুদ্দিশ্য হরেঃ পূজা ক্রিয়তে মুনিপুঙ্গব।
উদ্ধৃত্য নরকাবাসাত্তং নয়েৎ পরমং পদং।
যো দদাতি হরেঃ স্থানং পিতৄনুদ্দিশ্য নারদ।
কর্ত্তব্যং হি পিতৄণাং যত্তৎকৃতং তেন ভো দ্বিজ।
শ্রুতৌ চ॥
এক এব নারায়ণ আসীৎ ন ব্রহ্মা নেমে দ্যাবা পৃথিব্যৌ
সর্ব্বে দেবাঃ সর্ব্বে পিতরঃ সর্ব্বে মনুষ্যাঃ বিষ্ণুনা অশিত-
মশ্নন্তি বিষ্ণুনাঘ্রাতং জিঘ্রন্তি বিষ্ণুনা পীতং পিবন্তি
তস্মাদ্বিদ্বাংসো বিষ্ণূপহৃতং ভক্ষয়েয়ুরিতি॥ ৯৩॥

পিতৃলোকের নিমিত্ত নিত্য হরির পূজা করেন, তাঁহারা ধন্য॥

হে মুনে! যাঁহারা পিতৃ উদ্দেশে প্রত্যহ ভক্তিসহকারে হরির পূজা করেন, গয়াশ্রাদ্ধ প্রভৃতি বহু বহু পিণ্ড দান দ্বারা তাঁহাদিগের কি হইবে॥

হে মুনিশ্রেষ্ঠ! যাহাকে উদ্দেশ করিয়া হরির পূজা করা যায়, তাহাকে নরকবাস হইতে উদ্ধার করিয়া পরম পদে প্রতিষ্ঠিত করা হয়॥

হে নারদ! যিনি পিতৃগণকে উদ্দেশ করিয়া হরিকে স্থান দান করেন, পিতৃগণের যাহা কর্ত্তব্য, তিনি তাহা করিয়াছেন॥

শ্রুতিতেও কহিয়াছেন॥

একমাত্র নারায়ণ ছিলেন, ব্রহ্মা এবং দ্যাবা পৃথিবী কিছুই ছিল না। সমস্ত দেবতা, সমস্ত পিতৃলোক ও সমস্ত মনুষ্য বিষ্ণুর ভুক্তান্ন ভোজন, বিষ্ণুর আঘ্রাত বস্তু আঘ্রাণ এবং বিষ্ণুর পীত দ্রব্য পান করেন, অতএব

অতএবোক্তং। শ্রীভগবতা বিষ্ণুধর্ম্মে ॥
প্রাণেভ্যো জুহুয়াদন্নং মন্নিবেদিতমুত্তমং।
তৃপ্যন্তি সর্ব্বদা প্রাণা মন্নিবেদিতভক্ষণাৎ।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন প্রদেয়ং মন্নিবেদিতং।
মমাপি হৃদয়স্থস্য পিতৃণাঞ্চ বিশেষতঃ ॥ ৯৪ ॥
কিঞ্চ তত্রৈবান্যত্র ॥
ভোক্ষ্যং ভোজ্যঞ্চ যৎকিঞ্চিদনিবেদ্যাগ্রভোক্তরি।
ন দেয়ং পিতৃদেবেভ্যঃ প্রায়শ্চিত্তী যতো ভবেৎ ॥ ৯৫ ॥
সর্গাদৌ কথিতো দেবৈরগ্রভুগ্ ভগবান্ হরিঃ।

মমেত্যাদি ষষ্ঠী চতুর্থ্যর্থে। হৃদয়স্থস্য পরমাত্মরূপস্যেত্যর্থঃ। এবং ভগবতে নিবেদ্যৈব পিত্রাদিভ্যোদেয়মিত্যুপপাদিতং ॥ ৯৪ ॥

অধুনা কদাচিদপ্যনিবেদিতং ন দাতব্যমিতি লিখতি ভক্ষ্যমিতি। ভক্ষ্যভোজ্যয়োশ্চর্ব্ব্যচর্ব্ব্যত্বেন ভেদঃ। তৎকিঞ্চিদপি। অগ্রভোক্তরি পরমেশ্বরে। যতঃ অনিবেদিতদানাৎ প্রায়শ্চিত্তী পাতকী ভবেৎ ॥ ৯৫ ॥

তদেবোপপাদয়তি সর্গাদাবিতি। অগ্রভুজে ভগবতে হৃদত্তেঽভুক্তে সতি চৌর্য্যেণৈব

পণ্ডিতগণ বিষ্ণুনিবেদিত দ্রব্য সকল ভোজন করিবেন ॥ ৯৩ ॥

অতএব ভগবান্ বিষ্ণুধর্ম্মে বলিয়াছেন ॥

আমাতে নিবেদিত উৎকৃষ্ট অন্ন প্রাণ সকলকে আহুতি দিবে, আমাতে নিবেদিত ভক্ষণ হেতু সর্ব্বদা প্রাণাদি বায়ু সকল পরিতৃপ্ত হয়। অতএব সর্ব্ব প্রযত্নে প্রত্যেকের হৃদয়স্থ পরমাত্ম রূপ আমাকে এবং বিশেষতঃ পিতৃগণকে আমাতে নিবেদিত অন্ন প্রদান করিবে ॥ ৯৪ ॥

অপর ঐ বিষ্ণুধর্ম্মের অন্য স্থানে ॥

অগ্রভোক্তা পরমেশ্বরে যৎকিঞ্চিৎ ভোক্ষ্য ভোজ্য নিবেদন না করিয়া পিতৃগণকে প্রদান করিবে না, যেহেতু অনিবেদিত দান করিলে প্রায়শ্চিত্তার্হ হইবে ॥ ৯৫ ॥

সৃষ্ট্যাদিতে দেবগণ ভগবান্ হরিকে অগ্রভোক্তা বলিয়া কীর্ত্তন

যজ্ঞভাগভুজো দেবাস্ততস্তেন প্রকল্পিতাঃ ॥ ৯৬ ॥

অথ শ্রাদ্ধে বৈষ্ণবভোজনমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীমার্কেণ্ডেয় ভগীরথসম্বাদে ॥

যস্তু বিদ্যাবিনির্ম্মুক্তং মূর্খং মত্বাতু বৈষ্ণবং।
বেদবিদ্ভ্যোঽদদাদ্বিপ্রঃ শ্রাদ্ধং তদ্রাক্ষসং ভবেৎ।
সিক্থমাত্রন্তু যদ্ভুঙ্ক্তে জলং গণ্ডূষমাত্রকং।
তদন্নং মেরুণা তুল্যং তজ্জলং সাগরোপমং ॥

ব্রহ্মপুরাণে। শ্রীব্রহ্মবচনং ॥

শঙ্খাঙ্কিততনুর্বিপ্রো ভুঙ্ক্তে যস্য চ বেশ্মনি।
তদন্নং স্বয়মশ্নাতি পিতৃভিঃ সহ কেশবঃ ॥ ৯৭ ॥

দেবাদীনামপি পাপং স্যাদিতি ভাবঃ ॥ ৯৬ ॥

শঙ্খাঙ্কিততনুঃ বৈষ্ণব ইত্যর্থঃ ॥ ৯৭ ॥

করিয়াছেন, সেই কারণে তিনিও দেবগণকে যজ্ঞভাগ ভোক্তা রূপে কল্পনা করিয়া থাকেন ॥ ৯৬ ॥

অথ শ্রাদ্ধে বৈষ্ণবভোজন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে মার্কণ্ডেয় ও ভীরথসম্বাদে ॥

যে ব্রাহ্মণ বিদ্যারহিত বৈষ্ণবকে মূর্খ জ্ঞান করিয়া বেদজ্ঞদিগকে শ্রাদ্ধ প্রদান করে, সেই শ্রাদ্ধ রাক্ষস হয় অর্থাৎ তাহা রাক্ষসে গ্রহণ করে ॥

শ্রাদ্ধে যদি বৈষ্ণব গ্রাসমাত্র অন্ন এবং গণ্ডূষমাত্র জল ভোজন করেন, তাহা হইলে সেই অন্ন মেরু তুল্য ও সেই জল সাগর সমান হয় ॥

ব্রহ্মপুরাণে শ্রীব্রহ্মার বাক্য ॥

শঙ্খ চিহ্নিত শরীর ব্রাহ্মণ যাহার গৃহে ভোজন করেন, পিতৃগণের সহিত কেশব স্বয়ং সেই অন্ন ভোজন করিয়া থাকেন ॥ ৯৭ ॥

স্মৃতিশ্চ ॥

সুরাভাণ্ডস্থপীযূষং যথা নশ্যতি তৎক্ষণাৎ।
চক্রাঙ্করহিতং শ্রাদ্ধং তথা শাতাতপোঽব্রবীৎ।

কিঞ্চ বিষ্ণুরহস্যে ॥

নিবেশয়েন্নরোমোহাদন্যপঙ্‌ক্তৌ হরেঃ প্রিয়ং।
স পতেন্নিরয়ে ঘোরে পঙ্‌ক্তিভেদী নরাধমঃ ॥ ৯৮ ॥

অথ শ্রীভগবদর্পণে নিষিদ্ধং ॥

নিবেদিতং যদন্যস্মৈ তদুচ্ছিষ্টং হি কথ্যতে।
অথ কথঞ্চিদপি তন্ন শ্রীভগবতেঽর্পয়েৎ।

তথাচৈকাদশস্কন্ধে শ্রীভগবদুক্তৌ ॥

চক্রেণ অঙ্কশ্চিহ্নং যস্মিন্ বৈষ্ণবে তেন রহিতং। এবং শ্রাদ্ধে অবশ্যং বৈষ্ণবভোজনাৎ বৈষ্ণবস্য চ ভগবন্নিবেদিতভোজননির্দ্ধারাৎ ভগবন্নিবেদিতেনৈব শ্রাদ্ধাদিকমিতি সুসিদ্ধং। অন্যেষামবৈষ্ণবানাং পঙ্‌ক্তৌ ॥ ৯৮ ॥

অন্যস্মৈ নিবেদিতং মহ্যং নোপযুঞ্জ্যাৎ ন সমর্পয়েৎ ॥ ৯৯ ॥

স্মৃতিও বলিয়াছেন ॥

যেমন সুরাভাণ্ডস্থ অমৃত তৎক্ষণাৎ বিনষ্ট (কর্ম্মের অযোগ্য) হয়, তদ্রূপ চক্রাঙ্ক অর্থাৎ বৈষ্ণববিরহিত শ্রাদ্ধও আশু বিনাশ পায়, এই কথা শাতাতপ কহিয়াছেন ॥

অপর বিষ্ণুরহস্যে ॥

যে মনুষ্য ভ্রম বশতঃ অবৈষ্ণবদিগের পঙ্‌ক্তিতে বৈষ্ণবকে প্রবেশ করায়, সেই পঙ্‌ক্তিভেদী নরাধম ঘোর নরকে পতিত হয় ॥ ৯৮ ॥

অথ শ্রীভগবদর্পণবিষয়ে নিষিদ্ধ ॥

যে হেতু অন্যকে যাহা নিবেদন করা হয় তাহাকে উচ্ছিষ্ট কহে অতএব কোন ক্রমে শ্রীভগবানকে তাহা নিবেদন করিবে না ॥

এইরূপ একাদশস্কন্ধে ১১ অধ্যায় ৪০ শ্লোকে
ভগবানের উক্তিতে যথা ॥

অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতং ॥ ৯৯ ॥

নারদীয়ে ॥

পিতৃশেষন্তু যো দদ্যাদ্ধরয়ে পরমাত্মনে।
রেতোদাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিনঃ ॥ ১০০ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মে ॥

হরিশেষং হবির্দদ্যাৎ পিতৃণামক্ষয়ং ভবেৎ।
ন পুনঃ পিতৃশেষন্তু হরের্ব্রহ্মাদি সদ্গুরোঃ।

অন্যত্র চ ॥

দক্ষাদয়শ্চ পিতরো ভৃত্যা ইন্দ্রাদয়ঃ সুরাঃ।

রেতোদাঃ রেত এব ঊদং উদকং পেয়ং যেষাং তথাভূতাঃ সন্তঃ বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥ ১০০ ॥

হবিঃ পরমান্নং পিতৃণাং পিতৃভ্যো দদ্যাৎ। যতস্তৎ অক্ষয়ং অক্ষয্যফলং ভবেদিত্যর্থঃ। হরেঃ হরয়ে ন দদ্যাৎ তত্র হেতুঃ ব্রহ্মেতি ১০১ ॥

আমাকে নিবেদিত দীপের আলোকে অন্য কার্য্য করিবে না এবং অন্য দেবতাকে নিবেদিত দ্রব্য আমাকে নিবেদন করিয়া দিবে না॥ ৯৯

নারদপুরাণে ॥

যে ব্যক্তি হরিকে পিতৃশেষ অর্থাৎ পিতৃগণের উদ্দেশে অগ্রে দিয়া অবশিষ্ট দ্রব্য নিবেদন করে, তাহার পিতৃগণ রেতঃ পান করত ক্লেশ ভাগী হয়েন ॥ ১০০ ॥

শ্রীবিষ্ণুধর্ম্মে ॥

হরিতে নিবেদিত পরমান্ন পিতৃগণকে অর্পণ করিবে, তাহাই তাঁহাদের অক্ষয় হইয়া থাকে কিন্তু হরিকে কখন পিতৃশেষ অর্পণ করিবে না, যে হেতু হরি ব্রহ্মাদি দেবগণেরও সদ্গুরু ॥

অন্যত্রও বলিয়াছেন ॥

দক্ষাদি পিতৃগণ এবং ইন্দ্রাদি দেবগণ ইহাঁরা সকলই ভৃত্য, অতএব

অতস্তদুক্তশেষন্তু বিষ্ণোর্নৈব নিবেদয়েদিতি ॥ ১০১ ॥
এবমাবশ্যকং কৃত্বা বৈষ্ণবেভ্যো বিভজ্য চ।
শ্রীমন্মহাপ্রসাদান্নং ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ ১০২ ॥
তথাচ প্রহ্লাদপঞ্চরাত্রে ॥
স্বভাবস্থৈঃ কর্ম্মজড়ান্ বঞ্চয়ন্ দ্রবিণাদিভিঃ।
হরের্নৈবেদ্যসম্ভারান্ বৈষ্ণবেভ্যঃ সমর্পয়েৎ ॥ ১০৩ ॥
অতএব বৈষ্ণবতন্ত্রে ॥
হরের্নিবেদিতং কিঞ্চিন্ন দদ্যাৎ কর্হিচিদ্বুধঃ।
অভক্তেভ্যঃ সশপ্যেভ্যো যদ্দদন্নিরয়ে ব্রজেৎ।
বিষ্ণুধর্ম্মোত্তরে চ ॥

শ্রীমতো ভগবতঃ। যদ্বা। শ্রীমদ্ভগবন্নিবেদিতত্বেন পরমশোভাযুক্তং তদুচ্ছিষ্টত্বেন চ মহাপ্রসাদরূপমন্নং ॥ ১০২ ॥
স্বভাবস্থৈঃ স্বতএব বর্ত্তমানৈঃ অনিবেদিতৈরিত্যর্থঃ ॥ ১০৩ ॥
সশপ্যেভ্যো বিদ্ধোপবাসিভ্যঃ কর্ম্মজড়েভ্য ইত্যর্থঃ ॥ ১০৪ ॥

ইহাঁদের ভুক্তশেষ হরিকে নিবেদন করিবে না ॥ ১০১ ॥

এই প্রকার আবশ্যক কার্য্য সম্পন্ন করিয়া বৈষ্ণবদিগকে বিভাগ পূর্ব্বক বন্ধু বান্ধবের সহিত শ্রীমন্মহাপ্রসাদ ভোজন করিবে ॥ ১০২ ॥

ঐ প্রকারই প্রহ্লাদপঞ্চরাত্রে ॥

অনিবেদিত বস্তু অথবা ধনাদি দ্বারা কর্ম্মজড় অর্থাৎ অবৈষ্ণবদিগকে বঞ্চনা করিয়া হরির নৈবেদ্য সকল বৈষ্ণবগণকে সমর্পণ করিবেন ॥ ১০৩ ॥

অতএব বৈষ্ণবতন্ত্রে ॥

পণ্ডিত ব্যক্তি বিদ্ধোপবাসি কর্ম্মজড় অবৈষ্ণবদিগকে কখনই হরির নৈবেদ্যশেষ কিঞ্চিন্মাত্রও অর্পণ করিবেন না, যদি প্রদান করেন, তাহা হইলে নরকগামী হইবেন ॥

অবৈষ্ণবে দেবধৃতং নির্ম্মাল্যং ন প্রযচ্ছতি।
নৈবেদ্যং বা মহাভাগ তস্য তুষ্যতি কেশব ইতি ॥ ১০৪ ॥
কথঞ্চিদপি নাশ্নীয়াদকৃত্বা কৃষ্ণপূজনং।
ন চাসমর্প্য গোবিন্দে কিঞ্চিদ্ভুঞ্জীত বৈষ্ণবঃ।

অথ পূজাব্যতিরিক্তভোজনদোষাঃ ॥

শ্রীকূর্ম্মপুরাণে ॥

অনর্চ্চয়িত্বা গোবিন্দং যৈর্ভুক্তং ধর্ম্মবর্জ্জিতৈঃ।
শ্বানবিষ্ঠাসমং চান্নং নীরঞ্চ সুরয়া সমং ॥ ১০৫ ॥

কিঞ্চ ॥

যো মোহাদথবালস্যাদকৃত্বা দেবতার্চ্চনং।

শৌবানেতি বক্তব্যে শ্বানেত্যার্ষং। কচিচ্চ শুন ইতি পাঠঃ ॥ ১০৫ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরেও ॥

হে মহাভাগ! যে ব্যক্তি অবৈষ্ণবে দেবধৃত নির্ম্মাল্য অথবা নৈবেদ্য প্রদান না করেন, কেশব তাঁহার প্রতি তুষ্ট হয়েন ॥ ১০৪ ॥

বৈষ্ণব শ্রীকৃষ্ণের পূজা না করিয়া কোনক্রমেই ভোজন করিবেন না এবং গোবিন্দে সমর্পণ না করিয়া কিঞ্চিন্মাত্রও উপভোগ করিবেন না ॥

অথ পূজা না করিয়া ভোজন করিলে দোষ ॥

শ্রীকূর্ম্মপুরাণে ॥

যে সকল ধর্ম্মবর্জিত পুরুষ গোবিন্দের অর্চ্চনা না করিয়া ভোজন করে, তাহাদের সম্বন্ধে অন্ন কুক্কুর বিষ্ঠার সমান ও জল সুরার সমান হয় ॥ ১০৫ ॥

আরও ॥

যে ব্যক্তি ভ্রম অথবা আলস্য বশতঃ বিষ্ণুপূজা না করিয়া ভোজন

ভুঙ্‌ক্তে স যাতি নরকং শূকরেষ্বিহ জায়তে।
বিষ্ণুধর্ম্মোত্তরে ॥
এককালং দ্বিকালম্বা ত্রিকালং পূজয়েদ্ধরিং।
অপূজ্য ভোজনং কুর্ব্বন্ নরকাণি ব্রজেন্নরঃ ॥ ১০৬ ॥
নারদীয়ে চ ॥
প্রাতর্মধ্যন্দিনং সায়ং বিষ্ণুপূজা স্মৃতা বুধৈঃ।
অশক্তো বিস্তরেণৈব প্রাতঃ সম্পূজ্য কেশবং।
মধ্যাহ্নে চৈব সায়ঞ্চ পুষ্পাঞ্জলিমপি ক্ষিপেৎ।
মধ্যাহ্নে বা বিস্তরেণ সংক্ষেপেণাথ বা হরিং।
সংভোজ্য ভোজনং কুর্য্যাদন্যথা নরকং ব্রজেৎ।
অথানর্পিতভোগনিষেধঃ ॥

অপূজ্য অপূজয়িত্বা ॥ ১০৬ ॥

করে, সে নরকগামী হয় এবং ইহলোকে শূকরযোনিতে জন্ম গ্রহণ করে ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মনুষ্য এককাল বা দ্বিকাল কিম্বা ত্রিকাল হরির পূজা করিবে, যদি পূজা না করিয়া ভোজন করে, তাহা হইলে সে ব্যক্তি সকল প্রকার নরকে গমন করিবে ॥ ১০৬ ॥

নারদপুরাণেও ॥

পণ্ডিতগণ প্রাতঃকাল, মধ্যাহ্নকাল এবং সায়ংকাল এই তিনকালে বিষ্ণুর পূজা বিধান করিয়াছেন, যদি বহুলরূপে পূজা করিতে অসমর্থ হয়, তবে কেবল প্রাতঃকালে কেশবের পূজা করিয়া মধ্যাহ্নে এবং সায়ংকালে পুষ্পাঞ্জলিমাত্র প্রদান করিবে। অথবা মধ্যাহ্নকালে বিস্তররূপে কিম্বা সংক্ষেপরূপে হরিকে ভোজন করাইয়া ভোজন করিবে, ইহার অন্যথা হইলে নরকে যাইতে হইবে ॥

অথ অনর্পিত ভোগ অর্থাৎ যাহা ভগবানে অর্পণ করা হয় নাই

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

নত্বেবাপূজ্য ভুঞ্জীত ভগবন্তং জনার্দ্দনং।
ন তৎ স্বয়ং সমশ্নীয়াৎ যদ্বিষ্ণৌ ন নিবেদয়েৎ।

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

পত্রং পুষ্পং ফলং তোয়মন্নপানাদ্যমৌষধং।
অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতং ॥ ১০৭ ॥
অনিবেদ্য তু ভুঞ্জানঃ প্রায়শ্চিত্তী ভবেন্নরঃ।
তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণো ভুঞ্জীত সর্ব্বদা ॥ ১০৮ ॥

পাদ্মে গৌতমাম্বরীষ সম্বাদে ॥

অম্বরীষ গৃহে পক্কং যদভীষ্টং সদাত্মনঃ।

আহারায় নিজোপভোগায় ॥ ১০৭ ॥
বিষ্ণোরুপভোগ্যং কৃত্বা যথাবিধ্যর্পণাদিনা তং ভোজয়িত্বেত্যর্থঃ ॥ ১০৮ ॥

এমত দ্রব্য ভোগ নিষেধ ॥

হয়শীর্ষপঞ্চরাত্রে ॥

ভগবান্ জনার্দ্দনকে পূজা না করিয়া ভোজন করিবে না এবং যে দ্রব্য বিষ্ণুতে অর্পণ করা হয় নাই, তাহা স্বয়ং ভোজন করিবে না ॥

ব্রহ্মাণ্ডপুরাণে ॥

পত্র, পুষ্প, ফল, জল, অন্ন, পানাদি এবং ঔষধ আর যাহা নিজের উপভোগের নিমিত্ত কল্পিত হইয়াছে, তাহা নিবেদন না করিয়া ভোজন করিবে না ॥ ১০৭ ॥

মনুষ্য অনিবেদ্য বস্তু ভোগ করিলে প্রায়শ্চিত্তার্হ হয়, অতএব সর্ব্বকালে সমুদায় দ্রব্য বিষ্ণুকে নিবেদন করিয়াই ভোজন করিবে ॥ ১০৮ ॥

পদ্মপুরাণে গৌতম ও অম্বরীষ সম্বাদে ॥

অনিবেদ্য হরে ভুঞ্জন্ সপ্তকল্পানি নারকী।
তত্রৈবোত্তরখণ্ডে শিবোমাসম্বাদে ॥
অবৈষ্ণবান্নমন্নঞ্চ পতিতান্নং তথৈবচ।
অনর্পিতং তথা বিষ্ণৌ শ্বমাংসসদৃশং ভবেৎ।
বিষ্ণুস্মৃতৌ ॥
অনিবেদ্যতু যো ভুঙ্‌ক্তে হরয়ে পরমাত্মনে।
মজ্জন্তি পিতরস্তস্য নরকে শাশ্বতীঃ সমাঃ।
অতএব গৌতমাম্বরীষসম্বাদ এব ॥
অম্বরীষ নবং বস্ত্রং ফলমন্নং রসাদিকং।
কৃত্বা বিষ্ণুপভুক্তন্তু সদা সেব্যং হি বৈষ্ণবৈঃ।
বিষ্ণুধর্ম্মাগ্নিপুরাণয়োঃ ॥

হে অম্বরীষ! সর্ব্বদা স্বীয় অভিলষিত যে দ্রব্য গৃহে পাক করা হইয়াছে তাহা হরিকে নিবেদন না করিয়া ভোজন করিলে সপ্তকল্প অর্থাৎ ব্রহ্মার সাত দিন যাবৎ নরক ভোগ করিতে হইবে ॥

ঐ পদ্মপুরাণেরই উত্তরখণ্ডে ॥

শ্রীশিব এবং উমাসম্বাদে ॥

অবৈষ্ণবদিগের অন্ন, পতিত ব্যক্তিদিগের অন্ন, তথা বিষ্ণুতে অনর্পিত অন্ন কুক্কুর মাংস সদৃশ হয় ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

যে ব্যক্তি পরমাত্মা হরিকে নিবেদন না করিয়া ভোজন করে, তাহার পিতৃগণ অসংখ্য কাল নরকে নিমগ্ন হয় ॥

অতএব গৌতমাম্বরীষ সম্বাদেই ॥

হে অম্বরীষ! বৈষ্ণবগণ নূতন বস্ত্র, ফল, অন্ন এবং রস প্রভৃতি সমুদায় দ্রব্য বিষ্ণুকে অর্পণ করিয়া সর্ব্বদা সেবন করিবেন ॥

বিষ্ণুধর্ম্ম ও অগ্নিপুরাণে ॥

গন্ধান্ন বরভক্ষ্যাংশ্চ স্রজো বাসাংসি ভূষণং।
দত্ত্বাতু দেবদেবায় তচ্ছেষাণ্যুপভুঞ্জতে ॥ ১০৯ ॥
গারুড়ে ॥
পাদোদকং পিবেন্নিত্যং নৈবেদ্যং ভক্ষয়েদ্ধরেঃ।
শেষাশ্চ মস্তকে ধার্য্যা ইতি বেদানুশাসনং ॥ ১১০ ॥
ষষ্ঠস্কন্ধে পুংসবনব্রতপ্রসঙ্গে ॥
উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ।
অদ্যাদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামার্থসিদ্ধয়ে ॥ ১১১ ॥

গন্ধান্ অন্নানি বরভক্ষ্যাংশ্চ মোদকাদীন্ উপভুঞ্জন্তে সাধব ইতি সদাচারো দর্শিতঃ ॥১০৯
শেষাশ্চ তুলস্যাদয়ঃ ॥ ১১০ ॥
দেবং ভগবন্তং স্বে ধাম্নি স্বহৃদয়ে অগ্রতঃ প্রাক্ উদ্বাস্য বিসর্জ্য ॥ ১১১ ॥

সাধুগণ গন্ধ, অন্ন, উৎকৃষ্ট ভক্ষ্য অর্থাৎ মোদকাদি তথা মালা, বস্ত্র ও ভূষণ দেবদেব বিষ্ণুকে অর্পণ করিয়া অবশিষ্ট উপভোগ করিয়া থাকেন ॥ ১০৯ ॥

গরুড়পুরাণে ॥

বেদের এই আজ্ঞা আছে যে, নিত্য শ্রীবিষ্ণুর পাদোদক পান, নিত্য নৈবেদ্য ভক্ষণ এবং নিত্য তুলসী প্রভৃতি মস্তকে ধারণ করিবে ॥ ১১০ ॥

৬ স্কন্ধে ১৯ অধ্যায় ১৫ শ্লোকে ॥

তৎপরে আরাধ্য দেবকে তাঁহার নিজধামে বাসার্থ বিসর্জ্জন দিয়া তাঁহার অগ্রে নিবেদিত বস্তু আত্মবিশুদ্ধি ও সর্ব্বকাম সমৃদ্ধি নিমিত্ত কিঞ্চিৎ ভোজন করিবে ॥ ১১১ ॥

অষ্টমস্কন্ধে চ পয়োব্রতপ্রসঙ্গে ॥
নিবেদিতং তদ্ভক্তায় দদ্যাৎ ভুঞ্জীত বা স্বয়ং ॥ ১১২ ॥
গৌতমীয়তন্ত্রে ॥
শুক্লোপচারসম্ভারৈর্নিত্যশো হরিমর্চ্চয়েৎ।
নিবেদ্য কৃষ্ণায় বিধিবদন্নং ভুঞ্জীত তৎ স্বয়ং।
অথবা সাত্বতে দদ্যাদ্যদি লভ্যেত ভক্তিতঃ।
শরৎপ্রদীপে চ ॥
ভক্তক্ষণক্ষণোদেবঃ স্মৃতিঃ সেবা স্ববেশ্মনি।

তদ্ভক্তায় বৈষ্ণবায় ॥ ১১২ ॥

এবমনর্পিতোপভোগদোষজাতং দর্শয়িত্বা তেন চ নিবেদিতস্যৈবোপভোগং বিলিখ্যাধুনা তদেব দ্রঢ়য়ন্ ভগবদর্পিতস্য গ্রহণেঽপি দত্তাপহারদোষো ন প্রসজ্যেতেতি ভগবৎবাৎসল্য-ভরতো ন্যায়ান্তরেণ সাধয়তি ভক্তেতি। ভক্তস্য ক্ষণঃ অবসর এব উৎসব এব বা ক্ষণো যস্য। স্ববেশ্মনি স্থিতেন যা স্মৃতিঃ সৈব সেবা। স্বভোজ্যস্য নিজভক্ষ্যস্যৈবার্পণং যত্তদেব তস্মৈ দানং। এবং সুসেব্যত্বং ভক্তবাৎসল্যঞ্চোক্তং। তৎফলঞ্চ ইন্দ্রাদিদুর্ল্লভং স্যাৎ শ্রীবৈকুণ্ঠ-লোকপ্রাপ্তেঃ এবঞ্চার্পণদানয়োর্ভেদোঽপ্যভিহিতঃ যতো নৃপাদিভ্যঃ সূদাদিভিরিব ভগবতো ভৃত্যৈর্দ্রব্যাণামর্পণমেব ক্রিয়তে নতু দানং তস্যৈব সর্ব্বদ্রব্যাদি স্বামিত্বেন তেষাং তত্র স্বত্বা-ভাবাৎ। অতো ভগবতে যদ্দীয়তে তদর্পণমিত্যুচ্যতে নতু দানমিতি। অতএব পাদ্যাদ্যুপ-

৮ স্কন্ধে ১৬ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

তদনন্তর নিবেদিত দ্রব্য জাত ভগবদ্ভক্ত ব্যক্তিদিগকে ভোজন করাইবে অথবা স্বয়ং ভোজন করিবে ॥

গৌতমীয়তন্ত্রে ॥

পবিত্র উপচার সমূহ দ্বারা নিত্য নিত্য হরিকে অর্চ্চনা করিবে। বিধি পূর্ব্বক শ্রীকৃষ্ণকে অন্ন নিবেদন করিয়া সেই নিবেদিত অন্ন স্বয়ং ভোজন করিবে, কিম্বা যদি বৈষ্ণব প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে তাঁহাকেই ভক্তি সহকারে সমর্পণ করিবেন ॥

শরৎপ্রদীপেও ॥

শ্রীবিষ্ণু ভক্তগণের উৎসবেই উৎসবান্বিত, নিজ গৃহে অবস্থিতি পূর্ব্বক বিষ্ণুর যে স্মরণ তাহাই তাঁহার সেবা এবং নিজ ভক্ষ্য

স্বভোজ্যস্যার্পণং দানং ফলমিন্দ্রাদি দুর্ল্লভং ॥ ১১৩ ॥

অথ নৈবেদ্যভক্ষণবিধিঃ ॥

দৃষ্ট্বা মহাপ্রসাদান্নং তৎ প্রাঙ্নত্বাভিমন্ত্রয়েৎ।
স্বেষ্টসাম্না ততোমূলমন্ত্রেণ সপ্তকং ॥ ১১৪ ॥

ধর্ম্মরাজাদিভাগকাপাস্য শ্রীচরণামৃতং।

চারং কল্পয়ামীত্যেব সংসম্প্রদায়প্রয়োগঃ এবঞ্চ দদ্যাৎ পুরুষতুষ্টিদমিত্যাদৌ দানশব্দস্যার্পণমেবার্থোঽবগন্তব্যঃ নচ শঙ্কনীয়ং স্বস্বাভাবে পিত্রাদিভ্যঃ কথং তদ্দানং ঘটতামিতি। মহাপ্রসাদতয়া স্বাঙ্গতেষু তেষু সম্বোৎপত্তেঃ শ্রাদ্ধাদিবিধিবলেন তৎকল্পনাদ্বা। নচ বক্তব্যং উচ্ছিষ্টদ্রব্যদানেন শ্রাদ্ধাদৌ গৌণ্যাসত্তিরিতি ভগবদর্পণেন দ্রব্যসংস্কারবিশেষসম্পত্ত্যা ফলবিশেষজনকত্বেন পরমমুখ্যতাপত্তেঃ। এতচ্চ পূর্ব্বং সূচিতমেব তৎফলঞ্চ লিখিতং। ইত্থঞ্চ তস্মাৎ সর্ব্বং নিবেদ্যৈব বিষ্ণোর্ভুঞ্জীত সর্ব্বদেত্যাদৌ ওঁনঃ পক্ত্বা ভুঞ্জত ইত্যাদিবৎ এককর্ম্মত্বেন যন্নিবেদ্যতে তদেব ভুঞ্জীতেত্যর্থো নিতরাং সিদ্ধঃ ন হ্যন্নং নিবেদ্য অন্নভুঞ্জীতেতি পৃথক্ কর্ম্মান্তরকল্পনদোষাপত্তেঃ। অনিবেদ্য ন ভুঞ্জীত যদাহারায় কল্পিতমিত্যাদিনা বিরোধাচ্চ। অতএব তত্ত্ববিদঃ সাধবঃ পক্কান্নাদিকমবশেষমেব ভগবদগ্রে নীত্বা পরিবেশ্য বিধিবদর্পয়ন্তি। যচ্চ বাহুল্যেন পরিবেশনাদ্যশক্ত্যা রন্ধনপাত্রাদৌ তিষ্ঠেৎ তদপি শঙ্খোদকতুলসীদলনিক্ষেপণাদিনা বিনিবেদিতমাপাদয়তীতি দিক্ ॥ ১১৩ ॥

প্রাক্ প্রথমং নত্বা অভিবন্দ্য তদন্নং গায়ত্র্যা অভিমন্ত্রয়েৎ। ততস্তদনন্তরং মূলমন্ত্রেণ সপ্তবারান্ অভিমন্ত্রয়েৎ ॥ ১১৪ ॥

দ্রব্যের অর্পণই তাঁহাকে দান, এই সমুদায়ের ফল অর্থাৎ শ্রীবৈকুণ্ঠ লোক প্রাপ্তি ইহা ইন্দ্রাদি দেবগণেরও দুর্ল্লভ ॥ ১১৩ ॥

অথনৈবেদ্য ভক্ষণ বিধি ॥

মহাপ্রসাদ অন্ন দর্শন করিয়া প্রথমে অভিবন্দনা করিয়া সেই অন্নকে গায়ত্রী দ্বারা অভিমন্ত্রিত করিবে, তদনন্তর মূল মন্ত্র দ্বারা সাতবার অভিমন্ত্রিত করিবে ॥ ১১৪ ॥

সেই মহাপ্রসাদ অন্ন হইতে ধর্ম্মরাজাদির ভাগ অপনয়ন করিয়া

তুলসীঞ্চাত্র নিঃক্ষিপ্য শ্লোকান্ সংকীর্ত্তয়েদিমান্ ॥ ১১৫ ॥

যস্যোচ্ছিষ্টং হি বাঞ্ছন্তি ব্রহ্মাদ্যা ঋষয়োঽমলাঃ।
সিদ্ধাদ্যাশ্চ হরেস্তস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ।

কিঞ্চ ॥

যস্য নাম্না বিনশ্যন্তি মহাপাতকরাশয়ঃ।
তস্য শ্রীকৃষ্ণদেবস্য বয়মুচ্ছিষ্টভোজিনঃ।
উচ্ছিষ্টভোজিনস্তস্য বয়মদ্ভুতকর্ম্মণঃ।
যো বাল্যলীলয়া তাংস্তান্ পূতনাদীনপাতয়ৎ।

একাদশস্কন্ধে ॥

ত্বয়োপযুক্ত স্রগ্‌গন্ধবাসোলঙ্কারচর্চ্চিতাঃ।

আদিশব্দেন পিত্রাদয়ঃ। অপাস্য তদন্নাদপনীয় শ্রীচরণামৃতং ভগবৎপাদোদকং। অত্র মন্ত্রে ॥ ১১৫ ॥

তাংস্তান্ অনির্দ্দিষ্য বলপরক্রমাদিযুক্তান্। যেন লীলাবরাহেণ হিরণ্যাক্ষো নিপাতিত ইত্যেতৎ পদ্যার্দ্ধং পঠন্তি। তচ্চ নিজেষ্টদেবলীলানুসারেণেতি জ্ঞেয়ং ॥ ১১৬ ॥

তাহাতে চরণামৃত এবং তুলসীপত্র নিক্ষেপ করত বক্ষ্যমাণ এই সকল শ্লোক পাঠ করিবে ॥ ১১৫ ॥

যথা ব্রহ্মাদি অমল ঋষিগণ ও সিদ্ধগণ যাঁহার উচ্ছিষ্ট বাঞ্ছা করেন, আমরা সেই হরির উচ্ছিষ্টভোজী ॥

আরও ॥

যাঁহার নামে রাশি রাশি মহাপাতক বিনষ্ট হয়, আমরা সেই শ্রীকৃষ্ণদেবের উচ্ছিষ্টভোজী ॥

যিনি বাল্যলীলায় সেই সেই পূতনাদিকে বিনষ্ট করিয়াছেন, আমরা সেই অদ্ভুতকর্ম্মা শ্রীকৃষ্ণের উচ্ছিষ্টভোজী ॥

একাদশস্কন্ধে ॥

৬ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

আমরা তোমার দাস, তোমাতে সমর্পিত মাল্য, চন্দন, বস্ত্র ও

উচ্ছিষ্টভোজিনোদাসাস্তব মায়াং জয়েম হি ॥ ১১৬ ॥
ততোঽমৃতোপস্তরণমসীত্যুক্ত্বা যথাবিধি।
পঞ্চ প্রাণাহুতীঃ কৃত্বা ভুঞ্জীত পুরতঃ প্রভোঃ ॥ ১১৭ ॥
তত্র চ বিশেষঃ ॥
শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব সগরসম্বাদে ॥
প্রশস্তরত্নপাণিস্তু ভুঞ্জীত প্রযতো গৃহী ॥ ১১৮ ॥
পুণ্যগন্ধধরঃ শস্ত মাল্যধারী নরেশ্বর।
নৈকবস্ত্রধরোঽথার্দ্রপাণিপাদো নরাধিপ।

প্রভোর্ভগবতঃ পুরতোঽগ্রে ভুঞ্জীত যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেরিতি স্কান্দোক্তেঃ যচ্চ বারাহে শয়নং ভোজনঞ্চাগ্র ইত্যাদ্যপরাধেষূক্তং তদপি বহির্দেবালয়ে শ্রীমূর্ত্তিপূজা বিষয়ং নতু স্বগৃহে শালগ্রামশিলাপূজাবিষয়মিতি বিবেচনীয়ং। এতচ্চ পূর্ব্বং লিখিতমেব ॥ ১১৭ ॥

গৃহীতি পূর্ব্বং সর্ব্বত্র গৃহস্থকৃত্য লিখনাদত্রাপি যুক্তমেব তৎ দ্রব্যসমর্পণাদি যোগ্যত্বেন পূজাবিধৌ তস্যৈব প্রাধান্যাৎ ভগবদর্থত্যক্তপরিগ্রহস্য চ বিরক্তস্য যথালাভং ভগবন্তং পূজয়তে ন তাদৃশো বিধিনিষেধাবকাশঃ কল্প্যত ইতি শ্রীভাগবতাদি শাস্ত্রমেব কিঞ্চিৎ প্রাক্ লিখিতমগ্রেচ লেখ্যমিতি ॥ ১১৮ ॥

অলঙ্কার প্রভৃতিতে ভূষিত হইয়া তোমার উচ্ছিষ্ট ভোজন করত ত্বদীয়া মায়া জয় করিব ॥ ১১৬ ॥

তদনন্তর "অমৃতোপস্তরণমসি" যথাবিধি এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পঞ্চ প্রাণোদ্দেশে আহুতি প্রদান করিয়া প্রভুর অগ্রে অর্থাৎ দেবালয়ের বহির্ভাগে ভোজন করিবে ॥ ১১৭ ॥

ঐ বিষয়ে বিশেষবিধি যথা ॥

শ্রীবিষ্ণুপুরাণে ঔর্ব্ব ও সগরসম্বাদে ॥

গৃহী প্রশস্তরত্নপাণি ও পবিত্র হইয়া ভোজন করিবেন ॥ ১১৮ ॥

হে নরেশ্বর! মনুষ্য ভোজনকালীন অঙ্গে পুণ্যগন্ধ লেপন ও সুগন্ধমাল্য ধারণ করিয়া প্রফুল্লবদনে আর্দ্রপাণি ও আর্দ্রপদে এবং প্রীতিচিত্তে পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া ভোজন করিবেন, কিন্তু এক

বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্মুখঃ।
প্রাঙ্মুখোদঙ্মুখোবাপি ন চৈবান্যমুখোনরঃ ॥ ১১৯ ॥
দত্ত্বাতু ভক্তং শিষ্যেভ্যঃ ক্ষুধিতেভ্যস্তথা গৃহী।
প্রশস্তশুদ্ধপাত্রেষু ভুঞ্জীতাকুপিতো নৃপ ॥ ১২০ ॥
নাসন্দীসংস্থিতে পাত্রে নাদেশে চ নরেশ্বর।
নাকালে নাতিসংকীর্ণে দত্ত্বাগ্রঞ্চ নরোঽগ্নয়ে।
নাশেষং পুরুষোঽশ্নীয়াদন্যত্র জগতীপতে ॥ ১২১ ॥
মধ্বম্বুদধিসর্পির্ভ্যঃ শক্তুভ্যশ্চ বিবেকবান্।
অশ্নীয়াৎ তন্ময়ো ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসং ॥ ১২২ ॥

প্রাঙ্মুখ উদঙ্মুখো বা ভুঞ্জীত ॥ ১১৯ ॥
প্রশস্তং ভগবন্নিবেদনাৎ ॥ ১২০ ॥
আসন্দী দারুময়ত্রিপদী। অদেশে অযোগ্যস্থানে। অকালে সন্ধ্যাদিসময়ে আকাশ ইতি পাঠে অনাবৃতে। অগ্রমন্নং দত্ত্বা পরিশিষ্টস্যান্নস্য কিঞ্চিদগ্নৌ ক্ষিপ্ত্বা ॥ ১২১ ॥
তন্ময়োঽভূত্বাঽন্নে দত্তচিত্তঃ সন্ ॥ ১২২ ॥

বস্ত্র ধারণ করিয়া ও অগ্ন্যাদি কোন চতুষ্টয়ের প্রতি মুখ করিয়া কি অন্যদিকে মুখ করিয়া ভোজন করিবে না ॥ ১১৯ ॥

হে নৃপ! গৃহী ব্যক্তি শিষ্য ও ক্ষুধিতদিগকে অন্ন প্রদান করিয়া কোপ পরিহার পূর্ব্বক প্রশস্ত শুদ্ধপাত্রে ভোজন করিবেন ॥ ১২০ ॥

হে রাজন্! দারুময় ত্রিপদীর উপর পাত্র রাখিয়া, অযোগ্য স্থানে, অকালে অর্থাৎ সন্ধ্যাদি সময়ে, অতি সঙ্কীর্ণ স্থানে ভোজন করিবে না তথা পরিশিষ্ট অন্নের কিঞ্চিৎ অগ্নিতে নিক্ষেপ করিয়া ভোজন করিবেন, কিন্তু যেন একবারে সমস্ত ভোজন না করেন, পাত্রে কিছু অবশিষ্ট রাখিবেন ॥ ১২১ ॥

মধু, জল, দধি, ঘৃত এবং শক্তু এই সকল দ্রব্যে সদসৎ বিচার পূর্ব্বক অন্নের প্রতি চিত্ত অভিনিবিষ্ট করিয়া প্রথমতঃ মধুররস ভোজন

লবণাম্লে তথা মধ্যে কটুতিক্তাদিকাংস্ততঃ।
প্রাগ্দ্রবং পুরুষোঽশ্নীয়াৎ মধ্যে চ কঠিনাশনং।
অন্তে পুনর্দ্রবাশীতু বলারোগ্যে ন মুঞ্চতি॥
পঞ্চগ্রাসং মহামৌনং প্রাণাদ্যাপ্যায়নায় তৎ।
ভুক্ত্বা সম্যগথাচম্য প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা।
যথাবৎ পুনরাচামেৎ পাণী প্রক্ষাল্য মূলতঃ।
স্বস্থঃ প্রশান্তচিত্তশ্চ কৃতাসনপরিগ্রহঃ।
অভীষ্টদেবতানাঞ্চ কুর্ব্বীত স্মরণং নরঃ॥
অগস্তিরগ্নির্বড়বানলশ্চ
ভুক্তং ময়ান্নং জরয়ন্ত্যশেষং।
সুখঞ্চ মে তৎ পরিণামসম্ভবং
যচ্ছন্ত্বরোগং মম চাস্তু দেহে॥

করিবেন॥ ১২২॥

ভোজনের মধ্যে লবণ ও অম্ল রস এবং শেষে কটু তিক্তাদি ভোজন করিবে॥

পুরুষ যদি প্রথমে দ্রব দ্রব্য, মধ্যে কঠিন দ্রব্য ও অন্তে পুনরায় দ্রব দ্রব্য ভোজন করেন, তাহা হইলে তাঁহার বল ও আরোগ্য নষ্ট হয় না॥

পূর্ব্বমুখ বা উত্তরমুখে উপবিষ্ট হইয়া আচমন করত মৌনী হইয়া প্রাণাদির তৃপ্তি নিমিত্ত সর্ব্বাগ্রে পঞ্চগ্রাস ভোজন ও তৎপরে যথাবিধি ভোজন করিয়া পুনরায় আচমন করিবে। তদনন্তর হস্তদ্বয়ের মূল পর্য্যন্ত প্রক্ষালন করিয়া স্বস্থ এবং প্রশান্তচিত্তে আসনে উপবেশন করিয়া অভীষ্ট দেবতাদিগের স্মরণ করিবে॥

অনন্তর অগস্তি, অগ্নি এবং বাড়বানল আমার অশেষ ভুক্ত অন্ন জীর্ণ এবং ভোজনের পরিপাক জনিত সুখ প্রদান করুন ও আমার দেহ অরোগী হউক॥

বিষ্ণুঃ সমস্তেন্দ্রিয়দেহদেহি
প্রধানভূতো ভগবান্ যথৈকঃ।
সত্যেন তেনান্নমশেষমেত-
দারোগ্যদং মে পরিণামমেতু ॥
ইত্যুচ্চার্য্য স্বহস্তেন পরিমৃজ্য তথোদরং।
অনায়াসপ্রদায়ীনি কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ।
কৌর্ম্মে ব্যাসগীতায়াং ॥
প্রাঙ্মুখোঽন্নানি ভুঞ্জীত সূর্য্যাভিমুখমেব বা।
আসীনঃ স্বাসনে সিদ্ধে ভূম্যাং পাদৌ নিধায় চ।
আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুঙ্‌ক্তে যশস্যং দক্ষিণামুখঃ।
শ্রিয়ং প্রত্যঙ্মুখো ভুঙ্‌ক্তে ঋতং ভুঙ্‌ক্তে উদঙ্মুখঃ।

প্রত্যঙ্মুখঃ সন্ চেদ্ভুঙ্‌ক্তে তদা শ্রিয়মেব ভুঙ্‌ক্তে সর্ব্বসম্পদং লভত ইত্যর্থঃ। ঋতং সত্যং সর্ব্বং বাঞ্ছিতং প্রাপ্নোতীত্যর্থঃ। আত্মনি জুহ্বতাং আত্মনা সহৈষামৈক্যং ভাবয়েদিত্যর্থঃ। ততস্তঃ ভোজনানন্তরমিত্যর্থঃ ॥ ১২৩ ॥

যেমন এক ভগবান্ বিষ্ণু সমস্ত ইন্দ্রিয়, দেহ ও দেহির প্রধানস্বরূপ, সেই সত্য দ্বারা এই সমস্ত অন্ন আমার সম্বন্ধে আরোগ্যপ্রদ হইয়া পরিণাম প্রাপ্ত হউক ॥

এই দুই মন্ত্র উচ্চারণ করিয়া নিজ হস্তে উদর মার্জনা করত, অলসশূন্য হইয়া অনায়াসপ্রদ অর্থাৎ পরিশ্রমশূন্য কার্য্য সকল করিবেন ॥

কূর্ম্মপুরাণে ব্যাসগীতায় ॥

স্বীয় সিদ্ধ আসনে উপবেশন পূর্ব্বক ভূমিতে পাদদ্বয় স্থাপন করিয়া পূর্ব্বমুখে অথবা সূর্য্যাভিমুখে অন্নাদি ভোজন করিবে ॥

পূর্ব্বমুখে ভোজন করিলে পরমায়ু বৃদ্ধি, দক্ষিণমুখে যশ, পশ্চিমমুখে সর্ব্ব প্রকার সম্পদ্ এবং উত্তরমুখে ভোজন করিলে সমুদায়

পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ ভূমৌ পাত্রং নিধায় চ।
উপবাসেন তত্তুল্যং মনুরাহ প্রজাপতিঃ।
উপলিপ্তে শুচৌ দেশে পাদৌ প্রাক্ষাল্য বৈ করৌ।
আচম্যার্দ্রাননোঽক্রোধঃ পঞ্চার্দ্রো ভোজনঞ্চরেৎ।
মহাব্যাহৃতিভিস্তন্নং পরিবায়োদকেন তু।
অমৃতোপস্তরণমসীত্যপোশানক্রিয়াং চরেৎ।
স্বাহাপ্রণবসংযুক্তং প্রাণায়েত্যাহুতিং ততঃ।
অপানায় ততো হুত্বা ব্যানায় তদনন্তরং।
উদানায় ততঃ কুর্য্যাৎ সমানায়েতি পঞ্চমীং।

বাঞ্ছিত লাভ হয়॥

প্রজাপতি মনু বলিয়াছেন, ভূমিতে পাত্র রাখিয়া পঞ্চার্দ্ররূপে ভোজন করিলে সেই ভোজন উপবাস তুল্য হয় অর্থাৎ তাহাতে কোন রোগোৎপত্তি হয় না॥

পঞ্চার্দ্র যথা॥

গোময়াদি দ্বারা লিপ্ত পবিত্র স্থানে হস্তদ্বয় ও পাদদ্বয় প্রক্ষালন করিয়া আচমন দ্বারা আর্দ্র মুখ হইয়া এবং ক্রোধ পরিত্যাগ করিয়া এই পঞ্চার্দ্ররূপে ভোজন করিবে॥

মহাব্যাহৃতি অর্থাৎ ভূর্ভুবঃ স্বঃ উচ্চারণ পূর্ব্বক জলধারা দ্বারা অন্নকে বেষ্টন করিয়া "অমৃতোপস্তরণমসি" এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আচমন করিবে॥

তাহার পর স্বাহা এবং প্রণব সংযুক্ত করিয়া প্রাণায়, এই বলিয়া আহুতি দিবে, তাহার পর অপান,তাহার পর ব্যান, তাহার পর উদান এবং তাহার পর সমান এই পঞ্চ আহুতি দিবে॥

প্রয়োগ যথা। "ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপনায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ও সমানায় স্বাহা॥"

বিজ্ঞায় তত্ত্বমেতেষাং জুহুয়াদাত্মনি দ্বিজাঃ।
শেষমন্নং যথাকামং ভুঞ্জীত ব্যঞ্জনৈর্যুতং।
ধ্যাত্বা তন্মনসা দেবমাত্মানং বৈ প্রজাপতিং।
অমৃতাপিধানমসীত্যুপরিষ্টাদপঃ পিবেৎ।
কিঞ্চ তত্রৈব ॥
যদ্ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যচ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ।
সোপানাৎকশ্চ যদ্‌ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরং।
নার্দ্ধরাত্রে ন মধ্যাহ্নে নাজীর্ণে নার্দ্রবস্ত্রধৃক্।
নচ ভিন্নাসনগতো নযানে সংস্থিতোঽপি বা।
ন ভিন্নভাজনে চৈব ন ভূম্যাং ন চ পাণিষু।
অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যং চাতিভোজনং।

হে দ্বিজগণ! এই সকলের তত্ত্ব পরিজ্ঞাত হইয়া আপনাতে আহুতি দিবে, পরে যদৃচ্ছাক্রমে ব্যঞ্জন সমন্বিত করিয়া অবশিষ্ট অন্ন ভোজন করিবে ॥

পরে তদ্গত চিত্ত হইয়া আপনাকে প্রজাপতি দেবরূপে ধ্যান করিয়া ভোজন শেষে "অমৃতাপিধানমসি স্বাহা" শেষে এই বলিয়া আচমন করিবে ॥

আরও ঐ স্থানেই ॥

মস্তক বেষ্টন করিয়া যে ভোজন করা হয়, অগ্ন্যাদি কোণ চতুষ্টয়ের প্রতি মুখ করিয়া যাহা ভোজন করা হয় এবং চর্ম্মপাদুকা পরিধান করিয়া যাহা ভোজন করা হয়, তৎসমুদায় আসুরিক ভোজন জানিতে হইবে ॥

অর্দ্ধরাত্রে, মধ্যাহ্নে, অজীর্ণে, আর্দ্রবস্ত্রধারী হইয়া ভগ্নাসনে উপবেশন করিয়া যানের উপর অবস্থিত হইয়া ভগ্নপাত্রে, মৃত্তিকায় এবং হস্তে ভোজন করিবে না ॥

অতিভোজন করিলে আরোগ্য লাভ হয় না, পরমায়ুঃ ক্ষয় করে,

অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎপরিবর্জয়েৎ।

কিঞ্চ ॥

ন বামহস্তেনোদ্ধৃত্য পিবেদ্ভক্ত্রেণ বা জলং।

বিষ্ণুস্মৃতৌ ॥

পিবতঃ পততে তোয়ং ভাজনে মুখনির্গতং।

অভোজ্যং তদ্ভবেদন্নং ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥

মার্কণ্ডেয়ে ॥

ভুঞ্জীতান্নঞ্চ তচ্চিত্তো হ্যন্তর্জানু সদা নরঃ।

উপঘাতাদৃতে দোষান্নান্নস্তোদীরয়েদ্বুধঃ ॥ ১২৩ ॥

অন্যত্র চ ॥

হস্তাদৃতেঽম্বুনান্যেনানশ্নন্ পাত্রাদৃতে পিবেৎ।

স্বর্গপ্রাপ্তির প্রতিকূল, পাপজনক এবং লোকনিন্দনীয় অতএব অতিভোজন বর্জন করিবে ॥

আরও ॥

বাম হস্তে পাত্র উত্তোলন করিয়া মুখের দ্বারা জল পান করিবে না ॥

বিষ্ণুস্মৃতিতে ॥

জলপানকারির মুখ হইতে নির্গত জল যদি ভোজনপাত্রে পতিত হয়, তাহা হইলে সেই অন্ন অভোজ্য, ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিতে হইবে ॥

মার্কণ্ডেয়পুরাণে ॥

মনুষ্য সর্ব্বদা জানুদেশ মধ্যে রাখিয়া অন্নগতচিত্ত হইয়া অন্ন ভোজন করিবে, পণ্ডিত ব্যক্তি কাক বা বিড়ালাদির উচ্ছিষ্ট ব্যতিরেকে অন্নের অন্য কোন দোষ কীর্ত্তন করিবেন না ॥ ১২৩ ॥

অন্যস্থানেও ॥

হস্ত ব্যতিরেকে কেবল মুখের দ্বারা জলপান করিবে না এবং

দক্ষিণন্তু পরিত্যজ্য বামে নীরং নিধাপয়েৎ।
অভোজ্যং তদ্ভবেদন্নং পানীয়ঞ্চ সুরাসমং ॥ ১২৪ ॥
তৃপ্তো দদ্যাদ্ধি তদন্নং শেষং দুর্গততৃপ্তয়ে ॥ ১২৫ ॥
সম্যগাচম্য দক্ষাঙ্ঘ্রেরঙ্গুষ্ঠে বারি নিঃক্ষিপেৎ।
ততঃ সংস্মৃত্য সংতুষ্টঃ পুষ্টিদামিষ্টদেবতাং।
সন্নিকৃষ্টৈর্বৃতঃ শিষ্টৈর্জপেদন্নপতের্মনূন্।
অন্নপতেঽন্নস্য নো দেহীত্যাদি ॥ ১২৬ ॥
ভক্ষয়েদথ তাম্বূলং প্রসাদং বল্লবীপ্রভোঃ।

অশ্নন্ ভুঞ্জানঃ সন্ হস্তাদৃতে পাণিং বিনা কেবল মুখেন জলং ন পিবেৎ। তথা পাত্রং বিনা করাদিনা ন পিবেদিত্যর্থঃ। অন্যথা অভোজ্যাদিকং স্যাদিত্যর্থঃ ॥ ১২৪ ॥

তৃপ্তঃ সমাপ্তভোজনঃ সন্ ॥ ১২৫ ॥

অঙ্গুষ্ঠে বারি নিক্ষিপেৎ মন্ত্রঃ অঙ্গুষ্ঠেতি ॥ ১২৬ ॥

বল্লবীপ্রভোঃ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য প্রসাদমিতি তন্নিবেদিতমিত্যর্থঃ ॥ ১২৭ ॥

পাত্র ব্যতিরেকে কেবল হস্ত দ্বারা জল পান করিবে না। দক্ষিণ-দিক্ পরিত্যাগ করিয়া যদি বামদিকে জল রাখে, তাহা হইলে সেই অন্ন অভোজ্য এবং জল সুরা তুল্য হয় ॥ ১২৪ ॥

ভোজন শেষ হইলে ভোজনাবশিষ্ট অন্ন দুর্গত লোকের তৃপ্তি নিমিত্ত প্রদান করিবে ॥ ১২৫ ॥

সম্যক্‌রূপে আচমন করিয়া দক্ষিণ চরণের অঙ্গুষ্ঠে জল নিক্ষেপ করিবে। তাহার পর পুষ্টিদায়িনী ইষ্টদেবতাকে স্মরণ করিয়া সন্তুষ্ট হইবে। অনন্তর নিকটবর্ত্তি শিষ্টজনে পরিবৃত হইয়া "অন্নপতে অন্নস্য নোদেহ্যনমীবস্য শুষ্মিনঃ প্রণতায়ুং তার্ষ ঊর্জ্জং নো ধেহি দ্বিপদেশং চতুষ্পদে" অন্নপতির এই মন্ত্র জপ করিবে ॥ ২৬ ॥

তাহার পর শ্রীকৃষ্ণের প্রসাদিত তাম্বূল ভোজন করিয়া অভিলষিত শিষ্টজনের সহিত উপবিষ্ট হইয়া ভগবানের উৎকৃষ্ট মঙ্গলময় নাম

শিষ্টৈরিষ্টৈর্জপেদ্দিব্যং ভগবন্নামমঙ্গলং ॥ ১২৭ ॥

অথ নৈবেদ্যমাহাত্ম্যং ॥

বারাহে ॥

যো মমৈবার্চ্চনং কৃত্বা তত্র প্রাপণমুত্তমং।
শেষমন্নং সমশ্নাতি ততঃ সৌখ্যতরং নু কিং ॥ ১২৮ ॥

স্কান্দে ॥

তবোপহারং ভুক্ত্বা যঃ সেবতে যজ্ঞপূরুষং।
সেবিতং তেন নিয়তং পুরোডাশো মহাধিয়া ॥ ১২৯ ॥

কিঞ্চ তত্রৈব ॥

শঙ্খোদকং তীর্থবরাদ্বরিষ্ঠং
পাদোদকং তীর্থগণাদ্গরিষ্ঠং।

প্রাপণমুপহারং তদেবাহ শেষমন্নমিতি ॥ ১২৮ ॥

পুরোডাশঃ যজ্ঞশেষদ্রব্যং ॥ ১২৯ ॥
বিষ্ণোর্নৈবেদ্যশেষং পাদজলেন বিমিশ্রিতং সহেতি বা। কচিদ্বিষ্ণোরিত্যত্র সিক্তমিতি

জপ করিবে ॥ ১২৭ ॥

অথ নৈবেদ্য মাহাত্ম্য ॥

বরাহপুরাণে ॥

যে ব্যক্তি আমার অর্চ্চনা করিয়া আমাতে উত্তম উপহার প্রদান করত শেষ অন্ন ভোজন করে, তাহা হইতে আর অধিকতর সুখ কি ? ॥ ১২৮ ॥

স্কন্দপুরাণে ॥

আপনকার উপহার ভোজন করিয়া যে ব্যক্তি যজ্ঞ পুরুষের সেবা করেন, সেই মহাবুদ্ধিমান্ জন কর্ত্তৃক নিয়ত যজ্ঞশেষ দ্রব্য সেবন করা হয় ॥ ১২৯ ॥

আরও ঐ স্কন্দপুরাণেই ॥

শঙ্খোদক উৎকৃষ্ট তীর্থ হইতে শ্রেষ্ঠ, চরণোদক সমস্ত তীর্থ

নৈবেদ্যশেষং ক্রতুকোটিপুণ্যং
নির্ম্মাল্যশেষং ব্রতদানতুল্যং ॥
নৈবেদ্যশেষং তুলসীবিমিশ্রং
বিশেষতঃ পাদজলেন সিক্তং।
যো শ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ।
প্রাপ্নোতি যজ্ঞাযুতকোটিপুণ্যং ॥ ১৩০ ॥
ষড়্ভির্মাসোপবাসৈস্তু যৎফলং পরিকীর্ত্তিতং।
বিষ্ণোর্নৈবেদ্যশেষে যৎ ফলং তদ্ভুঞ্জতাং কলৌ ॥ ১৩১ ॥
কিঞ্চ তত্র শ্রীশালগ্রামশিলামাহাত্ম্যে ॥
ভক্ত্যা ভুনক্তি নৈবেদ্যং শালগ্রামশিলার্পিতং।
কোটিং মখস্য লভতে ফলং শতসহস্রশঃ ॥ ১৩২ ॥

বা পাঠঃ ॥ ২৩০ ॥

ভুঞ্জতাং বিষ্ণুনৈবেদ্যশেষেণাপি তৎফলং ॥ ১৩১ ॥

ভুনক্তি ভুঙ্‌ক্তে মখস্য কোটিং লভতে স যজ্ঞকোটিং কৃতবানিত্যর্থঃ। অস্য চ কিং ফলমিত্যপেক্ষায়ামাহ ফলমিতি। শতসহস্রশ অনন্তমিত্যর্থঃ। যদ্বা শতসহস্রশো যা যজ্ঞকোটি-

---

হইতে গরিষ্ঠ, নৈবেদ্যশেষ কোটিযজ্ঞের পুণ্যস্বরূপ এবং নির্ম্মাল্যশেষ ব্রত ও দান তুল্য ॥

বিষ্ণুর নৈবেদ্যশেষ তুলসী মিশ্রিত এবং বিশেষতঃ চরণামৃত জলে সিক্ত করিয়া যে ব্যক্তি নিত্য মুরারির অগ্রে ভোজন করেন, তিনি অযুত কোটিযজ্ঞের পুণ্য প্রাপ্ত হয়েন ॥ ১৩০ ॥

ছয় মাস উপবাস করিলে যে ফলোৎপত্তি কীর্ত্তিত হইয়াছে, কলিতে বিষ্ণুর নৈবেদ্যশেষ ভোজন করিলে সেই ফল হয় ॥ ১৩১ ॥

আরও ঐ স্কন্দপুরাণে শালগ্রামশিলামাহাত্ম্যে ॥

যে ব্যক্তি শালগ্রামশিলার্পিত নৈবেদ্যশেষ ভোজন করেন, তাঁহার শত সহস্র কোটিযজ্ঞের ফল লাভ হয় ॥ ১৩২ ॥

ব্রহ্মচারী গৃহস্থৈশ্চ বানপ্রস্থৈশ্চ ভিক্ষুভিঃ।
ভোক্তব্যং বিষ্ণুনৈবেদ্যং নাত্র কার্য্যা বিচারণা।
ভুক্ত্বান্যদেবনৈবেদ্যং দ্বিজশ্চান্দ্রায়ণঞ্চরেৎ।
ভুক্ত্বা কেশবনৈবেদ্যং যজ্ঞকোটিফলং লভেৎ॥
তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে॥
অগ্নিষ্টোমসহস্রৈস্তু বাজপেয়শতৈরপি।
তৎফলং প্রাপ্যতে নূনং বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ।
হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ।
পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুতঃ॥ ১৩৩॥

স্তদ্রূপং ফলং লভতে॥ ১৩২॥

অচ্যুতঃ অচ্যুততুল্য ইত্যর্থঃ সারূপ্যাদিপ্রাপ্ত্যা। যদ্বা ভক্তিমার্গান্নিজেষ্টাদ্বা চ্যুতো ন ভবতীত্যর্থঃ॥ ১৩৩॥

ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ এবং ভিক্ষুক এই চতুরাশ্রমী লোক-সকল বিষ্ণুর নৈবেদ্য ভোজন করিবেন, ইহাতে কোন বিচার করার প্রয়োজন নাই॥

ব্রাহ্মণ অন্য দেবতার নৈবেদ্য ভোজন করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিবেন, বিষ্ণুনৈবেদ্য ভোজন করিলে কোটিযজ্ঞের ফল প্রাপ্ত হইবেন॥

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদসম্বাদে॥

সহস্র অগ্নিষ্টোম এবং শত অশ্বমেধ যজ্ঞ করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, বিষ্ণুর নৈবেদ্যশেষ ভোজন করিলে নিশ্চয় সেই ফল লাভ হইয়া থাকে॥

যাঁহার হৃদয়ে শ্রীকৃষ্ণের রূপ, মুখে শ্রীকৃষ্ণের নাম, উদরে শ্রীকৃষ্ণের নৈবেদ্য এবং মস্তকে পাদোদক ও নির্ম্মাল্য বিদ্যমান, তিনি অচ্যুত তুল্য॥ ১৩৩॥

কিঞ্চ ॥

পাবনং বিষ্ণুনৈবেদ্যং সুরসিদ্ধর্ষিভিঃ স্মৃতং।
অন্যদেবস্য নৈবেদ্যং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ।
কোটিযজ্ঞৈস্তু যৎপুণ্যং মাসোপোষণকোটিভিঃ।
তৎফলং প্রাপ্যতে পুংভির্বিষ্ণোর্নৈবেদ্যভক্ষণাৎ।
তুলস্যাশ্চ রজোজুষ্টং নৈবেদ্যস্য চ ভক্ষণং।
নির্ম্মাল্যঞ্চ ধৃতং যেন মহাপাতকনাশনং ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে ॥

নৈবেদ্যং জগদীশস্য অন্নপানাদিকঞ্চ যৎ।
ভক্ষ্যাভক্ষ্যবিচারশ্চ নাস্তি তদ্ভক্ষণে দ্বিজাঃ।
ব্রহ্মবন্নির্বিকারং হি যথা বিষ্ণুস্তথৈব তৎ।
বিকারং যে প্রকুর্ব্বন্তি ভক্ষণে তদ্দ্বিজাতয়ঃ।

আরও ॥

দেবগণ, সিদ্ধগণ ও ঋষিসকল বিষ্ণুনৈবেদ্যকে পবিত্র এবং অন্য দেবতার নৈবেদ্য ভোজন করিলে চান্দ্রায়ণ করিতে হইবে, এই কথা বলিয়াছেন ॥

সর্ব্বেণ বাহ্যেন আন্তরেণ চ সঙ্গেন অন্যাসক্ত্যাচ বিশেষতো বর্জ্জিতা রহিতাঃ। এতচ্চ একান্তিলক্ষণং দর্শিতং। অথ অতঃ তেষ্বেব সঙ্গস্ত্বয়া প্রার্থ্যঃ। স্বতঃ পরমপুরুষার্থত্বেন পরমদুর্ল্লভত্বান্মনসাপি বাঞ্ছনীয়ঃ কিমুত বক্তব্যং সাক্ষাৎকার্য্য ইত্যর্থঃ। যদ্বা। নন্বু তর্হিতৈঃ সহ মম সঙ্গো ভবতা ক্রিয়তাং। তত্রাহ তৈঃ সঙ্গঃ তেষ্বেব ত্বয়া প্রার্থ্যঃ। এবার্থে অথ শব্দঃ তেষাং কৃপয়ৈব স্বভক্ত্যা তৎসঙ্গঃ প্রাপ্যেত নত্বন্যথেত্যর্থঃ। নন্বু সঙ্গতঃ কথঞ্চিদ্রাগদ্বেষা অপি সম্ভবেয়ুঃ তত্রাহ সঙ্গে যে দোষাস্তান্ হরন্তীতি তথা তে যদ্বা। সর্ব্বসঙ্গবিবর্জ্জিতানাং তেষাং সঙ্গো গৃহাদিসঙ্গবতা ময়া কথং প্রাপ্যস্তত্রাহ সঙ্গেতি। গৃহাদি সঙ্গদোষং দর্শনমাত্রেণৈব তে হরন্তীত্যর্থঃ। যদ্বা। সঙ্গ এব দোষরূপো যেষাং তে নিঃসঙ্গা যত ইত্যর্থঃ। তানপি হরন্তি স্বগুণৈরাকর্ষন্তীতি তথা তে। অতস্তেষাং মাহাত্ম্যেনৈবাকৃষ্টা সতী স্বয়মেব সর্ব্বং ত্যক্ত্বা যাস্যতীত্যর্থঃ। অলমতিবিস্তরেণ ॥ ৫৫ ॥

রতির্ভাবঃ স চ আগমে প্রেম্নস্ত প্রথমাবস্থা ভাব ইত্যভিধীয়তে ইতি তৎপরতয়া

হে মাতঃ! যে সকল ব্যক্তি উক্ত প্রকারে সর্ব্বসঙ্গ বিবর্জ্জিত, তাঁহারাই সাধু। হে সাধ্বি! আপনি ঐ প্রকার সাধুজনসহ সঙ্গ করিতেই বাঞ্ছা করিবেন, যেহেতু সাধুগণ সঙ্গজনিত দোষ সকল হরণ করিয়া থাকেন ॥ ৫৫ ॥

বিঘ্নাকুলত্বেও মনের রতি পরতা ভগবদ্ভক্তলক্ষণ যথা—
স্কন্দপুরাণের সেই স্থানেই ॥

যে ব্যক্তি কষ্টে পতিত হইয়াও কেশবের প্রতি মন অনুরক্ত করেন এবং যাঁহার কেশবের প্রতি ভক্তি বিচ্যুতা হয় না, নিশ্চয় সেই মনুষ্য ভগবদ্ভক্ত ॥

আপদগতস্য যস্যেহ ভক্তিরব্যভিচারিণী।
নান্যত্র রমতে চিত্তং স বৈ ভাগবতো নরঃ ॥ ৫৬ ॥

প্রেমৈকপরতা চ ॥

শ্রীঋষভদেবস্য পুত্রানুশাসনে ॥

যে বা ময়ীশে কৃতসৌহৃদার্থা
জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।

মনোরম ইতি রতিরুক্তা। ভক্তিঃ শ্রবণাদিলক্ষণা। ভাগবতোত্তমা ইতি বা পাঠঃ। এবমগ্রেঽপি। ভক্তিরত্র রতিঃ। অন্যত্র কেশবব্যতিরিক্তে চিত্তং ন রমতে তত্র প্রেমাকৃষ্টত্বাৎ ॥ ৫৬ ॥

অধুনা প্রেমৈকপরতয়া ঐকান্তিতা তল্লক্ষণং লিখতি যে বেতি ত্রিভিঃ। পূর্ব্বং মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তা ইত্যর্দ্ধশ্লোকেন মহতাং সামান্যলক্ষণমুক্ত্বা ইদানীং মুখ্যলক্ষণমাহ। ময়ি ঈশে ভগবতি কৃতং সৌহৃদং প্রেমৈব অর্থঃ পুরুষার্থো যেষাং তে বাশব্দেনান্যনিরপেক্ষস্যৈবাস্য লক্ষণত্বং দর্শিতং। তদ্বাহুলিঙ্গমাহ। দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা বিষয়বার্ত্তা এব ন ধর্ম্মাদিবিষয়াপি যেষু। যদ্বা। দেহম্ভরৈব বার্ত্তা জীবনোপায় ধনাদি র্নস্তু ভগবৎপূজার্থা যেষাং তেষু জনেষু গৃহেষু চ জায়াদিযুক্তেষু ন প্রীতিযুক্তাঃ। রাতির্মিত্রং ধনম্বা। লোকে যাবদর্থাশ্চ যাবদর্থমেবার্থো যেষাং মধ্যপদলোপী সমাসঃ। দেহনির্ব্বাহাধিকস্পৃহাশূন্যা ইত্যর্থঃ। যদ্বা। নন্বু প্রীত্যভাবাদ্দেহাদীনামুপেক্ষাপত্ত্যা দেহনির্ব্বাহঃ কথমস্তু তত্রাহ। লোকে যাবানর্থোঽস্তি স এবার্থো যেষাং লোকাঃ প্রারব্ধবশেন স্বয়মেব স্বধনাদিনা তদ্দেহপোষণাদিকং কুর্য্যুরেবেতি ভাবঃ। পূর্ব্বমাসক্তিরহিতোক্তা। অনাসক্তৌ চ কথঞ্চিৎ কদাচিৎ কুত্রাপি

অপর যে ব্যক্তি আপদগত হইয়াও শ্রীকৃষ্ণের প্রতি ঐকান্তিকী ভক্তি করেন এবং যাঁহার চিত্ত অন্যত্র অনুরক্ত হয় না, তিনি ভাগবত বলিয়া কথিত হয়েন ॥ ৫৬ ॥

প্রেমৈকপরতা ভগবদ্ভক্ত লক্ষণ যথা—

পঞ্চমস্কন্ধে ৫ অধ্যায়ে ৩ শ্লোকে শ্রীঋষভদেবের পুত্রানুশাসনে ॥

ঋষভদেব কহিলেন, যে সকল ব্যক্তি আমি যে ঈশ্বর আমাতে সৌহৃদ্য করিয়া তাহাই পরমপুরুষার্থ বলিয়া বোধ করেন, যাঁহাদের

গৃহেষু জায়াত্মজরাতিমৎসু
ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে ॥ ৫৭ ॥
ত্রিধা প্রেমৈকপরতা প্রেম্নঃ স্যাত্তারতম্যতঃ।
উত্তমা মধ্যমা চাসৌ কনিষ্ঠা চেতি ভেদতঃ।
তত্রোত্তমা যথা ॥
একাদশে হবিযোগেশ্বরোক্তরে ॥
সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥

প্রীতিরপি ঘটেত। কিন্তু আসক্ত্যভাবান্নির্ম্মূলা বিনশ্বরা চ। তত্র চ সর্ব্বথা সর্ব্বদা সর্ব্বত্র প্রীতিরাহিত্যমেবোক্তং অতোঽস্য লক্ষণস্য পূর্ব্বতোঽপি শ্রৈষ্ঠ্যং দ্রষ্টব্যং। এবমগ্রেপি ॥৫৭॥

ন বিদ্যতেঽন্যৎ কিঞ্চিৎ ফলানুসন্ধানাদিকং যস্মিন্ তেন বিশুদ্ধেন ভাবেনেত্যর্থঃ। ভাবেন প্রেম্না। অতএব দৃঢ়াং পরমনিষ্ঠাং প্রাপ্তাং ভক্তিং শ্রবণাদিরূপাং বিবিধাং কেবল নামসংকীর্ত্তনাত্মিকাং। যা যে কুর্ব্বন্তি তে সাধব ইত্যুত্তরশ্লোকেনান্বয়ঃ। অতএব মৎকৃতে মম কর্ম্মণি নিমিত্তে। যদ্বা। মৎপ্রাপ্ত্যর্থং। যদ্বা। মৎপ্রীত্যেত্যর্থঃ। ত্যক্তানি কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকাদীনি সর্ব্বাণ্যেব যৈঃ। তথা ত্যক্ত্বাঃ স্বজনা জ্ঞাতয়ো বান্ধবাশ্চ সম্বন্ধিনো যৈ স্তে। এতচ্চ প্রেমনিষ্ঠতায়া বাহ্যলক্ষণং জ্ঞেয়ং। পূর্ব্বমাসক্তিত্যাগ এব ততশ্চ প্রীত্য-

বিষয়াসক্ত ব্যক্তি সকলে তথা পুত্র কলত্র ধনাদিযুক্ত গৃহে প্রীতি নাই এবং যাঁহারা লোক মধ্যে দেহযাত্রা নির্ব্বাহ অপেক্ষা অধিক ধনে স্পৃহাশূন্য তাঁহারাই মহৎ ॥ ৫৭ ॥

প্রেমের তারতম্য বশত উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা ভেদে প্রেমৈকপরতা ভগবদ্ভক্তলক্ষণ তিন প্রকার হয় ॥

তন্মধ্যে উত্তম প্রেমৈকপরতা ভগবদ্ভক্তলক্ষণ যথা ॥

একাদশস্কন্ধে ২ অধ্যায়ে ৪৩ শ্লোকে হবিযোগেশ্বরের উত্তরে ॥

হবি কহিলেন, হে রাজন্! যিনি আপনার ভগবদ্ভাব সর্ব্ব ভূতে অবলোকন করেন এবং ভগবদাত্মাতে অর্থাৎ ব্রহ্মরূপ অধিষ্ঠানে সর্ব্ব ভূতকে দেখেন, তিনিই ভগবদ্ভক্তের মধ্যে উত্তম ॥

স্বেষ্টদেবস্য ভাবং যঃ সর্ব্বভূতেষু পশ্যতি।
ভাবয়ন্তি চ তান্যস্মিন্নিত্যর্থঃ সম্মতঃ সতাং।
শ্রীকপিলদেবহূতিসম্বাদে ॥
ময্যনন্যেন ভাবেন ভক্তিং কুর্ব্বন্তি যে দৃঢ়াং।
মৎকৃতে ত্যক্তকর্ম্মাণস্ত্যক্তস্বজনবান্ধবাঃ ॥ ৫৮ ॥
হবিযোগেশ্বরোত্তরে চ ॥
বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষা-

ভাব এবোক্তঃ। অত্র সর্ব্বথা সমূলত্যাগ এব দর্শিতঃ। এবং পূর্ব্বপূর্ব্বতোঽস্য শ্রৈষ্ঠ্যমায়াতং। ইত্থং ব্রতপরতামারভ্য প্রেমপরতাপর্য্যন্তমুত্তরোত্তরং তথা তত্তদবান্তরেচ শ্রৈষ্ঠ্যমূহ্যং। অতএব সর্ব্বতঃ শ্রেষ্ঠতমত্বাদস্যাঃ সর্ব্বান্তে লিখনং। এবং শ্রীহবিযোগেশ্বরেণাপি বিসৃজতীত্যেতদুক্তমিতি দিক্ ॥ ৫৮ ॥

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদিত্যাদিনা বহুধা ভাগবতস্য লক্ষণমুক্ত্বা ইদানীমুক্তসমস্তলক্ষণসারমাহ বিসৃজতীতি। হরিরেব সাক্ষাৎ স্বয়ং যস্য হৃদয়ং ন বিসৃজতি ন মুঞ্চতি। কথম্ভূতঃ। অবশেনাপ্যভিহিতমাত্রোঽপি অঘৌঘং পাপসমূহং সংসারবেগং বা নাশয়তি যঃ সঃ তৎ কিমিতি ন বিসৃজতি। যতঃ প্রণয়রসনয়া প্রেমশৃঙ্খলয়া ধৃতং হৃদয়ে বদ্ধং অঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ। স এব ভাগবতপ্রধান উক্তো ভবতি তত্ত্বিদিতিরিতি। প্রধানশব্দঃ কোশে

যে ব্যক্তি সর্ব্ব ভূতে স্বীয় অভীষ্টদেবের ভাব অর্থাৎ সত্তা অবলোকন করেন এবং ভূত সকলকে ভগবানে অবস্থিতরূপে ভাবনা করেন, তিনি ভাগবত বলিয়া সৎ সকলের সম্মত ॥

৩ স্কন্ধে ২৫ অধ্যায়ে ২০ শ্লোকে শ্রীকপিল দেবহূতিসম্বাদে ॥

যাঁহারা আমার প্রতি অনন্যভাবে দৃঢ়ভক্তি করিয়া থাকেন এবং মদর্থ কর্ম্ম ত্যাগ করেন, আর আমার নিমিত্ত যদি স্বজন ও বন্ধু বান্ধব ত্যাগ করিতে হয়, তাহাও করিয়া থাকেন ॥ ৫৮ ॥

একাদশ স্কন্ধে ২ অধ্যায়ে ৫৩ শ্লোকে
হবিযোগেশ্বরের উত্তরে যথা ॥

হবি কহিলেন, মহারাজ! পূর্ব্বোক্ত সমুদায় লক্ষণের সার এই যে,

দ্ধরিররশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ।
প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ
স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ॥ ৫৯॥
মধ্যমমাহ॥
হরিযোগেশ্বরোক্তাবেব॥
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেমমৈত্রী কৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ॥
কনিষ্ঠস্তা তত্রৈব॥

অস্ত্রিয়ামিত্যুক্তঃ। যদ্বা। বৈষ্ণবাগ্র্য ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ প্রকরণবলাদধ্যাহার্য্যমেব বা। ভাগবতো ভগবদ্ভক্তো ভাগবতাখ্যশাস্ত্রস্থা প্রধানং যস্য স ইতি বাহুলকণং তস্যেতি॥ ৫৯॥

ননু সর্ব্বভূতেষু যঃ পশ্যেদিত্যাদৌ বহুবিধোঽপি ভগবদ্ভক্ত এব ভাগবতোত্তম ইত্যাদিনা শ্রীভাগবতে সামান্যেনৈব সর্ব্ব উক্তঃ তথাত্রাপি লিখিতঃ কিন্তু ভগবদ্ব্রতকর্ম্মাদিপরতায়া জ্ঞানাদিপরতায়াশ্চ তথা কথাদিপরতায়া একান্তিতায়াশ্চ পৃথক্ লিখনাৎ তারতম্যপ্রতীতের্ভেদো ভাসত এব স চ ব্যক্তং ন লিখিতঃ কথং বিবেচনীয় ইত্যপেক্ষায়াং লিখতি এতানীতি। ইথং অনেন লিখিতপ্রকারেণ। লিখিতানি এতানি ব্রতপরাদীনি মহাভাগবতলক্ষণান্তানি ভগবদ্ভক্তলক্ষণানি গৌণমুখ্যাদিভেদেন কানি চ গৌণানি কনিষ্ঠানি কানি চ

যাঁহার নাম অবশে উচ্চারিত হইলেও সমুদায় পাপ বিনষ্ট হয়, সেই হরি স্বয়ং যাঁহার হৃদয় পরিত্যাগ না করেন, প্রেমরজ্জু দ্বারা বদ্ধপাদ হইয়া হৃদয়ে অবস্থিতি করেন, তিনি সমুদায় ভাগবতের মধ্যে প্রধান বলিয়া অভিহিত হয়েন॥ ৫৯॥

মধ্যম ভক্তের লক্ষণ ১১ স্কন্ধে ২ অধ্যায়ে ৪৪ শ্লোকে
হরিযোগেশ্বরের উক্তি যথা॥

যিনি ঈশ্বরে প্রেম, তদধীনে অর্থাৎ বিষ্ণুভক্তজনে মিত্রতা, অজ্ঞলোকের প্রতি কৃপা এবং বিদ্বেষি অর্থাৎ হরিবিমুখের প্রতি উপেক্ষা করেন, ভেদ দর্শন নিমিত্ত তিনি মধ্যম॥

ঐ স্থলেই কনিষ্ঠ ভক্তের লক্ষণ যথা॥

অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে।
ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ।
শ্রদ্ধয়া পূজনং প্রেমবোধকং ভক্ত ইত্যপি।
লক্ষণানি চ যান্যগ্রে ভক্তের্লেখ্যানি তান্যপি।
বন্দনাদীনি বিদ্যন্তে যেষু ভাগবতা হি তে।
এতানি লক্ষণানীত্থং গৌণমুখ্যাদি ভেদতঃ।

মুখ্যানি আদিশব্দাৎ তত্রৈব কানিচিদ্বহিরঙ্গাণি কানিচিচ্চান্তরঙ্গানীত্যাদিভেদেন উহানি বিবিচ্য বোদ্ধব্যানি। তত্র ব্রতকর্ম্মাদিপরতা গৌণলক্ষণং। জ্ঞানাদিপরতা তত্তদপেক্ষয়া মুখ্যলক্ষণমপি ভক্তের্বহিরঙ্গমেব। অতএব সা তস্য সাক্ষাদ্ভগবদ্ভক্তলক্ষণাসম্পত্তেস্তত্র তত্র ভক্তিহেতুরিতি লিখিতং। শ্রবণাদীনি চ মুখ্যলক্ষণান্যন্তরঙ্গাণ্যেব। একান্তিতা চ পরম-মুখ্যা অত্যন্তান্তরঙ্গা চ। তত্র তত্রৈবান্তর গৌণমুখ্যাদীন্যূহ্যানি। এবং গৌণমুখ্যাদিভেদেন

যিনি শ্রদ্ধা পূর্ব্বক প্রতিমাতে হরির পূজা করেন, কিন্তু হরিভক্ত বা অন্যকে পূজা করেন না, তিনি প্রাকৃত অর্থাৎ ক্রমশ ভক্তির উত্তমাধিকারী হইবেন॥

ভক্তজনে প্রেমসহকারে পূজাই প্রেমবোধক। বন্দন প্রভৃতি যে সমস্ত ভক্তির লক্ষণ অগ্রে লিখিত হইবে, তৎসমুদায় যে সকল মনুষ্যে বিদ্যমান আছে, তাহারাই ভগবদ্ভক্তরূপে কথিত হয়েন॥

এই প্রকারে যে সকল ব্রতপর অবধি মহাভাগবতলক্ষণ পর্য্যন্ত ভগবদ্ভক্তলক্ষণ লিখিত হইয়াছে, তন্মধ্যে কতিপয় গৌণ এবং কতিপয় মুখ্য জানিতে হইবে। আদি শব্দ প্রয়োগ হেতু ঐ সকলের মধ্যে কতকগুলি বহিরঙ্গ ও কতকগুলি অন্তরঙ্গ বলিয়া বিবেচিত হয়॥

তাৎপর্য্য। ব্রতকর্ম্মাদিপরতা ভগবদ্ভক্তলক্ষণ গৌণ, জ্ঞানাদি পরতা ভগবদ্ভক্তলক্ষণ তদপেক্ষা মুখ্য লক্ষণ, এই সমুদায়কে ভক্তির বহিরঙ্গ লক্ষণ বলা যায়। আর শ্রবণ প্রভৃতি ভগবদ্ভক্তের মুখ্য লক্ষণ সকল ভক্তির অন্তরঙ্গ লক্ষণ বলিয়া সম্মত, আর একান্তিতা প্রভৃতি

উহ্যানি লক্ষণান্যেবং বিবেচ্যানি পরাণ্যপি ॥ ৬০ ॥
ঈদৃক্ লক্ষণবন্তঃ স্যাদুর্ল্লভা বহবোঽজনাঃ।
দিব্যা হি মণয়ো ব্যক্তং ন বর্ত্তেরন্নিতস্ততঃ ॥ ৬১ ॥
অতএবোক্তং মোক্ষধর্ম্মে নারদীয়ে ॥
জায়মানং হি পুরুষং যং পশ্যেন্মধুসূদনঃ।
সাত্ত্বিকঃ স তু বিজ্ঞেয়ো ভবেন্মোক্ষার্থনিশ্চয় ইতি ॥ ৬২ ॥
এবং সংক্ষিপ্য লিখিতাবৈষ্ণবানান্তু লক্ষণাৎ।

অপরাণি অত্র লিখিতানি বন্দনাদীন্যপি বিবেচ্যানি বিবিচ্য জ্ঞেয়ানি তথা তত্তল্লক্ষণানাং তারতম্যাদিনা ভগবদ্ভক্তানামপি তারতম্যং বিবেচনীয়মিতি দিক্ ॥ ৬০ ॥

নমু কর্ম্মজ্ঞানাদিপরাঃ সর্ব্বত্র বহবো দৃশ্যন্তে লিখিতলক্ষণাশ্চ মহাভাগবতা একান্তিনো ন দৃশ্যন্তে সত্যং তে নিগূঢ়া এবেতি লিখতি ঈদৃগিতি। তথাচ হরিভক্তিসুধোদয়ে। সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে ইতি। দিব্যা অমূল্যাশ্চিন্তামণ্যাদয়ঃ। ইতস্ততঃ সর্ব্বত্রেত্যর্থঃ। ব্যক্তমিতি সত্যেব। অন্যথা লোকরক্ষানুপপত্তেঃ। কিন্তু অলক্ষিতং ক্বচিৎ কশ্চিৎ বর্ত্তত ইতি ভাবঃ ॥ ৬১ ॥

স এব মোক্ষার্থে মোক্ষস্য অর্থঃ ফলং ভক্তিস্তন্নিশ্চিতঃ কৃতনিশ্চয়ো ভবতি এবং পরমদুর্ল্লভত্বমেব সিদ্ধং ॥ ৬২ ॥

সুপ্রিয়ঃ শ্রীপতির্যেষামিত্যাদিরূপাৎ তথা সদাচাররতা ইত্যাদিরূপাৎ তিতক্ষবঃ

ভগবদ্ভক্তের সর্ব্বোৎকৃষ্ট মুখ্য লক্ষণ সুতরাং এই সকলকে ভক্তির অত্যন্ত অন্তরঙ্গ লক্ষণ বলা যায় ॥ ৬০ ॥

উক্ত লক্ষণ বিশিষ্ট বহুতর লোক অতিদুর্ল্লভ, যে হেতু চিন্তামণি প্রভৃতি অমূল্য রত্ন সর্ব্বত্র লাভ হয় না ॥ ৬১ ॥

অতএব মোক্ষধর্ম্মে নারদপুরাণে কথিত হইয়াছে ॥

যে জায়মান পুরুষের প্রতি মধুসূদন দৃষ্টিপাত করেন, তাঁহাকে সাত্ত্বিক বলা যায়, তিনিই মোক্ষফল ভক্তির নিমিত্ত কৃতনিশ্চয় হইয়া থাকেন ॥ ৬২ ॥

এই প্রকারে সংক্ষেপ লিখিত লক্ষণ দ্বারা বৈষ্ণবদিগের মাহাত্ম্যও

মাহাত্ম্যমপি বিজ্ঞেয়ং লিখ্যতেঽন্যচ্চ তৎ কিয়ৎ ॥ ৬৩ ॥

অথ ভগবদ্ভক্তানাং মাহাত্ম্যং ॥

সৌপর্ণে শ্রীশক্রোক্তৌ ॥

কলৌ ভাগবতং নাম যস্য পুংসঃ প্রজায়তে।
জননী পুত্রিণী তেন পিতৃণাস্তু ধুরন্ধরঃ ॥ ৬৪ ॥

কলৌ ভাগবতং নাম দুর্ল্লভং নৈব লভ্যতে।
ব্রহ্মরুদ্রপদোৎকৃষ্টং গুরুণা কথিতং মম ॥ ৬৫ ॥

যস্য ভাগবতং চিহ্নং দৃশ্যতে তু হরির্মুনে।

ইত্যাদিরূপাচ্চ মহৎসেবা দ্বারমাহুর্বিমুক্তেরিত্যাদিরূপাদপি লক্ষণাৎ বিজ্ঞেয়ং স্যাদেব। তৎ মাহাত্ম্যং অন্যচ্চ কিয়ৎ সংক্ষিপ্তং লিখ্যতে ॥ ৬৩ ॥

ভাগবতং নাম বৈষ্ণব ইতি নাম। যদ্বা শ্রীকৃষ্ণদাসেত্যাদি সংজ্ঞাপি। তথাপি দীক্ষয়ৈব তাদৃশ নামোৎপত্ত্যা ভগবদ্ভক্তত্বং সিদ্ধমেব। যদ্বা নামমাত্রেণ তাদৃশমাহাত্ম্যং কিং পুনরাচারাদিনেত্যর্থঃ। এবমন্যদপ্যূহ্যং ॥ ৬৪ ॥

গুরুণা শ্রীবৃহস্পতিনা ॥ ৬৫ ॥

চিহ্নং তপ্তমুদ্রাদিলক্ষণং হরির্যৈর্যতে চ যৈঃ তে কলৌ দেবা জ্ঞেয়াঃ। কলাবিত্যস্য পূর্ব্বেণ বান্বয়ঃ ॥ ৬৬ ॥

জানিতে হইবে। সম্প্রতি বৈষ্ণবদিগের অন্য কিঞ্চিৎ মাহাত্ম্য সংক্ষেপে লিখিতেছি ॥ ৬৩ ॥

অথ ভগবদ্ভক্তদিগের মাহাত্ম্য ॥

গরুড়পুরাণে শ্রীইন্দ্রের বাক্য যথা ॥

কলিযুগে যে পুরুষের বৈষ্ণব বলিয়া নাম বিখ্যাত হয়, তদ্দ্বারা তাঁহার মাতা পুত্রবতী এবং তিনি পিতৃগণের ভারবাহক হয়েন ॥ ৬৪ ॥

গুরু বৃহস্পতি আমাকে কহিয়াছেন, কলিতে বৈষ্ণব নাম দুর্ল্লভ, কখনই লাভ হয় না, বৈষ্ণব নাম ব্রহ্মরুদ্র পদ হইতেও উৎকৃষ্ট ॥ ৬৫ ॥

হে মুনে! কলিতে যাঁহার তপ্তমুদ্রাদি চিহ্ন দেখা যায় এবং

গীয়তে চ কলৌ দেবা জ্ঞেয়াস্তে নাত্র সংশয়ঃ ॥ ৬৬ ॥

শ্রীমার্কণ্ডেয়োক্তৌ ॥

সমীপে তিষ্ঠতে যস্য হ্যন্তকালেঽপি বৈষ্ণবঃ।
গচ্ছতে পরমং স্থানং যদ্যপি ব্রহ্মহা ভবেৎ ॥ ৬৭ ॥

নারদীয়ে শ্রীবামদেব রুক্মাঙ্গদসম্বাদে ॥

শ্বপচোঽপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিকঃ।
বিষ্ণুভক্তিবিহীনো যো যতিশ্চ শ্বপচাধিকঃ ॥ ৬৮ ॥

স্কান্দে রেবাখণ্ডে শ্রীব্রহ্মোক্তৌ ॥

ইন্দ্রো মহেশ্বরো ব্রহ্মা পরং ব্রহ্ম তদৈব হি।

গচ্ছতে গচ্ছতি ॥ ৬৭ ॥

দ্বিজাৎ বিপ্রাদপ্যধিক উত্তমঃ। শ্বপচাদপ্যধিকঃ পরমনিকৃষ্ট ইত্যর্থঃ। অধম ইত্যেব বা পাঠঃ ॥ ৬৮ ॥

যদা তুষ্টোঽসি তদৈব শ্বপচোঽপি ইন্দ্রাদির্ভবতি। তত্র পরব্রহ্মেতি মুক্তস্তন্ময়োবেত্যর্থঃ ॥ ৬৯ ॥

যাঁহারা হরিনাম কীর্ত্তন করেন, তাঁহাদিগকে দেবতা বলিয়া জানিবেন, ইহাতে সংশয় নাই ॥ ৬৬ ॥

মার্কণ্ডেয় উক্তিতে ॥

যে ব্যক্তির মৃত্যুকালেও সমীপে বৈষ্ণব অবস্থিতি করেন, সে যদি ব্রহ্মহত্যা পাপও করিয়া থাকে তথাপি তাহার পরমপদে গমন হইবে ॥ ৬৭ ॥

নারদপুরাণে শ্রীবামদেব ও রুক্মাঙ্গদ সম্বাদে ॥

হে রাজন্! শ্বপচও যদি বৈষ্ণব হয়, তথাপি সে ব্রাহ্মণ অপেক্ষা উত্তম, আর যতি ব্যক্তি অর্থাৎ সন্ন্যাসী যদি বিষ্ণুভক্তি বিহীন হয়েন, তাহা হইলে তিনি শ্বপচ অপেক্ষাও পরম নীচ ॥ ৬৮ ॥

স্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীব্রহ্মার বাক্যে ॥

হে কেশব! তুমি যদি তুষ্ট হও, তাহা হইলে শ্বপচ ব্যক্তিও ইন্দ্র,

শ্বপচোঽপি ভবত্যেব যদা তুষ্টোঽসি কেশব।
শ্বপচাদপি কষ্টত্বং ব্রহ্মেশানাদয়ঃ সুরাঃ।
তদৈবাঽচ্যুত যান্ত্যেতে যদৈব ত্বং পরাঙ্মুখঃ ॥ ৬৯ ॥
স কর্ত্তা সর্ব্বধর্ম্মাণাং ভক্তো যস্তব কেশব।
স কর্ত্তা সর্ব্বপাপানাং যো ন ভক্তস্তবাচ্যুত ॥ ৭০ ॥
ধর্ম্মো ভবত্যধর্ম্মোঽপি কৃতো ভক্তৈস্তবাচ্যুত।
পাপং ভবতি ধর্ম্মোঽপি তবাভক্তৈঃ কৃতো হরে ॥ ৭১ ॥
নিঃশেষধর্ম্মকর্ত্তা বাপ্যভক্তো নরকে হরে।

ন চ্যুতঃ কথঞ্চিদপি ন ভ্রষ্টো ভবতি ভক্তো যস্মাদিতি তৎসম্বোধনং হে অচ্যুতেতি। তথাচোক্তং। ন চাবস্থেঽপি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলো লোকে স এব ইত্যাদি এতচ্চাগ্রে লেখ্যমেব ॥ ৭০ ॥

তব ভক্তৈঃ কৃতঃ অধর্ম্মঃ কদাচিত্তীর্থাদাবধিকপ্রতিগ্রহাদিনা পাপমপি ধর্ম্ম এব ভবতি ভক্ত্যা ত্বদর্থমেব কৃতত্বাৎ। তবাভক্তৈঃ কৃতো ধর্ম্মো যোগাদিরপি পাপমেব ভবতি ত্বদনাদরাৎ। তদুক্তং। অরির্মিত্রং বিষং পথ্যমধর্ম্মো ধর্ম্মতাং ব্রজেৎ। প্রসন্নে পুণ্ডরীকাক্ষে বিপরীতে বিপর্য্যয় ইতি ॥ ৭১ ॥

নরকে সদা তিষ্ঠতি অভক্ত্যা ভগবদনাদরেণ নাস্তিকত্বাপত্তেঃ। তথাচোক্তমেকাদশ-

---

মহেশ্বর, ব্রহ্মা এবং পরম ব্রহ্ম স্বরূপও হইতে পারেন। আর হে অচ্যুত! তুমি যখন পরাঙ্মুখ হও, তখনই ব্রহ্মা ও মহেশ্বর প্রভৃতি দেবগণও শ্বপচ অপেক্ষা নিকৃষ্টত্ব প্রাপ্ত হয়েন ॥ ৬৯ ॥

হে কেশব! যে ব্যক্তি তোমার ভক্ত তিনি সর্ব্ব প্রকার ধর্ম্মের কর্ত্তা, হে অচ্যুত! আর যে ব্যক্তি তোমার ভক্ত না হয়, সে সমস্ত পাপের কর্ত্তা ॥ ৭০ ॥

হে অচ্যুত! তোমার ভক্তগণ যদি অধর্ম্মও করেন, তথাপি তাহা ধর্ম্ম হয়। হে হরে! আর যদি তোমার অভক্তগণ ধর্ম্মও করেন, তথাপি তাহা অধর্ম্ম হইয়া থাকে ॥ ৭১ ॥

হে হরে! সমস্ত ধর্ম্মের কর্ত্তা যদি তোমাতে অভক্ত হয়, তাহা

সদা তিষ্ঠতি ভক্তস্তে ব্রহ্মহাপি বিশুদ্ধ্যতি ॥ ৭২ ॥
নিশ্চলা ত্বয়ি ভক্তির্যা সৈব মুক্তির্জনার্দ্দন।
মুক্তা এব হি ভক্তাস্তে তব বিষ্ণো যতোহরে ॥ ৭৩ ॥
তত্রৈব দুর্ব্বাসো নারদসম্বাদে ॥
নূনং ভাগবতা লোকে লোকরক্ষাবিশারদাঃ।
ব্রজন্তি বিষ্ণুনাদিষ্টা হৃদিস্থেন মহামুনে।
ভগবানেব সর্ব্বত্র ভূতানাং কৃপয়া হরিঃ।
রক্ষণায় চরল্লোঁকান্ ভক্তরূপেণ নারদ ॥ ৭৪ ॥

দশস্কন্ধে। য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরং। ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্ভ্রষ্টাঃ পতন্ত্যধ ইতি ॥ ৭২ ॥

দেহান্তে বিমুচ্যত ইতি কিম্বক্তব্যং ত্বয়ি ভক্তিনিষ্ঠয়া তস্মিন্নেব দেহে মুক্ত এবাসাবিত্যাশয়েনাহ নিশ্চলেতি। জনার্দ্দন হে জন্মলক্ষণসংসারনাশক। বিষ্ণো হে অপরিচ্ছিন্ন। হরে হে সংসারদুঃখহরেতি সম্বোধনত্রয়েণ তব ভক্তের্ভক্তানাঞ্চ তাদৃশত্বং যুক্তমেবেতি দ্যোত্যতে ॥ ৭৩ ॥

ব্রজন্তীত্যাদৌ গচ্ছন্তি ভ্রমন্তীতি বা ॥ ৭৪ ॥

হইলে সে চিরকাল নরকে বাস করিবে, আর তোমার ভক্ত যদি ব্রহ্ম হত্যাও করিয়া থাকে তথাপি সে পবিত্র হইবে ॥৭২ ॥

হে জনার্দ্দন! হে বিষ্ণো! তোমাতে যে নিশ্চলা ভক্তি তাহারই নাম মুক্তি, অতএব হে হরে! যাঁহারা তোমার ভক্ত নিশ্চয় তাহারাই মুক্ত বলিয়া পরিগণিত ॥ ৭৩ ॥

ঐ স্কন্দপুরাণের রেবাখণ্ডে দুর্ব্বাসা ও নারদ সম্বাদে ॥

হে মহামুনে! লোকরক্ষাবিশারদ ভগবদ্ভক্তগণ হৃদয়স্থ বিষ্ণুর আদেশানুসারে সংসার মধ্যে ভ্রমণ করেন। হে নারদ! ভগবান্ হরিই ভূত সকলের প্রতি কৃপা প্রকাশ করিয়া রক্ষার নিমিত্ত ভক্তরূপে সকল লোকে বিচরণ করিয়া থাকেন ॥ ৭৪ ॥

তত্রৈব শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যস্তু বিষ্ণুপরো নিত্যং দৃঢ়ভক্তির্জিতেন্দ্রিয়ঃ।
স্বগৃহেঽপি বসন্ জাতি তদ্বিষ্ণোঃ পরমং পদং।
অশ্বমেধসহস্রাণাং সহস্রং যঃ করোতি বৈ।
নাসৌ তৎফলমাপ্নোতি তদ্ভক্তৈর্যদবাপ্যতে।

তত্রৈবামৃতসারোদ্ধারে ॥

শ্রীযম তদ্ভটসম্বাদে ॥

সর্ব্বত্র বৈষ্ণবাঃ পূজ্যাঃ স্বর্গে মর্ত্যে রসাতলে।
দেবতানাং মনুষ্যাণাং তথৈবোরগরক্ষসাং।
যেষাং স্মরণমাত্রেণ পাপলক্ষশতানি চ।
দহ্যন্তে নাত্র সন্দেহো বৈষ্ণবানাং মহাত্মনাং ॥ ৭৫ ॥
যেষাং পাদরজেনৈব প্রাপ্যতে জাহ্নবীজলং।

নিত্যং বিষ্ণুপরত্বে হেতুঃ দৃঢ়া নিশ্চলা ভক্তির্যস্যেতি অতএব জিতেন্দ্রিয়ঃ। যেষাং বৈষ্ণবানাং অতএব মহাত্মনাং স্মরণমাত্রেণ ॥ ৭৫ ॥

পাদস্য রজেন রজসৈব। নর্ম্মদং যামুনঞ্চ জলং প্রাপ্যতে। কিং পুনস্তেষাং পাদয়ো-

ঐ স্কন্দপুরাণেই শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

যে ব্যক্তি বিষ্ণুপরায়ণ, নিত্য দৃঢ়ভক্তিসম্পন্ন এবং জিতেন্দ্রিয়, তিনি স্বীয় গৃহে বাস করিয়াও প্রসিদ্ধ বিষ্ণুর পরম পদে গমন করেন ॥

বিষ্ণুভক্তগণ যে ফল প্রাপ্ত হয়েন, দশলক্ষ অশ্বমেধ যজ্ঞকারী ব্যক্তি সে ফল প্রাপ্ত হইতে পারেন না ॥

ঐ স্কন্দপুরাণেরই অমৃতসারোদ্ধারে যম ও যমদূতসম্বাদে ॥

স্বর্গ, মর্ত্য ও পাতাল প্রভৃতি সকল স্থানে বিষ্ণুভক্তগণ দেব, মনুষ্য, উরগ ও রাক্ষসদিগের পূজনীয়। বৈষ্ণবদিগের স্মরণমাত্রে শতলক্ষ পাপ দগ্ধ হয়, এবিষয়ে সংশয় নাই ॥ ৭৫ ॥

যাঁহাদিগের চরণধূলিতে যখন গঙ্গা, নর্ম্মদা ও যমুনা জল প্রাপ্ত

নার্ম্মদং যামুনং চৈব কিং পুনঃ পাদয়োর্জলং ॥ ৭৬ ॥
যেষাং বাক্যজলৌঘেন বিনা গঙ্গাজলৈরপি।
বিনা তীর্থসহস্রেণ স্নাতো ভবতি মানবঃ।
তত্রৈব চাতুর্মাস্যমাহাত্ম্যে ॥
তাবৎ ভ্রমন্তি সংসারে পিতরঃ পিণ্ডতৎপরাঃ।
যাবৎ কুলে ভক্তিযুক্তঃ সুতো নৈব প্রজায়তে।
স এব জ্ঞানবাল্লোঁকে যোগিনাং প্রথমো হি সঃ।
মহাক্রতূনামাহর্ত্তা হরিভক্তিযুতো হি যঃ ॥ ৭৭ ॥
কাশীখণ্ডে ধ্রুবচরিতে ॥
ন চ্যবন্তে হি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি।

র্জলং তন্মহিমা। কিং পুনর্বক্তব্য ইত্যর্থঃ। অন্য পানসম্ভবেন রজসঃ সকাশান্মাহাত্ম্যাপেক্ষয়া কিং পুনরিতি ন্যায়োক্তিঃ ॥ ৭৬ ॥

বাক্যমুপদেশরূপং ভগবৎকথাকীর্ত্তনাদিরূপম্বা তদেব জলৌঘঃ পয়ঃপুরঃ তেনৈব ॥ ৭৭ ॥

প্রলয়াপদি অপি ॥ ৭৮ ॥

হওয়া যায়, তখন তাঁহাদিগের চরণামৃতের মহিমা আর কি বলিব ॥৭৬

যাঁহাদিগের উপদেশ অথবা হরিকীর্ত্তনবাক্য রূপ জল সমূহ দ্বারা সহস্র সহস্র তীর্থ ও গঙ্গাজল ব্যতিরেকেও মনুষ্য স্নাত হইয়া থাকেন ॥

ঐ স্কন্দপুরাণেই চাতুর্মাস্য মাহাত্ম্যে ॥

যে পর্য্যন্ত কুলে ভক্তিযুক্ত সন্তান জন্ম গ্রহণ না করে, তাবৎ পিতৃগণ পিণ্ডলোলুপ হইয়া সংসার মধ্যে ভ্রমণ করিয়া থাকেন ॥

যে মনুষ্য হরিভক্তিযুক্ত, তিনিই সংসার মধ্যে জ্ঞানবান্ তিনিই যোগিদিগের অগ্রগণ্য এবং তিনিই সমস্ত যজ্ঞের আহরণ কর্ত্তা ॥ ৭৭ ॥

কাশীখণ্ডে ধ্রুবচরিতে ॥

যাঁহার ভক্তগণ সুমহৎ প্রলয় আপদে চ্যুত হয়েন না, একারণ

অতোঽচ্যুতোঽখিলে লোকে স একঃ সর্ব্বগোঽব্যয়ঃ।
ন তস্মাদ্ভগবদ্ভক্তাৎ ভেতব্যং কেনচিৎ ক্বচিৎ।
নিয়তং বিষ্ণুভক্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ॥
তত্রৈবাগ্রে॥
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা যদি বেতরঃ।
বিষ্ণুভক্তিসমাযুক্তো জ্ঞেয়ঃ সর্ব্বোত্তমোত্তমঃ॥ ৭৮॥
শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ॥ ৭৯॥
মহাভারতে রাজধর্ম্মে॥
ঈশ্বরং সর্ব্বভূতানাং জগতঃ প্রভবাপ্যয়ং।

তুলসীমঞ্জরীধরঃ শিরসেত্যত্র তুলসীতি বা পাঠঃ। তত্তদা॥ ৭৯॥
যে ভক্তা অভজন্ দুর্গাণি দুস্তরবিবিধদুঃখানি॥ ৭০॥

সেই বিষ্ণু এক নিখিল লোক মধ্যে অচ্যুত, সর্ব্বগামী ও অব্যয় নামে অভিহিত হয়েন। অতএব কখন কোন প্রকারে বিষ্ণুভক্ত হইতে ভয়ের সম্ভাবনা নাই, যাঁহারা বিষ্ণুভক্ত, তাঁহারা কখন পরকে তাপ প্রদান করেন না॥

স্কন্দপুরাণের ঐ স্থানেরই কিঞ্চিদগ্রে॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র কিম্বা যদি অন্ত্যজ জাতি বিষ্ণুভক্তি-যুক্ত হয়, তাহা হইলে তাহাকে সর্ব্বাপেক্ষা উত্তম জানিতে হইবে॥৭৮

যাঁহার শরীর শঙ্খ চক্রে অঙ্কিত, মস্তক তুলসীর মঞ্জরী বিশিষ্ট এবং অঙ্গ গোপীচন্দন লিপ্ত, তিনি যখন দৃষ্টিগোচর হয়েন, তখন আর পাপের শঙ্কা কোথায়॥ ৭৯॥

মহাভারতে রাজধর্ম্মে॥

যিনি সকল ভূতের ঈশ্বর, যাঁহা হইতে জগতের উৎপত্তি প্রলয়

ভক্তা নারায়ণং দেবং দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ৮০ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

শয়নাদুত্থিতো যস্তু কীর্ত্তয়েন্মধুসূদনং।
কীর্ত্তনাত্তস্য পাপানি নাশমায়ান্ত্যশেষতঃ।

তত্রৈব ॥

যস্যাপ্যনন্তে জগতামধীশে
ভক্তিঃ পরা যাদবদেবদেবে।
তস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ
পাত্রং ত্রিলোকে পুরুষপ্রবীর।

দ্বারকামাহাত্ম্যে ॥

শ্রীপ্রহ্লাদ বলিসম্বাদে ॥

নিত্যং যে প্রাতরুত্থায় বৈষ্ণবানান্তু কীর্ত্তনং।

বিষ্ণুপ্রতিমেব স্বদর্শনাদিভির্জনস্য সর্ব্বলোকস্য তমাংসি পাপানি অজ্ঞানানি বা ধুন্বন্ নাশয়ন্ অত্র লোকে বৈষ্ণবো যদ্বসতি তৎ স্বার্থং ন কিন্তু পরং কেবলং লোকহিতায়ৈব।

হইতেছে, সেই নারায়ণদেবকে যাঁহারা ভজন করেন, তাঁহারা দুস্তর বিবিধ দুঃখ উত্তীর্ণ হয়েন ॥ ৮০ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যে ব্যক্তি শয়ন হইতে উত্থিত হইয়া মধুসূদন নাম কীর্ত্তন করেন, কীর্ত্তনমাত্রেই তাঁহার অশেষ পাপ সকল বিনষ্ট হয় ॥

ঐ বিষ্ণুধর্ম্মোত্তরেই ॥

হে পুরুষশ্রেষ্ঠ! অনন্ত, জগদীশ্বর, যাদব দেবদেব শ্রীকৃষ্ণের প্রতি যাঁহার ভক্তি আছে, ত্রিলোক মধ্যে তাঁহা অপেক্ষা অন্য আর উৎকৃষ্ট পাত্র নাই ॥

দ্বারকামাহাত্ম্যে শ্রীপ্রহ্লাদ বলিসম্বাদে ॥

হে বলে! যে ব্যক্তি নিত্য প্রাতঃকালে উত্থিত হইয়া বৈষ্ণবদিগের

কুর্ব্বন্তি তে ভাগবতাঃ কৃষ্ণতুল্যাঃ কলৌ বলে।
হরিভক্তিসুধোদয়ে ॥
স্বদর্শন স্পর্শন পূজনৈঃ কৃতী
তমাংসি বিষ্ণুপ্রতিমেব বৈষ্ণবঃ।
ধুন্বন্ বসত্যত্র জনস্য যন্ন তৎ
স্বার্থং পরং লোকহিতায় দীপবৎ ॥ ৮১ ॥
ইতিহাসসমুচ্চয়ে ॥
শ্রীলোমশবাক্যে ॥
যে ভজন্তি জগদ্যোনিং বাসুদেবং সনাতনং।
ন তেভ্যো বিদ্যতে তীর্থমধিকং রাজসত্তমঃ ॥ ৮২ ॥
যত্র ভাগবতাঃ স্নানং কুর্ব্বন্তি বিমলাশয়াঃ।

অত্র দৃষ্টান্তঃ যথা দীপ ইতি ॥ ৮১ ॥
ততোঽধিকং শ্রেষ্ঠং ॥ ৮২ ॥
অধিকং সর্ব্বতঃ শ্রেষ্ঠং বিদ্ধি। কুতঃ সর্ব্বেষামেব পাপানাং বিশেষেণ বাসনোন্মূলনেন

কীর্ত্তন করেন, কলিযুগে তাঁহারাই ভাগবত এবং তাঁহারাই শ্রীকৃষ্ণ তুল্য ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

বিষ্ণুপ্রতিমার ন্যায় স্বীয় দর্শন, স্পর্শন ও পূজন দ্বারা লোক সকলের তমঃ অর্থাৎ পাপ বা অজ্ঞান নাশ করত পুণ্যবান্ বৈষ্ণব যে এই সংসার মধ্যে বাস করেন, তাহা আত্মার্থ নহে, দীপ তুল্য কেবল পরের হিত নিমিত্ত জানিতে হইবে ॥ ৮১ ॥

ইতিহাস সমুচ্চয়ে শ্রীলোমশ বাক্যে ॥

হে রাজসত্তম! যাঁহারা জগদ্যোনি সনাতন বাসুদেবকে ভজনা করেন, তাঁহাদের অপেক্ষা শ্রেষ্ঠ তীর্থ আর নাই ॥ ৮২ ॥

নির্ম্মলচিত্ত ভগবদ্ভক্তগণ যে স্থানে স্নান করেন, তাহাকে সর্ব্বাপেক্ষা

তত্তীর্থমধিকং বিদ্ধি সর্ব্বপাপবিশোধনং ॥ ৮৩ ॥
যত্র রাগাদিরহিতা বাসুদেবপরায়ণাঃ।
তত্র সন্নিহিতো বিষ্ণুর্নৃপতে নাত্র সংশয়ঃ।
ন গন্ধৈর্ন তথা তোয়ৈর্ন পুষ্পৈশ্চ মনোহরৈঃ।
সান্নিধ্যং কুরুতে দেবো যত্র সন্তি ন বৈষ্ণবাঃ।
বলিভিশ্চোপবাসৈশ্চ নৃত্যগীতাদিভিস্তথা।
নিত্যমারাধ্যমানোঽপি তত্র বিষ্ণুর্ন তৃপ্যতি ॥ ৮৪ ॥
তস্মাদেতে মহাভাগা বৈষ্ণবা বীতকল্মষাঃ।
পুনন্তি সকলাল্লোঁকাংস্তত্তীর্থমধিকং ততঃ ॥ ৮৫ ॥

শোধনং ॥ ৮৩ ॥

বলিভিঃ উপহারৈঃ। যত্র বৈষ্ণবা ন সন্তি তত্র ন তৃপ্যতি ন তুষ্যতি ॥ ৮৪ ॥

তস্মাদেত এব লোকান্ পুনন্তি। ততস্তস্মাদ্ধেতোঃ। তদিত্যব্যয়াত্ত ইত্যর্থঃ। যদ্বা তীর্থবিশেষণত্বান্নপুংসকত্বং। বৈষ্ণবা এব পরমং তীর্থমিত্যর্থঃ ॥ ৮৫ ॥

শ্রেষ্ঠ তীর্থ বলিয়া জানিবা, কারণ তাহাতে সমস্ত পাপের বিশেষরূপে শোধন হয় ॥ ৮৩ ॥

হে রাজন্! যে স্থানে রাগাদি রহিত বাসুদেবপরায়ণ বৈষ্ণবগণ বিরাজ করিতেছেন, সেই স্থানে বিষ্ণু বিদ্যমান, এবিষয়ে সংশয় নাই ॥

যে স্থানে বৈষ্ণবগণ অবস্থিতি করেন না, সে স্থানে গন্ধ, জল ও মনোহর পুষ্প সমূহ দ্বারা অর্চ্চিত হইলেও বিষ্ণু সন্নিধান করেন না ॥

যে স্থানে বৈষ্ণবগণ না থাকেন, তথায় উপহার, উপবাস ও নৃত্য-গীতাদি দ্বারা নিত্য আরাধ্যমান হইলেও বিষ্ণু সে স্থানে পরিতৃপ্ত হয়েন না ॥ ৮৪ ॥

এই কারণে এই সকল নিষ্পাপ মহাভাগ বৈষ্ণবগণ সমস্ত লোককে পবিত্র করেন, অতএব বৈষ্ণবগণই পরম তীর্থ ॥ ৮৫ ॥

শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা।
বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবং ॥ ৮৬ ॥
তস্মাদ্বিষ্ণুপ্রসাদায় বৈষ্ণবান্ পরিতোষয়েৎ।
প্রসাদসুমুখো বিষ্ণুস্তেনৈব স্যান্ন সংশয়ঃ। ৮৭ ॥
তত্রৈব শ্রীনারদপুণ্ডরীকসম্বাদে ॥
যে নৃশংসা দুরাত্মানঃ পাপাচাররতাঃ সদা।
তেঽপি যান্তি পরং ধাম নারায়ণপরাশ্রয়াঃ ॥ ৮৮ ॥
লিপ্যন্তে ন চ পাপেন বৈষ্ণবা বিষ্ণুতৎপরাঃ।

জাতিসামান্যাৎ নীচজাতিরয়মিতি। যদ্বা যথাস্যুঃ শূদ্রস্তথায়মপীত্যাদিপ্রকারেণ সমানজাতিতয়া যো বীক্ষতে ॥ ৮৬ ॥

তেন বৈষ্ণবপরিতোষণেনৈব ॥ ৮৭ ॥

নারায়ণ এব পরঃ পরম আশ্রয়ো যেষাং তে। যদ্বা নারায়ণপরা বৈষ্ণবাস্তদাশ্রয়া অপি সন্তঃ ॥ ৮৮ ॥

যদৃচ্ছয়া যথাকথঞ্চিদপীত্যর্থঃ। অস্য স্মৃতঃ ইত্যাদিনান্বয়ঃ ॥ ৮৯ ॥

বৈষ্ণব যদি শূদ্র অথবা চণ্ডাল কিম্বা শ্বপচ হয়, তথাপি তাঁহাকে জাতিসামান্যরূপে এ নীচজাতি বলিয়া অবলোকন করিবে না, যে ব্যক্তি বৈষ্ণবে জাতিসামান্য দর্শন করে, নিশ্চয় তাহাকে নরক যাইতে হইবে ॥ ৮৬ ॥

অতএব বিষ্ণুর প্রসন্নতা নিমিত্ত বৈষ্ণবদিগকে পরিতুষ্ট করিবে, তাহাতেই বিষ্ণু সুপ্রসন্ন বদন হইবেন সংশয় নাই ॥ ৮৭ ॥

ঐ ইতিহাসসমুচ্চয়েই শ্রীনারদ ও পুণ্ডরীকসম্বাদে ॥

যে সকল মনুষ্য ক্রূর, দুরাত্মা, সর্ব্বদা পাপপরায়ণ তাহারাও নারায়ণপর বৈষ্ণবদিগের আশ্রিত হইলে পরমপদ বৈকুণ্ঠধামে গমন করিবে ॥ ৮৮ ॥

বিষ্ণুপরায়ণ বৈষ্ণবগণ কখন পাপে লিপ্ত হয়েন না, সূর্য্যের ন্যায়

পুনন্তি সকলাল্লোঁকান্ সহস্রাংশুরিবোদিতঃ।
জন্মান্তরসহস্রেষু যস্য স্যাদ্বুদ্ধিরীদৃশী।
দাসোঽহং বাসুদেবস্য সর্ব্বাল্লোঁকান্ সমুদ্ধরেৎ।
স যাতি বিষ্ণুসালোক্যং পুরুষো নাত্র সংশয়ঃ।
কিং পুনস্তদ্গতপ্রাণাঃ পুরুষাঃ সংযতেন্দ্রিয়াঃ।
কিঞ্চ।
স্মৃতঃ সম্ভাষিতো বাপি পূজিতো বা দ্বিজোত্তমাঃ।
পুনাতি ভগবদ্ভক্তশ্চণ্ডালোঽপি যদৃচ্ছয়া ॥ ৮৯ ॥
শ্রীব্যাসবাক্যে ॥
জন্মান্তরসহস্রেষু বিষ্ণুভক্তো ন লিপ্যতে।
যস্য সন্দর্শনাদেব ভস্মীভবতি পাতকং ॥ ৯০ ॥

ন লিপ্যতে প্রমাদাদিনা কথঞ্চিৎ কৃতৈরপি পাপৈঃ। অন্যেষামপি পাতকং সর্ব্বং ভস্মীভবতি সমূলং বিনশ্যতি ॥ ৯০ ॥

উদ্ধার হইয়া সমস্ত লোক পবিত্র করেন ॥

সহস্র জন্মের পরে আমি বাসুদেবের দাস, যাঁহার এই প্রকার বুদ্ধি উৎপন্না হয়, সেই পুরুষ সমস্ত লোককে উদ্ধার করেন এবং তিনি বিষ্ণুর সালোক্য প্রাপ্ত হয়েন, ইহাতে সংশয় নাই, আর যে সকল জিতেন্দ্রিয় পুরুষ বিষ্ণুগত প্রাণ, তাঁহাদিগের কথা আর কি বলিব ॥

আরও ॥

হে দ্বিজোত্তমগণ! বিষ্ণুভক্ত যথা কথঞ্চিৎ চণ্ডাল হইলেও তাঁহাকে স্মরণ, তাঁহার সহিত সম্ভাষা বা তাঁহাকে পূজা করিলে তিনি পবিত্র করেন ॥ ৮৯ ॥

শ্রীব্যাসবাক্যে ॥

সহস্র জন্মের মধ্যে কথঞ্চিৎ প্রমাদ বশতঃ পাপ আচরিত হইলে বৈষ্ণব ব্যক্তি তাহাতে লিপ্ত হয়েন না, তাঁহার দর্শনমাত্রে অন্য ব্যক্তি সকলের পাপ সমুদায় ভস্মীভূত হইয়া যায় ॥ ৯০ ॥

শ্রীভগবদ্বাক্যে ॥

ন মে প্রিয়শ্চতুর্ব্বেদী মদ্ভক্তঃ শ্বপচঃ প্রিয়ঃ।
তস্মৈ দেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথা হ্যহং ॥ ৯১ ॥

ইতিহাসসমুচ্চয়ে ব্রহ্মবাক্যে ॥

সভর্ত্তৃকা বা বিধবা বিষ্ণুভক্তিং করোতি যা।
সমুদ্ধরতি চাত্মানং কুলমেকোত্তরং শতং ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

প্রহ্লাদবলিসম্বাদে ॥

সঙ্কীর্ণযোনয়ঃ পূতা যে ভক্তা মধুসূদনে।
ম্লেচ্ছতুল্যাঃ কুলীনাস্তে যে ন ভক্তা জনার্দ্দনে ॥

চতুর্ব্বেদী বেদচতুষ্টয়াভ্যাসযুক্তোঽপি বিপ্রো ন মদ্ভক্তশ্চেত্তর্হি ন মে প্রিয়ঃ। শ্বপচোঽপি মদ্ভক্তশ্চেন্মম প্রিয় ইত্যর্থঃ। তস্মৈ তাদৃশশ্বপচায়ৈব ॥ ৯১ ॥

কুলং কুলানি চ। দুর্লভো বল্লভঃ ॥ ৯২ ॥

শ্রীভগবানের বাক্যে ॥

বেদচতুষ্টয়যুক্ত ব্রাহ্মণ যদি আমার ভক্ত না হয়েন, তাহা হইলে তিনি আমার প্রিয় হইতে পারেন না, শ্বপচও যদি আমার ভক্ত হয়, তাহা হইলে সেই ব্যক্তি আমার প্রিয় হয়, উক্ত প্রকার শ্বপচকেই দান করিবে এবং সেই শ্বপচের নিকট হইতে গ্রহণ করিবে, আমি যেমন পূজ্য, সেই শ্বপচও আমার মত পূজনীয় ॥ ৯১ ॥

ইতিহাসসমুচ্চয়ে ব্রহ্মার বাক্যে ॥

সধবা বা বিধবা যে কোন স্ত্রী বিষ্ণুর প্রতি ভক্তি করে, সে আপনার একশত এক কুলকে উদ্ধার করিয়া থাকে ॥

দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদ ও বলিসম্বাদে ॥

যে সকল ব্যক্তি মধুসূদনের প্রতি ভক্তি করেন, তাঁহারা বর্ণসঙ্কর জাতি হইলেও পরম পবিত্র, আর যাঁহারা জনার্দ্দনের প্রতি ভক্তি না

আদিপুরাণে ॥
শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে ॥
বৈষ্ণবান্ ভজ কৌন্তেয় মা ভজস্বান্যদেবতাঃ।
পুনন্তি বৈষ্ণবাঃ সর্ব্বে সর্ব্বদেবমিদং জগৎ।
মদ্ভক্তো দুর্ল্লভো যস্য স এব মম দুর্ল্লভঃ ॥ ৯২ ॥
তৎপরো দুর্ল্লভো নাস্তি সত্যং সত্যং ধনঞ্জয়।
জগতাং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ং।
সর্ব্বত্র গুরবো ভক্তা বয়ঞ্চ গুরবো যথা।
অস্মাকং বান্ধবা ভক্তা ভক্তানাং বান্ধবা বয়ং।
অস্মাকং গুরবো ভক্তা ভক্তানাং গুরবো বয়ং।
মদ্ভক্তা যত্র গচ্ছন্তি তত্র গচ্ছামি পার্থিব।

তেষামহং পরিক্রীতস্তৈঃ পরিক্রীতঃ ॥ ৯৩ ॥

করেন, তাঁহারা কুলীন হইলেও ম্লেচ্ছ তুল্য হইয়া থাকেন ॥

আদিপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে ॥

হে অর্জ্জুন! বৈষ্ণবদিগকে ভজনা কর, অন্য দেবতাদিগের ভজনা করিও না, বৈষ্ণব সকল সমস্ত দেবগণের সহিত এই জগৎ পবিত্র করেন। যাহার সম্বন্ধে আমার ভক্ত অর্থাৎ প্রিয়, আমারও সম্বন্ধে সেই ব্যক্তি দুর্ল্লভ অর্থাৎ প্রিয় ॥ ৯২ ॥

হে ধনঞ্জয়! আমি বারম্বার সত্য করিয়া বলিতেছি ইহার পর আর দুর্ল্লভ কি আছে। ভক্তগণ সমস্ত জগতের গুরু এবং আমি ভক্তদিগের গুরু। আমি যেমন সকলের গুরু, ভক্তগণও সেই প্রকার সকলের গুরু। ভক্তগণ আমার বান্ধব, আমি ভক্তগণের বান্ধব, ভক্তগণ আমার গুরু, আমি ভক্তদিগের গুরু। হে অর্জ্জুন! আমার ভক্তগণ যে স্থানে গমন করেন, আমিও সেই স্থানে গমন করি। শ্রুতিগণের সহিত মুক্তি সকল ভক্তদিগের পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়া থাকেন ॥

ভক্তানামনুগচ্ছন্তি মুক্তয়ঃ শ্রুতিভিঃ সহ।
যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তাস্তে মে ভক্ততমা মতাঃ।
যে কেচিৎ প্রাণিনো ভক্তা মদর্থে ত্যক্তবান্ধবাঃ।
তেষামহং পরিক্রীতো নান্যক্রীতো ধনঞ্জয় ॥ ৯৩ ॥
এষাং ভক্ষ্যং সুনির্ণীতং শ্রূয়তাং নিশ্চিতং মম।
উচ্ছিষ্টমবশিষ্টঞ্চ ভক্তানাং ভোজনদ্বয়ং ॥ ৯৪ ॥
নামযুক্তজনাঃ কেচিজ্জাত্যন্তরসমন্বিতাঃ।

সুনির্ণীতং নিশ্চিতমিতি। বাক্যভেদাদপৌনরুক্ত্যং। অবশিষ্টং পুরস্তাদানীতং পাকপাত্রাদৌ স্থিতং ॥ ৯৪ ॥

ভক্ত এব কুটুম্বং তদ্বানিতি। যদ্বা। ভক্তৈঃ কুটুম্বীতি তদেব পালয়িষ্যামীতি যথা স্বকু-

হে পার্থ! যে সকল জন আমাতে ভক্ত, সেই সকল জন আমার ভক্ত নহে, যাহারা আমার ভক্তগণের ভক্ত, তাহারাই আমার সর্ব্বোৎকৃষ্ট ভক্ত বলিয়া সম্মত।

হে অর্জ্জুন! যে কোন প্রাণী আমাতে ভক্ত হইয়া আমার নিমিত্ত বন্ধু বান্ধব পরিত্যাগ করিয়াছে, তাহাদের নিকট আমি ক্রীত হইয়াছি, অন্য কেহ আমাকে ক্রয় করিতে পারে না ॥ ৯৩ ॥

এই সকল ভক্ত জনের ভক্ষ্যরূপে যাহা নির্ণীত হইয়াছে, তাহা আমার নিকট নিশ্চিতরূপে শ্রবণ কর, ভক্তজনের সম্বন্ধে দুই প্রকার ভোজন বিহিত, উচ্ছিষ্ট ও অবশিষ্ট অর্থাৎ নিবেদিতের নাম উচ্ছিষ্ট, আর অগ্রভাগ অর্পণ করিয়া যাহা পাক পাত্রে অবস্থিত থাকে তাহার নাম অবশিষ্ট ॥ ৯৪ ॥

জাত্যন্তর সমন্বিত যদি কোন নীচ ব্যক্তি আমার নাম যুক্ত হয়, তাহা হইলে সে যেমন আমার প্রীতি সাধন করিতে পারে, তদ্রূপ

কুর্ব্বন্তি মে যথা প্রীতিং ন তথা বেদপারগাঃ।

বৃহন্নারদীয়ে ॥

মার্কণ্ডেয়ং প্রতি শ্রীভগবদুক্তৌ ॥

বিষ্ণুর্ভক্তকুটুম্বীতি বদন্তি বিবুধাঃ সদা।
তদেব পালয়িষ্যামি মজ্জনো নানৃতং বদেৎ ॥ ৯৫ ॥
মম জন্ম কুলে যস্য তৎকুলং মোক্ষগামি বৈ।
ময়ি তুষ্টে মুনিশ্রেষ্ঠ কিমসাধ্যং বদস্ব মে ॥ ৯৬ ॥
ময়ি ভক্তিপরো যস্তু মদ্যাজী মৎকথাপরঃ।
মদ্ধ্যানী স্বকুলং সর্ব্বং নয়ত্যচ্যুতরূপতাং।
মদর্থং কর্ম্ম কুর্ব্বাণো মৎপ্রণামপরো নরঃ।
মন্মনাঃ স্বকুলং সর্ব্বং নয়ত্যচ্যুতরূপতাং ॥ ৯৭ ॥

টুম্বমকৃত্যেনাপি পরিপালয়তে তথা নিজভক্তো ময়া পরিপাল্য ইত্যর্থঃ ॥ ৯৬ ॥

যস্য কুলে মজ্জন্ম তস্য কুলং। যস্যেত্যত্র যস্মিন্নিতি বা পাঠঃ ॥ ৯৬ ॥

অচ্যুতরূপতাং মৎসারূপ্যমিত্যর্থঃ। যদ্বা। নচ্যুতং কথঞ্চিৎ কদাচিদপি ন নিজস্বভাবাদ্ভ্রষ্টং রূপং যেষাং বৈকুণ্ঠবাসিনাং তদ্ভাবমিত্যর্থঃ ॥ ৯৭ ॥

বেদপারগ ব্রাহ্মণও আমার প্রীতি সাধন করিতে পারেন না ॥

বৃহন্নারদপুরাণে মার্কণ্ডেয়ের প্রতি শ্রীভগবানের উক্তি ॥

বিষ্ণুভক্ত কুটুম্বী, দেবগণ সর্ব্বদা এই কথা বলিয়া থাকেন, তাহাই আমি পালন করিব, আমার জন কখন মিথ্যা বলে না ॥ ৯৫ ॥

ব্রহ্মন্! আমি যাহার কুলে জন্ম গ্রহণ করি, সেই কুল মোক্ষগামী হয়, হে মুনিশ্রেষ্ঠ! আমি সন্তুষ্ট হইলে কি অসাধ্য থাকে তাহা আমাকে বল ॥ ৯৬ ॥

যে ব্যক্তি আমাতে ভক্তি তৎপর, আমাকে পূজা করে, আমার কথায় অনুরক্ত হয় এবং আমার ধ্যান করিয়া থাকে, সে আপনার সমুদায় কুলকে বিষ্ণুর সারূপ্য প্রাপ্তি করায় ॥ ৯৭ ॥

অহমেব দ্বিজশ্রেষ্ঠ নিত্যং প্রচ্ছন্নবিগ্রহঃ।
ভগবদ্ভক্তরূপেণ লোকান্ রক্ষামি সর্ব্বদা ॥ ৯৮ ॥

তত্রৈবাদিতিমাহাত্ম্যে ॥

শ্রীসূতোক্তৌ ॥

বিপ্রাঃ শৃণুধ্বং মাহাত্ম্যং হরিভক্তিরতাত্মনাং।
হরিধ্যানপরাণান্তু কঃ সমর্থঃ প্রবাধিতুং ॥ ৯৯ ॥
হরিভক্তিপরো যত্র তত্র ব্রহ্মা হরিঃ শিবঃ।
তত্র দেবাশ্চ সিদ্ধাদ্যা নিত্যং তিষ্ঠন্তি সত্তমাঃ ॥ ১০০ ॥
নিমিষং নিমিষার্দ্ধং বা যত্র তিষ্ঠন্তি সত্তমাঃ।

ভগবদ্ভক্তা মদ্ভক্তাঃ। যদ্বা। ভগবন্ত ঐশ্বর্য্যাদিগুণযুক্তাঃ। যদ্বা। পরমগৌরবেণ ভগবচ্ছব্দপ্রয়োগঃ। ভগবন্তো যে মদ্ভক্তাস্তদ্রূপেণ ॥ ৯৮ ॥

প্রবাধিতুং কথঞ্চিৎ পাপাদৌ জাতেঽপি কাঞ্চিদপি বাধাং বিঘ্নং বা কর্ত্তুং ॥ ৯৯ ॥

দেবাঃ ইন্দ্রাদ্যাঃ হে সত্তমাঃ। যদ্বা। সিদ্ধাদ্যাঃ সত্তমাঃ পরমসাধবঃ। যদ্বা। সত্তমাঃ শ্রীনারদাদয়শ্চ তত্রৈব নিত্যং তিষ্ঠন্তি ॥ ১০০ ॥

সত্তমা হরিভক্তা যত্র ॥ ১০১ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ! আমিই নিত্য প্রচ্ছন্ন শরীরে আমার ভক্তরূপে সর্ব্বদা লোক সকলকে রক্ষা করিয়া থাকি ॥ ৯৭ ॥

ঐ নারদপুরাণেই অদিতিমাহাত্ম্যে শ্রীসূতবাক্য ॥

হে বিপ্রগণ! হরিভক্তিপরায়ণ ব্যক্তিদিগের মহাত্ম্য শ্রবণ কর, হরিধ্যান পর মানবগণের কোন প্রকারে পাপাদি জন্মিলেও কে বিঘ্ন করিতে সমর্থ হইতে পারে? ॥ ৯৯ ॥

হে সাধুশ্রেষ্ঠগণ! যে স্থানে হরিভক্তিপরায়ণ ব্যক্তি অবস্থিত থাকেন, ব্রহ্মা, হরি, শিব এবং দেবগণ ও সিদ্ধগণও সেই স্থানে নিত্য অবস্থিতি করেন ॥ ১০০ ॥

হরিভক্তগণ যে স্থানে নিমিষ বা নিমিষার্দ্ধকাল অবস্থিতি করেন,

তত্রৈব সর্ব্বশ্রেয়াংসি তত্তীর্থং তত্তপোবনং ॥
তত্রৈবাদিতিং প্রতি শ্রীভগবদুত্তরে ॥
রাগদ্বেষবিহীনা যে মদ্ভক্তা মৎপরায়ণাঃ।
বদন্তি সততং তে মাং গতাসূয়া অদাম্ভিকাঃ।
পরাপকারবিমুখা মদ্ভক্তার্চ্চনতৎপরাঃ।
মৎকথাশ্রবণাসক্তা বহন্তি সততং হি মাং ॥ ১০১ ॥
তত্রৈব ধ্বজারোপণমাহাত্ম্যে শ্রীবিষ্ণুদূতোক্তৌ ॥
যতীনাং বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণৈঃ।
ঈক্ষিতা অপি গচ্ছন্তি পাপিনোঽপি পরাং গতিং ॥ ১০২ ॥
তত্রৈব শ্রীভগবত্তোষপ্রকারপ্রশ্নোত্তরে ॥

অপি শব্দস্য সর্ব্বত্রানুষঙ্গঃ। যতীনামপি বিষ্ণুভক্তানাং পরিচর্য্যাপরায়ণৈরপি ॥ ১০২ ॥

সেই স্থানেই সকল মঙ্গল অবস্থিত হয়েন এবং তাহাই তীর্থ এবং তাহাই তপোবন বলিয়া বিদিত হয় ॥

ঐ নারদপুরাণেই অদিতির প্রতি ভগবানের উত্তরে ॥

যে সকল রাগদ্বেষবিহীন আমার ভক্ত, আমার প্রতি পরায়ণ, তাঁহারাই সর্ব্বদা অসূয়া ও দম্ভপরিহার পূর্ব্বক আমাকে কীর্ত্তন করেন, যাঁহারা পরের অপকার বিমুখ, যাঁহারা আমার ভক্তগণের পূজায় তৎপর এবং যাঁহারা আমার কথা শ্রবণে আসক্ত, তাঁহারাই সর্ব্বদা আমাকে বহন করেন ॥ ১০১ ॥

ঐ নারদপুরাণেই ধ্বজারোপণ মাহাত্ম্যের শ্রীবিষ্ণুদূতের বাক্যে ॥

যাঁহারা সন্ন্যাসী ও বিষ্ণুভক্তদিগের পরিচর্য্যাপরায়ণ, তাঁহারা যাহাদিগের প্রতি দৃষ্টিপাত করেন, তাহারা পাপী হইলেও পরম গতি প্রাপ্ত হয় ॥ ১০২ ॥

ঐ নারদপুরাণেই শ্রীভগবত্তোষপ্রকার প্রশ্নোত্তরে ॥

রিপবস্তং ন হিংসন্তি ন বাধন্তে গ্রহাশ্চ তং।
রাক্ষসাশ্চ ন খাদন্তি নরং বিষ্ণুপরায়ণং ॥
ভক্তির্দৃঢ়া ভবেদস্য দেবদেবে জনার্দ্দনে।
শ্রেয়াংসি তস্য সিদ্ধ্যন্তি ভক্তিমন্তোঽধিকাস্ততঃ ॥
তত্রৈবাগ্রে ॥
অদ্যাপি চ মুনিশ্রেষ্ঠা ব্রহ্মাদ্যা অপি দেবতাঃ।
প্রভাবং ন বিজানন্তি বিষ্ণুভক্তিরতাত্মনাং ॥ ১০৩ ॥
কিঞ্চ ॥
ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাঃ পুরুষার্থা দ্বিজোত্তমাঃ।
হরিভক্তিপরাণাম্বৈ সম্পদ্যন্তে ন সংশয়ঃ ॥ ১০৪ ॥
তত্রৈব লুব্ধকোপাখ্যানস্যাদৌ ॥

ন হিংসন্তি হিংসাং কর্ত্তুং ন শক্নুবন্তীত্যর্থঃ। যদ্বা কুলক্রমাগতবৈরবন্তোঽপি ন দ্বিষন্তি পরমপ্রীতিবিষয়ত্বাৎ। এবমগ্রেঽপ্যূহ্যং ॥ ১০৩ ॥
হে দ্বিজোত্তমাঃ ॥ ১০৪ ॥

যে মনুষ্য বিষ্ণুপরায়ণ তাঁহাকে শত্রু সকল হিংসা করিতে সমর্থ হয় না, গ্রহগণ পীড়া দিতে পারে না এবং রাক্ষসগণ ভক্ষণ করিতে পারে না ॥

যে ব্যক্তির দেবদেব জনার্দ্দনে দৃঢ়তর ভক্তি আছে, তাঁহার সকল প্রকার মঙ্গল সিদ্ধি হয়, যেহেতু ভক্তিমান্ জন সর্ব্বাপেক্ষা অধিক ॥

নারদপুরাণের ঐ প্রকরণের কিঞ্চিৎ অগ্রে ॥

হে মুনিশ্রেষ্ঠগণ! অদ্যাপিও ব্রহ্মা প্রভৃতি দেবগণ বিষ্ণুভক্তি-পরায়ণ ব্যক্তিদিগের মহিমা জানিতে সমর্থ হয়েন নাই ॥ ১০৩ ॥

আরও ॥

হে দ্বিজোত্তমগণ! হরিভক্তিপরায়ণ ব্যক্তিদিগেরই ধর্ম্মার্থ কাম মোক্ষ নামক পুরুষার্থচতুষ্টয় সম্পন্ন হয় সংশয় নাই ॥ ১০৪ ॥

ঐ স্থানেরই লুব্ধকোপাখ্যানের আদিতে ॥

যে বিষ্ণুনিরতাঃ শান্তা লোকানুগ্রহতৎপরাঃ।
সর্ব্বভূতদয়াযুক্তা বিষ্ণুরূপাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ১০৫॥
বিষ্ণুভক্তিবিহীনা যে চাণ্ডালাঃ পরিকীর্ত্তিতাঃ।
চাণ্ডালা অপি বৈ শ্রেষ্ঠা হরিভক্তিপরায়ণাঃ।
তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যাদৌ॥
শ্রীসূতবাক্যং॥
হরিভক্তিরসাস্বাদমুদিতা যে নরোত্তমাঃ।
নমস্করোম্যহং তেষাং তৎসঙ্গী মুক্তিভাগ্‌যতঃ।
হরিভক্তিপরা যে চ হরিনামপরায়ণাঃ।

বিষ্ণুনিরতা ইত্যস্য লক্ষণানি শান্তা ইত্যাদিবিশেষণানি ত্রীণি। তত্রানুগ্রহশব্দেনোপকারঃ দয়াশব্দেন তৎকারণং স্নেহো জ্ঞেয়ঃ। যদ্বা লোকানুগ্রহঃ লোককর্ত্তৃকস্ববিষয়কোঽনুগ্রহস্তৎপরাস্তদেকাপেক্ষকা ইত্যর্থঃ। সর্ব্বভূতেষু দয়াযুক্তাশ্চ। বিষ্ণুরূপা বিষ্ণুতুল্যা ইত্যর্থঃ॥ ১০৫॥

তেষাং তেভ্যো নমস্করোমি যতঃ তেষাং সঙ্গ্যপি মুক্তিভাক্ জীবন্মুক্ত এবেত্যর্থঃ। অতস্তেষাং বাহ্যাচারো ন কদাপি বিচার্য্যঃ সর্ব্বথাসম্মান এব কার্য্যঃ ইত্যাশয়েনাহ দুর্বৃত্তা-বেতি॥ ১০৬॥

যাঁহারা বিষ্ণুর প্রতি অনুরক্ত, শান্ত, লোকানুগ্রহে তৎপর এবং সকল ভূতে দয়াযুক্ত, তাঁহারাই বিষ্ণুর স্বরূপ বলিয়া কীর্ত্তিত হয়েন॥ ১০৫॥

যে সকল ব্যক্তি বিষ্ণুভক্তি বিহীন তাহাদিগকে চণ্ডাল বলা যায়, চণ্ডালও যদি হরিভক্তিপরায়ণ হয়, তাহা হইলে সে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ॥

ঐ গ্রন্থেই যজ্ঞধ্বজের উপাখ্যানের আদিতে শ্রীসূতবাক্য॥

যে সকল নরোত্তম হরিভক্তিরসের আস্বাদনে আনন্দিত তাঁহাদিগকে নমস্কার করি, যে হেতু তাঁহাদের সঙ্গীও মুক্তিভাগী হইয়া থাকে॥

যাঁহারা হরিভক্তি তৎপর এবং যাঁহারা হরিনামপরায়ণ, তাঁহারা

দুর্ব্বৃত্তা বা সুবৃত্তা বা তেষাং নিত্যং নমোনমঃ ॥ ১০৬ ॥
অহো ভাগ্যমহো ভাগ্যং বিষ্ণুভক্তিরতাত্মনাং।
যস্মান্মুক্তিঃ করস্থৈব যোগিনামপিদুর্ল্লভা ॥ ১০৭ ॥
তত্রৈব কলিপ্রসঙ্গে ॥
ঘোরে কলিযুগে প্রাপ্তে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতে।
বাসুদেবপরা মর্ত্ত্যাঃ কৃতার্থা নাত্র সংশয়ঃ ॥
অত্যন্তদুর্ল্লভা প্রোক্তা হরিভক্তিঃ কলৌ যুগে।
হরিভক্তিরতানাং বৈ পাপবন্ধো ন জায়তে ॥ ১০৮ ॥
বেদবাদরতাঃ সর্ব্বে তথা তীর্থনিষেবিণঃ।

যস্মাদন্যস্যাপি তেষাং প্রসাদাদ্মুক্তিঃ করস্থা স্বাধীনৈব। যেষামিতি পাঠেঽপি তথৈবার্থঃ। যদ্বা স্বাশ্রিতেভ্যো মুমুক্ষুভ্যো দাতুং করনিহিতেত্যর্থঃ ॥ ১০৭ ॥

পাপরূপো বন্ধঃ। যদ্বা পাপেন কথঞ্চিৎ কৃতেনাপি বন্ধঃ ॥ ১০৮ ॥

যতঃ স এবোত্তমঃ সর্ব্বতঃ শ্রেষ্ঠঃ ॥ ১০৯ ॥

দুর্ব্বৃত্তই হউন বা সদ্বৃত্তই হউন, তাঁহাদিগকে নিত্য নমস্কার নমস্কার ॥ ১০৬ ॥

বিষ্ণুভক্তিতে অনুরক্তচিত্ত ব্যক্তিদিগের কি সৌভাগ্য, কি সৌভাগ্য, যে হেতু তাঁহাদিগের প্রসাদে অন্য ব্যক্তিরও যোগিদুর্ল্লভা মুক্তি করস্থিতা হয় ॥ ১০৭ ॥

ঐ গ্রন্থেই কলির প্রস্তাবে ॥

সর্ব্বধর্ম্মবিবর্জ্জিত ঘোর কলিযুগ উপস্থিত হইলে যে সকল মনুষ্য বাসুদেবপরায়ণ হয়েন, তাঁহারাই কৃতার্থ হইবেন ইহাতে সংশয় নাই ॥

কলিযুগে হরিভক্তি অত্যন্ত দুর্ল্লভা বলিয়া কথিত হইয়াছে, যাঁহারা হরিভক্তিপরায়ণ, তাঁহাদিগের পাপরূপ বন্ধন হয় না ॥ ১০৮ ॥

যে সকল ব্যক্তি বেদবাদরত এবং যাঁহারা সর্ব্বতীর্থনিষেবক, তাঁহারা হরিভক্তিপরায়ণ ব্যক্তিদিগের সহিত ষোড়শ কলার এক

হরিভক্তিরতৈঃ সার্দ্ধং কলাং নার্হন্তি ষোড়শীং।
অতএবোক্তং দেবৈস্তত্রৈব ভারতবর্ষপ্রসঙ্গে ॥
হরিকীর্ত্তনশীলো বা তদ্ভক্তানাং প্রিয়োঽপি বা।
শুশ্রূষুর্বাপি মহতাং স বন্দ্যোঽস্মাভিরুত্তমঃ ॥ ১০৯ ॥
পাদ্মে শ্রীভগবদ্ব্রহ্মসম্বাদে ॥
দর্শনধ্যানসংস্পর্শৈর্মৎস্যকূর্ম্মবিহঙ্গমাঃ।
পুষ্ণন্তি স্বান্যপত্যানি তথাহমপি পদ্মজ ॥ ১১০ ॥
মুহূর্ত্তেনাপি সংহর্ত্তুং শক্তো যদ্যপি দানবান্।
মদ্ভক্তানাং বিনোদার্থং করোমি বিবিধাঃ ক্রিয়াঃ ॥ ১১১ ॥
তত্রৈব মাঘমাহাত্ম্যে ॥

পদ্মজ হে ব্রহ্মন্। যথা মৎস্যাদয়ো দর্শনাদিভিঃ ক্রমেণ স্বান্যপত্যানি পুষ্ণন্তি তথাহমপি দর্শনাদিভিঃ সমুচিতৈরেব সর্ব্বৈঃ স্বভক্তান্ পুষ্ণামীত্যর্থঃ ॥ ১১০ ॥

ইত্থং মম সর্ব্বং রূপলীলাদিবৈভবং ভক্তোৎসবার্থমেবেত্যাহ মুহূর্ত্তেনাপীতি ॥ ১১১ ॥

কলাও যোগ্য হইতে পারে না ॥

অতএব ঐ গ্রন্থেরই ভারতবর্ষপ্রস্তাবে দেবগণ কর্ত্তৃক কথিত হইয়াছে ॥

যে ব্যক্তি হরিকীর্ত্তনশীল বা হরিভক্তদিগের প্রিয় কিম্বা মহৎ জনের সেবাপরায়ণ তিনিই উত্তম ও আমাদিগের বন্দনীয় ॥ ১০৯ ॥

পদ্মপুরাণে শ্রীভগবান্ ও ব্রহ্মসম্বাদে ॥

হে ব্রহ্মন্! যেমন মৎস্য কূর্ম্ম ও পক্ষিগণ দর্শন, ধ্যান এবং সংস্পর্শ দ্বারা স্বীয় স্বীয় অপত্যগণকে পোষণ করে, তাহার ন্যায় আমিও দর্শনাদি দ্বারা স্বীয় ভক্তগণকে পোষণ করিয়া থাকি ॥ ১১০ ॥

যদিচ আমি মুহূর্ত্তের মধ্যে দানবগণকে সংহার করিতে সমর্থ, তথাপি ভক্তগণের আমোদ নিমিত্ত বিবিধ প্রকার কার্য্য করিয়া থাকি ॥ ১১১ ॥

ঐ পদ্মপুরাণেরই মাঘমাহাত্ম্যে ॥

দেবহূতবিকুণ্ডলসম্বাদে ॥

ন যমং যমলোকং ন ন দূতান্ ঘোরদর্শনান্।
পশ্যন্তি বৈষ্ণবা নূনং সত্যং সত্যং ময়োদিতং।
শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবং।
বৈষ্ণবো বর্ণবাহ্যোঽপি পুনাতি ভুবনত্রয়ং।
ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা মতাঃ।
সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে।
বিষ্ণুভক্তস্য যে দাসা বৈষ্ণবান্নভুজশ্চ যে।
তেঽপি ক্রতুভুজাং বৈশ্য গতিং যান্তি নিরাকুলাঃ।
তত্রৈব বৈশাখমাহাত্ম্যে পঞ্চপুরুষাণামুক্তৌ।
ভব্যানি ভূতানি জনার্দ্দনস্য পরোপকারায় চরন্তি বিশ্বং।

দৈবাৎ পূর্ব্বদুষ্কর্ম্মবশাৎ অকস্মাদ্বা উদ্ভূতং যৎ পাপং তদ্বতাং। পাঠান্তরেঽপি স এবার্থঃ। অতএব দীনানাং জনানাং সন্ত এব প্রতিষ্ঠা আশ্রয়ঃ। যদ্বা। সাক্ষাৎ প্রতিষ্ঠারূপা এব যথা

দেবহূত বিকুণ্ডলসম্বাদে ॥

আমি নিশ্চয়রূপে বারম্বার সত্য করিয়া বলিতেছি, বৈষ্ণবগণ যম বা যমলোক কিম্বা ঘোরদর্শন যমদূতদিগকে অবলোকন করেন না ॥

অবৈষ্ণব ব্রাহ্মণকে শ্বপাক তুল্যও নিরীক্ষণ করিবে না, বৈষ্ণব অন্ত্যজ জাতি হইলেও ত্রিভুবন পবিত্র করিয়া থাকেন ॥

ভগবদ্ভক্তগণ শূদ্র বলিয়া অভিহিত হয়েন না, তাঁহারা ভাগবত বলিয়া সম্মত, যাহারা জনার্দ্দনের প্রতি ভক্তি করে না, সকল বর্ণের মধ্যে তাহারাই শূদ্র ॥

হে বৈশ্য! যাঁহারা বিষ্ণুভক্তের দাস এবং যাঁহারা বৈষ্ণবের অন্ন ভোজন করেন, তাঁহারাও নিরাকুল হইয়া যজ্ঞভোক্তাদিগের গতি প্রাপ্ত হয়েন ॥

তথা ॥

সন্তঃ প্রতিষ্ঠা দীনানাং দৈবাদুদ্ভূতপাপ্মনাং।
আর্ত্তানামার্ত্তিহন্তারো দর্শনাদেব সাধবঃ ॥ ১১২ ॥

তত্রৈবোত্তরখণ্ডে শিবপার্ব্বতীসংবাদে।

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে।
বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণঃ ॥ ১১৩ ॥

ন দাস্যং বৈ পরেশস্য বন্ধনং পরিকীর্ত্তিতং।
সর্ব্ববন্ধননির্ম্মুক্তা হরিদাসা নিরাময়াঃ ॥ ১১৪ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমীব্রতমাহাত্ম্যে ॥
শ্রীচিত্রগুপ্তোক্তৌ ॥

প্রতিমাদীনাং প্রতিষ্ঠয়ৈব শোধনং পূজ্যত্বাদিকঞ্চ সম্পদ্যতে তথা সন্ত্য এব তেষাং তদিত্যর্থঃ ॥ ১১২ ॥

কর্ম্মণা যধ্যতে সম্বধ্যতে ইতি কর্ম্মবন্ধনং। অনুচরত্বং। দাস্যং। হি যতঃ ॥ ১১৩ ॥

বন্ধনং সংসারবন্ধাপাদকং। নিরাময়া নির্দ্দোষাঃ ॥ ১১৪ ॥

ঐ পদ্মপুরাণেই বৈশাখমাহাত্ম্যে পঞ্চপুরুষদিগের উক্তিতে ॥

জনার্দ্দনের ভব্য ভূতগণ অর্থাৎ ভক্ত সকল পরোপকার নিমিত্ত সংসার মধ্যে বিচরণ করেন ॥

পূর্ব্ব দুষ্কর্ম্ম নিবন্ধন উদ্ভূত পাপ বিশিষ্ট দীন ব্যক্তিদিগের সাধুগণই আশ্রয়, সাধুগণ দর্শনমাত্রেই পীড়িত ব্যক্তিদিগের পীড়া নাশ করেন॥১১২

ঐপদ্মপুরাণেরই উত্তরখণ্ডে শিবপার্ব্বতীসম্বাদে ॥

বৈষ্ণবদিগের কর্ম্মবন্ধন নিমিত্ত জন্ম গ্রহণ হয় না, পণ্ডিতগণ বিষ্ণুর দাস্যকেই মোক্ষ বলিয়া কীর্ত্তন করেন ॥ ১১৩ ॥

পরমেশ বিষ্ণুর দাস্য কখন সংসার বন্ধন উৎপাদন করে না, নির্দ্দোষ হরিদাস সকল সর্ব্ব প্রকার বন্ধন হইতে নির্ম্মুক্ত হয়েন ॥ ১১৪ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে জন্মাষ্টমীব্রতমাহাত্ম্যে শ্রীচিত্রগুপ্তের বাক্যে ॥

দর্শনস্পর্শনালাপ সহবাসাদিভিঃ ক্ষণাৎ।
ভক্তাঃ পুনন্তি কৃষ্ণস্য সাক্ষাদপি চ পুক্কশং।
ত্যক্তসর্ব্বকুলাচারো মহাপাতকবানপি।
বিষ্ণোর্ভক্তং সমাশ্রিত্য নরো নার্হতি যাতনাং।
বাশিষ্ঠে॥
যস্মিন্ দেশে মরৌ তজ্জ্ঞো নাস্তি সজ্জনপাদপঃ।
সফলঃ শীতলচ্ছায়ো ন তত্র দিবসং বসেৎ॥ ১১৫॥
সদা সন্তোঽভিগন্তব্যা যদ্যপ্যুপদিশন্তি ন।
যা হি স্বৈরকথাস্তেষামুপদেশা ভবন্তি তে॥ ১১৬॥
গারুড়ে॥

তং ভগবত্তত্ত্বং জানাতীতি তজ্জ্ঞঃ। দিবসমেকদিনমপি॥ ১১৫॥
তেষাং যাঃ স্বৈরকথাঃ অন্যোন্যং স্বচ্ছন্দবার্ত্তাস্তা অপি তে তব। ত এব বা উপদেশ-বিশেষণত্বেন পুংস্তং উপদেশা ভবিষ্যন্তি॥ ১১৬॥ ১১৭॥

শ্রীকৃষ্ণের ভক্তগণ দর্শন, স্পর্শন, আলাপ এবং সহবাস প্রভৃতি দ্বারা ক্ষণকাল মধ্যে সাক্ষাৎ চণ্ডালকে পবিত্র করেন॥

যে মনুষ্য সমস্ত কুলাচার ত্যাগ করিয়াছে এবং সমুদায় মহাপাতক বিশিষ্ট হইয়াছে, সেও যদি বিষ্ণুভক্তের আশ্রয় গ্রহণ করে, তাহা হইলে কখনও যাতনা ভোগ করিবে না॥

বাশিষ্ঠে॥

যে মরুদেশে ভগবত্তত্ত্বজ্ঞ, সফল শীতল ছায়া বিশিষ্ট সজ্জন বৃক্ষ নাই, সে স্থানে এক দিনও বাস করিবে না॥ ১১৫॥

সর্ব্বদা সাধুদিগের নিকট গমন করা কর্ত্তব্য, যদিচ তাঁহারা উপদেশ না করুন, তথাপি তাঁহারা যে পরস্পর স্বচ্ছন্দে কথোপকথন করিবেন, তাহাই তাঁহাদিগের উপদেশ হইয়া থাকে॥ ১১৬॥

গরুড়পুরাণে॥

সত্রযাজিসহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ।
সর্ব্ববেদান্তবিৎ কোট্যাদ্বিষ্ণুভক্তো বিশিষ্যতে।
বৈষ্ণবানাং সহস্রেভ্য একান্ত্যেকো বিশিষ্যতে।
একান্তিনস্তু পুরুষা গচ্ছন্তি পরমং পদং ॥ ১১৭ ॥
শ্রীভগবদ্গীতাসু ॥
অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ ॥ ১১৮ ॥
ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।

মদ্ভক্তেরবিতর্ক্যঃ প্রভাব ইতি দর্শয়ন্নাহ অপীতি। অত্যন্তং দুরাচারোঽপি নরো যদি পৃথক্ত্বেন দেবতান্তরভক্তিমকুর্ব্বন্ মামেব পরমেশ্বরং শ্রীদৈবকীনন্দনং ভজতি মদ্ভজনে মতিং কুর্য্যাদিত্যর্থঃ। তর্হি সাধুঃ শ্রেষ্ঠ এব মন্তব্যঃ। যতোঽসৌ সম্যগ্ব্যবসিতঃ। শোভনমধ্যবসায়ং কৃতবান্ ॥ ১১৮ ॥

নন্থ কথং সমীচীনাধ্যবসায়মাত্রেণ সাধু মন্তব্যঃ তত্রাহ ক্ষিপ্রমিতি। দুরাচারোঽপি মাং ভজন্ শীঘ্রং ধর্ম্মচিত্তো ধর্ম্মস্বরূপো বা প্রাপ্নোতি ভবতি। যদ্বা। ভগবদ্ভক্তলক্ষণস্য ধর্ম্মস্য আত্মা প্রবর্ত্তকো ভবতি। ততশ্চ শশ্বচ্ছান্তিং শাশ্বতীমুপশান্তিং পরমেশ্বরনিষ্ঠাং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি। কুতর্ককর্কশবাদিনো নৈবং মন্যেরন্নিতি শোকব্যাকুলমর্জ্জুনং প্রোৎসাহয়তি। হে কৌন্তেয় পটহকোলাহলাদিমহাঘোষপূর্ব্বকং বিবদমানানাং সভাং গত্বা

সহস্র যাজ্ঞিক হইতে এক সর্ব্ববেদান্তপরাগশ্রেষ্ঠ, কোটি সর্ব্ববেদান্তবেত্তা হইতে এক বিষ্ণুভক্ত প্রধান, সহস্র বৈষ্ণব হইতে এক একান্ত বৈষ্ণব উত্তম, যে সকল পুরুষ একান্ত তাঁহারাই পরমপদ প্রাপ্ত হয়েন ॥ ১১৭ ॥

শ্রীভগবদ্গীতার ৯ অধ্যায়ে ৩০ শ্লোক হইতে ॥

যদ্যপি কোন সুদুরাচার ব্যক্তিও অনন্য ভক্ত হইয়া আমার ভজনা করে, তাহা হইলে সে ব্যক্তিও উপযুক্ত অধ্যবসায়শালী ও সাধু বলিয়া মান্য হইবে ॥ ১১৮ ॥

এবং তিনি শীঘ্রই ধর্ম্মাত্মা হইবেন ও নিত্য শান্তি লাভ করিতে

কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥ ১১৯ ॥
মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিং।
কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা ॥ ১২০ ॥
কিঞ্চ তত্রৈব ॥
যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।

বাহুমুৎক্ষিপ্য নিঃশঙ্কং প্রতিজানীহি প্রতিজ্ঞাং কুরু কথং মে পরমেশ্বরস্য। যদ্বা মে পরমেশ্বরভক্তস্যাপি ভক্তঃ সুদুরাচারোঽপি ন প্রণশ্যতি অপি তু কৃতার্থ এব ভবতীতি। ততশ্চ তে প্রৌঢ়িবাদবিজৃম্ভবিধ্বংসিতকুতর্কাঃ সন্তো নিঃসংশয়ং ত্বামেব গুরুত্বেনাশ্রয়েরন্ ॥ ১১৯ ॥

আচারভ্রষ্টং মদ্ভক্তিঃ পবিত্রীকরোতীতি কিমত্র চিত্রং। যতো মদ্ভক্তির্যথা কথঞ্চিৎ যদাশ্রয়াপি বা দুষ্কুলানপ্যনধিকারিণোঽপি সংসারান্মোচয়তীত্যাহ। মাং হীতি। যেঽপি পাপযোনয়ঃ স্যুঃ নিকৃষ্টজন্মানোঽন্ত্যজাদয়ো ভবেয়ুঃ যেঽপি বৈশ্যাঃ কেবলং কৃষ্যাদিনিরতাঃ স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চাধ্যয়নাদিরহিতাঃ তেঽপি মাং ব্যপাশ্রিত্য সংসেব্য। যদ্বা বিধিত্যাগাদিনাং বিরূপতয়া অপকর্ষেণাপি যথাকথঞ্চিদাশ্রয়মাত্রং কৃত্বাপি পরাং গতিং বৈকুণ্ঠপ্রাপ্তিলক্ষণাং যান্তি লভন্তে। হি নিশ্চিতং যদেবং তদা সজ্জাতয়ঃ সৎকুলাঃ সদাচারাশ্চ মদ্ভক্তাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যাহ কিমিতি। পুণ্যাঃ সুকৃতিনো ব্রাহ্মণাঃ। তথা রাজানশ্চৈতে ঋষয়শ্চ এবম্ভূতাঃ ভক্তাঃ সন্তঃ পরাং গতিং যান্তীতি কিং পুনর্বক্তব্যমিত্যর্থঃ ॥ ১২০ ॥

যুক্ততমঃ সর্ব্বযোগিশ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥ ১২১ ॥

থাকিবেন, হে কৌন্তেয়! তুমি নিশ্চয় জানিও আমার ভক্ত কখনই বিনষ্ট হয় না ॥ ১১৯ ॥

হে পার্থ! যাহারা আমাকে আশ্রয় করিয়াছে, তাহারা যদি নীচ জাতি অথবা স্ত্রী কিম্বা বৈশ্য অথবা শূদ্র হয়, তাহা হইলেও তাহারা পরম গতি প্রাপ্ত হইবে, ইহাতে পুণ্যজন্মা ব্রাহ্মণ কিম্বা ক্ষত্রিয়বংশোৎপন্ন ভক্তের পক্ষে সংশয় কি? ॥ ১২০ ॥

আরও ঐ ভগবদ্গীতার ৬ অধ্যায়ের ৪৭ শ্লোকে ॥

অপর সকল প্রকার যোগিগণের মধ্যে যিনি আমাতে অর্থাৎ

শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥ ১২১ ॥
শ্রীভাগবতস্য প্রথমস্কন্ধে শ্রীপরীক্ষিত উক্তৌ।
যেষাং সংস্মরণাৎ পুংসঃ সদ্যঃ শুদ্ধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দর্শনস্পর্শপাদশৌচাসনাদিভিঃ।
তৃতীয়স্কন্ধে শ্রীবিদুরস্য ॥
শ্রুতস্য পুংসাং সুচিরশ্রমস্য নন্বঞ্জসা সূরিভিরীড়িতোঽর্থঃ।
তত্তদ্গুণানুশ্রবণং মুকুন্দপাদারবিন্দং হৃদয়েষু যেষাং ॥ ১২২ ॥

যেষাং ভবাদৃশাং সংস্মরণাদপি সংশব্দস্তস্যৈব স্বতঃ সম্যক্ত্বাভিপ্রায়েণ ঈষদর্থে বা। পুংসামিতি অবিশেষেণাখিলজনানামেবেত্যর্থঃ। আদিশব্দেন সম্ভাষণাদীনি। সুচিরং শ্রমো যস্মিন্ তস্য পুংসাং শ্রুতস্য শাস্ত্রাভ্যাসস্য অয়মেব অর্থঃ ফলং। নন্বু নিশ্চিতং অঞ্জসা সুখেন ঈড়িতঃ স্তুতস্তমেবাহ মুকুন্দপাদারবিন্দং যেষাং হৃদয়েষ্বস্তি তেষাং গুণানুস্মরণমিতি। অঞ্জসেত্যস্যাত্রৈবান্বয়ঃ ॥ ১২২ ॥

শ্রীকৃষ্ণরূপ আমার পদারবিন্দে অন্তরাত্মা সমর্পণ করিয়া শ্রদ্ধা পূর্ব্বক আমাকে ভজনা করেন, তিনি আমার নিকট সকল যোগি অপেক্ষা শ্রেষ্ঠ হয়েন ॥ ১২১ ॥

প্রথমস্কন্ধে ১৯ অধ্যায়ে ৩০ শ্লোকে
পরীক্ষিতের বাক্য যথা ॥

রাজা পরীক্ষিৎ কহিলেন, প্রভো! আপনাদিগের স্মরণমাত্রে লোক সকলের গৃহ সদ্যঃ পবিত্র হয়, দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষালন এবং উপবেশনাদি দ্বারা যে পবিত্রিত হইবে না, তাহার কথা কি? ॥

তৃতীয়স্কন্ধে ১৩ অধ্যায়ে ৪ শ্লোকে বিদুরের উক্তিতে ॥

হে মুনে! যাঁহাদের হৃদয় মধ্যে ভগবান্ মুকুন্দের পদারবিন্দ দেদীপ্যমান, তাঁহাদের যে গুণানুবাদ শ্রবণ, তাহাই পুরুষ সকলের চিরকালের শ্রমোপার্জিত শ্রবণাদির অর্থ এবং পণ্ডিতেরা তাহারই যথার্থরূপে স্তব করিয়া থাকেন ॥ ১২২ ॥

দেবহূতিং প্রতি কপিলদেবস্য ॥

ন কর্হিচিন্মৎপরাঃ শান্তরূপে
নংক্ষ্যন্তি নো মে নিমিষো লেঢ়ি হেতিঃ।
যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ

হে শান্তরূপে। কদাচিদপি ন নংক্ষ্যন্তি ভোগহীনা ন ভবন্তি। তত্র হেতুঃ। অনিমিষো মে হেতিঃ মদীয়ং কালচক্রং ন লেঢ়ি ন তান্ গ্রসতি। যদ্বা জিহ্বাগ্রেণাপি ন স্পৃশতি। তত্রৈব হেতুর্যেষামিতি। সুত ইব স্নেহবিষয়ঃ সখেব বিশ্বাসাস্পদং। গুরুরিবোপদেষ্টা। সুহৃদিব হিতকারী। ইষ্টং দৈবমিব পূজ্যং। এবং সর্ব্বভাবেন যে মাং ভজন্তি তান্ মদীয়ং কালচক্রং ন গ্রসতীত্যর্থঃ। যদ্বা ন নংক্ষ্যন্তি বিচিত্রবিষয়াদিভোগেঽপি নিজমার্গান্ন ভ্রশ্যন্তীত্যর্থঃ। যদ্বা মমাদৃশা ন ভবন্তি। অতঃ কালচক্রং জিহ্বয়া লেঢ়ুং কথঞ্চিৎ স্প্রষ্টুং ন শক্নোতীত্যর্থঃ। চকারোঽত্র বিকল্পে তেষামেকতরত্বেনৈব সর্ব্বসিদ্ধেঃ। যদ্বা যেষাং সাক্ষাৎ প্রিয়াদিরূপোঽপ্যহং ভবামি। তত্র প্রিয়ঃ উপকারাদিনা প্রীতিবিষয়ঃ। আত্মা স্বভাবত এব প্রিয়ঃ। সুহৃদঃ সর্ব্বজ্ঞাতয়ঃ সম্বন্ধিনশ্চ। ইষ্টং দৈবং আত্মপ্রদো নাথঃ। এষাং দুর্ঘটত্বং যথোত্তরমুহ্যং। যথা প্রিয়ো ভর্ত্তা দণ্ডকারণ্যবাসি মুনীনাং গোপীজনানাঞ্চ

তৃতীয়স্কন্ধে ২৫ অধ্যায়ে ৩৫ শ্লোকে দেবহূতির প্রতি
শ্রীকপিলদেবের বাক্য যথা ॥

হে শান্তরূপে! আমার ভক্তিযোগে মুক্ত পুরুষ বৈকুণ্ঠবাসী হইয়া বিবিধ ভোগ্য বস্তু প্রাপ্ত হয়, ইহাতে এমত আশঙ্কা করিও না যে স্বর্গাদির ন্যায় বৈকুণ্ঠলোকস্থিত ভোক্তা ও ভোগ্য সকলের কাল বশত ক্ষয় হইয়া থাকে, যে সকল ব্যক্তি আমাকে একান্তভাবে আশ্রয় করে, কোনকালে তাহাদের ভোগ্যবস্তু বিহীন হয় না এবং আমার অনিমিষ কালচক্র তাহাদিগকে গ্রাস করিতে পারে না, ফলত আমি যাহাদের আত্মবৎ প্রিয়, পুত্রের ন্যায় স্নেহভাজন, সখা তুল্য বিশ্বাসের আস্পদ, গুরু সদৃশ উপদেষ্টা, সুহৃৎ সম হিতকারী, ইষ্টদেবের তুল্য পূজনীয় অর্থাৎ যাহারা এই প্রকার সর্ব্বতোভাবে আমার ভজন করে, মদীয়

সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টং ॥ ১২৩ ॥

চতুর্থে শ্রীধ্রুবস্য ॥

যা নির্বৃতিস্তনুভৃতাং তব পাদপদ্ম
ধ্যানাদ্ভবজ্জনকথাশ্রবণেন বা স্যাৎ।
সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূৎ
কিম্বন্তকাসিলুলিতাৎ পততাং বিমানাৎ ॥ ১২৪ ॥

শ্রীরুদ্রস্য ॥

স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্

আত্মা স্বয়মেবাহং। এবমত্র ভক্তমাহাত্ম্যবর্ণনরসেন ক্রমো নাপেক্ষিতঃ ॥ ১২৩ ॥

তনুভৃতামবিশেষেণ সর্ব্বেষামেব জীবানাং। অপ্যর্থে বাশব্দঃ ভবজ্জনানাং কথায়াঃ শ্রবণেনাপি। যদ্বা। বিকল্প এব। ততশ্চ পাদপদ্মধ্যানেন সহ বৈষ্ণবকথাশ্রবণস্য সাম্যতো মাহাত্ম্যবিশেষ উক্তো ভবতি। স্বমহিমনি নিজানন্দরূপে। যদ্বা। স্বঃ অসাধারণঃ অন্যানন্দাদ্যপেক্ষয়া বিশিষ্টো মহিমা যস্য তস্মিন্নপি মাভূৎ ন ভবেদিত্যর্থঃ। অন্তকস্য অসিনা কালেন লুলিতাৎ খণ্ডিতাৎ বিমানাৎ পততাং সা নাস্তীতি কিমু বক্তব্যং ॥ ১২৪ ॥

স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভির্জন্মভির্বিরিঞ্চিতাং প্রাপ্নোতি। ততোঽপি পুণ্যাতিশয়েন

কাল চক্র তাহাদিগকে কি কখন গ্রাস করিতে সমর্থ হয়? ॥ ১২৩ ॥

চতুর্থস্কন্ধের ৯ অধ্যায়ে ১০ শ্লোকে শ্রীধ্রুবের বাক্য ॥

হে নাথ! আপনকার পাদপদ্ম ধ্যান অথবা ভক্তজনের কথা শ্রবণে দেহধারি ব্যক্তিদিগের যে নির্বৃতি হয়, আত্মানন্দ স্বরূপ ব্রহ্ম সাক্ষাৎকারেও সে সুখ লভ্য হয় না, ইহাতে যে সকল লোক অন্তকের কালরূপ অসি দ্বারা কর্ত্তিত বিমান হইতে পতিত হইতেছে, তাহাদের কথা কি? অর্থাৎ ঐ সকল লোকের ঐরূপ নির্বৃতি লাভ সম্ভবনা নাই ইহা বলা বাহুল্যমাত্র ॥ ১২৪ ॥

চতুর্থস্কন্ধের ২৪ অধ্যায়ে ২৫ শ্লোকে শ্রীরুদ্রের বাক্য যথা—

স্বধর্ম্মনিষ্ঠ পুরুষ বহু জন্মে ব্রহ্মত্ব প্রাপ্ত হয়, তাহার পর আমাকে

বিরিঞ্চিতামেতি ততঃ পরং হি মাং।
অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং
পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ১২৫ ॥
পঞ্চমে শ্রীজড়ভরতস্য ॥
রহূগণৈতৎ তপসা ন যাতি
ন চেজ্যয়া নির্ব্বপণাদ্গৃহাদ্বা।
ন ছন্দসা নাপি জলাগ্নিসূর্য্যৈ-
র্বিনা মহৎপাদরজোঽভিষেকাৎ ॥ ১২৬ ॥

মামেতি। ভাগবতস্তু অথ দেহান্তে ভাগবতত্বানন্তরং বা অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদমেতি। যথা রুদ্রো ভূত্বা অধিকারিকবদ্বর্ত্তমানাঃ বিবুধাশ্চ দেবা আধিকারিকাঃ। কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যেষ্যন্তি। যদ্বা। কলাত্যয়ে প্রকৃত্যতিক্রমে ॥ ১২৫ ॥

হে রহূগণ এতৎ শ্রীবাসুদেবরূপং যস্ত তপসা পুরুষো ন জাতি। ইজ্যয়া বৈদিককর্ম্মণা। নির্বপণাৎ অন্নাদিসংবিভাগেন। গৃহাদ্বা তন্নিমিত্ত পরোপকারেণ। ছন্দসা বেদাভ্যাসেন জলাগ্ন্যাদিভিরুপাসিতৈরপি। অভিষেকশব্দেন মহৎপাদরজসঃ সর্ব্বতীর্থময়ত্বং সূচ্যতে ॥১২৬॥

পায়, কিন্তু যে ব্যক্তি ভগবদ্ভক্ত তাঁহার দেহান্তেই প্রপঞ্চাতীত বৈষ্ণব পদ লাভ হয়, ইহার প্রমাণ দেখ, এই আমি রুদ্র হইয়া অধিকৃতের ন্যায় বর্ত্তমান আছি এবং এই দেবতারা অধিকৃত হইয়া আছেন, কিন্তু যখন আমাদের অধিকারের শেষ হইবে তখন লিঙ্গদেহ ভঙ্গ হওয়াতে সকলেই প্রপঞ্চাতীত পদ প্রাপ্ত হইব ॥ ১২৫ ॥

পঞ্চমস্কন্ধে ১২ অধ্যায়ে ১২ শ্লোকে
শ্রীভরতের বাক্য যথা—

অহে রহূগণ! এই প্রকার জ্ঞান মহাপুরুষদিগের চরণরজের অভিষেক ব্যতিরেকে, তপস্যা বা বৈদিক কর্ম্ম কিম্বা অন্নাদি সম্বিভাগ অথবা গ্রহস্থ ধর্ম্মার্থ পরোপকার কিম্বা বেদাভ্যাস অথবা জল, অগ্নি, সূর্য্যের উপাসনা, কিছুতেই প্রাপ্ত হইতে পারে না ॥ ১২৬ ॥

ষষ্ঠে শ্রীপরীক্ষিতঃ ॥

রজোভিঃ সমসংখ্যাতাঃ পার্থিবৈরিহ জন্তবঃ।
তেষাং যে কেচনেহন্তে শ্রেয়ো বৈ মনুজাদয়ঃ ॥ ১২৭ ॥
প্রায়ো মুমুক্ষবস্তেষাং কেচনৈব দ্বিজোত্তম।
মুমুক্ষূণাং সহস্রেষু কশ্চিন্মুচ্যেত সিদ্ধ্যতি ॥ ১২৮ ॥

পার্থিবৈ রজোভিঃ পরমাণুভিঃ সমাঃ সংখ্যাতা অনন্তা ইত্যর্থঃ। জন্তবো জীবাঃ তেষাং মধ্যে যে কেচন কতিপয়ে শ্রেয়ো ধর্ম্মমীহন্তে কুর্ব্বন্তি ॥ ১২৭ ॥

মুচ্যেত গৃহাদি সঙ্গান্মুচ্যতে। সিদ্ধ্যতি তত্ত্বং জানাতি। যদ্বা। মুচ্যেত সংসারান্মুক্তো ভবেৎ। তস্মিন্নপি কশ্চিদেব সিদ্ধ্যতি স্বস্বরূপানুভবরূপমানন্দাংশং প্রাপ্নোতি। এবং মুক্তেঃ সকাশাৎ নির্ব্বিশেষঃ সিদ্ধঃ। যদ্বা মুচ্যেত জীবন্মুক্তো ভবেৎ। সিদ্ধ্যতি ভগবতি পরমানন্দসমুদ্রে লীয়তে। এবং জীবন্মুক্তত্বে স্বরূপানুভবরূপানন্দাংশমাত্রানুভবাৎ সিদ্ধত্বে চানন্দবিশেষানুভবেন পূর্ব্বতোঽস্য শ্রৈষ্ঠ্যং সিদ্ধমেব। ভগবল্লয়ত্বেঽপি পৃথক্ স্থিত্যভিপ্রায়েণোত্তরশ্লোকে সিদ্ধানামিতি বহুত্বং। এতচ্চ শ্রীভাগবতামৃতোত্তরখণ্ডে সম্যক্ নিরূপিত মেবাস্তি॥১২৮

ষষ্ঠস্কন্ধে ১৪ অধ্যায়ে ২ শ্লোক হইতে ৪ শ্লোক পর্য্যন্ত
শ্রীপরীক্ষিতের বাক্য যথা—

পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন, হে ব্রহ্মন্! এই পৃথিবীতে অনন্ত জীব আছে, তাহাদের সংখ্যা পার্থিব রজঃ অর্থাৎ পৃথিবীস্থ পরমাণু তুল্য অশেষ। কিন্তু ঐরূপ অসংখ্য জীব মধ্যে কতিপয়মাত্র মনুষ্যাদি শ্রেয়ঃসাধন অর্থাৎ স্বধর্ম্মাচরণ করে ॥ ১২৭ ॥

পদ্মপুরাণের সেই স্থানেই মহারথ নৃপতির বাক্যে ॥

সৎ সকলের সমাগম অসাগরোৎপন্ন অমৃত, পাক ভিন্ন অপূর্ব্ব

হর্ষশ্চালোকপর্য্যন্তঃ সতাং কিল সমাগমঃ ॥ ২০৩ ॥

ভগবৎকথামৃতপানৈকহেতুতা।

পাদ্মে বৈশাখমাহাত্ম্যে ॥

শ্রীনারদোক্তৌ ॥

প্রসঙ্গেন সতামাত্মমনঃশ্রুতিরসায়নাঃ।

ভবন্তি কীর্ত্তনীয়স্য কথাঃ কৃষ্ণস্য কোমলাঃ ॥ ২০৪ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবোক্তৌ ॥

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসম্বিদো

ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।

পীযূষস্য মথনাদিপরিশ্রমেণৈব সাধনাৎ বারুণ্যাদিসম্বন্ধাচ্চ ততোঽপ্যস্য শ্রৈষ্ঠ্যং সূচিতং। তথাহ দ্রব্যমিতি দ্রব্যময়ৌষধে পাকক্রিয়া প্রয়াসোঽথ ভক্ষণাদিযত্নশ্চাপেক্ষতে। ইত্যত্র তত্তদভাবস্য শ্রৈষ্ঠ্যং তথা সুখস্যান্তে ভবেদ্দুঃখমিতি ন্যায়েনান্তোঽর্ষঃ শোকাবসান এব স্যাৎ অয়ং হর্ষয়তীতি হর্ষরূপো বা শোকান্তো ন ভবতি কিন্তু সদা হর্ষ এব। অতোঽস্য নিত্যপরমানন্দময়ত্বমিত্যর্থঃ। এবঞ্চ সর্ব্বসারতৈব সিদ্ধা ॥ ২০৩ ॥

আত্মনাং সর্ব্বেষামেব জীবানাং মনসঃ শ্রুত্যোশ্চ রসায়নাঃ সুখপ্রাপকাঃ যতঃ কোমলাঃ মধুরাঃ ॥ ২০৪ ॥

বীর্য্যস্য সম্যগ্বেদনং যাসু তাঃ বীর্য্যসম্বিদঃ। অতএব হৃৎকর্ণরসায়নাঃ সুখদাঃ। তাসাং জোষণাৎ সেবনাৎ অপবর্গোঽবিদ্যানিবৃত্তির্মোক্ষো বা বর্ত্ম যস্মিন্ তস্মিন্ হরৌ প্রথমং

ঔষধ এবং সমস্ত লোকের হর্ষপ্রদ হইয়া থাকে ॥ ২০৩ ॥

ভগবৎকথামৃতপানের এক হেতুতা ॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে শ্রীনারদের বাক্যে ॥

সৎ সকলের প্রসঙ্গে জীবগণের মন ও কর্ণের সুখপ্রাপিকা কীর্ত্তনীয় শ্রীকৃষ্ণের কোমলকথা সকলই হইয়া থাকে ॥ ২০৪ ॥

তৃতীয়স্কন্ধের ২৫ অধ্যায়ে ২২ শ্লোকে শ্রীকপিলদেবের বাক্যে ॥

কপিলদেব কহিলেন, মা! সাধুজনের সহিত সংসর্গ হইলে আমার বীর্য্য প্রকাশক কথা উপস্থিত হয়, তাহা হৃদয় ও কর্ণের সুখদায়ক,

তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥ ২০৫ ॥
চতুর্থে শ্রীনারদোক্তৌ ॥
যত্র ভাগবতা রাজন্ সাধবো বিষদাশয়াঃ।
ভগবদ্গুণানুকথনশ্রবণব্যগ্রচেতসঃ ॥ ২০৬ ॥
তস্মিন্ মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।

শ্রদ্ধা ততো রতিস্ততো ভক্তিঃ অনুক্রমিষ্যতি ক্রমেণৈব ভবিষ্যতি ইত্যর্থঃ। রতিশ্চ রত্যাখ্যো ভাবঃ। ভক্তিশ্চ প্রেমলক্ষণা। এতদ্বিবরণঞ্চ শ্রীমহানুভাবৈরেব রসার্ণবে কৃতমস্ত্যেব ॥ ২০৫ ॥

নন্বু সাধুসঙ্গং বিনা স্বয়মেব হরিকথাচিন্তনাদিনা ভক্তির্ভবেদেবেত্যাশঙ্ক্যাহ যত্রেতি দ্বাভ্যাং। যস্মিন্ স্থানে। ভগবতো গুণানুকথনে শ্রবণে চ ব্যগ্রং সত্বরমত্যাসক্তং বা চেতো যেষাং তে ॥ ২০৬ ॥

যস্মিন্ স্থানে মহদ্ভির্মুখরিতাঃ কীর্ত্তিতাঃ। যদ্বা মহান্তঃ মৌনাদিশীলা অপি মুখরিতাঃ তাভিঃ তাঃ। মধুভিদশ্চরিতমেব পীযূষং তদেব শিষ্যত ইতি শেষো যাসু তাঃ। অসারাংশরহিতশুদ্ধামৃতবাহিন্য ইত্যর্থঃ। অবিতৃষঃ অলং বুদ্ধিশূন্যাঃ সন্তঃ গাঢ়ৈঃ সাবধানৈঃ কর্ণৈঃ যে তাঃ সরিতঃ পিবন্তি সেবন্তে। অশনশব্দেন ক্ষুল্লভ্যতে অশনাদরস্তান্ন স্পৃশন্তি

সুতরাং তাহার সেবন দ্বারা আশু আমাতে অর্থাৎ অপবর্গবর্ত্ম স্বরূপ ভগবান্ হরিতে শ্রদ্ধা, রতি এবং ভক্তি, ক্রমে ক্রমে উৎপন্ন হইয়া থাকে ॥ ২০৫ ॥

৪ স্কন্ধে ২৯ অধ্যায়ে ৩৬। ৩৭ শ্লোকে শ্রীনারদের বাক্য ॥

হে রাজন্! যে স্থানে বিষদাশয় ভগবদ্ভক্ত সাধুগণ ভগবানের গুণ সকলের কথন ও শ্রবণ নিমিত্ত ব্যগ্রচিত্ত হইয়া বর্ত্তমান থাকেন ॥ ২০৬ ॥

সেই স্থানে মহদ্ব্যক্তিদিগের বদন হইতে ভগবান্ মধুসূদনের পবিত্র চরিত্র প্রায়ই কীর্ত্তিত হয়। রাজন্! ভগবানের চরিত্র কথা সাক্ষাৎ অমৃতবাহিনী নদী। যে সকল ব্যক্তি অলংবুদ্ধিশূন্য হইয়া

তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ন স্পৃশন্ত্যশনতৃড়্ভয়শোকমোহাঃ ॥ ২০৭ ॥
পঞ্চমে শ্রীব্রাহ্মণরহূগণসম্বাদে ॥
যত্রোত্তমঃশ্লোকগুণানুবাদঃ
প্রস্তূয়তে গ্রাম্যকথাবিঘাতঃ।
নিষেব্যমাণোঽনুদিনং মুমুক্ষো-
র্মতিং সতীং যচ্ছতি বাসুদেবে ॥ ২০৮ ॥
একাদশে ভগবদুদ্ধবসম্বাদে শ্রীঐলোপাখ্যানান্তে ॥

ভক্তিরসিকান্ন বাধন্ত ইত্যর্থঃ। নৃপ হে প্রাচীনবর্হিঃ। সৎসঙ্গমন্তরেণ স্বয়মেব কথা-চিন্তনাদারাল্যাদিনা রসাবেশাভাবতঃ ক্ষুৎপিপাসাদ্যভিভূতস্য ভক্ত্যসম্ভবাদবশ্যং সৎসঙ্গো বিধেয়ঃ ততশ্চ ভগবৎকথামৃতরসপানাদিরূপা ভক্তিঃ স্বতঃ সম্পদ্যত এবেতি ভাবঃ ॥ ২০৭ ॥

যত্র যেষু মহৎসু। গ্রাম্যকথানাং বিঘাতো যস্মাৎ মুমুক্ষোরপি। সতীং মতিং প্রেম-ভক্তিমিত্যর্থঃ ॥ ২০৮ ॥

সাবধানে ঐ নদীর সেবা করেন, তাঁহাদিগের ক্ষুধা তৃষ্ণা ভয় শোক এবং মোহ ইত্যাদি কিছুই স্পর্শ করিতে পারে না। ফলতঃ ভক্তি রসিক ব্যক্তিদিগকে ক্ষুধা প্রভৃতি বাধা দিবে সম্ভাবনা কি? ॥ ২০৭ ॥

৫ স্কন্ধে ১২ অধ্যায়ে ১৩ শ্লোকে শ্রীব্রাহ্মণ রহূগণ সম্বাদে যথা ॥

হে নরেন্দ্র! সাধুব্যক্তিদিগের মধ্যে সর্ব্বদা ভগবান্ উত্তমঃ-শ্লোকের গুণানুবাদেরই প্রস্তাব হইয়া থাকে, তাঁহাদিগের নিকট গ্রাম্য কথার সম্পর্কমাত্র নাই, সেই ভগবদ্গুণানুবাদ নিরন্তর সেব্যমান হইলে তাহাই ভগবান্ বাসুদেবের প্রতি মুমুক্ষু জনের সদ্বুদ্ধি প্রদান করে ॥ ২০৮ ॥

১১ স্কন্ধে ২৬ অধ্যায়ে ২৮। ২৯ শ্লোকে ভগবদুদ্ধব সম্বাদে শ্রীঐলোপাখ্যানের অন্তে ॥

তেষু নিত্যং মহাভাগ মহাভাগেষু মৎকথা।
সম্ভবন্তি হি তা নৃণাং জুষতাং প্রপুনন্ত্যঘং ॥ ২০৯ ॥
তা যে শৃণ্বন্তি গায়ন্তি হ্যনুমোদন্তি চাদৃতাঃ।
মৎপরাঃ শ্রদ্দধানাশ্চ ভক্তিং বিন্দন্তি তে ময়ি ॥
ভক্তিসম্পাদকতা ॥
বৃহন্নারদীয়ে তত্রৈব ॥
ভক্তিস্তু ভগবদ্ভক্তসঙ্গেন পরিজায়তে।
সৎসঙ্গঃ প্রাপ্যতে পুংভিঃ সুকৃতৈঃ পূর্ব্বসঞ্চিতৈঃ ॥ ২১০ ॥
শ্রীভগবদ্বশীকারিতা ॥

সম্ভবন্তি সম্যক্ জায়ন্তে। তাঃ কথা এব অঘং পাপং প্রকর্ষেণ পুনন্তি সবাসনমুন্মূলয়ন্তি সংসারদুঃখং নাশয়ন্তীতি বা ॥ ২০৯ ॥

শ্রবণাদিভিরেব মৎপরাঃ শ্রদ্দধানাশ্চ শ্রবণাদিষেব প্রীতিমন্তঃ সন্তঃ ভক্তিং প্রেমলক্ষণাং বিন্দন্তি। ভগবদ্ভক্তসঙ্গস্য দৌর্ল্লভ্যমাহ সৎসঙ্গ ইতি ॥ ২১০ ॥

হে মহাভাগ উদ্ধব! সেই সকল সাধু ব্যক্তির নিকটে শিষ্ট লোকের হিতজনক আমার কথা উপস্থিত হয় এবং তাহা শ্রবণকারি ভক্তদিগের হিতকরী হইয়া পাপ মোচন করে ॥ ২০৯ ॥

যে সকল ব্যক্তি আমার প্রতি শ্রদ্ধা পূর্ব্বক আদরের সহিত সেই সকল কথা শ্রবণ করে বা গান করে কিম্বা তাহাতে অনুমোদন করে, তাহারা আমাতে ভক্তি লাভ করে ॥

ভগবদ্ভক্তসঙ্গের ভক্তিসম্পাদকত্ব যথা—

বৃহন্নারদপুরাণের সেই স্থানে ॥

ভগবদ্ভক্তের সহিত সঙ্গ হইলে ভগবদ্ভক্তি জন্মে এবং পূর্ব্ব জন্মের সঞ্চিত পুণ্য সমূহ দ্বারা পুরুষ সকলের সৎসঙ্গ লাভ হয় ॥ ২১০ ॥

ভগবদ্ভক্তসঙ্গের শ্রীভগবদ্বশীকারিত্ব যথা—

একাদশে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥

অথৈতৎ পরমং গুহ্যং শৃণ্বতো যদুনন্দন।
সুগোপ্যমপি বক্ষ্যামি ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখা ॥
ন রোধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম এব বা।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো নেষ্টাপূর্ত্তং ন দক্ষিণা ॥
ব্রতানি যজ্ঞশ্ছন্দাংসি তীর্থানি নিয়মা যমাঃ।

সাংখ্যযোগাদীনি সাধনান্তর সব্যপেক্ষাণি সব্যভিচারাণি চ সৎসঙ্গস্তু স্বতন্ত্র এব সমর্থঃ ফলাব্যভিচারী চেতি বর্ণয়িতুমাহ অথেতি ত্রিভিঃ। এতদ্বক্ষ্যমাণং পরমং গুহ্যং শৃণু। যতস্ত্বং মম ভৃত্যঃ সুহৃৎ জ্ঞাতিঃ সখা চ অতঃ সুগোপ্যমপি বক্ষ্যামি। ন রোধয়তি ন বশীকরোতি। যোগোঽষ্টাঙ্গঃ। সাংখ্যং তত্ত্বানাং বিবেকঃ। ধর্ম্মঃ সামান্যতোঽহিংসাদিঃ বর্ণাশ্রমাচারো বা। স্বাধ্যায়ো বেদজপঃ। তপঃ কৃচ্ছ্রাদি। ত্যাগঃ সংন্যাসঃ। ইষ্টাপূর্ত্তং ইষ্টং পূর্ত্তঞ্চ তত্র ইষ্টমগ্নিহোত্রাদি পূর্ত্তং কূপারামাদিনির্ম্মাণং। দক্ষিণাশব্দেন সামান্যতো দানং লক্ষ্যতে। ব্রতানি একাদশ্যুপবাসাদীনি। যজ্ঞো দেবপূজা। ছন্দাংসি রহস্যমন্ত্রাঃ। নিয়মা বাহ্যেন্দ্রিয়নিগ্রহাদয়ঃ। যমাঽঽঅন্তঃকরণসংযমাদয়ঃ। যদ্বা অহিংসা সত্যমস্তেয়মসঙ্গো হ্রীরসঞ্চয়ঃ। আস্তিক্যং ব্রহ্মচর্য্যঞ্চ মৌনং স্থৈর্য্যং ক্ষমাঽভয়ং। শৌচং জপস্তপো হোমঃ শ্রদ্ধাতিথ্যং মদর্চ্চনং। তীর্থাটনং পরার্থেহা তুষ্টিরাচার্য্যসেবনমিতি ভগবদুক্তলক্ষণা গ্রাহ্যাঃ। তত্র অস্তেয়ং মনসাপি পরস্বাগ্রহণং। আস্তিক্যং ধর্ম্মে বিশ্বাসঃ।

একাদশস্কন্ধে ১১ অধ্যায়ে ৪৮ শ্লোকে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥

ভগবান্ কহিলেন, হে উদ্ধব! সাধুসঙ্গজনিত ভক্তিযোগ ব্যতীত সংসারতরণের সম্যক্ উপায় আর নাই, যে হেতু আমিই সাধুদিগের প্রকৃষ্ট আশ্রয় অতএব সৎসঙ্গই আমার অন্তরঙ্গ সাধন ॥

একাদশস্কন্ধে ১২ অধ্যায়ে ১। ২ শ্লোকে যথা ॥

ভগবান্ কহিলেন, আসন, প্রাণায়ামাদি যোগ, তত্ত্ববিবেক সাংখ্য, অহিংসাদি ধর্ম্ম, বেদপাঠ, তপস্যা, সন্ন্যাস, যজ্ঞ, আরামাদি নির্ম্মাণ এবং দান, ইহারা আমাকে তাদৃশ বশীকৃত করিতে পারে না ॥

একাদশ্যাদি ব্রত, দেবপূজা, রহস্য মন্ত্র, তীর্থ, নিয়ম ও যম,

যথাঽবরুন্ধে সৎসঙ্গঃ সর্ব্বসঙ্গাপহো হি মাং ॥ ২১১ ॥
অতএবোক্তং বিদুরেণ তৃতীয়স্কন্ধে ॥
যৎসেবয়া ভগবতঃ কূটস্থস্য মধুদ্বিষঃ।
রতিরাসো ভবেত্তীব্রঃ পাদয়োর্ব্যসনার্দ্দনঃ ॥ ২১২ ॥
স্বতঃ পরমপুরুষার্থতা ॥
প্রথমস্কন্ধে শ্রীশৌনকাদীনাং ॥

ভয়ং পাপাদিভ্যঃ। শৌচং বাহ্যমান্তরঞ্চেতি দ্বয়ং। অতো দ্বাদশনিয়মাঃ। শ্রদ্ধা ধর্ম্মাদয় ইতি। অবরুন্ধে বশীকরোতি। সর্ব্বসঙ্গাপহঃ বাহ্যান্তরাশেষাসক্তিনিরসনঃ ॥ ২১১ ॥

যেষাং ভগবদ্ভক্তানাং সেবয়া সঙ্গরূপয়া। কূটস্থস্য নির্ব্বিকারস্যাপি যদ্বা শ্রীগোবর্দ্ধন-শৃঙ্গোপরি বর্ত্তমানস্য মধুদ্বিষো ভগবতঃ শ্রীকৃষ্ণস্য পাদয়োঃ চরণারবিন্দয়োরতিরাসঃ প্রেমোৎসবঃ তীব্রঃ স্বাভাবিকো ভবেৎ। ব্যসনং সংসারদুঃখমর্দ্দয়তি নাশয়তি তথা সঃ। যদ্বা মধুদ্বিট্ সম্বন্ধীয় রত্যা প্রেম্না রতিযুক্তো বা রাসঃ রাসক্রীড়া তীব্রঃ অত্যুৎকটঃ দেবাদী-নামপি মোহনত্বাৎ বহুকালব্যাপিত্বাচ্চ। পাদয়োর্ব্যসনাদি দুঃখান্যর্দ্দয়তীতি তথা সঃ। সর্ব্বেন্দ্রিয়ানন্দকস্যাপি রাসস্য প্রায়ো নৃত্যবিশেষত্বেন গতিবিশেষসম্পত্তেঃ। যদ্বা মধুদ্বিষঃ পাদয়োরিত্যেবাস্বয়ঃ ততশ্চ তচ্চরণারবিন্দদ্বয়েন সহেত্যর্থঃ পূর্ব্ববদেব অতোঽস্য ফল-বিশেষত্বেনান্তে লেখ্যঃ ॥ ২১২ ॥

ইহারাও তাদৃশ বশীকৃত করিতে পারে না, সর্ব্বসংসারসঙ্গের অপহারক সাধুসঙ্গ আমাকে যাদৃশ বশীকৃত করে ॥ ২১১ ॥

অতএব ৩ স্কন্ধে ৭অধ্যায়ে ১৯ শ্লোকে
বিদুরকর্ত্তৃক কথিত হইয়াছে যথা ॥

বিদুর মৈত্রেয়কে কহিলেন, হে মুনে! আপনাদিগের চরণসেবা দ্বারা কি না হয়? তদ্দ্বারা সর্ব্বকালব্যাপী মধুদ্বেষি ভগবানের পাদ-পদ্মে দুর্নিবার প্রেমোৎসব জন্মে, তাহাতেই সংসার বিনষ্ট হয় ॥২১২॥

ভগবদ্ভক্তসঙ্গের স্বতই পরমপুরুষার্থতা ॥
১ স্কন্ধে ১৮ অধ্যায়ে ১৩ শ্লোকে শৌনকাদির বাক্যে ॥

চতুর্থে চ শ্রীপ্রচেতসামুক্তৌ ॥
তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২১৩ ॥
চতুর্থে শ্রীপ্রচেতসঃ প্রতি শ্রীশিবোপদেশে ॥
ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ২১৪ ॥

ভগবৎসঙ্গিনো ভগবদ্ভক্তাঃ তেষাং সঙ্গস্য যো লবঃ অত্যল্পঃ কালঃ তেনাপি স্বর্গং ন তুলয়াম সমং ন পশ্যাম নচাপুনর্ভবং মোক্ষং। মর্ত্ত্যানাং তুচ্ছা আশিষো রাজ্যাদ্যা ন তুলয়ামেতি কিমুত বক্তব্যং। এবং ফলরূপাৎ স্বর্গাৎ অপবর্গাদপ্যধিকত্বেন সৎসঙ্গস্য পরমফলত্বং সিদ্ধং ॥ ২১৩ ॥

ভগবৎসঙ্গিসঙ্গস্য ক্ষণার্দ্ধেনাপি স্বর্গং ন তুলয়ে সমং ন পশ্যামি নবাঽপুনর্ভবং ॥ ২১৪ ॥

তথা ৪ স্কন্ধের ৩০ অধ্যায়ে ৩৩ শ্লোকে শ্রীপ্রচেতাদিগের বাক্যে যথা ॥

হে ভগবন্! আমরা তোমার সঙ্গিদিগের সঙ্গলেশের সঙ্গে স্বর্গ ও মোক্ষও তুলনা করি না, ইহাতে মানবগণের প্রার্থনীয় অন্য অন্য বিভবের কথা কি? অর্থাৎ সে সকল উহার সহিত তুলনা করিবার সম্ভাবনা কি? ॥ ২১৩ ॥

তথা ৪ স্কন্ধে ২৪ অধ্যায়ে ৫৪ শ্লোকে প্রচেতাদিগের প্রতি শ্রীশিবের উপদেশে যথা ॥

শ্রীশিব কহিলেন, হে ভগবন্! তোমার পাদমূলে শরণাপন্ন ব্যক্তিদিগের যে শমন ভয় নিবারণ হয় এ বড় লাভ নহে, কারণ, তোমার সঙ্গিদিগের সহিত যে সঙ্গ তাহার ক্ষণার্দ্ধের সহিত স্বর্গ অথবা মোক্ষ এতদুভয়কে সমান বলিয়া গণ্য করিতে পারি না, ইহাতে মরণধর্ম্মশীল মানবদিগের রাজ্যাদি সম্পত্তির কথা কি? অর্থাৎ সে সকল কখনই উহার তুল্য হইতে পারিবে না ॥ ২১৪ ॥

দ্বাদশে শ্রীমার্কণ্ডেয়োপাখ্যানে শ্রীশিবস্য ॥

তথাপি সংবদিষ্যামো ভবান্যেতেন সাধুনা।
অহং হি পরমোলাভো নৃণাং সাধুসমাগমঃ ॥ ২১৫ ॥

অতএব শ্রীপ্রহ্লাদং প্রতি শ্রীধরণ্যোক্তং ॥

শ্রীহরিভক্তিসুধোদয়ে ॥

অক্ষ্নোঃ ফলং ত্বাদৃশদর্শনং হি
তন্বাঃ ফলং ত্বাদৃশগাত্রসঙ্গঃ।
জিহ্বাফলং ত্বাদৃশকীর্ত্তনং হি
সুদুর্ল্লভা ভাগবতা হি লোকে ॥ ২১৬ ॥

অতএব বিদুরেণ তৃতীয়স্কন্ধে ॥

যদ্যপি নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষির্মোক্ষমপ্যুত। ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে। তথাপি। অনেন মার্কণ্ডেয়েন সহ সম্বদিষ্যামঃ সম্ভাষাং করিষ্যামঃ। যতঃ সাধুভিঃ সমাগমঃ সংযোগঃ অয়মেব পরমো লাভঃ ফলং ॥ ২১৫ ॥

ত্বাদৃশানাং কথঞ্চিৎ ত্বদনুকরণবতামপি দর্শনমেবাক্ষ্নোঃ ফলং এবমন্যদপি ॥ ২১৬ ॥

---

১২ স্কন্ধে ১০ অধ্যায়ে ৭ শ্লোকে
মার্কণ্ডেয়োপাখ্যানে শ্রীশিবের বাক্য যথা ॥

হে ভবানি! তথাপি তোমার অনুরোধে আমি ইহাঁর সহিত সম্ভাষণ করিতে ইচ্ছা করি, যে হেতু সাধুসঙ্গম সকলেরই পক্ষে পরম লাভ ॥ ২১৫ ॥

অতএব প্রহ্লাদের প্রতি পৃথিবীর উক্তি
হরিভক্তিসুধোদয়ে ১৩ অধ্যায়ে ২ শ্লোকে ॥

পৃথিবী কহিলেন, হে প্রহ্লাদ! তোমার মত ভক্তগণের দর্শনই চক্ষুর্দ্বয়ের ফল, তোমার মত ভক্তগণের অঙ্গ সঙ্গই দেহের ফল এবং তোমার মত ভক্তগণের নাম কীর্ত্তনই জিহ্বার ফল, অতএব সংসার মধ্যে ভগবদ্ভক্তগণই পরম দুর্ল্লভ ॥ ২১৬ ॥

অতএব তৃতীয়স্কন্ধে ৭ অধ্যায়ে ২০ শ্লোকে বিদুরের বাক্য যথা ॥

দুরাপা হ্যল্পতপসঃ সেবা বৈকুণ্ঠবর্ত্মসু।
যত্রোপগীয়তে নিত্যং দেবদেবো জনার্দ্দনঃ ॥ ২১৭ ॥
শ্রীবিদেহেনাপ্যেকাদশস্কন্ধে ॥
দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।
তত্রাপি দুর্ল্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনং ॥ ২১৮ ॥
অতএব হি প্রার্থিতং শ্রীধ্রুবেণ চতুর্থস্কন্ধে ॥
ভক্তিং মুহুঃ প্রবহতাং ত্বয়ি মে প্রসঙ্গো

বৈকুণ্ঠবর্ত্মসু শ্রীভগবতঃ তল্লোকস্য বা মার্গভূতেষু মহৎসু সেবা সঙ্গাদিরূপা অল্পতপসঃ ভাগ্যবিশেষহীনস্য জনস্য দুরাপা যত্র যৈরিত্যর্থঃ। যদ্বা যেষু বিষয়েষ্বন্যৈরপি সর্ব্বৈ-র্গীয়তে অতস্তেষাং সান্নিধ্যমাত্রেণৈব কৃতার্থতা নচোপদেশাপেক্ষাপীতি ভাবঃ। যদ্বা যেষু নিমিত্তেষু যৎপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ। এবঞ্চ সৎসঙ্গস্য স্বতঃ পুরুষার্থতা সিদ্ধৈব ॥ ২১৭ ॥

বহবো দেহা ভবন্তি যেষাং তে দেহিনো জীবাস্তেষাং ক্ষণভঙ্গুরোঽপি মানুষো দেহো দুর্ল্লভঃ পরমপুরুষার্থসাধনত্বাৎ। বৈকুণ্ঠঃ প্রিয়ো যেষাং বৈকুণ্ঠস্য বা প্রিয়াস্তেষাং দর্শন-মপি কিমুত সঙ্গাদিকং ॥ ২১৮ ॥

ভক্তিং ত্বয়ি প্রবহতাং সাতত্যেন কুর্ব্বতাং অতএবামলাশয়ানাং প্রসঙ্গো মে ময়া সহ

আমার অতি দুর্ল্লভ লাভ হইল, আমি মহৎ সেবা করিতে পাই-লাম। হে মহাত্মন্! মহদ্ব্যক্তিরা ভগবান্ বিষ্ণুর অথবা তদীয় লোকের বর্ত্ম স্বরূপ, তাঁহারা সর্ব্বদা দেবদেব জনার্দ্দনের গুণকীর্ত্তন করিয়া থাকেন, তাঁহাদের সেবা অল্পতপা ব্যক্তির অনায়াস লভ্য নহে ॥২১৭॥

১১ স্কন্ধে ২ অধ্যায়ে ২৭ শ্লোকে বিদেহের বাক্য যথা ॥

বিদেহ কহিলেন, হে ঋষিগণ। আমি আপনাদিগকে সাক্ষাৎ ভগবান্ মধুসূদনের পার্ষদ বলিয়া জানিতেছি, কারণ বিষ্ণুভক্তেরা লোকদিগকে পবিত্র করিবার নিমিত্ত সর্ব্বত্র বিচরণ করিয়া থাকেন ॥ ২১৮ ॥

অতএব ৪ স্কন্ধে ৯ অধ্যায়ে ১১ শ্লোকে
শ্রীধ্রুবের প্রার্থনা যথা ॥

ধ্রুব কহিলেন, হে অনন্ত! আমার প্রার্থনা এই যে, যে সকল অমলাশয়

ভূয়াদনন্তমহতামমলাশয়ানাং।
যেনাঞ্জসোল্বণমুরুব্যসনং ভবাব্ধিং
নেষ্যে ভবদ্গুণকথামৃতপানমত্তঃ॥ ২১৯॥
প্রচেতসঃ প্রত্যুপদেশে শ্রীশিবেন চ॥
অথানঘাঙ্ঘ্রে স্তব কীর্ত্তিতীর্থয়ো-
রন্তর্ব্বহিঃস্নানবিধূতপাপ্মনাং।

ভূয়াৎ। নন্বু মোক্ষং কিং ন যাচসে অত আহ যেন মহৎপ্রসঙ্গেন অঞ্জসা অযত্নত এব। উল্বণি ব্যসনানি যস্মিন্ তৎ। নেষ্যে পারং গমিষ্যামি। ভগবদ্গুণকথৈবামৃতং তস্য পানেন মত্তঃ সন্। অত্র মত্তশব্দেনৈবং সূচ্যতে যথা মদিরামত্তো ন জানাতি কথং রাত্রির্গতা দিনমায়াতং বেতি তথা সৎসঙ্গজাত কথামৃতপানমত্তোঽপি ন জানাতি কথং সংসারোঽপগতো মোক্ষো বা জাত ইতি। এবমমৃতপানস্য যথা দেহগেহাদ্যনুসন্ধানং ন ফলং কিন্তু পরমমধুররসাস্বাদনাদিকমেব তথা সৎসঙ্গস্য ভগবৎকথামৃতপানমেব ফলং মোক্ষস্বানুসঙ্গিকঃ স্বয়মেবোপস্থাস্যতি কিন্তদ্যাচনেনেতি ভাবঃ॥ ২১৯॥

অথ অতো হেতোঃ। অনঘৌ অঘহরাবঙ্ঘ্রী যস্য তস্য তব কীর্ত্তির্যশঃ তীর্থং গঙ্গা তয়োঃ ক্রমেণান্তর্ব্বহিঃস্নানাভ্যাং বিধূতঃ বিনাশিতঃ পাপ্মা যেষাং অন্যেষামপি যৈরিতি বা। অত-

মহৎপুরুষ আপনকার প্রতি সতত ভক্তি করেন, আপনকার কথা শ্রবণার্থ তাঁহাদের সহিত যেন আমার প্রসঙ্গ হয়। প্রভো! মহৎসঙ্গ লাভ হইলেই আমি আপনকার গুণকথামৃত পানে মত্ত হইয়া যত্নব্যতিরেকে এই ভয়ঙ্কর ভবসাগর উত্তীর্ণ হইতে পারিব, ইহাতে যদিও ভূরি ভূরি গুরুতর বিপদ্ আছে, তথাচ তখন ইহা আমার দুস্তর হইবে না॥ ২১৯॥

চতুর্থস্কন্ধে ২৪ অধ্যায়ে ৫৫ শ্লোকে প্রচেতাদিগের প্রতি শ্রীশিবের উপদেশে॥

শিব কহিলেন, হে ভগবন্! তোমার যশঃ এবং তীর্থ (গঙ্গা) এই দুইয়ে ক্রমে অন্তর্বহিঃস্নান দ্বারা যে সকল পুরুষের পাপ বিধূত হইয়াছে, তাহাতে যে সকল ব্যক্তিতে দয়া, রাগাদিরহিত চিত্ত এবং

ভূতেষ্বনুক্রোশসুসত্ত্বশীলিনাং
স্যাৎ সঙ্গমোঽনুগ্রহ এষ নঃ স্তব ॥ ২২০ ॥
শ্রীপ্রচেতোঽভিশ্চ ॥
যাবত্তে মায়য়া স্পৃষ্টা ভ্রমাম ইহ কর্ম্মভিঃ।
তাবদ্ভবৎ প্রসঙ্গানাং সঙ্গঃ স্যান্নো ভবেঽভবে ॥ ২২১ ॥
শ্রীপ্রহ্লাদেনাপি সপ্তমস্কন্ধে ॥
তস্মাদমূস্তনুভৃতামহমাশিষোজ্ঞ

এব ভূতেষু অনুক্রোশঃ কৃপা সুসত্ত্বঞ্চ রাগাদিরহিতং চিত্তং শীলং চার্জ্জবাদি তদ্বতাং সঙ্গোঽস্মাসু অস্তু। এষ এব নোঽস্মান্ প্রতি ত্বদনুগ্রহঃ ॥ ২২০ ॥

স্পৃষ্টা ব্যাপ্তাঃ সন্তো বয়ং কর্ম্মভির্যাবদিহ প্রপঞ্চমধ্যে ভ্রমামস্তাবদ্ভবতি প্রকৃষ্টঃ সঙ্গো যেষাং সঙ্গোঽস্মাকং জন্মনি জন্মনি স্যাৎ। যাবদ্ভ্রমাম স্তাবদিতি শ্রীবৈকুণ্ঠলোকপ্রাপ্তৌ স্বতএব ভগবদ্ভক্তানাং সঙ্গসিদ্ধেঃ। যদ্বা যাবৎ কর্ম্মভির্ভ্রামঃ মায়য়া অস্পৃষ্টা মুক্তা বা ভবামঃ। এবং ভবে সংসারে অভবে চ মোক্ষে সঙ্গঃ স্যাৎ অন্যৎ সমানং ॥ ২২১ ॥

যস্মাৎ লোকপ্রার্থ্যাঃ স্বর্গিণামায়ুরাদয়ো বিভবা মৎপিতৃক্রোধভ্রক্ষেপেণৈব বিনষ্টা

আর্জ্জবাদি গুণ বিদ্যমান, সেই সমস্ত সাধুপুরুষের সহিত আমাদের মিলন হউক। প্রভো! তাহা হইলেই আমরা তোমার মহৎ অনুগ্রহ বোধ করিব ॥ ২২০ ॥

চতুর্থস্কন্ধে ৩০ অধ্যায়ে ৩২ শ্লোকে
প্রচেতাদিগের উক্তি যথা ॥

হে ভগবন্! তুমি বরগ্রহণার্থ আদেশ করিতেছ, অতএব এই বর প্রার্থনা করি, আমরা তোমার মায়া দ্বারা স্পৃষ্ট হওয়াতে কর্ম্ম বশতঃ এ সংসারে যাবৎ ভ্রমণ করিয়া বেড়াইব, তাবৎ যেন জন্মে জন্মে তোমার সঙ্গি ব্যক্তিদিগের সহিত আমাদের সঙ্গ হয় ॥ ২২১ ॥

সপ্তমস্কন্ধে ৯ অধ্যায়ে ২৩ শ্লোকে
শ্রীপ্রহ্লাদের বাক্য যথা ॥

হে ভগবন্! শরীরিদিগের ঐ সকল ভোগের পরিণামে যাহা হয়,

আয়ুঃ শ্রিয়ং বিভবমৈন্দ্রিয়মাবিরিঞ্চাৎ।
নেচ্ছামি তে বিলুলিতানুরুবিক্রমেণ
কালাত্মনোপনয় মাং নিজভৃত্যপার্শ্বমিতি ॥ ২২২ ॥
অসদ্ভিঃ সহ সঙ্গস্তু ন কর্ত্তব্যঃ কদাচন।
যস্মাৎ সর্ব্বার্থহানিঃ স্যাদধঃপাতশ্চ জায়তে ॥ ২২৩ ॥
অথাসৎসঙ্গদোষাঃ ॥
শ্রীকাত্যায়নবাক্যে ॥

স্তস্মাৎ আশিষঃ ভোগান্। ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়ৈর্ভোগ্যং। ব্রহ্মণো ভোগ্যমভিব্যাপ্য কিমপি নেচ্ছামি। যতো জ্ঞস্তৎপরিপাকং বিদ্বান্ নশ্বরত্বাদিত্যর্থঃ। তে কালাত্মনা কালরূপস্বরূপেণ উরুবিক্রমেণ বিলুলিতান্ অণিমাদীনপি। যদ্বা কালাত্মনা অবিলুলিতান্ অস্পৃষ্টান্ অর্থান্ সালোক্য সারূপ্য সামীপ্য সাযুজ্যলক্ষণানপি নেচ্ছামি। তর্হি কিমিচ্ছসীত্যত আহ উপনয়েতি পরমফলরূপস্বদ্ভক্তসঙ্গমো যত্র কুত্রাপি ভূয়াৎ তত্র মম স্থানাদ্যাগ্রহো নাস্তীতি ভাবঃ ॥ ২২২ ॥

এবং সৎসঙ্গসেবনমুপপাদ্য তস্যৈব দার্ঢ্যায়াহসৎসঙ্গবর্জ্জনং লিখতি অসদ্ভিরিতি। সর্ব্বেষামৈহিকানামামুষ্মিকাণাঞ্চ অর্থানাং সাধনানাং সাধ্যানাঞ্চ হানিঃ ক্ষয়ঃ স্যাৎ। ন চ তাবদেব কিন্তু অধঃপাতঃ নরকাদিভোগশ্চ জায়তে ॥ ২২৩ ॥

আমি তাহা বিলক্ষণ জানি, এই নিমিত্ত আয়ুঃ, অথবা শ্রী, কিম্বা বিভব অথবা ব্রহ্মার ভোগ পর্য্যন্ত ইন্দ্রিয়ভোগ্য বিষয় কিছুই বাঞ্ছা করি না, অণিমাদি সিদ্ধিতেও আমার স্পৃহা নাই, কারণ স্পষ্ট দেখিতেছি, মহাবিক্রমশালী কালরূপী আপনা কর্ত্তৃক ঐ সকলও বিনষ্ট হইয়া যায়। ভগবন্! অবশেষে আমি এই মাত্র প্রার্থনা করি, আপনকার ভৃত্যবর্গ সমীপে আমাকে নীত করুন ॥ ২২২ ॥

অসৎ সকলের সহিত কখন সঙ্গ করিবে না। যে হেতু তাহাতে সকল অর্থের হানি এবং অধঃপাত হয় ॥ ২২৩ ॥

অথ অসৎসঙ্গের দোষ সকল
শ্রীকাত্যায়নের বাক্যে ॥

বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ।
ন শৌরিচিন্তাবিমুখজনসম্বাসবৈশসং ॥ ২২৪ ॥
পাদ্মে উত্তরখণ্ডে ॥
শ্রীউমামহেশ্বরসম্বাদে ॥
অবৈষ্ণবাস্তু যে বিপ্রাশ্চাণ্ডালাদধমাঃ স্মৃতাঃ।
তেষাং সম্ভাষণং স্পর্শং সোমপানাদিবর্জ্জয়েৎ ॥ ২২৫ ॥
তৃতীয়স্কন্ধে ॥
শ্রীকপিলদেবহূতিসম্বাদে ॥
সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধির্হ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা।

বিশেষেণ অবস্থিতির্নিবাসঃ। শৌরিঃ শ্রীকৃষ্ণস্তস্য চিন্তায়া অপি বিমুখো যো জনস্তেন সংবাসঃ সহবাস এব বৈশসং পীড়া তু নৈব সোঢ়ব্যমিত্যর্থঃ। লোকদ্বয়ে স্বকুলস্যাপ্যনর্থাবহত্বাৎ ॥ ২২৪ ॥

কথঞ্চিৎ সম্ভাষণে সত্যপি স্পর্শং বর্জ্জয়েৎ। কথঞ্চিৎ স্পর্শে সত্যপি সোমপানং বর্জ্জয়েদিত্যর্থঃ। আদিশব্দেন সহবাসান্নভক্ষণাদি ॥ ২২৫ ॥

শমোঽন্তঃকরণোপরতিঃ দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ ভগঃ ভাগ্যং। যোষিতাং ক্রীড়ামৃগ-

---

অগ্নির জ্বালারূপ পিঞ্জর মধ্যে অবস্থিতি করা বরং ভাল, কিন্তু যেন শ্রীকৃষ্ণ চিন্তাবিমুখজনের সহিত সহবাসরূপ পীড়া ভোগ করিতে না হয় ॥ ২২৪ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে
উমামহেশ্বরসম্বাদে ॥

যে সকল ব্রাহ্মণ অবৈষ্ণব, তাঁহারা চণ্ডাল অপেক্ষাও অধম বলিয়া কথিত হইয়াছেন, অতএব তাঁহাদিগের সহিত সম্ভাষণ, স্পর্শ এবং একত্র সোমপানাদি বর্জন করিবেন ॥ ২২৫ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীকপিলদেবহূতিসম্বাদে
৩১ অধ্যায়ে ৩৩ শ্লোক হইতে ॥

কপিলদেব কহিলেন, মা! অসৎসঙ্গ অতিশয় অনিষ্টকর,

শমো দমো ভগশ্চেতি যৎ সঙ্গাদ্যাতি সংক্ষয়ং।
তেষ্বশান্তেষু মূঢ়েষু যোষিৎক্রীড়ামৃগেষু চ।
সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু খণ্ডিতাত্মস্বসাধুষু ॥ ২২৬ ॥
ন তথাস্য ভবেদ্বন্ধো মোহশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্যথা পুংসো তথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥ ২২৭ ॥
একাদশে চ শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥
সঙ্গং ন কুর্য্যাদসতাং শিশ্নোদরতৃপাং ক্বচিৎ।

বদধীনেষু। খণ্ডিতাত্মসু। দেহাত্মবুদ্ধিষু অস্থিরচিত্তেষিতি বা অতএব শোচ্যেষু নিন্দ্যেষু ॥ ২২৬ ॥

অত্র চ যোষিতাং যোষিদাসক্তানাঞ্চ সঙ্গোঽবশ্যং ত্যাজ্য ইত্যাহ ন তথেতি। যথাচ যোষিৎসঙ্গিনাং সঙ্গতো বন্ধো মোহশ্চ। তথা অন্য প্রসঙ্গতো ন ভবেৎ ॥ ২২৭ ॥

অসতাং লক্ষণমাহ। শিশ্নোদরে তর্পয়ন্তীতি শিশ্নোদরতৃপস্তেষাং। ক্বচিৎ ক্বদাচিদপি আস্তাং তাবত্তাদৃশানাং বহূনাং সঙ্গঃ। তস্যৈব কস্যাপ্যল্পগঃ অনুবর্ত্তী। অন্ধমন্ধং প্রপদ্যতে

তাহাতে সত্য, শৌচ, দয়া, মৌন, বুদ্ধি, লজ্জা, শ্রী, যশঃ, ক্ষমা, শম, দম, ঐশ্বর্য্য, ইত্যাদি সমুদায় ক্ষয়প্রাপ্ত হয়॥

এই কারণে ঐ সকল মূঢ় অশান্ত দেহে আত্মবুদ্ধিকারী এবং ক্রীড়া মৃগের ন্যায় যোষিৎদিগের বশীভূত হয়, অতএব ঐ সকল নিন্দনীয় অস্থিরচিত্ত অসৎ লোকের সহিত সঙ্গ করা কদাচ বিধেয় নহে ॥ ২২৬ ॥

মা! আবার অসাধু লোকের সঙ্গ অপেক্ষা যোষিৎসঙ্গ ও যোষিৎ-সঙ্গির সঙ্গ অতীব অনিষ্টকর, এই দুইয়ের সঙ্গে যেমন মোহ ও বন্ধন হয় অন্য ব্যক্তির সঙ্গে তদ্রূপ হয় না ॥ ২২৭ ॥

১১ স্কন্ধে ২৬ অধ্যায়ে ৩ শ্লোকে ॥

শ্রীভগবদুদ্ধবসম্বাদে ॥

ভগবান্ কহিলেন, শিশ্নোদর তৃপ্তিকারি অসৎ লোকের সহিত

তস্যানুগস্তমস্যন্ধে পততন্ধানুগোঽন্ধবৎ ॥ ২২৮ ॥
ভগবদ্ভক্তিহীনা যে মুখ্যাঽসন্তস্ত এব হি।
তেষাং নিষ্ঠা শুভা ক্বাপি ন স্যাৎ সচ্চরিতৈরপি ॥ ২২৯ ॥
অথাসতাং নিষ্ঠা। বৃহন্নারদীয়ে।
প্রায়শ্চিত্তপ্রকরণান্তে ॥
কিং বেদৈঃ কিমু বা শাস্ত্রৈঃ কিমু তীর্থনিষেবণৈঃ।
বিষ্ণুভক্তিবিহীনানাং কিন্তপোভিঃ কিমধ্বরৈঃ ॥ ২৩০ ॥

যোঽন্ধস্তদ্বৎ ॥ ২২৮ ॥

যদ্যপি যোষিদাসক্তাঃ শিশ্নোদরতর্পণপরা এবাসন্তো নির্দ্দিষ্টাঃ তথাপ্যভক্তা এবাসৎসু মুখ্যাঃ ভগবদ্ভক্ত্যভাবেন সর্ব্বদোষাশ্রয়ত্বাৎ অতস্তেষাং কথঞ্চিৎ কুত্রাপি শুভং ন স্যাদিতি সৎসঙ্গতিদার্ঢ্যায়ৈব লিখতি ভগবদ্ভক্তীতি। মুখ্যাশ্চ তে অসন্তশ্চ। পরমাসাধব ইত্যর্থঃ। নিষ্ঠা গতিঃ প্রাপ্যমিত্যর্থঃ ॥ ২২৯ ॥

বেদাদিভিঃ কিং অপি তু ন কিমপি ফলমিত্যর্থঃ। সর্ব্বেষাং সৎকর্ম্মণাং ভগবদ্ভক্তিসাধনত্বাৎ তদভাবে চ বৈয়র্থ্যাপত্তেঃ। তদুক্তং। ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসামিত্যাদি ॥ ২৩০ ॥ ২৩১ ॥

সংসর্গ করিলে অন্ধের অনুগামী অন্ধের ন্যায় অন্ধতম কূপে নিপতিত হয়॥ ২২৮ ॥

যাহারা ভগবদ্ভক্তি হীন, তাহারা নিশ্চয় অসাধুর মধ্যে প্রধান, সদাচারপরায়ণ হইলেও কোন স্থানে তাহাদের শুভগতি লাভ হয় না ॥ ২২৯ ॥

অথ অসৎসকলের গতি ॥

বৃহন্নারদীয় পুরাণে প্রায়শ্চিত্ত প্রকরণের অন্তে ॥

বেদ সকলের দ্বারা, শাস্ত্র সকলের দ্বারা, তীর্থনিষেবণ দ্বারা বহু তপস্যা এবং যজ্ঞ দ্বারা বিষ্ণুভক্তি বিহীন ব্যক্তিদিগের কি হইবে অর্থাৎ এ সমুদায় কার্য্যে তাহাদের কিছুই ফল হয় না ॥ ২৩০ ॥

শ্রীগারুড়ে ॥

অন্তং গতোঽপি বেদানাং সর্ব্বশাস্ত্রার্থবেদ্যপি।
যো ন সর্ব্বেশ্বরে ভক্তস্তং বিদ্যাৎ পুরুষাধমং ॥ ২৩১ ॥

তৃতীয়স্কন্ধে শ্রীব্রহ্মস্তুতৌ ॥

অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা
নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।
দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেব
যুষ্মৎপ্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি ॥ ২৩২ ॥

বিবেকিনোঽপ্যভক্তাশ্চেৎ সদা সংসারদুঃখাদ্যনুভবন্ত্যেবেত্যাহ অহ্নীতি। দিবসে আপৃতানি চ তানি আর্ত্তানি ক্লিষ্টানি করণানি ইন্দ্রিয়াণি যেষাং রাত্রাবপি সুখলবো

শ্রীগরুড়পুরাণে ॥

যে ব্যক্তি সমস্ত বেদের পারদর্শী এবং সর্ব্বশাস্ত্রের অর্থবেত্তা, তিনি যদি সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণে ভক্ত না হয়েন, তাহা হইলে তাঁহাকে পুরুষাধম বলিয়া জানিও ॥ ২৩১ ॥

তৃতীয়স্কন্ধে ৯ অধ্যায়ে ১০ শ্লোকে
শ্রীব্রহ্মার স্তবে যথা—

ব্রহ্মা কহিলেন, হে দেব! অবিবেকি লোকদিগেরই ঐরূপ দুর্গতি হয় এ নিমিত্ত তাহাদের তোমার প্রতি ভক্তি করা আবশ্যক, জ্ঞানির ভক্তিতে কোন প্রয়োজন নাই এমত বলিতে পারা যায় না, কারণ ঋষিগণও যদি তোমার প্রতি ভক্তি করণে বিমুখ হন্ তবে তাঁহাদিগকেও সংসারক্লেশ ভোগ করিতে হয়। দিবসে তাঁহাদিগের ইন্দ্রিয় সকল নানা বিষয়ে ব্যাপৃত এবং ক্লিষ্ট থাকে সুতরাং কোন সুখলাভ হয় না, রাত্রিকালে নিদ্রা যায়, তৎকালেও বিষয়সুখের লেশমাত্র লাভ হয় না, স্বপ্ন দর্শনে ক্ষণে ক্ষণে নানা মনোরথ চিন্তায় নিদ্রা ভগ্ন হয়, আর দুরদিষ্টবশতঃ তাহাদের অর্থার্থ উদ্যম প্রতি হত হইয়া পড়ে, অতএব

অতএবোক্তং ষষ্ঠে ॥

প্রায়শ্চিত্তানি চীর্ণানি নারায়ণপরাঙ্মুখং।
ন নিষ্পুনন্তি রাজেন্দ্র সুরাকুম্ভমিবাপগাঃ ॥ ২৩৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

কুতঃ পাপক্ষয়স্তেষাং কুতস্তেষাঞ্চ মঙ্গলং।
যেষাং নৈব হৃদিস্থোঽয়ং মঙ্গলায়তনোহরিঃ ॥ ২৩৪ ॥

অতএব বৃহন্নারদীয়ে লুব্ধকোপাখ্যানারম্ভে ॥

হরিপূজাবিহীনাশ্চ বেদবিদ্বেষিণস্তথা।

নাস্তি যতো নিঃশয়ানাঃ স্বপ্নদর্শনেন চ ক্ষণে ক্ষণে ভগ্ননিদ্রাঃ দৈবেন আহতাঃ সর্ব্বতঃ প্রতিহতাঃ অর্থরচনাঃ অর্থার্থোদ্যমা যেষাং ॥ ২৩২ ॥

চীর্ণানি কৃতান্যপি ন নিষ্পুনন্তি ন শোধয়ন্তি। মহতাপ্যশোধকত্বে দৃষ্টান্তঃ সুরাকুম্ভমাপগা ইবেতি ॥ ২৩৩ ॥

মঙ্গলং ঐহিকামুষ্মিকশ্রেয়ঃ। হৃদিস্থোঽপি ন স্যাৎ মনসাপি ন চিন্ত্যত ইত্যর্থঃ ॥ ২৩৪ ॥

হরিপূজাবিহীনত্বাদেব বেদাদিবিদ্বেষিণো রাক্ষসাশ্চ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৩৫ ॥

বিবেকিদিগেরও তোমার প্রতি ভক্তি করা আবশ্যক ॥ ২৩২ ॥

অতএব ষষ্ঠস্কন্ধে ১ অধ্যায়ে ১৬ শ্লোকে ॥

হে রাজন্! এক ভক্তিই অন্য নিরপেক্ষ হইয়া পবিত্র করিতে সমর্থ হয়, সান্তর্পণাদি প্রায়শ্চিত্ত ভক্তি ব্যতিরেকে স্বাতন্ত্র্যে পবিত্র করিতে সক্ষম নহে। ফলতঃ যেমন নদী সকল মদ্যভাণ্ড শুদ্ধ করিতে পারে না, তাহার ন্যায় সুমহৎ প্রায়শ্চিত্ত আচরিত হইলেও নারায়ণপরাঙ্মুখ ব্যক্তিকে পবিত্র করিতে সমর্থ হয় না ॥ ২৩৩ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

মঙ্গলময় এই হরি যাঁহাদিগের হৃদয়স্থ না হয়েন, তাঁহাদিগের পাপক্ষয় কোথায়? এবং তাহাদিগের মঙ্গলই বা কোথায়? ॥ ২৩৪ ॥

অতএব বৃহন্নারদপুরাণে লুব্ধকের উপাখ্যানের আরম্ভে ॥

যাঁহারা হরিপূজা বিহীন, যাঁহারা বেদের বিদ্বেষী এবং ব্রাহ্মণ ও

দ্বিজ গোদ্বেষিণশ্চাপি রাক্ষসাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৩৫ ॥

অতএব নিজদূতান্ প্রতি ধর্ম্মরাজস্যানুশাসনং ষষ্ঠস্কন্ধে ॥

তানানয়ধ্বমসতো বিমুখান্ মুকুন্দ-
পাদারবিন্দমকরন্দরসাদজস্রং।
নিষ্কিঞ্চনৈঃ পরমহংসকুলৈরসঙ্গৈ-
র্জুষ্টাদৃতে নিরয়বর্ত্মনি বদ্ধতৃষ্ণান্ ॥ ২৩৬ ॥

জিহ্বা ন ব্যক্তি ভগবদ্গুণনামধেয়ং
চেতশ্চ ন স্মরতি তচ্চরণারবিন্দং।

অসতো দুষ্টান্ তানেবাহ মুকুন্দপদারবিন্দয়োর্মকরন্দরূপো রসঃ ভক্তিলক্ষণস্তস্মাদ্বি-মুখান্। কথম্ভূতান্ রসজ্ঞৈঃ ভক্তিসুখাভিজ্ঞৈঃ রসবিবেকিভির্বা পরমহংসকুলৈঃ অতএব নিষ্কিঞ্চনৈঃ অভিমানশূন্যৈর্নিরপেক্ষৈর্বা অজস্রং জুষ্টান্ সেবিতান্। যদ্বা অজস্রং বিমুখা-নিতি সম্বন্ধঃ। তাদৃশে মহারসে সকৃৎ ক্ষণমপি যেঽভিমুখা ন ভবন্তি তানিত্যর্থঃ। অসতাং জ্ঞাপকমাহ নিরয়বর্ত্মনি স্বধর্ম্মশূন্যে গৃহে অনিবেদিতভোগাদৌ বা বদ্ধাতৃষ্ণা যৈ-স্তান্ দণ্ডার্থমিহানয়ধ্বং। এবং তেষাং লক্ষণং নিষ্ঠা চোক্তা ॥ ২৩৬ ॥

কিঞ্চ। যং যেষাং জিহ্বেত্যাদ্যন্বয়ঃ। ন কৃতং বিষ্ণুকৃত্যং ভগবদ্ব্রতং একাদশ্যুপবাস-

গো সকলের দ্বেষকারী, তাহাদিগকে রাক্ষস বলা যায় ॥ ২৩৫ ॥

অতএব নিজদূতের প্রতি ধর্ম্মরাজের অনুশাসন

ষষ্ঠস্কন্ধে ৩ অধ্যায়ে ২৮। ২৯ শ্লোকে ॥

যম কহিলেন, হে দূতগণ! যাঁহাদিগকে দণ্ডার্থ এস্থানে আনয়ন করিতে হইবে, তাহা বলি শ্রবণ কর, যাহারা অসাধু ও নিষ্কিঞ্চন রসজ্ঞ পরমহংস সমূহ কর্ত্তৃক অজস্র সেবিত মুকুন্দপদারবিন্দ মকরন্দ রসপানে বিমুখ এবং নিরয়ের বর্ত্ম স্বরূপ যে স্বধর্ম্মশূন্য গৃহ তাহাতেই বদ্ধতৃষ্ণ হইয়া থাকে, তাহাদিগকে আমার নিকট আনয়ন করিও ॥২৩৬

অপর যাহাদের জিহ্বা ভগবানের গুণ বর্ণন অথবা নামোচ্চারণ না করে, কিম্বা যাহাদের চিত্ত ভগবচ্চরণাম্বুজের স্মরণে বিমুখ হয়,

কৃষ্ণায় নো নমন্তি যচ্ছির একদাপি
তানানয়ধ্বমসতোঽকৃতবিষ্ণুকৃত্যান্ ॥ ২৩৭ ॥
অথ শ্রীবৈষ্ণবনিন্দাদিদোষঃ ॥
স্কান্দে ॥
মার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥
যো হি ভাগবতং লোকমুপহাসং নৃপোত্তম।
করোতি তস্য নশ্যন্তি অর্থধর্ম্মযশঃসুতাঃ ॥ ২৩৮ ॥

কার্ত্তিকনিয়মাদি যৈস্তাংশ্চ একদাপীত্যস্য পূর্ব্ববাক্যদ্বয়ে সম্বন্ধঃ। অপিশব্দস্যাপি সর্ব্বত্রানুসঙ্গঃ ততশ্চায়মর্থঃ জিহ্বাপি গুণকৃতনামধেয়ং দীনবৎসল ইত্যাদিকমপি ন বক্তীতি যথা কথঞ্চিদেব নামোচ্চারণং। তচ্চ নিজার্ত্ত্যাদিহেতুনাপি নত্বর্থানুসন্ধানপূর্ব্বকং শ্রদ্ধয়া শ্রীকৃষ্ণস্য নাম সম্যগুচ্চারণং করোতীত্যর্থঃ। এবং চেতোঽপি তচ্চরণারবিন্দমপীতি যথা কথঞ্চিন্মনোমাত্রেণৈবাঙ্গস্য স্পর্শনং নতু সর্ব্বাঙ্গস্য শ্রীমচ্চরণারবিন্দয়োর্দ্বয়োর্বা সম্যগ্ধ্যানং। তথা শিরোঽপি কৃষ্ণায়াপীতি। শিরোঽভিনমনমাত্রেণ বন্দনং তচ্চ কৃষ্ণোদ্দেশেন যং কঞ্চিদপ্যালক্ষ্যেতি নতু সর্ব্বাঙ্গৈঃ সাক্ষাৎ শ্রীমূর্ত্ত্যাদিকং দেতি। এবং কথঞ্চিদপি শ্রীকৃষ্ণভক্তিসম্বন্ধহীনা যে তানেবানয়ধ্বমিতি। অতএব জিহ্বাদিশব্দপ্রয়োগঃ। অন্যথা জিহ্বাদীনামেব বচনাদিব্যাপারাৎ পুনস্তত্তচ্ছব্দপ্রয়োগস্য বৈয়র্থ্যাপত্তেরিতি দিক্ ॥ ২৩৭ ॥

অসতাং নিষ্ঠামেব বিশেষতো দর্শয়ন্ তেষু চাসৎসু মধ্যে বৈষ্ণববিষয়কাপরাধিনোঽসত্তমমুখ্যা ইত্যভিপ্রেত্য তেষাঞ্চ নিষ্ঠাদিকং পূর্ব্বতো বিশেষেণ পৃথক্ লিখতি যো হীত্যাদিনা অচ্যুত ইত্যন্তেন ॥ ২৩৮ ॥

অথবা যাহাদের মস্তক কখন ভগবান্ শ্রীকৃষ্ণের পদারবিন্দে প্রণত না হয়, কিম্বা যে ব্যক্তিরা জন্মাবধি একবারও ভগবদ্ব্রত করে নাই, সেই সকল অসৎ লোকদিগকে আমার নিকট আনিও ॥ ২৩৭ ॥

অথ শ্রীবৈষ্ণবনিন্দাদি দোষ ॥
স্কন্দপুরাণের মার্কণ্ডেয় ভগীরথসম্বাদে ॥

হে রাজসত্তম! যে ব্যক্তি ভগবদ্ভক্তজনকে উপহাস করে, তাহার ধর্ম্ম, অর্থ, যশঃ ও সন্তান সমস্ত নষ্ট হয় ॥ ২৩৮ ॥

নিন্দাং কুর্ব্বন্তি যে মূঢ়া বৈষ্ণবানাং মহাত্মনাং।
পতন্তি পিতৃভিঃ সার্দ্ধং মহারৌরবসংজ্ঞিতে।
হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে পতনানি ষট্ ॥ ২৩৯ ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে ॥

শ্রীযমোক্তৌ ॥

জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ সুকৃতং সমুপার্জ্জিতং।
নাশমায়াতি তৎসর্ব্বং পীড়য়েদ্যদি বৈষ্ণবান্ ॥

দ্বারকামাহাত্ম্যে ॥

প্রহ্লাদবলিসম্বাদে।

করপত্রৈশ্চ ফাল্যন্তে সুতীব্রৈর্যমশাসনৈঃ।

ভাগবতং প্রতি হন্তি প্রহরতি দর্শনে সত্যপি হর্ষং ন যাতি নাপ্নোতি। এতানি ষট্ পতনানি পাতিত্যাপাদকানি নরকাবহানীত্যর্থঃ ॥ ২৩৯ ॥

অস্তু তাবৎ বৈষ্ণবনিন্দাকারিণাং পরমানর্থঃ বৈষ্ণবনিন্দাশ্রোতৃণামপি মহানরকং স্যাদিতি লিখতি নিন্দাগিতি। ততস্তস্মাৎ নিন্দাশ্রবণাৎ তৎস্থানাদ্বা। সুকৃতাং পূর্ব্বপূর্ব্বকৃতাদপি

যে সকল মূঢ় মহাত্মা বৈষ্ণবদিগের নিন্দা করে, তাহারা পিতৃগণের সহিত মহারৌরব নরকে পতিত হয় ॥

যাহারা বৈষ্ণবদিগকে প্রহার করে, দ্বেষ করে এবং সমাদর করে না, প্রত্যুত তাঁহাদিগের প্রতি ক্রুদ্ধ হয় ও তাঁহাদিগের দর্শনে আনন্দানুভব করে না, এই ছয়টী তাহাদিগের নরকপতনের হেতু ॥ ২৩৯ ॥

ঐ স্কন্দপুরাণেরই অমৃতসারোদ্ধারে ॥

শ্রীযমের বাক্যে ॥

বৈষ্ণবদিগের যদি পীড়া উৎপাদন করে, তাহা হইলে জন্মাবধি যে কিছু পুণ্য সঞ্চয় করিয়াছে, তৎসমুদয় বিনষ্ট হয় ॥

দ্বারকামাহাত্ম্যে প্রহ্লাদ বলিসম্বাদে ॥

যে পাপপরায়ণ ব্যক্তিগণ মহাত্মা বৈষ্ণবদিগের নিন্দা করে, যম-

নিন্দাং কুর্ব্বন্তি যে পাপা বৈষ্ণবানাং মহাত্মনাং।
পূজিতো ভগবান্ বিষ্ণুর্জন্মান্তরশতৈরপি।
প্রসীদতি ন বিশ্বাত্মা বৈষ্ণবে চাপমানিতে ॥

দশমস্কন্ধে চ ॥

নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা ॥
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃসুকৃতাচ্চ্যুতঃ॥ ২৪০ ॥

অতএবোক্তং শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে ॥

জীবিতং বিষ্ণুভক্তস্য বরং পঞ্চদিনানি চ।
নতু কল্পসহস্রাণি ভক্তিহীনস্য কেশবে ॥ ২৪১ ॥

অতএবোক্তং শ্রীভাগবতে ঐলোপাখ্যানান্তে ॥

পুণ্যাদ্ভ্রষ্টঃ সন্ অধোযাতি নিন্দাকর্ত্তা চ সুকৃতাচ্চ্যুতো অধোযাতীতি কিমুক্তব্যমিত্যপি শব্দার্থঃ ॥ ২৪০ ॥

অতো ভগবদ্ভক্তস্য সদ্য এব মরণং শ্রেয়ঃ চিরজীবনং চ মহানর্থায়ৈবেত্যাশয়েন লিখতি জীবিতমিতি ॥ ২৪১ ॥

দ্রুত সকল সুতীক্ষ্ণ করপত্র দ্বারা তাহাদিগকে বিদীর্ণ করিয়া থাকে ॥

যে ব্যক্তি বৈষ্ণবের অপমান করে, তদ্দ্বারা শত শত জন্মে বিশ্বাত্মা ভগবান্ বিষ্ণু পূজিত হইলেও তাহার প্রতি প্রসন্ন হয়েন না ॥

দশমস্কন্ধে ৭৪ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

যে ব্যক্তি ভগবানের অথবা ভগবদ্ভক্তের নিন্দা শ্রবণ করিয়া তথা হইতে প্রস্থান না করে, সে ব্যক্তিও সুকৃতচ্যুত হইয়া নরকগামী হয় ॥ ২৪০ ॥

অতএব বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত হইয়াছে ॥

বিষ্ণুভক্তের বরং পাঁচদিন জীবন ধারণ করাও ভাল, তথাপি কেশবের প্রতি ভক্তিহীন হইয়া সহস্রকল্পপর্য্যন্ত জীবন ধারণও কোন ফলপ্রদ নহে ॥ ২৪১ ॥

অতএব একাদশস্কন্ধে ২৬ অধ্যায়ে ২৬ শ্লোকে ঐল উপাখ্যানের অন্তে ॥

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥ ২৪২ ॥
অথ শ্রীভগবদ্ভক্তান্ সল্লক্ষণবিভূষিতান্।
গত্বা তান্ দূরতো দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমেন্মুদা ॥ ২৪৩ ॥
অথ শ্রীবৈষ্ণবসমাগমবিধিঃ ॥
তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥
বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা দণ্ডবৎ প্রণমেদ্ভুবি।
উভয়োরন্তরা বিষ্ণুঃ শঙ্খচক্রগদাধরঃ ॥ ২৪৪ ॥

সন্তো ভবদ্ভক্তা এব নতু কর্ম্মজ্ঞানাদিপরাঃ। মনসো ব্যাসঙ্গং গৃহাদ্যাসক্তিং কামাদিসম্বন্ধম্। উক্তিভিঃ ভগবৎকথাহিতোপদেশৈঃ ॥ ২৪২ ॥

সদ্ভিরুক্তমৈস্তপ্তমুদ্রাধারণাদিভির্লক্ষণৈর্বিভূষিতান্ ॥ ২৪৩ ॥

বৈষ্ণবো বৈষ্ণবং দৃষ্ট্বা প্রণমেদিতি দ্বয়োরন্যোন্যমেব প্রণামোঽভিপ্রেতঃ। অতএব তয়োরুভয়োর্বৈষ্ণবয়োর্মধ্যে বিষ্ণুর্ভবতি তিষ্ঠতীত্যর্থঃ। যচ্চ কৌর্ম্মে ব্যাসগীতায়াং। ন কুর্য্যাদ্দ্বেষোঽভিবাদস্য দ্বিজঃ প্রত্যভিবাদনং। নাভিবাদ্যঃ স বিদুষা যথা শূদ্রস্তথৈব স ইতি প্রত্যভিবাদনমাত্রমুক্তং। তচ্চ স্মার্ত্তজনপরমিতি জ্ঞেয়ং। যদ্বা অভিবাদনপ্রত্যভিবাদনাভ্যাং প্রণাম প্রতিপ্রণাম যাচিত্যামন্যোন্য নমস্কার এবাভিপ্রেত ইতি ॥ ২৪৪ ॥

অতএব বুদ্ধিমান্ ব্যক্তি দুঃসঙ্গ পরিত্যাগপূর্ব্বক সাধুসঙ্গে আসক্ত হইবেন, যেহেতু সাধুরা উপদেশ দ্বারা তাঁহার মনোব্যথা নষ্ট করেন ॥ ২৪২ ॥

অনন্তর তপ্তমুদ্রাদি বৈষ্ণবচিহ্নে বিভূষিত শ্রীভগবদ্ভক্তগণের নিকট গমন করিয়া আনন্দসহকারে দূর হইতে তাঁহাদিগকে দণ্ডবৎ প্রণাম করিবে ॥ ২৪৩ ॥

অথ শ্রীবৈষ্ণব আগমনে ব্যবস্থা ॥

তেজোদ্রবিণ পঞ্চরাত্রে ॥

বৈষ্ণব বৈষ্ণবকে দর্শন করিয়া ভূমিতে দণ্ডের ন্যায় পতিত হইয়া প্রণাম করিবে, যেহেতু শঙ্খ চক্র গদা পদ্মধারী বিষ্ণু উভয়েরই অন্তর্ব্বর্ত্তী ॥ ২৪৪ ॥

তত্র চ বিশেষো বৃহন্নারদীয়ে ॥

সভায়াং যজ্ঞশালায়াং দেবতায়তনেষ্বপি।
প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥
পুণ্যক্ষেত্রে পুণ্যতীর্থে স্বাধ্যায়সময়ে তথা।
প্রত্যেকন্তু নমস্কারো হন্তি পুণ্যং পুরাকৃতং ॥ ২৪৫ ॥

বৈষ্ণবঞ্চাগতং বীক্ষ্যাভিগম্যালিঙ্গ্য বৈষ্ণবং।
বৈদেশিকং প্রীণয়েয়ুর্দর্শয়ন্তঃ স্ববৈষ্ণবান্।
তথাচোক্তং শ্রীব্রহ্মণা তেজোদ্রবিণপঞ্চরাত্রে ॥
নারায়ণাশ্রয়ং ভক্তং দেশান্তরসমাগতং।
প্রীণয়েদ্দর্শয়ংস্তস্য ভক্ত্যা নারায়ণাশ্রয়ানিতি ॥

তত্র চ সর্ব্বান্ সভাস্থিতান্ একত্রৈব প্রণমেন্নতু প্রত্যেকমিতি লিখতি সভায়ামিতি ॥২৪৫ এবং যাত্রিকস্য কৃত্যং লিখিত্বা সভ্যানামপি কৃত্যং লিখতি বৈষ্ণবঞ্চেত্যাদিনা পূজাভ্যধিকেত্যন্তেন। বৈদেশিকং দূরদেশাদাগতঞ্চেৎ। স্বকীয়ান্ বৈষ্ণবান্ দর্শয়ন্তঃ তত্তন্নাম

শ্রীবৈষ্ণব প্রণাম বিষয়ে বিশেষ ব্যবস্থা।

বৃহন্নারদীয়পুরাণে ॥

সভায়, যজ্ঞশালায় এবং দেবমন্দির সকলে প্রত্যেককে ভিন্ন ভিন্ন প্রণাম করিলে পূর্ব্বকৃত পুণ্য নষ্ট করে ॥

পুণ্যক্ষেত্রে, পুণ্যতীর্থে এবং বেদাধ্যায়ন সময়ে প্রত্যেকের প্রতি যে নমস্কার, তাহা পূর্ব্বকৃত পুণ্য নষ্ট করে ॥ ২৪৫ ॥

বিদেশস্থ বৈষ্ণবকে সমাগত দেখিয়া নিকটে গমন পূর্ব্বক তাঁহাকে আলিঙ্গন করিবে এবং আপনার সঙ্গি বৈষ্ণবদিগকে তাঁহাদের নাম কথনাদি দ্বারা পরিচয় করাইয়া প্রীতি যুক্ত করাইবে ॥

তেজোদ্রবিণ পঞ্চরাত্রে ঐ প্রকারই ব্রহ্মা কহিয়াছেন ॥

দেশান্তর হইতে সমাগত নারায়ণাশ্রয় ভক্তকে দর্শন করিয়া নিজের নারায়ণাশ্রিত ভক্তগণকে দেখাইয়া ভক্তিপূর্ব্বক তাঁহার প্রীতি সাধন করিবেন ॥

ততশ্চ বৈষ্ণবঃ প্রাপ্তঃ সন্তর্প্য বচনামৃতৈঃ।
সদ্বন্ধুরিব সংমান্যোঽন্যথা দোষো মহান্ স্মৃতঃ॥ ২৪৬॥
অথ বৈষ্ণবসম্মাননস্য নিত্যতা।
স্কান্দে শ্রীমার্কণ্ডেয় ভগীরথসম্বাদে॥
দৃষ্ট্বা ভাগবতং দৈবাৎ সম্মুখে যো ন যাতি হি।
ন গৃহ্ণাতি হরিস্তস্য পূজাং দ্বাদশবার্ষিকীং।
যো ন গৃহ্ণাতি ভূপাল বৈষ্ণবং গৃহমাগতং।
তদ্গৃহং পিতৃভিস্ত্যক্তং শ্মশানমিব ভীষণং।
অথবাভ্যাগতং দূরাৎ যো নার্চ্চয়তি বৈষ্ণবং।
স্বশক্ত্যা নৃপশার্দ্দূল নান্যঃ পাপরতস্ততঃ॥ ২৪৭॥
শ্রান্তং ভাগবতং দৃষ্ট্বা কঠিনং যস্য মানসং।

কথনাদিনা পরিচয়ং কারয়ন্তঃ সন্তঃ॥ ২৪৬॥
দূরাৎ দূরদেশাদভ্যাগতং॥ ২৪৭॥
কঠিনং স্নেহার্দ্রং ন স্যাৎ। ন চ প্রসীদতি। অতঃ স এব দুষ্টাত্মা শ্বপচাদপ্যধিকঃ

অতএব বৈষ্ণব সমাগত হইলে বচনামৃত দ্বারা তৃপ্ত করিয়া সদ্বন্ধুর ন্যায় সম্মান করিবে, অন্যথা গুরুতর দোষ হয়॥ ২৪৬॥

অথ বৈষ্ণবসম্মাননের নিত্যতা যথা॥

স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ভগীরথ সম্বাদে॥

যে ব্যক্তি অকস্মাৎ ভগদ্ভক্তকে দেখিয়া সম্মুখে গমন না করে, হরি তাহার দ্বাদশ বৎসরের পূজা গ্রহণ করেন না॥

হে রাজন্! গৃহাগত বৈষ্ণবকে যে গ্রহণ করে না, তাহার শ্মশান তুল্য ভয়ানক গৃহ পিতৃগণ পরিত্যাগ করেন॥

হে নৃপশ্রেষ্ঠ! দূরদেশ হইতে অভ্যাগত বৈষ্ণবকে যে ব্যক্তি স্বীয় শক্তি অনুসারে পূজা না করে, তাহা হইতে পাপপরায়ণ অন্য আর কেহ নাই॥ ২৪৭॥

ভগবদ্ভক্তকে শ্রান্ত দেখিয়া যাহার মন স্নেহার্দ্র ও প্রসন্ন না হয়

প্রসীদতি ন দুষ্টাত্মা শ্বপচাদধিকো হি সঃ।
বিপ্রং ভাগবতং দৃষ্ট্বা দীনমাতুরমানসং।
ন করোতি পরিত্রাণং কেশবো ন প্রসীদতি।
দৃষ্ট্বা ভাগবতং বিপ্রং নমস্কারেণ নার্চ্চয়েৎ।
দেহিনস্তস্য পাপস্য ন চ বৈ ক্ষমতে হরিঃ।
অপূজিতো যদা গচ্ছেদ্বৈষ্ণবো গৃহমেধিনঃ।
শতজন্মার্জ্জিতং ভূপ পুণ্যমাদায় গচ্ছতি ॥ ২৪৮ ॥
অনভ্যর্চ্চ্য পিতৃন্ দেবান্ ভুঞ্জতে হরিবাসরে।
তৎপাপং জায়তে ভূপ বৈষ্ণবানামতিক্রমে ॥ ২৪৯ ॥
পূর্ব্বং কৃত্বা তু সম্মানমবজ্ঞাং কুরুতে তু যঃ।

পরমাধম ইত্যর্থঃ। নমস্কারেণাপি নার্চ্চয়েৎ ॥ ২৪৮ ॥

হরিবাসরে চ যে ভুঞ্জতে তেষাং যৎ পাপং তৎ। অতিক্রমে অপূজনাদিনাপরাধে সতি ॥ ২৪৯ ॥

নরকাতিথিঃ বহুল নরকদুঃখং চিরং ভুঙ্ক্ত ইত্যর্থঃ ॥ ২৫০ ॥

সে দুষ্টাত্মা শ্বপচ অপেক্ষাও অধিক ॥

হে বিপ্র! দীনভাবাপন্ন কাতর বৈষ্ণব ব্রাহ্মণকে দেখিয়া যে ব্যক্তি তাঁহাকে পরিত্রাণ করে না, কেশব তাহার প্রতি প্রসন্ন হয়েন না ॥

ভগবদ্ভক্ত ব্রাহ্মণকে দেখিয়া যে নমস্কার দ্বারা পূজা করে না, সেই পাপপরায়ণ দেহধারিকে হরি ক্ষমা করেন না ॥

বৈষ্ণব যাহার গৃহ হইতে অপূজিত হইয়া গমন করেন, হে রাজন্! তিনি সেই গৃহস্থের শতজন্মার্জিত পুণ্য গ্রহণ করিয়া গমন করেন ॥ ২৪৮

যাহারা পিতৃগণ ও দেবগণকে অর্চ্চনা করে না এবং যাহারা একাদশীতে ভোজন করে তাহাদের যে পাপ হয়, হে রাজন্! বৈষ্ণবদিগের অতিক্রমে সেই পাপ হইয়া থাকে ॥ ২৪৯ ॥

হে মহীপাল! যে ব্যক্তি পূর্ব্বে বৈষ্ণবদিগের সম্মান করিয়া পশ্চাৎ

বৈষ্ণবানাং মহীপাল সান্বয়ো যাতি সংক্ষয়ং ॥
পাদ্মে বৈশাখমাহাত্ম্যে যমব্রাহ্মণসম্বাদে ॥
বৈষ্ণবং জনমালোক্য নাভ্যুত্থানং করোতি যঃ।
প্রণয়াদরতো বিপ্র স নরো নরকাতিথিঃ ॥ ২৫০ ॥
চতুর্থস্কন্ধে চ ॥
ব্যালালয়দ্রুমা হ্যেতেঽপ্যরিক্তাখিলসম্পদঃ।
যদ্গৃহাস্তীর্থপাদীয়পাদতীর্থবিবর্জ্জিতাঃ ॥ ২৫১ ॥
অথ বৈষ্ণবস্তুতিঃ ॥
স্কান্দে ॥
ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং যদ্যূয়ং গৃহমাগতাঃ।

ব্যালানামালয়া দ্রুমা এব। অরিক্তাঃ পূর্ণাঃ অখিলাঃ সম্পদো যেষু তাদৃশা অপি। যদ্গৃহা যে গৃহাঃ তীর্থপাদীয়বৈষ্ণবাস্তেষাং পাদতীর্থেন পাদোদকেন বা বিবর্জ্জিতাঃ ॥২৫১॥
বচনামৃতৈঃ সন্তর্প্যেতি লিখিতং তান্যেব লিখতি ধন্যোঽহমিত্যাদীনি সপ্ত। অত্র চ

অবজ্ঞা করে, সে সবংশে বিনষ্ট হয় ॥

পদ্মপুরাণের বৈশাখমাহাত্ম্যে যম ও ব্রাহ্মণসম্বাদে ॥

হে বিপ্র! যে ব্যক্তি বৈষ্ণবজনকে অবলোকন করিয়া প্রণয় এবং আদর সহকারে অভ্যুত্থান না করে, সেই মনুষ্য নরকের অতিথি জানিবা ॥ ২৫০ ॥

চতুর্থস্কন্ধে ২২ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

পৃথু কহিলেন, যে সকল গৃহ সাধুবৈষ্ণবদিগের পাদতীর্থে অর্থাৎ চরণোদকে বর্জিত, সে সকল আলয় যদিও অখিল সম্পদে পরিপূর্ণ হয়, তথাপি সর্পদিগের আবাস বৃক্ষের তুল্য ॥ ২৫১ ॥

অথ বৈষ্ণবস্তুতি ॥

স্কন্দপুরাণে ॥

আপনারা যখন আমার গৃহে আগমন করিয়াছেন, তখন আমি ধন্য

দুর্ল্লভং দর্শনং নূনং বৈষ্ণবানাং যথা হরেঃ ॥ ২৫২ ॥
মেরুমন্দরতুল্যা বৈ পুণ্যপুঞ্জা ময়া কৃতাঃ।
সংপ্রাপ্তং দর্শনং যদ্বৈ বৈষ্ণবানাং মহাত্মনাং ॥ ২৫৩ ॥
দশমস্কন্ধে শ্রীগর্গাচার্য্যং প্রতি শ্রীনন্দস্য বাক্যং ॥
মহদ্বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাং।
নিঃশ্রেয়সায় ভগবন্ কল্পতে নান্যথা ক্বচিৎ ॥ ২৫৪ ॥

ধন্যোঽহমিত্যাদি বচনপাঠেন তদর্থনির্ব্বচনেন বা স্তুতিঃ কার্য্যেতি জ্ঞেয়ং ॥ ২৫২ ॥

যৎ যস্মাৎ যেভ্যঃ পুণ্যপুঞ্জেভ্য ইতি বা ॥ ২৫৩ ॥

মহতাং স্বাশ্রমাদন্যত্র বিচলনং গমনং ন স্বার্থং কিন্তু গৃহিণাং মঙ্গলায়। ননু তর্হি ত এব মদ্দর্শনার্থং কিমিতি নাগচ্ছন্তি তত্রাহ দীনচেতসাং কৃপণানাং। ক্ষণমপি গৃহং ত্যক্তুমশক্নুবতামিত্যর্থঃ। যদ্বা। গৃহিণাং নিঃশ্রেয়সায় মহতাং বিচলনং ভগবৎপূজাপরতাদি স্বধর্ম্মত্যাগোঽপি কল্পতে যোগ্যং ভবতি। কুতঃ দীনচেতসাং সদা পরমার্ত্তানামিত্যর্থঃ স্বার্থানপেক্ষণাৎ নচ ক্বচিৎ কদাচিদপি অন্যথা পূজাহলাভাদ্যর্থমিত্যর্থঃ ॥ ২৫৪ ॥

হইলাম, কৃতকৃত্য হইলাম, হরিদর্শনের ন্যায় নিশ্চয় বৈষ্ণবদিগের দর্শন দুর্ল্লভ ॥ ২৫২ ॥

আমি নিশ্চয় মেরু ও মন্দরপর্ব্বত তুল্য পুঞ্জ পুঞ্জ পুণ্য করিয়াছি, সেই কারণেই মহাত্মা বৈষ্ণবদিগের দর্শন প্রাপ্ত হইলাম ॥ ২৫৩ ॥

দশমস্কন্ধের ৮ অধ্যায়ে ২ শ্লোকে
গর্গাচার্য্যের প্রতি শ্রীনন্দের বাক্য ॥

নন্দ কহিলেন, হে ভগবন্! মহদ্ব্যক্তিগণ স্বীয় আশ্রম হইতে যে অন্যত্র গমন করেন, তাহা তাঁহাদিগের স্বার্থ নিমিত্ত নহে, গৃহিদিগেরই মঙ্গলার্থ, গৃহি ব্যক্তিরা অতিশয় কৃপণ, ক্ষণকালের নিমিত্তও গৃহ পরিত্যাগ করিতে পারে না, মহাপুরুষেরা দয়া করিয়া স্বয়ং তাহাদিগের গৃহে আসিয়া দর্শন দেন। প্রভো! মহাত্মাদিগের গৃহিগৃহে আগমনের কারণ এতদ্ব্যতীত অন্য কোন প্রকারই কল্পিত হইতে পারে না ॥২৫৪॥

চতুর্থস্কন্ধে সনকাদীন্ প্রতি পৃথুমহারাজস্য ॥

অহো আচরিতং কিং মে মঙ্গলং মঙ্গলায়নাঃ।
যস্য বো দর্শনং হ্যাসীদ্দুর্দ্দর্শানাং চ যোগিভিঃ ॥ ২৫৫ ॥
অধনা অপি তে ধন্যাঃ সাধবো গৃহমেধিনঃ।
যদ্গৃহা হ্যর্হবর্য্যাম্বুতৃণভূমীশ্বরাঽবরাঃ ॥ ২৫৬ ॥
কচ্চিন্নঃ কুশলং নাথা ইন্দ্রিয়ার্থার্থবেদিনাং।
ব্যসনাবাপ এতস্মিন্ পতিতানাং স্বকর্ম্মভিঃ ॥ ২৫৭ ॥

মঙ্গলময়নং যেষাং হে মঙ্গলায়নাঃ। ময়া কিং মঙ্গলমাচরিতং যস্য মে। যোগিভিরপি দুর্দ্দর্শানাং ॥ ২৫৫ ॥

যেষাং সাধূনাং গৃহাঃ অর্হাণাং পূজ্যানাং বর্য্যা বরণীয়াঃ স্বীকারার্হাঃ চর্য্যেতি পাঠে আচরণযোগ্যাঃ। অম্বাদয়ো যেষু তাদৃশাঃ অম্বু চ তৃণঞ্চ ভূমিশ্চ ঈশ্বরো গৃহস্বামী চ অবরাশ্চ ভৃত্যাদয়ঃ ॥ ২৫৬ ॥

হে নাথাঃ। কচ্চিদিতি প্রশ্নে। ইন্দ্রিয়ার্থং বিষয়মেব অর্থং পুরুষার্থং যে বিদন্তি তেষাং নঃ। ব্যসনানি উপ্যন্তে যস্মিন্ সংসারে ॥ ২৫৭ ॥

চতুর্থস্কন্ধের ২২ অধ্যায়ে ৭। ৯। ১২। ১৩ শ্লোকে
শ্রীসনকাদির প্রতি শ্রীপৃথুরাজের বাক্য ॥

পৃথু কহিলেন, অহো মহোদয়গণ! মঙ্গলই আপনাদের স্থান, কিন্তু আমি এমন কি মঙ্গল অনুষ্ঠান করিয়াছিলাম যে, আপনাদের দর্শন প্রাপ্ত হইলাম, আপনারা যোগিদিগেরও দুর্দর্শ ॥ ২৫৫ ॥

অহো! সেই সকল সাধু গৃহস্থ অধন হইলেও ধন্য বলিতে হয়। পূজ্য ব্যক্তিরা যাহাদের গৃহে গিয়া জল, তৃণ, ভূমি, গৃহ, স্বামি ও ভৃত্যদিগকে স্বীকার করেন ॥ ২৫৬ ॥

হে নাথগণ! এই সংসার সমুদায় ব্যসনের বপনক্ষেত্রে আমরা স্ব স্ব কর্ম্ম বশতঃ ইহাতে পতিত হইয়া ইন্দ্রিয় সকলের বিষয়কেই অর্থাৎ রূপ রসাদি বিষয়সুখকেই পরমপুরুষার্থ বলিয়া বোধ করিতেছি, আমাদের কি এখানে কোন কুশল সম্ভাবনা আছে? ॥ ২৫৭ ॥

ভবৎস্থ কুশলং প্রশ্ন আত্মারামেষু নেষ্যতে।
কুশলাকুশলা যত্র ন সন্তি মতিবৃত্তয়ঃ ॥ ২৫৮ ॥
অথ বৈষ্ণবাভিগমনমাহাত্ম্যং ॥
স্কান্দে শ্রীমার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥
সম্মুখং ব্রজমানস্য বৈষ্ণবানাং নরাধিপ।
পদে পদে যজ্ঞফলং প্রাহুঃ পৌরাণিকা দ্বিজাঃ ॥ ২৫৯ ॥
অথ বৈষ্ণবস্তুতিমাহাত্ম্যং ॥
তত্রৈব।
প্রত্যক্ষং বা পরোক্ষং বা যঃ প্রসংশতি বৈষ্ণবং।

নয়ভ্যাগতানামেব কুশলং পৃচ্ছ্যতে নত্বাত্মনস্তত্রাহ ভবৎস্বিতি। কুশলা অকুশলাশ্চ মতের্বৃত্তয়োঽপি যেষাং ন সন্তি ॥ ২৫৮ ॥

এবং বৈষ্ণবানামভিগমনং সম্মাননং স্তুতিঞ্চ লিখিত্বা ইদানীং তত্তন্মাহাত্ম্যং লিখতি সম্মুখমিত্যাদিনা নরা ইত্যন্তেন ॥ ২৫৯ ॥

গুরুগামী গুরুতল্পগঃ নৃণাং মধ্যে নর ইতি পাঠো বা ॥ ২৬০ ॥

হে মহোদয়গণ! আপনারা আমার গৃহে অভ্যাগত হইয়াছেন, গৃহস্থকে অভ্যাগতেরই কুশল প্রশ্ন করিতে হয়, আত্মমঙ্গল জিজ্ঞাসা করা কর্ত্তব্য নহে সত্য, কিন্তু আপনারা আত্মারাম,আত্মাতেই আপনাদের রতি, তাহাতে কুশল অথবা অকুশল জিজ্ঞাসা করা বিফল ॥২৫৮॥

অথ বৈষ্ণবদিগের নিকটে গমন মাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

হে রাজন্! বৈষ্ণদিগের সম্মুখে গমনকারি ব্যক্তির পদে পদে যজ্ঞ ফল লাভ হয়, পৌরাণিক ব্রাহ্মণেরা এই কথা কহিয়াছেন ॥ ২৫৯ ॥

অথ বৈষ্ণবস্তুতিমাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণেই ॥

হে রাজন্! বিষ্ণু বলিয়াছেন, যে ব্যক্তি সম্মুখে বা পরোক্ষে বৈষ্ণবকে প্রসংশা করেন, তিনি যদি মনুষ্যগণের মধ্যে সর্ব্বদা ব্রহ্মহা, মদ্য-

ব্রহ্মহা মদ্যপঃ স্তেয়ী গুরুগামী সদা নৃণাং।
মুচ্যতে পাতকাৎ সদ্যো বিষ্ণুরাহ নৃপোত্তম ॥ ২৬০ ॥

কিঞ্চ ॥

প্রত্যক্ষং বা পরোক্ষং বা যে প্রশংসন্তি বৈষ্ণবং।
প্রসাদাদ্বাসুদেবস্য তে তরন্তি ভবার্ণবং ॥ ২৬১ ॥

অথ শ্রীবৈষ্ণবসম্মাননমাহাত্ম্যং ॥

তত্রৈবামৃতসারোদ্ধারে ॥

শ্রদ্ধয়া দত্তমন্নঞ্চ বৈষ্ণবাগ্নিষু জীর্য্যতি।
তদন্নং মেরুণা তুল্যং ভবতে চ দিনে দিনে।
দৈবে পৈত্রে চ যো দদ্যাৎ বারিমাত্রন্তু বৈষ্ণবে।

যদ্যপি যথালিখনক্রমং বৈষ্ণবসম্মাননমাহাত্ম্যানন্তরমেব বৈষ্ণবস্তুতিমাহাত্ম্যং লিখিতুমুপযুজ্যতে তথাপি প্রথমং স্তুতিস্ততঃ সম্মাননমিত্যপেক্ষয়া তথা সম্মাননমাহাত্ম্যস্য বাহুল্যাচ্চ তস্য পশ্চাল্লিখনং ॥ ২৬১ ॥

সর্ব্বদোষনির্হারকত্বাদ্বৈষ্ণবা এবাগ্নয়স্তেষু জীর্য্যতে। সুখং তৈর্ভুজ্যতে ইত্যর্থঃ।

পায়ী, স্বর্ণস্তেয়ী এবং গুরুপত্নীগামী হন, তথাপি তিনি সেই পাতক হইতে তৎক্ষণাৎ মুক্তি প্রাপ্ত হইবেন ॥ ২৬০ ॥

আরও ॥

যাঁহারা প্রত্যক্ষে হউক বা পরোক্ষেই হউক, বৈষ্ণবকে প্রশংসা করেন, বাসুদেবের প্রসন্নতায় তাঁহারা ভবসাগর হইতে উত্তীর্ণ হয়েন ॥ ২৬১ ॥

অথ বৈষ্ণবসম্মাননের মাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণেই অমৃতসারোদ্ধারে ॥

শ্রদ্ধাদত্ত অন্ন যদি বৈষ্ণবদিগের জঠরাগ্নিতে জীর্ণ হয়, তাহা হইলে ঐ অন্ন দিন দিন সুমেরুতুল্য হয় ॥

যে ব্যক্তি দেবকর্ম্মে বা পিতৃকর্ম্মে বৈষ্ণবকে জলমাত্র প্রদান

সপ্তোদধি সমং ভূত্বা পিতৃণামুপতিষ্ঠতি।
বিষ্ণুধর্ম্মে ॥
কিং দানৈঃ কিং তপোভি র্বা যজ্ঞৈশ্চ বিবিধৈঃ কৃতৈঃ।
সর্ব্বং সম্পদ্যতে পুংসাং বিষ্ণুভক্তাভিপূজনাৎ।
পূজয়েৎ বৈষ্ণবানেতান্ প্রযত্নেন বিচক্ষণঃ।
স্বশক্ত্যা বৈষ্ণবেভ্যো যদ্দত্তং স্যাদক্ষয়ং ভবেৎ ॥
বৃহন্নারদীয়ে যজ্ঞমাল্যোপাখ্যানান্তে ॥
হরিভক্তিরতান্ যস্তু হরিবুদ্ধ্যা প্রপূজয়েৎ।
তস্য তুষ্যন্তি বিপ্রেন্দ্রা ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ ॥ ২৬২ ॥
হরিপূজারতানাঞ্চ হরিনামরতাত্মনাং।
শুশ্রূষাভিরতা যান্তি পাপিনোঽপি পরাং গতিং ॥

হে বিপ্রেন্দ্রাঃ ॥ ২৬২ ॥

করে, সেই জল সপ্ত সমুদ্রের তুল্য হইয়া তাহার পিতৃলোকের নিকট উপস্থিত হয় ॥

বিষ্ণুধর্ম্মে ॥

দান, তপস্যা ও বিবিধ যজ্ঞ করিলে কি হইবে বিষ্ণুভক্তের অভিপূজনে পুরুষদিগের সকল সম্পত্তি লাভ হয়, অতএব পণ্ডিত ব্যক্তি যত্নপূর্ব্বক এই সকল বৈষ্ণবদিগের পূজা করিবেন, স্বীয়শক্তি অনুসারে বৈষ্ণবগণকে যাহা দেওয়া যায় তাহাই অক্ষয় ফলজনক হয় ॥

বৃহন্নারদপুরাণে যজ্ঞমালীর উপাখ্যানের শেষে ॥

যে ব্যক্তি হরিভক্তিপরায়ণ বৈষ্ণবগণকে হরিবুদ্ধিতে পূজা করেন, হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! তাঁহার প্রতি ব্রহ্মা, বিষ্ণু ও শিব প্রভৃতি সন্তুষ্ট হয়েন ॥ ২৬২ ॥

যাঁহারা হরিপূজারত ও হরিনামপরায়ণ বৈষ্ণবদিগের শুশ্রূষায় অনুরক্ত, তাঁহারা পাপী হইলেও পরমগতি প্রাপ্ত হয়েন ॥

তত্রৈব যজ্ঞধ্বজোপাখ্যানস্যারম্ভে ॥

সংসারসাগরং তর্ত্তুং য ইচ্ছেন্মুনিপুঙ্গবাঃ।
স ভজেদ্ধরিভক্তানাং ভক্তাংস্তে পাপহারিণঃ ॥ ২৬৩ ॥

তদন্তে চ ॥

যো বিষ্ণুভক্তান্ নিষ্কামান্ ভোজয়েৎ শ্রদ্ধয়ান্বিতঃ।
ত্রিসপ্তকুলসংযুক্তঃ স যাতি হরিমন্দিরং ॥
বিষ্ণুভক্তায় যো দদ্যান্নিষ্কামায় মহাত্মনে।
পানীয়ম্বা ফলং বাপি স এব ভগবান্ হরিঃ ॥
বিষ্ণুপূজাপরাণান্তু শুশ্রূষাং কুর্ব্বতে হি যে।
তে যান্তি বিষ্ণুভবনং ত্রিসপ্তপুরুষান্বিতাঃ ॥
দেবপূজাপরো যস্য গৃহে বসতি সর্ব্বদা।

তে হরিভক্তভক্তাঃ। পাপং সংসারদুঃখং তদ্গহারিণঃ ॥ ২৬৩ ॥
দেবঃ শ্রীকৃষ্ণস্তস্য পূজাপরঃ ॥ ২৬৪ ॥

হে মুনিশ্রেষ্ঠগণ! যাঁহারা সংসারসাগর উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, তিনি হরিভক্তদিগের ভক্তগণকে ভজনা করুন, তাঁহারা সংসার দুঃখ মোচন করিয়া থাকেন ॥ ২৬৩ ॥

ঐ উপাখ্যানের অন্তে ॥

যিনি শ্রদ্ধান্বিত হইয়া নিষ্কাম বিষ্ণুভক্তদিগকে ভোজন করান, তিনি একবিংশতি কুলের সহিত হরিমন্দিরে গমন করিবেন ॥

যিনি নিষ্কাম মহাত্মা বিষ্ণুভক্তকে জল কিম্বা ফল প্রদান করেন, তিনিই ভগবান্ হরি ॥

যাঁহারা বিষ্ণুভক্তিপরায়ণ ব্যক্তিদিগের শুশ্রূষা করেন, তাঁহারা একবিংশতি পুরুষের সহিত বিষ্ণুভবনে গমন করিয়া থাকেন ॥

যাঁহার গৃহে শ্রীকৃষ্ণপূজাপরায়ণ বৈষ্ণব সর্ব্বদা বাস করেন, সেই

তত্রৈব সর্ব্বদেবাশ্চ হরিশ্চৈব শ্রিয়ান্বিতঃ ॥ ২৬৪ ॥

লৈঙ্গে ॥

নারায়ণপরো বিদ্বান্ যস্যান্নং প্রীতমানসঃ।
অশ্নাতি তদ্ধরেরাস্যং গতমন্নং ন সংশয়ঃ ॥
স্বার্চ্চনাদপি বিশ্বাত্মা প্রীতো ভবতি মাধবঃ।
দৃষ্ট্বা ভাগবতস্যান্নং স ভুঙ্‌ক্তে ভক্তবৎসলঃ ॥ ২৬৫ ॥

ব্রাহ্মে শ্রীভগবদ্বাক্যং ॥

নৈবেদ্যং পুরতো ন্যস্তং দৃষ্ট্বৈব স্বীকৃতং ময়া।
ভক্তস্য রসনাগ্রেণ রসমশ্নামি পদ্মজ ॥ ২৬৬ ॥

পাদ্মোত্তরখণ্ডে শ্রীশিবোমাসম্বাদে ॥

স ভক্তবৎসলো মাধবঃ শ্রীকৃষ্ণঃ ॥ ২৬৫ ॥

পুরতঃ শ্রীশালগ্রামশিলাদিরূপিণো মমাগ্রতো ন্যস্তমেব সৎ ॥ ২৬৬ ॥

গৃহে সকল দেবতা এবং হরিও শ্রদ্ধান্বিত হইয়া বাস করেন ॥ ২৭৪ ॥

লিঙ্গপুরাণে ॥

নারায়ণপরায়ণ বিদ্বান্ ব্যক্তি প্রীতমনে যাহার অন্ন ভোজন করেন, সেই অন্ন হরির মুখকমল গত জানিতে হইবে, ইহাতে সংশয় নাই ॥

ভক্তবৎসল বিশ্বাত্মা শ্রীকৃষ্ণ আপনার পূজা অপেক্ষা বৈষ্ণবের অন্ন দেখিয়া প্রীতিযুক্ত হয়েন এবং তাহা ভোজন করেন ॥ ২৬৫ ॥

ব্রহ্মপুরাণে শ্রীভগবানের বাক্য ॥

হে ব্রহ্মন্! শালগ্রামশিলাদিরূপি আমার অগ্রে অর্পিত অন্ন অবলোকন করিয়াই আমি স্বীকার করি, কিন্তু ভক্তজনের জিহ্বাগ্রে রসাস্বাদন করিয়া থাকি ॥ ২৬৬ ॥

পদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীশিব ও উমাসম্বাদে ॥

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরং।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনং ॥ ২৬৭ ॥
অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বৈষ্ণবান্ পূজয়েৎ সদা।
সর্ব্বং তরতি দুঃখৌঘং মহাভাগবতার্চ্চনাৎ ॥ ২৬৮ ॥
একাদশে শ্রীভগবদ্বাক্যং ॥
বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা ॥ ২৬৯ ॥
মদ্ভক্তপূজাভ্যধিকা ॥ ২৭০ ॥

পরং শ্রেষ্ঠং। পরতরং পরমশ্রেষ্ঠং ॥ ২৬৭ ॥
মহৎ যৎ ভাগবতানামর্চ্চনং তস্মাৎ ॥ ২৬৮ ॥
বৈষ্ণবেঽধিষ্ঠানে মৎপূজনঞ্চ তস্মিন্নেব বন্ধুবৎ সম্মাননেনেত্যর্থঃ ॥ ২৬৯ ॥
পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরমিতি প্রতিজ্ঞয়োক্তং মদ্ভক্তেতি। মদ্ভক্তানাং পূজা মত্তোঽপ্যভ্যধিকা বিশেষেণ কার্য্যেত্যর্থঃ ॥ ২৭০ ॥

যত যত আরাধনা আছে, সর্ব্বাপেক্ষা বিষ্ণুর আরাধনা শ্রেষ্ঠ, কিন্তু তাহা অপেক্ষাও বৈষ্ণবদিগের অর্চ্চনা পরম শ্রেষ্ঠ ॥ ২৬৭ ॥

যে মনুষ্য গোবিন্দের অর্চ্চনা করিয়া বৈষ্ণবদিগের অর্চ্চনা করে না, সে ভগবদ্ভক্ত বলিয়া বিদিত হয় না, তাহাকে কেবল দাম্ভিক জানিতে হইবে ॥

অতএব সকলকালে সর্ব্ব প্রযত্নে বৈষ্ণবদিগকে পূজা করিবে, কেননা মহাভাগবতের অর্চ্চনা করিলে সমস্ত দুঃখ হইতে উত্তীর্ণ হয় ॥ ২৬৮ ॥

একাদশস্কন্ধে ॥

বৈষ্ণবে বন্ধুসৎকার দ্বারা আমার পূজা করিবে ॥ ২৬৯ ॥

আমার পূজা অপেক্ষা আমার ভক্তের পূজা অধিক ॥ ২৭০ ॥

কিঞ্চ স্কান্দে ॥

শ্রীমার্কণ্ডেয়ভগীরথসম্বাদে ॥

কর্ম্মণা মনসা বাচা যেঽর্চ্চয়ন্তি সদা হরিং।
তেষাং বাক্যং নরৈঃ কার্য্যং তে হি বিষ্ণুসমা নরাঃ ॥ ২৭১ ॥

ইত্যাদৃতোঽনুশৃণুয়াদ্ভক্তিশাস্ত্রাণি তত্র চ।
শ্রীভাগবতমত্রাপি কৃষ্ণলীলাকথাং মুহুঃ ॥ ২৭২ ॥

অথ বৈষ্ণবশাস্ত্রমাহাত্ম্যং ॥

স্কান্দে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

এবমন্নাদিসমর্পণেন সম্মাননং লিখিত্বা ইদানীং বাক্যপরিপালনেনাপি সম্মানঃ কার্য্য ইতি লিখতি কর্ম্মণেতি। কায়াদিব্যাপারেণ ত্রিধা সদা যে অর্চ্চয়ন্তি। যদ্বা কর্ম্মাদিনা তেষাং বচঃ কার্য্যমিতি সম্বন্ধঃ ॥ ২৭১ ॥

ইতি এবমাদৃতঃ সন্ ভগবদ্ভক্তিপরাণি শাস্ত্রাণ্যেব অনু নিরন্তরং শৃণুয়াৎ। তত্র ভক্তি-শাস্ত্রেষু চ মধ্যে শ্রীভাগবতং বিশেষতোঽনুশৃণুয়াৎ। তত্র শ্রীভাগবতেঽপি কৃষ্ণস্য লীলা-কথাং দশমস্কন্ধাদিসম্বন্ধিনীমনু নিরন্তরং শৃণুয়াদিত্যর্থঃ ॥ ২৭২ ॥

আরও স্কন্দপুরাণে শ্রীমার্কণ্ডেয় ও ভগীরথসম্বাদে ॥

যাঁহারা কায়মনোবাক্য দ্বারা সর্ব্বদা হরির পূজা করেন, মনুষ্যগণ তাঁহাদিগের বাক্য প্রতিপালন করিবেন, যেহেতু তাঁহারা বিষ্ণু তুল্য ॥ ২৭১ ॥

এই প্রকার আদৃত হইয়া বৈষ্ণবদিগের নিকট ভগবদ্ভক্তি প্রধান শাস্ত্র সকল শ্রবণ করিবে, ভক্তিশাস্ত্র সকলের মধ্যে আবার বিশেষ করিয়া শ্রীমদ্ভাগবত শ্রবণ এবং শ্রীমদ্ভাগবতেও পুনরায় দশমস্কন্ধ সম্বন্ধিনী শ্রীকৃষ্ণের লীলাকথা নিরন্তর শ্রবণ করিবে ॥ ২৭২ ॥

অথ বৈষ্ণবশাস্ত্রমাহাত্ম্য ॥

স্কন্দপুরাণে শ্রীব্রহ্মনারদসম্বাদে ॥

বৈষ্ণবানি চ শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ।
ধন্যাস্তে মানবা লোকে তেষাং কৃষ্ণঃ প্রসীদতি ॥ ২৭৩ ॥
বৈষ্ণানি চ শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সর্ব্ববন্দিতাঃ ॥
সর্ব্বস্বেনাপি বিপ্রেন্দ্র কর্ত্তব্যঃ সাত্ত্বসংগ্রহঃ।
বৈষ্ণবৈস্তু মহাভক্ত্যা তুষ্ট্যর্থং চক্রপাণিনঃ ॥
তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ ॥
পৌরাণং বৈষ্ণবং শ্লোকং শ্লোকার্দ্ধমথবাপি চ।

ভক্তিশাস্ত্রাদীনাঞ্চৈষাং প্রত্যেকং মাহাত্ম্যং লিখিষ্যন্নাদৌ সামান্যতো বিষ্ণুভক্তিসম্বন্ধি-শাস্ত্রমাহাত্ম্যং লিখতি। বৈষ্ণবানীত্যাদিনা সদেত্যন্তেন। পূর্ব্বঞ্চ পূজাঙ্গত্বেন স্বপনে পুরাণপাঠস্য মাহাত্ম্যং লিখিতং অধুনা চ পূজানন্তরং সৎসঙ্গে বৈষ্ণবশাস্ত্রশ্রবণাদীনাং মাহাত্ম্যমিতি ভেদঃ। কিন্তু প্রায়ো দ্বয়োরৈক্যাৎ তত্র লিখিতং মাহাত্ম্যমত্র দ্রষ্টব্যমত্র লিখিতং তত্র চেতি ॥ ২৭৩ ॥

পৌরাণং পুরাণসম্বন্ধিনং। বৈষ্ণবং বিষ্ণুপরং ॥ ২৭৪ ॥

যাঁহারা বৈষ্ণবশাস্ত্র সকল শ্রবণ এবং পাঠ করেন, সংসার মধ্যে সেই সকল মনুষ্য ধন্য, তাঁহাদিগের প্রতি শ্রীকৃষ্ণ প্রসন্ন হয়েন ॥২৭৩॥

যে সকল মনুষ্য আপনার গৃহে বৈষ্ণবশাস্ত্র সকলের পূজা করেন, তাঁহারা সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত এবং সকলের বন্দনীয় হয়েন ॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণের সন্তোষ নিমিত্ত মহাভক্তি-সহকারে বৈষ্ণবশাস্ত্র সকল সংগ্রহ করিবেন ॥

হে নারদ। যাঁহার গৃহে বৈষ্ণবশাস্ত্র লিখিত হইয়া অবস্থিতি করেন, সেই গৃহে স্বয়ং নারায়ণদেব বসতি করেন ॥

পুরাণসম্বন্ধীয় বিষ্ণুমাহাত্ম্য প্রতিপাদক এক শ্লোক অথবা অর্দ্ধ শ্লোক কিম্বা পাদশ্লোক যে ব্যক্তি পাঠ করে, তাহার সহস্র গোদানের

শ্লোকপাদং পঠেদ্যস্তু গোসহস্রফলং লভেৎ ॥ ২৭৪ ॥
দেবতানামৃষীণাঞ্চ যোগিনামপি দুর্ল্লভং।
বিপ্রেন্দ্র বৈষ্ণবং শাস্ত্রং মনুষ্যাণাঞ্চ কা কথা ॥
তত্রৈব শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে ॥
মম শাস্ত্রাণি যে নিত্যং পূজয়ন্তি পঠন্তি চ।
তে নরাঃ কুরুশার্দ্দূল মমাতিথ্যং গতাঃ সদা ॥ ২৭৫ ॥
মম শাস্ত্রপ্রবক্তারং মম শাস্ত্রানুচিন্তকং।
চিন্তয়ামি ন সন্দেহো নরং তং চাত্মবৎ সদা ॥ ২৭৬ ॥
অথ শ্রীমদ্ভাগবতমাহাত্ম্যং ॥
তত্রৈব জীবিতাদধিকং যেষাং শাস্ত্রং ভাগবতং কলৌ।

আতিথ্যং অতিথিবৎ পরমাদরণীয়তামিত্যর্থঃ ॥ ২৭৫ ॥
চিন্তয়ামি কদাচিদপি ন বিস্মরামীত্যর্থঃ। যদ্বা তস্য যোগক্ষেমমনুসন্দধে ॥ ২৭৬ ॥
প্রীতাঃ হৃষ্টাঃ সন্তঃ বল্গন্তি নৃত্যাদিকং কুর্ব্বন্তি ॥ ২৭৭ ॥

ফল লাভ হয় ॥ ২৭৪ ॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! মনুষ্যগণের কথা কি বৈষ্ণবশাস্ত্র সকল ঋষিগণ, দেবগণ এবং যোগিগণেরও দুর্ল্লভ ॥

ঐ স্কন্দপুরাণেরই শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে ॥

হে কুরুশ্রেষ্ঠ! যাঁহারা নিত্য আমার শাস্ত্র সকলের পূজা ও পাঠ করেন, সেই সকল মনুষ্য সর্ব্বদা আমার সম্বন্ধে অতিথির ন্যায় পূজনীয় হয়েন ॥ ২৭৫ ॥

যে মনুষ্য আমার শাস্ত্রের বক্তা এবং নিরন্তর আমার শাস্ত্রের চিন্তা করে, আমি সর্ব্বদা আপনার ন্যায় তাহাকে চিন্তা করি অর্থাৎ তাহার কল্যাণের প্রতি অনুসন্ধান রাখি, ইহাতে সন্দেহ নাই ॥ ২৭৬ ॥

অথ শ্রীমদ্ভাগবতমাহাত্ম্য ॥

ঐ স্কন্দপুরাণেই ॥

কলিযুগে যাঁহাদিগের জীবন অপেক্ষাও ভাগবতশাস্ত্র অধিক,

ন তেষাং ভবতি ক্লেশো যাম্যঃ কল্পশতৈরপি।
ধারয়ন্তি গৃহে নিত্যং শাস্ত্রং ভাগবতং হি যে।
আস্ফোটয়ন্তি নৃত্যন্তি তেষাং প্রীতাঃ পিতামহাঃ ॥ ২৭৭ ॥
যাবদ্দিনানি বিপ্রর্ষে শাস্ত্রং ভাগবতং গৃহে।
তাবৎ পিবন্তি পিতরঃ ক্ষীরং সর্পির্মধূদকং।
যেঽর্চ্চয়ন্তি সদা গেহে শাস্ত্রং ভাগবতং নরাঃ।
প্রীণিতাস্তৈশ্চ বিবুধা যাবদাহূতসংপ্লবং ॥ ২৭৮ ॥
যচ্ছন্তি বৈষ্ণবে ভক্ত্যা শাস্ত্রং ভাগবতং হি যে।
কল্পকোটিসহস্রাণি বিষ্ণুলোকে বসন্তি তে।
শ্লোকার্দ্ধং শ্লোকপাদং বা বরং ভাগবতং গৃহে।
শতশোঽথ সহস্রৈশ্চ কিমন্যৈঃ শাস্ত্রসংগ্রহৈঃ ॥ ২৭৯ ॥

আহূতেত্যত্র ভকারস্থানে হকারশ্ছান্দসঃ। ভূতসংপ্লবো মহাপ্রলয়স্তৎপর্য্যন্তং ॥ ২৭৮ ॥
ভাগবতং শ্রীভাগবতীয়মিত্যর্থঃ ॥ ২৭৯ ॥

তাঁহাদিগের শতকল্পেও যমসম্বন্ধীয় ক্লেশ হয় না ॥

যাহারা নিত্য গৃহ মধ্যে ভাগবতশাস্ত্র স্থাপন করেন, তাঁহাদিগের পিতামহগণ হৃষ্টচিত্তে আস্ফোটন ও নৃত্য করিতে থাকেন ॥ ২৭৭ ॥

হে বিপ্রর্ষে! যত দিন পর্য্যন্ত ভাগবতশাস্ত্র গৃহে অবস্থিতি করেন, তত সংখ্যক বৎসর পিতৃগণ ক্ষীর, ঘৃত, মধু ও জল পান করেন ॥

যে সকল মনুষ্য গৃহে ভাগবতশাস্ত্রের পূজা করেন, তাঁহারা মহাপ্রলয় পর্য্যন্ত দেবগণের তৃপ্তি সাধন করিয়াছেন ॥ ২৭৮ ॥

যাঁহারা ভক্তিসহকারে বৈষ্ণবকে ভাগবতশাস্ত্র প্রদান করেন, তাঁহাদের সহস্রকোটিকল্প বিষ্ণুলোকে বাস হয় ॥

যদি গৃহ মধ্যে শ্লোকার্দ্ধ বা শ্লোকপাদ ভাগবত অবস্থিতি করেন, তাহাও ভাল, শত শত সহস্র সহস্র অন্য শাস্ত্র সংগ্রহ করার প্রয়োজন কি? ॥ ২৭৯ ॥

ন যস্য তিষ্ঠতে গেহে শাস্ত্রং ভাগবতং কলৌ।
ন তস্য পুনরাবৃত্তির্যাম্যাৎ পাশাৎ কদাচন।
কথং স বৈষ্ণবো জ্ঞেয়ঃ শাস্ত্রং ভাগবতং কলৌ।
গৃহে ন তিষ্ঠতে যস্য স বিপ্রঃ শ্বপচাধমঃ।
যত্র যত্র ভবেদ্বিপ্র শাস্ত্রং ভাগবতং কলৌ।
তত্র তত্র হরির্যাতি ত্রিদশৈঃ সহ নারদ।
তত্র সর্ব্বাণি তীর্থানি নদীনদসরাংসি চ।
যত্র ভাগবতং শাস্ত্রং তিষ্ঠতে মুনিসত্তম।
